২) যদি সত্য হইয়া থাকে তাহা হইলে উক্ত কারখানায় কতজন কবিরাজ ও অন্যান্য কর্ম্মচারী আছেন এবং তাহাদের নাম ও যোগ্যতা ?

৩) কারখানায় নিযুক্ত সকল শ্রেণী কর্মচারীদের বেতন ও ভাতা বাবত মাসে কত টাকা ব্যয় হইতেছে ?

উত্তর

১) হাঁ।

২) ক) একজন কবিরাজ

খ) আংশিক সময়ের জন্য অনারেরিয়াম দিয়া একজন কবিরাজ নিযুক্ত আছেন।

গ) ছয়জন চতুর্থ শ্রেণীর কর্ম্মচারী নিযুক্ত আছে।

৩) সর্ব্বসাকুল্যে মাসিক ১,৩৬৭ টাকা ১০ পয়সা ব্যয় হইতেছে।

শ্রীরবীন্দ্র চন্দ্র দেব রাংখল :—মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারেন কি উক্ত কারখানায় কি কি ঔষধ তৈরী হয় ?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—নোটিশ চাই স্যার।

শ্রীরবীন্দ্র চন্দ্র দেব রাংখল :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন স্বর্ণ ঘটিত ঔষধ এখানে তৈরী হয় কি না ?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—স্বর্ণঘটিত ঔষধ সেখানে তৈরী করা হয়।

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত :—এইসব হোল টাইম এবং পার্ট টাইম যে কবিরাজ আছেন, তাদের কিভাবে রেমুনারেশান দেওয়া হয়, মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি ?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—শ্রীরমেশ চন্দ্র মজুমদার—তিনি পাচ্ছেন ২০০-১০-২৯০-১০-৪০০ টাকা স্কেলে আর বীরেশ চন্দ্র চক্রবর্ত্তী, তিনি একটা অনারেরিয়াম পেয়ে থাকেন।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :—সেটা কত ?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—আমি নোটিশ চাই স্যার।

শ্রীক্ষিতীশ চন্দ্র দাশ :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, ঐ কারখানার কাজের সময় নির্দিষ্ট আছে কি না ?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—অন্যান্য চিকিৎসালয়গুলিতে যে সময় নির্দ্ধারিত আছে, সেই ভাবেই এখানকার কাজকর্ম চলে।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :—উক্ত কারখানায় ১৯৬৮ সালে বত টাকার ঔষধ প্রস্তুত হয়েছিল, মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি ?

মিঃ স্পীকার :—It is a separate question.

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :—কারখানা আছে, কর্ম্মচারী আছে, কাজেই সেখানে কি কাজ হচ্ছে বা হচ্ছে না, তার জন্য তার প্রডাকশান জানা দরকার।

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, ১৯৬৮ সনে হাবস, ভষ্ম ইত্যাদি বাবদ টোটাল কষ্ট কত হয়েছে সেটা আমি বলতে পারব, সেটা হচ্ছে, ৬৫৫০ টাকা খরচ হয়েছে।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি জানতে চাইছি যে কি পরিমাণ ঔষধ সেখানে প্রডাকশান করা হয়েছে ?

Shri Tarit Mohan Dasgupta :—It is a separate question Sir.

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :—একটা ঔষধের কারখানা আছে, সেই কারখানায় কর্ম্মচারী আছে, তার প্রডাকশান কত জানা যাবেনা ? It is relevant question Sir.

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার সাবমিশন হচ্ছে, in my opinion it is not relevant, Sir. আমি আমার ওপিনিয়ন দিলাম। It is my humble opinion. এই ব্যাপাবে সেপারেট কোয়েশ্চান করলে পরে আমি জানাতে পারব। কারণ কত প্রডাকশান সেখানে হয় তার হিসাব সেইভাবে রাখা হয় না।

শ্রীএস্‌াদ আলী চৌধুরী :—কতজন রোগীকে সেইখান থেকে ঔষধ সরবরাহ করা হয়েছে ১৯৬৮ সনে মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি ?

Shri Tarit Mohan Dasgupta :—I demand Notice Sir.

Mr. Speaker : –Shri Bidya Chandra Deb Barma.

Shri Bidya Chandra Deb Barma :—Question No. 166.

Shri Tarit Mohan Das Gupta :—Question No. 166, Sir.

প্রশ্ন

(১) চা শ্রমিকদের প্রভিডেন্ট ফাণ্ডের টাকা না দেওয়ার জন্য সরকার হইতে কোন্ কোন্ বাগানের বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছে এবং তাহার ফলাফল কি ?

(২) কোন্ কোন্ বাগান কর্ত্তৃপক্ষ এখনো প্রভিডেন্ট ফাণ্ডের টাকা নিয়মিত জমা দেন না এবং শ্রমিকদের পাওনা প্রভিডেন্ট ফাণ্ডের টাকা দিতেছেন না তাহাদের নাম ?

(৩) এই সকল বাগান কর্ত্তৃপক্ষের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

উত্তর

(১) যে সকল বাগানের বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছে তাহাদের নাম সঙ্গীয় ষ্টেটমেন্ট দ্রষ্টব্য। ১৫টি মামলাতে অভিযুক্ত মালীক পক্ষ দণ্ডিত হইয়াছে। ১৫টি মামলা বাতিল করা হইয়াছে। ৪টি সার্টিফিকেট কেসও বাতিল করা হইয়াছে। অন্যান্য মামলাগুলি এখনও বিচারাধীন রহিয়াছে।

(২) এই বাগানগুলির নাম ১নং প্রশ্নের উত্তরে দেওয়া হইয়াছে।

(৩) (ক) প্রভিডেন্ট ফাণ্ডের টাকা আদায়ের জন্য দেনাদার চা বাগানগুলির বিরুদ্ধে সার্টিফিকেট কেস করা হইয়াছে।

(খ) দেনাদার চা বাগানগুলির বিরুদ্ধে ১৯৫৩ ইং সনের কর্মচারী প্রভিডেন্ট ফাণ্ড আইনের বিধান ভঙ্গের অপরাধে আইন অনুযায়ী মামলা দায়ের করা হইয়াছে।

STATEMENT

(ITEM NO. 1 OF STARRED QUESTION NO. 166)

১। হরেন্দ্রনগর চা-বাগান।
২। বিনোদিনী চা বাগান।
৩। দুর্গাবাড়ী চা-বাগান।
৪। মোহনপুর চা-বাগান।
৫। কালাছড়া চা-বাগান।
৬। সিমনাছড়া চা-বাগান।
৭। ব্রহ্মকুণ্ড চা-বাগান।
৮। রাংরুং চা-বাগান।
৯। নাটিরছড়া চা-বাগান।
১০। কল্যানপুর চা-বাগান।
১১। খোয়াই চা-বাগান।
১২। পুধুয়া চা-বাগান।
১৩। সীলাগড় চা-বাগান।
১৪। কৃষ্ণপুর চা-বাগান।
১৫। মালাবতী চা-বাগান।
১৬। সরলা চা-বাগান।

শ্রীবিদ্যাচন্দ্র দেববর্ম্মা :—কৃষ্ণপুর এবং সিমনাছড়া চা বাগানের শ্রমিকরা যারা মারা গেছেন তাদের পরিবারের লোক প্রভিডেন্ট ফাণ্ড পাওয়ার জন্য দরখাস্ত করছেন কি না, মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি ?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—আমি নোটীশ চাই স্যার।

শ্রীবিদ্যাচন্দ্র দেববর্ম্মা :—আমার প্রশ্ন হচ্ছে আবেদন করেছিল কি না ?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—আমি নোটীশ চেয়েছি স্যার।

মিঃ স্পীকার :—শ্রীঅভিরাম দেববর্ম্মা।

শ্রীঅভিরাম দেববর্ম্মা :—কোয়েশ্চান নাম্বার ১৪৪ স্যার।

শ্রী এস, এল, সিংহ :—কোয়েশ্চান নাম্বার ১৪৪।

প্রশ্ন

১) Preventive Detention Act of 1950 অনুসারে যে সকল আটক বন্দী কলিকাতা Presidency Jail এ আছেন তাহাদের মধ্যে কেহ আগরতলা Transfer এর জন্য আবেদন করিয়াছেন কি ?

২) যদি আবেদন করিয়া থাকেন, তাহাদের আগরতলায় Transfer করা হইতেছে না কেন ?

উত্তর

১) না

২) প্রশ্ন উঠেনা।

শ্রীঅভিরাম দেববর্ম্মা:—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন যে তাদেরকে আগরতলাতে ট্রেন্সফার করার কি অসুবিধা আছে ?

শ্রী এস, এল, সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রশ্নটা ছিল, যারা প্রিভেন্টিভ ডিটেনশান এ্যাক্টে আটক আছেন, তাদের মধ্যে কেহ আগরতলাতে ট্রেন্সফারের জন্য আবেদন করিয়াছিলেন কি ? -আমি তার উত্তর বলছি—'না'। তারপর তো এই প্রশ্ন উঠে না।

মিঃ স্পীকার :—শ্রীঘনশ্যাম দেওয়ান।

Shri Ghanashyam Dewan :—Starred Question No. 92.

Shri S. L. Shingh :—Starred Question No 92

প্রশ্ন

১। কৈলাসহর বিভাগে গত ১৯৬১ ইং সনে যে ৩১৪৪ জন জুমিয়া Jumia grant এর ২য় কিস্তির ২০০ টাকা পায় নাই তাহাদিগকে ঐ কিস্তির টাকা কবে পর্য্যন্ত দেওয়া হইবে ?

২। গত বৎসর যে ৮০০ জন জুমিয়া পুনর্ব্বাসনের জন্য আবেদন করিয়াছিল এবং যে ৩৫০ জন খাস ভূমি দখল করিয়াছিল তাহাদিগকে পুনর্ব্বাসনের এবং গ্র্যান্ট দেওয়ার কাজ কতদূর অগ্রসর হইয়াছে।

১। }
২। } তথ্য সংগ্রহাধীন আছে।

Mr. Speaker :—Shri Baju Ban Riyan.

Shri Baju Ban Riyan :—Starred Question No. 88.

Shri S. L. Singh :—Starred Question No. 88.

Question.

Whether it is a fact that an attempt was made on Survey of indebtedness among the tribals of Tripura ?

2. If it is a fact, what is the present position ?

3. Whether the current measure to check the money lender is adequate ?

Answer

1. Yes.

2. The survey has been completed.

3. No.

শ্রীবাজুবন রিয়াং ঃ—মাননীয় স্পীকার স্যার, আমার ৩নং প্রশ্নটার উত্তরে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন—'না'......

Shri S. L. Singh :— A scheme for Dadan system of loan for Tribal has been operated in the State of Tripura in 1959 to 1960 under the existing scheme of Tribal Welfare programme @ Rs. 50/- only in each case, loans are given to these needy tribal agriculturists, who are otherwise likely to approach the Addl. S. D. M., for money for advance payment of their agricultural products. The total amount of Dadan loan given by the Govt. of Tripura in the current financial year is Rs. 2 lakhs. Out of the total provision under the scheme, it is not possible to eleminate the private mahajans altogether. Under Tribal Welfare Programme in the 4th Plan, a new scheme to give loans to the tribals to eleminate the private mahajans has been enforced.

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, এই সার্ভে ওয়ার্ক অব ইনডেটেড্‌নেস কোন সনে করা হয়েছিল ?

শ্রীএস, এল, সিংহ ঃ— A survey of the tribal indebtedness was started in 1963-64 by the Statistical Department and 66,641 tribal families were covered by this survey.

Shri Promode Rn. Dasgupta :—Total indebtedness এর পরিমাণ কত, যেটা সার্ভে. হয়েছে ?

Shri S. L. Singh :—Result of the survey revealed of Government loan below Rs. 60/- per family e. g. 45.34 approximately.

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত ঃ—এই যে ৪৫·৩৪ পার ফেমিলী লোন (ইনডেটেডনেস) সেটা কি গভর্ণমেন্টের না মহাজনদের, এটা সেপারেট করা হয়েছে কিনা ?

Shri S. L. Singh :— Licenced and un-licenced taken together per tribal family is 31.62.

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত :—Licenced and un-licenced taken together 31.62—unlicensed কত ?

Shri S L. Singh (Chief Minister) :—I want notice, Sir.

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত :—আন-লাইসেন্স যারা লোন নিয়েছে, তাদের বিরুদ্ধে কোন ষ্টেপ নেওয়া হয়েছে কিনা, মানি লেণ্ডার্স এ্যাক্ট অনুসারে ?

শ্রীএস, এল, সিংহ (চীফ মিনিষ্টার) :—মাননীয় স্পীকার স্যার, ইট ইজ এ লিগ্যাল মেটার, অতএব আমি notice চাইছি।

শ্রীপ্রমোদরঞ্জন দাসগুপ্ত :—মাননীয় মন্ত্রী মহোদয়, আন-লাইসেন্সড্ যারা মহাজন তাদের এগেইনষ্টে এ্যাকশন নেওয়ার প্রভিশান যদি মানি লেণ্ডার্স এ্যাক্টে থাকে তাহলে সরকার সেটা সময়মত নিবেন কিনা ?

Shri S. L. Singh (Chief Minister) :—If it comes under the legal authority then the Government can take action

শ্রীবাজুবন রিয়াং :—মাননীয় মন্ত্রী মহোদয় স্বীকার করবেন কি যে মানি লেণ্ডার্স এ্যাক্ট যেটা চালু হয়েছে, সেটা যেভাবে কার্য্যকরী হওয়ার কথা ঠিক সেই ভাবে হচ্ছে না ?

শ্রীএস, এল, সিংহ (চীফ মিনিষ্টার) :—মাননীয় স্পীকার স্যার, আই এগ্রি উইথ দিস।

শ্রীবাজুবন রিয়াং :—মাননীয় মন্ত্রী মহোদয় যদি স্বীকার করে থাকেন, তাহলে সেটাকে আরও এ্যাকটিভ করে তোলার প্রয়োজন আছে মনে করেন কিনা ?

Shri S. L. Singh (Chief Minister) :—Yes, I feel it.

শ্রীঘনশ্যাম দেওয়ান :—মাননীয় মন্ত্রী মহোদয়, এই যে সার্ভে করা হ'ল, তাতে সেটা এখন বাড়ছে না কমছে এবং তা পুনরায় সার্ভে করার প্রয়োজনীয়তা আছে কি না ?

Shri S. L. Singh (Chief Minister) :—Hon'ble Speaker, Sir, it is a difficult question. একবার সার্ভে হয়ে গেছে, এখন সেটা বাড়ছে না কমছে, সেটা আবার সার্ভে করতে বলা হচ্ছে, কাজেই The Government should examine the points.

Mr. Speaker :—Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma :—Starred question No. 31.

Shri T. M. Dasgupta—Starred Question No. 31

QUESTION

1) Whether there is any Tea Garden in Tripura in the name of "Tripura Hill Development Co" ;

2) If so, the total area of land allowed to be retained by the Tea Garden and total production of tea per year accordingly.

ANSWER

1) No.

2) Does not arise.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের এষ্টিমেট কমিটির মধ্যে ডেভেলাপ্‌মেন্ট করপোরেশন নামে একটা চা বাগান আছে কাগজে এরূপ পেয়েছি এবং সেটা সার্ভে সেটেলমেন্ট ডিপার্টমেন্টের একটা চা বাগানের লিষ্টের মধ্যে আছে। অথচ মাননীয় মন্ত্রী মহোদয় কি করে সেটা অস্বীকার করছেন, আমি তা বুঝতে পারছি না।

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—মাননীয় স্পীকার স্যার, আমি বলেছি নাই।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—স্যার, আমার প্রশ্নটা ছিল ত্রিপুরাতে হিল ডেভেলাপ্‌মেন্ট করপোরেশন নামে কোন টি-গার্ডেন আছে কিনা? আমার কথা হল, এষ্টিমেট কমিটির মধ্যে সার্ভে সেটেলমেন্ট ডিপার্টমেন্ট থেকে যে চা বাগানের লিষ্ট দেওয়া হয়েছে, তার মধ্যে এই নামে একটা চা বাগান আছে, অথচ মন্ত্রী মহোদয় সেটা স্বীকার করছেন না এবং তিনি হাউসকে ভুল ইনফরমেশন দিচ্ছেন।

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—Name of the management of Pratapgarh Tea Estate under Sadar Sub-Division. এখন সেটা ত্রিপুরা হিল ডেভেলাপমেন্ট করপোরেশন হয়েছে, Pratapgarh Tea Estate was closed on the first January, 1963. এখন এটা এখানে আসতে পারে না।

মিঃ স্পীকার :—আপনার প্রশ্ন হচ্ছে ত্রিপুরা হিল ডেভেলাপমেন্ট কোঃ নামে কোন চা বাগান আছে কিনা। তার উত্তরে মাননীয় মন্ত্রী বলেছেন যে এই নামে কোন চা বাগান নাই। কাজেই আপনার যে প্রশ্ন—তার উত্তর আপনি পেয়েছেন। এখন সেটা যদি কোম্পানী না বলে করপোরেশন বলেন, তাহলে তো আলাদা প্রশ্নই বুঝাচ্ছে, কেন না কোম্পানী এবং করপোরেশন নামে দুইটি প্রতিষ্ঠানই থাকতে পারে। কাজেই আপনি চেয়েছেন কোম্পানি আছে কিনা, তার উত্তরে মন্ত্রী মহাশয় বলেছেন—নাই। আর আপনি যদি বলতেন যে করপোরেশন আছে কিনা, তাহলে উনি তার উত্তরে থাকলে বলতেন হ্যাঁ, আর না থাকলে বলতেন না।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি যদি এই বাগানের নাম দেখাতে পারি তাহলে মিনিষ্টারের কি হবে?

Mr. Speaker :—You may show them.

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—আমি তো উত্তর দিলাম।

Mr. Speaker :—You please show them the names of gardens. The question hour is over. There are six Unstarred questions. Ministers may lay on the table of the House their replies.

Mr. Speaker :—I have received Calling Attention Notice from Shri Abhiram Deb Barma. I have given consent to the Motion of Shri Abhiram Deb Barma today. Now I would request the Hon'ble Minister in-charge of the Department to make a statement. If the Hon'ble Minister is not in a position to make a statement to-day he will kindly give me a date when the Calling Attention Notice will be shown on the order paper for a statement.

Shri Krishnadas Bhattacharjee :—Hon'ble Speaker, Sir, I shall make the statement on the 24th March, 1969.

শ্রীঅভিরাম দেববর্ম্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার একটা অ্যাডজোর্ণমেন্ট মোশন মুভ করার আছে। অ্যাডজোর্ণমেন্ট মোশনটা হচ্ছে বি, এম, পি, পুলিশের লাঠির আঘাতে রবীন্দ্র মালাকারের মর্ম্মান্তিক মৃত্যু।

মিঃ স্পীকার :—আমি এই রুলিং দিয়েছি যে এই প্রসঙ্গে একটা রিজলিউশন আজকের বিজনেসে আছে। কাজেই আণ্ডার রুল সিক্সটি সিক্স আই হ্যাভ ডিস-এলাউড দি মোশন।

শ্রীঅভিরাম দেববর্ম্া :—আমি আপনার রুলিং পেয়েছি। কিন্তু বিষয়টা এতই মর্ম্মান্তিক এবং জরুরী যে এখানে এটা আলোচিত হওয়া উচিত।

মিঃ স্পীকার :—আমাদের আইন মেনে চলা উচিত।

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—একটা রিজিলিউশন এখানে আছে এই সম্পর্কে হাউসে আলোচনার জন্য। এই রিজিলিউশন যখন আলোচিত হবে তখনি মাননীয় সদস্য যে উদ্দেশ্যে এই মোশন দিয়েছেন তা পূরণ করতে পারবেন।

(ইনট্রারাপশন)

শ্রীবিদ্যাচন্দ্র দেববর্ম্মা :—সমস্তকিছু জেনেশুনে এই মোশনটা ডিসএলাও করে দিয়েছেন। এটা আলোচনা অত্যন্ত দরকার। আমাদের বক্তৃতা যাতে কেউ শুনতে না পায় সেজন্য তারা টেবিল চাপড়াচ্ছেন।

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—অনারেবল স্পীকার স্যার, তারা দুইজন একসংগে চীৎকার করবেন আর এখন দোষ হল কংগ্রেস দলের।

মিঃ স্পীকার :—আজকে হাউসে এই প্রসঙ্গে আলোচনার সুযোগ আপনাদের আছে। অতএব আপনাদের আলোচনার অধিকার আছে।

মিঃ স্পীকার :—মাননীয় সদস্য আপনি অনুগ্রহ করে বসুন। আপনাদের যে বক্তব্য রাখতে চেয়েছেন, আপনাদের যে রিজল্যুশান আছে, তার ভিতর দিয়ে আপনাদের আলোচনার সুযোগ আছে, অতএব আপনার এই এডজোর্ণমেন্ট মোশানের আর কোন প্রয়োজনীয়তা নেই। কাজেই আপনার এডজোর্ণমেন্ট মোশান ডিসএ্যালাউড করা হয়েছে। আপনারা হাউসের কাজকর্ম নষ্ট করবেন না, দয়া করে বসুন এই হচ্ছে আমার বক্তব্য।

(গণ্ডগোল)

*** Expunged under order of the Speaker

মিঃ স্পীকার :—আপনার মোশান আইনমত নাকচ করা হয়েছে।

(INTERRUPTION.)

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বলছি যে যখন কোন এডজোর্ণমেণ্ট মোশান আনা হয়. তখন তার বিষয়বস্তু বিবেচনা করার জন্য একটা টাইম ঠিক করা হয় এবং সেই সময়ে হাউসের কাজটা কিছুক্ষণ বন্ধ রেখে সেই বিষয়ে আলাপ আলোচনা করা হয়। মাননীয় সদস্যের' কাছে সেই বিষয়টা খুব পরিস্কার নয়। কাজেই আমি উনাকে অনুরোধ করব উনি যেন ঠাণ্ডাভাবে এই জিনিষটা চিন্তা করেন এবং ভেবে দেখেন। আমি মাননীয় স্পীকার মহোদয়কে অনুরোধ করব হাউস যেন অন্তত ১৫।২০ মিনিটের জন্য এডজোর্ণ করে দেন।

মিঃ স্পীকার :—আপনারা বসবেন না, আমাদের কাজ করতে দেবেন না? তাহলে আমি হাউস এডজোর্ণ করতে বাধ্য হচ্ছি। The House stands adjourned for 10 minutes.

(after 10 minutes)

Mr. Speaker :—I announce the Report of the Business Advisory Committee setting the Business of the House up to the 8th April. 1969.

I call on Shri Monoranjan Nath designated by me to move the motion that the House agrees to the allocation of time proposed by the Committee.

Shri Monoranjan Nath (Deputy Speaker)—Hon'ble Speaker, Sir, I beg to move that this House agrees to the allocation of time proposed by the Committee.

Mr. Speaker :—The question before the House is that the motion moved by Shri Monoranjan Nath that the House agrees to the allocation of time proposed by the Committee.

As many as are of that opinion will please say "AYES"

(Voices "AYES")

As many as are of contrary opinion will please say "NOES".

(No voice)

I think 'AYES' have it, AYES' have it, 'AYES' have it.

The motion is carried.

To-day in the List of Business is the Presentation of Supplementary Estimates for 1968-69,

Mr. Speaker—Now, I call on the Hon'ble Krishnadas Bhattacharjee, Minister in-charged of Finance Department to present the Supplementary Estimates for 1968-69.

Shri Krishnadas Bhattacharjee—(Finance Minister)—Hon'ble Speaker, Sir, I beg to present before the House, the Supplementary Estimates for 1968-69.

Mr. Speaker—Hon'ble Members, you are requested to submit your Cut Motions, if any, on Demands for Supplementary Estimates for 1968-69 within 2 p. m. on Wednesday, the 19th March, 1969.

Member are requested to collect their copies of the following from the Notice Office :—

1. Supplementary Demands for Grants for 1968-69.

I have received a notice from Shri Promode Rn. Das Gupta, Member desiring to raise discussion on—

"To discuss on the remission of the Land Revenue accumulated for the non-realisation of the same due to the fault of the Administrative Machinery".

I have admitted the notice. Discussion to be raised on the 19th March, 1969.

Now regarding discussion on Administrator's Address. I shall call on Shri Sunil Chandra Dutta to move his motion of Thanks

Shri Sunil Ch. Dutta—Hon'ble Speaker, Sir,

"We, the members of the Tripura Legislative Assembly assembled in this Session beg to offer our humble thanks to the Administrator for the most excellent speech which he has been pleased to deliver to the House on the 17th March, 1969".

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের এই বাজেট সেসানে গতকল্য মাননীয় মুখ্য প্রশাসক মহাশয় যে ভাষণ দিয়েছেন, তাতে তিনি ত্রিপুরার সর্বাঙ্গীন চিত্র তুলে ধরার চেষ্টা করেছেন। তাঁর ভাষণ থেকে এটা আমাদের মনে হচ্ছে যে আমাদের ত্রিপুরার যে সমস্যাগুলি আছে, তা তিনি অল্প দিনের মধ্যে পরিচিত হয়েছেন এবং সমস্যা সমাধানের পথ কি হতে পারে তার একটা সুস্পষ্ট চিত্র তিনি তাঁর ভাষণে তুলে ধরেছেন, এটাই তার ভাষণ থেকে পরিষ্কার হয়েছে। ত্রিপুরার জনসাধারণ সম্পর্কে বলতে গিয়ে তিনি ত্রিপুরার যে সব অনগ্রসর সম্প্রদায়, যে সব সম্প্রদায় তপশিলীভুক্ত উপজাতি, উদ্বাস্তু, ভূমিহীন আছে তাদের কথাও তিনি বলেছেন এবং কি ভাবে তাদের পুনর্বাসন দেওয়া যায় তার কথাও তিনি উল্লেখ করছেন। তিনি বলেছেন এদের যদি আমরা পুনর্বাসন দিতে না পারি, তাদের যদি ভূমি না দিতে পারি, এই যে মানব সম্পদ তাদের যদি আমরা কাজে নিয়োগ না করতে পারি, তাহলে ত্রিপুরার উন্নতি কোন প্রকারে সম্ভব হবে না। আর খাদ্য সমস্যা সমাধান সম্পর্কে তিনি বলেছেন। এখানে দুইটি এ্যামেণ্ডমেণ্ট মাননীয় সদস্য অঘোর বাবু এবং

বিদ্যা বাবু এনেছেন বিভিন্ন বিষয়ে। আমার মনে হয় উনারা মাননীয় মুখ্য প্রশাসকের ভাষণ পুরা-পুরি না পড়েই এ্যামেণ্ডমেন্ট এখানে রেখেছেন। কিন্তু দুঃখের বিষয় মাননীয় মুখ্য প্রশাসকের ভাষণে যে সব কথা আছে সেগুলি মাননীয় সদস্যদের দৃষ্টি পথে থাকা উচিত ছিল, কিন্তু তা পড়েনি। সেখানে ফুড প্রবলেম কি ভাবে সমাধান করতে চান তার কথাও মুখ্য প্রশাসক মহাশয় উল্লেখ করেছেন। তাছাড়া নিউ মাইগ্রেন্টসদের কথা বলেছেন, রেলওয়ে সম্প্রসারণের কথা বলেছেন, বর্ডার রক্ষার কথা বলেছেন, সেংক্রাকের কথা বলেছেন। মোটামুটি মাননীয় মুখ্য প্রশাসক মহাশয় তাঁর ভাষণে ত্রিপুরার প্রত্যেকটি সমস্যার কথাই উল্লেখ করেছেন। তবে এটা ঠিক যে, ত্রিপুরাতে রেল লাইনের যতদিন পর্য্যন্ত না সম্প্রসারণ হচ্ছে ততদিন পর্য্যন্ত এখানে বড় বড় শিল্প গড়ে উঠার কোন সম্ভাবনা নেই। এই সম্বন্ধে মাননীয় মুখ্য প্রশাসক মহাশয়ও অবহিত আছেন যাতে করে ধর্ম্মনগর থেকে সাবরুম পর্য্যন্ত এই রেল লাইন বিস্তারিত হয় এবং এটা তাঁর ভাষণে পরিস্কারভাবে উল্লেখ করা আছে। তবে মাননীয় সদস্যদের বিরোধীতা করতে হবে, তাই এসব এ্যামেণ্ডমেন্ট এনেছেন। কিন্তু তারা যে মাননীয় প্রশাসক মহাশয়ের ভাষণ মনোযোগ দিয়ে শুনেন নি বা পড়েন নি তা তাদের দেওয়া এইসব এ্যামেণ্ডমেন্ট দেখে বুঝতে পারা যায়। বিদ্যুৎ ছাড়া শিল্প প্রসার সম্ভব নয়। কিন্তু শুধুমাত্র এই বিদ্যুৎ শক্তির সাহায্যে আমাদের ত্রিপুরায় শিল্পের উন্নতি হবে এমন কোন কথা নেই। শিল্প সম্প্রসারণের জন্য বর্ত্তমানে যেটা বিশেষভাবে প্রয়োজন সেটা হ'ল আমাদের যোগাযোগ ব্যবস্থা। এই যোগাযোগ ব্যবস্থার উন্নতি বলতে আমাকে বলতে হবে রেলওয়ে লাইনের সম্প্রসারণ। তাই ধর্ম্মনগর থেকে যদি অন্ততঃ আগরতলা পর্য্যন্ত এই রেল লাইন প্রসারিত না হয় তাহলে আমাদের কোন প্রকার শিল্পই স্থাপন করা সম্ভবপর হয়ে উঠবে না, সেজন্য এটা যাতে হতে পারে আমাদের বিশেষভাবে তার চেষ্টা করতে হবে। তারপর অবশ্য আমরা বেশ কয়েক বছর ধরে শুনে আসছি যে আমাদের ত্রিপুরাতে কাগজের কল, পাটের কল, স্পিনিং মিল ইত্যাদি হচ্ছে। কিন্তু কার্য্যতঃ সেগুলি হয়ে উঠছে না। তার কারণ হচ্ছে এখানকার কলকারখানায় যেসব প্রডাক্টস তৈরী হবে, সেগুলি যদি বাহিরের বড় বড় বাজারে কন্‌টেষ্ট না করতে পারে তাহলে যেসব শিল্পপতি বা মহাজনেরা শিল্পে যা নিয়োগ করবে তার সবটাই ব্যর্থ হবে। তাই কোন প্রকার সুষ্ঠ যোগাযোগ ব্যবস্থা না থাকার দরুণ কোন শিল্পপতিই আমাদের এই ত্রিপুরা রাজ্যে কোন শিল্প বা কল-কারখানা স্থাপন করতে উদ্যোগী হচ্ছেন না, যেহেতু তারা যেটা বিনিয়োগ করবে তার থেকে কোন প্রকার রিটার্ণ পাবে না। কাজেই আমি মনে করি যে অন্ততঃ আগরতলা পর্য্যন্ত রেল লাইন সম্প্রসারিত না হওয়া পর্য্যন্ত আমাদের এখানে কোন বড় রকমের শিল্প কারখানা গড়ে উঠছে না। মাননীয় প্রশাসকও তাঁর ভাষণে সেটা উল্লেখ করেছেন। অতি সত্বর যাতে রেল লাইন সম্প্রসারণ করা হয় তার ব্যবস্থা করা একান্ত প্রয়োজন। আর আমরা যে খাদ্যের দিক দিয়ে স্বয়ংসম্পূর্ণ নই এটাও একটা সত্যি কথা। তারজন্যই আমরা বাফার ষ্টক মেইনটেইন করছি। অবশ্য এই বাফার ষ্টক মেইনটেইন করে আমরা চিরদিনের জন্য আমাদের খাদ্য সমস্যার সমাধান করতে পারব না। তবে এই বাফার ষ্টক মেইনটেইন করে সাময়িকভাবে আমরা আমাদের সমস্যার একটা সুরাহা করে উঠতে পারব। তবে আমাদের কৃষি উৎপাদন সর্ব্বাগ্রে বাড়াতে হবে এবং সেজন্য সরকারের প্রচেষ্টা আছে এবং তা চালিয়ে যাচ্ছে। সেই সঙ্গে সঙ্গে

যন্ত্রের সাহায্যে, ট্রাক্টরের সাহায্যে যেসকল নীচু জমি আছে এবং টীলা জমি আছে সেইগুলি যদি আমরা আবাদ করতে পারি, এবং আবাদ করে ফসল উৎপাদন করতে পারি তাহলে আমরা খাদ্যে স্বয়ংসম্পুর্ণ হব। সেজন্য মুখ্য প্রসাশক মহাশয় তাঁর ভাষণে আদিবাসী পুনর্বাসনের কথা অত্যন্ত সহনশীলতার সংগে বিচার করেছেন। আমার মনে হয়, আমাদের যে সমস্ত সমস্যা আছে সেগুলির গভীরে তিনি প্রবেশ করেছেন। সরকার আদিবাসীদের পুনর্ব্বাসন গত কয়েক বছর ধরে করে আসছেন কিন্তু তা সত্বেও এখন পর্য্যন্ত তাদের যে সমস্যা তার সমাধান সম্পুর্ণভাবে হয়ে উঠছে না এবং না হওয়ার কারণ আমি ব্যক্তিগত অভিজ্ঞতায় পেয়েছি। যেমন আগে আমরা আদিবাসীদের প্রথমে কিছু জঙ্গল জায়গা দিয়ে বলেছি যে তোমাদের এই জায়গা দিলাম তোমরা সেটা আবাদ কর। আমাদের বাংলা ভাষায় একটা প্রবাদ আছে যে, ১৪ পুরুষে যে কাজ পারে না সে কাজ সে কোনদিন করতে পারবে না। হাজার বছর ধরে যারা জুম করতে অভ্যস্ত ছিল, আমাদের উন্নত ধরণের চাষে যারা সম্পুর্ণ অনভিজ্ঞ ছিল তাদের শুধুমাত্র জমি দেখিয়ে দিলেই, তাও আবার জঙ্গলে, সেটা তাদের পক্ষে চাষ করা সম্ভবপর নয়। আমি আমার সাবডিভিশন কমলপুরে দেখেছি যে জুমিয়া গ্র্যান্টের টাকা পেয়ে তারা চাষ শেখার জন্য উদ্বাস্তুদের শিক্ষক হিসাবে নিয়োগ করেছে নিজেদের টাকায়। উদ্বাস্তুরা তাদের নিজেদের লাঙল জোয়াল দিয়েছে। কাজেই আমি মনে করি সুষ্ঠু পুনর্ব্বাসনের ক্ষেত্রে যেসব জুমিয়াকে পুনর্ব্বাসন দেওয়া হবে তাদের প্রতি পরিবারকে একজোড়া করে গরু কিনে তাদের চাষ শিক্ষা দেওয়াও দরকার। মাননীয় সদস্য স্যাংক্রাক দলের কথা বলেছেন, তাদের কার্য্যকলাপের কথা বলেছেন এবং এই ধরণের যেসব দল বিচ্ছিন্নতাকামী তাদের কথা উল্লেখ করেছেন। তবে স্যাংক্রাক দল যেভাবে কাজ চালিয়েছে তাতে তারা তাদের নিজেদের অস্তিত্বকে বিলোপ করার পথ সুগম করে দিচ্ছেন বলে আমি মনে করি। কোন দলই হিংসাত্মক কাজ চালিয়ে তাদের শক্তি বৃদ্ধি করতে পারে না। ত্রিপুরাতে এর আরও নজীর আছে।

চতুর্থ পরিকল্পনায় যে অর্থ বরাদ্দ করা হয়েছে তার বেশ একটা বড় অংশ কৃষি, শিল্প, যোগাযোগ ব্যবস্থা ইত্যাদির প্রতি লক্ষ্য রেখেই ব্যয়িত হবে বলে আশা করা যায় এবং এই ব্যয় যদি যথাযথভাবে হয় তাহলে ত্রিপুরার উন্নতি হবে। বন্যা রোধের এবং ভূমি ক্ষয় রোধের জন্য খোয়াই, হাওড়া প্রভৃতি বড় বড় নদীগুলির জন্য যে মাষ্টার প্ল্যানের কথা বলা হয়েছে, তার সংগে আমি ধলাই, মুহুরী, ফেনী নদীর কথাও বলতে চাই। এই সমস্ত নদীগুলিকে নিয়ে যাতে প্ল্যানটা হয় সেইদিকে দৃষ্টি দেওয়ার জন্য আমি সরকারকে অনুরোধ করব। গ্রামীন শিল্পের মধ্যে আমাদের যে সব তন্তুবায় ত্রিপুরাতে আছে তারা যে সমস্ত দ্রব্য তৈরী করে থাকে সেগুলির মার্কেট যাতে তারা পেতে পারে সেইদিকে দৃষ্টি দেওয়া দরকার। আমি বলব যে, কয়েকটা সেন্টারে হস্তজাত যেসব বস্ত্রাদি উৎপন্ন হয় অনেক সময় তাঁতীরা সেগুলি বিক্রি করতে পারে না। তাদের উৎপাদিত দ্রব্যের বাজার নেই সেজন্য তারা অত্যন্ত কষ্ট ভোগ করেন। যে জিনিষ তৈরী করেন তার যদি তারা মার্কেট না পান তাহলে তারা নিরুৎসাহ বোধ করেন। তাঁতশিল্পের মত কিছু শিল্প যদি এখানে গড়ে উঠে তাহলে আমাদের বেকার যুবক যারা আছে তাদের কিছুটা কর্ম্মসংস্থান হবে বলে আমি মনে করি। কাজুবাদাম চাষের কথা মাননীয় মুখ্য প্রশাসক মহোদয় বলেছেন। কিন্তু

দুঃখের বিষয় গত কয়েক বৎসর ধরে ব্যাক্তিগতভাবে নিজেদের চেষ্টায় যারা বাগান করেছেন তারা সেই কাজুবাদামের ফলের কোন মার্কেট পান নি। তার প্রসেসিঙের ব্যবস্থা নেই। অথচ কাজুবাদামের যে বাকল যেটা থেকে তৈল উৎপাদন হয় এবং যা দিয়ে আমরা ফরেন কারেন্সী আর্ণ করি, প্রসেসিঙের ব্যবস্থা না থাকায় কৃষকরা তার উৎপাদন করতে সাহস পায় না। আমার জানা মতে কয়েকটা বাগান ধ্বংস হওয়ার পথে। কারণ যারা বাগান করেছে তারা কোন বেনিফিট পাচ্ছে না। কাজেই বাগান সৃষ্টি করার সংগে সংগে প্রসেসিঙের ব্যবস্থাটা আমাদের চিন্তা করা দরকার ছিল। অন্ততঃ এতদিন না করা হলেও, বর্ত্তমানে সরকারী বাগান আছে এবং বেসরকারীভাবে যেগুলি সৃষ্টি করা হচ্ছে, সেগুলির যে প্রডাকৃশান সেগুলির প্রসেসিং-এর ব্যবস্থা করা নিতান্ত দরকার বলে আমি মনে করি।

পঞ্চায়েতের কথা মাননীয় প্রশাসক মহোদয় বলেছেন। পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠিত হয়েছে আজ সাত বৎসর হল। কোন কোন জায়গায় দ্বিতীয় বার ইলেকশান হয়েছে, কিন্তু আজ পর্য্যন্ত তাদের হাতে আমরা ক্ষমতা দিতে পারিনি। ত্রিপুরার সর্ব্বাঙ্গীন উন্নতির জন্য যে পঞ্চায়েত সৃষ্টি করার স্বপ্ন আমরা দেখেছিলাম সেই পঞ্চায়েতের হাতে অবিলম্বে ক্ষমতা দেওয়ার কথা বিবেচনা করার জন্য সরকারকে আমি চিন্তা করতে বলব।

সর্বশেষে মাননীয় প্রশাসক মহোদয় গান্ধীজীর একটা কথা এখানে তার ভাষণে উল্লেখ করে বলেছেন যে, সবল দুর্বলের উপর যাতে ভাগ না বসাতে পারে সেইদিকেও এই সরকারের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। এ্যাগ্রেসিভ ক্যাপিটালিজম বলতে যা বুঝায় সেটা হচ্ছে সবল দুর্বলকে গ্রাস করতে চায়, যাতে সেটা না হয় তারজন্য সরকার যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করুন তাহলে সেটা রুদ্ধ হবে এবং সমাজের যে অবহেলিত দুর্বল মানুষ আছে, তারা বাঁচার অধিকার পাবে। এ্যাডমিনিষ্ট্রেটারের ভাষন পড়লে দেখা যায়, তিনি সমাজের দুর্বল মানুষ যারা, যারা উদ্বাস্তু, যারা ভূমিহীন, যারা আদিবাসী তাদের কথা চিন্তা করেছেন এবং তাদের জন্য সরকারের চেষ্টা আছে একথা তিনি বলেছেন, তার জন্য মাননীয় এ্যাডমিনিষ্ট্রেটর মহাশয়কে আমি ধন্যবাদ জ্ঞাপন করছি।

মিঃ স্পীকার ঃ—শ্রীযতীন্দ্র কুমার মজুমদার।

শ্রীযতীন্দ্রকুমার মজুমদার ঃ আমি পরে বলব স্যার।

শ্রীসুনীল চন্দ্র দত্ত ঃ মাননীয় স্পীকার স্যার, যারা এ্যামেণ্ডমেণ্ট এনেছেন তাদের থেকে একজন বলা দরকার।

মিঃ স্পীকার ঃ—শ্রীঅঘোর দেববর্ম্মা।

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, গতকাল হাউসের মধ্যেএ্যাড মিনিষ্ট্রেটর যে পলিসী স্টেটমেণ্ট করেছেন, সেই সম্পর্কে বক্তব্য রাখার আগে আমি হাউসে একটা জিনিষের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে বাধ্য হচ্ছি। কালকে এ্যাডমিনিষ্ট্রেটর হাউসে বিবৃতি দেওয়ার সময় অনেকটা যেন ফল্‌স পজিশনে পড়ে গিয়েছিলেন এমন একটা অবস্থা। অবশ্য এই সম্পর্কে আমি একটা কোয়েশ্চান অব ব্রীচ অব প্রিভিলেজ মোশান সাবমিট করেছি, তবুও এখানে বলতে হচ্ছে কেন এই অবস্থা ঘটল। তিনি একজন এ্যাডমিনিষ্ট্রেটর, অথচ তিনি এখানে ইচ্ছা প্রকাশ করেছেন যে, বাংলায়ও তিনি ষ্টেটমেণ্ট পড়ে শুনাবেন কিন্তু শেষ পর্য্যন্ত দেখা গেল

যে, বাংলায় প্রিন্টেড ষ্টেটমেন্ট এসে পৌঁছায় নি। তিনি অনেকক্ষণ অপেক্ষা করছিলেন, আমরা হঁা করে চেয়েছিলাম, একজন আরেকজন'এর দিকে তাকিয়ে থাকলাম এবং কিছুক্ষণ বসে থাকার পর তিনি অত্যন্ত দুঃখের সংগে জানালেন যে, তিনি ছাপা না হওয়ার দরুণ সেটা পড়ে শুনাতে পারলেন না।

মিঃ স্পীকার ঃ—মাননীয় সদস্য এই বিষয়ে আপনার একটা ব্রীচ অব প্রিভিলেজ মোশান দেওয়া আছে, কাজেই এই বক্তব্য এখানে রাখার কোন অর্থ হয় না।

শ্রীঅঘোর দেববর্মা ঃ—আমি শুধু একটা রেফারেন্স টেনে বলছি। এই সম্পর্কে পরবর্ত্তী সময়ে মাননীয় স্পীকার মহাশয় রুলিং দেবেন। আমি শুধু ঘটনাটা সামান্যভাবে উল্লেখ করে রাখছি।

এই সম্পর্কে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব আনতে যেয়ে, মুভার শ্রীসুনীল বাবু বলেছেন যে, আমরা পলিসী ষ্টেটমেন্ট নাকি পড়িনি আদৌ রীডিং দিয়েছি কিনা সেই সম্পর্কে তিনি সন্দেহ প্রকাশ করেছেন। কাজেই আমি কতকগুলি প্রশ্ন এখানে তুলে ধরতে চাই। এখানে অবশ্য অনেকগুলি সমস্যার কথা বলা হয়েছে। ত্রিপুরার জিওগ্রাফিকেল অবস্থা যদি দেখি, ভারতবর্ষের অন্যান্য প্রদেশের তুলনায় ত্রিপুরার সমস্যা অনেক বেশী। একটার পর একটা সমস্যা আজকে তীব্র আকার ধারণ করছে; কাজেই সেইদিকে কম বেশী এ্যাডমিনিষ্ট্রেটর মহোদয় দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করেছেন কিন্তু হাউ টু ফেস্ দীজ প্রবলেমস্, তার কোন বিধান, ক্লীয়ার বা পজিটিভ কোন রকম এ্যাস্যুরেন্স বা নির্দেশ গভর্ণমেন্ট পক্ষ থেকে যে দেওয়া দরকার সেটা স্টেটমেন্টের মধ্যে নেই। তার জন্য আমি আজকে এ্যামেণ্ডমেন্ট অর্থাৎ সংশোধনী প্রস্তাব রাখতে বাধ্য হচ্ছি। আমার পয়েন্টগুলি হচ্ছে—একটা একটা করে আমি এখানে পড়ে দিচ্ছি।

1) Failure of a specific mention of the ways and means and solution of the unemployment problem in Tripura.

এই সম্পর্কে রুলিং পার্টির মাননীয় সদস্যরাও অস্বীকার করবেন না, দিনের পর দিন ত্রিপুরার রাজ্যের মধ্যে বেকার সমস্যা চরম আকার ধারণ করছে।

এই সম্পর্কে রুলিং পার্টির যারা সদস্য, ওনারা হয়ত এটা অস্বীকার করবেন না দিনের পর দিন ত্রিপুরা রাজ্যের মধ্যে বেকার সমস্যাটা এমন এক অবস্থায় পেঁৗছেছে যে সেটা একটা চরম আকার ধারণ করেছে এবং এই কথাটা অবশ্য ওনাদের ওয়াকিবহাল থাকার কথা। আর এই সম্পর্কে পরবর্ত্তী সময়ে যে কি করবেন আমি অন্তত বুঝে উঠতে পারছি না।

তারপর হচ্ছে absence of clear indication as to how the Govt. propose to face the food problem in Tripura. আজকে ত্রিপুরায় খাদ্য ঘাটতি দিনের পর দিন বাড়ছে, কিন্তু তার কোন পজিটিভ বক্তব্য নেই কি ভাবে তারা সেটা ফেস করবে, যদিও সেই সম্পর্কে বাজেটে অনেককিছু বলা হয়েছে, আমি সেইগুলির একটা একটা করে ক্লারিফিকেশন দিচ্ছি, কিন্তু তাদের কাছ থেকে বাজেটের মধ্যে এর সমাধানের জন্য কোন রকম পজিটিভ

সাইড অন্তত এর মধ্যে নেই। শুধু এই করা হবে, ঐ করা হবে, যেন অনেকটা ফরম্যালিটিস বা গতানুগতিক ভাবে এই ষ্টেটমেন্টের মধ্যে মেন্টেইন করা হয়েছে। কিন্তু প্রকৃতপক্ষে যে একটা পলিসি এই ষ্টেটমেন্টর মধ্যে থাকা দরকার ছিল বা তার একটা ডেফিনিট পলিসি থাকা দরকার ছিল, সেটা আমি এর মধ্যে খুঁজে পাচ্ছি না।

তারপর হচ্ছে absence of mentioning of deteriorating of Law and Order of the State as such there should be a clear mention that how the Government propose to meet the Law & Order situation in the State পুলিশ যদিও সেটা বি. এম. পি হোক আর পি. এ. সি হোক যাই হোক না কেন আজকে বিভিন্ন ধরণের আর্মড ফোর্স আমাদের ত্রিপুরা রাজ্যের মধ্যে বসানো হচ্ছে, সেটা যদি আমরা সঙ্গে সঙ্গে কম্পেয়ার করে দেখি তাহলে দেখব যে আজকে যে সমস্ত অপরাধমূলক কাজ ক্রমশঃ বেড়ে চলছে অথচ ল এ্যাণ্ড অর্ডার বলতে আমরা বুঝি সেটা কোন মতেই ষ্টেবলাইজড হচ্ছে না। যদি আমরা ঘটনার সঙ্গে মিলিয়ে দেখি তাহলে দেখতে পাই যে পুলিশ বাহিনী বাড়ানোর সঙ্গে সঙ্গে বর্ডারে কিম্বা ইণ্টিরিয়ারে আমাদের যে ল এ্যাণ্ড অর্ডার সেটা ক্রমশঃ দিনের পর দিন ডিটারিয়রেট করছে অর্থাৎ সরকারের এ্যাডমিনিষ্ট্রেশন বলতে যা বুঝি সেটা দিনের পর দিন ডিটারিয়রেটিং এর পথেই চলছে। ওনার বাজেট বক্তৃতায় অনেক কিছু বলা আছে, কিন্তু আমার মতে বাস্তব ক্ষেত্রে সেখানে ডেফিনিট কোন কিছুরই উল্লেখ নাই। তারপর হচ্ছে—Solution of influx of new migrant people from East Pakistan. East Pakistan থেকে আসতে আসতে আমরা আগে যেখানে ছিলাম মাত্র ৬ লক্ষ এখন সেটা বেড়ে প্রায় হয়েছে ১৭ লক্ষের মত। আরও আসছে, আসবে তার কোন সময় সীমা নেই। এই সম্পর্কে যদিও সমাধানের কথা উল্লেখ করা হয়েছে এবং সেটা যে সেচুরেশান অবস্থার বাইরে চলে গেছে বলে উল্লেখ করা হয়েছে কিন্তু এই প্রবলেমকে যে কিভাবে ফেস করা হবে বা হাউ টু সল্‌ভ দি প্রবলেম এই সম্পর্কে ডেফিনিট সাজেসন এই ষ্টেটমেন্টের মধ্যে নেই।

আর একটা হচ্ছে Introduction of Bengali as State language & upliftment of Tribal language in Tripura. গভর্ণমেন্টের একটা পলিসি থাকা দরকার ছিল এই সম্পর্কে মাননীয় সদস্যরা কিছু পেয়েছেন কিনা, তা আমি জানি না, হয়তো বা কেউ কেউ পেয়ে থাকবেন, আমি কোন ভুল করেছি কিনা তা আমি এখনই বলতে পারছি না। অবশ্য আমাদের এই বাজেট হাউসের মধ্যে আলোচনা ক্রমে পাশ হয়ে যাবে। মিনিষ্টারেরাও অনেক বার এই সম্পর্কে কথা দিয়েছেন এই হাউসের মধ্যেই দাঁড়িয়ে—আমরা বাংলাকে রাজ্য ভাষা হিসাবে গ্রহণ করব-এই প্রতিশ্রুতি তারা দিয়েছেন। কিন্তু দুঃখের বিষয় এই সম্পর্কে সরকারের কোন পলিসি এই বাজেট বক্তৃতায় দেখতে পেলাম না। তারপর হচ্ছে-- T. C. S. Junior Service. থাকা দরকার ছিল, সেটা ও এখানে নেই। আর এ্যাক্সটেন্‌শান অব রেলওয়ে লাইন—এই সম্পর্কে অবশ্য কিছু কিছু আছে, আমি অবশ্য পরে এটার কিছু পেয়েছি কিন্তু সেখানে স্পেসিফিক কিছু বলা নেই। আর মাষ্টার প্ল্যান regarding development of Agartala town আগরতলা শহরে আজকে প্রায়

লক্ষাধিক লোকের বাস এবং বর্ষার সময়ে আগরতলা সহরে যে একটা অবস্থা হয়, এটা একটা সাংঘাতিক ব্যাপার এবং বিশেষভাবে চিন্তার ব্যাপার হয়ে উঠেছে। কারণ যে সব বাঁধ আগরতলা শহরের চতুর্দিকে আছে, এই বাঁধ দেওয়ার ফলে নদীর যে ওয়াটার লেভেল সেটা আগরতলার বস্তিতে যেসব ঘরবাড়ী আছে, তার যে লেভেল এর তুলনায় অনেক উচু হয়ে গেছে। এই বাঁধের ফলে প্রত্যেক বছর বর্ষার সময়ে বালি জমে জমে নদীর যে ওয়াটার লেভেল ছিল সেটা ক্রমশঃ কমে আসছে অর্থাৎ নদীর গভীরতা কমে তাতে যে জল হয় সেটা শহরের বস্তি থেকে অনেক উচু হয়ে গেছে। আমি একথা প্রসঙ্গে বলছি যে আজকে যদি ঐ বাঁধটা কোথাও কেটে দেওয়া হয়, তাহলে দেখা যাবে যে নদীর জল শহরের ভিতরে বিনা বাধায় ঢুকে পড়ছে। এটা অস্বাভাবিক কিছু নয়। কারণ যে দিক নীচু সেই দিকে জল আসবেই।

ত্রিপুরার ক্যাপিটেল এই আগরতলাতে লক্ষাধিক লোক বাস করে। তাদের জীবনের দিকে লক্ষ্য রেখে তাকে রক্ষা করার জন্য একটা মাস্টার প্ল্যান বা একটা কনক্রিট প্রোগ্রাম কোথায়? সেটা নেই। কাজেই এইগুলি সম্পর্কে আমি অ্যামেণ্ডমেন্ট রেখেছি।

ভাষা সম্পর্কে বল্লাম। ট্রাইবেল ল্যাঙ্গুয়েজ সম্পর্কে অনেক কথাই বলা হয়েছে। এখানে স্টেটমেণ্টে বলা হয়েছে প্যারাগ্রাফ টুতে—"The growing population of Tripura comprises of members of Scheduled Tribes, Scheduled castes, backward classes and displaced persons from East Pakistan". এই পর্য্যন্ত বলেই শেষ। লোকসংখ্যা বাড়ছে এটা আমরা কেউই অস্বীকার করছি না। কিন্তু অ্যাডমিনিস্ট্রেটরের পলিসি স্টেটমেণ্টে এমনভাবে বলা হয়েছে যে যেন ট্রাইবেল পপুলেশনই বাড়ছে। এটা যেন অ্যাডমিনিসট্রেশনের একটা হেড এক্। ফ্যামিলি প্ল্যানিং এর দিক দিয়েও আমরা লক্ষ্য করেছি যে সরকারের অ্যাটেনশনটা যেন ট্রাইবেল পপুলেশনের দিকেই। ট্রাইবেল ইনক্রিজড হচ্ছে, এই সম্পর্কে এই জায়গায় বলা আছে। সেটা আমি দেখাব। ছিলাম আমরা ৬ লক্ষ, আজকে হয়েছি ৭ লক্ষ। কিন্তু ট্রাইবেলদের বেশিও কি বেড়েছে। কিছুদিন আগে একজন পুরানো বাসিন্দার সঙ্গে দেখা হয়েছিল তিনি আলাপ করতে করতে বলেছেন যে ওরা বাঁচবে না, ওদের আর রক্ষা নাই। কৈলাসহরের ছামনু থেকে তো স্যাংক্রাকের উপদ্রবে ট্রাইবেলরা দলে দলে চলেই যাচ্ছে। এটা হঠাৎ নয়। অ্যাসেম্বলীতে আমরা এই সম্পর্কে প্রশ্ন করেছি। মিনিস্টাররাও স্বীকার করেছেন যে হ্যাঁ গেছে মাইলা ফরেষ্টে। ট্রাইবেলরা ইনক্রিজড হচ্ছে যে তার কারণ আছে। পার্বত্য চিটাগাং থেকেও অনবরত লোক আসছে।

Mr. Speaker :—The House stands adjourned till 2 P. M. The member speaking will have the floor.

Shri Aghore Deb Barma :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি যে কথা বলছিলাম, স্বর্গীয় গোবিন্দ বল্লভ পন্থ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী ছিলেন। তিনি পার্লামেণ্টে ঘোষণা করেছিলেন যে, ত্রিপুরার লোকসংখ্যার যে অবস্থা তাতে আর বাড়তি লোকের পুনর্বাসন সম্ভব নয়।

এই পরিপ্রেক্ষিতে ১৯৫৬ সালে যে সকল পাহাড়িয়া উপজাতীয়রা এসেছিল তাহাদিগকে তৎকালীন এ, ডি, এম, তারকেশ্বর গাঙ্গুলীর নেতৃত্বে পিটিয়ে, অমানুষিক অত্যাচার করে তাড়িয়ে দেওয়া হয়। এই হচ্ছে একটা ঘটনার কথা।

এখানে আর একটি জায়গায় আছে The population of Tripura have almost reached the saturation...point...এটা Paragraph 20 মধ্যে উল্লেখ করা আছে তাহলে তাতে প্রশ্ন উঠে, ১৯৫৬ এ লোকসংখ্যা খুব সম্ভবতঃ তখন ৫ থেকে ৮ লক্ষ হবে। ১৯৬১ এর census এ ১১ লক্ষ ৪২ হাজারের মত লোকসংখ্যা দেখানো হয়। এখন তো প্রায় ১৭ লক্ষ। তাহলে একথা বলতে হবে যে গোবিন্দ বল্লভ পন্থ পার্লামেন্টে যে কথা ঘোষণা করেছিলেন সে কথা শুনে সবাই তখন আশ্চর্য্য হয়েছিল। কারণ তখনো এরকম অবস্থার সৃষ্টি হয় নাই। আমার এ বিষয়ে বক্তব্য হচ্ছে এই যে এখানে লোকসংখ্যা তো বাড়ছেই। Administratorএর Report এর সংগে আমরা যদি বাস্তব ঘটনা মিলিয়ে দেখতে যাই তাহলে দেখতে পাই যে, আজকে আমি বিভিন্ন দিক থেকে এ কথা উল্লেখ করেছি, ছামনু বা ধর্মনগরের কোন কোন অঞ্চল থেকে, যে সমস্ত স্যাংক্রোক উপদ্রুত এলাকাগুলি থেকে স্যাংক্রাক দমনের নামে স্থানীয় জনসাধারণের উপর পুলিশ দমন নীতি চালায়, যাকে সামনে পায় তাকেই ধরে উৎপীড়ন করে। একদিকে স্যাংক্রোকের অত্যাচার, আর একদিকে পুলিশের অত্যাচার। এই সমস্ত কারণেই আজকে দলে দলে লোক অন্যত্র চলে যেতে বাধ্য হচ্ছে। এই অবস্থার মধ্যে আমি যদি Challange ও করি যে এই Population এর মধ্যে Tribal দের Percentage কত। মনে হয় সংশ্লিষ্ট মন্ত্রীমহোদয় এই সম্বন্ধে পরিষ্কার কোন তথ্য দিয়ে এটা justify করতে পারবেন না যে Tribal 1966 থেকে upto 1969—এই সময়ের মধ্যে জনসংখ্যা যে ভাবে বৃদ্ধি পেয়েছে তার মধ্যে tribal দের percentage কি হারে বেড়েছে, এ তথ্য তারা দিতে পারবেন না। তবু একথা বলতে বাধ্য হচ্ছি। কারণ একটি article এর মধ্যে দেখেছি যে Family planning ভাল কথা, family planning তুমি কর। খাদ্য তুমি দিতে পারনা, মানুষের বাসস্থান তুমি দিতে পার না। কোন কর্ম সংস্থান তুমি করতে পার না। অতএব মানুষ তুমি কমাতে চাও। এখন সরাসরি Injection দিয়ে পুরুষদের নির্বীর্য্যকরণ করা হচ্ছে।

আজকে সমস্ত অবস্থার পরিপ্রেক্ষিতে যদি আমরা এটাকে নীতিগতভাব স্বীকারও করি যে those who are backward people যারা নিরক্ষর, সেখানে জাতের কোন প্রশ্ন নেই, যারা সমাজগতভাবে বিভিন্ন দিক দিয়ে অনুন্নত তাদের আজকে এটা করা দরকার। কিন্তু সেখানে কি হচ্ছে? একটা অংশকে eleminate করতে হবে। এই determination নিয়ে আজকে family planning এর শিকার হচ্ছে এই সমস্ত tribalরা। আজকে সমস্ত family planning centreগুলির মধ্যে দেখি যে সমস্ত দরিদ্র, নিঃস্ব, অজ্ঞ তারা এই সামান্য টাকার লোভে এ সমস্ত করতে বাধ্য হচ্ছে। এবং কোন কোন জায়গায় forcefully করা হয়েছে এমন ঘটনাও আছে। যাক্ এসব নিয়ে আমি details এ যাচ্ছি না। কিন্তু আমার মূল বক্তব্য হচ্ছে যারা brckward section, সমাজের মধ্যে অনুন্নত, তাদের ক্ষেত্রে সামগ্রীকভাবে এগুলি করা উচিত। বিশেষ একটা সম্প্রদায়কে লক্ষ্য করে তাকে eleminate করার সরকারের যে policy, এই policy abandon করা উচিৎ বলে আমি মনে করি। আর এই সম্পর্কে ধন্যবাদ জ্ঞাপন

করে যিনি এই প্রস্তাব move করে যা বলেছেন এই সম্পর্কে আমি এখনো কিছু বলি নাই। No. 3 paragraph এর মধ্যে লেখা আছে।

Tripura has only 7·5 miles of railway connecting Dharmanagar with Patharkandi in Assam এখানে এ পর্যন্তই শেষ করা হয়েছে। সঙ্গে সঙ্গে কি বলা হয়েছে ? Although efforts are being made to create conditions which will attract private entiprisers to start Industries in Tripura, both small and medium scale, Agriculture and Forestry continue to be the mainstay of Tripura's economy, অর্থাৎ যদিও ধর্মনগর পর্য্যন্ত আসা হয়েছে, তার মধ্যে যাতে এই পরিবেশ সৃষ্টি করা যায় তার জন্য অর্থাৎ অনেক বড় বড় গাল ভরা বক্তৃতা দিয়ে শেষ করা হয়েছে। যদি এর দ্বারাই Ministerরা বা Ruling party মনে করে থাকেন যে ধর্মনগর পর্য্যন্ত রেল কানেকশান হলেই Industry develop করবে তাহলে আমি বলব যে সেটা আহাম্মকি ছাড়া আর কিছুই হতে পারে না। যদিও আর একটি কথা এখানে বলা হয়েছে, উনি হয়তো সে সম্পর্কে বলতে পারেন এখানে। Article 16 এ বলা হয়েছে—সেটা আমি পড়ছি. A decission has been taken to set up a road Transport Corporation in Tripura for further development of road Transport in the Public Sector. This is not intended to throttle the growth of private road Transport Organisations in the Territory, but to act as an incentive and complement to them. Govt of India have decided to build a National Railway Grid and it will be the earnest endeavour of this Govt. to secure a longer Railway mileage in Tripura under the National Grid Scheme. এখানে এই পর্য্যন্তই বলা হয়েছে। অর্থাৎ এটা যে করা হয়েছে সেটা একটা বাহবা পাওয়ার জন্য এবং এটা আমাদের একটা আত্ম সন্তুষ্টি। কিন্তু কিছু দিন আগে এই সম্পর্কে আনন্দবাজার পত্রিকায় একটি article উঠেছে। আমাদের জনৈক সাংবাদিক মহাশয় লিখেছেন সেখানে যে Parliament এর একটি Question এ নাকি বলা হয়েছে যে ত্রিপুরা Govt. থেকে Railway extension এর জন্য কোন অনুরোধ তাদের কাছে পাঠানো হয় নাই। রেল মন্ত্রী Parliament এর মধ্যে একথা ঘোষণা করেছেন। এই হচ্ছে অবস্থা। এইভাবে একটা চিত্র ধরে আজকে দেখানো হয়েছে যে এইভাবে যদি করা হয় তাহলে ভবিষ্যত—এখানে একথাও পরিষ্কারভাবে বলা নাই যে এই year থেকে এই year পর্য্যন্ত আমাদের target. প্রথমে কৈলাসহর, তারপর ধর্মনগর, তারপর কমলপুর, খোয়াই, তেলিয়ামুড়া এবং আগরতলা পর্য্যন্ত এভাবে year to year একটা possitive বা definite programme তাদের নাই। শুধু ভাসা ভাসা একটা আশার কথা এখানে বলা হয়েছে। কিন্তু আমাদের বর্ত্তমান যে অবস্থা, অর্থাৎ একটা গল্প আছে যে একজন বন্ধু আর একজন বন্ধুকে বলছে – বন্ধু ভাত খেয়ে যাও। মাছ রয়েছে বিলে, ধান রয়েছে ক্ষেতে। অবস্থাটা এই রকম। আজকে প্রায় ১৮ হাজারের উপর মানুষ বেকার। কোন কাজকর্ম নাই। কোন Industry নাই, কোন কিছু নাই—আজকে চারিদিকে হাহাকার চলছে। এখন শুধু একটা আশার স্বপ্ন তুলে ধরা হলো। এই হলো অবস্থা।

আগামীতে Industry করা হবে- বলে ধরা হল। তখন এটা সেটা করা হবে। Positive কোন কিছু এটার মধ্যে আছে বলে মনে করার কোন কারন নাই। অতএব আজকে যদি সামগ্রীক ভাবে আমাদের বেকার সমস্যা বা কৃষির যে অবস্থা এ সমস্ত দিকে এগুলিকে যদি face করতে হয় তাহলে আজকে প্রথম Preference পাওয়া উচিৎ রেল লাইন। এই সম্পর্কে Possitive এবং defenite একটা Programme নেওয়া উচিৎ যে সরকার পক্ষ থেকে আমরা Guarantee দিয়ে বলছি যে আগামী অমুক yearএর মধ্যে যে ভাবেই হউক আমরা আগরতলা পর্য্যন্ত Rail line extension করার চেষ্টা করবই। সে সম্পর্কে এখানে কোন উল্লেখ নাই। কাজেই এই policy statement এর মধ্যে যদি মাননীয় সদস্য সন্তুষ্ট হয়ে থাকেন এবং এই policy statement এর উপর দিয়েই সামগ্রীক ত্রিপুরার বেকার সমস্যা এবং অন্যান্য সমস্যার সমাধানের পথ যদি তিনি দেখেন তাহলে আমার বলার কিছুই নাই। তবে একথা বলতে হয়, যে একটা সাধারণ কথা Agriculture সম্পর্কে এবং Industry সম্পর্কে ভাসা ভাসা অনেক গুলি চিত্র তুলে ধরা হয়েছে। অমুক করা হয়েছে, অমুক করা হবে ইত্যাদি অনেক কথা বলা হয়েছে। এখানে একটা জায়গার মধ্যে আছে এটা Agriculture region এই region এর মধ্যে যদি এটা করতে হয় তাহলে Agriculture এর জন্য অনেক কিছু করতে হয়। এই সম্পর্কে Problem ও স্বীকার করছে কিন্তু কার্য্যতঃ Problem কে কি ভাবে face করতে হবে তার সম্পর্কে কোন সুনির্দ্দিষ্ট নীতি এখানে নাই। কাজেই সেই দিক দিয়ে আজকে বলতে হয় যে যদি ও ভাসা ভাসা অনেক কথা বলা হয়েছে Industryর কথা, ply wood এর কথা বলা হয়েছে, কিন্তু একটা বাস্তব জিনিষকে যদি অস্বীকার করা হয় আজকে কমপক্ষে আগরতলা পর্য্যন্ত বা সাব্রুম পর্য্যন্ত যদি রেল লাইন Extention না করা হয় তাহলে কি ভাবে যে Industry এখানে grow করবে এবং কিভাবে যে ruling partyর সদস্যরা এসব স্বপ্ন দেখেন আমি বুঝতে পারছি না। কাজেই সেই পরিবেশ যদি সৃষ্টি হ'ত শুধু মুখের কথায়, শুধু ভাষা দিয়ে এটা করলেই চলে না। যদি সেই পরিবেশ সৃষ্টি করতে হয় তাহলে Subroom পর্য্যন্ত রেল ওয়ে Extension এর একটা positive policy নেওয়ার দরকার ছিল। সেটা নেওয়া হয় নাই। Industryর কথা শুধু খাতা পত্রেই লেখা থাকবে; কারন আমরা প্রারম্ভ থেকেই দেখে আসছি গালভরা কত প্রতিশ্রুতি, কত বড় বড় কথা কুমার ঘাটের মধ্যে একটা Industrial Estate করা হয়েছে। অনেক দিন আগে আমরা শুনেছিলাম যে সেখানে নাকি Paper mill হবে, Paper pulp হবে আরো কত কিছু হবে। অনেক কিছু হচ্ছে এরকম একটা ভাব। কিন্তু একটা বাস্তব জিনিষ রেল লাইন যদি না আসে Communication যদি আমরা সেভাবে না করতে পারি তাহলে কোন Industry গঠন করা সম্ভব নয় একথাটা যারা Administration চালায় তাদের realise করা উচিৎ। Details এর মধ্যে আমি যাচ্ছি না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, there is need for intensive programmes for the strengthening and diversification of Tribal economy একথা বার বারই বলা হচ্ছে। তাদের সুবিধা করে দেওয়া হচ্ছে ইত্যাদি ইত্যাদি। কিন্তু আজকে Parliament এ যে Administrative reforms commission যেটা হনুমন্তিয়া কমিশন নামে পরিচিত। এই

এই কমিশন পর্য্যন্ত আজকে Tribalদের রক্ষার জন্য একটা recommendation দিতে বাধ্য হয়েছে। কিন্তু এখনো ত্রিপুরার প্রশাসন কর্তৃপক্ষ মান্ধাতার আমলে যে একটা T. D. Block করা হয়েছে, অনেক লক্ষ লক্ষ টাকা এই T. D. Block এর মাধ্যামে খরচ করেছে; কিন্তু একটা সমীক্ষা করে তারা দেখল না যে এই T. D. Block এর মাধ্যামে Tribal দের রক্ষা করা সম্ভব কিনা। তাদের Economic Development কিংবা বিভিন্ন দিকদিয়ে তাদের upliftment করা সম্ভব কিনা সেটা আজকে তারা সমীক্ষা করে দেখার প্রয়োজন বোধ করেন না। শুধু গতানুগতিক বাঁধা ধরা শ্লোগান এবং গাল ভরা আওয়াজ দিয়ে চলেছেন। কাজেই এই Policyটা অন্তত প্রকৃত পক্ষে যদি তাদের রক্ষা করতে হয়, যদি সামগ্রিক ভাবে তাদের উন্নতি ও অগ্রগতি করতে হয় তা হলে উহা তাদের চিন্তা করা দরকার এবং সমীক্ষা করা দরকার। ইদানিং তাদের Protectionএর একটা ব্যবস্থা করা প্রয়োজন বলে আমি মনে করি। কিন্তু এই Administrator এর Speech এর মধ্যে উহার কোন সন্ধান নাই। অতএব উহা একটা গতানুগতিক ভাবে চলে এসেছে। অবশ্য উনারা একটা কথা স্বীকার করেছেন যে বাহির থেকে যারা এসেছেন তারা সামগ্রীক ভাবে উন্নত। তাদের সঙ্গে উপজাতীরা কোন ভাবেই পেরে উঠছেনা। Economic compitition এর মধ্যে আজকে তাদেরকে কোন পথে কিভাবে শিক্ষা দিলে তাদেরকে রক্ষা করা যাবে, তাদের উন্নতি এবং অগ্রগতির দিকে নেওয়া যাবে সে সম্পর্কে Problem তুলে ধরা হয়েছে কিন্তু তার Positive sideটা কি ভাবে রক্ষা করা যাবে সেটা নাই। কতগুলি মামুলি শ্লোগান ভরা প্রতিশ্রুতি আছে, সেগুলি কিছুই না। এখানে আরেকটা কথা আছে ৫ নম্বরে যে The special needs of the members of Scheduled castes and backward class and the landless have also been engaging and will continue to engage the attention of Govt.

সুতরাং Govt. এর এদিকে নজর আছে, গাল ভরা কতকগুলি প্রতিশ্রুতি আমি বরাবরই শুনে আসছি। কিন্তু এর মধ্যে তাদের সমাজগত ভাবে উন্নতির অগ্রগতির positive বা Intensive কোন কিছু আছে বলে আমি মনে করিনা। শুধু ঐ গাল ভরা প্রতিশ্রুতি পূর্ব্বে যা করা হয়েছে এখনও তা করা হবে। আর এ সম্পর্কে আর একটা জিনিষ নজর রাখা দরকার। অনেক সময় আমরা দেখতে পাই যে এখানকার যারা Ruling Party· মানে যারা সরকারকে চালান তারা অনেক গাল ভরা প্রতিশ্রুতি বড় বড় বক্তৃতা, জাতীয় সংহতীর কথা বলেন। সেটা তাদের মুখেই সাজে। তারা বলেনই, কিন্তু কার্য্যতঃ কিছুই হচ্ছে না। আজকে কেন একথা বলছি, কারণ একটা জিনিষ অন্তত সকলেরই Realise করা উচিত, সেটা হচ্ছে কি যারা Majority people তাদের উচিত যারা Minority, Minorityর মাঝে ও আবার অনেক classification আছে; Religious Minority, economic Minority ইত্যাদি অনেকে প্রকারের Minority আছে তাদেরকে রক্ষা করার দায় দায়িত্ব Majority people এর, এভাবে একটা যে পরিবেশ সৃষ্টি করার প্রয়োজন সে দিকে

উনাদের নজর নেই। বরংচ রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে খারাপ Motive নিয়ে কিভাবে এটা সুবিধা করা যায় সেটাই হচ্ছে বর্ত্তমান Ruling Party, অর্থাৎ যারা সরকার চালান তাদের উদ্দেশ্য। কাজেই অনেক বড় বড় কথাই মুখে বলেন। কিন্তু কার্য্যতঃ আমরা কি দেখি :- যেমন একটা ঘটনা আমি বলছি, "মাননীয় অধ্যক্ষ মহোদয় আমরা মুখে মুখে বলি জাতীয় সংহতি চাই এবং রক্ষা করতে হবে বড় বড় কথা, ভাল ভাল কথা, কিন্তু আমরা দেখি Muslim Minority তারাও Religious Minority আজকে তাদের মনের মধ্যে একটা confidence উদ্রেক করার দরকার যে তারাও এ রাজ্যের অধিবাসী, তাদের সমস্ত সুযোগ সুবিধা আছে, সেদিক দিয়ে আমরা যদি দেখি তবে দেখা যাবে কার্য্য ক্ষেত্রে কিছুই নাই, তাদের কবরখলার রক্ষনাবেক্ষণের জন্য যদি কোন দরখাস্ত দেওয়া হয় তবে তার প্রতি কোন ভ্রুক্ষেপই নাই, এবং মাদ্রাসা পর্যন্তও দখল করে নিল। আরেকটা ঘটনার কথা আমি বলছি, মাননীয় অধ্যক্ষ মহোদয়। শুধু Reference দিয়ে যাচ্ছি। এখনে আগরতলাতে ঠাকুর লোক দেববর্ম্মার যে একটা সম্মান আছে সেখানেও কার কথা কে শুনে, এই হল অবস্থা। আজকে যদি এই অবস্থা হয় তবে Religious Minority বা Linguistic Minority র তাদের মধ্যে এই প্রশ্ন জাগে যে চাকুরীর ক্ষেত্রে, Economic condition এর ক্ষেত্রে, Land Assessment এর ক্ষেত্রে জীবিকার প্রত্যেকটির ক্ষেত্রে যদি তাদের এইভাবে কোণ ঠাসা করে রাখা হয় তাহলে এই প্রশ্ন তাদের মনে আসা স্বাভাবিক। এরজন্য দায়ী কি তারা? তারা মোটেই দায়ী না। যারা সরকার চালান, রাজ্য চালান তারই এর জন্য দায়ী। গত sessionএ একটা প্রশ্ন উঠেছিল যে চাকুরী না পেলেই তারা বিরোধী দলে যায়, যাবেইত, কি করা যাবে, তাদের বাঁচতে ত হবে। বাঁচার জন্য সকল মানুষই পাগল আজকে Minority এই প্রশ্নটা বটে কিন্তু Tribalরা কেন যায়। আমি যদি একথা বলি, যে সমস্ত উপজাতীর মধ্যে কংগ্রেস সরকারের আশীর্ব্বাদ পেয়ে থাকে সেটা হল রিয়াং community; কিন্তু আজ যদি সমস্ত কিছু সার্ভে করে দেখা যায়, তবে দেখা যাবে যে সমস্ত জায়গাতে তারাই চলে যাচ্ছে, আজকে যদি তাদের মনের মধ্যে confidence থাকত যে আমার রাজ্য, আমি কেন যাব? তাহলে যেতে পারে না। কাজেই মানুষ বাঁচার জন্য দিশে হারা হয়ে গিয়েছে। যে যেদিকে পারে পথ ধরে গিয়েছে। কাজেই এই confidence আনার দায়ীত্ব সরকারের, আর যখন নিজস্ব দাবী দাওয়া নিয়ে কথা বলবে তখন বলবে Seperatism, Issolations এইরকম কতকিছু কথা কতকিছু অজুহাত; এই হল অবস্থা, কাজেই এই দৃষ্টিভঙ্গি পালটানো দরকার। এই সমস্ত ঘটনা বা Practice সমাজের পক্ষে সহায়ক নয় বরঞ্চ ক্ষতিকর। Ruling Partyর যারা নেতা বা যারা সরকার চালান তাদের এগুলি অন্তত উপলব্ধি করা উচিত বলে আমি মনে করি। আর Fourth Plan সম্পর্কে অনেক কিছু বলা হয়েছে, ৩২ কোটি টাকার মধ্যে প্রথম বৎসরে ৫ কোটি টাকা পাওয়া যাবে ইত্যাদি ইত্যাদি অনেক কিছু এখানে আছে। কিন্তু এগুলি যদি আমরা তলিয়ে দেখি, তা হলে কি দেখি? আমাদের রাজ্যের যা প্রয়োজন বা দরকার তা Practically এই কাজের সঙ্গে কোন সঙ্গতিই নাই। কারণ Democracy যদি কর্ত্তৃপক্ষরা মেনে থাকেন, যে Democracy দ্বারা এখানে সরকার চালান, সেই Democracy যদি তারা

মেনে থাকেন তাহলে from the top to bottom এগুলি করা দরকার অর্থাৎ এখানে Reportএর মধ্যে আছে আমাদেব এইসব কাজ আছে, এই পঞ্চায়েত আছে ইত্যাদি। এইগুলি হল কোন গ্রামে কোন পঞ্চায়েতের মধ্যে কি দরকার অর্থাৎ জনসাধারণের সামগ্রিক প্রয়োজনে যদি তাব Planটা হয়, জনসাধারণের সেখানে অংশ থাকা দরকার। বিভিন্ন পঞ্চায়েতগুলির মাধ্যমে কোনখানে কি দরকার, কোনখানে কি করলে ক্ষেতের মধ্যে Flood Protection হবে এসমস্ত ব্যাপারে তাদের Suggesion সবটাই গ্রহণ করার কোন প্রশ্নই উঠে না। এই সমস্তগুলির call করে জনসাধারণের নিকট থেকে suggession নিয়ে আসা উচিত এবং আসার পরে এই-গুলি Assembly র মাঝে আলোচনা করা দরকার। তারপর যদি Ruling Party উহা পরিবর্ত্তন বা পরিবর্দ্ধন করতে চান, তবে তা করে পাঠানো উচিত। কিন্তু এখানে কি করা হয়েছে? উহা Expert দিয়ে তৈরী করেছেন। এই প্রকারের অনেক Expert আমরা দেখেছি, Theoritical এবং Practical এই দুইটা দুই প্রকারের জিনিষ। Practical knowledge এবং Theoritical knowledge এই দুইটা এক সঙ্গে তুলনা করা চলে না। তবে এক সঙ্গে দুইটারই সংগতি রাখা দরকার। কাজেই সেদিক দিয়ে অন্তত: শুধু এখানে বলা হয়েছে Expert যারা Planning commissionএর উপর তাদের কোন হাত নাই। তারা যা করবে তাই হবে সেটা কোন অবস্থাতেই এই Democratic Countryতে হওয়া উচিত নয়। কাজেই Basically আজকে গ্রাম থেকে বা এলাকা থেকে এটা হয়ে আসা উচিত। তার পরে এগুলি গ্রহণ, বর্জ্জন, পরিবর্ত্তন ও পরিবর্দ্ধন করে পাঠানো উচিত। এখানে কি করা হয়? এখানে যারা মামুলি Administration চালায় তারা যেখানে যেখানে দরকার মনে করেছে সেখানেই করেছে। তার সঙ্গে জন সাধারণের কোন সম্পর্ক থাকবে না। তার Establishment Cost কত ধরা হবে এবং construction cost কত ধরা হয়েছে এই সমস্ত বিষয়ে তারা অন্ধকারেই থেকে যায়। কাজেই এই দিক দিয়ে তারা কতই গালভরা প্রতিশ্রুতি, অনেক বড় বড় কথা বলা হয়ে থাকে। কিন্তু আমরা দেখছি আমাদের অভিজ্ঞতা অনেক হয়েছে। প্রথম, দ্বিতীয়, তৃতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনায় আমরা দেখেছি, Plan targetগুলি আমরা দেখেছি, অনেক গালভরা প্রতিশ্রুতি আমরা শুনেছি। এই Planএ আমরা বেকার সমস্যা দূর করব, এই Planএ আমরা খাদ্য সমস্যা দূর করব। কিন্তু একটা Plan বছরের পর বছর অতিক্রম করে যায় কিন্তু সমস্যাগুলি দিনের পর দিন বাড়ে। বেকার বেড়েছে, খাদ্য সমস্যা বেড়েছে, সমাধানের কোন কিনারাই হচ্ছে না। সেদিক দিয়েও তাই হবে। গতানুগতিকভাবে চলছে। তবে এই চতুর্থ পরিকল্পনার মধ্যে যে ৫ কোটি টাকা ধরা হয়েছে তাতে অনেক Industry হবে, রাস্তাঘাট হবে জন কল্যাণমূলক ব্যবস্থা হবে অর্থাৎ বেকার ইত্যাদির সমস্যার সমাধান হবে। কেটাগরিগুলি বলা না হলেও মোটামুটিভাবে চিত্রগুলি তুলে ধরা হয়েছে। এই হ'ল অবস্থা। কাজেই পত্রিকাতে যা আছে তার মাধ্যমে এর সম্ভাবনা নেই। শুধু ভাসা ভাসা বলা হয়েছে। কাজেই এ দ্বারা যে বিরাট কিছু হবে এমন মনে করার কোন কারণ নেই। এই সম্বন্ধে Positive একটা Clear cut Policy থাকার দরকার ছিল। আর এখানে ১০ নম্বর Paragraphএর মধ্যে আছে Government contemplate to take measures for granting relief to those who are in arrears of land revenue by allowing

them to pay the arrears in easy instalments, ভাল কথা, কেন এ কথাটা বলতে হ'ল! আগরতলা এবং তার Sub-Divisinগুলিতে জরীপের কাজ কতদিন আগে শুরু হয়েছে। এখন পর্য্যন্ত ইচ্ছা থাকলে ও খাজনা দেওয়ার কোন উপায় নাই। বছরের পর বছর খাজনা জমে আছে। এক সঙ্গে যখন Govt. চাইবেন তখন দিতে হবে। অবশ্য তখন বলবেন যে আমরা Instalment এ দেওয়ার ব্যবস্থা রেখেছি, কেন বাবা তোমরা ইচ্ছা করে সমস্ত খাজনা জমা করে রেখেছ তার জন্য আমি Instalmentএ টাকা দিতে যাব কেন? এর জন্য তো সরকারই দায়ী। Who are responsible? Government responsible. কেন এসব কথা বলতে যায়? কাজেই আজ কি এসব কথা Positively বলা উচিত? অন্ততঃ Govt.এর দায়ীত্বে যতগুলি বকেয়া খাজনা জমিয়ে রাখা হয়েছে সেগুলি মকুব করে দেওয়া উচিত, আর শুধু তাই নয়। বছরের পর বছর অসহায় গরীব কৃষকরা যাদের সমস্ত আউশ ফসল এবং আমন ফসল Floodএ নষ্ট হয়ে যাচ্ছে, তারা একবারের জায়গায় তিনবার রোয়া দিয়েছে, কিছুতেই তা রক্ষা করতে পারে নাই। Land reforms Actএ আছে যে Govt. ইচ্ছা করলে তা মুকুব করে দিতে পারে। কিন্তু তা দিবে না, তারা Instalmentএ দেওয়ার ব্যবস্থা করেছে। কিন্তু আজকে কেন এই কথা। আজকে যদি Positively কৃষকদের উন্নতি করতে হয়, তাদেরকে আজকে যদি কৃষি কার্য্যে সাহায্য করতে হয় তবে তাদের খাজনা মুকুব দিতে হবে, তাদের Flood Protectionএর ব্যবস্থা করতে হবে। সেই সম্ভাবনা কোথায়? এখনও পর্য্যন্ত ঐ বড় বড় River সমীক্ষা হচ্ছে। বহু দিন থেকেই এই সমীক্ষা চালাচ্ছে। আজ বিশ বাইশ বৎসর হয় ভারত স্বাধীন হয়েছে, তিনটা Plan পার হয়ে গেল আমরা শুধু সমীক্ষাই চালাচ্ছি। এখন আবার ৪র্থ Plan আরম্ভ হয়ে যাবে তবু আমরা সমীক্ষাই চালাবো।

Mr. Speaker :—মাননীয় সদস্য আপনি দেড় ঘণ্টা সময় নিয়েছেন প্রায়। সংক্ষিপ্ত আকারে আপনার বক্তব্য রাখতে অনুরোধ করছি।

শ্রীঅঘোর দেববর্মা ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সংক্ষিপ্ত আকারে কোন কিছু বলার নাই। এখানে কয়েকটা কথা নাই সেগুলি Refer করা দরকার। এখানে ২১ Paragraphএ বলা হয়েছে যে there are 448 Gaon Sabhas distributed in 17 community Development Blocks Panchayat Raj, যারা হয়েছে ভাল কথা, তারজন্য দুই দুই বার ইলেকশান করা হয়েছে according to Panchayat Act. Panchayat গঠন করা হল কিন্তু যদি তাদের হাতে কোন ক্ষমতাই না দেওয়া হয় তবে এই পঞ্চায়েত গঠন করার সার্থকতা কোথায়? মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা হল পলিসির ব্যাপার, কাজেই এই পলিসি সম্পর্কে দুই চার কথা আমরা বলব। আর একটা কথা হল, Seperation of Judiciary from executive. এটা একটা পুরান প্রস্তাব। আমরা সবাই একযোগে এই প্রস্তাব এই হাউসে গ্রহণ করেছিলাম। যেটা বিধান সভায় নেওয়া হল তার উপর আজ পর্য্যন্ত তারা কোন পজেটিভ action নেন নাই। এটাও একটা পলিসির ব্যাপার এটা এক বৎসর পর, কি দুই বৎসর পর, কি তিন বৎসর পর করবেন এই

সম্পর্কে কোন বক্তব্যই নাই। গতকাল Assembly র পর আমি Court এ গেলাম। এক এডভোকেট বললেন দেখে যান অবস্থাটা। কি ব্যাপার? কোন Magistrate তিনটার আগে এজলাসে উঠেন না। ঐ সময় পর্য্যন্ত সব case জমে থাকে। এইভাবে case জমতে থাকে। এহল অবস্থা। যাহোক ভারতে প্রায় সব Stateই Judiciary কে পৃথক করার চেষ্টা করছেন। এটা শুধু বিরোধীদেরই নয় কংগ্রেস সবকারেরও এই পলিসি। কাজেই এই সম্পকে' একটা দ্রুত ব্যবস্থা নেওয়া উচিৎ। মাননীয় অধ্যক্ষ মহোদয়, Tripura Civil Service সম্পর্কে সরকারের কি পলিসি জানিনা। এ সম্পর্কে যে Rules frame up করা হয়েছে তা মাননীয় অর্থমন্ত্রী শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য দেখতে চেয়েছিলেন কিন্তু প্রাক্তন Chief Secretary শ্রীদুবে তা তাকে দেখতে দেন নাই এবং তাড়াহুড়া করে তা দিল্লীতে পাঠিয়ে দেন। এটা আমাদের রাজ্য সংক্রান্ত ব্যাপার। এখানে একটা বিধান সভাও আছে; যে ভাবেই হোক এটা একটা ডেমো-ক্রেটিক ইনিষ্টিটিউট. ভালমন্দ বিচার বিবেচনা করার ক্ষমতা নিশ্চয়ই এই বিধান সভার অছে। কাজেই দিল্লীতে পাঠানোর আগে তা এই বিধান সভায় place করা উচিৎ ছিল। কেন তা বিধান সভায় উপস্থিত করা হল না? প্রত্যেক Stateই তাদের নিজস্ব Junior Civil Service Rules আছে। তার জন্য Regional language অবশ্যই জানতে হবে। যেমন বাংলা দেশে বাংলা ভাষা অবশ্যই জানতে হবে। আসামে আসামী এবং U.P. তে হিন্দি ভাষা অবশ্যই জানতে হবে এটা বাধতামূলক। কিন্তু এই Stateএ সেই ব্যবস্থাও নাই। সেদিক দিয়ে বিধান সভা ত বিচার করতে পারতেন। আমি মনে করি এই rules বিধান সভায় উপস্থিত না করে বিধানসভার অধিকার হরণ করা হয়েছে। বিধান সভার right খর্ব করা হয়েছে। এ সম্পর্কে Administrator - এর ভাষণে কোন উল্লেখ নাই। মাননীয় অধ্যক্ষ মহোদয় এখানে আর একটা কথা বলা দরকার সেটা হচ্ছে ডম্বুর একটা ইম্পর্টেন্ট ব্যাপার। এখানে বলা হয়েছে The Gumati Power Project near the Dumbur Falls has already been started and it is expected to be completed by 1971 ভাল কথা। কিন্তু আমি বলি তা অসম্ভব ব্যাপার। যে সরকার আগরতলার শহরে একটা power house থেকে সাধারণভাবে electric power supply করতে পারে না, সেই সরকার ডম্বুর থেকে আগরতলায় পাওয়ার সরবরাহ করবে সেটাও অদ্ভুত ব্যাপার।

কিন্তু আমি বলছি অসম্ভব ব্যাপার। আমি একথা কেন বলছি। তার কারণ এটার সাথে আনুসঙ্গিক সে সমস্ত কাজ করা দরকার তা না করলে এটা পড়েই থাকবে। উদাহরন স্বরূপ আমি বলছি যে কাউমারাঘাট নতুন বাজারে যদি পারমেনেন্ট ব্রীজ না করা হয় তাহলে বৃষ্টি নামলে কাজকর্ম বন্ধ রাখতে হবে। পাথর এনে তারপর সেখানে কাজ করতে হবে। বড়বড় ট্রাকগুলো এইসব টেম্পোরারী ব্রীজগুলোর উপর দিয়ে যেতে পারবে না। ওখানকার প্রায় দু হাজার কর্ম্মচারীকে বসে থাকতে হবে। মাসে মাসে বেতন গুনবে। কাজেই যদি এটাকে আজকে রাস্তায় রূপায়িত করতে হয় তাহলে সে কাজগুলো আগে না করলে কাজের অগ্রগতি ব্যাহত হবে, সেসব আনুসঙ্গিক কাজগুলো আগে করা দরকার। বলা হয়েছে যে, গুমতি ব্রীজ এবং কাকলিয়া ব্রীজ এই ২টা বড় বড় ব্রীজ করা হয়েছে। কিন্তু আগামী বৎসরে কোনটি করা হবে, কোনটি করা যবেনা সে সম্বন্ধে কিছুই ঠিক হয়নি।

রাস্তা করা হবে ইত্যাদি শুধু গালভরা প্রতিশ্রুতি মাত্র। আসল কাজের এখানে কোন উল্লেখ নাই। কাজেই যদি ঐ পুল না করা হয় আগামী আর্থিক বৎসরে তাহলে 1971 এ প্রজেক্টের কাজ শেষ হবে কিনা সন্দেহ আছে।

আমরা টি, টি, সির আমল থেকেই শুনে আসছি যে, আসামের উমিয়াম থেকে পাওয়ার আসবে এবং সেই পাওয়ার খুব সস্তায় পাওয়া যাবে। আজকে এই এ্যাসেম্বলীতে আসার পরেও কিছুদিন পরপর ঐ একই কথা শুনছি। বর্ত্তমানে যে পরিকল্পনার পর ইলেকট্রিক ভোলটেজ থাকছে না সেটাতো আমরা দেখতেই পাচ্ছি। তবে ইলেকট্রিক সাপ্লাই সম্বন্ধে ডিটেইলস আলোচনায় আমি এখন যাচ্ছিনা।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, ইণ্ডাষ্ট্রী সম্বন্ধে আমি বলবো যে, প্রথম তিনটি পরিকল্পনা কালে আমরা লক্ষ লক্ষ টাকা খরচ করেছি ইণ্ডাষ্ট্রী করার জন্য। অনেক প্রাইভেট পার্টিকেও ইণ্ডাষ্ট্রী গড়ে তোলার জন্য টাকা দেওয়া হয়েছে। কিন্তু সে ইণ্ডাষ্ট্রীগুলো করা হয়েছে কিনা সেটা আমাদের দেখা দরকার। আমি নিজেও জানি যে ইণ্ডাষ্ট্রী করার জন্য অনেক টাকা দেওয়া হয়েছে অথচ তার কোন চিহ্নমাত্রও নাই। আজকে যেভাবে বেকার সমস্যা বাড়ছে, সেই সমস্যার কিঞ্চিত লাঘবও হতে পারতো এই ইণ্ডাষ্ট্রীগুলো যদি করা হতো।

মাননীয় অধ্যক্ষ মহোদয় আর একটা প্রবলেম আমি এখানে তুলে ধরছি যে, হাউসিং প্রবলেম আগামী ১০।১২ বৎসরে বিরাট আকারে দেখা দিবে। জনসংখ্যা বাড়ার সাথে সাথে প্রত্যেকটি জিনিষের দাম বেড়েছে এছাড়া বন রক্ষা করবো বললেই তো আর বন রক্ষা হচ্ছে না। বাস্তবের তাগিদে বন উজাড় হয়ে যাচ্ছে। পরবর্তী ১০ বৎসরের মধ্যে এটার কি অবস্থা হয় তা মাননীয় সদস্যেরা জানতে পারবেন। কাজেই যদি হাউসিং প্রবলেম সমাধান করতে হয় তাহলেও একটা ইণ্ডাষ্ট্রী করা যায়।

আমি যখন লেনিনগ্রাদ গিয়েছিলাম সেখানে দেখলাম শত শত ফ্ল্যাট তৈরী করা হচ্ছে এক দিনে। আমাদের ভারতবর্ষের ২২ জন ইঞ্জিনীয়ার সেখানে কাজে নিযুক্ত আছেন।এখানে ত্রিপুরা রাজ্যে যে দুই শতের মতো বেকার ইঞ্জিনীয়ার আছে সে সম্বন্ধে আমার কোন ধারনাই ছিল না। এই সব ইঞ্জীনিয়াররা এখানকার পলিটেকনিক থেকেই পাশ করেছেন। ১৮৫০০ বেকার ইঞ্জীনীয়ারের লিষ্টীর মধ্যে এই ২০০ ইঞ্জীনিয়ারের নাম আছে কিনা তা আমার জানা নাই। পরশুদিন তাদের সাথে আমার যে আলোচনা হয়েছে তাতে আমি জানতে পারলাম তাদের মধ্যে সিভিল ইঞ্জীনিয়ার ইত্যাদিও আছে। চিফ কমিশনারের সাথে তারা দেখা করেছিলেন। চিফ কমিশনার তাদের বললেন যে আপনারা এখানকার বড় বড় ব্যবসায়ী যেমন মাখন সাহা ইত্যাদিকে ঘেরাও করুন ইণ্ডাষ্ট্রী করার জন্যে। তিনি একজন এডমিনিষ্টেটর হয়ে নিজেই পাবলিক সেকটারে ইণ্ডাষ্ট্রী করতে পারেন। এভাবে তাদের লেলিয়ে দেওয়ার কোন অর্থ হয় না। এভাবে ওদের ঘেরাও করলে কি সমস্যার সমাধান হবে ?

আজকে দেখা যাচ্ছে যে খাদ্য সমস্যাটা দিনের পর দিন বাড়ছেই। সরকারী তরফ থেকে এর সমাধানে যদি কোন কার্য্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হয় তা হলে সাবরুম থেকে ধর্ম্মনগর পর্য্যন্ত যত ছড়া আছে সবগুলিকে Intensive cultivation এর মাধ্যমে উন্নত করে তোলা দরকার।

আমাদের দেশের শত শত বেকার যুবক আজ অন্নাভাবে আছে, তাদের কাজের কোন সুরাহা করার ব্যবস্থা নাই। এডমিনিষ্ট্রেটর মহাশয় মামুলী ধরণের একটি ভাষণ এখানে রেখেছেন তাতে এখানে সামগ্রিকভাবে দেশের উন্নতি করার কার্য্যকরী কোন পরিকল্পনা বা ব্যবস্থা নাই। এখানে Irrigation ইত্যাদির ব্যবস্থা থাকলে পরে দেশের খাদ্য সমস্যারও সমাধান হবে এবং বেকার ইঞ্জিনীয়ারদেরও চাকুরীর ব্যবস্থা হবে।

কাজেই Agriculture ও Industryর কোন রকম উন্নতির আশ্বাস এই ভাষণে নেই, এটা নিতান্তই একটা মামুলী ধরনের ভাষণ। ঐসব সম্বন্ধে এখানে কিছু উল্লেখ থাকার প্রয়োজন ছিল বলে আমি মনে করি। আমার বক্তব্য এখানেই শেষ করলাম।

Shri Promode Ranjan Das Gupta :—এই ভাষণের মধ্যে আমাদের Govt. এর, আমাদের cabinet এর যে পলিসি যে কাজ তারা করতে যাচ্ছে তা প্রতিফলিত হয়েছে। আমি এই ধন্যবাদ প্রস্তাবকে সমর্থন করছি এই জন্য যে এর মধ্যে আমাদের আশার অনেক কিছুই আছে। অবশ্য কিছু কিছু বাদও পড়েছে। এই ভাষণের উপর প্রথমতঃ আমি বলতে চাই, যা সারা ত্রিপুরাবাসী আকাঙ্খা করে, তা হচ্ছে বিধানসভার ক্ষমতা বাড়ানো এবং বিধানসভাকে কেন্দ্রীয় ক্ষমতার কবল থেকে মুক্ত করা। এই ভাষণে এম্পর্কে অন্ততঃ কিছু থাকা উচিৎ ছিল। আমরা দেখি প্রত্যেকটা Union Territory, কি হিমাচল প্রদেশ, কি মণিপুর, কি পণ্ডিচেরী, কি গোয়া দমন দিউ প্রত্যেকেই কেন্দ্রের নিকট অধিকতর ক্ষমতা চাচ্ছে। বাজেটে যে টাকা ধরা হচ্ছে সে টাকা আমরা কি ভাবে ব্যয় করব তার দায় দায়ীত্ব আমাদের। সেই ক্ষমতাকে Union Territory Act এর মধ্যে সীমিত করে রেখেছে। কারণ প্রত্যেকটি বিষয়ে আমাদের কেন্দ্রের মুখাপেক্ষী হতে হয়। এই প্রস্তাব সমর্থন করতে গিয়ে আমি শুধু এইটুকুই উল্লেখ করতে চাই যে ত্রিপুরাতে কেন Lt. Governor হবে না! যদি Population এর ভিত্তিতে দেখি তা হলে দেখি যে গোয়া দমনে লোক সংখ্যা হচ্ছে ৬ লক্ষ ২৬ হাজার ৯৭৮ জন সেখানে Lt. Governor আছে। পণ্ডিচেরীতে লোক সংখ্যা হচ্ছে ৩৬৯০৮৯ সেখানেও Lt. Governor. হিমাচলে লোক সংখ্যা হচ্ছে ২৩৪৮৯৮০, সেখানেও Lt. Governor। কিন্তু ত্রিপুরায় ১১৪২০০০ লোক সংখ্যা থাকা সত্বেও Lt. Governor এর জন্য দাবী করতে পারি নাই। এখানেই আমাদের short fall এই কথা আমাদের Administrator এর ভাষণে নাই তাই এর প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি। যেখানে আজকে ছোট বড় প্রত্যেকটি state অধিকতর ক্ষমতা চাচ্ছে সে জায়গায় আমাদের union territory, আমাদের কোন ক্ষমতাই নাই। আমি আর ও একবার বলেছিলাম যে ত্রিপুরা কেন্দ্রের অধীন একটা Legal Body-র থেকেও বিশেষ বড় নয়, সেই ক্ষেত্রে কেন আমরা অধিক ক্ষমতা দাবী করব না। এই কথাই আজকে আমি আমার বক্তব্যে প্রতিফলিত করতে চাই। আজকে প্রয়োজন হয়েছে, আজকে ত্রিপুরার শাসন ব্যবস্থাকে সুচারুভাবে চালানোর জন্য। তার জন্য আমাদের কেবিনেট অথবা আমাদের মুখ্যমন্ত্রী অনেক সময় কিছু করার ইচ্ছা থাকলেওকরতে পারেন না। কারণ তাদের হাত পা বাঁধা। কোন একটা scheme, urgency, Emergency কোন কিছুই দিল্লীর Sanction ছাড়া ওনারা করতে পারেন না। এবং সেই sanctionটাকে

তুলে দিতে হবে। কারণ এই যে টাকাটা সেটা আমাদের ক্ষমতার এক্তিয়ারের মধ্যে রেখে আমরা খরচ করব। এটাই আমার এই House এর সামনে আজকে আমাদের মাননীয় Administrator এর যে বক্তব্য যার মধ্য দিয়ে আমাদের কেবিনেটের এবং Govt. এর Policy প্রতিফলিত হচ্ছে সেখানে আমি আমার বক্তব্যের মধ্যে এটা রাখার কারণ হচ্ছে সেটা আমি এখানে পাচ্ছি না। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, আমি এখানে রাখছি যে আজকে এর মধ্যে অনেক ভাল কথা আছে। কিন্তু আজকে আমাদের একটা জিনিস সব সময় বিবেচনা করতে হবে। কারণ এখানে আমার কাছে ১৯৬৯ সালের ১৭ই মার্চ্চ মাননীয় Administrator এর যে Report পড়েছি, আবার ১৯৬৮ সালের ১১ই মার্চ্চের মাননীয় Administrator এর যে বক্তব্য এবং ১৯৬৭ সালের March মাসের যে বক্তব্য সেটা যদি আমরা তুলনামূলক ভাবে দেখতে চাই তাহলে আমি প্রথমতঃ Industryর ব্যাপারে বলব। Industry আমরা কি পাচ্ছি? একথাটা আমার বলার একটা কারণ হচ্ছে যে যে বক্তব্য আমাদের Administrator এই House এর সামনে রেখেছেন সেটাকে কার্য্যে পরিণত করা হচ্ছে কি হচ্ছে না, এই বক্তব্যটা কি গুরুত্বপূর্ণ ভাবে জনসাধারণের কাছে নেওয়া হচ্ছে কি হচ্ছে না এবং এই বক্তব্যটার মধ্যে যা রাখা হয়েছে সেটা কার্য্যে পরিনত করার জন্য আমরা চেষ্টা করেছি কি না বা না করে থাকলে কেন ব্যর্থ হয়েছি তার হিসাব নিকাশ এই বক্তব্যের মধ্যে থাকতে হবে। কিন্তু আমরা যখন Industryর ব্যাপারে লক্ষ্য করি তখন দেখি যে Industryর মধ্যে ১৮৫০০ Registered umemployed persons ত্রিপুরার মধ্যে আছে। unregistered যে কত আছে কোন সংখ্যা নেই। সেদিক দিয়ে দিনের পর দিন যে বেকারের চাপ, সেই বেকারের চাপকে যদি সমাধান করতে হয় তাহলে শিল্পের অগ্রগতি দরকার। এখানে একটা কথা লেখা আছে যে Power looms, Rolling Mill, a Glass and ceramies unit and a ply wood Sectorএ যাতে হতে পারে তার জন্য সরকার Negotiation চালাচ্ছেন। Factory Private ভাল কথা এবং কথাটা সত্যই প্রয়োজনীয়। কিন্তু এই কথাটাই আমরা আবার ১৯৬৭ সালে দেখেছি এইIndustryর ব্যাপারে সেখানে আমরা দেখেছি কি ১৯৬৭ সালে Administrator এরযে ভাষণে সেগুলি করবার কথা ছিল সেগুলির মধ্যে লেখা আছে যে as per Establishment of ply wood Factory, "Private Sector" এবং তার সাথে সাথে Govt. is also interested in Setting up of the Jute Mill and paper mill. Jute mill এবং paper mill এর সাথে সাথে cardboard Factory এই যে তিনটি বক্তব্য ১৯৬৭ সালে রাখা হয়েছিল, ১৯৬৯ সালে আবার দেখছি যে cardboard এবং paper mill এর কোন বক্তব্য নেই। আমরা জানি যে এগুলি করা হয় নি। কেন হয়নি কিজন্য হয়নি কোথায় তার scheme বক্তব্যের মধ্যে এটা থাকলে সুন্দর হত, ভাল হত। তারপর ১৯৬৭ সালে যে ply wood সম্পর্কে বক্তব্য রাখা হয়েছিল সে সম্পর্কে আবার কেন বলছেন যে ply wood করবার চেষ্টায় আমরা আছি। কোথায় তার draw back কেন করতে পারিনি, কেন তা হয়নি এই বক্তব্য এই House এর সামনে থাকলে ভাল হত। তারপর আমরা দেখছি শুধু তাই নয় আমরা যদি ১৯৬৮ সালের industryর Report পড়ি তাতেও

তাতে আমরা দেখছি এই কথাটা যে সেখানে Spindng mill সম্বন্ধে বলা হয়েছিল এবং Re-rolling mill for supply of iron plates & rods and spinning mill of 15.000 spindles অর্থাৎ সেই spinning millটা ১৯৬৯ সালের বক্তব্যের মধ্যে পাচ্ছি না। জানিনা এটা কি কোনখানে drop হলো। না করার কোন বাধা হল। তার যদি কোন উল্লেখ এখানে থাকত তাহলে আমরা বুঝতে পারতাম যে spinning mill abandon করা হয়েছে। কেন করা হয়েছে সেটা সম্বন্ধে আমরা জনসাধারণকে ও satisfy করতে পারতাম। এই অসুবিধায় এটা করা হয় নাই এবং Re-rolling mill of supply of Iron plates and rods সেটা সম্বন্ধে ও সেখানে বক্তব্য রাখাহয়েছিল। সেটা এখন পর্য্যন্ত কেন রূপায়িত করা হল না তারও কারণ জানতে পারি নাই। সে জিনিষটা Administrator এ Address এর থাকলে তার গুরুত্ব তার Importance খুব বেশী। কারণ এটার উপরে জনসাধারণ আমাদের কার্য্যকলাপকে চুলছেড়া বিচার করে দেখবে। কারণ এর মধ্যে অনেক ভাল কথা আছে এবং সে কথাগুলিকে আমি সমর্থন করি বলেই অঘোরবাবুর মত sectorial movement এবং দৃষ্টিভঙ্গি নিয়ে দেখতে চাই নি। কারণ সেটাকে সমর্থন করেও তার short fall টাকে আমি দেখাচ্ছি। এখানে আর একটি কথা আছে সেটাতেও আমার দৃষ্টি আকৃষ্ট হয়েছে। সেটা হচ্ছে Tribal দের সম্বন্ধে। সেখানে Tribalদের সম্পর্কে বহু বক্তব্য রাখা হয়েছে। specially for the members of the scheduled caste আগে Tribalদের জন্য কলোনী করা, কিন্তু একটা জিনিষ যেখানে বলা হয়েছিল ১৯৬৮ সালে যে not the least important of them is the particular increase which the Govt propose to make in the quantum of financial scale for the rehablitation of Jhumia and others from Rs. 500/- to Rs. 1910, এই যে ১৯১০ টাকা কোয়ানটাম দিয়েছি সেটার কোন চিহ্ন উহার মধ্যে পাই নাই। সেই জন্যই আমার ভয় হয় যে Central Govt. হয়ত সেটা Sanction দিতে রাজী হয় নাই সে জন্য সে কথাটা আমরা এটার মধ্যে পাই নাই এবং এই জিনিষটাও আজকে আমি আমার বক্তব্যের মধ্যে Short fall সমর্থন করেও অনেক গুলি Measure নিয়েছেন যে Measure গুলিকে পুরাপুরি সমর্থন করে আমি এদিকে দৃষ্টি আকর্ষন করছি। আরেকটি দিকে আমি দৃষ্টি আকর্ষন করছি। সেটা হচ্ছে এই যে এখানে আমাদের যে Short fall সম্বন্ধে আমার বক্তব্য Budget অধিবেশনের মধ্যেই পুরাপুরি রাখব তবে in short আমি কতকগুলি জিনিষের উপর দৃষ্টি আকর্ষন করছি সেটা হল Electrification সম্বন্ধে আমি একটা কথা এখানে দেখাতে চাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেটা ও খুবই Important. সেটা হচ্ছে এই জায়গায় আমাদের মাননীয় Administrator যে address দিয়েছেন তাতে Electricity সম্বন্ধে তিনি একজায়গায় বলছেন যে at the end of the year 1968-69 the installed capacity will be raised to 2990 k. w. and the number of Electrified locality to fifty eight. অর্থাৎ এই কথাটা যদি এই অবস্থায় শুনা যায় তাহলে মনে হয় যে ৫৮টি localityতে Electricity করা হবে। কিন্তু ১৯৬৮ সালের যে Administration Report দিয়েছেন সেখানে আমরা দেখছি যে

new localities will have to be Electrified bringing the total number of Electrified locality to 77. ১৯৬৮ সালের যে Report, Administrator এর যে address তাতে বলা হচ্ছে 77. আর ১৯৬৯ সালের address এ বলা হচ্ছে 58. তাহলে দেখা যায় 20 বাদ দিলে 57 ছিল। Only one will be increased inthe electrified- area এই দিকদিয়ে যদি এই Report টাকে ১৯৬৮ সালের Report থেকে আলাদা করে দেখা যায় তাহলে দেখা যায় 58 will be electrified. কিন্তু in actual only additional one place is going to be electrified. এই যে জিনিষটা এই জিনিষটাতে আমার বক্তব্য রাখছি এই জন্য যে আমাদের Reportএর মধ্যে অনেকগুলি বক্তব্যই আছে এবং সেগুলি সত্যই সমর্থন যোগ্য। এবং Industryতে Calendering & sizing plan— আপনারা ১৯৬৭ সালের *Report* এ যদি পড়ে থাকেন তাহলে দেখতে পাবেন যে সেখানেও Calendering and sizing plant আছে। ১৯৬৮ সালের Administrator এর Address পড়েন তাহলে সেখানে ও আমরা দেখছি Calendering & Sizeing Plant এবার ও আমরা পড়ছি Calendering & Sizing Plant. এই যে তিন তিনটি Report, এটা পড়ে যদি কেউ সমালোচনার দৃষ্টিভঙ্গি নিয়ে দেখেন তাহলে দেখা যাবে যে Ineffectiveness of the implementation of this, মানে Policy of the Govt. এই যে ineffectiveness—What is the reason of this? এই যে in effectiveness সেটা আমাদের দেখা দরকার। কারণ it is a policy—Policy of the Govt. তাই আমি আজকে House এর সামনে এই জিনিসটা তুলে ধরছি। Powerlooms সম্বন্ধে ১৯৬৭ সালের Report পাবেন, Pow erlooms ১৯৬৮ সালের Report এ ও পাবেন সেটা। এখন আবার দেখছি এ বৎসর ও Powerloons আছে। কিন্তু কেন হচ্ছে না। আমি সেটা Constructive way তে দেখছি। Not in secterian way, destructive way তে ও নয়। কারণ People আজ very conscious. People আজকে এত conscious যে আমাকে ৩ বৎসর আগে কি বলেছে—আবার আজ ও বলছে। সারা বৎসর কি একই বাঁশীর সুর বাজবে, কাজেই এই দিক দিয়ে আজকে প্রশ্ন আসতে পারে। অতএব আজকে আমাদের সাবধান হতে হবে। যখন আমরা কোন Address তৈরী করব তখন আমাদের দেখতে হবে যে আমাদের যদি কোন Short fall থাকে তাহলে আমরা আমাদের ভুল স্বীকার করব। স্বীকার করে বলতে হবে যে এই জন্য আমরা পারিনি। কিন্তু বার বার আমরা একথাই বলি এবং কার্য্যও যদি এটাকে রূপায়িত না করতে পারি তাহলে People সেটাকে অন্যভাবে বলতে পারে। আমি যে Partyতে আছি সে Party র আদর্শ এবং Programme আমি জানি। সত্যি তা প্রগতিশীল এবং ডাইনামিক। সে দৃষ্টিভঙ্গি নিয়েই আজকে আমি House এর সামনে এই যে Addressটা এসেছে তাকে সমর্থন করে ও এর short fallটাকে প্রকাশ করলাম। আজকে বহুদিন বাদ একটা নূতন কথা Addressএর মধ্যে পেলাম। সেটা হল Tea Industry. বহুদিন পরে যেন আমরা ঘুম থেকে উঠলাম যে Tea Industry গেল। কেন গেল? Tea Industry

গেল, কারণ Price fall করছে। Tea Industry যাওয়ার দরুন Unemployment বেড়ে যাচ্ছে। Workers দের মধ্যে Unemployment দেখা দিচ্ছে। সত্যি কথা Tea Industry, যে Industry তে ২২ হাজার শ্রমিকের কর্মসংস্থান হচ্ছে। আজকে ত্রিপুরার ৫২টি Tea Industry র মধ্যে ১১টি ঠিকমত চলছে কিনা সন্দেহ। কেন চালু নই, কেন বন্ধ হ'ল, কি জন্য চালু নেই, সেজন্য Govt. এর কোন responsibility ছিল কিনা তা আগে থেকেই দেখা উচিৎ ছিল। আজকে হঠাৎ করে কতগুলি Industry নষ্ট হয়ে গেল। অথচ আমাদের একটা Industries Deptt. আছে—তার Director, Asstt. Director, Dy Director আছে। কিন্তু একটা High Industry ত্রিপুরায় ছিল Tea Industry. তার প্রতি বৈমাত্রিক সুলভ ব্যবহার করে তার liquidation যাওয়ার পথে এবং কেন? কারণ তার অনেকগুলি প্রশ্ন আছে। আজকে আমি দুটি Industry র কথা বলতে পারি। একটি মেঘলিবন চা বাগান। আর একটি মনতলা চা বাগান। দু'টি Industry তে যে Sale Proceeds আছে তার মূল্য হচ্ছে সাত লক্ষ টাকা। এই দুটি Industry আজকে ত্রিপুরাতে ৭ লক্ষ টাকা earn করত, চা বিক্রি করে। কিন্তু দুই দু'টি বাগান আজকে চা বিক্রি করে লোকসান যাচ্ছে। তার প্রধান কারণ হলো Proper communication নেই। Ply Wood Factory যদি এখানে হয়, কারণ এখানে Ply Wood Factory র কথা লেখা আছে, এবং প্রস্তাব ও করা হয়েছিল। কিন্তু Deptt এর co-ordination এর অভাবে বোধহয় সেটা হয়নি। তাই আজ তাদের Calcutta থেকে Ply wood case আনতে হয় তার জন্য তাদের খরচা পড়ছে বেশী এবং অন্যান্য খরচাও আছে যার জন্য Govt. এর উচিত এই Industry কে, এই ২ হাজার শ্রমিকের অন্ন সংস্থানের জন্য এই সব Industry যাতে চালু থাকে তার জন্য তাকে subsidy দেওয়া, কোন কোন ব্যাপারে subsidy দেওয়া। যার তার জন্য আমার মতে একটা committee গঠন করা উচিত। এদিকে Tea Industry সম্পর্কে দুঃখ করা হয়েছে, হাহুতাশ করা হয়েছে, কিন্তু তাকে টিকিয়ে রাখবার পথটাও আমাদের চিন্তা করা দরকার। আজকে আমি বেশী সময় নেব না। Industrial Finance corporation আসামে একটা আছে এবং ত্রিপুরার যে Finance Secretary তিনি হচ্ছেন সেটার Director অথচ সেইদিক দিয়ে আমাদের ত্রিপুরার Tea Industry গুলিকে বাঁচাবার জন্য কি প্রচেষ্টা হচ্ছে সেটাও জানা দরকার। সেখানে কি অসুবিধা আছে সেটাও দেখানো উচিত ছিল।

Agriculture সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে এই Addressএর মধ্যে কি পরিমাণ Chemical Fertilizer কিম্বা কি পরিমাণ Prestiside বিলি করা হয়েছে এবং কিভাবে seeds বিলি করা হয়েছে এর কোন হিসাব এখানে নেই। যদিও ১৯৬৭ সালের Addressএ ছিল। অবশ্য হিসাব দিলে একটা মুস্কিল আছে। যে পরিমাণ বিলি হয়েছে সেই পরিমাণ বিলি হলে কি পরিমাণ খাদ্য উৎপাদন হবে তার একটা হিসাব করা যায়। এবং সেই পরিমাণ খাদ্য উৎপাদন সত্যিই ত্রিপুরাতে বেড়েছে কিনা সে সম্পর্কে আমার সন্দেহ আছে। কারণ Agriculture এর দিক দিয়ে আমরা যথেষ্ট Improve করতে পারি নি। Jute সম্বন্ধে Price support নেই Jute উৎপাদনে সারা ভারতের মধ্যে ত্রিপুরার স্থান হচ্ছে 3rd & 4th Jute Production হয় আসাম, বাংলা, বিহার, উড়িষ্যা এবং ত্রিপুরায়। কিন্তু আজকে ত্রিপুরায়

কোন Jute Mill নেই। কিন্তু আমি অন্দ্রে দেখেছি—যেখানে Jute Production খুব কম। U. Pতে ও Jute মিল করার লাইসেন্স পেয়েছে। সে জায়গায় আমাদের ত্রিপুরায় Jute Mill লাইসেন্স পায় নাই।

আমাদের এখানে দালালরা, মহাজনরা jute producer থেকে ১০।১২ টাকা দরে পাট ক্রয় করছে এবং বেল করে কলিকাতা পাঠাচ্ছে। সেখানে jute mill ব্যাগ ও অন্যান্য জিনিষ তৈরী করবে এবং এইভাবে তারা foreign money earn করছে। কিন্তু আমাদের ত্রিপুরায় সেইরকম jute mill নেই যদিও jute production এ ত্রিপুরার place হচ্ছে 3rd বা 4th। অতএব সেইদিক দিয়ে আমাদের দেখা উচিত যাতে আমরা এখানে jute mill করতে পারি। কারণ আমাদের revenue বাড়াতে হবে। Land revenue সম্পর্কে আমার discussion আছে। সেখানে আমি আমার বক্তব্য রাখব। যা হউক আমি family planning সম্পর্কে আমার কয়েকটা বক্তব্য রাখব। এখানে সমস্যাটা এইভাবে রাখা হয়েছে যে famiiy planning যদি না হয় তবে যেভাবে জনসংখ্যা বাড়ছে তাতে খাদ্য সমস্যা বেড়েই যাবে।

ঠিক সেই দৃষ্টিভঙ্গীতে সমস্যাটাকে দেখা আমি যুক্তিযুক্ত মনে করি না। আমার বক্তব্য হচ্ছে যে family planning দরকার কিন্তু সেই সঙ্গে agricultural production বাড়াতেই হবে। Agricultural production যদি ত্রিপুরাতে আমরা বাড়াতে পারি এবং তিনটা production যদি নিতে পারি এবং irrigation ব্যবস্থা ও বাঁধ যদি আমরা ঠিকমত দিতে পারি তবে যে production হবে তাতে ত্রিপুরাতে কোন খাদ্য সমস্যাই থাকবে না। কাজেই family planning একটা বড় সমস্যা হয়ে থাকবে না। এখানে মাননীয় সদস্য অঘোরবাবু বলেছেন যে sterilisation শুধু tribal এর বেলাতেই চলছে। কিন্তু ঘটনাটা ঠিক তা নয়। sterilisation করা হচ্ছে tribal, non-tribal সকলের ক্ষেত্রেই। কিন্তু সেখানে একটা evaluation করা উচিত। কারণ এটা সত্যি কথা যে যতটা operation ডাক্তার করবে ততটা credit তার বাড়বে। কিন্তু তার সাথে সাথে দেখতে হবে যে লোক ৫০৭ টাকা পাওয়ার জন্য operation করবে তার কয়টি ছেলেমেয়ে আছে অথবা সে বিবাহিত কিনা? কারণ অভাবে পড়ে অর্থের জন্যও অনেকে operation করতে আসে। সেই দিক দিয়ে এখন একটা evaluation করার দরকার আছে। নতুবা এই সমস্ত লোক ডাক্তারের victim হতে পারে। কাজেই tribal বা non-tribal সবার ক্ষেত্রেই এই বক্তব্য রাখা যেতে পারে। Family planning সম্বন্ধে আমার একটা নৈরাশ্যবাদী দৃষ্টিভঙ্গী আছে। কারণ famliy planning এর জন্য সারা ভারতে ৪০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এই ৪০০ কোটী টাকা যদি food production এর জন্য খরচ করা হত তবে খাদ্য সমস্যা অনেকাংশে মিটে যেতো। কাজেই family planning সম্বন্ধে উনার যে দৃষ্টিভঙ্গী সেই ব্যাপারে আমি একমত নই। দ্বিতীয়তঃ উনার বক্তব্যের মধ্যে আমি যে জিনিষটা পেয়েছি সেটা হল সরকার বলেছেন tribalদের population বেড়েছে, সেটা ঠিক নয়। তবে ত্রিপুরার Population বেড়েছে ঠিকই। তার কারণ হল influx of refugees, Birth control না করাই population বৃদ্ধির একমাত্র কারণ নয়। Influx এর দরুণ যে পরিমাণ লোকসংখ্যা বৃদ্ধি পেয়েছে birth control এর দরুণ লোকসংখ্যা সেই পরিমানে কমে নাই। Tribal দের প্রতি সরকারের কোন বৈমাতৃক দৃষ্টিভঙ্গী

নেই। Tribal দের জন্য সরকার যা খরচ করছেন তা এই report এর মধ্যেও পাওয়া যায়। কাজেই উনার সেই Secterian out look কে কোনমতেই সমর্থন করা যায় না। কিন্তু আমাদের সাবধান হতে হবে। সাবধান হতে হবে সেই দিক থেকে seperatism, communalism, regionalism, & conventionalism. আজকে অঘোরবাবুকে সেই কথাটা আমি স্মরণ করিয়ে দিতেছি যে উনার বক্তৃতার মধ্যে seperatism আছে। regionalism জিনিষটা আছে। Tribal এবং non-tribal যারা আছেন তারা সবাই ত্রিপুরার মাটিতে বাস করতে হবে এক হয়ে। আমরা সবাই আমাদের ত্রিপুরার অর্থ নীতিকে এবং সমাজ নীতিকে গড়ে তুলতে হবে, এই যে দৃষ্টিভঙ্গি উনার মধ্যে এটার অভাব দেখতে পাই। seperatism এবং regionalism সম্পর্কে উনার বক্তৃতায় উল্লেখ প্রায় সময়ই আমি দেখতে পাই। Regionalism এর যে কি অভিশাপ সেটা আজ আমরা তেলেঙ্গানাতে দেখতে পাই। আমাদের তাই সাবধান হতে হবে সমাজের মধ্যে এ সব Ism যাতে কেউ না করে। আমরা জানি এটা রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করবার একটা কৌশল এবং হাতিয়ার। কাজেই সেটাকে আমাদের পরিত্যাগ করতে হবে। এই সব seperatism, regionalism কে পরিত্যাগ আমাদের করতে হবে এবং উনাদের কথায় কেউ এ পথে যেন না যায় সেই দিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। যারা backward class যারা scheduled caste এবং scheduled tribes লেখাপড়া, শিক্ষা দীক্ষায় যারা পিছনে পড়ে আছে সমস্ত রকম সুযোগ সুবিধা দিয়ে, financial aid দিয়ে তাদের উন্নততর পথে আনতে হবে এই দৃষ্টীভঙ্গি আমাদের রাখতে হবে। এবং এই সময় "ইজম" কে পরিহার করে গণতন্ত্রকে আমাদের রক্ষা করতে হবে। সেই দিক দিয়ে National Integrity র যে Council from করেছেন যার উদ্দেশ্য হচ্ছে এটা থেকে দেশকে মুক্ত করা এবং দেশের ঐক্যকে ফিরিয়ে আনা। সেটাকে বাস্তবে কার্য্যকরী করতে হবে এবং বিজ্ঞান সম্মত দৃষ্টিভঙ্গি নিয়ে সেটা করতে হবে। সেটা একটা immotional দৃষ্টীভঙ্গি বা sentimental দৃষ্টিভঙ্গি হলে চলবে না। বিজ্ঞান সম্মত দৃষ্টীভঙ্গি নিয়ে সমাজের প্রত্যেকটা স্তরের, প্রত্যেকটি শ্রেণীর, প্রত্যেকটি জাতি উপজাতি, তার অর্থনীতি সমাজনীতি ইত্যাদি প্রত্যেকটি জিনিষ বিচার করে বিজ্ঞান সম্মত দৃষ্টিভঙ্গি নিয়ে করা দরকার। তা হলে এই যে "ইজম" দ্বারা দেশটা ধ্বংসের পথে যাচ্ছে তার থেকে রক্ষা পাবে। এই বলে মাননীয় Administrator এর যে ভাষন যা এই report এ উল্লিখিত হয়েছে তাকে সমর্থন এবং যে policy বেরিয়ে এসেছে, সেই ভাষণকে সমর্থন করছি। পরিশেষে আমাদের অধিকতর ক্ষমতার যে দাবী বা state এর যে দাবী সেটা উনার এই ভাষণে নেই বলে আমি আমার বক্তব্য টুকু রেখেছি। এই দাবীটা সমগ্র ত্রিপুরার জনসাধারণের দাবী, তাদের আশা আকাঙ্খা। যা হউক এটাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker—Now I call on Hon'ble Member Shri Bidya Ch. Deb Barma.

Shri Bidya Ch. Deb Barma :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এডমিনিষ্টেটার মহোদয় গত কল্য যে ভাষণ দিয়েছেন তাতে আমি তাড়াতাড়ি করে বেশী মোশন আনতে পারি নাই। মাত্র তিনটি মোশন এনেছি। এডমিনিষ্ট্রেটর মহাশয়ের ভাষনে ত্রিপুরার কতকগুলি সমস্যা সমাধানের বিষয়ে কোন রকম উল্লেখ আমি খুঁজে পাচ্ছি না। এখানের সমস্যা সমাধানের কথার উল্লেখ থাকা উচিত বলে আমি মনে করি। ত্রিপুরাতে সব সময়ই একটা সংকট লেগে আছে। এদিকে তিনিও স্বীকার করেছেন যে এখানে উদ্বাস্তু আগমন দিনের পর দিন বেড়ে চলেছে। এখানে ঘাটতি ছিল ৪১ হাজার টন আর মাননীয় মুখ্যমন্ত্রী এবার বলছেন তা হয়েছে ११ হাজার টন। কাজেই এই যে ঘাটতি তা কোথা থেকে যে পুরণ হবে তার কোন উল্লেখ এই ভাষণে আমরা পাচ্ছি না। এখানে বেকার ও ভূমিহীনদের যে সমস্যা রয়েছে, সেইসব সমস্যা সমাধানের কোন ইঙ্গিতও আমরা এই ভাষণে পাচ্ছি না। এখানে ১৮ হাজারের মত বেকার ও ভূমিহীন, সমষ্টিগতভাবে হবে প্রায় ৫ লক্ষ। কৃষির দিকে ঋণ দিবার জন্য বলা হয়ে থাকে। কিন্তু নিত্য প্রয়োজনীয় জিনিষের মুল্য যেভাবে বেড়েছে তাতে ঐসব কিনে খাবার মত ক্ষমতা বেশীর ভাগ লোকেরই নাই। এমন কি সস্তা দরে যে রেশন বা সাবসিডি দিবে তারও কোন উল্লেখ এখানে পাই না। এডমিনিষ্ট্রেটর সাহেব তাঁর সরকার এসব সমস্যা মিটাবার জন্য কেন্দ্রকে চাপ দিয়ে এইসব দাবী আদায় করবার কোন রকম কথাও এতে নাই। অতএব সেই সব আজ দরকার। এখানে বকেয়া খাজনা মকুব করার জন্য কেন্দ্রকে চাপ দিয়ে খাজনা মকুব করার কোন প্রচেষ্টা এখানে নাই, বরং কৃষকদের গরু বাছুর ক্রোক করে খাজনা আদায়ের ব্যবস্থা করা হয়। জেল থেকে ছাড়া পাবার পর আমি খোয়াইর এস, ডি ওর সঙ্গে দেখা করি এবং লেভীর ধান আদায় কেমন হচ্ছে আলোচনা করি। আলোচনা করতে গিয়ে উনি বললেন যে শশী সরকার জমিদার এবং রামকুমার তালুকদারের লেভির ধান এখনো পাওয়া যায়নি। রামকুমার তালুকদার গত বৎসরও ধান দেননি, এবারও দেন নি। কাজেই দ্রোণের উপর যাদের জমি আছে তাদের থেকে ত্রিপুরাতে লেভীর ধান কত আদায় হয়েছে সে বিষয়ে আমার সন্দেহ আছে। পঞ্চায়েতের মারফতে যদি লেভীর ধান আদায় করা না হয় তাহলে সমস্যা আরো কঠিন হয়ে দাঁড়াবে। আমি তেলিয়ামুড়ার খবর পেয়েছি যে গত ৯ তারিখে ৫০ মাইলে অনাহারে একজন নোয়াতিয়া মারা গিয়েছে এবং তার পূর্ব দিন ঐখানের একজন লোক এস, ডি, ওর নিকট এ ঘটনা জানায়। তবুও কোন প্রতিকার করা হয় নাই। এব্যাপারে এক খানা দরখাস্ত চিফ্ কমিশনারের নিকট দেওয়া হয়। আমি নিজে চিফ্ মিনিষ্টারের সহিত এই ব্যাপারে আলোচনা করতে চেয়েছিলাম কিন্তু চিফ্ মিনিষ্টারের সময় না হওয়ায় তা করতে পারি নি। এখানে বড় রকমের যেমন Industry নেই, কিন্তু চা বাগানের মত ছোট ছোট Industry যেগুলি আছে সেগুলিও নষ্ট হয়ে গেছে। চা বাগানের যে শ্রমিকরা আছে তাদের বেকার ভাতা দিবার কোন ব্যবস্থা নাই। পশ্চিমবঙ্গের যুক্তফ্রন্ট সরকার যেখানে যেখানে বন্যা হয়েছে সেখানে খাজানা মকুব করেছেন কিন্তু এখানে ত্রিপুরা সরকার সেটা করাতো দূরের কথা, বাড়ীঘড় ক্রোক করেও খাজানা আদায় করে। আমরা এখানে ২ বৎসর আগে বিধানসভায় একটা দরখাস্ত দিয়েছিলাম, তারও উত্তর আমরা আজ পর্য্যন্ত পাইনি। দিনের পর দিন মানুষ অনাহারে আছে। মানুষ বাঁচতে চায় কিন্তু সরকার বাঁচার মত কোন ব্যবস্থা করতে পারছে না। আমাদের এড্ মিনিষ্ট্রেটর বক্তৃতা দিবার আগে পশ্চিমবঙ্গের গভর্ণর যে বক্তৃতা দিয়েছেন তা যদি পড়ে আসতেন তাহলে সেখানকার যুক্তফ্রন্ট সরকার যেসব কার্য্যসূচী নিয়েছেন সেইসব দেখে উনার বক্তৃতায়ও কিছু পরিবর্ত্তন হত। উনার বক্তৃতা যদি জনসাধারণের নিকট তুলে ধরা যায় তাহলে তারা

হতাশই হবেন। মাননীয় এডমিনিষ্ট্রেটর মহাশয় উনার বক্তৃতায় একটা হুংকার ছেড়েছেন সরকারের কাজে যারা বাধা দেবে তাদের দেখে নিব। যাহারা ৫ টাকা দাদন দিয়ে দরিদ্র কৃষকদের জমিজমা হস্তান্তর করে নেয় তাদের বেলায়ই এই হুংকার দেখানো উচিত। এছাড়া ত্রিপুরা রাজ্যে অনেক চোরা কারবারী আছে, তাদের একজনকেও আজ পর্যন্ত শাস্তি দেওয়া হয় নাই। * * * *

Shri Promode Ranjan Das Gupta :—Point of order Sir, উনার বক্তৃতায় কোন ব্যক্তি বিশেষের নাম বলা— যিনি এই হাউসে অনুপস্থিত, সেটা Parliamentary নীতি বিরুদ্ধ।

Mr. Deputy Speaker :— যিনি এখানে absent উনার সম্বন্ধে আলোচনা হতে পারে না।

Sri P. R. Das Gupta :—এবং এটা expunged করা উচিত।

Mr. Deputy Speaker :— এটা expunged করা হবে।

শ্রী বিদ্যা চন্দ্র দেববর্ম্মা : যারা এইরকমভাবে চোরা কারবার করে তাদের বেলায় এই হুমকিটা দেওয়া উচিত ছিল। কিন্তু আজকে হুমকি দেওয়ার দিন চলে গেছে। পশ্চিম বাংলাতে চলছেনা এখানেও চলবে না।

এডমিনিষ্ট্রেটর সাহেব উপজাতিদের উপদেশ দিয়েছেন যে পাহাড়ী এলাকায় যেন বিশৃঙ্খলা সৃষ্টি না করা হয়। এটাকে আমরা ভালো মনে করি এবং স্বাগত জানাই। কিন্তু এই যে বিচ্ছিন্নতা, এই বিচ্ছিন্নতার দিকে কারা ঠেলছেন। ঠেলছেন এই সরকার এবং রুলিং পার্টির নেতারা। এটা আমরা পরিষ্কারভাবে জানতে পেরেছি। নির্ব্বাচনী মামলায় জুডিশিয়াল কমিশনারের রায়ে এটা পরিষ্কার করে বলে দিয়েছেন যে কংগ্রেসই বাঙ্গালী ও পাহাড়ীদের মধ্যে বিদ্বেষ ছড়াচ্ছে।

শ্রীএস, এল, সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়। মামলাটা এখন সুপ্রিম কোর্টে বিচারাধীন আছে, কাজেই এ সম্বন্ধে তিনি এখানে কিছু বলতে পারেন না।

Mr. Dy. Speaker :—এটা যেহেতু সাবজুডিশ আছে, এসম্বন্ধে এখানে আলোচনা চলতে পারে না।

শ্রীবিদ্যা চন্দ্র দেববর্মা :—মাননীয় উপাধ্যক্ষ মহোদয়। ২৯শে জানুয়ারী, স্টেটসম্যান পত্রিকায় দেখলাম A. I. C. Cর রিপোর্ট। সেই রিপোর্টে প্রকাশিত হয়েছে যে উপজাতি প্রধান এলাকাগুলিতে স্বায়ত্ব শাসিত এলাকা করার সুপারিশ করেছেন এবং সে সমস্ত এলাকাগুলিতে উন্নয়নমুলক কাজের দায়িত্ব দিতে হবে। এছাড়া এর পূর্ব্বে ধেবর কমিশনও তাদের রিপোর্টে এ সম্বন্ধে

শ্রীএস, এল, সিংহ :—Hon'ble Speaker Sir, I draw your attention, that the Hon'ble member should confine his discussion within the Administrator's address and the amendmends.

****Expunged as Ordered by the Chair.

শ্রীবিদ্যা চন্দ্র দেববর্ম্মা :—আবার বলুন তো, আপনার কথাটা ঠিক বুঝলাম না।

Mr. Dy. Speaker :—লিডার অফ দি হাউস বলছেন যে, এডমিনিষ্ট্রেটরের এড্রেসের মধ্যে যা আছে সে বিষয় বস্তুর সাথে সঙ্গতি রেখে আপনি আলোচনা করুণ। অথবা যে এমেণ্ডমেন্ট এসেছে সে প্রসঙ্গে বলুন। সামঞ্জস্য রেখে আলোচনা করুন।

শ্রী এস, এল, সিংহ :--মাননীয় অধ্যক্ষ মহোদয়। স্টেটসমেন পত্রিকায় A. I. C. Cর রিপোর্ট সম্বন্ধে স্বায়ত্ব শাসিত অঞ্চল করতে হবে বলে যা এখানে বলা হয়েছে that is contradictory to the Statesman publication. The Hon,ble member may be requested to produce it before the House and if he cannot produce it, then it should be expunged from the proceeding.

Mr. Dy. Speaker :—Hon'ble member, আপনি কোন পত্রিকার বিষয়বস্তু সম্বন্ধে বলতে গেলে সেই পত্রিকাটা আপনাকে এখানে হাউসে lay করতে হবে এবং পেপারের সাথে সঙ্গতি রেখে বক্তব্য রাখলে ভাল হয়।

শ্রীবিদ্যাচন্দ্র দেববর্ম্মা :—আর এ ছাড়া এডমিনিষ্ট্রেটরের বক্তৃতায় অনুন্নত জাতি যারা কম শিক্ষিত তাদের উন্নতি সম্বন্ধে বিশেষ কিছুই বক্তব্য নেই। এটা হতাশা ব্যাঞ্জক

সেংক্রাক সম্বন্ধে এখানে বলা হয়েছে। আমি জিজ্ঞাসা করি স্যাংক্রাক কারা? সেই স্যাংক্রাকদের মধ্যে কতজনকে আটক করা হয়েছে? তাদের উদ্দেশ্যটা কি? তারা অনেক যায়গায় ডাকাতি তো করেছেই এমন কি অগ্নি সংযোগও করেছে আবার সেই স্যাংক্রাক উপজাতিদের দিয়ে গঠিত। সেই স্যাংক্রাকদের দমন করার জন্য সরকার মনু কাঞ্চনপুরে পুলিশ ক্যাম্প বসান। সেখানে যারা বেকার আছেন তাদের পয়সা না দিয়ে ঐ ক্যাম্প তৈরী করা হয়েছে। তাই সেংক্রাক ও পুলিশের আক্রমনে সেখানে আসতে পারছেন না। অনেকে সেস্থান ছেড়ে চলে আসছে। সেখানে ডাকাতি হচ্ছে, ঘরবাড়ী জলছে, এই সব চলছে। উদাহরণ স্বরূপ কোথা হতে কত টাকা নিয়েছে তার একটা বিবরণ দিচ্ছি। স্যাংক্রাক কাঞ্চনপুরে রতন কুমার ত্রিপুরার বাড়ী হইতে ২৪৫০৲ টাকা, নিপুরায় রিয়াং এর R. C. Radio, মনচন্দ্র কাংশ মণি ত্রিপুরার নিকট মারপিট করে টাকা নিয়েছে। রামপ্রসাদ রিয়াং ৯০০৲ টাকা, গঙ্গারাম ত্রিপুরা ডাকাতির ভয়ে গ্রাম ছেড়ে চলে যায়, এবং ঐ গ্রামকে পুড়াইয়া দেওয়া হয়। রাধাচন্দ্র ত্রিপুরা, ঈশান চন্দ্র ত্রিপুরা, অশ্বিরায় ত্রিপুরার নিকট হইতে একটি করে রেডিও নিয়ে যায়। চাকমাবার ত্রিপুরা পাড়া হইতে ৭০/৮০ ঘর লোক পাড়া ছেড়ে চলে যায়।

ছামনুতে স্যাংক্রাকের কোন অত্যাচার হয়েছে কিনা আমার জানা নাই। ট্রাইবেলদের মধ্যে বিভেদ সৃষ্টি করার জন্যই এই স্যাংক্রাকদের উৎপত্তি। এতদিনের মধ্যে সরকারের তরফ হইতে ইহা দমনের কোন কিছু করা হল না এই দিকে সরকার নজর দেবেন বলে আমি মনে করি।

কল্যাণপুরে গতবার একটি হাসপাতালের উদ্বোধন করা হয়েছে কিন্তু সেখানে ডাক্তার নাই। Ward boy ও Ward Girl আছে এবং তারাও বেতন পায় না। রোগী গেলে

সেখানে রোগী নেওয়ার কোন ব্যবস্থা নাই। বাচাইবাড়ী ডিস্পেন্সারীর ও একই অবস্থা। সাংঘাতিক রোগী সেখানে গেলে ভর্ত্তি করা হত না, এখন বাধ্য হয়ে তাদের আগরতলা আনতে হয়।

শিক্ষা সম্বন্ধে আমি বলতে চাই যে শুধু সহরের স্কুলে মাষ্টারের সংখ্যা বেশী, কিন্তু গ্রামাঞ্চলে মাষ্টারের সংখ্যা কম। এড্মিনিষ্ট্রেটর মহোদয় শিক্ষা সম্বন্ধে বেশ করা হয়েছে বলে বলেছেন কিন্তু খুব কম গ্রামেই আমরা হায়ার সেকেণ্ডারী বা হাইস্কুল দেখতে পাই। অনেক স্থান হতে হাইস্কুল স্থাপনের জন্য দরখাস্ত দেওয়া হয়েছে কিন্তু কোন কাজ হয় নাই। কোন কোন জায়গায় ডাক্তার বা মাষ্টার দেওয়া হবে এ বিষয়ে ও এখানে কোন উল্লেখ নাই। Polytechnic College এ বহুদিন যাবৎ কোন Principal নাই। ফরেষ্ট বিভাগে অনেক জঙ্গল আছে, সেখানে জুম কাটার এলেকারূপে চিহ্নিত করতে হইবে, আইনে এমন বিধান আছে। এই পরিপ্রেক্ষিতে জুম করার ব্যাপারে যাদের নামে মামলা দায়ের করা হয়েছে, তাদের সম্বন্ধে কি করা হবে, এ সম্বন্ধে এই ভাষণে স্পষ্ট উল্লেখ থাকা প্রয়োজন বলে আমি মনে করি।

ট্রাইবেল কলোনীগুলি সমবায় পরিনত হয়েছে। ক্ষেত্রসাংগ কলোনীতে বাটা কারবারী রাজেন্দ্র সাহা, রবীন্দ্র তালুকদার এরা সবাই কাণি প্রতি ৫০৲ টাকা দেয়। যাদের জমি তাদের কোন দরদ নেই, দরদ না থাকায় তারা জমি চাষ করতে পারে না জমিগুলি তারা নিয়ে যায়। এই যে ব্যাপার ঘটছে, তার জন্য সরকারের পক্ষ থেকে কোন তত্বাবধান করা হচ্ছেনা। আরেকটা জিনিষ হল ধনী কৃষক যারা তাদেরই জমি বন্দোবস্ত দেওয়া হয়। আবার অন্যদিক দিয়ে যদি আমরা দেখতে যাই, বর্গাদারদের দস্তুরমত উচ্ছেদও করা হচ্ছে। গত বছর সেখানে বর্গাদারদের উচ্ছেদ করে থাঙ্গিয়া মগ, যঙ্গদি মগ, মোবা মগ, মেলাজু মগ, বীরেন্দ্র ভৌমিক, গৌরাঙ্গ দেবনাথ, যামিনী দাস তাদেরকে সেখান থেকে উচ্ছেদ করে এইভাবে তাদেরকে জমিজমা দেওয়া হয় এবং উচ্ছেদ যদি হয় তাহলে গরীব মানুষরা কিভাবে বাঁচতে পারে। কাজেই এইগুলি হল আমাদের জরুরী সমস্যা। এই সমস্যাগুলির অন্তত সমাধান করে আমরা কি করতে পারি চিন্তা করা দরকার। এইরকম বহু উদাহরণ সাবডিভিশন ওয়াইজ আমরা দিতে পারি কাজেই সেদিক দিয়ে গতকল্য আমি যে সমস্ত Amendment এনেছিলাম সেগুলি আমি আমাদের এই House এর সামনে উপস্থিত করলাম। এই পর্য্যন্ত বলেই আমি আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker—Shri Suresh Ch. Choudhury.

Sri Suresh Ch. Choudhury, M. L. A. :—মাননীয় অধ্যক্ষ মহোদয় এই বাজেট অধিবেশনে ত্রিপুরার মুখ্য প্রশাসক যে ভাষণ দিয়েছেন, আমি এই ভাষণের প্রতি পূর্ণ সমর্থন জানাই। তিনি তার ভাষণে ত্রিপুরার বিভিন্ন সমস্যার কথা উল্লেখ করেছেন। বিশেষ করে বেকার সমস্যা রাস্তা ও পরিবহণ সমস্যা, খাদ্য সমস্যা, শাসন শৃঙ্খলা রাখার ব্যবস্থা। বহিরাগত সমস্যা সম্পর্কে বিশেষভাবে উল্লেখ করা হয়েছে। মাননীয় সদস্য শ্রীঅঘোর বাবু কতগুলি বিষয়ের উল্লেখ করে সংশোধনী প্রস্তাব এনেছেন। আমি বলব উনি সংশোধনী প্রস্তাব আনার পূর্ব্বে মাননীয় মুখ্য প্রশাসক যে বক্তব্য পেশ করেছেন তা পুঙ্খানুপুঙ্খভাবে উনি দেখেন নেই।

না দেখেই উনি তার বক্তব্য রেখেছেন। যদি উনি পুঙ্খানুপুঙ্খভাবে দেখতেন তাহলে এ ভাবে বক্তব্য পেশ করতেন না। কারণ তিনি যে সমস্ত বিষয়ে বক্তব্য পেশ করেছেন তার প্রায় সবটাই বক্তব্যের ভিতরে রয়েছে। সব কিছুর সুষ্ঠু সমাধানের পরিকল্পনা না থাকতে পারে ত্রিপুরার পরিপ্রেক্ষিতে—ত্রিপুরার যে বাজেটের সঙ্গতি সেই সঙ্গতির সঙ্গে যতটুকু করা সম্ভব ঠিক সেই ভাবে বিষয়গুলির উল্লেখ করা হয়েছে। বিশেষ করে খাদ্য সমস্যা সমাধানের জন্য জলের ক্ষুদ্র সেচ ব্যবস্থা, উন্নত ধরণের কৃষি প্রথা প্রবর্ত্তন, ভাল গম চাষের ব্যবস্থার কথা উল্লেখ করা হয়েছে। আবার এখানে বেকার সমস্যার সমাধানের কথা, দিন দিন যে ভাবে বেকার সমস্যা বাড়ছে সত্যি তা ভয়াবহের ব্যাপার। যেভাবে পাকিস্তান থেকে নুতন লোকের আগমন হচ্ছে, শিক্ষিতের সংখ্যা বাড়ছে, ইহার সুষ্ঠু সমাধান বেকার সমস্যা, খাদ্য সমস্যার উপর সম্পূর্ণ নির্ভর করছে। বেকার সমস্যা ও খাদ্য সমস্যার সমাধান করতে হলে প্রথমত ভাবতে হবে যে এই বহিরাগতদের সম্বন্ধে আমাদের কি করণীয় বা কি কর্ত্তব্য। যদি বহিরাগতরা এভাবে প্রতিনিয়ত আসতে থাকে তাহলে কোন রকমেই ত্রিপুরার সমস্যা সমাধান সম্ভব নয়। তবু আজকে ত্রিপুরার খাদ্য উৎপাদন ও বেকার সমস্যা সম্পর্কে ক্ষুদ্র ও মাঝারী ধরণের শিল্প, পরিবহন ব্যবস্থা প্রভৃতির ভিতর দিয়ে বেকার সমস্যা সমাধানের পথ রয়ে গেছে। মাননীয় বিরোধী সদস্য এখানে বলেছেন আদিবাসীদের সম্বন্ধে কিছুই বলা হয় নাই। আদিবাসীদের সংখ্যা দিন দিন যাতে ক্ষয় প্রাপ্ত হয়, আদিবাসীদের সংখ্যা যাতে বৃদ্ধি না হয় সেজন্য তাদের উপর পরিবার পরিকল্পনা চাপিয়ে দেওয়া হয়। জোর করে তাদেরকে পরিবার পরিকল্পনার আওতার মধ্যে আনা হচ্ছে। আবার বলেছেন গরীব আদিবাসীদের সরকার যে ভাবে লোভ দেখিয়েছেন সেই অর্থের লোভে গরীব আদিবাসীরা পরিকল্পনায় আওতায় আসছেন। আমি এই কথায় সম্পূর্ণ প্রতিবাদ করি। জোর করে কাহারো ঘাড়ে কিছু চাপিয়ে দেওয়ার ব্যবস্থা নেই। সেই প্রচেষ্টা ও হচ্ছে না। পরিবার পরিকল্পনা যার যার প্রয়োজনেই তারা নিচ্ছে। আজকে যারা শিক্ষিত মানুষ, যাদের সাধারণ সামাজিক ও অর্থনৈতিক জ্ঞান আছে তারা ভাবছে কিভাবে পরিবার সীমিত এবং সুষ্ঠু ভাবে পরিচালনা করা যায়। বা খেয়ে পরে বাঁচা যায়। সেটাই তাদের লক্ষ। এই বিষয় নিয়ে যার যার প্রয়োজনেই তারা পরিবার পরিকল্পনা গ্রহণ করছেন। কেউ কারো উপর চাপিয়ে দিচ্ছে না। আর একদিকে বলা হয়েছে শাসন বিষয়ের ব্যাপারে। এই ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা, border force-এর জন্য যথেষ্ট ব্যবস্থা রয়েছে। আভ্যন্তরীন স্যাংক্রাক ও সমাজ বিরোধী কার্য্যকলাপের জন্যও আমাদের ব্যবস্থা রয়ে গেছে। সেটার প্রয়োজনীয় ব্যবস্থার জন্য উপযুক্ত সংখ্যক হোমগার্ড রাখা হয়েছে এবং পুলিস ডিপার্টমেন্টেরও কলেবর বৃদ্ধি করে যতটুকু প্রয়োজন সেইভাবে রাখা হয়েছে। ত্রিপুরার অর্থনৈতিক অবস্থার দিকে তাল রেখেই সব কিছু করা হয়েছে। অতএব আমি বলব মাননীয় মুখ্য প্রশাসক যে বিষয়গুলি তাঁর ভাষণের মধ্যে উত্থাপন করেছেন সেটা যথেষ্ট। কাজেই মাননীয় সুনীলবাবু যে ধন্যবাদ প্রস্তাব উত্থাপন করেন সেটাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker—Sri Jatindra Kr. Majumder, Hon'ble Member is allowed only ten minutes time for his speech.

Sri Jatindra Kr. Majumder—মাননীয় অধ্যক্ষ মহোদয়, গতকল্য মাননীয় মুখ্য প্রশাসক ভাষণ দিয়েছেন এবং মাননীয় সদস্য সুনীল দত্ত মহাশয় তার উপর যে একটা ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এনেছেন আমি সেটার সমর্থন জানাই। বিরোধী দলের যে সব সদস্যরা যেসব amendment প্রস্তাব এনেছেন আমি সেগুলির বিরোধীতা করছি। বিরোধীতা করতে গিয়ে তাদের সংশোধনী প্রস্তাব সম্পর্কে আমি কয়েকটি কথা বলছি। আমার সময়ও অত্যন্ত কম। সেই সম্পর্কে আজকে বিধান সভায় পূর্ব্ববর্ত্তী বক্তরা যথেষ্ট বলেছেন। সংশোধনী আনতে গিয়ে আমাদের অঘোর বাবু বলেছেন যে অনেক বিষয়ের নাকি উল্লেখ করা হয় নাই। কিন্তু প্রকৃতপক্ষে ভাষণটি পড়ে দেখলে পরিষ্কারভাবে দেখা যায় সকল বিষয়ের উপর অল্প বিস্তর বক্তব্য তিনি রেখেছেন। তার ভাষনের মধ্যেই আছে যে সংক্ষিপ্ত আকারে তার ভাষণ। কাজেই ত্রিপুরার সমস্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে তিনি সংক্ষিপ্ত আকারে ভাষণ দিয়েছেন। বিস্তৃত আকারে ভাষণ দিতে গেলে এই যে ভাষণের পুস্তিকাটি সেটি অনেক বড় হত। সেটা আপনারা সকলে চিন্তা করে দেখবেন। বিস্তৃতভাবে বলতে গেলে সেটার শেষ নেই। কাজেই এটাকে সমালোচনা করতে গিয়ে মনে হয় নিজের মনের কথা রাখার জন্য বিরোধী দলের সদস্যরা এই সংশোধনী প্রস্তাব বিশেষ করে এনেছেন। বিভিন্ন ভাবে উনারা এটার সমালোচনা করেছেন। কয়েকটি জায়গায় দেখা যায় আক্রমণাত্মক মনোভাব। সেটা সংশোধনী নয়। কিন্তু প্রকৃতপক্ষে তারা যদি সংশোধনী প্রস্তাব সকল বিষয় চিন্তা করে আনতেন, এনে যদি সভার দৃষ্টি আকর্ষণ করতেন সেটা হয়ত গ্রহণযোগ্যও হতে পারত। খাদ্যনীতি ইত্যাদি বহু কিছু উনার amendment এর মধ্যে আছে। আমি আজ মাননীয় মুখ্য প্রশাসকের ভাষণের উপর ধন্যবাদ জানাতে গিয়ে একটি কথা উল্লেখ করতে চাই যে বিরোধী দলের সংশোধনীর বিরোধীতা করতে গিয়ে আমাদের প্রমোদবাবু যে কথাটা বললেন সেটা গুরুত্বপূর্ণ কথা। এই রকম গুরুত্বপূর্ণ কথা তাদের মুখে শুনতে পাইনি যদিও এগুলি অত্যন্ত প্রয়োজনীয়। খাদ্য সংগ্রহ নীতি সম্পর্কেও অঘোরবাবু বিশেষ কোন কিছু বলতে পারেননি। এবং amend এর মধ্যেও এই খাদ্য সংগ্রহ নীতি যে ব্যর্থ হয়েছে এই সম্পর্কেও উনার কিছু বক্তব্য নেই। আছে অন্যান্য কতগুলি কথা যেগুলি অনান্য সংক্ষিপ্ত আকারে রয়েছে। তাদের সংশোধনী প্রস্তাব রাখার উদ্দেশ্য হল তা এনে বিধান সভাতে হৈ চৈ করা কিছুটা আক্রমাত্বক মনোভাব দেখানো আর Ruling party কে গালাগাল দেওয়া। স্যাংক্রক সম্পর্কে অঘোর বাবু বলছেন যে সেটাকে দমন করার জন্য সরকারের কোন প্রচেষ্টা নাই। যেখান থেকে দলে দলে মানুষ বিশেষ করে আদিবাসীরা অন্যত্র চলে যাচ্ছে। কথাটি সত্য। তবে শুধু আদিবাসীরা নয়, বাঙ্গালীরা ও আজকে স্যাংক্রাকের ভয়ে আতঙ্কিত, ভয়গ্রস্ত হয়ে অন্যত্র যাওয়ার জন্য ছট ফট করছে এটা ঠিক। স্যাংক্রাক কারা সৃষ্টি করল। তাদের দমনের জন্য কি রকম চেষ্টা নেওয়া উচিত সেটা পরিষ্কার ভাবে অঘোর বাবু বুক ফুলিয়ে বলতে পারছেন না। কেন বলতে পারছেনা তার কারণ হল তারা দুর্ব্বলতা এবং সঙ্কীর্ণ মন্যতার মধ্যে আছে। কারণ দেখাযায় যারা স্যাংক্রাকের

লোক ধরা পড়েছে সেগুলোর মধ্যে ৯৫·/. লোকই হল Communist Partyর। কিছুদিন আগে আমি জানতে পেরেছি, পত্র পত্রিকায়ও উঠেছে আমাদের Welfare board থেকে যারা গেছেন; আমাদের বিধান সভার সদস্য রবি রাংখল, ক্ষিতিশ দাস তাঁরা সেখানকার জনসাধারনের সাথে আলাপ আলোচনা করেছেন এবং দেখেছেন যে যারা ধরা পড়েছে তারা কমিউনিষ্ট পারটির লোক। তারা স্বীকারও করছেন যে তারা কমিউনিষ্ট পার্টির লোক। শুধু তাদের স্বীকার্য্য কথায় নয়। অন্য লোকের কাছ থেকে ও জানতে পারা গেছে যে তারা Marxist Communist। তাই আজকে বলব তারাই এটার সৃষ্টি কর্ত্তা। তারা আজ সেটাকে দমন করতে পারছেন কিনা সেটা তাদের ভাবা উচিত। মাননীয় স্পীকার, স্যার, তারা এটাকে সৃষ্টি করছেন, তারা সৃষ্টি করছেন শান্তিসেনা, সেই শান্তিসেনা আজ কি করছে? সেই শান্তি সেনাকে তারা এখন আর কাজ দিতে পারছেনা। কাজেই আজ সেই শান্তি সেনারা শুধু জনসাধারনকেই আক্রমন করছেনা আজকে তারা তাদের নিজেদের বাড়ীতেই ডাকাতি করছে। আজকে দেখা যায় Communist Partyর লোক যারা তারাও তাদের হাত থেকে রেহাই পাচ্ছেনা। সুতরাং আমাদের কংগ্রেসের লোকেরা তো রেহাই পাবেই না। সেই শান্তি সেনারা দিনের বেলায় ডাকাতি করছে, রাহাজানি করছে। ধরা পড়ছে এবং শাস্তি পাচ্ছে। পশ্চিম বঙ্গে তারা নক্সাল পন্থী সৃষ্টি করছে এবং তাদের বিভিন্ন ব্যাপারে উত্তেজিত করছে। এখন সেই নক্সাল পন্থীরা Communist Partyকেও রেহাই দিচ্ছেনা। এখন Communist Party এর লোকেরা বলছে যে নক্সালপন্থীরা আমাদের লোক নয়। সরকারী পরিকল্পনা বানচাল করার জন্য তারা সেংক্রাক সৃষ্টি করেছিল। আজকে শুধু আমাদেরকে নয় তাদেরকেও সেই সেংক্রাক পার্টি রেহাই দিচ্ছে না। এখন তারা চীৎকার করছে যে সেংক্রাক দল সব শেষ করল। আমরা কাঞ্চনপুরে গিয়ে জনসাধারণের সঙ্গে আলাপ করেছি এবং জানতে পেরেছি যে সেখানে সেংক্রাকের অত্যাচারে জনসাধারণের ধন সম্পত্তি রক্ষিত হচ্ছে না। আমি একজনের নাম উল্লেখ করতে পারি। তিনি হচ্ছেন রামদাস কারবারী। তিনি বারবার সেংক্রাকের নোটিশ পেয়ে ধনসম্পত্তি মান ইজ্জত ও প্রাণের ভয়ে আজকে রাস্তার ধারে একটি ছোট্ট বাসায় এসে উঠেছেন। তার বিরাট বাড়ী ফেলে রেখে এসেছেন! এইভাবে বাঙ্গালীরাও আজকে আক্রান্ত হচ্ছে। শুধু আদিবাসীরা নয়, সমস্ত স্তরের মানুষরা আজ স্যাংক্রাকের ভয়ে সন্ত্রস্ত। আজ তাই তারা স্যাংক্রাকের কথা উল্লেখ করে জাহির করছেন এই বিধান সভাতে যে তারা এই সম্বন্ধে কিছুই জানেন না। এভাবে তাদের বক্তব্য তারা এখানে রাখছেন। তাদেরকে তাই আমি বলব স্যাংক্রাক যদি তারাই সৃষ্টি না করে থাকেন আজকে আসুন আমরা সবাই মিলে স্যাংক্রাকের প্রতিরোধ করি এবং জনসাধারণের প্রাণ রক্ষা করি। কিন্তু সেই কথা নিরর্থক। তাদের মুখ থেকে সেই রকম উক্তি আমরা শুনতে পাই না। তারা শুধু বলে থাকেন স্যাংক্রাক সম্বন্ধে তারা কিছুই করেননি এবং কিছু জানেন না। আর একটি কথা উল্লেখ করেছেন খাজনা মকুবের জন্য। যারা গরীব বন্যা ক্লিষ্ট, যাদের জমিজমা কম প্রয়োজন বোধে ত্রিপুরা সরকারের কাছে আমিও বলি যে খাজনা থেকে তাদের রেহাই দেওয়া হউক। কিন্তু তাদের partyর তরফ থেকে এভাবে প্রচার করা হচ্ছে যে "তোমরা কেউ সরকারকে খাজনা দিওনা"। খাজনা দেওয়া

চলবেনা এই রকম আন্দোলন চলছে কৃষক সভার নাম দিয়ে। কৃষক সমিতির নাম দিয়ে সভা সমিতি হচ্ছে যে তোমরা সরকারকে খাজনা দিও না। কিন্তু যাদের খাজনা দিবার সামর্থ আছে তারা খাজনা দিতে চান। তার বহু প্রমাণ আছে। কিন্তু তাদের আন্দোলনের জন্য ঐ সমস্ত খাজনা দিবার জন্য সমর্থ লোক ও খাজনা না দিতে বাধ্য হচ্ছেন। তাই আমরা আজ বলব খাজনা মকুব করা এক কথা আর কেউ খাজনা দিও না এটা আর এক কথা। এই যে তাদের আন্দোলন এর পিছনে কি যুক্তি আছে? তাদের মধ্যে যারা বড় বড় জোতদার, celing এর উপর যাদের জমি আছে, জোতের জমি ছাড়াও খাসের দখলীকৃত জমি দ্রোণে দ্রোণে আছে, ৫।৬ বৎসর পর্য্যন্ত তাদেরও খাজনা বাকী আছে। আজকে তাদেরকেও সেই আন্দোলনে তারা উস্কানী দিচ্ছে এবং তাদের থেকে party চাঁদা আদায় করা হচ্ছে অনেক টাকা করে। আজকে আমরা দেখছি তাদের এই আন্দোলনের পিছনে এটাই প্রথম এবং প্রধান লক্ষ্য। সেই জিনিষটা আজ পরিষ্ফুটিত হয়ে উঠেছে। যারা গরীর ভিটে বাড়ী সহ ২ কাণি জমি এবং ১ কাণি চারা জমি আছে তারাও খাজনা দিতে চায়। কিন্তু তাদের যে আন্দোলন, সভা সমিতির বক্তৃতা, তা শুনে অনেকে মনে করে যে খাজনা না দিলেও চলবে এবং দিতে গেলে তারা বাধা দিবে, তাই তারা দিতে চায় না। গ্রামাঞ্চলে এ রকম অনেক লোক আছে যারা মনে করেন খাজনা না দিলে জমিতে ভাল ফসল হয় না তাই সরল মনে তারা সরকারকে খাজনা দিতে চায়, কিন্তু তাদের দ্বারা বাধাপ্রাপ্ত হয়ে আজ তারাও খাজনা দিতে পারছেনা। তাই আমার অনুরোধ আসুন আমরা একত্রে গিয়ে সভা সমিতি করে যারা সক্ষম লোক তাদেরকে খাজনা দিতে বলি এবং বলি যে এই খাজনা ত্রিপুরা সরকারের তহবিলে আসবে। সেই খাজনার টাকা দিয়ে আমরা ত্রিপুরার বিভিন্ন উন্নয়ণমূলক কাজ করব। আর একটি কথা মাননীয় সদস্য শ্রীবিদ্যা দেববর্ম্মা মহাশয় বলেছেন, তিনি চিন্তা করে সেই কথাটা বলেছেন কিনা আমি জানিনা। ত্রিপুরার একজন মুখ্য প্রশাসক, তিনি ভাষণ রেখেছেন বিধান সভায়। তিনি যে কথাটা উল্লেখ করেছেন সেটা যুক্তি যুক্ত নয় বলে আমি মনে করি। সেটা যথোপযুক্ত কিনা সেটা উনাকে আবার চিন্তা করতে বলব। তিনি নাকি দুই তিন দিন আগে পশ্চিমবঙ্গের গভর্ণর কিভাবে ভাষন দিয়েছেন সেটা দেখে আসতেন। তিনি ত্রিপুরা রাজ্যের মুখ্য প্রশাসক, ত্রিপুরা একটি Union Territory, আর পশ্চিমবঙ্গ হল একটা state, আর একজন governor কি করেছেন সেটা দেখে এসে তার পর ভাষণ দিবেন এই রকম যুক্তিদাতা তিনি। আমার মনে হয় এই সম্বন্ধে উনার মোটেই অভিজ্ঞতা নাই। জনসাধারণের একজন প্রতিনিধি হয়ে উনার মুখ থেকে ঐ রকম উক্তি আমরা আশা করতে পারি না। মুখ্য প্রশাসক সম্পর্কে এ রকম একটি বক্তব্য তিনি রেখেছেন। মাননীয় স্পীকার স্যার, মাত্র ১০ মিনিট সময় আমার, এর মধ্যে সব বক্তব্য শেষ করতে হবে। এই কথাগুলি বলে আমাদের চিফ হুইপ যে ধন্যবাদ সূচক প্রস্তাবটি এনেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker—Sri Ghanasyan Dewan.

শ্রীঘনশ্যাম দেওয়ান—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় Administrator যে ভাষণ দিয়েছেন তারপর মাননীয় Chief Whip যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এনেছেন.

সেই প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বিরোধী দলের সদস্য শ্রীঅঘোর দেব বর্ম্মার ৮ পয়েন্ট এবং বিদ্যা দেববর্ম্মা ৩টী সংশোধনী প্রস্তাব এনেছেন সেই সম্পর্কে সর্ব্বপ্রথমে আমি বলতে চাই যে ত্রিপুরা রাজ্য ক্ষুদ্র রাজ্য বটে কিন্তু তার সমস্যাগুলো পর্ব্বত প্রমাণ। ভারতবর্ষের মধ্যে ত্রিপুরা রাজ্যের মত আর এরকম সমস্যাসঙ্কুল রাজ্য আছে কিনা সন্দেহ। তার কারণ হিসাবে একটা কথাই আমি এখানে বলতে পারি যে Family Planning Programme-এ জন্ম নিয়ন্ত্রণের যে প্রচেষ্টা চলছে তার আওতায় ত্রিপুরা রাজ্যের সকলকে নেওয়া হলেও যেহেতু গত পাঁচ বৎসরে অন্ততঃ পক্ষে ২০,০০০ হাজারের উর্দ্ধে উদ্বাস্তু আসছে সেই কারনে Family Planning করেও ত্রিপুরার লোক সংখ্যা কমানো সম্ভব হচ্ছে না। ত্রিপুরা রাজ্যের এই সমস্ত সমস্যা সমুহের সমাধানের প্রশ্ন সামনে রেখেই ত্রিপুরার মুখ্য প্রশাসক তার ভাষণ আমাদের সামনে রেখেছেন। বিশেষভাবে তিনি ১৭ পেরাগ্রাফের মধ্যে ত্রিপুরার উপজাতি কল্যাণ সম্বন্ধে উল্লেখ করেছেন। বাস্তবিকই ত্রিপুরা রাজ্যের লোক সংখ্যার এক তৃতীয়াংশ হল উপজাতি। তাদের মধ্যে আবার এক তৃতীয়াংশ একমাত্র জুম করে জীবিকা নির্ব্বাহ করছে। সুতরাং তাদের বেলায় আমাদের সরকার priority দিবেন, চিন্তা করবেন, তাদিগকে স্থায়ীভাবে বসবাস করাবার জন্য ব্যবস্থা করবেন এটা স্বাভাবিক। 19 Paragraph এর মধ্যে ৪০৬টি জুমিয়া পরিবারকে পুনর্ব্বাসন দেওয়া হয়েছে। ৯টী Training-Cum-Production Centre আছে, Dev. Block আছে, আগামী বৎসরের মধ্যে তিনটি Colony করার Plan আছে দেখা যায়। তাদের মধ্যে free distribution of potatoes, pine-apple, orange seedling ইত্যাদি বিতরণ করা হবে যাতে জুমিয়ারা খেটে জীবন ধারণ করতে পারে। তারা এক পাহাড় থেকে অন্য পাহাড়ে যায়। তারা এই পাহাড়ের মধ্যে, এই জুমের মধ্যেই যাতে ফলের বাগান করে স্থায়ীভাবে বসবাস করতে পারে তার প্রচেষ্টা এখানে আছে দেখে আমি অত্যন্ত আনন্দিত। এবং সেই Tribal arreaর মধ্যে রাস্তারও যোগাযোগ আছে। অমরপুরে যে ডম্বুর বাঁধ হবে সেই বাঁধের ফলে দেখা যায় প্রায় ৪০০ পরিবার Landless হবে। তাদেরে আবার বিকল্প জমি দিয়ে পুনর্ব্বাসনের যে ব্যবস্থা করা হবে তারজন্য এখানে pilot project-এ একটা scheme আছে। সুতরাং Administrator-এর speech-এর মধ্যে উপজাতি কল্যাণ সুন্দরভাবেই পরিস্ফুট হয়েছে। এর মধ্যে আমাদের বিরোধী সদস্যগণ যত কিছু কথা বলেছেন তার মধ্যে এটাই দেখা যায় যে. যে কোন প্রকারেই ঘুরিয়ে ফিরিয়ে তারা এই ত্রিপুরা রাজ্যের মধ্যে সাম্প্রদায়িকতার মনোভাব এবং বিদ্বেষমূলক মনোভাব দ্বারা জনসাধারণকে উত্তেজিত করতে চায় যাতে ত্রিপুরা রাজ্যের মধ্যে ইনটাগ্রিটী, আমাদের মধ্যে যে ইনটাগ্রেসান আছে সেটা যাতে ব্যহত হয়।

আমি বুঝতে পারিনা ভারতবর্ষে মাইনরীটিদের নিরাপত্তার অভাব কিসে দেখা দিল। অঘোর বাবু তো আগরতলাতেই থাকেন। ত্রিপুরাতে বৌদ্ধরা সংখ্যালঘু। প্রত্যেক বৎসর এই আগরতলা সহরেই, অন্যান্য স্থানের কথা নাই বা বললাম, বৌদ্ধজয়ন্তি উৎসবে হাজার হাজার লোক, যারা বৌদ্ধ নন, সমবেত হয়ে উৎসব পালন করেন। এতে এই বুঝা যায় যে ভারতবর্ষের সংবিধান অনুযায়ী যে সমাজতান্ত্রিক ধাঁচে আমরা সরকার গঠন করেছি, সেই সমাজতন্ত্রের লক্ষ্যে পৌঁছবার সংকল্পে আমরা অটুট আছি। তাই

আজকে ধর্মমত নির্বিশেষে সকল সংখ্যালঘু সম্প্রদায়ের লোকরাই সুখে আছেন এবং নির্ভয়ে তাদের ধর্মাচরণ করে যাচ্ছেন। এই অবস্থাটা বোধ হয় অঘোর বাবু দেখতে পাননি।

আর একটা কথা হচ্ছে, অঘোর বাবু এবং বিদ্যা বাবু বলেছেন যে সীমান্ত রক্ষা ঠিক ঠিক মত হচ্ছেনা। কারণ স্যাংক্রাকের অত্যাচারে উপজাতীয় লোকেরা জর্জ্জরিত। বিদ্যাবাবু প্রশ্ন করেছেন স্যাংক্রাক কারা? আমি বলব, কম্যুনিষ্ট পার্টি পঞ্চম সিডিউলের জন্য চিৎকার করছেন। যখন ত্রিপুরা রাজ্যের উপজাতীয়রা পঞ্চম সিডিউল প্রত্যাখ্যান করেছেন তখন এই পঞ্চম সিডিউলের দাবী নিয়েই এই স্যাংক্রাক দলের উৎপত্তি হয়। পঞ্চম সিডিউলই স্যাংক্রাক পার্টিকে জন্ম দিয়েছে এবং সেই পঞ্চম সিডিউলের দাবীদার হলো কমুনিষ্ট পার্টি।

(Noise)

জেনে শুনে যদি আপনারা ভান করেন তা হলে এটা মিথ্যা হয়ে পড়ে.........বিদ্যা বাবু অনেক কথাই বলেছেন। উপজাতীয়রা স্যাংক্রাক দলের দ্বারা অত্যাচারিত ও লাঞ্ছিত হচ্ছে, সেই জন্যই আজ B. S. F. দ্বারা আমাদের সীমান্ত সুরক্ষিত। আমি জানি ছামনু অঞ্চলের আদীবাসী যারা পুলিসের সাথে সহযোগীতা করছেন স্যাংক্রাককে অবরোধ করার জন্য, ত্রিপুরা সরকার তাদের অর্থ ও খাদ্য দিয়ে সাহায্য করছেন। স্বতঃস্ফূর্ত হয়ে ছামনু অঞ্চলের জনসাধারন পুলিশ ও সেনা বাহিনীকে সাহায্য করার ফলেই আজ ঐ অঞ্চলে স্যাংক্রাকের উৎপাত বন্ধ হয়েছে। সুতরাং সময় আর বেশী নেই......

Mr. Speaker :—Yes, yes, you may continue.

শ্রীঘনশ্যাম দেওয়ান :—সুতরাং আজকে এডমিনিষ্ট্রেটরের এড্রেসের মধ্যে ত্রিপুরার উপজাতি ও অনুন্নত জাতিদের শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগ ব্যবস্থার অন্যান্য প্রকারের উন্নতিই নয়, অ-উপজাতি যারা আছেন তাদের উন্নতি ও সরকার কি ভাবে করতে চান তারও উল্লেখ রয়েছে।

ওনারা বেকার সমস্যা সম্বন্ধে বলেছেন। সত্যই আগরতলা সহরে বেকার সমস্যা দেখা দিয়েছে। কিন্তু শুধু শিক্ষিত লোকেরাই বেকার নন। গ্রামাঞ্চলেও পাহাড়াঞ্চলে যারা কৃষক, জুমিয়া ও শ্রমিক আছেন তাদের মধ্যেও আজকে বেকার সমস্যা দেখা দিয়েছে। যারা ভূমিহীন তাদের পুনর্বাসন দেওয়ার ব্যবস্থার কথাও এই এড্রেসে আমরা দেখতে পাই।

তাই আমি মাননীয় এডমিনিষ্ট্রেটরের এড্রেসের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবটি এসেছে সেটা সমর্থন করি এবং যে এমেণ্ডমেন্ট তার বিরোধীতা করি।

Mr. Speaker :—Shri Naresh Roy.

শ্রীনরেশ রায় :—মাননীয় স্পীকার, স্যার ত্রিপুরার মুখ্য প্রশাসকের ভাষণের উপর যে ধন্যবাদ সূচক প্রস্তাবটা সুনীল বাবু এনেছেন, আমি তা সমর্থন করি। অপরদিকে অঘোর বাবু চিরাচরিত প্রথানুযায়ী যে সংশোধনী প্রস্তাব এনেছেন সেগুলি অহেতুক এবং বিভেদকারী বলে আমি প্রত্যাখ্যান করি। তার কারণ স্বরূপ প্রশাসকের মূল ভাষণ থেকে কয়েকটি অংশের উল্লেখ করে, অঘোর বাবুর সংশোধনী প্রস্তাব আলোচনা করতে পারি ও বানচাল করতে পারি। মুখ্য প্রশাসক তার ভাষণে জনসাধারণকে যথেষ্ট সুযোগ সুবিধা দেওয়ার কথা উল্লেখ করেছেন বলে আমি মনে করি।

মাননীয় অঘোর বাবু বলেছেন, "Failure of specific mention of the ways and means and solution of the unemployment problem in Tripura." মাননীয় স্পীকার স্যার, মুখ্য প্রশাসকের ভাষণে আছে "বিগত বৎসরগুলিতে ত্রিপুরায় শিক্ষা ক্ষেত্রে ব্যাপক ও উল্লেখযোগ্য অগ্রগতি হওয়ার ফলে বহু শিক্ষিত তরুণ তরুণী বেকার আছে এবং তাহারা চাকুরীর সন্ধান করিতেছে। ১৯৬৮ সালের শেষে এই রাজ্যের কর্ম্ম সংস্থান কেন্দ্রে ১৮৫০০ জন বেকারের নাম রেজিষ্ট্রীভুক্ত ছিল। একটি কর্ম সংস্থান কেন্দ্র বিশিষ্ট অন্য কোন ইউনিয়ন টেরিটরীতে কর্মসংস্থান কেন্দ্রে এত অধিক সংখ্যক কর্ম প্রার্থীর নাম তালিকাভুক্ত নাই। এই সমস্যাই ত্রিপুরায় অধুনা দেখা দিয়াছে। ইহার কার্য্যকরী সমাধান প্রয়োজন। সরকারী দপ্তর সমূহে নিয়োগের আর বিশেষ সুযোগ ত্রিপুরায় নাই। তাই কৃষি শিল্পের উন্নতি করিয়া এই রাজ্যে কর্ম সংস্থানের বিশেষ সুযোগ করিতে হইবে। যুগের তরুণ তরুণীদের দাবী ও আদর্শের দিকে লক্ষ্য রাখিয়া আমাদের কার্য্যকলাপ নিয়ন্ত্রিত করিতে হইবে।" সুতরাং মুখ্য প্রশাসকের ভাষণেই দেখা যায় unemployment problem solve করার জন্য তিনি যথেষ্ট লক্ষ্য রেখেছেন এবং সেজন্য তিনি ধন্যবাদার্হ এবং সেখানে কোন প্রকার amendment আসতে পারে না।

দ্বিতীয়তঃ Absence of clear indication as to how the goverment proposes to face the food problem of Tripura. Administrator এর ভাষণে আছে "ভারতের অন্যান্য স্থানের মত এ রাজ্যের কৃষি কার্য্য জল বায়ুর উপর নির্ভরশীল ; আর ইহা মানুষের নিয়ন্ত্রাধীনের বাহিরে। খরা ও বন্যার সময় খাদ্যাভাব জনিত জরুরী অবস্থার জন্য বাফার ষ্টক রাখার প্রয়োজনীয়তা আছে। এ ব্যাপারে রাজ্যের চাহিদা পূরণের জন্য ত্রিপুরা সরকার কেন্দ্রীয় সরকারের কাছে দাবী জানাইয়া আসিতেছেন, তবু অন্ততঃ যাহাদের প্রয়োজনের অতিরিক্ত খাদ্যশস্য উৎপন্ন হয় তাহাদের কাছ হইতে স্থানীয় ভাবেও খাদ্যশস্য সংগ্রহ করিয়া রাখার প্রয়োজনীয়তা আছে"। সুতরাং সেই food problemকে solve করার জন্য মুখ্য প্রশাসক তার ভাষণে কোন বক্তব্য রাখেন নাই বলিয়া মাননীয় সদস্য অঘোর বাবু যে অভিযোগ করেছেন তাহা প্রশাসনকে নিছক বানচাল করা ছাড়া আর কিছুই নয়। আমরা সবসময়ই দেখতে পাই যে যখনই আমরা procurement করার জন্য জায়গায় জায়গায় গিয়ে জনসাধারণকে বলি যে আপনাদের উদ্বৃত্ত ফসল জনসাধারণের উপকারের জন্য সরকারের বাফার ষ্টকে তুলে দিন তখনই অঘোরবাবুর দল অর্থাৎ কমিউনিষ্ট পার্টি সেখানে বাধার সৃষ্টি করে। যে পার্টি মানুষকে দুর্ভিক্ষের মুখে ঠেলে দেওয়ার জন্য procurementকে বাধা দেয় সেই পার্টির লোকই এখানে বলছেন যে মুখ্য প্রশাসক food problem solution এর জন্য কোন বক্তব্য তাঁর ভাষণে রাখেন নি। কেন্দ্র থেকেও চেষ্টা করা হচ্ছে অভ্যন্তরীণ যে ফসল উৎপন্ন হয় তা সংগ্রহ করে গরীব মানুষদের মধ্যে ন্যায্য মূল্যে বিক্রী করে তাদেরকে যাতে দুর্ভিক্ষের হাত থেকে রক্ষা করা যায়। কিন্তু সেই জায়গায় অঘোর বাবুর দল চেষ্টা করছে বাহির থেকে সেই প্রচেষ্টাকে বানচাল করার আবার ভিতর থেকে মুখ্য প্রশাসকের বক্তব্যকে সমালোচনা করে বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করছেন। এখানে তিনি যে amendment এনেছেন এটা মিথ্যা এবং অপপ্রচার ছাড়া কিছুই নয়।

শ্রীঅঘোর দেববর্মা :— মাননীয় স্পীকার স্যার উনি আমার amendmentটা মিথ্যা বলেছেন।

Mr. Speaker—আপনি মিথ্যা শব্দ ব্যবহার করেছেন?

শ্রীনরেশ চন্দ্র রায় :—না, আমি "অসত্য" এই শব্দটি ব্যবহার করেছি। উনি যদি ভালভাবে আমার কথা শুনতেন তবে এই কথা বলতেন না।

তারপর ৩নং amendment এ বলেছেন" absence of mentioning the deteriorating of Law and order of the state and as such there should be a clear mention that how the Govt. proposes to meet law and order situation in the state. সেই ব্যাপারে আমরা দেখতে পাই মুখ্য প্রশাসক এখানে যথেষ্ট বক্তব্য রেখেছেন। "আইন ও শৃঙ্খলা অব্যাহত রাখায় প্রশাসনিক ব্যবস্থা আরও শক্তিশালী করা হইয়াছে। আলোচ্য বৎসরে সমাজ বিরোধীদের দমন করার জন্য কঠোর ব্যবস্থা গ্রহন করা হইয়াছে। দুষ্কৃতকারীদের দ্বারা সীমান্ত আক্রমণ বহুলাংশে বন্ধ করা হইয়াছে এবং সেংক্রাক ও মিজো বৈরীদের দ্বারা উপদ্রুত এলাকায় সীমান্ত প্রতিরোধ দল এবং পুলিশ নিরাপত্তা বাহিনী স্থাপন করা হইয়াছে। হোমগার্ড বাহিনী প্রশাসনকে সর্ব্বদা সাহায্য করিতেছেন।" কাজেই এই amendmentএ যা বলা হয়েছে তা দুরভিসন্ধি ও অপপ্রচার ছাড়া কিছুই নয়। তিনি ৪নং amendment এ বলেছেন "The solution of influx of new migrant people from East Pakistan". সেখানেও মুখ্য প্রশাসক যথেষ্ট বক্তব্য রেখেছেন। "পূর্ব্ব পাকিস্তান হইতে প্রতিনিয়ত উদ্বাস্তু আগমন ত্রিপুরার অপর একটি বিশেষ সমস্যা যাহারজন্য নবতর সমাধানের উপায় উদ্ভাবন করিতেই হইবে। পূর্ব্ব পাকিস্তান হইতে আধুনিক কৃষি পদ্ধতিতে অভ্যস্ত উদ্বাস্তুদের আগমনে আদিবাসীগণ হঠাৎ এক অর্থ নৈতিক প্রতিযোগিতায় সম্মুখীন হইয়াছেন, ফলে তাহারা এখন এক ঐতিহাসিক সন্ধিক্ষণে আসিয়া উপনীত হইয়াছেন। এখন হইতে তাহাদিগকে অত্যন্ত দৃঢ় পদক্ষেপে আধুনিক ও উন্নত কৃষি পদ্ধতি অবলম্বনের কার্য্যকরী ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।" সুতরাং পূর্ব্ব পাকিস্তান হইতে যে সমস্ত উদ্বাস্তু এখানে আসিয়াছেন তাহাদের অর্থনৈতিক উন্নতির কোন ব্যবস্থার কথা মুখ্য প্রশাসকের ভাষণে নেই এই কথা যদি বলা হয় তবে সেটা একটা মিথ্যা কথা বা অসত্য কথা ছাড়া কিছুই নয়।

Mr. Speaker :—Hon'ble member you have used the word "মিথ্যা". "মিথ্যা" is an unparliamentary word.

শ্রীনরেশ রায় :—Slip of tongue Sir. উদ্বাস্তু পুনর্ব্বাসনের জন্য হউক Backward তফশীলি উপজাতি প্রভৃতি সম্প্রদায়ের জন্যই হউক, ত্রিপুরা সরকার কিছু করেননি একথা বলা সত্যের অপলাপ। ঋণ দিয়েই হউক বা অন্য প্রকারে সাহায্য করেই হউক সরকার এদের উন্নতির চেষ্টা করেছেন ও করেন। মুখ্য প্রশাসকের ভাষণে এদের পুনর্ব্বাসের পুঙ্খানুপুঙ্খ হিসাব না থাকলেও মোটামুটি সরকারের কি নীতি তাহার উল্লেখ আছে। বাংলা ভাষার প্রচলন ও উপজাতি ভাষা উন্নতির পরিকল্পনা সরকারের নেই বলে যে অভিযোগ করা হয়েছে তা ঠিক নহে। এর কিছুক্ষণ আগে মুখ্যমন্ত্রী তার এক ভাষণে বাংলা ভাষা প্রচলনের জন্য কি কি

কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা বলেছেন। মুখ্য প্রশাসক ও তাঁর ভাষণে বাংলা ভাষা চালু করবার যে প্রচেষ্টা, তাঁর উল্লেখ করেছেন। মুখ্য প্রশাসকের ভাষণ বাংলা ভাষায় রচিত হয়েছে এবং বাংলা ভাষা প্রচলনে এটা একটা পদক্ষেপ। বিরোধী দল Rail line সম্প্রসারণের প্রচেষ্টা হচ্ছে না বলে অভিযোগ করেছেন। কিন্তু এই অভিযোগ সত্য নহে। ভারত সরকার রেল সম্প্রসারণের যে জাতীয় পরিকল্পনা গ্রহণ করিয়াছেন তাহা ত্রিপুরাতেও যাহাতে রূপায়িত হয় তাহার জন্য কর্তৃপক্ষ ও সচেষ্ট আছেন। Master Plan for Development of Agartala Town সম্পর্কে মুখ্য প্রসাশকের ভাষণে উল্লেখ আছে। তিনি বলেছেন. হাওড়া নদীর উৎসে যদি বাঁধ এবং অন্যান্য যে সমস্ত নদী আছে সে সমস্ত ক্ষেত্রে যদি বাঁধ দেওয়া যায় তবে আগরতলা এবং অন্যান্য সহর বন্যার হাত থেকে রেহাই পাবে এবং কৃষি কার্য্যের যথেষ্ট সহায়ক হবে। দেশের উন্নতি হবে তখনই যখনই গ্রাম উন্নতির পথে এগিয়ে যাবে। আমাদের দেশের অর্থনীতি কৃষিকেন্দ্রীক এবং গ্রামই হচ্ছে কৃষির প্রধান উৎস। সুতরাং সরকারের প্রচেষ্টা হচ্ছে সহরের সঙ্গে সঙ্গে গ্রামের উন্নতি করা। তাই সরকার কৃষির উন্নতির বিধানের জন্য সচেষ্ট এবং বিভিন্ন নদী পরিকল্পনা রূপায়ণের মারফতে কৃষির উন্নতির সঙ্গে সঙ্গে যাতে শিল্পে ত্রিপুরা উন্নত হয় তার জন্যে চেষ্টা চালিয়ে চলেছেন। বিরোধী পক্ষের যে সংশোধনী প্রস্তাব তা কিছুটা মামুলী ধরণের সুতরাং সমর্থন যোগ্য নয়। এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Shri Nishikanta Sarkar, M. L. A. :—মাননীয় অধ্যক্ষ মহোদয় Houseএর মধ্যে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে আমি তার সমর্থন করি। সমর্থন করতে গিয়ে বিরোধী দলের থেকে যে কতগুলি সংশোধনী প্রস্তাব এসেছে তার জবাব মাননীয় সদস্যগণ দিয়েছেন। তার পুনরাবৃত্তি আমি করব না। তবে দু'একটি বিষয়ের উপর বলব। বিরোধী সদস্যগণ এমন কোন কিছু পান নি যে ধন্যবাদ দিতে পারেন। মুখ্য প্রশাসকের ভাষণে আমি যা বুঝলাম বা যা দেখেছি, ত্রিপুরাবাসী প্রত্যেকটা নাগরিককের জন্য উনার যে দরদ আদীবাসীগণের সম্বন্ধেও উনার যে ভাষণ উনি রেখেছেন তার মাঝে বিরোধী দলের মধ্য থেকে যে সংশোধনী প্রস্তাব এসেছে উহার উত্তর দিতে গিয়ে আমি একথাই বলব, তারা শুধু বিরোধী কথা বলে, মানুষকে বুঝাতে চান যে বিধান সভায় আমরা অনেক কিছু বলে এসেছি। তোমাদের জন্য অনেক কিছু প্রস্তাব রেখেছি। সরকার পক্ষ সেটা গ্রহণ করে না। আমাদের এক সদস্য ভারতের তথা ত্রিপুরার নাগরিক হয়ে কৃষি ঋণ এবং খাজনা মকুব সম্বন্ধে বলেছেন, উনি যদি আমাদের মুখ্যপ্রশাসকের ভাষণ খানা পড়ে দেখতেন তাহলে ভাল হত। বিরোধী দলের সদস্য মহাশয় বলেছেন যে············পশ্চিম বঙ্গের যুক্তফ্রন্ট সরকারের গভর্ণরের ভাষণ পড়ে এসে ত্রিপুরার বিধান সভায় যদি পাঠ করত তবে ভাল হত। এহেন যুক্তি যারা দিতে পারে তাদেরও বিরোধীতা করবার কথা নয়। মাননীয় মুখ্য প্রশাসকের ভাষণে আদিবাসীদের সম্বন্ধে যে কথা বলা হয়েছে তা যদি আমরা কার্য্যে রূপায়িত করতে পারি এবং সব সম্মতভাবে আদিবাসীদের এলাকাতে গিয়ে তাদের ঠিক ঠিক ভাবে পূনর্ব্বাসনের ব্যবস্থা করিতে পারি তবে আমার মনে হয় আদি

বাসীদের মঙ্গলই হবে। কিন্তু তারাতো সেটা করে না। আমি ইদানিং দেখেছি, গতকল্য উদয়পুর থেকে এসেছি, তার আগেও দেখি তারা আদিবাসীদের পাড়ায় গিয়ে কমিউনিষ্টের কথা আর বলছেন না। এখন আর কমিউনিষ্ট এবং যুক্তফ্রন্টের কথা বলে এরা ত্রিপুরার আদিবাসী-দের ভুলাতে পারছেন না। তাই কথাটা হচ্ছে যে West Bengal থেকে মন্ত্রী মহোদয়রা আসবেন; কেন আসবেন? ত্রিপুরার পঞ্চম তপশীলের বা Fifth schedule এর জন্য। আমরা দাবী করেছি এটা শীঘ্রই তোমাদের হয়ে যাবে তাই আমি বলি তাদের এই সংশোধনী প্রস্তাবের মধ্যে কোন যুক্তি আমি দেখছি না।

স্পীকার মহোদয়, এটা হচ্ছে শুধু মুখরোচক কথা, স্পীকার মহোদয় যদি অনুমতি দেন তবে আমি একটি গ্রাম্য কথা বলতে পারি। এক জামাই গিয়েছে শ্বশুর বাড়ীতে, মা জামাইকে খুব ভাল করে বুঝিয়ে দিচ্ছেন যে বাবা তুমি বিয়ের পর এই প্রথম নূতন জামাই যাচ্ছ। প্রথমে গিয়ে শ্বশুর শাশুড়ীকে নমস্কার করবে। তারপর যখন লোকজন আসবে যার সঙ্গে কথা বলবে তার সঙ্গে কোকিলের সুরে কথা বলবে।" "আচ্ছা মা"বলে জামাই শ্বশুর বাড়ীতে রওয়ানা হল। শ্বশুর বাড়ীতে যখন জামাই গেল তখন শ্বশুর মহাশয় প্রাতঃকৃত্য সারবার জন্য নদীর পাড়ে বসেছেন। জামাইত জানেন শ্বশুরকে প্রথমে প্রণাম করতে হবে। তাই একটু এগিয়ে গিয়ে বলেছেন "শ্বশুর মহাশয় নমস্কার"শ্বশুরতো অবাক। লজ্জায় মাথা নোয়ায়ে ভাবলেন, "একি বাবা"। তারপর জামাই চলে গেল বাড়ীতে। সেখানে গিয়ে শাশুড়ীকে ডাকতে আরম্ভ করল "শাশুড়ী মা""শাশুরী মা"বাড়ী আছেন। শাশুড়ী বললেন "হ্যাঁ,হ্যাঁ, জামাই এস"। তারপর জামাই শুনল "শ্বশুর মহাশয় সকালে আহ্নিক করার জন্য বাহির হইয়াছেন।" জামাই মনে করলেন প্রাতঃকৃত্যকে হয়ত আহ্নিক বলে। তাই বলল যে "শাশুড়ী মা, আমিতো আহ্নিক করব।" শাশুড়ী মনে করল জামাই হয়ত মন্ত্রতন্ত্র নিয়েছে। "আচ্ছা বাবা ঠাকুর ঘরে আয়োজন আছে। সেখানে গিয়ে আহ্নিক কর।"জামাই ঠাকুর ঘরে ঢুকে আহ্নিক আরম্ভ করে দিয়েছে। শ্বশুর পেছন দরজা দিয়ে এসে জিজ্ঞাস করল "জামাই কোথায়?" "জামাইত আহ্নিক করতে গিয়েছে।" "কি আহ্নিক করতে গিয়েছে! বেটা আহাম্মক আমিও সকালবেলা প্রাতঃকৃত্য করতে বসেছিলাম সেও আমাকে যাইয়া নমস্কার জানাল।" শাশুড়ী বলল "সর্ব্বনাশ ও ত আমাকে বলল আহ্নিক করবে," তাড়াতাড়ি ঠাকুর ঘরে গিয়ে দেখল উঃ একেবারে নোংরা। শাশুড়ী হৈ হল্লা আরম্ভ করে দিয়েছে শ্বশুর বললে "হৈ হল্লা করে কি হবে, ঐ বেটার নিকট মেয়েটাকে বিয়ে দিয়ে একেবারে জাতই গেল, আর চিৎকার করো না, লোকে শুনবে।" চিৎকার শুনে পাড়ার লোক জমা হল। তখন সে (জামাই) ভাবল এখন অনেক লোক হয়েছে, তাদের সাথে কোকিলের সুরে কথা বলতে হবে। বাড়ীতে শ্বশুরের একটা মোড়া ছিল, সে সেটার উপর গিয়া বসল। বসে "কুহু" "কুহু" সুরে ডাকতে আরম্ভ করল। তাই ঐ সদস্য যারা এখানে সংশোধনী প্রস্তাব রেখেছেন তাদের কথা বলছি মুখ্য প্রশাসকের ভাষণে সমর্থন যোগ বা ধন্যবাদ দেওয়ার মত উনারা কোন কিছুই খুজে পান নাই। তাই আমার বিশেষ কিছু বলার নাই। পূর্ব্ববর্তী সদস্য-রাই উহার উত্তর দিয়ে দিয়েছেন। এই বলেই আমি মুখ্য প্রশাসকের ভাষণকে সমর্থন জানিয়ে এবং বিরোধীদল থেকে যে সব সংশোধনী প্রস্তাব এনেছেন তার বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—Shri Ershad Ali Choudhury.

Shri Ershad Ali Choudhury :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীসুনীল বাবু যে ধন্যবাদসূচক প্রস্তাব এনেছেন আমি তার পূর্ণ সমর্থন করছি। এবং বিরোধীপক্ষ থেকে যে সব Amendment এনেছেন আমি তা সমর্থন করি না। আজকে আমাদের মাননীয় মুখ্য প্রশাসকের ভাষণের উপর অনেক সদস্যই তাদের বক্তব্য রেখেছেন। আমি মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মারফত এই কথা বলতে চাই যে, মাননীয় মুখ্য প্রশাসক তার বক্তব্যের প্রথমেই বলেছেন, A brief Previous activities of Govt. during the current financial year. এটাতে একটা brief activities মাত্র রেখেছেন। তিনি আবার বলেছেন, The Finance Minister while presenting the budget for the next year will deal with the details of the economic and financial activities. সুতরাং আমাদের Finance Minister যে বাজেট পেশ করেছেন সেটার মধ্যে details আছে। আমাদের মুখ্য প্রশাসক যে ভাষণ রেখেছেন তার উপর আমি আমার বক্তব্য রাখছি। প্রথমেই তিনি বলেছেন the growing population of Tripura comprises of members of Scheduled Tribes, Scheduled Castes, Backward classes and displaced persons from East Pakistan. কিন্তু ত্রিপুরায় এই casteগুলিই আছে বলে তিনি বলেছেন। আমি মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মারফতে বলতে চাই যে, শুধু এই চার শ্রেণীই নয়। তাছাড়া আর একটি শ্রেণী আছে সেটা হল Middle Class সম্প্রদায়। আজকে এই Middle Class সম্প্রদায়টা ত্রিপুরাতে তথা সমগ্র ভারতে পঙ্গু হয়ে যাচ্ছে। আমার অনুরোধ মাননীয় মুখ্য প্রশাসক, মন্ত্রী মণ্ডলী ও মাননীয় বিধানসভার সদস্যগণ যেন লক্ষ্য রাখেন যাতে এই মধ্যবিত্ত সম্প্রদায়টা পঙ্গু না হয়ে যায়। এই মধ্যবিত্ত সমাজ যাতে তাদের পরিবারবর্গকে সুষ্ঠুভাবে বাঁচিয়ে রাখতে পারে সেদিকে যেন দৃষ্টি রাখা হয়। অনেক সময় দেখা যায় যে, তারা টাকা পয়সার অভাবে তাদের ছেলেমেয়েদের শিক্ষাদীক্ষা বা পরিবার পরিজনের সুচিকিৎসা করাতে পারে না। এমন কি ঠিকমত খাওয়া পরার সংস্থানও করতে পারে না। অথচ লজ্জায় তারা এসব কথা কাউকে বলতেও পারে না আবার সইতেও পারে না। এইভাবে তারা দিনের পর দিন অর্দ্ধাহারে, অনাহারে শুকিয়ে যাচ্ছে। তাদের এই অভাব-অভিযোগটা আজকে আমাদের চিন্তা করা দরকার।

তারপর Agriculture সম্পর্কে আমাদের স্বয়ংসম্পূর্ণ হতে হবে। এবং এটা প্রত্যেকেরই একান্ত ইচ্ছা। আমাদের 4th Planএ দেখা যাচ্ছে যে, Agriculture এর উপর যথেষ্ট গুরুত্ব দেওয়া হয়েছে। এবং বেশীর ভাগ অর্থ যাতে কৃষিকার্য্যে ব্যয়িত হয় তারজন্যও চেষ্টা চলছে। আজকে আমি মাননীয় মুখ্য প্রশাসকের ভাষণে দেখতে পাচ্ছি যে, 4th Five year Plan-এ আমাদের যে ৩২ কোটি টাকা ধরা হয়েছে এর মধ্যে ৫ কোটি টাকা আমাদের প্রথম আর্থিক বৎসরে ব্যয়িত হবে। কিন্তু তার মধ্যে দেখা যাচ্ছে যে, ২৪ শতাংশ যাচ্ছে Social Serviceএর জন্য, আর ২৪ শতাংশ হচ্ছে Transport, Communication, Tourism ইত্যাদির জন্য। আর ২৩ পয়সা হ'ল on Power Irrigation and flood control এর জন্য। কিন্তু Agriculture এর জন্য ধরা হয়েছে ১৯ শতাংশ আর Industryর জন্য ধরা হয়েছে মাত্র

৪ শতাংশ। তাহলে মুখ্য প্রশাসকের ভাষণে আমরা দেখতে পাচ্ছি যে, এখানে ১৮ হাজার ৫ শত বেকার আছে। এবং বেকার সমস্যার যদি সমাধান করতে হয় তাহলে Agriculture এবং Industryর উপর গুরুত্ব দিতে হবে। কারণ প্রশাসনের সমস্ত বিভাগে যে set up আছে তা সব পূর্ণ হয়ে গেছে। যদি Agriculture এবং Industryর উপর জোর দিতে হয় তাহলে আমাদের 4th Planএ যে টাকা ধরা হয়েছে সেটা ১৯ শতাংশ এবং ৪ শতাংশ না হয়ে Agricultureএর জন্য ২৫ শতাংশ এবং Industryর জন্য ১৫ শতাংশ যদি ধরা হয় তাহলে আমি মনে করি খুব ভাল হবে। তারপর আমাদের মুখ্য প্রশাসক বলেছেন যে, Agriculture in this region, like the rest of India depends largely on climatic factors which are beyond human control. আবার বলা হয়েছে Although this territory is within the fairly heavy rainfall zone of the country, the irregular distribution of rainfall causes occational flood and drought. তাহলে দেখা যাচ্ছে যে আমাদের human control বলে কিছু নেই। কিন্তু আজকে আমরা কি দেখি? যেখানে নাকি কোন ফসল হ'ত না সেখানে আজকে জলসেচের ব্যবস্থার দ্বারা ভাল ফসল হচ্ছে। রাজস্থানের যেখানে মরুভূমি ছিল সেটাও আজকে মানুষের চেষ্টায় শস্য শ্যামলা হয়ে উঠেছে। আজকে human control এর বাইরে এমন কিছু আছে বলে আমার ধারনা নেই। কারণ আজকে যেখানে মানুষ চন্দ্রলোক যাওয়ার জন্য প্রস্তুত হয়েছে এবং তারা হয়ত এপ্রিল বা জুন মাসে সেখানে পদার্পন করতে পারবে। যেখানে মানুষ গ্রহ নক্ষত্রে যাতায়াত করতে পারবে সেখানে আমাদের ত্রিপুরায় irragular rainfall এর জন্য খাদ্য উৎপাদন হচ্ছেনা। যদি আমাদের সমবেত প্রচেষ্টা থাকে তাহলে হয়ত আমরা সে সমস্যার সমাধান করতে পারব। সুতবাং বেকার সমস্যার সমাধানের জন্য আমাদের প্রথম নজর দিতে হবে ঐ Agriculture ও Industryর উপব। Agriculture এবং Industryর জন্য ব্যয় বরাদ্দের হার যাতে বৃদ্ধি পায় তারজন্য আজকে আমার এই বক্তব্য রাখছি।

Industry grow করলে আমাদের বেকার সমস্যার সমাধান হবে। বেকার সমস্যার সমাধান যদি না হয় তাহলে হয়ত এই ত্রিপুরাতে একটা অঘটন ঘটে যেতে পারে। কারণ একটা কেন্দ্র শাসিত অঞ্চলে বছরে যদি ১৮ শত, সাড়ে আঠার শতের মত বেকার থাকে তাহলে এটা একটা ভয়াবহ অবস্থায় পরিণত হবে। বেকারত্বের যে অবস্থা সেটা যারা বেকার তারাই বুঝতে পারে। আর যারা বেকার নয় তারা সেটা বুঝতে পারে না। সুতরাং এদিকে লক্ষ্য রেখে যাতে নাকি বেকার সমস্যার সুষ্ঠুভাবে সমাধান হয় এবং সরকারী কর্মচারী যাদের অভাব অভিযোগ আছে তাদের অবস্থা যাতে ভাল হয় এবং মধ্যবিত্ত সম্প্রদায়ের দিকে যাতে দৃষ্টি দেওয়া হয় এই কথা বলে আমি মাননীয় মুখ্য প্রশাসকের ভাষণকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য রাখছি।

Mr. Speaker :—Shri Kshitish Ch. Das.

Shri Kshitish Ch. Das. :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে মাননীয় সদস্য শ্রীসুনীল চন্দ্র দত্ত মহাশয় Administrator মহোদয়ের ভাষণের উপর vote of thanks এর যে

motion এনেছেন আমি তার প্রতি পুর্ণ সমর্থন জানাচ্ছি। এবং বিরোধী সদস্য যে সব Amendment এনেছেন আমি তার বিরোধিতা করছি। বিরোধিতা করছি এই কারণে যে Administrator এর ভাষণে ত্রিপুরার সমস্ত চিত্র এখানে সংক্ষিপ্তভাবে স্পষ্ট করে ইঙ্গিত করা হয়েছে। কাজেই যে Amendment আনা হয়েছে তাতে প্রশাসকের ভাষণে এই কথাগুলিও আছে। তবে এখানে আমি আমার একটা বক্তব্য রাখছি। আজকে এই যে ১৮ হাজার বেকার আছে তার মধ্যে শুধু শিক্ষিতদের চাকুরী দিলেই যে বেকারত্ব ঘুচে যাবে সেটা আমি মনে করি না। এই বেকার সমস্যার সমাধানের জন্য সৃষ্টি করতে হবে Industry. তবে Industry সম্পর্কে আমাদের বহু সদস্যই বহু কথা বলেছেন এবং আজকে শুধু সরকারী চাকুরীর উপর নির্ভর করলেই বেকার সমস্যার সমাধান হবে না। আজকে শিল্পের দিকে আমাদের অগ্রসর হতে হবে। প্রথম প্রয়োজন communication. ত্রিপুরাতে communication এর যে অবস্থা—কারণ আজকে এখানে Tea Industry সম্পর্কে বহু আলোচনা হয়ে গেছে। সেই Tea Industry র প্রথম অসুবিধা পরিবহনের উপর নির্ভর করে। কারণ শিল্পপতিরা এখানে নানা শিল্প গড়ে তোলার জন্য যদিও চেষ্টা করেন তাহলেও বাইরের বাজারে গিয়ে competitionএ টিকতে পারেন না। কারণ communication এর অসুবিধার জন্য তাদের বাজার দর বেশী পড়ে যায়। তাই তারা competition এ টিকে থাকতে পারেন না। সেজন্যই রেল লাইনের জন্য এই হাউসে সর্ব্বসর্ম্মতিক্রমে প্রস্তাব গৃহীত হয়েছে। অথচ এর কোন কার্যাকারীতা আমরা দেখতে পাই না। এই বিষয়ে আমাদের আরো ভালভাবে চেষ্টা নিতে হবে যাতে ত্রিপুরার যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়। বিশেষ করে এক সাব-ডিভিসান থেকে আরেক সাব-ডিভিশান যাতায়াত ধর্ম্মনগর থেকে কৈলাশহর, কৈলাসহর থেকে খোয়াই এই সমস্ত জায়গায় এখনও পর্যন্ত রাস্তা ঘাটের কোন সুবিধা হয় নাই। এদিক দিয়ে চিন্তা করলে রাস্তাঘাটের উপর আরো বেশী নজর দিতে হবে। যেগুলি হয়েছে, অনেকে হয়েছে এমন কথা আমরা ভাবতে পারি না আরো অনেক হওয়ার প্রয়োজন আছে। তাছাড়া ... ...

Mr. Speaker—I would make an anouncement for the Hon'ble Members. The discussion on the Administrator's Address will continue to-morrow. There is one Private Member's resolution of Shri Agore Deb Barma, he is to move his resolution.

PRIVATE MEMBERS' RESOLUTION

শ্রীঅঘোর দেববর্ম্মা :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আমার প্রস্তাবটা পড়ে যাচ্ছি—This House directs the Govt. to appoint a commission with a retired Judge of High Court to enquire into the cause which led to the death of Shri Rabindra Malakar of Sonaimori under Kailashahar Sub-Division, Tripura. এই হচ্ছে আমার প্রস্তাব। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি একটি অনুরোধ রাখতে চাই যে, আমাদের এই House এর মধ্যে current shortage যদি থাকে তাহলে আমরা House এর কাজ কিভাবে চালাব। কারণ এই সম্পর্কে Deptt. এর ব্যবস্থা গ্রহণ করা উচিত। আমরা যখন মেলা exhibition দেখেছি তখন তো তারা প্রচুর light supply করেছে। অথচ আমাদের বেলাতে shortage। তারা কি তামাসা পেয়েছে? আমি এবিষয়ে মাননীয় অধ্যক্ষ মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Mr Speaker—Thank you, I shall look into this matter, will you not speak on your resolution ?

Shri Aghore Deb Barma—নিশ্চয়ই বলব। বলছি।

POINT OF ORDER

Shri Monoranjan Nath—Point of order, মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই যে resolutionটা এসেছে, রবীন্দ্র মালাকারের মৃত্যু সম্পর্কে—এ সম্পর্কে আমি যতটুকু জানি এটার case হয়েছে এবং sub-judice এ আছে। সুতরাং যদি House এ কোন discussion করতে হয় তাহলে যাতে ভবিষ্যতে court কোন রকম influence না হয় সেদিকে দিয়ে cautiously discussion করা দরকার। আমি এই submission রাখব। এই বিষয়ে আমি House এর দৃষ্টি আকর্ষণ করছি। এ সম্পর্কে rules আছে—What is the excess scope of the rules or sub-judice namely at matters while under adjudication by court of law should not be brought before the House by a motion or otherwise in relation to parliamentary proceedings. সুতরাং যদি House এ resolutionটা discussion করতে হয় তাহলে cautiously discussion করতে হবে। এই আমি বলতে চাচ্ছি।

Mr Speaker—I think, Hon'ble Member will cautiously discuss this matter.

Shri Aghore Deb Barma—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি জানি এই সম্পর্কে Govt. পক্ষ থেকে একটা Magistrarial Enquiry র জন্য order দেওয়া হয়েছে। সেটা আমি জানতে পেরেছি। কিন্তু আমি এখানে যে দাবী রেখেছি—এই ঘটনার পরিপ্রেক্ষিতে যা হয়েছে, যাতে করে Judicial Enquiry করা হয় সেটাই ছিল আমার প্রস্তাবের মূল বস্তু। তবে case সম্পর্কে কি ঘটল না ঘটল সে সম্পর্কে কোন আলোচনা তো নেই-ই। Case এর merits and demerits সম্পর্কে এখানে মূলতুবির কোন প্রশ্নই উঠে না। কাজেই আমি আমার প্রস্তাবটি রাখছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ঘটনা সম্পর্কে আমি বলছি। গত ২৩শে ফেব্রুয়ারী, রবিবার স্ফটিকরায় এলাকায় বিভিন্ন গ্রাম থেকে ধান সংগ্রহের ব্যাপার নিয়ে যখন সেখানে Civil supply of Food Deptt. এর লোক এবং স্থানীয় পুলিশ সহ হরেন্দ্র পালের বাড়ীতে যায় এবং সেখানে গিয়ে ৫ কুইন্টাল ধান দেওয়ার জন্য দাবী করা হয়, তখন গ্রামের লোক আস্তে আস্তে সেই কৃষকের বাড়ীতে জমায়েত হয়। একথা তারা বলে নাই যে, ধান আমরা দেব না। অর্থাৎ এই যে দাবী করা হয়েছে সেটা দেওয়া সম্ভব নয়। অর্থাৎ Compromise এর একটা আলাপ চলছিল। কিন্তু খাদ্য দপ্তরের পুলিশ গিয়ে জোর জবরদস্তি আরম্ভ করল যে তোমাদের এই পরিমাণ দিতেই হবে। গ্রামের লোক যখন বেশী পরিমাণে জমায়েত হতে লাগল তখন সেখানের যে পুলিশ অফিসার ছিলেন তিনি আরো বেশী পুলিশ পাঠাবার জন্য খবর দিলেন। যেখানে স্বাভাবিক ভাবে আপোশ নিস্পত্তি হ'ত সেখানে তা না করে গায়ের জোরে গুলি চালিয়ে বুটের মাধ্যমে অত্যাচার, অবিচার করে সেটা করতে চেষ্টা করল। এই ভাবে করতে গিয়ে আজকে সেখানে একটা মর্ম্মান্তিক ঘটনা ঘটল। গত বৎসরও দেখলাম, এ বৎসরও ঠিক সেই রকম ঘটনা ঘটল। মাননীয় অধ্যক্ষ মহোদয়,

আমি নিজে দেখেছি যে যখন বিভিন্ন এলাকায় ধান সংগ্রহ করা হয় তখন প্রায় ক্ষেত্রেই সকলে একটা Compromise এর জন্য ইচ্ছুক, নীতিগত ভাবে দিতে কেউ অনিচ্ছুক নয়। তবে যেখানে বাড়াবাড়ি করা হয় সেখানে স্বভাবত:ই প্রতিবাদ উঠবে। কিন্তু আমরা প্রায় জায়গাই দেখেছি যে আমার নিজস্ব গ্রাম থেকেও অনেক Collection হয়েছে, সব জায়গাতেই understanding বা আলাপ আলোচনার মাধ্যমেই করা হয়েছে। এভাবে করলে এ সমস্ত ঘটনা হওয়ার কোন কারণ নাই। এবং গতবার যে ঘটনা হয়েছে তা নিয়ে এই হাউসে যথেষ্ট আলোচনা হয়েছে। কিন্তু আজকে রাজ্য সরকারের খাদ্য দপ্তর বা পুলিশ জনসাধারণকে হত্যা না করলে, গুলি না চালালে তাদের আর চলে না। খাদ্য সংগ্রহের নামে কথায় কথায় জনসাধারণের উপর মারপিট করা—এই যে নীতি এটা যে কি রকম নীতি তা বুঝতে পারছি না। কাজেই এই নীতি যদি চলতে থাকে তাহলে দেশের মানুষ কিছুতেই তা বরদাস্ত করতে পারে না। কাজেই রবীন্দ্র মালাকারের উপর অহেতুক ভাবে পুলিশ যে অত্যাচার করেছে, যে ভাবে তাকে খুন করা হয়েছে এবং যে ভাবে তার মৃত্যু ঘটেছে ...

Mr. Speaker :—Hon'ble Member, time for discussion on your resolution will be fixed on any subsequent date and you will have the chance to speak on your resolution. The House stands adjourned till 11 A. M. on Wednesday, the 19th March, 1969.

PAPERS LAID ON THE TABLE
STARRED QUESTION NO. 118.

By Shri Rabindra Ch. Deb Rankhal.

প্রশ্ন

১। ১৯৬৬-৬৭ ইং এবং ১৯৬৭-৬৮ ইং সনের কোন বৎসর কত রোগী সরকারী আয়ুর্বেদীয় চিকিৎসালয়ে চিকিৎসিত হইয়াছে ; এবং

২। উক্ত সময়ে ঔষধ বাবত কত টাকা খরচ হইয়াছে ?

উত্তর

১। ১৯৬৬-৬৭—৭১,০ ১
১৯৬৭-৬৮—৭২,৮০২

২। ১৯৬৬-৬৭—২১,৫৩৬
১৯৬৭-৬৮— ৮,৬৪৪

STARRED QUESTION NO. 167

By Shri Bidya Chandra Deb Barma.

প্রশ্ন

(১) ১৯৬৮-৬৯ সালে ত্রিপুরায় কয়েকটি চা-বাগান সাময়িক বন্ধ হইয়া যায় এ সকল চা-বাগানের নাম ও শ্রমিকের সংখ্যা ?

(২) বর্ত্তমানে যে সকল বাগান বন্ধ আছে তাহাদের নাম ?

(৩) বাগান বন্ধ হইলে শ্রমিকেদের বেতন ভাতা এবং রেশন প্রভৃতির সুযোগ সুবিধা চালু রাখা হয় কি না ?

(৪) যদি না চালু থাকে তবে এ ব্যাপারে সরকার বাগান কর্ত্তৃপক্ষের বিরুদ্ধে কি কি ব্যবস্থা করিয়া থাকেন ?

উত্তর

(১) বিনোদিনী চা-বাগান। ২) দুর্গাবাড়ী চা-বাগান। ৩) হরেন্দ্রনগর চা-বাগান। ৪) সরোজিনী চা-বাগান। ৫) লীলাগড় চা-বাগান। ৬) রাংবেরং চা-বাগান। ৭) লুধুয়া চা বাগান। ৮। লটিংছড়া। ৯। সোনামুখী। ১০) দেবাস্থল। ১১) জগন্নাথপুর।

২। ১) বিনোদিনী চা-বাগান। ২) দুর্গাবাড়ী চা-বাগান। ৩) হরেন্দ্রনগর চা-বাগান। ৪) লীলাগড় চা বাগান। ৫) রংবেরং। ৬)। লুধুয়া চা বাগান। ৭) সরোজনী চা-বাগান।

৩। না।

৪। প্রারম্ভে আপোষ মীমাংসা করার মানসে মালিক ও শ্রমিক পক্ষকে প্ররোচিত করার জন্য চেষ্টা করা হয়। তাহাতে সফল কাম না হইলে সংশ্লিষ্ট মালিক পক্ষের বিরুদ্ধে শ্রম আইনানুযায়ী তাহাদের বাগান বন্ধ করার অধিকার আছে কিনা ইত্যাদি বিষয়ে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়।

STARRED QUESTION NO. 7

By Sri Aghore Deb-Barma

প্রশ্ন

১। গত আর্থিক বৎসরে (১৯৬৮—৬৯) আগরতলা মিউনিসিপ্যাল এলাকার পাকা ড্রেইনেজ এবং অন্যান্য উন্নয়ন মুলক কাজের জন্য মোট কত টাকা ব্যয় বরাদ্দ ছিল এবং ১৯৬৯ ইং সনের ৩০শে মার্চ্চ পর্যান্ত বরাদ্দকৃত অর্থের মোট কত টাকা খরচ করা হইবে এবং বরাদ্দকৃত টাকার কোন অংশ সারেণ্ডার করা হইবে কিনা ;

২। বরাদ্দকৃত অর্থের কোন কোন item এ মোট কত টাকা সুনির্দ্দিষ্ট ভাবে খরচ করা হয়েছে এবং খরচ না হয়ে থাকলে পূর্ণ বিবরণ ?

২। ১৯৬৮-৬৯ ইং আর্থিক বৎসরে উন্নয়ন কাজের জন্য মোট তিন লক্ষ টাকা বরাদ্দ আছে। তন্মধ্যে রাস্তা উন্নয়ন বরাদ্দ মং ২,৭০,০০০ টাকা এবং বাকী মং ১০,০০০ টাকা বাস ষ্ট্যাণ্ড নির্ম্মানের জন্য বরাদ্দ করা হইয়াছে। উক্ত তিন লক্ষ টাকার মধ্যে আজ পর্য্যন্ত দুই লক্ষ টাকা রাস্তা উন্নয়নের জন্য গভর্ণমেণ্ট কর্তৃক মঞ্জুর করা হইয়াছে।

ঐ পরিমাণ টাকার কাজ বিলি করা হইয়াছে এবং তাহার কার্য্যও চলিতেছে। ১৯৬৮-৬৯ ইং সনের পাকা ড্রেন নির্মাণের জন্য কোন বরাদ্দ নাই। বাকী এক লক্ষ টাকার মুঞ্জরী প্রাপ্ত

হওয়ার পর তদ্বারা রাস্তার অবশিষ্ট উন্নয়ন মূলক কার্য্য ও বাস ষ্ট্যাণ্ড নির্ম্মাণের কার্য্য আরম্ভ করিতে পারা যাইবে। মঞ্জুরীকৃত দুই লক্ষ টাকা সম্পূর্ণই চলিত আর্থিক বৎসরে খরচ করা হইবে। কোন টাকা ফেরত দেওয়া হইবে না।

২। ১,৫০,০০০ টাকার (Estimated Value) রাস্তা উন্নয়নের কাজ এ পর্য্যন্ত করা হইয়াছে। বাকী ৫০,০০০ টাকার কাজও ১৯৬৯ ইং সনের ৩১শে মার্চ্চের মধ্যে সুসম্পন্ন হইবে।

UNSTARRED QUESTION NO. 32
Shri Aghore Deb Barma

প্রশ্ন

১) ১৯৬৯ সনের ৩১শে জানুয়ারী পর্য্যন্ত ত্রিপুরার Employment Exchange অফিসে রেজিষ্ট্রীকৃত মোট কর্ম্ম প্রার্থীর (বেকার) সংখ্যা কত ?

২) কর্ম্ম প্রার্থীদের মধ্যে পোষ্ট গ্রেজুয়েট, গ্রেজুয়েট, হায়ার সেকেণ্ডারী, স্কুল ফাইনাল পাশ এবং ননমেটিক ইত্যাদি বিভিন্ন পর্য্যায়ের মোট সংখ্যা কত ?

৩) তাদের মধ্যে তপশীলি জাতি ও উপজাতিদের মধ্যে কোন পর্য্যায়ে কতজন আছে ? নারীদের সংখ্যা আলাদাভাবে।

৪) সংখ্যালঘু মুসলমান সম্প্রদায়ের লোক কোন পর্য্যায়ে কতজন আছে ?

উত্তর

১) ১৯৬৯ সনের ৩১শে জানুয়ারী পর্য্যন্ত রেজিষ্ট্রারীকৃত অপেক্ষমান পুরুষ স্ত্রীলোক মোট কর্ম্মপ্রার্থীর সংখ্যা ১৫৬৮৮ ৩২০৩ ১৮৮৯১

২। i) পোষ্ট গ্রেজুয়েট ৫৬ ii) গ্রেজুয়েট ৬৪২ iii) হায়ার সেকেণ্ডারী, আই, এ, আই, এস, সি, আই, কম, ১৪৬০ iv) এস, এফ, মেটিক ১৯৩০ v) নন মেটিক ৮৮০৩ vi) মোট ১৮৮৯১।

৩।

	তপশীল জাতি		তপশীল উপজাতি	
	পুরুষ	স্ত্রীলোক	পুরুষ	স্ত্রীলোক
i) পোষ্ট গ্রেজুয়েট	—	—	১	—
ii) গ্রেজুয়েট	১১	—	১৪	২
iii) আই, এ. ; আই, এস. সি, ; আই, কম, হায়ার সেকেণ্ডারী।	৮৪	৪	৭৮	১০
iv) মেটিক, এস, এফ	১৪৮	১২	৮৬	৩০
v) নন মেটিক	২২০	৮২	৬৩৬	১৫০
মোট—	৪৬৩	৯৮	৮১৫	১৯২

৪।

	পুরুষ	স্ত্রীলোক	মোট
i) পোষ্ট গ্রেজুটে	—	—	—
ii) গ্রেজুয়েট	১	—	১
iii) আই, এ ; আই, এস. সি, ; আই কম, ; হায়ার সেকেণ্ডারী।	১	—	১
iv) এস, এফ, মেটিক	২	—	২
v) নন মেটিক	৫	—	৫
মোট	৮	—	৮

STARRED QUESTION NO. 36

Shri Aghore Deb Barma.

QUESTION

1. Whether is it fact that a good number of Tribal Families have migrated from Dharmanagar and Kailashahar Sub-Division outside Tripura during the last six months.
2. If it is fact the total number of families, name of the villages respectively and the reasons thereof ;

ANSWER

1 and 2. Material is under collection.

UNSTARRED QUESTION NO. 6

By Shri Baju Ban Riyan.

ত্রিপুরার দশটি মহকুমার মধ্যে (মহকুমা ভিত্তিক) কোন কোন রেভিনিউ মৌজা ট্রাইবেল রিজার্ভ এরিয়ার অন্তর্ভূক্ত ও মহকুমার ভিত্তিক এরিয়া কত ?

উত্তর

তথ্য সংগ্রহাধীন আছে।

UNSTARRED QUESTION NO. 96

By Shri Nishi Kanta Sarker .

প্রশ্ন

১। উদয়পুর সাবডিভিসনে কোন গাঁও সভায় কতটি টীউবওয়েল ও রিংওয়েল আছে ;

২। ঐগুলি মেণ্টেনেন্সের জন্য ১৯৬৭-৬৮ইং কত টাকা সেংশন আছে ; (গাঁও সভাওয়ারী)

৩। কোন গাঁও সভায় কতটিতে কত টাকা খরচ হইয়াছে ?

উত্তর

উদয়পুর সাবডিভিসনের গাঁও সভাভিত্তিক টিউবওয়েল ও রিং ওয়েলের তালিকা :—

নাম	টিউব ওয়েল	রিং ওয়েল	নাম	টিউব ওয়েল	রিং ওয়েল
১। উদয়পুর শহর	২৮	১০	১৬। উত্তর ব্রজেন্দ্র নগর	৪	—
২। চন্দ্রপুর গ্রাম	৭	৩	১৭। দঃ ঐ	৪	১
৩। মাতার বাড়ী	৩	২	১৮। আমতলি	১২	১
৪। উদয়পুর R. F.	৮	৩	১৯। উত্তর মহারাণী	১০	১

নাম	টিউব ওয়েল	রিং ওয়েল	নাম	টিউব ওয়েল	রিং ওয়েল
৫। ফুলকুমারী	১৩	৩	২০। গকুলপুর	১১	৭
৬। গঙ্গাছেরা	৪	—	২১। পিত্রা	১০	৪
৭। মগপুষ্করিনি	৬	৩	২২। খীলপাড়া	১৮	৩
৮। গর্জি	১৪	৮	২৩। রাণী	৫	—
৯। খুপীলং	৬	—	২৪। সীলামাটি	৪	৪
১০। বগাবাসা	৭	—	২৫। পালাটানা	১২	১
১১। বাগমা	৮	৩	২৬। জামজুরী	১৭	৫
১২। লক্ষীপতি	৭	১	২৭। শালগড়া	২০	৫
১৩। মির্জা	৩১	৭	২৮। কাক্রাবন	২৩	২
১৪। খুপতলি	৪	১	২৯। দঃ মহারাণী	১	২
১৫। কিল্লা	১	১০	৩০। বৈশাবাড়ী	—	৩

২) ঐগুলির মেণ্টেনেন্সের জন্য ১৯৬৭-৬৮ইং সনে মঞ্জুরিকৃত বাজেট বরাদ্দের টাকা নিম্নরূপ ঃ—

i) টিউবওয়েল মেণ্টেনেন্সের জন্য ১৪,৫৯৬ টাকা

ii) R. C. C. Well মেণ্টেনেন্সের জন্য ১৪,৭৬০ টাকা

৩) গাঁও সভাওয়ারি হিসাব রক্ষিত হয় নাই।

UNSTARRED QUESTION NO. 113

By Shri Rabindra Chandra Deb Rankhal

Question

1. How many wells or Ring wells for drinking water have been excavted under Amarpur and Dumburnagar T. D. Block area ?
2. What amount in total has been spent for above mentioned wells and ring wells ?
3. A list showing the number of unserviceable wells or ring wells and serviceable wells or ring wells ?
4. What amount has been spent for the unserviceable wells or ring wells.

Answer

Sl. 1 to 4—Materials are under collection.

PROCEEDINGS OF THE TRIPURA LEGISLATIVE ASSEMBLY ASSEMBLED UNDER THE PROVISIONS OF THE GOVERNMENT OF UNION TERRITORIES ACT : 1963.

19th March, 1969.

The House met in the Assembly Chamber, Agartala at 11 A. M. on Wednesday the 19th April, 1969.

PRESENT.

Shri Manindra Lal Bhowmik, Speaker in the Chair, the C. M. the Dy. Speaker, four Ministers, the Dy. Minister, and twenty four Members.

QUESTION

Mr. Speaker :—Today in the List of Business are the following questions to be answered by the Ministers concerned. Starred Question. Shri Debendra Kishore Choudhuri. Shri Ershad Ali Choudhury.

Shri Ershad Ali Choudhury :—Question No. 467 (Postponed).

Shri Krishnadas Bhattacharjee :—Question No. 467.

QUESTION

1. What sum of money has been spent for the excursion inside and outside Tripura in the year 1967-68 ;
2. What is the object of it and what benefit has been derived as yet ?

ANSWER

1. Rs. 28,060.60.
2. The excursions were undertaken in order to impart practical knowledge to the students which, according to the prescribed syllabus, is considered as an integral part of their education and the object for which the excursions were intended was fully achieved.

Mr. Speaker :—Shri Promode Ranjan Das Gupta.

Shri Promode Ranjan Das Gupta :—Question No. 536.

Shri Krishnadas Bhattacharjee :—Question No. 536 Sir.

QUESTION

1. Total amount of rent paid to different private parties at Agartala by the Government for accommodation of various offices under Tripura Government in 1967-68 (showing the names of the offices and parties).

ANSWER

1. Total amount paid as rent during 1967-68. Rs. 1,75,938.26. Names of Private parties and offices. A list enclosed.

Sl.No.	Names o fOffices	Names of parties.		Amount paid during 1967-68
(1)	(2)	(3)		(4)
1.	Statistical Department.	M/S. Surjya Kanta Paul & Brothers.		Rs. 8,400.00
2.	Addl. District Magistrate & Collector (Food)	Shri Girija Bhusan Halder.		Rs. 3,317.09
3.	Department of A. H. & Vety. Services.	1. Shri Jitendra Lal Saha	6,000.00	
		2. Shri G. L. Modak.	3,300.00	
		3. M/S. Electric House.	3,000.00	
			12,300.00	Rs. 12,300.00
4.	Labour Directorate	Shri Haradhan Paul		Rs. 5,274.19
5.	Evaluation Organisation.	Mrs. Anima Talapatra.		Rs. 2.700.00
6.	Office of the Dairy Development.	Shri Govinda Lal Modak		Rs. 3,300.00
7.	Executive Engineer, Agartala Divn. IV	1) H. H. Maharaja Manikya Bahadur.	Rs. 6,000.00	
		2) Mrs. Bina Gon Choudhury	Rs. 1,509.00	
			Rs. 7,509.00	Rs. 7,509.00
8.	Printing & Stationery.	Shri Gopal Ch. Dey.		Rs. 2,400.00
9.	Deptt. of Employment.	Shri Kalyan Chanda Shyamal Chanda.		Rs. 2,400.00

1	2	3		4
	SETTLEMENT OFFICE			
10.	Settlement (Head Office)	Shri R. K. Dev Barma.	Rs. 6,000.00	
	Settlement & Drawing & Area section.	H. H. Maharaja Manikya Bahadur.	Rs. 3,600.00	
	Map Printing section	—do—	Rs. 1,800.00	
	Compensation Office & Godown.	—do—	Rs. 2,400.00	
	Settlement Attestation Circle Office	Shri H. P. Das	Rs. 1,728.00	
	Settlement circle Office "B"	Shri M. M. Palit	Rs. 1,128.00	
	Final Janch Office & Computation Sec.	Shri Mohan Singh.	Rs. 5,515.52	
	Attestation Camp.	Shri Gopesh Ranjan Saha.	Rs. 432.00	
			Rs. 23,603.52	Rs. 23,603.52
11.	Public Relation Officer.	Shri Ananda Mohan Deb Barma,	Rs. 660.00	
		„ M. K. Deb Barma	Rs. 3,300.00	
		„ A. K. Deb Barma	Rs. 1,260.00	
		Agartala Municipality.	Rs. 2,640.00	
		H. H. Maharaja Manikya Bahadur.	Rs. 1,500.00	
			Rs. 9,360.00	Rs. 9,360 00
12.	Office of the Project Officer, Urban Community Development Project.	Shri Ananta Lal Dey.		Rs. 1,500.00
13.	INDUSTRIES DEPARTMENT.			
	Directorate of Industries	Smti. Jogasawri Debi	Rs. 9,600.00	
	Office of the A.D. I (H) and S. O.	Shri J. C. Sarkar	Rs. 3,300.00	
	Office of the C.M.O. Sales Emporium	Shri Monorajan Saha	Rs. 6,000.00	
	Office for Expansion of C. M. O.	Shri Aswini Kr. Singh	Rs. 1,800 00	
	Office of Quality Marketting Scheme	„ Upendra Kumar Gope	Rs. 900.00	
	Office of A. D. I. (KVI)	Rana Lakhabir Jung	Rs. 2,400.00	
	Office of the Basketry/Weaving Scheme	Rani Jugal Kishori Devi.	Rs. 2,803.44	
			Rs. 26,803.44	Rs. 26,803.44

1	2	3		4
14.	DIRECTORATE OF HEALTH SERVICES.			
	Homeopathetic Dispensary.	Agartala Municipality.		Rs 540.00
15.	Town & Country Planning Organsation	Mrs. Kamala Sen Gupta and Others.		Rs. 2,678.00
	AGRICULTURE DEPARTMENT			
16.	Office building of the Supdt. of Agriculture, Central Zone.	Smti. Kamalprava Debi.	Rs. 3,720.00	
	Sadar Sale Depot.	Shri Brajendra Ch. Dey. (Upto Aug. 1967)	140.00	
			Rs. 3,860.00	Rs. 3,860.00
	P. W. DEPARTMENT			
17.	Superintending Engineer, Gumty Project Circle Executive Engineer, Gumty Project Divn. II.	H. H. Maharaja Manikya Bahadur.	Rs. 5,000.00	
	Executive Engineer, Agartala Divn. No. IV I Office of the S. D. O. (P. W. D.) under Agartala Division IV.	—do—	Rs. 6,000.00	
			Rs. 11,000.00	
	Office of the S. D. O. (P. W. D.) "A" Sub-Division under Agartala Division No. IV	Mrs. Bina Gan Choudhury		Rs. 1,509.00
	Executive Engineer, Minor Irrigation Division.	Shri Rabindra Kumar Ghosh		Rs. 3,000.00
	S. D. O. (P. W. D.) Sub-Dvn. No. I, II and III under Agartala Division No. II	Shrimati Mukul Roy Choudhury		Rs. 2,553.64
	Executive Engineer, Investigation Division and Office of the Investigation Sub-Division No. I.	Shrimati Jyotsna Sarkar		Rs. 3,900.00
18.	EDUCATION DEPARTMENT			
	For accommodation of the Bureu of Educational and Vocational Guidance.	Shri M. K. Majumder		Rs. 3,600.00

1	2	3	4
	For accommodation of Office of the Deputy Director of Education (Youth Programme)	Shri A. K. Bhattachcrjee A. D. M.	Rs. 2,590.08
	For accommodation of office of Inspector of Schools, Sadar—A.	Shri D. L. Banerjee	Rs. 3,900.00
	For accommodation of Godown and Office of Sub-Inspector of Schools, Sadar—A.	Shri Satish Lal Singh	Rs. 10,575.00
	For accommodation of Gents Hostel of Hindi Teachers' Training College, Agartala.	Shrimati Anima Majumder	Rs. 4,800.00
	—Do—	Shri Sankar Deb Roy	Rs. 2,365.00
	For accommodation of Gents Hostel of Hindi Teachers Training College, Agartala.	Dr. A. C. Tarafder	Rs. 2,400.00
	—Do—	Shrimati Hena Bhattacherjee	Rs. 1,920.00
	For accommodation of office of the Inspector of Schools, Sadar—B	Mrs. Sati Biswas	Rs. 5,880.30
			TOTAL : Rs, 1,75,938.26

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত—এই যে বাড়ীগুলি নেওয়া হয়, তার সিলেকশন কে করেন ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য—এটা ডিপার্টমেন্ট তাদের প্রয়োজন অনুযায়ী ঠিক করেন, এবং পি, ডবল্যু ডিপার্টমেন্ট তার ভাড়া এ্যাসেসমেন্ট করে দেয়।

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত—সরকার মেইন অফিসগুলি এবং ষ্টাফ কোয়ার্টার এ্যাকমডেশানের জন্য নিউ স্কীম অনুসারে কোন জায়গা এ্যাকুয়ের করেছেন কি না, মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য—আমি নোটিশ চাই স্যার।

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত—সরকারকে যে ১,৭৫,৯৩৮ টাকা ভাড়া হিসাবে বিভিন্ন পার্টিকে দিতে হচ্ছে, সেই ভাড়া কত বছর যাবত দেওয়া হচ্ছে এবং আজ পর্যন্ত কত টাকা দেওয়া হয়েছে মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য—আমি নোটিশ চাই স্যার।

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত—যে সব ইম্পোর্টেন্ট অফিস যেমন সেটেলমেণ্ট অফিস একটা চার নাম্বারের মাথায়, তাতে কনভেনিয়েন্স অব দি পিপ্‌ল, সেই কন্সিডারেশানের উপর ভিত্তি করে এই সব বাড়ী ঠিক করা হয় কি না ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য—কনভিনিয়েন্স এবং এভেইলএ্যাবিলিটি, এই দুইয়ের উপর নির্ভর করেই ঠিক করা হয়।

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত—যদি এ্যাকরডিং টু এ্যাভেল্যাবিলিটি হয় তাহলে আমি বলব যে বর্ত্তমানে যে সেটেলমেণ্ট অফিস একটা চার নাম্বার কাঁচা রাস্তার পাড় এবং সদর ইনস্পেক্টরেট (বি) যেটা এখন কুঞ্জবন ভাড়া নেওয়া হয়েছে, এইসব বাড়ীগুলি ভাড়া নেওয়ার সময়, তাদের যে ট্রেজারীতে বা ষ্টেট ব্যাংকে বিল এনে এনক্যাসমেণ্ট করা যায়না, যার জন্য প্রত্যেকটি মফঃস্বল পার্টিকে সহরে এসে অযথা বসে থাকতে হয়, এইসব দিক তখন চিন্তা করা হয়েছিল কি না ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য—বাড়ী যখন নাকি সহরের কাছাকাছি পাওয়া যায় না, তখন একটু দূরে যেতে হয়। যে জায়গায় এখন সদর ইনস্পেক্টরেট (বি) আছে, সেইটা দূরে বলা যায় না, কারণ সেখানে আমাদের যে হাসপাতাল সেটা আছে।

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত—হাসপাতাল থাকা এক কথা, আর ইনস্পেক্টরেট থেকে সদরে এসে টাকা জমা দেওয়া ট্রেজারীতে বা ষ্টেট ব্যাংকে সেটা আলাদা কথা, দুইটা জিনিষ দুই রকম। তবে আমার প্রশ্ন হচ্ছে, সরকারের এমন কোন পরিকল্পনা আছে কি না যে সরকার থেকে বিলডিং করে এই সমস্ত অফিস এ্যাকমোডেশান দেওয়া হবে ?

শ্রীএস, এল, সিংহ—অফিস কোয়ার্টারের জন্য কুঞ্জবন একটা পরিকল্পনা নেওয়া হয়েছে এবং এটার কাজ অগ্রসর হচ্ছে। চেষ্টা করা হচ্ছে আরও খাস ল্যাণ্ড পাওয়া যায় কি না। পাওয়া গেলে পরে আমরা তার ব্যবস্থা করতে পারব।

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত—এর জন্য কত টাকা মঞ্জুর করা হয়েছে মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি ?

শ্রীএস, এল, সিংহ—আমি নোটিশ চাই স্যার।

মিঃ স্পীকার—শ্রীঅঘোর দেববর্ম্মা।

শ্রীঅঘোর দেববর্ম্মা—কোয়েশ্চান নাম্বার ৩।

Mr. Speaker—Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma.—Mr. Speaker, Sir, question No. 3.

Shri Krishnadas Bhattacharjee—Mr. Speaker, Sir, question No. 3.

Question	Answer
1) In the month of April, 1968 whether any advertisement has been made by the Education Department for the post of Lady Supdt. for Children Home of Abhoynagar;	1) No.
2) If so, the total number of applicants appeared in the interview for the said post and the number of scheduled caste and scheduled Tribes applicants among them.	2) Does not arise.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলবেন দাট ইজ্যারে দ্যাট মীনস্‌ ১৯৬৮তে মিস উষা গুপ্তকে লেডি সুপারিন্‌টেনডেন্ট হিসাবে অভয়নগর চিলড্রেনস্‌ হোমে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছিল কিনা ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য :—১৯৬৭ সালে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছিল। যে তারিখটা দিয়েছেন সেদিন হয়নি।

Advertisement was made under Education Directorate, Memo No. ... dated 13-12-67 with instruction that the applications should reach the Directorate within 20. 1. 68. 7 applications were received. Out of these 7 applicants 6 were called for interview on 11-4-68, qualification of one applicant not beeing covered. Five applicants appeared for interview. There was no applicant belonging to Scheduled Caste and Scheduled Tribe amongst them.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন ফাইভ ক্যাণ্ডিডেটস্‌দের মধ্যে যারা ইন্টারভিউ দিয়েছে তাদের মধ্যে কোন সিডিউলড কাষ্ট নাই এই কথা কি মাননীয় মন্ত্রী মহোদয় বলতে চান ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য :—হ্যাঁ। দেয়ার ওয়াজ নো অ্যাপ্লিক্যান্ট বিলংগিং টু সিডিউলড কাষ্ট অ্যাণ্ড সিডিউলড ট্রাইব অ্যামংগষ্ট দেম বলেছি।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—তাদের নাম কি কি ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য :—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি খবর রাখেন এই পাঁচ জনের মধ্যে মঞ্জুরাণী চৌধুরী নামে সিডিউলড কাষ্টের একজন প্রার্থী ছিল ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য :—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—যখন অ্যাডভারটাইজমেন্ট করা হয় তখন সিডিউলড কাষ্ট/ ট্রাইবকে ফাষ্ট প্রেফারেন্স দেওয়া হবে এইরকম কথা ছিল কিনা ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য :—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এখানে নামও বলেছি। কিন্তু মিনিষ্টার সাফ বলে দিয়েছেন কোন সিডিউলড কাষ্ট নাই।

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত :—মাননীয় মন্ত্রী মহোদয় তদন্ত করে দেখবেন কিনা যে মঞ্জুরাণী চৌধুরী অপ্লিক্যাশন এর সাথে সিডিউলড কাষ্টের সার্টিফিকেট দিয়েছেন কিনা ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য :—সেটা তদন্ত করে দেখা হবে।

শ্রী এম, এল, সিংহ :—চৌধুরী হলেই সিডিউল কাষ্ট হয় না।

Mr. Speaker :—Shri Monoranjan Nath.

Shri Krishnadas Bhattacharjee :—Mr. Speaker, Sir, question No. 11.

QUESTION	ANSWER
ক) পেঁচারথল-মাছমারা এলাকায় কোন হায়ার সেকেণ্ডারী স্কুল করার পরিকল্পনা আছে কি ?	ক) বর্ত্তমানে কোন পরিকল্পনা নাই।
খ) ইহা কি সত্য উক্ত এলাকায় দরিদ্র অধিবাসী সিডিউলড ট্রাইবস্ ও অনুন্নত সম্প্রদায়ের লোকে ১৫ (পনের) মাইলের মাধ্য কোন হায়ার সেকেণ্ডারী স্কুল না থাকায় ছেলে-মেয়েদিগকে উচ্চ শিক্ষা দিতে পারছেন না ?	খ) না।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি পেচারথল মাছমারা এলাকায় এডুকেশন সার্ভেতে কোন হায়ার সেকেণ্ডারী স্কুল খোলার প্রপোজাল আছে কিনা ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য :—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয়, এই পেঁচারথল-মাছমারা এলাকা একটা থিকলী পপুলেটেড অ্যারিয়া। সিডিউলড কাষ্ট, সিডিউলড ট্রাইব এবং ব্যাকওয়ার্ড কাষ্টের লোক সেখানে যথেষ্ট পরিমাণে আছে। তাদের ছেলেমেয়েদের লেখাপড়ার জন্য হায়ার সেকেণ্ডারী স্কুল খোলার জন্য সেই এলাকাটাকে উপযুক্ত বিবেচনা করেন কিনা ?

শ্রীএস, এল, সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, অনেক জায়গাতেই সার্ভে হচ্ছে এবং সেই সার্ভে অনুসারে আমরা সব জায়গাতে স্কুল দিতে পারছি না। সার্ভে থাকলেই যদি দিতে হয় তাহলে অর্থের বরাদ্দ এবং এডুকেশন পলিসি এই সমস্তকে মিলিয়ে আমাদের স্কুল স্থাপন করা দরকার বিধায় আমরা তা করতে পারছি না।

শ্রীমনোরঞ্জন নাথ :—যে জায়গাতে সিডিউল্ কাষ্ট যথেষ্ট সংখ্যায় আছে সেই জায়গাতে ফার্ষ্ট প্রেফারেন্স দেওয়া হবে কিনা ?

শ্রীএস, এল, সিংহ :—সার্ভে রিপোর্ট থাকলেও এবং সিডিউলড কাষ্ট এবং ব্যাকওয়ার্ড কম্যুনিটি একটা জায়গায় থাকলেই সেখানে স্কুল করতে হবে এরকম কথা সার্ভে রিপোর্টে নাই। সার্ভে রিপোর্টে থাকে যে সেখানে কত ছাত্র থাকলে এবং তার লোক্যালিটি অনুসারে যদি মিলে তাহলে দিতে হবে। প্রায়রিটির কোন প্রশ্ন নেই। প্রায়রিটি অল অভার ত্রিপুরা ষ্টেট।

শ্রীমনোরঞ্জন নাথ :—আমি বলছি সেই জায়গাতে যথেষ্ট সংখ্যক ছাত্র ছাত্রী আছে এবং এডুকেশন সার্ভেতে এই কথা উল্লেখ আছে।

শ্রীএস, এল, সিংহ :—যে জায়গাতে দেওয়া সম্ভব সেই জায়গাতেই দেওয়া হবে।

Mr. Speaker :—Shri Jatindra Kr. Majumder.

Shri Jatindra Kr. Majumder :—Mr. Speaker, Sir, question No. 76.

Shri Krishnadas Bhattacharjee :—Mr. Speaker Sir, question No. 76.

QUESTION	ANSWER
ক) কড়ইমুড়া (বিশালগড়) উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়টিতে প্রাইমারী সেকশান এটাচড্ আছে কিনা :	ক) না।
খ) উক্ত বিদ্যালয়ে ট্রাইবেল বোর্ড আছে কিনা ?	খ) হাঁ।

শ্রীযতীন্দ্রকুমার মজুমদার :—প্রাইমারী সেকশান এটাচড্ নেই মাননীয় মন্ত্রী মহোদয় বলেছেন। মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি সেই হায়ার সেকেণ্ডারী স্কুলের কম্পাউণ্ডে একটা প্রাইমারী স্কুল চলছে সেটা তিনি অবগত আছেন কিনা ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য ঃ—আমাদের এডুকেশন ডিপার্টমেন্ট থেকে কোন প্রাইমারী স্কুল সেখানে নেই।

শ্রীযতীন্দ্রকুমার মজুমদার ঃ—প্রাইমারী সেকশান একটা চলছে, যদিও সেটা এটাচড নয়। সেই স্কুলটা যদি যথাযোগ্য হয় তাহলে এডুকেশন ডিপার্টমেন্ট বা সরকার সেটা নিতে রাজী আছেন কিনা ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—সার্ভে রিপোর্টে যদি এটাকে নেওয়ার যৌক্তিকতা থাকে তাহলে সরকার থেকে নেওয়ার কথা চিন্তা করতে পারি।

শ্রীযতীন্দ্রকুমার মজুমদার :—উক্ত অঞ্চলের জনসাধারণ এই স্কুলটাকে টেক আপ করার জন্য বা এিড্ দেওয়ার জন্য আবেদন করেছেন কি ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—একটা দরখাস্ত আছে। সেটা এখন বিবেচনাধীন আছে।

শ্রীযতীন্দ্রকুমার মজুমদার :—ঐ বিদ্যালয়ে ট্রাইবেল যে আছে সেই বোর্ডিংএ কত ছাত্র আছে সিডিউলড ট্রাইবেল্এর ?

Mr. Speaker :—There is provision for accommodation of 30 students and at present there is no vacant seat in the boarding house. Of these 30 seats, 20 scheduled tribes and 10 scheduled castes and 11 students have been admitted this year.

শ্রীযতীন্দ্রকুমার মজুমদার :—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন ট্রাইবেল বোর্ডিং হাউসটা কোথায় আছে ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—বললাম তো কড়ইমুড়া হায়ার সেকেণ্ডারী স্কুলের সংগে এটাচড আছে।

শ্রীযতীন্দ্রকুমার মজুমদার :—মাননীয় মন্ত্রী মহোদয় জানেন কি সেই ঘরটা স্কুলের আশে পাশে কোথাও নেই। ঝড়ে পড়ে গিয়েছে অনেক দিন আগে ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—এই সম্পর্কে কোন রিপোর্ট এখনও আসে নি।

শ্রীযতীন্দ্রকুমার মজুমদার :—যদি এইরকম রিপোর্ট পাওয়া যায় তাহলে সেই বোর্ডিং হাউসটা অতি সত্বর মেরামত করার সম্ভাবনা আছে কিনা ?

শ্রীএস, এল, সিংহ :—এটা প্রাইভেট স্কুল। নিশ্চয়ই বোর্ডিং কনস্ট্রাকশন গ্রান্ট নেওয়ার সময়ে যে রুলস ছিল সেই রুলস অনুসারেই মেরামত গ্রান্ট পাবে।

Mr. Speaker :—Shri Baju Ban Riyan.

Shri Baju Ban Riyan :—Starred Question No. 81.

Shri Krishnadas Bhattacharjee—Starred question No. 81.

প্রশ্ন

১। উচ্চ মাধ্যমিক স্কুলের সংস্কৃত শিক্ষক ও উচ্চ বুনিয়াদী বিদ্যালয়ের সংস্কৃত শিক্ষকদের মাসিক বেতন কত ?

উত্তর

১। উচ্চ মাধ্যমিক ও উচ্চ বুনিয়াদী বিদ্যালয়ের সংস্কৃত শিক্ষকদের বেতনের হার :—

(ক) ১৭৫-৭-২৩৮-ই.বি.—৭-২৪৫-৮-৩২৫/- (স্নাতক সংস্কৃত শিক্ষকের জন্য)

(খ) ১২৫-৩-১৪০-৪-১৫৬-ই. বি.-৪-২০০/ (মেট্রিক ও নন্-মেট্রিক সংস্কৃত উপাধিধারীদের জন্য)

	সর্ব্ব নিম্ন প্রাপ্য		সর্ব্বোচ্চ প্রাপ্য	
(ক)	বেতন—	১৭৫.০০	বেতন—	৩২৫.০০
	মহার্ঘ ভাতা—	১০৬.৫০	মহার্ঘ ভাতা—	১১৪.৫০
	পরিপূরক ভাতা—	১৪.০০	পরিপূরক ভাতা—	২৬.০০
	বাড়ী ভাড়া ভাতা—	১৭.৫০	বাড়ী ভাড়া ভাতা—	৫.০০
	মোট—	৩১৩.০০	মোট—	৪৭০.৫০
(খ)	বেতন—	১২৫.০০	বেতন—	২০০.০০
	মহার্ঘ ভাতা—	৮৫.০০	মহার্ঘ ভাতা—	১০৬.৫০
	পরিপূরক ভাতা—	১২.৫০	পরিপূরক ভাতা—	১৬.০০
	বাড়ী ভাড়া ভাতা—	১২.৫০	বাড়ী ভাড়া ভাতা—	২০.০০
	মোট—	২৩৫.০০	মোট—	৩৪২.৫০

শ্রীবাজুবন রিয়াং :— মাননীয় মন্ত্রী মহোদয়, উচ্চ বুনিয়াদী স্কুলে কোন সংস্কৃত শিক্ষক আছেন কিনা, জানাবেন কি ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :— আই ওয়ান্ট নোটিশ, স্যার।

শ্রীবাজুবন রিয়াং :— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে এই সংস্কৃত শিক্ষকের বেতন এবং অন্যান্য সাধারণ শিক্ষকের বেতনের সমান কিনা ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :— এটা পে-স্কেল অনুসারে হয়, যার যা পে-স্কেল আছে, সেটা সেই রকমই হচ্ছে।

শ্রীবাজুবন রিয়াং :— মাননীয় মন্ত্রী মহোদয় স্বীকার করবেন কি যে যারা সংস্কৃত শিক্ষক, তাদের শিক্ষকতার যোগ্যতা অন্যান্য সাধারণ শিক্ষকদের চাইতে একটু বেশী এবং বেশী পরিশ্রম করতে হয়?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :— এটা এডুকেশান্যাল কোয়ালিফিকেশন অনুযায়ী বেতনের স্কেল ধার্য্য হয় এবং সেই ভাবেই বেতন দেওয়া হয়।

Mr. Speaker :—Shri Gahanashyam Dewan.

Shri Ghanashyam Dewan :— Starred Question No. 90.

Shri Krishnadas Bhattacharjee—Starred Question No. 90.

প্রশ্ন

১) ইহা কি সত্য যে কমলপুরের কেকৃমাছড়া প্রাইমারী স্কুল ও শশাপাল পাড়া প্রাইমারী স্কুল দুইটি কয়েক বৎসর যাবৎ আবেদন নিবেদন করা সত্বেও সরকারী সাহায্য পায় নাই?

২) উক্ত স্কুলগুলিতে সরকারী সাহায্য দেওয়ার জন্য স্কুল পরিদর্শকের কোন সুপারিশ আছে কিনা?

৩) যদি সুপারিশ থাকে, তবে বর্ত্তমান আর্থিক সনে সরকার সাহায্য করিবেন কি?

উত্তর

১। না।

২। প্রশ্ন ওঠে না।

৩। প্রশ্ন ওঠে না।

শ্রীঘনশ্যাম দেওয়ান :—মাননীয় মন্ত্রী মহোদয় জানেন কি যে উক্ত স্কুলগুলিতে গরীব উপজাতি এবং উদ্বাস্তুদের সন্তানেরা পড়াশুনা করে এবং ঐগুলি অত্যন্ত ব্যাকোয়ার্ড এরিয়াতে অবস্থিত?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—এই জন্য Government decided to start a few Junior Basic Schools at Kakmacherra, Uttar Lalcherra and Sashipalpara under the Kamalpur Sub-division from the current financial year.

শ্রীঘনশ্যাম দেওয়ান :—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন যে এ সনের ভিতরে ঐগুলি টেক-আপ করার সম্ভাবনা আছে কিনা?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য—এখানে টেক-আপ করার প্রশ্নে আমি বলেছি যে আমরা কেকমাছড়া উত্তর লালছেড়া এবং শশীপালপাড়াতে স্কুলগুলি আরম্ভ করব।

Mr. Speaker :—Shri Nishikanta Sarkar.

Shri Nishikanta Sarkar—Starred Question No. 93.

Shri Krishnadas Bhattacharjee :—Starred Question No. 93.

প্রশ্ন

১। মহারাজার আমলের কতজন নন্‌মেট্রিক শিক্ষক নিযুক্ত আছে এবং তাহাদের চাকুরীর সর্ত কি ?

১। (ক) ২৭৭ জন নিযুক্ত আছে।

(খ) মহারাজার আমলের শিক্ষকেরা স্থায়ী বলিয়া গণ্য হন এবং ভারত সরকার সময় সময় যে সকল বিধি-নিয়ম প্রয়োগ করেন তাহাদ্বারাই ঐ সমস্ত শিক্ষকেরা চাকুরীর সর্ত্ত নিরূপিত হয়।

শ্রীনিশিকান্ত সরকার :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে ঐ সব সংস্কৃত শিক্ষকদের শিক্ষকতার যোগ্যতা কতটুকু এবং তারা কি এখন সিনিয়র বেসিক স্কুলে না জুনিয়র বেসিক স্কুলে আছেন ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—ননমেট্রিক শিক্ষকেরা সাধারণতঃ জুনিয়র বেসিক স্কুলেই থাকেন।

শ্রীনিশিকান্ত সরকার :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে ওদের চাকুরীর মেয়াদ কতদিন পর্যান্ত থাকে ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—চাকুরীর মেয়াদ ততদিন পর্যান্ত থাকে, যতদিন পর্য্যন্ত তারা চাকুরী করতে পারেন।

শ্রীনিশিকান্ত সরকার :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে তাদের কত বছরে রিটাইয়ারমেন্ট হয় ?

Shri Krishnadas Bhattacharjee :—At the age of 58 years.

শ্রীনিশিকান্ত সরকার :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে জগদ্বন্ধু দেব পিতা শ্রীসনাতন দেব, ওকে কোন বছরে চাকুরী দেওয়া হয়েছিল ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—এইরকম জগবন্ধু দেব, সনাতন দেব অনেক আছে, স্পেসিফিক না দিলে এগুলির উত্তর দেওয়া সম্ভব নয়। কাজেই এসব দিবেন, তাহলে পর কোন বছর, কি ব্যাপার ইত্যাদি জানানো যাবে।

শ্রীনরেশ রায় :—মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারেন কি যে এই রকম শিক্ষক কোন সিনিয়র বেসিক স্কুলে আছে কিনা ?

Shri Krishnadas Bhattacharjee :—I want Notice.

Mr. Speaker :—Shri Rabindra Ch. Deb Rankhal.

Shri Rabindra Ch. Deb Rankhal :—Starred Question No. 114.

Shri Krishnadas Bhattacharjee :—Starred Question No. 114.

প্রশ্ন

১। অমরপুর ও ডুম্বুরনগর টি, ডি, ব্লকের অধীন কোন স্কুল উঠাইয়া (বন্ধ করিয়া) দেওয়া হইয়াছে কি ?

২। হইয়া থাকিলে কারণ কি ?

৩। যে সকল কারণে স্কুলগুলো বন্ধ করা হইয়াছে সেই কারণগুলো দূরীভূত করার কোন প্রচেষ্টা সরকার করিয়াছেন কি ?

উত্তর

১। না।

২। প্রশ্ন উঠে না।

৩। প্রশ্ন উঠে না।

শ্রীরবীন্দ্র চন্দ্র দেব রাংখল—মাননীয় মন্ত্রী মহোদয়, উক্ত স্কুলগুলি বর্ত্তমানে কি অবস্থায় আছে, অনুসন্ধান করবেন কি ?

যেমন—কমলপুর সাব-ডিভিশানের কিস্তিপাড়া, কমড়াই পাড়া, খেচুয়া পাড়া, চম্পকনগর, পূর্ব্বরাই চৌধুরী পাড়া, সমগুয় চৌধুরী পাড়া, দেবীচরণ চৌধুরী পাড়া, বিষকেতু কারবারী পাড়া।

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য—মাননীয় সদস্য মহাশয় লিষ্ট দিলে পরে আমি অনুসন্ধান করে দেখব।

Mr. Speaker—Shri Bidya Ch. Deb Barma.

Shri Bidya Ch. Deb Barma—Starred Question No. 157.

Shri Taritmohan Das Gupta—Starred Question No. 157.

প্রশ্ন

১। ১৯৬৮-৬৯ সালে কোন কোন চা-বাগান এবং শিল্প প্রতিষ্ঠান কত সংখ্যক শ্রমিক এবং কর্ম্মচারী ছাঁটাই করিয়াছেন তাহার হিসাব ?

২। এই সকল ছাঁটাই শ্রমিকদের কাজে পুনর্ব্বহালের জন্য সরকার কি কি প্রচেষ্টা চালাইয়াছেন এবং তাহার ফলাফল কি ?

৩। ছাঁটাই-এর সময়ের জন্য কর্ত্তৃপক্ষ কোন ভাতা দেন কি ?

৪। যদি না দিয়া থাকেন, ঐ সম্পর্কে সরকার কোন আইন প্রনয়ণ করিবেন কি ?

উত্তর

১। ক) কো-অপারেটিভ সোসাইটি, খয়েরপুর—২
খ) ত্রিপুরা হোলসেল কনজিউমাস সোসাইটি—২
গ) মেঃ গানম ডাংকারলি—১
ঘ) মেঃ শিলচর অটোমোবাইলস—১
ঙ) নেহাল চন্দ্রনগর সর্ব্বার্থ সাধক সমবায় সমিতি—১
চ) অল ত্রিপুরা ট্রাক ওনার্স এসোসিয়েশন—৭
ছ) মহেশপুর চা-বাগান—২
জ) মেঃ হিন্দুস্থান বিস্কুট কোং—১
ঝ) জয়লক্ষ্মী প্রেস—৪

২। এই সকল শ্রমিকদের পুনর্বহাল অথবা অন্যান্য সুযোগ সুবিধা দান সম্পর্কে শ্রম আইনের বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হইয়াছে এবং এখনও করা হইতেছে। ফলে ৭টি বিরোধীয় বিষয়ের আপস মীমাংসা হইয়াছে এবং অন্যান্যগুলি এখনও মীমাংসাধীন আছে।

৩। না। ১৯৪৭ইং সালে শিল্প বিরোধ আইনের বিধান অনুযায়ী তাহারা ছাটাই সংক্রান্ত সুযোগ সুবিধা পাওয়ার অধিকারী।

৪। ১৯৪৭ইং সালের শিল্প বিরোধ আইনের বিধান ব্যতীত বর্ত্তমানে অন্য কোন আইন প্রনয়নের প্রস্তাব নাই।

শ্রীবিদ্যাচন্দ্র দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যারা বাগানে বা শিল্পে নিযুক্ত আছেন, তাদেরকে কোন নিযুক্তি পত্র দেওয়া হয় কিনা ?

শ্রীতড়িত মোহন দাশগুপ্ত :—পুরানো যারা আছে, তাদের ক্ষেত্রে এই প্রশ্ন উঠে না, তবে নূতন যদি হয়, তাহলে আই ওয়ান্ট নোটিশ ফর দ্যাট।

Mr. Speaker—Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma—Starred Question No. 42.

Shri Krishnadas Bhattacharjee—Starred Question No. 42.

প্রশ্ন

১। বর্ত্তমানে ত্রিপুরা থেকে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ণেরত কতজন ছাত্র ছাত্রীকে ত্রিপুরা সরকার আর্থিক সাহায্য করিতেছেন ?

২। অধ্যয়ণরত এরকম ছাত্রছাত্রীদের মাসে কত টাকা করে আর্থিক সাহায্য দেওয়া হয় এবং বৎসরে কতটি কিস্তি করে দেওয়া হয় ?

৩। উপরোক্ত ছাত্র ও ছাত্রীদের থাকা ও খাওয়ার ব্যাপারে ত্রিপুরা রাজ্য সরকারের পক্ষ থেকে কোন রকম হোষ্টেলের ব্যবস্থা করা হয় কি না ?

৪। যদি না হয়ে থাকে ইহার কারণ কি ?

উত্তর

১। ২৬ জনকে।

২। (a) মেধা বৃত্তি

নন্ হোষ্টেলার

৫ জনকে মাসে ১০০.০০ টাকা করিয়া দেওয়া হয়।

হোষ্টেলার

১ জনকে মাসে ১১০.০০ টাকা করিয়া দেওয়া হয়।

নিম্ন আয়ের বৃত্তি

হোষ্টেলার

৮ জনকে মাসে ৫০.০০ টাকা মাসিক বৃত্তি এবং তদ্‌তিরিক্ত বেতন পরীক্ষার ফিস্ ইত্যাদি।

নন্ হোষ্টেলার

১২ জনকে মাসে ৩৫.০০ টাকা

b) বৎসরে দুই কিস্তিতে টাকা বিশ্ববিদ্যালয়ে পাঠানো হয়।

৩। না।

৪। কোন প্রয়োজন অনুভূত হয় নাই।

শ্রীঅঘোর দেববর্ম্মা :— মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে, যেসব ছাত্র কলিকাতা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত আছে, তারা কোন হোষ্টেলে আছেন ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্ত্তৃক অনুমোদিত বিভিন্ন হোষ্টেলে আছেন।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয়, এসব হোষ্টেলের নাম বলতে পারেন কি ? এবং তাদের কে কোন হোষ্টেলে আছেন ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—আই ওয়ান্ট নোটিশ।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় খবর রাখেন কি যে তিনি বলেছেন বছরে দুই কিস্তিতে তাদের দেওয়া হয়, কিন্তু প্রকৃতপক্ষে তাদের বছরে এক কিস্তিতে দেওয়া হয়। অর্থাৎ ৯ মাসের টাকা তাদেরকে এক সংগে দেওয়া হয়, এতে তাদের সেখানে অনেক অসুবিধা ভোগ করতে হয় ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—স্পেসিফিক কেস দিলে পরে অনুসন্ধান করে দেখব।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—স্পেসিফিকই বলছি যে তাদের প্রত্যেকেরই বছরে একবার করে দেওয়া হয়। আর মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারেন কি যে বর্ত্তমানে সাহায্য প্রাপ্ত ছাড়া আর কতজন ছাত্রছাত্রী কলকাতা বিশ্ববিদ্যালয়ে ত্রিপুরা থেকে পড়াশুনা করছেন ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—এটা আমাদের জানা নেই।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি এই খবর জানেন যে কলকাতা বিশ্ববিদ্যালয়ে যেসব ছাত্র পড়াশুনা করছেন তারা নিজেদের উদ্যোগে একটা ঘর ভাড়া করে সেটাকে রেসিডেন্সিয়াল হোষ্টেলের মত করে তারা সেখানে পড়াশুনা করছেন ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—হতে পারে, কিন্তু সেটা আমাদের শিক্ষা দপ্তরের জানা নেই।

শ্রীবিনোদ বিহারী দাস :— মাননীয় মন্ত্রী মহোদয় প্রশ্নোত্তরে বলেছেন যে নন-হোষ্টেলার ছাত্র ছাত্রী যারা তাদের সাহায্য দেওয়া হয়, তারা কোথায় আছেন বলতে পারেন কি ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—তারা নিজেরা ব্যবস্থা করে থাকেন।

শ্রীবিনোদ বিহারী দাস :—ত্রিপুরা সরকারের তরফ থেকে তাদের সুযোগ সুবিধা করে দেওয়ার কোন চিন্তা ভাবনা আছে কিনা ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—বর্ত্তমানে কোন চিন্তা ভাবনা নেই বা বাজেটে কোন অর্থ এর জন্য বরাদ্দ করা হয় নাই।

শ্রীবিনোদ বিহারী দাস :—ছাত্রদের তরফ থেকে এই ব্যাপারে কোন রিপ্রেজেনটেশান সরকার পেয়েছেন কি না ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—আমি নোটিশ চাই স্যার।

শ্রীবিনোদ বিহারী দাস :—এই অসুবিধাগুলি দূর করে যাতে ছাত্র ছাত্রীরা ভালভাবে পড়াশুনা করতে পারেন, সেই দিক থেকে তাদের সুযোগ সুবিধা দেওয়ার কথা চিন্তা করতে রাজী আছেন কিনা ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—চিন্তা করে দেখা যাবে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, বর্ত্তমানে এই ছাত্ররা যে সমস্ত হোষ্টেলে থাকেন, সেই সমস্ত হোষ্টেলগুলির মধ্যে ত্রিপুরার ডাইরেক্টরেট থেকে সীট রিজার্ভেশানের ব্যবস্থা আছে কিনা ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :–না, রিজার্ভেশানের ব্যবস্থা থাকেনা।

মিঃ স্পীকার :—শ্রীমনোরঞ্জন নাথ।

শ্রীমনোরঞ্জন নাথ :—কোয়েশ্চান নাম্বার ১২।

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—কোয়েশ্চান নাম্বার ১২ স্যার।

প্রশ্ন

ক] বর্ত্তমান বৎসরে ধর্ম্মনগর Girls' Higher Secondary স্কুলে ও পদ্মপুর স্কুলে কতজন ছাত্রী Class VI এবং Class IX এ ভর্তির জন্য দরখাস্ত করিয়াছিল ও admission test দিয়েছিল তম্মধ্যে কতজন ছাত্রী ভর্তি হওয়ার সুযোগ পেয়েছে ;

খ] উক্ত স্কুলগুলিতে section বাড়াইয়া ছাত্রী ভর্তির সমস্যা সমাধান করার কোন পরিকল্পনা আছে কি ?

উত্তর

ক]

শ্রেণী	ধর্ম্মনগর উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়।		পদ্মপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।	
	ভর্ত্তির জন্য প্রার্থী ও ভর্ত্তি পরীক্ষায় উপস্থিত ছাত্রীর সংখ্যা	ভর্ত্তি হইয়াছে এরূপ ছাত্রীর সংখ্যা।	ভর্ত্তির জন্য প্রার্থী ও ভর্ত্তি পরীক্ষায় উপস্থিত ছাত্রীর সংখ্যা।	ভর্ত্তি হইয়াছে এরূপ ছাত্রীর সংখ্যা
ষষ্ঠ শ্রেণী	১২৯	৮০	৭৬	৪৮
নবন শ্রেণী	৭৫	৬২	২৬	২৪

খ) না।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি, এই সমস্ত ছাত্ররা স্কুলে এ্যাড্‌মিশন না পাওয়ার দরুণ তাদের পড়া বন্ধ হয়ে গেছে কি না ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—না, পড়া বন্ধ হয় নি। সিলেকশান টেষ্টে যারা টিকেনি ঐ রকম ছাত্রকে ভর্তি করা হয় নি।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয়, স্কুলে সীট না থাকার দরুণ এ্যাডমিশন টেষ্টে ডিসএ্যালাউড করা হয়েছে কি না ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য :—সীট না থাকার দরুণ এ্যাডমিশন টেষ্টে ডিসএ্যালাউড করা হয়েছে বলতে পারিনা, কারণ ভর্তির পারসেন্টেজ কম নয়? যথেষ্ট।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয়ের জানা আছে কি, আরও অনেক ছাত্র আছে, যারা ভর্তির সুযোগ পাচ্ছে না?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য :—সেই রকম কোন আবেদন শিক্ষা দপ্তরে নেই।

শ্রীআবদুল ওয়াজিদ :—মাননীয় মন্ত্রী মহোদয় জানেন কি, যেসব ছাত্র সেকেণ্ড ডিভিশনে পাশ করেছে, তাদেরকেও ডিসএ্যালাউড করা হয়েছে, যার ফলে তারা পরীক্ষা দেওয়ার সুযোগ পায়নি?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য :—আমাদের এখানে এই রকম কোন তথ্য নেই, মাননীয় সদস্য তথ্য দিলে পরে আমি অনুসন্ধান করে দেখতে পারি।

মিঃ স্পীকার :—শ্রীযতীন্দ্র কুমার মজুমদার।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :—কোয়েশ্চান নাম্বার ১১।

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য :—কোয়েশ্চান নাম্বার ১১ স্যার।

প্রশ্ন

ক) কাঞ্চনপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের Tribal Boardingটিতে কত ছাত্র থাকার ব্যবস্থা আছে?

উত্তর

ক) ২০ জন ছাত্র থাকার ব্যবস্থা আছে।

শ্রীঘনশ্যাম দেওয়ান :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, এই ট্রাইবেল বোর্ডিং-এর এক্সটেনশানের পরিকল্পনা সরকারের আছে কি না?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য :—প্রয়োজনবোধে এটা দেখা যাবে, এখন কোন পরিকল্পনা নেই।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, এই বোর্ডিং হাউসটা কাচ্চা না পাক্কা?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য :—এটা আমার জানা নেই, আমি পরে বলব।

শ্রীঘনশ্যাম দেওয়ান :—এই বোর্ডিং-এর মধ্যে পানীয় জলের এবং ল্যাট্রিনের কোন ব্যবস্থা আছে কি না, মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য :—নিশ্চয়ই পানীয় জল এবং ল্যাট্রিনের ব্যবস্থা আছে, নয়তো সেখানে থাকে কি করে?

শ্রীঘনশ্যাম দেওয়ান :—মাননীয় মন্ত্রী মহোদয়, এই বিষয়ে যে পত্র পত্রিকায় উঠে যে সেখানে পানীয় জলের ব্যবস্থা নেই, ল্যাট্রিনের ব্যবস্থা নেই, সেই সম্পর্কে তদন্ত করে দেখা হয়েছে কি?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য :—আমি নোটিশ চাই, স্যার।

শ্রীবিদ্যাচন্দ্র দেববর্ম্মা :—এই ট্রাইবেল বোর্ডিং-এ সিডুল কাস্টের কোন ছাত্র আছে কিনা মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য :—আমি নোটিশ চাই, স্যার।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :—মাননীয় মন্ত্রী মহোদয়, বিশ্বস্তসূত্রে জানা গেছে ট্রাইবেল বোর্ডিং-এর ঘরটা অত্যন্ত জীর্ণ অবস্থায় আছে, তার দরজা, জানালা ইত্যাদি খুবই খারাপ এবং নেই বল্লেই চলে এবং পানীয় জলের এবং ল্যাট্রিনের কোন ব্যবস্থা নেই। এই সম্পর্কে তদন্ত করে বা অনুসন্ধান করে দেখবেন কি ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য :—নিশ্চয়ই দেখব এবং না থাকলে তাড়াতাড়ি দেওয়ার ব্যবস্থা করব।

মিঃ স্পীকার :—শ্রীবাজুবন রিয়াং।

শ্রীবাজুবন রিয়াং :—কোয়েশ্চান নাম্বার ৮২।

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য :—কোয়েশ্চান নাম্বার ৮২ স্যার।

প্রশ্ন

১। অমরপুর টাউনে উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয় খোলার সরকারের কোন পরিকল্পনা আছে কি ?

২। থাকিলে ঐ পরিকল্পনার বর্ত্তমান অবস্থা কি ?

উত্তর

১। হ্যাঁ।

২। বর্ত্তমান শিক্ষাবর্ষ হইতে অমরপুর জুনিয়র বেসিক স্কুল, সিনিয়র বেসিক স্কুলে (কেবল মেয়েদের জন্য) উন্নীত করা হইয়াছে। এই স্কুলটিকে উপযুক্ত সময়ে উচ্চ বালিকা বিদ্যালয়ে উন্নীত করার পরিকল্পনা আছে।

শ্রীবাজুবন রিয়াং :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, এই গভর্ণমেন্ট জুনিয়র বেসিক স্কুলটি বালিকাদের জন্য না বালকদের জন্য ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য :—জুনিয়র বেসিক স্কুল গভর্ণমেন্ট স্কুলই এবং জুনিয়র বেসিক স্কুল বালক বালিকা কম্বাইণ্ড থাকে, সিনিয়র বেসিক স্কুল থেকে সেটা আলাদা করা হয়।

শ্রীবাজুবন রিয়াং :—এই জুনিয়র বেসিক স্কুলটি অন্যত্র সিফট করার পরিকল্পনা আছে কি না জানাবেই কি ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য :—জায়গার খোঁজ করা হচ্ছে, জায়গা পেলে সেটা করা হবে।

মিঃ স্পীকার :—শ্রীরবীন্দ্র চন্দ্র দেব রাংখল।

শ্রীরবীন্দ্র চন্দ্র দেব রাংখল :—কোয়েশ্চান নাম্বার ১২৬।

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য :—কোয়েশ্চান নাম্বার ১২৬ স্যার।

প্রশ্ন

১) অমরপুর মহকুমায় অম্পীতে হাই বা হাইয়ার সেকেণ্ডারী স্কুল করার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি ?

২) যদি থেকে থাকে, তবে কতদিনের মধ্যে উক্ত পরিকল্পনা কার্য্যকরী করা হবে ?

৩) বর্ত্তমানে এ অঞ্চলের ছাত্রছাত্রীগণ ৮ম শ্রেণী অধ্যয়নের পর উচ্চ শ্রেণীতে অধ্যয়নের জন্য সরকার কি সুযোগ করিতেছেন ?

৪) অম্পী হইতে নিকটবর্ত্তী হাই স্কুলগুলির দূরত্ব কত ?

উত্তর

১) হ্যাঁ।

২) যখন অম্পীনগর সিনিয়র বেসিক স্কুলের স্কুল ম্যানেজিং কমিটি সর্ত্ত পূর্ণ করিবে।

৩) বর্ত্তমানে ভিন্ন অঞ্চলে যাওয়া ছাড়া অন্য কোন সুযোগ নাই।

৪। আনুমানিক ১৫।১৬ মাইল।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :—মাননীয় মন্ত্রী মহোদয় জানেন কি, ঐ স্কুলটির কমিটি যাবতীয় সর্ত্ত পুরণ করে চিঠি লিখিছেন ডিপার্টমেন্টের কাছে?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য :—যদি লিখে থাকেন, তাহলে হবে।

মিঃ স্পীকার :—শ্রীযতীন্দ্র কুমার মজুমদার।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :—কোয়েশ্চান নাম্বার ১৮।

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য :—কোয়েশ্চান নাম্বার ১৮ স্যার।

প্রশ্ন

জিরানীয়া ব্লকের বৃদ্ধনগর ও খয়েরপুর গাঁও সভা এলাকায় একটি বালোয়াড়ী অথবা নাসারী স্কুল গঠন করার কোন প্রচেষ্টা শিক্ষাবিভাগের আছে কি?

উত্তর

হ্যাঁ

Mr. Speaker :—Is there any Hon'ble Member interested in the question of Debendra Kishore Choudhury.

Shri Bajuban Riyan :—I am interested. Question No. 255.

Shri Krishnadas Bhattacharjee :—Mr. Speaker, Sir, question No. 255.

প্রশ্ন

১। স্কুল ফাইন্যাল ও হায়ার সেকেণ্ডারী পরীক্ষায় ত্রিপুরা হইতে এই বৎসর মোট কতজন কৃতকার্য্য হইয়াছেন?

২। বিভিন্ন কলেজে কতজন ফাষ্ট ইয়ার ও প্রি ইউনিভার্সিটি ক্লাশে ভর্ত্তির জন্য দরখাস্ত করিয়াছেন?

৩। সবাই কি ভর্ত্তির সুযোগ পাইয়াছেন? যদি সকলে ভর্ত্তি হওয়ার সুযোগ না পাইয়া থাকেন তবে সরকার ইহার প্রতিকারের কোন ব্যবস্থা করিয়াছেন কি?

উত্তর

১। স্কুল ফাইনাল পরীক্ষায় কৃতকার্য্য ছাত্রছাত্রীর সংখ্যা—১০৮

হায়ার সেকেণ্ডারী পরীক্ষায় কৃতকার্য্য ছাত্রছাত্রীর সংখ্যা—২০৬৬

২। প্রি-ইউনিভার্সিটি ক্লাশে ভর্ত্তির জন্য দরখাস্ত করিয়াছে—৩৯৬

ফাষ্ট ইয়ার ক্লাশে ভর্ত্তির জন্য দরখাস্ত করিয়াছে—২৩২০

৩। ক) না।

খ) হ্যাঁ।

শ্রী নরেশ রায়—এই সম্পর্কে সরকার কি ব্যবস্থা করেছেন?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য :—যথাসম্ভব অ্যাকমোডেশান বাড়ানো, শিফ্টে ক্লাস করানো এইভাবে যাতে আরও বেশী ছাত্র ভর্তি হতে পারে তার সুযোগ দেওয়া যেতে পারে।

Mr. Speaker—For other questions of Shri Debendra Kishore Choudhury is there any Member interested?

Shri Bajuban Riyan—Question No. 256.

Shri Krishnadas Bhattacharjee—Mr. Speaker, Sir, question No. 256,

প্রশ্ন

১। আগরতলা শহরে একাধিক্রমে তিন বৎসরের অধিককাল নিযুক্ত আছেন এরূপ শিক্ষক ও শিক্ষিকার সংখ্যা কত ?

২। মফঃস্বলে তিন বৎসর অথবা তাহারও অধিক সময় যাবৎ কাজ করিতেছেন অথচ বদলির জন্য দরখাস্ত করিয়াও কোন প্রতিকার পাইতেছেন না এরূপ শিক্ষকের সংখ্যা কত ?

৩। আগরতলা শহরে ছাত্র ও শিক্ষকের অনুপাত কি ? মফঃস্বলের স্কুলগুলিতে কি একই হারে শিক্ষক আছেন ? শিক্ষার গুরুত্ব কি মফঃস্বল ও শহরের জন্য বিভিন্ন ?

৪। ইহা কি সত্য যে মফঃস্বলের শিক্ষকগণ ন্যায্য কারণে ডেপুটি ডাইরেক্টারের সঙ্গে দেখা করিতে আসিলে উনাদের সঙ্গে দুর্ব্যবহার করা হয় ?

১। ৪৪৫।

২। ৩৩৯।

৩। (ক) প্রাইমারী স্তরে অনুমোদিত অনুপাত ১:৪০।

(খ) উচ্চ মাধ্যমিক স্তরে অনুমোদিত অনুপাত ১:২০

(খ) হ্যাঁ।

(গ) না।

৪। এইরূপ কোন অভিযোগ সম্পর্কে সরকার জ্ঞাত নহে।

শ্রীনরেশ রায়—মাননীয় মন্ত্রী মহোদয় বলেছেন শহর এলাকার স্কুলগুলিতে এবং মফঃস্বল এলাকার স্কুলগুলিতে শিক্ষকের হার একই রকম। কিন্তু যদি প্রমাণ হয় যে এক রকম নয় তাহলে কি হবে ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য—হ্যাঁ। নিশ্চয়ই যদি কোথায়ও কম থাকে তাহলে বাড়িয়ে দেওয়া হবে।

শ্রী বি, দাস—মাননীয় মন্ত্রী মহোদয় প্রথম প্রশ্নের উত্তরে বলেছেন যে আগরতলা শহরে ৪৪৫ জন। তারা কি বিশেষ দলের কোন আত্মীয় বা স্নেহভাজন বলেই তারা এই শহরে ৩ বৎসরের বেশী থাকার যোগ্যতা অর্জ্জন করেছেন ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য—এমন কোন নিয়ম নেই সরকারের।

শ্রীনরেশ রায়—একাধিক্রমে কত বৎসর চাকুরী করলে ট্র্যান্সফার করা হয় ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য—এটার কোন বাঁধা ধরা নিয়ম নাই। প্রয়োজন হলেই ট্র্যান্সফার করা হয়।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত—ট্র্যান্সফারের কোন বাঁধাধরা রুলস্ আছে কি না ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য—ট্র্যান্সফারের কোন বাঁধাধরা রুলস্ নাই।

শ্রীএরসাদ আলী চৌধুরী—ট্র্যান্সফারটা কি গভর্ণমেন্টের প্রয়োজনে করা হয় না শিক্ষকদের প্রয়োজনে করা হয় ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য—পাবলিক ইনটারেষ্টে করা হয়।

Mr. Speaker—Is any other member interested in the question of Shri Debendra Kishore Choudhury ?

Abdul Wazid—Question No. 620.

Shri Krishnadas Bhattacharjee—Mr. Speaker, Sir, question No. 620.

প্রশ্ন

১। ১৯৬৮ সালে কলেজে admission নিবার সময় এরূপ নোটীশ দেওয়া হইয়াছিল কি যে বর্ণ হিন্দু এবং মুস্‌লিম ছাত্রদের যোগ্যতা 1st Division এবং 2nd Division হইতে হইবে এবং তপশীল ছাত্রদের এবং উপজাতি ছাত্রদের যে কোন ডিভিশন হইলেই চলিবে ?

২। যদি এরূপ হইয়া থাকে তবে ইহাতে শিক্ষার উদ্দেশ্য কি ব্যাহত হয় না ?

১। না।

২। প্রশ্ন উঠে না।

Mr. Speaker :—There are five unstarred Questions to-day. The Ministers may lay on the Table of the House the replies of the unstarred Questions.

Calling Attention

I have received a calling attention Notice from the Hon'ble Member Shri Bidya Ch. Deb Barma. I have given consent to the motion of Shri Bidya Deb Barma. I would request the Hon'ble Minister in-charge of the Department to make a Statement. If the Hon'ble Minister is not in a position to make a statement to-day he will kindly give me a date when the Calling Attention Notice will be shown on the order paper for a statement.

Shri S. **L. Singh** :—Hon'ble Speaker, Sir, I shall make the statement on 25th March.

Mr. Speaker :—The Hon'ble Minister will make the statement on 25th March, 1969.

PRESENTATION OF THE BUDGET FOR 1969-70

Mr. Speaker :— To-day in the List of Business is the Presentation of Budget Estimate for 1969-70.

Now I call on Hon'ble Krishnadas Bhattacherjee, Minister-in-charge of Finance Department to present the Budget Estimate for 1969-70.

Shri Krishnadas Bhattacherjee :—

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

আমি এই সভায় রাষ্ট্রপতি কর্তৃক অনুমোদিত ও এ্যাডমিনিষ্ট্রেটরের স্বীকৃতি প্রাপ্ত ত্রিপুরার ১৯৬৯-৭০ সালের বার্ষিক অর্থনৈতিক বিবৃতি পেশ করিতেছি।

২। এই বিবৃতিটি আলোচনা করিবার পূর্বে বিগত আর্থিক বৎসরে কতকগুলি গুরুত্বপূর্ণ ও মৌলিক ক্ষেত্রে আমাদের কর্মতৎপরতার সাফল্য ও আগামী বৎসরের পরিকল্পিত লক্ষ্যের বিষয়ে কিছু বলতে চাই। এই পরিপ্রেক্ষিতে চলতি বৎসরের সংশোধিত বরাদ্দে বিভিন্ন খাতের ব্যয় এবং আগামী বৎসরের বাজেট বরাদ্দের সার্থকতা উপলব্ধি করা সহজতর হইবে।

৩। মুখ্য প্রশাসক তাঁহার ভাষণ প্রসঙ্গে ইতিপূর্বে এই রাজ্যের বিস্তৃত সমস্যার উল্লেখ করিয়াছেন। সরকার এইসব সমস্যা সমাধানের কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন বা করিতে প্রস্তাব করিয়াছেন তাহাও তিনি বিস্তারিতভাবে আলোচনা করেন। মুখ্য প্রশাসক যেইসব বিষয়ের উল্লেখ করিয়াছেন আমি সেইগুলির পুনরুল্লেখ করিব না।

৪। প্রথমেই আমি যে বিষয়ের উপর গুরুত্ব আরোপ করিতে চাই তাহা হইল এই যে জাতীয় অর্থনীতির চলমান অবস্থা হইতে স্ব-সমৃদ্ধ অর্থনীতিতে উত্তরণের বৃহত্তর পটভূমিকায় এই রাজ্যের জনগণের কল্যান চিন্তা করিতে হইবে। গত দুই বৎসরে জাতীয় অর্থনীতিতে মন্দা দেখা দিলেও এখন আমরা উত্তরণের দ্বার প্রান্তে উপস্থিত হইয়াছি। শিল্পায়নে তৎপরতার এই

উর্দ্ধগতি রক্ষা করিতে পারিলেই শিল্পোন্নয়নের সম্ভাবনা উজ্জলতর হইবে। ইহার ফলে অনুন্নত অঞ্চলগুলিতে ক্ষুদ্র ও বৃহৎ নুতন নুতন শিল্পোদ্যোগ গড়িয়া তুলিয়া অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে আঞ্চলিক অসমতা দূরীকরণ সম্ভবপর হইবে। ত্রিপুরায় প্রধানতঃ বন ও কৃষিভিত্তিক শিল্পগুলির উন্নয়নের সম্ভাবনার কথা এই বৃহত্তর পরিপ্রেক্ষিতেই চিন্তা করিতে হইবে।

৫। এখনও কৃষিই হইল দেশের সর্ব্বাপেক্ষা গুরুত্বপূর্ণ শিল্প। খাদ্যে স্বয়ং সম্পূর্ণতা লাভের পথে প্রধান বাধা অপসারণের জন্য দেশে বিপুল উদ্যম চলিতেছে। অন্যান্য রাজ্যের মত এখনও ত্রিপুরায় সবুজ বিপ্লবের প্রভাব পুরাপুরি অনুভব করা যায় নাই। তবু গত কয়েক বৎসরে আমরা খাদ্যে স্বয়ম্ভরতার পথে অনেক অগ্রসর হইয়াছি। বিদ্যুৎ শক্তির অপ্রতুলতার দরুণ উপযুক্ত নিয়ন্ত্রিত সেচ ব্যবস্থার অভাবই কৃষিক্ষেত্রে আমাদের প্রধান ক্রটি। আসাম হইতে বিদ্যুৎ এ বৎসরের মধ্যে ধর্ম্মনগরে এবং আগামী বৎসরের মার্চ্চ মাসর মধ্যে আগরতলায় আসিয়া পৌঁছিবে। গ্রামীণ বৈদ্যুতিকীকরণ প্রকল্প সহ গোমতী জল বিদ্যুৎ প্রকল্প আগামী ১৯৭১ সালের মার্চ মাসের মধ্যে শেষ হইবে বলিয়া সরকার আশা করিতেছেন। এই সকল কাজ শেষ হইলে আগামী দুই বৎসরের মধ্যে কৃষি উৎপাদন অনেক বাড়িবে। ইতিমধ্যে ভারত সরকার ভূতত্ব সমীক্ষক দল ভূগর্ভস্থ জলধারা সেচের ব্যাপারে কাজে লাগাইবার বিষয়ে সমীক্ষা চালাইতেছেন। এই সমীক্ষার কাজ যত শীঘ্র সম্ভব শেষ করার জন্য ত্রিপুরা সরকার ভারত সরকারের সাথে ঘনিষ্ট যোগাযোগ রক্ষা করিয়া আসিতেছেন। সার, উন্নত ধরণের বীজ ব্যবহার শস্যরক্ষা ও জমি সংরক্ষণের ক্ষেত্রে যথেষ্ট অগ্রগতি হইয়াছে। অধিক ফলনশীল ধান ও গমের চাষ প্রবর্ত্তনের মাধ্যমে ত্রিপুরায় কৃষি উৎপাদনের ক্ষেত্রে নূতন দিগন্তের সূচনা হইয়াছে। পাট, মেস্তা, আলু, আখ এবং তৈলবীজ উৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে কয়েটি সহায়ক প্রকল্প রূপায়ণের কাজ চলিতেছে।

৬। এখানে ইহার উল্লেখ প্রয়োজন যে সার, বীজ, কীটনাশক ঔষধ, কৃষি যন্ত্রপাতি ইত্যাদির উপর যে ভরতুকি দেওয়া হইত ভারত সরকার চলতি বৎসরের সাধারণ নীতি হিসাবে তাহা রহিত করিয়াছিলেন। এই রাজ্যের বিশেষ সমস্যার কথা বিবেচনা করিয়া এই ভরতুকি তুলিয়া না নিবার জন্য রাজ্য সরকারের অনুরোধ ভারত সরকার রক্ষা করিয়াছেন। দুধ সরবরাহ প্রকল্পের অধীনে বিভিন্ন কার্য্যক্রম সম্প্রসারিত হওয়ার ফলে গ্রামীণ জনসাধারণের আয়ের সংস্থান হইয়াছে। আগরতলায় দুগ্ধ ডেয়ারী এখন দৈনিক ৪৩০০ লিটার দুধ সরবরাহ করে, যদিও ইহার লক্ষ্য মাত্রা ছিল মাত্র ৩০০০ লিটার। চতুর্থ পরিকল্পনায় ইহার লক্ষ্য মাত্রা দৈনিক ১০,০০০ লিটার ধার্য্য হইয়াছে। গ্রামাঞ্চল হইতে অধিক পরিমাণে দুগ্ধ সংগ্রহের জন্য আগামী বৎসরে উদয়পুর, তেলিয়ামুড়া, ধর্ম্মনগর, কৈলাসহর এবং আম্বাসায় ২টি গ্রামীণ ডেয়ারী কেন্দ্র, তিনটি চিলিং সেন্টার (ফার্ম্ম বাল্ক কুলিং ট্যাঙ্ক সহ) চালু করার প্রস্তাব রহিয়াছে।

৭। আমি সানন্দে মাননীয় সদস্যদিগকে জানাইতেছি যে এই রাজ্য খাদ্যে ক্রমাগত ঘাটতি থাকিলেও চলতি বৎসরে নিত্য প্রয়োজনীয় জিনিপত্রের দর মোটামুটি স্থিতিশীল ছিল। বস্তুতঃ বিগত বৎসরগুলির তুলনায় চলতি বৎসরে চাউলের বাজার দর নিম্নে ছিল। তবে কোন কোন এলাকায় চাউলের দর বৃদ্ধি পাওয়ার প্রবণতা লক্ষ্য করা গেলেও সরকার চাউলের বাজার দর যাহাতে অস্বাভাবিক বাড়িতে না পারে সেই দিকে সতর্ক দৃষ্টি রাখিতেছেন। গত বৎসর অভাবের মাসগুলিতে যেইসব রেশন দোকান খোলা হইয়াছিল তার একটিও বন্ধ করা হয় নাই। বরং গমের সরবরাহের মাত্রা বৃদ্ধি করা হয়। সরকার ৭১,০০০ মেট্রিক টন খাদ্যশস্য দিবার জন্য কেন্দ্রীয় সরকারের নিকট অনুরোধ জানাইয়াছেন।

৮। কেন্দ্রীয় সরকারের মজুত ভাণ্ডার হইতে খাদ্য আমদানী করার সঙ্গে সঙ্গে আভ্যন্তরীণ সংগ্রহের মাধ্যমে ধান চাল মজুত করা অত্যন্ত প্রয়োজনীয় বলিয়া রাজ্য সরকার অনুভব করেন। সরকারের বিশ্বাস আছে যে আভ্যন্তরীণ সংগ্রহের মাধ্যমে যে পরিমাণ ধান চালই সংগ্রহ হউক না কেন তাহা সাময়িক রেশন ব্যবস্থা চালু রাখিতে যথেষ্ট সহায়ক হইবে। কৃষকদের প্রয়োজনানুযায়ী বীজ সরবরাহ করিতেও ইহা সহায়ক হইবে।

৯। ভারত সরকার মঞ্জুরীকৃত প্রকল্পানুযায়ী সরকারী খাতে লবণ, ডাল এবং ভোজ্য তেলের মজুত ভাণ্ডার (বাফার ষ্টক) সংরক্ষণ করা হইতেছে। উত্তরবঙ্গে বিধ্বংসী বন্যার ফলে রেল যোগাযোগ বিচ্ছিন্ন হইয়া যাওয়াতে নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য ঊর্ধ্বগামী হওয়ার উপক্রম হইয়াছিল। কিন্তু সরকারের মজুত ভাণ্ডার হইতে আবশ্যক দ্রব্যাদি সরবরাহের ফলে মূল্যের ঊর্ধ্বগতি কিছু পরিমাণে রোধ করা যায়।

১০। উন্নততর সেচ ব্যবস্থা অবলম্বন, ভাল বীজ ও প্রয়োজনীয় সার সরবরাহ আর্থিক সাহায্য প্রদান প্রভৃতি বিভিন্ন উপায়ে অনুপ্রেরণা দান করিয়া কৃষিজাত পণ্যের উৎপাদন বৃদ্ধি করিবার জন্য সম্ভাব্য সকল রকমের ব্যবস্থা গ্রহণের সাথে সাথে ভূমি সংস্কার আইনের কার্য্যকারিতা পর্য্যালোচনা করিয়া এবং ভূমিহীন কৃষক, বর্গাদার ও জুমিয়াদের স্বার্থে বিভিন্ন প্রয়োজনীয় সংশোধনী প্রস্তাব আনিয়া যাহারা চাষ করেন তাহাদিগকে একটি আর্থিক নব বিধান দান করিতে সরকার চেষ্টা করিবেন। পুনর্বাসনের কাজ চলাকালীন কয়েক বৎসরের বকেয়া রাজস্ব সম্পর্কে কোন কোন মহলে যে ভ্রান্ত ধারণা রহিয়াছে সরকার তাহা অবগত আছেন। এই সুযোগে আমি এই সভাকে আশ্বাস দিতেছি যে বকেয়া রাজস্ব আদায়ে কৃষকদের উপর যাহাতে চাপ না পড়ে সেইদিকে সরকার বিশেষ দৃষ্টি রাখিবেন। এই বিষয়ে মুখ্য সাইতকওি প্রশপূর্বে আশ্বাস দিয়াছেন।

১১। মাত্র আর কয়েক সপ্তাহ পরেই আমরা বহু প্রতীক্ষিত চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার রূপায়ণ সুরু করিব। গত তিনটী পঞ্চবার্ষিক পরিকল্পনা ও তিনটী বার্ষিক পরিকল্পনায় যে সকল কার্য্য সম্পন্ন হইয়াছে সেইগুলির দিকে তাকাইলে কেহ অস্বীকার করিবেন না যে সামাজিক সেবামূলক কার্য্যাদি যেরূপ লক্ষণীয়ভাবে বৃদ্ধি পাইয়াছে বিগত ১৫ বৎসরে উন্নয়নমূলক কার্যগুলি রূপায়ণের জন্য নিয়োজিত অর্থবিনিয়োগের অনুপাতে উৎপাদন ক্ষেত্রে তদনুরূপ বিকাশ ঘটে নাই। এই পর্য্যন্ত আমরা যে সকল কাজ সম্পন্ন করিয়াছি তাহাতে শিক্ষা জনস্বাস্থ্য প্রভৃতি ক্ষেত্রে যে উন্নতি সাধিত হইয়াছে সেইজন্য আমরা আনন্দ অনুভব করিতে পারি। কিন্তু সেই সঙ্গে আমাদের ইহা স্বীকার করিতে হইবে যে উৎপাদন ব্যবস্থার বিকাশ এবং সামাজিক সেবামূলক কার্যক্রম সম্প্রসারণের মধ্যে চলতি অসমতার ফলে এমন কতকগুলি অসঙ্গতিকর অবস্থার সৃষ্টি হইয়েছে যাহা সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নের সহায়ক নয়। এই অবস্থা উল্লিখিত অসম উন্নয়নেরই বহিঃপ্রকাশ। দৃষ্টান্তস্বরূপ শিক্ষিত বেকারদের সমস্যাটি এই মন্থর অর্থনৈতিক উন্নয়নের পরিপ্রেক্ষিতে নিরীক্ষণ করিতে হইবে এবং প্রতি বৎসর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হইতে যে সকল ছাত্র-ছাত্রী বিভিন্ন স্তরের শিক্ষা সমাপনপূর্বক বাহির হইয়া আসিতেছেন সরকার তাহাদের সকলেরই কর্ম সংস্থান করিয়া দিবেন একরূপ চিন্তাধারা আমাদের ত্যাগ করিতে হইবে। অর্থনৈতিক উন্নয়নের বর্তমান পর্যায়ে

প্রশাসনিক ব্যবস্থার মধ্যে কর্ম সংস্থানের সামান্য সুযোগেই অবশিষ্ট আছে। কৃষি কার্য্যকে আরও লাভজনক করিয়া তুলিয়া গ্রামাঞ্চলে কর্ম্ম সংস্থানের সুযোগ বৃদ্ধির উদ্দেশ্যে কৃষি ব্যবস্থার আধুনিকীকরণের জন্য সর্ব্বপ্রকারের চেষ্টা চালাইতে হইবে এবং এইরূপ ব্যবস্থার ফলে খাদ্যে ত্রিপুরা যে শুধু স্বয়ম্ভর হইবে তাহাই নয়, চাকুরীর সন্ধানে গ্রামীণ বুদ্ধিজীবীদের পল্লী অঞ্চল পরিত্যাগপূর্ব্বক শহরে আসার বর্ত্তমান প্রণবতাও রোধ হইবে।

১২। অনুরূপভাবে শিল্পোন্নয়নের কাজ ত্বরান্বিত করিয়া কর্ম্ম সংস্থানের নূতন সুযোগ সৃষ্টি করিতে হইবে। আমি এই সভাকে আশ্বাস দিতেছি যে চতুর্থ পরিকল্পনা কালে কৃষি ও শিল্প ক্ষেত্রে উন্নয়ন দ্রুততর করিবার জন্য কার্য্যকরী ব্যবস্থা অবলম্বন করিতে এবং বেতনভোগী কাজ ছাড়া অন্যান্য লাভজনক কাজে নিজেদের নিয়োজিত করিবার জন্য যুবকদের উৎসাহিত করিতে সরকার চেষ্টার কোন ত্রুটি করিবেন না।

১৩। আমি পূর্ব্বেই বলিয়াছি যে আমাদের অপেক্ষাকৃত উচ্চাভিলাষী যুবকগণ স্বাধীন অর্থনৈতিক উদ্যোগ গড়িয়া তুলিবার জন্য পশুপালনসহ আদর্শ খামার স্থাপন, হাঁস-মুরগী পালন, দুগ্ধ সরবরাহ, ফলচাষ, মৎস্য চাষ প্রভৃতি কাজে নিজেদের নিয়োজিত করিতে পারেন। দুগ্ধ উৎপাদনে উৎসুক গৃহস্থদের ঋণ দান এবং দুগ্ধ সরবরাহ কেন্দ্র স্থাপনে উৎসুক ব্যক্তিদিগকে সমবায় সমিতির মাধ্যমে সাহায্যের জন্য সরকারের একটি প্রস্তাব আছে। এই সকল কাজে আগ্রহী উদ্যোগকারীদিগকে উৎসাহ দানের জন্য আর্থিক সাহায্য সংক্রান্ত নিয়মকানুন উদার করিবার বিষয়টি সরকার বিশেষভাবে বিবেচনা করিতেছেন। স্থানীয় প্রয়োজনের উপযোগী করিয়া তুলিবার জন্য সমবায় আইন ও নিয়মাবলী সংশোধনের প্রস্তাব রহিয়াছে। ক্ষুদ্রায়তন শিল্প সংস্থা গড়িয়া তুলিবার কাজে আগ্রহী ব্যক্তিগণ শিল্প উপদেষ্টা বোর্ড এবং ক্ষুদ্র শিল্প সংস্থা কর্পোরেশনের মাধ্যমে সরকার কর্ত্তৃক প্রদত্ত শিল্প ঋণের সুযোগ সুবিধা গ্রহণ করিতে পারেন।

১৪। ক্রমবর্দ্ধমান বেকার সমস্যার দিকে লক্ষ্য রাখিয়া শ্রম কল্যাণ পরিকল্পনা অনুযায়ী কর্ম্ম সংস্থান কাজে সাহায্যের জন্য রাজ্য সরকার আরও কতকগুলি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন। এইগুলির মধ্যে রাজ্য ও জাতীয় পর্য্যায়ে কর্ম্ম সংস্থানের তথ্য সংগ্রহ, ১৯৫৯ সালের কর্ম্মখালীর বাধ্যতামূলক বিজ্ঞপ্তি আইনের রূপায়ণ এবং বৃত্তিমূলক নির্দেশক ইউনিট শক্তিশালীকরণ প্রভৃতি উল্লেখযোগ্য। বিভিন্ন কর্ম্মখালি সম্পর্কে তথ্য সরবরাহ এবং প্রার্থীরা যাহাতে বিভিন্ন পদের জন্য আবেদন করিতে পারেন সেই জন্য সময়মত আবেদনপত্র পাঠানোর বিষয়টি এই সরকার ভারত সরকারের গোচরে আনিয়াছেন। আগরতলায় বিভিন্ন সরকারী চাকুরীর পরীক্ষা কেন্দ্র খুলিবার জন্যও সরকার প্রস্তাব করিয়াছেন।

১৫। কয়েক বৎসর পূর্ব্বে ব্যবহারিক অর্থনৈতিক গবেষণার জন্য জাতীয় পরিষদ যে কারিগরি অর্থনৈতিক সমীক্ষা পরিচালনা করিয়াছিলেন ইহাতে ত্রিপুরায় কৃষি ও বন ভিত্তিক শিল্পের সম্ভাব্যতার উল্লেখ আছে। তাহাদের সুপারিশের পরিপ্রেক্ষিতে অর্থনৈতিক উন্নয়নে

বন সংরক্ষণের প্রাসঙ্গিকতা এবং ইহার সহিত যুক্ত ভূমিহীন ও জুমিয়াদের পুনর্ব্বাসন সমস্যার গুরুত্ব উপলব্ধি করা যায়।

১৬। এই উদ্দেশ্যে এই সরকার 'ভূমি ব্যবহার ও ভূমি সংরক্ষণ পর্ষদ এবং সংরক্ষিত বন পুনর্বিন্যাস কমিটি' নামে দুইটি সমিতি গঠন করেন। প্রায়শঃই এই সমিতিগুলির অধিবেশন হয় এবং যথোপযুক্ত পরীক্ষা করার পর এই সমিতিগুলি বন এলাকা, বিশেষ করিয়া সংরক্ষিত বন এলাকা হইতে জুমিয়া ও অন্যান্য ভূমিহীনদের পুনর্ব্বাসনের জন্য ভূমি ছাড়িয়া দেওয়ার জন্য সুপারিশ করেন। সংরক্ষিত বন গঠনের জন্যও এই সমিতিগুলি যথোপযুক্ত সুপারিশ করেন।

১৭। ভূমিহীন আদিবাসীরা সংরক্ষিত বনের বন-গ্রামবাসী বলিয়াও গণ্য হইতেছেন। ১৪২৭টি আদিবাসী জুমিয়া পরিবার এই পর্য্যন্ত বন-গ্রামবাসী হিসাবে গণ্য হইয়াছেন। বন শ্রমিকগণের সুযোগ সুবিধার জন্য বন শ্রমিক সমবায় সমিতিও গঠন করা হইয়াছে।

১৮। বন উন্নয়নের মাধ্যমে আদিবাসীদের সুযোগ সুবিধা দান ছাড়াও সরকার তপশীল উপজাতি, তপশীল ও অনুন্নত শ্রেণীর কল্যাণের জন্য অন্যান্য কয়েকটি কর্ম্মসূচী গ্রহণ করিয়াছেন।

১৯। মোট ১৫ লক্ষ টাকা ব্যয়ে ৪০০ পরিবারের পুনর্বাসনের জন্য একটি পাইলট প্রোজেক্ট ছাড়াও ১৯৬৯-৭০ সালের জন্য এই উদ্দেশ্যে আরও ৫ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে।

২০। যক্ষা, ক্যান্সার ও অন্যান্য মারাত্মক রোগাক্রান্ত আদিবাসী রোগীগণের চিকিৎসার জন্য, আদিবাসী রোগীগণকে নিকটবর্ত্তী হাসপাতালে বহন করার জন্য এবং আদিবাসী মেয়েদের ধাই ট্রেনিং এর জন্য অর্থনৈতিক সাহায্যের পরিকল্পনা এখনও চালু আছে। এই হেতু ২১ হাজার টাকা বরাদ্দ করা হইয়াছে।

২১। পার্ব্বত্য অঞ্চলে যোগাযোগের উন্নয়ন, তপশীল উপজাতি ও তপশীল শ্রেণীর গৃহ নির্ম্মাণ অনুদান টি উপজাতি উন্নয়ন ব্লক ও বিবিধার্থ সাধক ব্লক উন্নয়ন বে-সরকারী সংস্থার সাহায্য এবং পরিসংখ্যান সংস্থার জন্য ১ লক্ষ ৮৬ হাজার টাকা বরাদ্দ করা হইয়াছে।

২২। অর্থনৈতিক উন্নয়নে বিদ্যুৎ ও যোগাযোগ ব্যবস্থার গুরুত্বপূর্ণ ভূমিকা রহিয়াছে। প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে মোট ব্যয় বরাদ্দের একটা বৃহৎ অংশ রাস্তাঘাট ও যোগাযোগের জন্য বরাদ্দ করা হইয়াছিল। ইহা হইতেই ত্রিপুরার উন্নয়নে রাস্তাঘাট ও যোগাযোগের গুরুত্ব যে কত বেশী তাহা বুঝা যায়।

২৩। সাব্রুম পর্য্যন্ত রেল লাইন সম্প্রসারণের জন্য ভারত সরকারকে বিশেষ ভাবে অনুরোধ করা হইতেছে। সঙ্গে সঙ্গে আভ্যন্তরীণ রাস্তাঘাটের উন্নয়নের চেষ্টাও চলিতেছে। দুর্গম অঞ্চলগুলিতে রাস্তাঘাট নির্ম্মাণের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হইয়াছে। এইসব কাজে যতদূর সম্ভব স্থানীয় লোকদের নিয়োগ করাই সরকারের নীতি। গত বর্ষায় জল জমিয়া যাওয়ার ফলে আগরতলা সহরের রাস্তাঘাটগুলি বিশেষভাবে ক্ষতিগ্রস্থ হইয়াছে। সহরের রাস্তাঘাটগুলির সংস্কারের জন্য ৮ লক্ষ টাকা মঞ্জুর করিতে এই সরকার কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করিয়াছিলেন। ইহার মধ্যে এই পর্য্যন্ত ২ লক্ষ টাকা মঞ্জুর হইয়াছে। অতিরিক্ত

মঞ্জুরীর জন্য আমরা কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করিয়াছি। ইতিমধ্যে এই উদ্দেশ্যে আগরতলার পৌরসভাকে সাধারণ বাজেট হইতে আরও ৭০ হাজার টাকা দেওয়ার কথা এই সরকার চিন্তা করিতেছেন।

২৪। আমি এই পর্য্যন্ত যাহা বলিয়াছি তাহা হইতে অনুমান করা যাইবে যে আমরা ব্যাপক অর্থ নৈতিক উন্নয়নের প্রস্তুতি পর্ব্বের উপান্তে আসিয়া পৌছিয়াছি। বর্ত্তমান অবস্থায় বিদ্যুৎ শক্তি সরবরাহের জন্য যথাযথ বরাদ্দ করিতে হইবে। আর তাহা হইলে নানা রকম শিল্প গড়িয়া উঠিবে এবং কৃষিরও সম্প্রসারণ ঘটাবে।

২৫। অন্যান্য ছোট ছোট প্রকল্প ছাড়া নিম্নে উল্লিখিত দুইটী প্রধান প্রকল্পের উপর গুরুত্ব আরোপ করাই হইল প্রস্তাবিত বাজেটের বিদ্যুৎ এই উন্নয়ন খাতের বিশেষ বৈশিষ্ট্য :—

(ক) আসাম হইতে বিদ্যুৎ আনয়ন।

(খ) গোমতী বারি বিদ্যুৎ প্রকল্প।

১৯৬৮-৬৯ সালের শেষে বিদ্যুৎ শক্তি সরবরাহের ক্ষমতা ২৯৯০ কিলো-ওয়াট হইবে বলিয়া আশা করা যায় এবং ৫৮টী বিভিন্ন এলাকায় বিদ্যুৎ শক্তি সরবরাহ করা সম্ভব হইবে।

১৯৬৯-৭০ সালে অতিরিক্ত বিদ্যুৎ সরবরাহ ক্ষমতা ৫০০ কিলোওয়াট হইবে এবং আরও ১০টী এলাকা বৈদ্যুতিকীকরণ করার প্রস্তাব রহিয়াছে। আসাম হইতে ব্যাপকহারে বিদ্যুৎ সরবরাহের জন্য চোড়াইব্যাড়ী হইতে আগরতলা পর্য্যন্ত টাওয়ার স্থাপন এবং ১৩২ কিলো-ভোল্ট ট্রান্সমিশন লাইন স্থাপনের কাজ চলিতেছে। গোমতী হাইডেল প্রজেক্টে বাঁধ নির্ম্মাণের কাজ শীঘ্রই শুরু হইবে।

২৬। ১৯৬৭-৬৮ সালে ১২ হাজার ৫ শত একর জমিতে জল সেচের ব্যবস্থা ছিল। ১৯৬৮-৬৯ সালে ইহা বাড়িয়া ১৫ হাজার একর হইবে। ১৯৬৮-৬৯ সালে কয়েকটী অঞ্চলে পরীক্ষামূলক মরশুমি বাঁধ তৈয়ারীর চেষ্টা করা হয়। ১৯৬৯-৭০ সালে মোট অতিরিক্ত একহাজার একর জমিতে জলসেচের ব্যবস্থা করা হইবে বলিয়া আশা করা যায়।

২৭। আমি আনন্দের সহিত বলিতেছি যে বাড়ীঘর নির্ম্মাণ সহ অন্যান্য কার্য্যে পূর্ত্ত দপ্তর চলতি বৎসরে লক্ষ্য মাত্রা প্রায় ছাড়াইয়া গিয়াছে।

২৮। সামাজিক ও উন্নয়নমূলক কাজের মধ্যে শিক্ষাক্ষেত্রে তুলনামূলক ভাবে বেশী অর্থ ব্যয়িত হয়। নির্দ্ধারিত কার্য্যসূচী অনুযায়ী শিক্ষাক্ষেত্রে সম্প্রসারণের কাজ চলিতেছে। বিভিন্ন বয়সের যে সকল ছাত্রছাত্রী বিদ্যালয়ে পাঠ্যাভ্যাস করে তাহাদের সংখ্যা ৬-১১ বৎসরের ছাত্রছাত্রী শতকরা ৮৪ জন, ১১-১৪ বয়সের ছাত্রছাত্রী শতকরা ৩৯ জন এবং ১৪-১৭ বয়সের ছাত্রছাত্রী শতকরা ২০ জন।

কলেজ পর্য্যায়েও ছাত্র সংখ্যা বেশী বৃদ্ধি পাইয়াছে। নারী শিক্ষার প্রসারের উপর গুরুত্ব আরোপ করিবার ফলে চলতি বৎসরে মহিলা কলেজে ছাত্রীর সংখ্যা অনেক বৃদ্ধি পাইয়াছে। নীচের দিকের প্রত্যেক পর্য্যায়ে নারী শিক্ষার গতি উর্ধমুখী।

২৯। শারীর শিক্ষার ক্ষেত্রে অগ্রগতিও উল্লেখযোগ্য। অন্যান্য বৎসরের ন্যায় এবারেও আমাদের তরুণেরা ত্রিপুরার অভ্যন্তরে ও বাইরে বিভিন্ন জিমন্যাষ্টিক প্রতিযোগিতায় বিপুল সাফল্য অর্জ্জন করিয়াছেন। তাহাদের সাফল্যের স্বীকৃতি স্বরূপ ভারতের জিমন্যাষ্টিক ফেডারেশন রুশ-ভারত জিমন্যাষ্টিক প্রতিযোগিতার অন্যতম স্থান হিসাবে আগরতলাকেই নির্ব্বাচিত করিয়াছিলেন। এই প্রতিযোগিতায় আমাদের একজন প্রতিশ্রুতিবান জিমন্যাস্ট একটী গ্রুপে প্রথম স্থান অধিকার করিয়াছিলেন। তিনিই দিল্লীতে অনুষ্ঠিত বিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতায় শ্রেষ্ঠ জিমন্যাষ্টের সম্মানলাভ করেন। ত্রিপুরার একটী ছেলে পশ্চিমবঙ্গে অনুষ্ঠিত দূরপাল্লা সাঁতার প্রতিযোগিতায় দ্বিতীয় স্থান এবং অপর একটী প্রতিযোগিতায় একটী মেয়ে প্রথম স্থান অধিকার করিয়াছিলেন। পক্ প্রণালী অতিক্রম প্রতিযোগিতায় ত্রিপুরা হইতে একজন সন্তরণ প্রতিযোগী প্রেরণ করিতে সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। যে কোন একটী বাৎসরিক প্রতিযোগিতা আগামী বৎসর ত্রিপুরায় অনুষ্ঠিত করিবার জন্য সরকার সর্ব্বভারতীয় বিদ্যালয় ক্রীড়া পর্ষৎকে আমন্ত্রণ জানাইবার সিদ্ধান্ত নিয়াছেন।

৩০। শিক্ষা ব্যবস্থার পরিমাণগত সম্প্রসারণ অপেক্ষা গুণগত মনোন্নয়ন বর্ত্তমানেই আমাদের সম্মুখে প্রধান সমস্যা। শিক্ষা ব্যবস্থার উৎকর্ষ সাধন এবং পূর্ব্বার্জিত সাফল্যের সংহতি করণই এখন আমাদের প্রধান কাজ। শিক্ষা কমিশনও এই ব্যাপারে বিশেষ গুরুত্ব আরোপ করিয়াছেন। তাহা ছাড়া কমিশন আরো কয়েকটী গুরুত্বপূর্ণ বিষয় সম্বন্ধে সুপারিশ করিয়াছেন। সকল পর্য্যায়ে শিক্ষকদের বেতন হারের উন্নতি, তপশীলভুক্ত জাতি, উপজাতি, নারী ও অর্থনৈতিক দিক দিয়া অনুন্নত সম্প্রদায়কে সমানভাবে শিক্ষার সুযোগ দেওয়ার সুপারিশও কমিশন করিয়াছেন। আমি আনন্দের সংগে এই সভাকে জানাইতেছি যে, আমরা শুধু শিক্ষকদের বেতন হারের উন্নতিই করি নাই, শিক্ষকদিগকে আমরা অন্যান্য সুযোগ সুবিধা দিতে সমর্থ হইয়াছি।

৩১। দীর্ঘদিন যাবৎ ত্রিপুরা সরকার যথাসাধ্য চেষ্টা করিতেছেন যাহাতে বে-সরকারী বিদ্যালয়গুলির শিক্ষকরা অবসরকালীন ভাতার সুযোগ পান। আমি আনন্দের সংগে জানাইতেছি যে ভারত সরকার বে-সরকারী বিদ্যালয়গুলির শিক্ষকদিগকে ত্রিমুখী সুবিধাদান প্রকল্পটি চালু করিতে সম্মতি দিয়াছেন এবং আমাদিগকে আরো জানাইয়াছেন যে এই ব্যাপারে চূড়ান্ত খসড়া নিয়মগুলি অচিরেই পূর্ণাঙ্গ হইবে। আশা করা যাইতেছে আগামী আর্থিক বৎসরে ইহা কার্যকরী করা সম্ভব হইবে। বে-সরকারী বিদ্যানিকেতনগুলির উন্নতি বিধানের জন্য ত্রিপুরা সরকার উদ্বিগ্ন। এই ব্যাপারে সরকার ও বে-সরকারী প্রতিষ্ঠানগুলির যৌথ ভূমিকার উল্লেখ না করিলে আমার কর্ত্তব্যে ত্রুটি থাকিয়া যাইবে বলিয়া মনে করি। যে গুরুত্বপূর্ণ বিষয়টির প্রতি আমি সকলের দৃষ্টি আকর্ষণ করিতে চাই তাহা হইল এই যে প্রত্যেক বে-সরকারী প্রতিষ্ঠান যেন এমন একটি দৃঢ় এবং স্থায়ী আর্থিক তহবিল গড়িয়া তুলেন যাহাতে তাহারা তাহাদের দেয়

অর্থের সংস্থান করিতে পারেন। এই রাজ্যের গ্রাণ্ট-ইন-এ্যাইড্ নিয়ম অত্যন্ত উদার। বে-সরকারী স্কুলগুলির যাহাতে স্কুল পরিচালনায় ও স্কুলের উন্নতি বিধানে আর্থিক দিক দিয়া বিশেষ কোন বাধার সম্মুখীন না হন সেইজন্য সরকার বে-সরকারী বিদ্যালয়গুলিকে অর্থ সাহায্যের ব্যাপারে উদার নীতি অবলম্বন করিয়াছেন। বে-সরকারী বিদ্যালয়গুলির বিভিন্ন সমস্যার সমাধানকল্পে সরকার সর্ব্বদাই বে-সরকারী স্কুলের সচিব এবং প্রধান শিক্ষকদের সাথে আলোচনা করেন এবং এই সকল আলোচনার ভিত্তিতে সরকার গ্রাণ্ট-ইন-এ্যাইড নিয়মটি এমনভাবে সংশোধন করিতে সক্ষম হইয়াছেন যাহাতে বিদ্যালয় পরিচালনায় কর্ত্তৃপক্ষের সুবিধা হয়। তাহা ছাড়া এই সরকার ভারত সরকারের সংগে অন্যান্য প্রয়োজনীয় সংশোধনের ব্যাপারে যোগাযোগ করিতেছেন। যদি ভারত সরকার ত্রিপুরা সরকারের প্রস্তাব অনুমোদন করেন তাহা হইলে ত্রিপুরা সরকার বে-সরকারী স্কুলগুলিকে আরও বেশী আর্থিক সাহায্য করিতে পারিবেন। এই প্রসঙ্গে উল্লেখযোগ্য ভারতবর্ষের মধ্যে ত্রিপুরাই একমাত্র স্থান যেখানে সরকারী ও বে-সরকারী বিদ্যালয়গুলির শিক্ষকদের বেতন হারে কোন বৈষম্য নাই।

৩২। আমি এই সুযোগে এইখানে বলিতে চাই যে বে-সরকারী বিদ্যালয়ের সুদক্ষ পরিচালনায় পরিচালকবর্গ কোন বাধার সম্মুখীন হইবেন না বলিয়াই সরকার আশা করেন। শিক্ষার বৃহত্তর স্বার্থে অবস্থার চাপে নিতান্ত বাধ্য না হইলে সরকার বে-সরকারী স্কুলগুলিকে সরকারী আওতায় আনিবেন না।

৩৩। ত্রিপুরা সরকার শিক্ষার সর্ব্বক্ষেত্রে সার্বিক সাফল্য আনয়নের জন্য নিরলস চেষ্টা চালাইয়া যাইতেছেন। দ্রুত পরিবর্ত্তনীয় সমাজের সাথে তাল রাখিয়া চলিবার জন্য উপযুক্ত ব্যবস্থা অবলম্বনের প্রয়োজনীয়তা সম্পর্কে সরকার সম্পূর্ণ সচেতন। প্রকৃতপক্ষে ত্রিপুরা সরকার কিছুদিন আগে ভারত সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের কাছে একটি বিশেষজ্ঞ কমিটি গঠনের জন্য অনুরোধ করিয়াছিলেন। এই কমিটি ত্রিপুরায় শিক্ষার বিভিন্ন বিষয়ে অনুসন্ধান করিয়া সরকারের বিবেচনার জন্য কতগুলি সুপারিশ করিবেন। আমি আনন্দের সঙ্গে জানাইতেছি যে কমিটি ইতিমধ্যে গঠিত হইয়াছে এবং কমিটির সদস্যরা মে মাসের শেষের দিকে অথবা জুন মাসের প্রথম দিকে ত্রিপুরায় আসিবেন।

৩৪। আমি এই কথাও সভাকে জানাইতে চাই যে পরিকল্পনা কমিশন চতুর্থ পঞ্চ বার্ষিক পরিকল্পনায় ত্রিপুরার শিক্ষা খাতে চার কোটি চৌত্রিশ লক্ষ টাকা মঞ্জুর করিয়াছেন। চতুর্থ পরিকল্পনায় ত্রিপুরার জন্য বরাদ্দকৃত অর্থ তৃতীয় পরিকল্পনায় বরাদ্দকৃত অর্থের প্রায় পৌনে দুইগুণ। আগেই বলা হইয়াছে প্রথম তিনটি পরিকল্পনাকালে শিক্ষা ব্যবস্থা যে সম্প্রসারিত হইয়াছে তাহার সংহতি সাধন এবং গুণগত উন্নতি সাধনের উপরই চতুর্থ পরিকল্পনায় আমরা বিশেষ গুরুত্ব আরোপ করিব। এই উদ্দেশ্যে ত্রিপুরায় একটি ইনষ্টিটিউট অফ এডুকেশন স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। এই ইনষ্টিটিউটটি শিক্ষকদের শিক্ষণ ব্যবস্থা ছাড়া ত্রিপুরার প্রয়োজন ও বিশেষ সমস্যার পরিপ্রেক্ষিতে গবেষণা চালাইয়া যাইবে।

৩৫। গত বৎসর ত্রিপুরার জনস্বাস্থ্যের মান উল্লেখযোগ্যভাবে বাড়িয়াছে। ১৯৬৮-৬৯ সালে রোগ নিরাময়ের কাজে ব্যাপৃত সংস্থাগুলির কাজ চালু রাখার সঙ্গে সঙ্গে রোগ প্রতিষেধক

ব্যবস্থার প্রতিও বিশেষ গুরুত্ব দেওয়া হয়। সমস্ত হাসপাতাল, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং ডিসপেন্সারীগুলি চালু রাখা হয় এবং ঐগুলি হইতে জনসাধারণের চিকিৎসার ব্যবস্থা করা হয়। রোগ প্রতিরোধের জন্য জাতীয় ম্যালেরিয়া নির্মূল কার্যসূচী অনুযায়ী কাজ চলিতেছে। এই বিষয়ে কার্য্যকরী ও অধিকতর উপযোগী কাজের জন্য পর্যবেক্ষক কর্মীদের বিভিন্ন স্থানে নিয়োগ ও ঔষধ ছড়াইবার কাজের সময় তালিকা নূতন করিয়া তৈয়ারী করা হয়। ১৯৬৮ সালের মার্চ ও এপ্রিল মাসে বসন্ত রোগ ব্যাপকভাবে দেখা দেয়। রোগ প্রতিষেধের জন্য অস্থায়ী টীকদান কর্মীর সংখ্যা পঞ্চাশ শতাংশ বৃদ্ধি করা হয়। সমস্ত চিকিৎসা সংস্থা এবং হাসপাতালের চিকিৎসা কর্মীদের, প্রাথমিক চিকিৎসা কেন্দ্র ও ডিসপেন্সারীতে কর্ম্মরত কর্মচারীদের টীকাদান কার্যসূচী রূপায়ণের জন্য নিয়োজিত করা হয়। যাহাদের যক্ষ্মা হইয়াছে বলিয়া চেষ্ট-ক্লিনিকের পরীক্ষায় ধরা পড়ে তাদের চিকিৎসার জন্য তাদের বাড়িতে রাখিয়া চিকিৎসা কেন্দ্রগুলির মাধ্যমে চিকিৎসা করার পরিকল্পনাটিও কার্য্যকরী করা হয়। বর্ত্তমানে অধিক সংখ্যায় যক্ষ্মারোগী তাহাদের বসতবাটীর যথাসম্ভব কাছাকাছি জায়গা হইতে চিকিৎসা ও সময়ে সময়ে পরীক্ষা করাইবার সুযোগ পাইতেছেন। কুষ্ঠ রোগীদেরও অনুরূপ সুযোগ-দানের সুপারীশসমূহ বিবেচনা করা হইতেছে।

৩৬। শিশুদের জন্য অধিকতর উন্নত চিকিৎসার সুযোগ করিয়া দিবার জন্য ভিক্টোরিয়া মেমোরিয়াল হাসপাতালে প্রয়োজনীয় যন্ত্রপাতি ইত্যাদি সহ একটি শিশু চিকিৎসা কেন্দ্র (চিলড্রেন্স ক্লিনিক) চালু করা হইয়াছে।

৩৭। ১৯৬৮ সালের ১৫ই আগষ্ট তারিখে কল্যাণপুরে একটি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র খোলা হইয়াছে। ভিক্টোরিয়া মেমোরিয়াল ও গোবিন্দ বল্লভ হাসপাতালে রোগীর ভীড় কমাইবার জন্য ও রাজ্যের সমস্ত অঞ্চলের লোকেরা যাহাতে বিশেষজ্ঞদের দ্বারা চিকিৎসার সুযোগ পাইতে পারেন তাহার জন্য বিশেষজ্ঞদের নিয়া ভ্রাম্যমান চিকিৎসক দলের একটি প্রকল্প চালু করা হইয়াছে। এই দলটি রাজ্যের অনেকগুলি মহকুমায় গিয়া রোগীর চিকিৎসা করিয়াছেন। এই প্রকল্পটি বেশ জনপ্রিয়তা অর্জন করিয়াছে।

৩৮। চক্ষু অস্ত্রোপচার সংক্রান্ত যে সমস্ত রোগীর চিকিৎসা বিলম্বিত হইতে ছিল তাহাদের জন্য গোবিন্দ বল্লভ হাসপাতালে চার মাসের জন্য ২০ শয্যা বিশিষ্ট একটি বিশেষ আই-ওয়ার্ড খোলা হইয়াছিল।

৩৯। বিশেষ ধরণের শিক্ষা গ্রহণের পর পাঁচজন চিকিৎসক ফিরিয়া আসিয়াছেন এবং আরো শিক্ষা গ্রহণের জন্য দুইজন চিকিৎসককে বাহিরে প্রেরণ করা হইয়াছে। এই রাজ্যে আরো অনেক চিকিৎসকের প্রয়োজন আছে বলিয়া বিভিন্ন মেডিকেল কলেজে পাঠের জন্য ৮৬ জন মনোনীত শিক্ষার্থীকে বৃত্তি দেওয়া হইতেছে। নার্স, বি ফার্ম্মা, রঞ্জন রশ্মি বিদ্যা, ফার্ম্মেসী, সহকারী নার্স এবং ধাত্রী বিদ্যায় প্রশিক্ষণ দান সহ চিকিৎসা বিষয়ের সমপর্যায়ের প্রশিক্ষণের কর্ম্মসুচী অনুযায়ী কাজ চলিতেছে।

৪০। ১৯৬৮ সালের অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর মাসে ত্রিপুরায় আকস্মিকভাবে আন্ত্রিক রোগের প্রাদুর্ভাব ঘটে। কতকগুলি কলেরা বলিয়া ধরা পড়ে। রোগ যাহাতে ছড়া-

-ইয়া না পড়িতে পারে তাহার জন্য সমস্ত জনস্বাস্থ্য ও চিকিৎসা বিভাগীয় কর্মচারীদের দ্বারা কলেরা ইনজেকশন দানের ব্যবস্থা করা হয়। সেই সময়ে চার লক্ষেরও বেশী লোককে ইনজেকশন দেওয়া হয়।

৪১। ভ্রাম্যমান ভেসেক্টমি অপারেশন দল সংগঠন করায় এবং ভরতুকি হিসাবে অর্থদানের ব্যবস্থা হওয়ার পর হইতে এইখানে জেলা পরিবার পরিকল্পনা ব্যুরোর কাজ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাইয়াছে। পরিবার পরিকল্পনা কার্য্যসূচী রূপায়ণের কৃতিত্বের দিক দিয়া ২৯টি রাজ্য ও ইউনিয়ন টেরিটর্যির মধ্যে আমাদের এই ইউনিয়ন টেরিটরি দশম স্থান অধিকার করিয়াছে। ঐ বৎসরে পরিবার পরিকল্পনা প্রকল্প অনুযায়ী ৩৮৯২ জন অস্ত্রোপচার করিয়াছেন, ৫০০ জন নরনারী লুপ ব্যবহার করিয়াছেন এবং প্রায় ৫০ হাজার নরনারী বিভিন্ন পদ্ধতি অবলম্বন করিয়াছেন।

৪২। ১৯৬৯-৭০ সালে বর্ত্তমান সমস্ত কার্য্যসূচীগুলিই চালু থাকিবে! তদুপরি গোবিন্দ বল্লভ, উদয়পুর ও মেলাঘর হাসপাতালসমূহের সপ্রসারণের একটি পরিকল্পনাও লওয়া হইবে। আরও তিনটি এ্যালোপ্যাথিক ও একটী আয়ুর্ব্বেদীয় (ঔষধালয়) ডিসপেন্সারী খোলার প্রস্তাব আমরা করিতেছি। একটি নতুন প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র খোলার প্রস্তাব সহ কতিপয় প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের নির্ম্মান কার্য্য ত্বরান্বিত করা হইবে। প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের মধ্যে তিনটী সম্প্রসারণের বিষয় বিবেচনাধীন আছে।

৪৩। চিকিৎসা ও সহযোগী চিকিৎসা কর্মীদের প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ কর্ম্মসূচীর অধীনে নতুন পরিকল্পনা নেওয়া হইয়াছে। সিনিয়র নার্সিং, সেনিটারী ইন্সপেক্টর, রেডিও গ্রাফার, লেবোরেটরী টেকনিসিয়ান এবং ওয়ার্ড সিসটার পাঠক্রমে শিক্ষা গ্রহণের জন্য আমাদের ছেলে-মেয়েদের প্রেরণ করার প্রকল্পটি প্রস্তুতির পথে। স্বেচ্ছায় রক্তদানকারীদের জন্য স্থানীয় ব্লাড ব্যাঙ্কটির উন্নয়ন এবং ক্যান্সার রোগ নির্ণয় ও চিকিৎসার কেন্দ্র চালু করা সম্পর্কিত প্রস্তাব সমুহ এখন হাতে রহিয়াছে।

৪৪। উত্তরবঙ্গের বন্যাপীড়িত মানুষের সেবার জন্য ত্রিপুরা হইতে চিকিৎসক কম্পাউণ্ডার ও নার্সের একটি দল বন্যাক্রান্ত এলাকা সফর করেন।

৪৫। আগরতলাস্থিত গোবিন্দ বল্লভ হাসপাতাল এই টেরিটরির চিকিৎসা কার্য্যের কেন্দ্রস্থল স্বরূপ। উহার সম্পাদিত কার্য্য সম্পর্কে কয়েকটি কথা বলা কর্ত্তব্য বলিয়া আমি মনে করি। এই হাসপাতালে দীর্ঘকাল স্থায়ী এবং জটিল রোগে আক্রান্ত রোগীরা যে বিশেষ ধরণের সেবা এবং নিপুণ চিকিৎসার সুযোগ পান তাহাতে শুধুমাত্র এই রাজ্যের অভ্যন্তরের ব্যক্তিরাই নহে উপরন্তু বহিঃ ত্রিপুরার মানুষেরাও আকৃষ্ট হইয়াছেন। সর্ব্বশ্রেণীর কর্মীদের মধ্যে পারস্পরিক সহযোগিতা এবং কর্ম প্রেরণার ফলে গোবিন্দ বল্লভ হাসপাতালে চিকিৎসার যে সুযোগ রহিয়াছে, রোগাক্রান্ত ব্যক্তিদের নিকট দিনে দিনেই তাহা আরো আকর্ষণীয় হইয়া উঠিবে।

৪৬। অর্থ নৈতিক বিবৃতির উপর আলোচনা করার আগে সরকারী কর্মচারীদের বেতন সম্বন্ধে কিছু ভুল ভ্রান্তি ও বৈষম্যের দিকে দৃষ্টি আকর্ষণ করিতেছি। ১৯৬১ সালের সাধারণ পুনর্নির্ধারণের পর এই ভুল ভ্রান্তি ও বৈষম্যগুলি সরকারের নজরে পড়ে। কিছু ভুল ভ্রান্তি

ইতিমধ্যেই সংশোধন করা হইয়াছে। ১৯৫৯ সালের বেতন হার পরিবর্ত্তনের সময়ে কিছু কর্মচারীর বেতন হার বৈষম্য দৃষ্টি ছিল। পরে ১৯৬১ সালের বেতন পুননির্ধারণের পরও তাহাদের বেতন হারে আরো জটিলতার সৃষ্টি হয়। এই বিষয়গুলির সতর্কতার সঙ্গে পরীক্ষা করিয়া দেখা প্রয়োজন। যদিও অবিলম্বে এই বিষয়টির একটি চূড়ান্ত নিস্পত্তি করা উচিত, তবে কর্মচারীদের নিজেদের স্বার্থেই এবং ভবিষ্যতে যাহাতে কোন রকম জটিলতার সৃষ্টি না হয় সে জন্য তাড়াহুড়া করিয়া কোনকিছু করা সঙ্গত হইবে না। সরকার এই বিষয়ে সম্পূর্ণ সচেতন এবং সত্বর সুচিন্তিত সিদ্ধান্তে উপনীত হওয়ার জন্য আগ্রহী। আরও পাঁচ বৎসর পরিপূরক ভাতা অব্যাহত রাখার জন্য সরকার সচেষ্ট আছেন। সম্প্রতি ১৯৬৯ সালের ৩১শে মে পর্য্যন্ত তিন মাসের জন্য এই ভাতা মঞ্জুর হইয়াছে এবং বিষয়টি ভারত সরকারের বিবেচনাধীন আছে। ভারত সরকারের সর্ব্বশেষ সিদ্ধান্তের জন্য অপেক্ষা করা হইতেছে। ১৯৬১ সালের মার্চ মাস পর্য্যন্ত পরিপূরক ভাতা চালু ছিল তাহা পুনরায় চালু করার প্রশ্নটির প্রতি কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করা হইয়াছে।

৪৭। সরকারের যে সকল অস্থায়ী দপ্তর দীর্ঘদিন যাবৎ চালু আছে সেইগুলির কর্মীদের ভবিষ্যৎ সম্বন্ধে যে আশঙ্কার কথা শুনা যায় সেই বিষয়েও আমি অবহিত আছি। এই প্রসঙ্গে আমি এই সভাকে আশ্বাস দিতেছি যে এই কর্ম্মচারীগণকে কর্ম্মচ্যুত করিবার কোন ইচ্ছাই সরকারের নাই।

৪৮। বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা রূপায়ণের জন্য জনসাধারণের অকুণ্ঠ সহযোগিতা একান্ত প্রয়োজন। জনসাধারণের কল্যাণের কাজে সশ্রদ্ধ আত্মনিয়োগ দ্বারা সরকারী কর্ম্মচারী ও উন্নয়নমূলক কাজের সঙ্গে যুক্ত ও অন্যান্য কর্মীরা জনসাধারণের কাছে একটি দৃষ্টান্ত তুলিয়া ধরিতে সক্ষম হইবেন।

৪৯। ত্রিপুরায় গান্ধী শত বার্ষিকী উদযাপনের যে প্রস্তুতি গ্রহণ করা হইয়াছে সেই বিষয়ে এই সভায় দৃষ্টি আকর্ষণ না করিলে আমার কর্তব্যে ত্রুটি হইবে। এই উদ্দেশ্যে সংগঠিত রাজ্য কমিটি নিজস্ব একটি অর্থ ভাণ্ডার সৃষ্টি করিবার প্রস্তাব করিয়াছেন; অপরদিকে সরকারও জাতির জনকের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য কয়েকটি প্রকল্প গ্রহণ করিয়াছেন। শতবার্ষিকী কার্যক্রমের অঙ্গ হিসাবে সরকার হইতে ১,৬৪,৬০০ টাকা ব্যয়ে আগরতলায় গান্ধী সাহিত্যের একটি গ্রন্থাগার নির্ম্মিত হইয়াছে। এই বৎসরে গ্রামাঞ্চলে জল সরবরাহ, গ্রামীন স্বাস্থ্যবিধির উন্নয়ন ও হরিজন সহ অনুন্নত সম্প্রদায়ের কল্যাণের সঙ্গে যুক্ত প্রকল্পগুলি রূপায়ণের উপর বিশেষ গুরুত্ব দেওয়া হইয়াছে। সর্ব্বশ্রেণীর জনগণের কাছে গান্ধীজীর বাণী ও শিক্ষা পৌঁছাইয়া দেওয়ার জন্য বিস্তৃত কার্য্যসূচী গ্রহণ করা হইয়াছে।

৫০। এখন আমি ১০৬৮-৬৯ সালের সংশোধিত বরাদ্দ ও ১৯৬৯-৭০ সালের বাজেট বরাদ্দ আলোচনা করিতেছি।

৫১। বাজেট বরাদ্দের তুলনায় ১৯৬৮-৬৯ সালের সংশোধিত বরাদ্দে দেখা যায় যে আয় অনুদান ও ঋণ বাদেও ১৯ লক্ষ ৩১ হাজার টাকা টাকা বাড়িয়াছে আয় ব্যয় বাড়িয়াছে ৫ কোটি ২০ লক্ষ ৮৭ হাজার। এই ঘাটতির কিছু অংশ অর্থ আদায়ের দ্বারা এবং অবশিষ্টাংশ কেন্দ্রীয় সরকারের অতিরিক্ত অর্থ মঞ্জুরী ও ঋণের দ্বারা পূরণ করা হইবে।

এই বৃদ্ধির কারণগুলি মূলতঃ এইরূপঃ—

ক) কর্ম্মচারীদের জন্য বর্ধিত মাগ্‌গী ভাতা ;

খ) প্রাকৃতিক দুর্যোগের জন্য সরকারী কর্ম্মচারীদের ঋণ ;

গ) আসাম রাইফেলসের ব্যয় বাবদ ত্রিপুরা সরকারের দায়িত্বের অংশ এবং বি, এম, পি, পি, এ, সি, ও এ, এস, পি'র জন্য বকেয়া দায় সহ তত্তোধিক ব্যয় ভার ;

ঘ) ঔষধ, রোগীর পথ্য; পোষাক ও বিছানা, অস্ত্রোপাচারের সরঞ্জামের জন্য ব্যয় বরাদ্দ ;

বি, টি, বিলের নিষ্পত্তি ;

পরিবার পরিকল্পনা রূপায়ণের জন্য বর্ধিত ব্যয় ;

বি, টি, বিলের নিষ্পত্তি এবং নার্সিং ষ্টাফদের বকেয়া ও বেতন ও ভাতা দান '

ঙ) অধিক সংখ্যক ভোগকারীর চাহিদা পূরণের জন্য দুগ্ধ সরবরাহের প্রকল্পের অধীনে আরো বেশী দুধ সরবরাহ (বিক্রয়কারীর কমিশন সহ) ;

চ) পূর্ত ও জলসেচ, নৌ-পরিবহন ও জল নিষ্কাশনের অধীনস্থ বন্যা বিধ্বস্ত ও বাঁধ মেরামত ;

ছ) সাজসরঞ্জাম সংগ্রহ ও বৈদ্যুতিকীকরণ প্রকল্প অনুযায়ী গোমতী জলবিদ্যুৎ প্রকল্প ও আসামের বিদ্যুৎ আনয়নের জন্য বর্ধিত খরচ ;

জ) পূর্ত বিভাগের মূলধনী খাতে রাস্তা ও সেতু নির্মাণের ব্যয় ;

ঝ) প্রাকৃতিক দুর্যোগে ও অগ্নিকাণ্ডে বিপদাপন্ন কৃষকদের জন্য ত্রাণ, খয়রাতি সাহায্য ও ঋণ বাবত বর্ধিত ব্যয় ;

ঞ) অমরপুর মহকুমায় টিলাভূমি কৃষির আওতায় আনার প্রকল্পের ব্যয় বরাদ্দ ;

ট) জনগণের চাহিদা পূরণের জন্য কেন্দ্রীয় শস্য ভাণ্ডার হইতে খাদ্যশস্য আনয়ন ;

ঠ) আগরতলা ও কমলপুরে তদন্ত কমিশন দুইটি বাবদ ব্যয় ;

ড) বে-সরকারী বিদ্যালয় ও মহা-বিদ্যালয়গুলির অনুদান এবং বৃত্তি বাবদ ব্যয় বৃদ্ধি

৫২। ১৯৬৯-৭০ সালে রাজস্ব বাবদ আয় হইবে (অনুদান ও ঋণ ছাড়া) ১ কোটি ৯০ লক্ষ ১১ হাজার টাকা এবং ১৯৬৮-৬৯ সালের সংশোধিত হিসাব অপেক্ষা ইহা ৩০ লক্ষ ৬৩ হাজার টাকা বেশী। ভূমি রাজস্ব, পশু পালন, দুগ্ধ সরবরাহ উন্নয়ন, বিদ্যুৎ এবং বিবিধ খাতে প্রধানতঃ এই আয় বৃদ্ধি হইবে।

৫৩। ১৯৬৯-৭০ সালে ২৮ কোটি ৮৪ লক্ষ ৯৪ হাজার টাকা ব্যয় হইবে বলিয়া অনুমান করা হইয়াছে। ইহার মধ্যে রাজস্ব খাতে প্রায় ১৭ কোটি ৫৮ লক্ষ ৭৪ হাজার টাকা এবং মূলধনী খাতে ১১ কোটি ২৬ লক্ষ ২০ হাজার টাকা খরচ হইবে। রাজস্ব খাতে (অনুদান ছাড়া রাজস্ব ও পুনঃপ্রাপ্তি) আমাদের আয় হইবে ৩ কোটি ৬১ লক্ষ ৫৪ হাজার টাকা। কাজেই মোট ঘাটতি হইবে ১৩ কোটি ৯৭ লক্ষ ২০ হাজার টাকা। কেন্দ্রীয় সরকারের নিকট হইতে প্রাপ্ত অনুদান হইতে এই ঘাটতি পূরণ করা হইবে।

৫৪। মূলধনী খাতে ১১ কোটি ২৬ লক্ষ ৮০ হাজার টাকা খরচ হইবে। আমাদের আয় হইবে (অর্থাৎ পুনঃপ্রাপ্তি) ৬ কোটি ৩৫ লক্ষ ৯৯ হাজার টাকা। কেন্দ্রীয় সরকার হইতে প্রাপ্ত ঋণের দ্বারা ৪ কোটি ৯০ লক্ষ ৮১ হাজার টাকার ঘাটতি পূরণ করা হইবে।

৫৫। ১৯৬৯-৭০ সাল চতুর্থ পঞ্চ-বার্ষিক পরিকল্পনার প্রথম বৎসর। চতুর্থ পঞ্চ-বার্ষিক পরিকল্পনায় ত্রিপুরা রাজ্যের পরিকল্পনা বাবদ ৩১ কোটি ৯১ লক্ষ ৭১ হাজার টাকা ব্যয় করার প্রস্তাব হইয়াছে। ইহার মধ্যে ১৯৬৯-৭০ সালের বার্ষিক পরিকল্পনার ব্যয় ৪ কোটি ৯৯ লক্ষ ৭৪ হাজার টাকা।

৫৬। ১৯৬৯-৭০ আর্থিক বৎসরে মোট ২৮ কোটি ৮৪ লক্ষ ৯৪ হাজার টাকার ব্যয়ের মধ্যে পরিকল্পনার ব্যয় বাবদ বরাদ্দ করা হইয়াছে ৫ কোটি ৭৬ লক্ষ ৭ হাজার টাকা। এর মধ্যে ২ কোটি ৩০ লক্ষ ৮৮ হাজার টাকা রাজস্ব খাতে এবং ৩ কোটি ৪৫ লক্ষ ১৯ হাজার টাকা মূলধনী খাতে ব্যয় হইবে। রাজ্য পরিকল্পনাগুলির অধীন প্রকল্পগুলির (৫ কোটি ৬ লক্ষ ৯৫ হাজার টাকা) ও কেন্দ্রের উদ্যোগে আরব্ধ প্রকল্পগুলির (৬৯ লক্ষ ১২ হাজার টাকা) ইহার অন্তর্ভুক্ত। সর্বক্ষেত্রে অর্থনৈতিক সংকোচনের দরুণ রাজ্য পরিকল্পনার বরাদ্দ বাড়ানো সম্ভব হয় নাই। পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত ১৯৬৯-৭০ সালের বাজেট বরাদ্দের সাথে প্রত্যেক বিভাগের জন্য পরিকল্পনা কার্য্যক্রমের একটি তালিকা পৃথকভাবে দেওয়া হইয়াছে।

৫৭। আমি সানন্দে এই সভার গোচরীভূত করিতেছি যে যদিও ১৯৬৮-৬৯ সালের বার্ষিক পরিকল্পনার বাজেট বরাদ্দ ছিল ৪ কোটি ৭২ লক্ষ ৬৯ হাজার টাকা, কেন্দ্রীয় সরকার সংশোধিত বরাদ্দে এই টাকার পরিমাণ বাড়াইয়া ৬ কোটি ৮৬ লক্ষ ৭৯ হাজার টাকা ব্যয় অনুমোদন করিয়াছেন। তাহা ছাড়া সম্প্রতি রাজ্যে বিদ্যুৎ প্রকল্পের ক্ষেত্রে আরও ৫০ লক্ষ টাকা তাহারা বরাদ্দ করিয়াছেন। চলিত বৎসরের পরিকল্পনাধীন প্রকল্পগুলির রূপায়ণের জন্য মোট ৫ কোটি ৩৬ লক্ষ ৫৯ হাজার টাকা খরচ হইবে বলিয়া হিসাব করা হইয়াছে।

৫৮। চতুর্থ পরিকল্পনা রূপায়ণ আরম্ভ হওয়ার সঙ্গে সঙ্গে আমরা উন্নয়নের ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ অধ্যায়ে আসিয়া উপনীত হইব। জাতি, ধর্ম এবং পদমর্য্যাদা নির্বিশেষে মানুষের কল্যাণ সাধন করাই হইল আমাদের কার্য্যক্রমের মূল লক্ষ্য। বিভিন্ন শ্রেণীর জনসাধারণের মধ্যে প্রতিবেশী সুলভ শুভ সম্প্রীতি স্থাপনের জন্য সামাজিক বাতাবরণ সৃষ্টির মধ্যেই আমাদের পরিকল্পনাগুলি রূপায়ণের সার্থকতা। ত্রিপুরার ভৌগোলিক অবস্থান অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই এই সীমান্ত রাজ্যের শান্তি ও শৃঙ্খলা যাতে কোন কারণেই বিঘ্নিত না হয় সেই দিকে লক্ষ্য রাখার গুরু দায়িত্ব আমাদের উপর ন্যস্ত আছে।

৫৯। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বলিয়াই আমি ১৯৬৯-৭০ সালের বাজেট বরাদ্দ উপস্থাপিত করিতেছি।

জয়হিন্দ্

Mr. Speaker—Hon'ble Members, you are requested to submit your Cut Motions, if any, on Demands for Budget Estimates for 1969-70 within 1 p.m. on 22nd March, 1969 (Saturday).

Members are requested to collect their copies of the following from the Notice Office :—

1. Budget for 1969-70 and Demands for Grants relating thereto.
2. Memorandum Explanatory of the Budget for 1969-70.
3. Budget speech of Finance Minister and other relevant papers, if any.
4. Motion on Vote on Account.

DISCUSSION ON ADMINISTARTOR'S ADDRESS.

The discussion on Administrator's Address which was not concluded yesterday will be takenupto-day. In accordance with the Report of the Business Advisory Committee I allotted 40 minutes' time on the discussion of the Administrator's Address.

Now, I shall call on Shri Khitish Ch. Das to continue his discussion. Hon'ble Member, you are allotted only 5 minutes, time for your speech.

শ্রীক্ষিতীশচন্দ্র দাস—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাকে যে অল্প সময় দেওয়া হয়েছে, তাতে আমি আমার বক্তব্য কি শেষ করতে পারব, সেটাই চিন্তা করে উঠতে পারছি না। যাহা হউক মাননীয় অধ্যক্ষ মহোদয়, গতকল্য মাননীয় মুখ্য প্রশাসক যে ভাষণ দিয়েছেন, আমি তার সমর্থনে আমার কয়েকটি বক্তব্য রাখতে চেষ্টা করব। গতকল্য বিরোধী পক্ষের মাননীয় সদস্য শ্রীঅঘোর বাবু মাননীয় মুখ্য প্রশাসকের ভাষণের উপর যে এ্যামেণ্ডমেণ্ট এনেছেন সেটা হচ্ছে, ডিটোরিয়েরেশন অব ল এণ্ড অর্ডার ইন দি ষ্টেট। সেই এ্যামেণ্ডমেণ্ট সম্বন্ধে আমার বক্তব্য হল, গতকল্য বিরোধী সদস্যেদের মধ্যে দুইজন সদস্য স্পীকার মহাশয়ের রুলিং এর বিরুদ্ধে যেভাবে একসঙ্গে হৈ হল্লা আরম্ভ করেছিলেন, সেটা আমার মনে হয় তারা পার্লামেন্টারী গণতন্ত্রের আইন ভঙ্গ করেছেন এবং এই ভাবে হৈ হল্লা করা তাদের উচিত হয়নি বলে আমি মনে করি। আজকে তারা এই সভায় ল এ্যাণ্ড অর্ডারের প্রশ্ন বারবার উত্থাপন করে কটাক্ষ করে আমদের প্রায়ই বলেন যে আমরা নাকি ভূত এবং এই ভূতের মুখে রাম নাম, তারা সেটা শুনতে পাচ্ছেন। কিন্তু যদি একটু ভালভাবে চিন্তা করে দেখা যায়, তাহলে দেখব যে উনাদের কথামত আমরা যেভাবে ভূতের মুখে রাম নাম শুনাছি ঠিক সেইভাবে আজকে যারা বিরোধী পক্ষের সদস্য আছেন তারাও পার্লামেন্টারী গণতন্ত্রের যে আইন আছে, সেটাকে ভঙ্গ করে তারা নিজেরাই দৃষ্টান্ত স্থাপন করছেন এবং আজকে যেভাবে তারা ঐ সব আইন ভঙ্গ করবার জন্য উঠে পড়ে লাগছেন তাতে দেখা যাচ্ছে যে তারা মাননীয় স্পীকার মহোদয়ের রুলিং পর্য্যন্ত মানতে চাইছেন না। তাতে আরও বুঝা যাচ্ছে যে তারা এই গণতন্ত্রের সুযোগ নিয়ে এই হাউসের মধ্যেও বে-আইনী কাজ কর্ম্ম করতে চাইছেন, যদিও তারা সংখ্যায় মাত্র তিন জন। আমি জানি না তারা যখন এসব করতে চাইছেন তখন তাদের এই যে সংখ্যা সেটার কথা তাদের বিবেচনায় আছে কি না। আমার মনে হয়, তারা এই সংখ্যার কথা বিবেচনা না করেই এই হাউসের মধ্যে অনেক কিছু করার চেষ্টা করছেন, যা পার্লামেন্টারী গণতন্ত্রের সম্পূর্ণ বিরোধী। অথচ তারাই যে ল এ্যাণ্ড অর্ডারের কথা বারবার বলেন এবং তারা আজকে যেভাবে মাননীয় স্পীকার

মহোদয়ের রুলিংকে অপদস্ত করার চেষ্টা করে নিজেরা সেই ল এ্যাণ্ড অর্ডারকে ভাগলেট করার চেষ্টা করছেন। দৃষ্টান্ত স্বরূপ একথা আমি আজকে হাউসের সামনে রাখছি।

মাননীয় সদস্য বিদ্যাবাবু আর একটা কথা বলেছেন যে পশ্চিমবঙ্গে যুক্তফ্রন্ট সরকারের গভর্ণর যে ভাষণ দিয়েছিলেন, সেটা যদি ত্রিপুরা রাজ্যের এ্যাডমিনিস্ট্রেটর সেখানে গিয়ে পড়াশুনা করে আসতেন এবং সেইভাবে যদি তিনি আমাদের এই বিধানসভায় ভাষণ দিতেন, তাহলে নাকি ভাল হত। আমি বলি তিনি কি জানেন না যে কিছুদিন আগে কলকাতা বিশ্ববিদ্যালয়ের হাঙ্গামা সম্পর্কে সেখানকার যে বিরোধী দল কংগ্রেস, তার সদস্যরা যে এ্যাডজোর্ণমেন্ট মোশান এনেছিলেন সেটা ঐ যুক্তফ্রন্ট সরকারের যে স্পীকার, শ্রীবিজয় ব্যানার্জি, তিনি সেটা নাচক করে দিয়েছেন। কাজেই সেখানেও এই ধরণের মোশান নাকচের নজীর আছে, সেটা স্পীকারের ক্ষমতা এবং তিনি তাঁর ক্ষমতার বলে সেখানে সেটা নাকচ করতে পারেন এবং এই ধরণের অনেক রেওয়াজ সেখানে আছে। কাজেই সেই সম্পর্কে এত হৈ চৈ না করে, যেটা নাকি আইন মাফিক আমাদের যে অধিকার আছে, সেইভাবে আমাদের তা করা উচিত। দৃষ্টান্ত স্বরূপ আমি এখানে এটা রাখছি। তারপর আজকের সকালে রেডিওতে যে খবর তাতে বলা হয়েছে যে যুক্তফ্রন্ট সরকার চাইছেন সেখানকার যে বিধান পরিষদ আছে, সেটা তুলে দিতে কারণ সেটা নাকি একটা মাথাভারী শাসন এর ঝামেলা, সেটা রেখে কোন লাভ নেই অতএব এটাকে তুলে দেওয়া হবে।

এদিকে আবার যুক্তফ্রন্ট সরকার ৩২ জন পর্যন্ত মন্ত্রী করেছেন, আরও দলের সংগে পরামর্শ করার বাকী আছে, সেইসব সেরে তারপর কে দলে আসবে তাকে মন্ত্রীর পদ দিয়ে আনতে হবে। এখন কথা হল বিধান পরিষদ ভেঙ্গে দেওয়া হবে কেন? কারণ সেখানে এখনও কংগ্রেস মেজরিটী আছে। কাজেই সেখানে বিল পাশ করাতে অনেক অসুবিধায় পড়তে হবে, তাই মাথাভারী শাসনের দরকার নেই এই দোহাই দিয়ে সেটাকে উঠিয়ে দেওয়া হবে। কিন্তু তারা মন্ত্রীর সংখ্যা বাড়াচ্ছে। কাজেই যুক্তফ্রন্ট সরকারের এই সব ব্যাপারে কনট্রাডিকটরী কথা তারা শুধু শুধু এখানে আনছেন। এই ল এ্যাণ্ড অর্ডারের প্রশ্নে আরও অনেকগুলি ব্যাপার আছে। তার মধ্যে আমি ঘটনার কথাই বলব। গত বছর কমলপুরে যে ঘটনা ঘটেছিল তার পেছনেও তাদের অনেক উস্কানীমূলক কার্যকলাপ ছিল। যেমন ঘটনা প্রসঙ্গে আমি বলছি যে, অনিল চন্দ্র সরকার নামে একজন শিক্ষক বাণীরবাজার স্কুলে আছেন। তিনি একজন শিক্ষক, অথচ তিনিও সেই কমলপুরের যে ছাত্র আন্দোলন হয় সেটা পরিচালনা করতে সেখানে গিয়েছিলেন। তিনি নিজেও একজন সিডিউল্ড কাষ্ট এবং তিনি সেই সিডিউল্ড কাস্টদের মধ্যে প্রচার করছেন যে, দেখুন আমি একজন এম, এ, পাশ করা, অথচ আমি কোন ভাল চাকরী পাচ্ছি না। ইতিপূর্ব্বে আমাদের মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট ভাষণে বলেছেন যে, ত্রিপুরাতে সরকারী শিক্ষক আর বেসরকারী শিক্ষকদের বেতনের মান সমান। তিনি নিজেও শিক্ষকতা করছেন, আবার সেখানকার সিডিউল্ড কাস্টদের মধ্যে প্রচার করে বেড়াচ্ছেন যে, আপনারা দেখুন আমি একজন এম, এ, পাশ করা অথচ কোন ভাল চাকুরী পাচ্ছি না'। অপরদিকে কমিউনিস্ট কর্মি নন্দ দাস বলছেন যে, সিডিউল্‌ড কাস্টদের মধ্যে এম, এ, পাশ কে আছে, না অনিল চন্দ্র সরকার মহোদয় আছেন। ভাবটা এমন হল যে, নমঃশূদ্রের মধ্যে যেন আর কেউ এম, এ, বি, এ, পাশ নেই। আসল কথাটা হল যে, এটা একটা অপপ্রচার ছাড়া তাদের আর কিছু নয়। আমরা বৃটীশ আমলে এই সিডিউল্ড কাষ্টদের মধ্যে অনেককে মুনসেফ, এস, ডি, ও,এর কাজ করতে দেখেছি। এখানে তিনি যে এম, এ, কথাটা বললেন তা যেন একটা সাংঘাতিক কোয়ালিফিকেশন, কিন্তু আমার সেটা মনে হয় না। এই নমঃশূদ্রদের সংগে আমি খুবই পরিচিত। তাই আমি বলছি যে, এটা ওনাদের একটা অপপ্রচার মাত্র এবং তা করে তারা একটা বিশেষ সাম্প্রদায়কে বিক্ষোব্ধ করে দিচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই কারণেই

আমাকে কতগুলি জিনিষ সিডিউল্‌ড কাষ্ট কমিশনের থেকে বলতে হচ্ছে। এই যে অপপ্রচার, আমরা জানি নমঃশূদ্র সম্প্রদায়ের মধ্যে যথেষ্ট এম, এ বি, এ, আছে। বৃটীশ আমলে আমরা দেখেছি তাদের মধ্যে অনেকে ডেপুটী মেজিস্ট্রেট, মুনসেফ ইত্যাদি পদে বহাল ছিলেন, কাজেই এই যে তিনি এম, এ, কথাটা বলছেন, সেটা আমরা খুব একটা কোয়ালিফিকেশান বলে মনে করি না। কাজেই আমি বলব এটা একটা অপপ্রচার ছাড়া আর কিছুই নয়। এই অপপ্রচারদ্বারা তিনি সেখানকারজনসাধারণকে বিক্ষুব্ধ করে তুলেছেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার কথা হচ্ছে যে, আমরা দেখি যে সিড্যুলকাস্ট কমিশনের যে রিপোর্ট সেখানে এই সিড্যুল কাস্টদের জন্য বিভিন্ন সুযোগ সুবিধা দেওয়া আছে। কিন্তু জনসাধারণ সেই বিষয়ে খুব একটা ওয়াকিবহাল না থাকায় তারা এই সমস্ত অপপ্রচারের দ্বারা বিভ্রান্ত হয়। আমি এই সিড্যুল কাস্ট কমিশনের রিপোর্ট থেকে দুই একটা এখানে উধৃতি দিতে চাই। এই সমস্ত যে রিকম্যাণ্ডেশান সেগুলি আস্তে আস্তে ইমপ্লিমেণ্ট করা হচ্ছে কাজেই এই যে তারা অপপ্রচার করছেন যে, ল এণ্ড অর্ডার নাই, তার পরিপ্রেক্ষিতে আমি বলব যে উনারাই সেটা সৃষ্টি করছেন। কারণ তারাই তাদের মধ্যে প্রচার করছেন যে, জান দেব তবুও ধান দেব না। একবার বলছেন লেভি কর, আবার লেভির ধান আদায় করতে গেলে বলছেন, জান দেব তবুও ধান দেব না, কাজেই তাদের কাছে আমার জিজ্ঞাসা, কে এইসব ল' এ্যাণ্ড অর্ডার ভংগ করছেন? জনসাধারণের মধ্যে একটা অপপ্রচার করে একটা হৈ হুল্লোর লাগিয়ে দেন, তারপর তাদের মধ্যে যখন ধর পাকড় হয়, তখন বলা হচ্ছে এখানে পি, ডি, এ্যাক্ট আনা হল কেন, পুলিশ ফোর্স কেন পাঠান হল ইত্যাদি ইত্যাদি। তারা একবার এদিকে, আবার সুবিধামত অন্যদিকে বলছেন। কথা বলিবার অধিকার গণতন্ত্রে আছে সত্য, কিন্তু উনারাতো গণতন্ত্র চান না, উনারা চান এক পার্টি সরকার সৃষ্টি হউক। আমার অনুরোধ, উনারা গণতন্ত্রে বিশ্বাস করে দেখুন, তার দ্বারা অনেক দুর এগিয়ে যেতে পারবেন। কাজেই মাননীয় সদস্য যে এ্যামেণ্ডমেণ্ট এনেছেন, এইগুলির আমি বিরোধীতা করে আমার বক্তব্য আমি এখানে শেষ করছি।

Mr. Speaker :— Now I would request the Hon'ble Chief Minister.

শ্রীএস, এল, সিংহ ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মুখ্য প্রশাসক মহাশয় যে ভাষণ এখানে দিয়েছেন, এই ভাষণের মধ্য দিয়ে ত্রিপুরার গণতান্ত্রিক ভিত্তিতে কি করে পঞ্চ বার্ষিকী পরিকল্পনা, কোন কোন ক্ষেত্রে বিশেষ ভাবে রূপায়ণ করে আমরা আমাদের দেশের অর্থ নৈতিক বুনিয়াদকে সুষ্ঠুভাবে গড়ে তুলতে পারি, তারই একটা বিশদ বিবরণ পাচ্ছি। গণ-তান্ত্রিক পদ্ধতিতে ত্রিপুরার প্রতিটি মানুষ যাতে সুন্দরভাবে গড়ে উঠতে পারে, তার জন্য প্রথম পদক্ষেপ হিসাবে যেটা, সেটা হল পঞ্চায়েত। গণতান্ত্রিক পদ্ধতিতে নির্ব্বাচিত যে মানুষ তারা সে পঞ্চায়েত গড়ে তুলবেন। তারা সেখানে যে ব্লকগুলি আছে সেখানে এসে বসবেন, এসে তার যে ব্লক এডভাইসরী কমিটী, ব্লক ডেভেলপমেণ্ট কমিটী এইগুলি থেকে যাতে ঐ অঞ্চলে কৃষি, শিল্প গড়ে উঠতে পারে তার সাহায্যের ব্যবস্থা এবং গ্রো মোর ফুড কেম্পেনকে জোরদার করার জন্য চেষ্টা করেছেন। প্রতিটি পঞ্চায়েতের মধ্য দিয়ে, প্রত্যেকটি ব্লকের মধ্য দিয়ে যদি আমরা তা করতে পারি, আমরা বিশ্বাস করি যে আমরা কৃষি ও শিল্পের উন্নতি সাধন করতে পারব। কো-অপারেটিভ হল আমাদের সেই অর্থ নৈতিক বুনিয়াদকে শক্তিশালী করার, জোর-দার করার অন্যতম একটি ব্যবস্থা, সেই অনুসারে কনজিউমার্স কো-অপারেটিভ এবং সার্ভিস কো-অপারেটিভ সোসাইটি আমরা প্রত্যেকটি ব্লকে গড়ে তুলেছি এবং মালটীপারপাস কো-অপারেটীভ সোসাইটী আমরা গড়ে তুলেছি এবং তাকে যোগান দেওয়ার জন্য আমরা এখানে সেই কো-অপারেটিভ ব্যাংক প্রতিষ্ঠা করেছি। কেবল মাত্র ব্লকগুলির মধ্যে আমরা এটা সীমাবদ্ধ রাখিনি, আমরা টাউনের মধ্যে যারা আছেন, তাদের শিল্প সংস্থাগুলি কিভাবে গড়ে

তুলতে পারি তারও প্রচেষ্টা আমরা এতে দেখতে পাচ্ছি। সেই ব্যাঙ্কের মধ্যে দিয়ে যাতে আমরা আরও জোরদার করতে পারি এখানকার অর্থ নৈতিক সংগতি এবং সেই সঙ্গতি গড়ে তুলতে গেলে পরে কেবলমাত্র ব্লকের মধ্যেই আমরা নিহিত রাখি না। টাউনের মধ্যেও যারা আছেন তাদের শিল্প সংস্থাগুলিকে আমরা গড়ে তুলতে পারি। কারণ আমরা বিশেষ করে আমাদের যে কার্যক্রম আমরা এখানে পরিচালন করেছি তাকে যদি আমরা অনুধাবন করি তাহলে আমরা দেখব কোন রাজ্য থেকে আমরা পিছিয়ে নেই। আমাদের যে যোগাযোগ ব্যবস্থা ছিল সেই ব্যবস্থাকে গড়ে তোলার জন্য, আমাদের ইণ্ডিয়া সেপারেটেড হওয়ার পর যেখানে আমাদের কোন যোগাযোগ ব্যবস্থা ছিল না সেই জায়গাতে একটা যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলা যে কতটুকু কষ্টসাধ্য সেই দিক দিয়ে যারা এখানে কতগুলি অ্যামেণ্ডমেন্ট রেখেছেন তাদিগকে চিন্তা করতে বলব। সেই সঙ্গে আমরা ৭ মাইল পর্যান্ত রেলওয়ে লাইনে ভারতবর্ষের অন্যান্য অঞ্চলের সাথে যোগাযোগ করেছি এবং ধর্মনগর থেকে শুরু করে সাব্রুম পর্যান্ত যোগাযোগ করার জন্য রেললাইন প্রসারিত করার পরিকল্পনা পাতিল এবং পুনাচা, যারা রেলওয়ে মিনিষ্টার ছিলেন কেন্দ্রের, তাদের কাছে আমরা আন্দোলন চালিয়ে গিয়েছি যার ফলে এই ৭ মাইল রেল লাইন আমরা পেয়েছি। এই ন্যায় সঙ্গত দাবী কেন করা হয়েছে? সেটা করা হয়েছে সিকিউরিটি পারপাসে, ইকনমিক পারপাসে, ট্রান্সপোর্ট পারপাসে। এখন আমাদের ত্রিপুরাতে সমস্ত মাল মসলা যোগান দেওয়া একমাত্র রাস্তা হল কুমি-আগরতলা রোড সেই সমস্ত অঞ্চলে যে রাস্তা আছে সেই রাস্তাকে যাতে আরো সুন্দরভাবে গড়ে তুলতে পারি নতন করে, যেমন গোমতীতে আমরা একটা সেতু নির্মাণ করেছি এবং তার সাথে সাথে সূর্যসেন সেতু কাকুলিয়াতে করেছি এবং তার সাথে সাথে চেবরীতে আর একটা সেতু গড়ে উঠবে। তার কাজ সুরু হচ্ছে। আমরা কৈলাসহরের য়সাথে সংযোগের জন্য সেখানে আর একটা সেতুর পরিকল্পনা নিতোর কাজ নিয়ে তৈরী হচ্ছে। অতএব আমরা পরিবহনের দিক দিয়ে বর্তমান যে রাস্তা আছে তাকে আরও শক্তিশালী করে গড়ে তোলার জন্য প্রকল্প সুরু করেছি এবং শাগালিন, চম্পুই, লংতরাই প্রভৃতি জায়গাতে যে রাস্তা আছে সেখানে আরও ১৪৭ মাইল রাস্তা গড়ে তোলা হবে এবং তারও কাজ আমরা সুরু করেছি। এইসমস্ত অঞ্চলে রাস্তা করতে গেলে পরে স্বাভাবিকভাবে যে রাস্তা আমরা করি সেখানে তার চেয়ে অনেক বেশী বাধার সম্মুখীন হতে হবে। তার কারণ হল এইসমস্ত অঞ্চলে লোক বসতি নাই বললেই হয়। কিন্তু সেই সমস্ত অঞ্চলকে সংযুক্ত করতে হবে কারণ এই সমস্ত অঞ্চলে ত্রিপুরার কতগুলি হেড কোয়ার্টার এবং গার্ডেন গড়ে তুলবার জন্য স্কীম নেওয়া হয়েছে। তাদের যোগাযোগের জন্য এইসমস্ত রাস্তা দরকার এবং সেই অনুসারে আমাদের রাস্তার প্রকল্প নিয়ে এবং প্রত্যেকটি সাবডিভিশনে রাস্তাগুলিকে পাঁচ করা যায় কিনা তারি প্রকল্প আমরা আজ সুরু করেছি এবং সেখানে পারমানেণ্ট ব্রিজ করার কাজ সুরু করেছি। অতএব আমরা নিশ্চেষ্ট বসে নাই। ভিলেজ রোডসগুলিকে আমাদের করতে হবে এবং সেই অনুসারে প্রকল্প নেওয়া হয়েছে। কেন নেওয়া হয়েছে? যদি আমরা যোগাযোগ ব্যবস্থাকে সুদৃঢ় করে গড়ে তুলতে না পারি তাহলে আমাদের শিল্পকে গড়ে তুলতে পারব না। তারি জন্য এত ব্যবস্থা করা হয়েছে। তার সাথে সাথে আর একটি প্রকল্প নেওয়া হয়েছে। সেটা হল পাওয়ার; কারণ যদি আমরা পাওয়ার তৈরী করতে না পারি তাহলে পরে আমরা শিল্প সম্ভার ত্রিপুরাতে গড়ে তুলতে পারব না। এগ্রিকালচারকে ত্রিপুরাতে গড়ে তুলতে পারব না অন সায়েন্টিফিক বেসিস। গ্রো মোর ক্যাম্পেনকে জয়যুক্ত করতে পারব না। সেজন্য সিজন্যাল বাঁধ দেওয়ার পরিকল্পনা করেছি। কিন্তু বরো ধানের যদি চাষ করতে হয়, আউশের যদি চাষ করতে হয় তাহলে তাইচুং; আই, আর, এইট যদি ইন্ট্রডিউস করতে হয় তাহলে সিজন্যাল বাঁধ গড়ে তুলতে হবে এবং সেই অনুসারে সেই কায আমরা সুরু করব এবং ভাল সাভস কি করে দেওয়া যেতে পারে সেজন্য আমাদের প্রকল্প গড়ে তুলতে পারব। এই অবস্থাও আমরা তৈরী করেছি এবং সেই অবস্থা নিয়েই আমরা চলেছি। হাই ইল্ড প্যাডি

আমরা করছি। এটা একটা বিরাট পদক্ষেপ এগ্রিকালচারের ক্ষেত্রে এবং তার সাথে সাথে কম্পোষ্ট ম্যানুর দেওয়া দরকার। তার সাথে সাথে ফার্টিলাইজার দিতে হবে। সেই দিকেও আমরা নিশ্চেষ্ট বসে নেই। গমের চাষ আমরা সুরু করেছি এবং সেই চাষে আমরা দেখেছি ত্রিপুরা রাজ্যে গমের ফলন ২০ মণ পর্য্যন্ত প্রতি কানিতে হয়েছে। তাহলে একটা বিরাট সম্ভাবনা এখানে নিহিত আছে যে আমরা গমের চাষও করতে পারি। অতএব সেই দিক দিয়ে আমাদের দেখতে হবে গমের চাষ যদি ইনট্রডিউস করতে হয় তাহলে পরে তাইচুং, আই আর এইট চাষকে গ্রহণ করতে হবে যাতে অক্টোবরের আগেই আমরা সেই ধানটা উঠিয়ে নিতে পারি। নভেম্বর ডিসেম্বরে যদি আমরা সেই কাজ সুরু করতে পারি তাহলে ডিসেম্বরের মধ্যেই আমরা ফলন আনতে পারি এবং তার জন্য জলের বন্দোবস্ত চাই এবং সেজন্য সিজন্যাল বাঁধের প্রকল্প করা হয়েছে, পাম্পের প্রকল্প করা হয়েছে, ম্যান্যুরের প্রকল্প করা হয়েছে এবং আমরা সেই দিকে নিশ্চেষ্ট বসে নেই মাননীয় সদস্যরা তা জানেন। সীডস্ যদি আমরা প্রকিউর না করি তাহলে পরে আমরা কৃষকদের সীডস্ দিতে পারব না। সেজন্য রিক্যুজিশন করা হয়েছে এবং সেই জায়গাতে আমাদের চিন্তা করতে হবে কাদের থেকে রিকুইজিশন করছি আমাদের এইবারের রিকুইজিশন কোর থাউজেণ্ড পিপল থেকে করেছি। তাদের খাদ্য রেখেই রিকুইজিশন করেছি, তাদের পরিবারের লোক সংখ্যার প্রতি লক্ষ্য রেখেই আমরা তা করছি। কিন্তু আমরা দেখছি একদল, আমাদের পরিকল্পনার বিরুদ্ধে, জনসাধারণের স্বার্থের বিরুদ্ধে, গণতন্ত্রের বিরুদ্ধে দাঁড়িয়েছে এবং যারা ধান দিচ্ছে তাদের ধান আটক করছে। তারা আটক করছে কি বলে? জনতার নাম দিয়ে। তাহলে তাদের জনতা কে? তাদের জনতা হল যারা লুণ্ঠনে সিদ্ধহস্ত এইরকম কতগুলি লোককে নিয়ে তারা কতগুলি দল গঠন করেছেন আর আভিজাত্য নেতৃত্ব সেই দলকে আশীর্ব্বাদ করছেন এবং সেই দল কি? একদিকে হল স্যাংক্রাক আর এক দিকে শান্তিসেনা, আর এক দিকে গণমুক্তি ফৌজ। এই তিন ফৌজকে তারা লেলিয়ে দেন এবং সেই তিন ফৌজ লুণ্ঠনে এবং জনসাধারণের উপর অত্যাচারে পারদর্শী। তারাই হল তাদের জনতা। অতএব তাদের জনতা কে? যারা দাঙ্গাবাজ এবং লুণ্ঠন করতে সিদ্ধহস্ত, তাদিগকেই তারা বলছেন জনতা। আমরা তাদিগকে জনতা বলতে সম্পূর্ণ নারাজ। এই তিন ফৌজকে তারা লেলিয়ে দিচ্ছে, আবার এই তিন ফৌজই লুণ্ঠনে এবং জনসাধারণের উপর অত্যাচারে বিশেষভাবে পারদর্শী, এদিকে তাদের কোন অসুবিধা নেই। আর তারাই হল তাদের জনতা, তারাই হল তাদের গণতন্ত্র। অতএব তারা জনতাকে, গণতন্ত্রকে, যারা নাকি দাঙ্গাবাজ এবং লুণ্ঠনে সিদ্ধহস্ত তাদেরকে তারা বলছেন জনতা। কিন্তু আমরা তাদেরকে জনতা বলতে সম্পূর্ণ নারাজ। তাই সরকার এই হেন সমাজকে এবং জনতাকে তাদের কল্যাণের জন্য, এই যে লুণ্ঠনকারী এবং যারা শুধুমাত্র ফৌজ তৈরী করে তাদেরকে দৃঢ়হস্তে দমন করতে বদ্ধপরিকর। আর সেজনাই তাদেরকে চূর্ণ করার জন্য এবং জনসাধারণকে রক্ষা করার জন্য আমাদের অবশ্যই এটা করতে হবে এবং সেই জন্যই আমরা তার ইঙ্গিত দিচ্ছি। আর সে জন্যই তারা এখানে বলছেন যে সেংক্রাক আমাদের লোক নয়। অথচ যখন সেংক্রাক বলে চীৎকার দেন তখন এই হাউসেই বলা হয়েছিল যে আপনারা তাহলে তাদেরকে কণ্ডেমড করুন। কিন্তু তারা সেটা করবে না। তার কারণ আছে, কারণ হল তারা সেটা সৃষ্টি করেছে ইল্লিগ্যাল এ্যাক্টিভিটীজ করার জন্য, তা না হলে পর তারা ভোট পাবে না। আবার ঐ দিকে জনতার নাম দিয়ে সেংক্রাক গঠন করব, শান্তিসেনা গঠন করব এবং মুক্তিফৌজ গঠন করবো এবং করে তারা যে জনসাধারণের উপর অত্যাচার চালাবে তাতে যখন তারা অতিষ্ট হয়ে উঠবে, তখন যদি কোন পুলিশ যায় সেখানে সেই দাঙ্গাবাজকে ধরার জন্য তখন করবে কি? না তারা পাকিস্তানে চলে যাচ্ছে পাকিস্তানে কোথায় চলে যাচ্ছে—কালাচঙ্গ চলে যাচ্ছে। সেই কালাচঙ্গে গিয়ে কি করছে? সেখানে তারা পাকিস্তানী আর্ম্স নিয়ে এসে এখানকার জনসাধারণকে

আক্রমণ করছে। সেটা তারা নিশ্চয় অবগত আছেন, তাই এখানে হচ্ছে তাদের মুস্কিল। এখন যদি এই জায়গাতে বলি, তাহলে বলতে হয় এটা তাদের পার্টি ফিলোসপি, এই ফিলোসপিই তাদেরকে মুস্কিলে ফেলছে। মুস্কিল হল এই যে আমরা দেখেছি—তারা সেখানে বলছে যে যারা ল্যাণ্ডলেস, তারা আমাদের বন্ধু, যারা বর্গাদার আছে তারা আমাদের বন্ধু এবং যারা জোতদার তারা আমাদের বন্ধু। আবার এদিকে তারা বলছে কি? বলছে যে সাম্প্রদায়িকতার প্রচার করছি, প্রচার করছি কি করে, সেংক্রাক নাম দিয়ে, শান্তিসেনা নাম দিয়ে, এবং গণমুক্তি ফৌজ নাম দিয়ে। এটা হল তাদের পার্টির ইনার সাইড এ্যাকটিভিটিস, ইল্লিগ্যাল এ্যাকটিভিটিজ সেটা কিসের জন্য, টু কলাপ্স দি ডেমোক্রেসী। ইট ইজ দি কমিউনিষ্ট থিওরী অল ওভার দি ওয়ার্ল্ড। তাই ফ্রন্ট গড় টু ইম্প্লিমেণ্ট দি রেভিউলেসানিষ্ট। ইট ইজ দি প্রিন্সিপাল এ্যাণ্ড ফিলোসপি অব দেয়ার পার্টি অন হ্যাট ভেরী বেসিস দে আর ডুয়িং দিস। দুইটি জিনিষ তারা পরিচালনা করবেন। গণতন্ত্রকে হত্যা করবেন আর স্পীকার যদি না রুলিং দেন সেটা মানবেন না। কারণ পত্র পত্রিকায় উঠবে, জনগণকে বলতে পারা যাবে যে আমরা এ্যাডজোর্ণ মোশান এনেছিলাম যদিও সেটা আইন বিরোধী তবু আমরা চালাব এবং বলব। অতএব হোয়াট সর্ট অব ডেমোক্রেসী দে আর গিভিং টু দি পিপল? তাই তাদের কর্ম ধারা হল এই যে আমরা ইল্লিগ্যাল এ্যাক্টিভিটিজ সুরু করব, গণতন্ত্রকে হত্যা করবার জন্য। অতএব তাদের তথাকথিত গণতান্ত্রিক পদ্ধতিতে গণতন্ত্রকে অচল করেছে তাই তারা ফ্রন্ট গড়বে এ্যানি ম্যান, এ্যানি পার্টি, যে কোন লোকই আসুক না কেন, আমরা সেটা করব। কিন্তু আমাদের এই যে গণতন্ত্র সেটাকে আমরা এষ্টাব্লিষ্ট করেছি আমাদেরই এই ভারতবর্ষে এ্যাণ্ড ইট ইজ রানিং ফর লাষ্ট টুয়েন্টি টু ইয়ার্স এ্যাণ্ড ইট ইজ দি গ্রেটেষ্ট ডেমোক্রেসী ইন দি ওয়ার্ল্ড। অতএব সেটা যদি তাদেরকে কোন আঘাত দেয়, তাহলে আমরা সেটাকে চূর্ণ বিচূর্ণ করে দিতে পারি না। অতএব গণতান্ত্রিক যে পুনর্ব্বাসন এবং গণতান্ত্রিক যে পদ্ধতি সেটা তাদের ধর্মে খাপ খাবে না। তাদের ধর্মে খাপ খাবে এই যে গণতন্ত্রকে গণতন্ত্র নাম দিয়ে এ্যাসেম্বলীতে বা পার্লামেণ্টে এসে তার কোন রুলস বা রেগুলেশনের ধারা তারা ধারবে না। তাই বাহিরে ঐ শান্তি সেনা, গণমুক্তি ফৌজ গঠন করে এবং জনগণ যদি তাদের কথা না শুনে তাহলে তারা তাদেরকে বয়কোট করেন, তারা জমি থেকে তাদেরকে বিচ্যুত করেন। তাই দেখা যাচ্ছে বড় বড় জোতদার; আমি তাদের খোয়াই ষ্টেলিনগার্ড সম্পর্কে বলছি ষ্টেলিনগ্রাড এ্যাণ্ড লেলিনগ্রাড অব খোয়াই কথাটা হল তারা সেখানে ছিলেন। সেখানকার গিলাতলীতে তারা অসংখ্য ভূমিহীনকে হত্যা করেছেন, তারা সেই জায়গাতে তাদের লোকদিগকে পাট্টা কবুলিয়ত দিয়েছেন এবং দিয়ে তাদেরকে সেখানে বসিয়ে দিয়েছেন। এজন্য সেখানে অনেক মামলা মোকদ্দমা হয়েছে, এমন কি সেখানে ২২নং মোকদ্দমা কমিউনিষ্ট পার্টির তরফ থেকে করা হয়েছে যারা জোতদার তাদের বিরুদ্ধে যেন ঐসব জোতদার তাদের কার্য্য কলাপ সমর্থন করেন। শুধু তাই নয় মাননীয় স্পীকার, স্যার, সেখানে তারা মারামারি, হাঙ্গামা, লুণ্ঠন ইত্যাদি করেছে। কিন্তু আমি জানি তাদের কথায় সেখানকার লোকেরা সাড়া দেয়নি, আর এই সাড়া না দেওয়ার জন্য তাদেরকে সেখানে বয়কোট করা হয়েছে। আগে অবশ্য এই বয়কোট হত হত্যা করে, লুণ্ঠন করে। কিন্তু আজকে সেখানে আইন শৃঙ্খলা শক্তিশালী হওয়ার সাথে সাথে নূতনভাবে আর একটা জিনিষ আসছে, সেটা হল এই বয়কোট। সেখানে তারা কাকে বয়কোট করছেন. বয়কোট করছেন তাদেরকে যারা ভুমিহীন মানুষ মাননীয় স্পীকার, স্যার, আমি বিস্মিত যে যারা বড় বড় জোতদার সেখানকার, তাদের দলের সভ্য, যারা জমিতে হাল চাষ করে খেটে খায়. তাদেরকে সংরক্ষণের একটা কথাও তারা এখানে বলেন নি। কেন তারা বলেন নি, কেন তারা নিশ্চেষ্ট ছিলেন এই ব্যাপারে তাহলে কি আমরা বুঝব যে তাদের গণতন্ত্র আর বুভুক্ষিত মানুষ, ভূমিহীনদের জন্য নয়? যারা ঐ দাঙ্গাবাজী করে, এই শান্তি সেনা, সেংক্রাক, গণমুক্তি ফৌজ করে লুণ্ঠনকারীদের একটা অবাধ রাজ্য করেছিল এই ত্রিপুরাতে এবং

এটাই হল তাদের তথাকথিত ঐ গণতান্ত্রিক পদ্ধতির একটা হাতিয়ার, সেই হাতিয়ারকে নিস্তব্ধ করার জন্যই আছে ত্রিপুরার মানুষ এবং জনসাধারণ। তাই তারা আমাদের গণতন্ত্রকে গ্রহণ করেছে। ভূমিহীন মানুষ চাইবে, তার জায়গা, তার জমি, তার অধিকার। তেমনি বর্গাদার, ধ্বনি তুলেছে যে আমার জমি, আমার আইন দুই আছে এবং তার থেকে কেড়ে নেওয়া জমি সে আবার ফিরে পেতে চায়। অর্থাৎ তার পূর্ব অধিকার সে আবার ফিরে পেতে চায়। তাইতো সুযোগ নিয়ে তারাই আবার ধ্বনি তুলেছে যে আমাদের জমি সংরক্ষণ করে দাও, ওদেরকে উচ্ছেদ করে দিয়ে আমাদের কোর্ট ফি ফেরত দাও। আজকে উল্টো সুর বাহির হবে বৈ কি। কিন্তু দেখতে পাচ্ছি, তাতেও তারা জড়িত হতে চাইছেন না। তাইতো এ্যানাউন্স করছেন যে সেংক্রাক আমাদের নয়—শান্তি সেনা, গণমুক্তি ফৌজকেও বলতে হবে আপনাদের নয়। কারণ তাতে ইল্লিগ্যাল এক্টিভিটিজ আছে, সেটাতে ডেষ্ট্রাকশান আনবে এই গণতান্ত্রিক দেশে। অতএব এই যে গণতন্ত্র চলছে, তার যে পদ্ধতি তাতে আপনাদের আসতেই হবে তাই বলতে হবে যে সেটা আমাদের বিরাট সাফল্য, সেজন্য আমরা গর্বিত। গত ২২ বছর ধরে আমরা সারা ভারতবর্ষে পৃথিবীর যে বৃহত্তম গণতান্ত্রিক পদ্ধতি পরিচালনা করে চারটি পঞ্চবার্ষিকী পরিকল্পনার কাজ সুরু করেছি। তাতে অনেক ত্রুটি বিচ্যুতি হতে পারে আবার অসংখ্য ভাল ভাল কাজও আমরা করেছি। এখন যদি সেখানে সত্যিই কোন ত্রুটি থাকে তাহলে সেটাকে আমরা সংশোধন করবার যে চেষ্টা সেটা অবশ্যই অব্যাহত রাখব।

Mr. Speaker :--The House stands adjourn till 2 P.M to-day. Hon'ble Minister speaking will have the floor.

Mr. Speaker :—Hon'ble Chief Minister may continue his speech.

Shri S. L. Singh :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার একটা কথা মনে পড়ছে। সেটা হল লক্ষ্মণ যখন শক্তিশেলে পড়ল তখন বীর হনুমান was sent to bring the Bishalya. Being unable to recognise the plant he carried the entire mountain upon his shoulder [বিরোধী দলের যা Amendment, আমি তাদের ধন্যবাদ দেই যে তারা হয়ত অনুরুদ্ধ হয়ে এসেছেন। এসে বলছেন যে আমরা এই কয়টা Amendment চাই। আমি ধন্যবাদ দেবো এইজন্য যে সবটারই Amendment আনে নাই। তাই বীর হনুমান যারা তাদের ধন্যবাদ জানাই। তারপর এখানে বলা হয়েছে Failure of specific mention of the ways and means of the solution of the unemployment problem in Tripura, absence of clear indication as to how the Govt. propose to face the 4th Plan in Tripura, absence of mentioning of deteriorating Law and Order of the State as such. The solution of influx of New migrant people from East Pakistan, introduction of Bengali as State language and upliftment of Tribal language in Tripura—regarding T. C. S. Junior Service, extension of Railway line in Tripura, Master Plan regarding the development of Agartala Town. আর একটা হল Policy of Govt. towards check of rise of Prices of essential commodities, how the Govt. wants to strengthen the border of the state, how the Govt. wants to meet Sankrak in the State. তাই বলতে গিয়ে তারা বলেছেন যে Law and Order situation deteriorate করছে তাকে face করবে কি করে। Border situation কি করে face করবেন। এবং আর একটা হল Sankrak এর আন্দোলনকে দমন করা। এটা আবার right এ নাই left এ আছে। এখন কথা হ'ল এই যে আমরা এখানে সংসদীয় গণতন্ত্র পরিচালনা করছি এবং সেখানে সংসদীয় গণতন্ত্রের পদ্ধতি মান্যকরে আমরা জনসাধারণকে দেখাব যে আমরা গণতান্ত্রিক পদ্ধতিকে মেনে চলি। জনগণ তোমরাও গণতন্ত্র পদ্ধতিকে মেনে চল। তাদের 1st and foremost thingই হল যে এখানে গণতান্ত্রিক শাসন পদ্ধতি যদি আরোপিত হ'ত তাহলে তাকে মানব না। অতএব না মানার পিছনে হ'ল এই

field এ ও গণতন্ত্র না থাকার জন্য বাহিনী গড়েছি। তাই তাদের প্রতিটি কার্য্যকলাপে Point of order দিলে বসব না, ruling দিলে বসব না। দু তিন জন সমানে দাঁড়িয়ে বলতে থাকব। তারা চিন্তা করবেন যে আমরা এটাকে oppose করি। এই জন্য করি যে সংসদীয় গণতন্ত্র আমরা মান্য করি। ত্রিপুরার জনগণের থেকেই। নির্বাচনে আমরা গণতন্ত্রকে মানব এই প্রতিশ্রুতি নিয়েই আমরা এখানে এসেছি। Forum of the democrats যারা এখানে আসছেন তারা democracyর against এ forum হিসাবে এখানে এসেছেন. এই পদ্ধতিকে মেনে, প্রতিশ্রুতি দিয়ে এখানে এসেছেন। এসেই এখানে যে সংসদীয় গণতন্ত্র তাকে আমরা মানব না। তার মানেই হল এই জনসাধারণ যাদের ভোট দিয়েছিল তাদের কাছে যে প্রতিজ্ঞাবদ্ধ আছি সেই প্রতিজ্ঞাকেও লঙ্ঘন করছি। এদের কথা হ'ল এই 'জনতা'। জনতা মানেই হ'ল তাদের ঐ তিনটি বাহিনী। এরা হ'ল তাদের জনতা। এরাই হ'ল তাদের প্রতিনিধি। এদের যারা মানবে না তাদেরকে আমরা কথা বলতে দেবো না। অতএব এদের সমর্থনে আমরা আছি। এই হ'ল তাদের মনোভাব। তাই আমি অনুরোধ করি সংসদীয় গণতন্ত্রকে আমরা যাতে মান্য করি, শ্রদ্ধা করি সেইদিক দিয়ে আমি House এর কাছে আবেদন করব মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মারফতে। আর একটি কথা, তা হল এই যে আমরা Language সম্বন্ধে কি করেছি। আমরা এখানে বাংলা ভাষাকে প্রবর্ত্তন করার জন্য আইনানুগভাবে Assembly থেকে শুরু করে সমস্ত জায়গাতে তা প্রচলন করেছি। এবং তা চালু করে আমরা সেই বাংলা ভাষাকে চালু করার চেষ্টা করছি বক্তৃতার মধ্য দিয়ে প্রশ্নাদির মধ্য দিয়ে। আমরা প্রত্যেকেই তা সম্ভব করে যাচ্ছি এবং পরিভাষার জন্য একটা Committee আছে এবং তারা সেইভাবে পরিভাষা সংকলন করছে। এবং District levelএ অতি দ্রুত যাতে আমরা সেই বাংলা ভাষা প্রবর্ত্তন করতে পারি তারও কার্য্যক্রম আমরা শুরু করেছি; অতএব সেই দিক দিয়ে আমরা পিছিয়ে নেই। তবে আইনগত যে Terms আছে সেটি সম্বন্ধে দিল্লীর পরিভাষা সেন্ট্রাল কমিটি আইন সম্বন্ধে যে পরিভাষা করবেন সেটাকে সেন্ট্রাল 'ল' হিসাবে যাতে গণ্য করা হয় সে বিষয়ে আমরা চেষ্টা করব। আর ত্রিপুরা আইনে যে সমস্ত বিধিবদ্ধ ব্যবস্থা আছে সেদিকেও আমরা চেষ্টা করব। এবং সেইদিক দিয়ে Co-operative Act এবং Land Reforms Act. এ বাংলা অনুবাদ আমরা করছি। পঞ্চায়েতের যে আইন তারও বাংলা অনুবাদ আমরা ইতিমধ্যে করেছি। অতএব সে জিনিষ আছে। তারাও তা জানে। শুধু শুধু একটা বলতে হবে এই জন্যই বলা। কারণ ভাষা সম্বন্ধে সকলেরই একটা মমত্ববোধ দায়িত্ববোধ আছে। অতএব সেদিক দিয়ে আমরা পেছনে পড়ে নেই। T.C.S সম্পর্কে কেন উল্লেখ থাকবে তা আমি বুঝতে পারলামনা। T.C.S.Services যেটা আছে, All India Service হিসাবে তার rules and regulation দ্বারা আমরা guided হই। অতএব তাদের সম্বন্ধে আবার নতুন করে কি ব্যবস্থা করতে হবে সেটা আমি চিন্তা করতে পারলাম না। তারপরে হঠাৎ একটি কথা বলা হল যে তেলিয়ামুড়া থেকে কার একটা Petition Chief Commissioner এর কাছে গেল। হঠাৎ সেই

লোকটির বিবৃতির মধ্যে দিয়ে প্রকাশ পাচ্ছে যেখানে সেই লোকটি ছটফট করে মারা গেল। first and formost principle হল to ascertain facts and figures। তাদের কথাই হল গণতন্ত্র সম্মতভাবে যে যে কাজ করা হবে তাকে আক্রমণ করা, নিন্দা করা। তাদের assessment যদি ইহাই হয় তবে তা তারা করতে পারেন। These are illegal. তারা সে কথা বলেছেন। কিন্তু আমরা তা স্বীকার করি না। চীফ্ কমিশনারের ভাষণে এটা থাকতে হবে। কারণ লোক মরবে। ত্রিপুরা ষ্টেটের যত জায়গাতে কি কি রোগে কখন কে মরল, সময়ের নামগতভাবে, পাড়াগতভাবে দিতে হবে। তাহলে সংসদীয় গণতন্ত্রে যে অভিভাষণ পাঠ করা হবে সেটা ছয়যুগ লাগবে পাঠ করতে। অবশ্য এটা তাদের পক্ষেই সম্ভব। তার কারণ তারা "জাতী বীরহনুমান" able to bring, Bisalyakarani the entire mountain on their shoulder. So thanks to them for their courages.

আর একজন বললেন হোলডিং এর টাকা আমার নামে। আমি আগেই বলেছি to ascertain the facts and nothing else, কারণ আমার নামে কোন হোলডিং নেই। আমি মাননীয় সদস্যকে challenge করব যদি তার statement ঠিক না হয়, উনি কি ব্যবস্থা গ্রহণ করবেন। আর আমি challenge গ্রহণ করব যদি ঠিক হয় আমি কি করব। আমি আপনাকে বলছি আপনি যে statement দিয়েছেন সেটা যদি correct না হয় তা হলে আমি বলছি I am challenging your statement. It is only nothing but to ascertain the fact. আমি মাননীয় অধ্যক্ষের কাছে বলছি উনি House এর মধ্যে wrong statementটি দিচ্ছেন। I have collected this statement I am giving it to him. He is to correct the statement just now. I want this from him.
গণতন্ত্রকে হত্যা করতে গেলে পরে যারা গণতন্ত্রকে চালু করবে তাদের চরিত্রকে এক এক করে হনন করা। তাদের উদ্দেশ্য হল জনসাধারণের কাণের কাছে অসত্যকে বার বার বলে যাওয়া তাহলে জনসাধারণ সেটাকে গ্রহণ করবে। অতএব সে পদ্ধতি নিয়েই তারা তা করছেন। এই জন্যই তারা হাউসের সামনে এরকম কথা রাখেন। তারা যে amendment এনেছেন সেগুলি এক এক করে আমি বলছি।

First যে ammendment এনেছেন। We have to tackle the growing unemployment accelerate the pace of development and stem the erosion of living standards and morals. Education has made long and significant strides in Tripura during the past years as a result of which we have a large number of educated young men and women who are in search of jobs. এই কথাটি বলা হইয়েছে। এবং তার জন্য যে পদ্ধতি সেটা কৃষি এবং শিল্পের মাধ্যমে গড়ে তুলতে হবে এবং শিল্পকে গড়ে তুলতে হলে প্রাইভেট enterprise এর সাহায্যে তা করতে হবে। Public sector এ কি করব তাও বিশদভাবে বলা হয়েছে। অতএব শিল্প, কৃষি এবং ফরেষ্টের মাধ্যমে আমাদের কর্ম সংস্থানের ব্যবস্থা করতে হবে এবং

এটার সম্পূর্ণ বিশদ বিবরণ এখানে দেওয়া হয়েছে। এখানে আরও,বলা হয়েছে—Our activities have to be geared to the new visions and claims of the young generation. It is necessary to provide a new and constructive plan to the youth by bringing about a relevance of what they learn in schools and colleges to what they have to face in their life in future and by associating them actively with the development programmes. Development programmes গুলি যদি ওনারা বুঝে না থাকেন তাহলে এটা ভালভাবে আবার অনুধাবন করলে উনাদের বক্তব্যের বিষয়বস্তু বুঝতে পারবেন।

তারপর হল ২নং amendment, এটা হল বিদ্যাবাবুর regarding Mizo Hostality.

"The Home Guard organisation has been a constant source of strength to the administration. Our Border Resistance group and posts of police security forces have been established at suitable places in the areas threatened by Singkrak and Mizohostlies.

অতএব উনি যে amendment এনেছেন তা এখানেই আছে। উনি তা বিশদভাবে পড়েননি। তলিয়ে পড়লে বুঝতে পারবেন। Railway সম্পর্কে বলতে গিয়ে ওনারা বলেছেন যে কিছুই করা হয়নি। আমি আমার বক্তব্যে ইতি পূর্বেই তা বলেছি, এরপর এটাকে আর বিশদভাবে বলার প্রয়োজন আছে বলে আমি করি না।

তারপর অঘোর বাবু food problem সম্পর্কে amendment এনেছেন। এখানে বলা হয়েছে—"There is need to maintain a buffer stock of food grains to meet emergencies caused by drought and flood. Tripura Govt. have been pressing their demand with the Central Govt. in this respect, but there is need also for procurement of food grains locally at least from such cultivators who produce more than their own needs." কার থেকে নেওয়া হবে সেটাও বিশদভাবে বলা আছে। তারপরে ৪ নম্বরে বলা হয়েছে growing population of Tripura comprizing the members of Scheduled Tribes, Sch. Caste Backward classes and displaced persons from Pakistan অতএব তাদেরকে ভূমি দিতে হবে, তাদেরকে জায়গাতে বসাতে হবে এবং সেই অনুসারে একটি কমিশনও গঠন করা হয়েছে যাতে আমরা সেই সমস্ত অঞ্চলে যে যে জমি আছে সেগুলি protected forestই হউক বা proposed forestই হউক যে রকম জায়গা আছে, সেগুলি release করে তাদের মধ্যে বিতরণ করার জন্য, হাউস সেটা জানে। অতএব প্রত্যেকটি জিনিষকে এখানে সুন্দরভাবে বিবৃত করা হয়েছে। তার কারণ হল এই আমরা ত্রিপুরা রাজ্যে গণতান্ত্রিক পদ্ধতিকে শক্তিশালী করার জন্য ত্রিপুরার সতর লক্ষ লোকের প্রতিশ্রুতি নিয়ে এখানে এসেছি। অতএব আমাদের সতর লক্ষ লোকের শিক্ষা স্বাস্থ্য, শিল্প কি করে গড়ে তুলতে পার, তারই বিশদ ব্যাখ্যা তাঁর ভাষণের মধ্যে নিহিত আছে। তাই আমি মাননীয়

সদস্যকে অনুরোধ করব যে এই জিনিষগুলিকে আরও ভালভাবে চিন্তা করে যেন আরা সেটাকে, অনুধাবন করেন এবং গণতান্ত্রিক শক্তিকে শক্তিশালী করার জন্য চেষ্টা করেন। এই রকম legal and illegal activities দুটিকে পরিচালনা করে নিজেদের অবস্থাকে বিপন্ন করে তারপরে যেন বলতে না হয় উনারা আমার দলের নন। উনারা স্যাংক্রাক বলে শান্তি সেনা, বন ফৌজ বলে, যা তৈরী করেন তা হল মান্দার ফুলের মত। তারপর দুই দিকেই যাবে। এক দিকে এটা ফুটতে থাকবে। তারপর তারা সেটাকে রিনাউন্স করবে, গণতান্ত্রিকরূপে চিন্তাধারার চাপে। তারপর উনারা বলেছেন যে আমরা 5th schedule চাই। Non-Tribal যারা আছে তাদের উচ্ছেদ কর। আর এদিকে বলবে পাকিস্তান থেকে যারা আসছে—সেখানে উৎপাত করছে—সেখানে সংঘবদ্ধভাবে লোকগুলিকে পাঠিয়ে দিচ্ছে আলাপ আলোচনার করে পুলিশের উপর দায়িত্ব চাপিয়ে দেওয়ার জন্য নিজেরা খালাস পাওয়ার জন্য। জনসাধারণকে বলার জন্য যে, দেখ বাবা আমরা গণতান্ত্রিক ধারা নিয়ে আছি। আমরা বুঝি যে যারা ভূমিহীন তাদেরে ভূমি দেব। এই হ'ল আমাদের একমাত্র নীতি। অতএব গণতান্ত্রিক চিন্তাধারা নিয়ে ভূমিহীন মানুষকে আমরা যেন ঠিক ঠিকভাবে ত্রিপুরাতে জমি দিয়ে বসাতে পারি এবং তাদের উন্নতিমূলক কাজের জন্য সর্ব্ব প্রকার কার্য্য করতে পারি। আমরা opposition কে শ্রদ্ধা করি, সম্মান করি এবং আমি আশা করি opposition এই চিন্তাধারাকে জয়যুক্ত করার জন্য সর্ব্ব প্রকার প্রচেষ্টা করবে। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker—I would request the Hon'ble Member Shri Sunil Ch. Dutta, to participate in the discussion.

Shri Sunil Ch. Dutta—মাননীয় অধ্যক্ষ মহোদয়, Administratorএর মহোদয়ের ভাষণের উপর আমার যে motion ছিল সেটার উপর বিস্তারিতভাবে আলোচনা হয়েছে। এবং আমার motion এর উপর বিরোধীদলের সদস্য শ্রীঅঘোর দেববর্ম্মা ও শ্রীবিদ্যাচন্দ্র দেববর্ম্মা Amendment এনেছেন। তারও বিস্তারিতভাবে আলোচনা হয়েছে। শ্রীঅঘোর দেববর্ম্মা ও শ্রীবিদ্যাচন্দ্র দেববর্ম্মা ভাষণের উপর যে সমস্ত প্রশ্ন উত্থাপন করেছেন তার মোটামুটি জবাব আমাদের মাননীয় সদস্যগণ দিয়েছেন। মাননীয় মুখ্যমন্ত্রীও তার জবাব দিয়েছেন। আমি এ সম্পর্কে দু'একটি কথা এখানে রাখতে চাই। মাননীয় প্রশাসক মহাশয় যে ভাষণ দিয়েছেন সেই ভাষণ সম্পর্কে আমি কালকেও বলেছি। যে ত্রিপুরার দরিদ্র সমাজ, বিশেষতঃ দুর্ব্বল অংশ যারা আদিবাসী জুমিয়া, তপশীলি সম্প্রদায় অনুন্নত সম্প্রদায়, উদ্বাস্তু তাদের কথা, তাদের কি করে উন্নতি হয় সে কথাই বলেছেন। বেকারী যেটা আছে ত্রিপুরাতে সেটার কি ভাবে সমাধান করা যায়—তার জন্য ক্ষুদ্র শিল্পের প্রতিষ্ঠানের কথা বলেছেন। তাঁত শিল্পের কথা এবং আমাদের ত্রিপুরাতে ফলের চাষেরও বিরাট সম্ভাবনা আছে, কারণ ত্রিপুরাতে আমরা দেখেছি যে কয়েক বছর পূর্ব্বে শিল্প বিভাগ ফলের রস সংরক্ষণের জন্য যে কারখানা স্থাপন করেছেন তা ভারতবর্ষের বিভিন্ন জায়গায় সমাদৃত হয়েছে। উত্তর প্রদেশ, বোম্বে প্রভৃতি বিভিন্ন স্থানের লোকের সঙ্গে আমার ব্যক্তিগতভাবে আলাপ হয়েছে—তারা বলেছেন যে ভারতবর্ষের মধ্যে ফলের রস ও ফলের রস সংরক্ষণের কারখানা

এবং যে সমস্ত ফলের রস তৈরী হয় বা Preserve করা হয় তার মধ্যে ত্রিপুরাতে best. সব চেয়ে ভাল। এদিকে যদি ত্রিপুরার জনসাধারণ Private sectorএ এ শিল্প স্থাপনের দিকে দৃষ্টি দেন এবং উৎসাহী হন তাহলে এক্ষেত্রে বিরাট এক সম্ভাবনা আছে বলে আমি মনে করি। গতকল্য মাননীয় সদস্য অঘোর বাবু একটি কথা বলেছেন আমি সে কথাটার উত্তর দেওয়ার প্রয়োজন আছে বলে আমি মনে করি। সেটা হল জন্ম নিয়ন্ত্রণ সম্পর্কে। তিনি বলেছেন ত্রিপুরা সরকারের এই কাজ একটা উদ্দেশ্য প্রণোদিত এবং বলেছেন যে আদিবাসীদের জন্ম হার কমাবার জন্য সরকার এ প্রচেষ্টা চালাচ্ছেন। মাননীয় অঘোর দেববর্ম্মা একজন রাজনীতিবিদ, তিনি দক্ষিণ কমিউনিষ্ট পার্টির একমাত্র সদস্য এই বিধান সভায়। তার মত একজন দায়িত্বশীল সদস্যের মুখে এ হেন উক্তি আমি আসা করতে পারি না। জন্ম নিয়ন্ত্রণের কার্য্য সারা ভারতবর্ষেই পরিকল্পনারূপে নেওয়া হয়েছে। সমস্ত বিশ্বে বর্তমান যে হারে জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে এবং খাদ্য সমস্যা সমস্ত বিশ্বে তীব্র আকারে যে ভাবে নিপীড়িত করছে তার সমাধানের উপায় হিসাবে সমস্ত সভ্য জগৎ এই জন্ম নিয়ন্ত্রণের পথ বেছে নিয়েছেন। ত্রিপুরা সরকারও ভাবতবর্ষের সে নীতি অনুসরণ করে জন্মনিয়ন্ত্রণ কার্য্য করেছেন। এই প্রসঙ্গে আমার আর একটি বক্তব্য আমি যতটুকু জানি মাননীয় সদস্য শ্রীঅঘোর বাবু নিজেও এই নিয়ন্ত্রণের আশ্রয় নিয়েছেন। কাজেই আমি বলতে বাধ্য যে মাননীয় সদস্য রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য এ রকম উক্তি করেছেন। গতকল্য আমাদের মাননীয় সদস্য শ্রীপ্রমোদ বাবু আমাদের বর্ত্তমান প্রশাসক মহোদয়ের ভাষণের এবং পূর্বে যিনি প্রশাসক ছিলেন তার ভাষণের মধ্যে বিস্তারিত ভাবে শিল্পোদ্যোগের ব্যাপারে উল্লেখ করেছিলেন।

মাননীয় পূর্ব্বতন প্রশাসক মহোদয় বলেছিলেন যে ত্রিপুরাতে কয়েকটি মিল স্থাপন করবেন কল ও স্পিনিং মিল ইত্যাদি, সে সম্পর্কে আমি বলতে বলতে পারি যে এই যে disparity এর কারণ সম্পর্কে গতকালও আমি বলেছিলাম যে ত্রিপুরাতে যে পর্য্যন্ত না রেল লাইন সম্প্রসারিত হচ্ছে ততক্ষণ পর্যন্ত ভারী শিল্প স্থাপন করা সম্ভবপর নয়। শিল্পপতিরা মূলধন দিতে রাজী হন না, আর এমন কতগুলি জিনিষ আছে যেগুলি Public sector এ করা সম্ভবপর নয়। যদি না সরকার বিবেচনা করে দেখেন যে এই শিল্প প্রতিষ্ঠার দ্বারা লাভজনক কিছু না হয়। একটি শিল্পপ্রতিষ্ঠা করে যদি লাভজনক না হয় তাহলে কিছুদিনের মধ্যে বন্ধ করে দিলে তার মূলধন দিনের পর দিন অকার্য্যকরী হয়। কাজেই তিনি যে কথাটা বলেছেন তাতে disparity থাকা অবাস্তব কিছু নয়। কাজেই সব দিক দিয়ে বিচার বিবেচনা করে আমি বলব মাননীয় মুখ্যপ্রশাসক যে ভাষণ দিয়েছিলেন ত্রিপুরা রাজ্যের বর্ত্তমান যে অবস্থা তার থেকে আমরা কিভাবে মুক্তি পেতে পারি, আমাদের যে দুর্ব্বলতাগুলি আছে তা থেকে আমরা কাটিয়ে উঠতে পারি, সুন্দর সুখী এবং সমৃদ্ধিশালী ত্রিপুরা গড়ে উঠতে পারে তার দিকে দৃষ্টিভঙ্গি নিয়ে তিনি তার ভাষণ রেখেছেন। ভাষণে এমন কোন ব্যাপার নেই যার জন্য বিরোধী সদস্যরা Amendment আনতে পারেন। তাই আমি হাউসকে অনুরোধ করব আমি যে মোসনটি এনেছি সেই মোসনটি House গ্রহণ করবেন।

Mr. Speaker—According to Rule the mover of the amendment, shall be required to make a statement.

Shri Aghore Deb Barma :—একটা Convention আছে, আমি বরাবরই হাউসে বলে আসছি।

Mr. Speaker :—There is no such convention in our House that on the discussion of the address of the Administrator therewere amendments and the mover of the amendments also spoke: There is no such convention in our House-

Shri Aghore Deb Barma :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে এই সুযোগটা দেওয়া প্রয়োজন বলে আমি মনে করি। যদিও বিধান সভার মধ্যে Speaker is all in all.

Mr. Spenker :—There is no convention in our House.

Shri Aghore Deb Barma :—হাউসের মধ্যে বরাবর এটা চলে আসছে, কাজেই সে দিক দিয়ে দেওয়া উচিত বলে আমি মনে করি।

Shri T.M. Dasgupta :—Hon'ble Speaker Sir, আমার একটু বক্তব্য আছে। Parliament এর procedureএ এরকম দেখা গেছে Governorএর যে ভাষণ হয় সেখানে amendment to Bill থাকে তখন Billএর যে যে clause থাকে তার আগে frist readingএ general discussion হয়, second readingএ particular clauseএ particular শব্দের place থাকে তার জন্য moverও থাকে, কিন্তু যেখানে discussion হয় সেখানে motion এবং amendment একসঙ্গে discussion হয় এবং পরে ভোট হয়। Formally যে amendment থাকে তাঁর জন্য ভোট ডাকা হয়। এরপরে আর right of reply হয় না।

Mr. Speaker :—That is the practice all over in India.

Shri Aghore Deb Barma :—কোন একটা বিষয়ের উপর একটা general discussion এক কথা, আর specific একটা amendment move করা হলে সেইক্ষেত্রে একটা reply দেওয়ার অধিকার থাকা বাঞ্ছনীয়।

Mr. Speaker :—এখানে discussion to amendmentএ হয়েছে। আর যিনি motion এনেছেন সেটার উপরেও হয়েছে, আমাদের ইতিপূর্ব্বে এরকম Convention ছিল না, যে amendmentএর উপর আবার reply দিবেন mover of the amendment.

Shri Aghore Deb Barma :—আমি যতগুলি Rule পড়ে আসছি আমার তো মনে হয় এরকম আছে।

T. M. Das Gupta :—Conventionটা না ভাঙ্গাটাই ভাল। আপনার বক্তব্যে যে pointটা আপনি দিতে পারলেন না কালকে সেই point general budget discussionএ আসবে তখন দেওয়া যাবে। কাজেই একটা convention তৈরী করা ঠিক নয়।

Mr. Speaker :—Hon'ble Member I do'nt like to establish such convention in the House. Now discussion on the speech of the Administrator is over. I shall now put the amendments to vote. First the amendments of Shri Aghore Deb Barma. The amendments are—

1. Failure of specific mention of the ways and means and solution of the unemployment problem in Tripura.

2. Absence of clear indication as to how the Govt. propose to face the food problem in Tripura.

3. Absence of mentioning the detereorating of law & order of the State and as such there should be a clear mention that how the Govt. propose to meet the Law & Order situation in the State.

4. The solution of influx of New migrant people from East Pakistan.

5. Introduction of Bengali as State Language & upliftment of Tribal language in Tripura.

6. Regarding T. C. S. Junior Service.

7. Extention of Railway line in Tripura.

8. Master plan regarding development of Agartala Town.

Now as many as are of that opinion will please say 'Ayes' (voice Ayes) As many as are of contrary opinion will please say 'Noes' (Voice—Noes) I think "Noes have it" "Noes have it" "Noes have it." The amendments are lo t.

I now put to vote the amendments moved by Shri Bidya Chandra Deb Barma—. The amendments are—

(1) Policy of the Govt. towards check of rise of prices of essential Commodities.

(2) How the Govt. want to strengthen the border of the State.

(3) How the Govt. want to meet Sankrak in the State.

As many as are of that opinion will please say 'Aye' (Voice—Ayes) As may as are of contrary opinion will please say Noes (Voice—Noes') I think. Noes have it, 'Noes' have it, 'Noes' have it. The amendments are lost.

No I am putting to vote the motion moved by Shri Sunil Chandra Dutta that "we the members of the Tripura Legislative Assembly assembled in this Session beg to offer our humble thanks to the Administrator for the most excellent speech which he has been pleased to deliver in the House on the 17th March, 1969.

Now as many as are of that opinion will please say 'Ayes' (Voice—Ayes) As many as are of contrary opinion will 'please say 'Noes' I think 'Ayes have it' 'Ayes have it' 'Ayes have it.'

The motion is passed. Next Business of the House is the discussion on matters of urgent public Importance for short duration on—to discuss on the remission of the Land Revenue accumulated for the non-realisation of the same due to the fault of the administrative machinery. Notice has being given by Shri Promode Ranjan Das Gupta M. L. A. I would call on Shri Promode Ranjan Das Gupta to start discusssion.

Shri Promode Ranjan Dasgupta :—স্পীকার, স্যার, আমি আজকে হাউসের সামনে আলোচনার জন্য এই বিরাট বিষয়টি রাখছি। That the Remission of the Land Revenue accumulated for the non-realisation of the same due to the fault of the Administrative Machinery. মাননীয় এডমিনিষ্ট্রেরের ভাষণে আমরা দেখেছি যে accumulated Revenue যাতে easy instalmentএ দেওয়া হয় সেই বক্তব্য রেখেছেন। এই মাত্র মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট বক্তৃতায় এসব রেখেছেন যে কৃষকদের উপর যাতে চাপ না পড়ে সেই ভাবেই Land Revenue আদায় করা হবে। Remission of Revenues সম্বন্ধে আমার যা বক্তব্য এখানে রাখছি—আমি বিশ্বাস করি আমার সরকার এখানে যে খাজনা Land Revenue বাবদে বৎসর পর বৎসর জমে আছে এবং যার জন্য জনসাধারনকে কিছুতেই দায়ী করা যায়না, সেটা আমাদের সরকার উপলব্ধি করবেন এবং সুনিশ্চিতভাবে তার সমাধানের জন্য কার্য্যকারী ব্যবস্থা গ্রহণ করবেন। দরিদ্র কৃষক জনসাধারন চায় যে তাদের বকেয়া যে খাজনা দেয় তার একাংশ মকুব হউক। আমাদের এখানে Tripura Land

Revenue of Land Reforms Act, 1960 চালু হয় এবং তা চালু হবার সাথে সাথে প্রথমে কিস্তিওয়ারী, তারপর খানাপুরী, তারপর হচ্ছে বুজারত তারপর হচ্ছে এটেষ্টেশন এবং কতকগুলি পর্য্যায়ের কাজ সেইভাবে চলতে থাকে। এই ব্যবস্থা চলার সময় সরকার উপরোক্ত সময়ের খাজনা গ্রহণে অস্বীকৃত হয়। কৃষক যখন খাজনা দিতে যায় তখন তাদের বলা হয় যে fi al Publication না হওয়া পর্য্যন্ত তোমাদের খাজনা নেওয়া হবে না। অর্থাৎ নূতন তৌজি, নূতন খতিয়ান যতদিন পর্যন্ত না হয় ততদিন তোমাদের খাজনা নেওয়া হবে না। তোমার খাজনা কমবৃদ্ধি হতে পারে সেইজন্য খাজনা নেওয়া হবে না। আমি ঐ আইন পুঙ্খানুপুঙ্খভাবে পড়েছি কিন্তু Survey operation চলাকালে খাজনা আদায় Suspension রাখার কোন বিধি তাতে দেখি নাই। ত্রিপুরা সরকার কোন্ আদেশ বলে এটা করছেন আমি জানি না। তাহলে দেখা যাচ্চে ত্রিপুরা সরকার নিজের সুবিধার জন্য একটা সার্কুলার দিয়ে খাজনা আদায় সাসপেণ্ড করে রেখেছে। আমি পূর্বেই বলেছি যে সার্ভে অপারেশনের এক একটি ষ্টেজ আছে এবং যারা ঐ আইন রচনা করেছেন তারা কোন সময়ই খাজনা আদায় স্থগিত রাখার কোন প্রয়োজনীয়তা উপলব্ধি করেন নাই। আজ সরকার ১০লক্ষ কৃষককে সংকটের মুখে টেনে দিয়েছেন। কারণ এখানকার ছোট ছোট কৃষক যারা তাদের কারো ৩।৪ কাণির বেশী জমি নাই, তাদের যদি একসঙ্গে ৩০।৪০ টাকা খাজনা দিতে হয় তাহলে তাদের পক্ষে তা দেওয়া মোটেই সম্ভব হবে না। আমি Land Reforms Act, বা Rule এর দোষ ত্রুটি দেখতে চাচ্ছিনা, নূতন Survey র সময়ে যে সব গরীব কৃষক তাদের জমি হতে বঞ্চিত হয়েছেন সে দোষের কথাও আমি বলছি না। আমার বক্তব্য হল আইনে যেখানে কোন Provision নাই. সেখানে একটি কলমের খোঁচায় কি করে ৬।৭ বৎসর ধরে খাজনা আদায় বন্ধ রাখা হল। এই সব খাজনা এক সঙ্গে দিতে গেলে গরীব কৃষকরা সব মৃত্যুর দিকে এগিয়ে যাবে। এবং তার জন্য দোষী কে? এই আইনে এরকম ব্যবস্থা আছে যে যদি দুর্ভিক্ষ, খরা ইত্যাদি কোন রকমের অবস্থার উদ্ভব হয় তবে খাজনা আদায় Suspension রাখার Provision আছে বা Partial মকুব দিবার ব্যবস্থা আছে। কিন্তু এই আইন রচয়িতারা কখনও ভাবে নাই যে ব্যুরোক্রেসী আমলাতন্ত্র নিজের ইচ্ছামত তাদের কাজ করে যাবে। সদর উত্তরাঞ্চলের কৃষকরা এই খাজনা মকুবের জন্য চীফ কমিশনারের নিকট আবেদন করেছে, আমি নিজেও এই বিষয়ে হাউসে প্রশ্ন করেছি। উত্তর হয়েছে যে The matter is under inquiry. কিন্তু খাজনার চাপে দরিদ্র কৃষকের উপর সংশিতের নোটিশ ঝুলছে। কৃষকরা গ্রামে তহশীলে কাঁদছে। দীনেন্দ্র মণ্ডলের উপর সংশিতের নোটীশ পড়েছে। সে খাজনা জমার জন্য দোষী এই Administrative Machinery, আমি এখানে খাজনা মকুবের জন্য বলছি। অবশ্য আমরা Central Govt. এর জমিদারী Union Territoryতে আছি এবং Union Territory Act এ পরিচালিত। কাজেই খাজনা মকুব করা যাবে কি যাবেনা সেটা মাননীয় মুখ্যমন্ত্রী ও তাঁর মন্ত্রীসভা দেখবেন। কিন্তু এখানে যে Act আছে তার মধ্যে Provision আছে সেই Provision এর দিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। তাতে আছে The Administrator may in accordance with the rules made in this behalf

under this Act grant a remission of or Suspension of land Revenue in year in which the crop have failed in area. এখানে crop fail এর কথা লিখা আছে, crop fail এর জন্য খাজনা Suspension করা হয়। কিন্তু কেন? কারণ তারা fare see করতে পারে নাই যে ত্রিপুরা সরকার এমন একটা অবস্থা করবেন। Suspension সম্বন্ধে যে বক্তব্য সরকার রেখেছেন সেটা Very important. সে সম্বন্ধে আমি বলছি, খরা বা ফ্লাডের জন্য accumulated land Revenue বা যেমন Survey operation এর জন্য land Revenue accumulated হয়েছে সেখানে স্পষ্ট রুলসে লেখা আছে Suspended land Revenue may be remitted in whole or in part when the Revenue which is sought to remit has been suspended for three years. Rules এ এই Provision আছে। খরা বা ফ্লাডের জন্য কৃষক দিতে পারতোনা আর এখানে উল্টা। সরকার land Revenue suspend করে রেখেছেন। Rulesএ আছে যে তিন বছরের বেশী যদি Revenue suspend রাখা হয় সেটা remit করার Provision আছে Rules number 23 (8) Rules number 34 (A)তে। অতএব দেখা যাচ্ছে land revenue যেটা suspend করা হয়েছে সেটা রুলস্ অনুযায়ী আমরা remit করতে পারি।

এখন প্রশ্ন হচ্ছে Suspension, সরকার যে land revenue ৫।৬ বছর ধরে collect করলো না it is also suspension. পাকিস্তানে থাকতে আমরা দেখেছি ২ বৎসর যদি খাজনা না দেওয়া হয় তাহলে তমাদি হয়ে যায়। কেন সেই limitation bar দেওয়া হয়েছিল। তার কারণ ৩ বৎসর পর একসঙ্গে এতটাকা খাজনা দেওয়ার মতো সামর্থ্য কৃষকের থাকে না। তোমার খাজনা যদি নিতে হয় তুমি মামলা করে খাজনা আদায় করে নাও। আর আজকে ৫।৬ বৎসর যাবত খাজনা আদায় করা হচ্ছেনা। আমরা একটা গনতান্ত্রিক সরকার গঠন করেছি, সমাজবাদ বিশ্বাস করি, কৃষকের সর্ব্বাঙ্গীন উন্নতি চাই। কাজেই আজকে আমি আবেদন করবো কৃষককে বাঁচাতে হলে এই accumulated land Revenue মকুব করতে হবে। যদি এই Administration এর ক্ষমতা না থাকে, তা হলে কেন্দ্রীয় সরকারের কাছে বলে কয়ে খাজনা মকুবের ব্যবস্থা করা হউক। তা না হলে কৃষকের এই যে চিৎকার খাজনা মকুবের জন্য, তা অন্যরূপ ধারণ করতে পারে। আজকে আমাদের অর্থনীতি এই কৃষকের উপরই প্রতিষ্ঠিত। কাজেই এই কৃষককুলকে আজকে যদি লাঙ্গল গরু বিক্রয় করে খাজনা দিতে হয় তাহলে তো ফসল হবেনা। Grow more food plan may go in vain. আমি জানি আমার এলাকায় একজন কৃষক তার বীজধান বিক্রি করেছে শুধু খাজনা পরিশোধ করার জন্যে। কেন? সে জানেনা কেন তার খাজনা বাকী পড়েছে। সে জানেনা তার কি দোষ। এই বাকী খাজনা পরিশোধ করার জন্য আজকে সরকার instalment এর কথা ভাবছেন। But instalment will not solve this problem.

তাই আজকে আমি বলছি যে আমাদের Rulesএ Administratorকে ক্ষমতা দেওয়া আছে খাজনা মকুব করার। যদি Administrator না পারেন তাহলে কেন্দ্রীয় সরকারের

সাথে যোগাযোগ করে এই বকেয়া খাজনা সম্পূর্ণ না হলেও আংশিক যেন মকুব করা হয়। কারণ এটা কৃষকের মরন বাঁচনের প্রশ্ন।

Mr. Speaker :—Shri Monoranjan Nath.

শ্রীমনোরঞ্জন নাথ—মাননীয় অধ্যক্ষ মহোদয় এই সম্পর্কে আমি কয়েকটি কথা রাখছি। আজকে আমরা দেখতে পাচ্ছি সমগ্র ত্রিপুরায় ৫।৬ বৎসরের বকেয়া খাজনা আছে।

শ্রীএরসাদ আলী চৌধুরী—Mr. Speaker Sir, point of order. Rules এ আছে যে Discussion on matters arising out of questions and answers—Rule 54 (5) There shall be no formal motion before the House for voting. The member who has given notice will introduce the subject in a short statement. The Minister concerned will reply briefly. The Speaker may then permit other members & put questions for the purpose of further elucidating any matter of fact. The member introducing the subject may be permitted to speak a second time to make a reply and the discussion will end with the final remark of the Minister concerned. কাজেই এখানে discussion এর কোন scope নাই।

Mr. Speaker—Hon'ble member, that is not a point of order. I may allow any member to speak under rule-57.

শ্রীমনোরঞ্জন নাথ—আজকে সমগ্র ত্রিপুরার তালুকগুলি সরকারের অধীনে এসে গেছে। তালুকগুলি সরকার নিয়ে নেওয়ার সাথে সাথে খাজনা নেওয়া বন্ধ হয়ে গেল। আজকে খাজনা আদায় করা হচ্ছে নতুন হারে। যেদিন থেকে খাজনা আদায় বন্ধ করা হয়েছিল সেদিন থেকে আজ পর্য্যন্ত নতুন হারে খাজনা আদায় করা হচ্ছে। Land Reforms Actএ আছে যেদিন final publication হবে সেদিন থেকে নতুন হারে খাজনা আদায় করা হবে। এর পূর্ব্বদিন পর্য্যন্ত পুরাতন হারে খাজনা আদায় করতে হবে। কিন্তু কর্ম্মচারীরা নতুন বা পুরান হারের সামঞ্জস্য না রেখে সবটাই নতুন হারে আদায় করছে। আমি ধর্ম্মনগরের এমন একটি ঘটনার উল্লেখ করছি। সেখানে খাজনা আদায় বন্ধ করা হয় ১৩৭১বাং সনে এবং final publication হয় ১৩৭৩বাং সনে। এবং সেখানে লিখা আছে ১৩৭৩বাং সন থেকে নতুন হারে খাজনা আমলে আসিবে। পরচায় একথা লিখা আছে। একজন কর্মচারী দাবী করছে যে ১৩৭১ এবং ১৩৭২ বাং সনের খাজনাও নতুন হারে দিতে হবে। আইনের Sec. 135এ আছে যে যেই তালুক vest হলো তার পার্শ্ববর্ত্তী তালুকের নিকটবর্ত্তী খাস জোতের যে রেইট আছে সে হারে খাজনা হবে। কাজেই খাজনা বন্ধ রাখার কোন কারণ নাই। যদি Sec. 36 দেখি তাহলে দেখতে পাবো। When the revenue rates are determined under this chapter in respect of any area, such rates shall take effect from the beginning of the year next after the date of final publication of the table of revenue rates under section 34. সুতরাং সেই যে পুরাতন হারে তারা খাজনা আদায় করতে পারিত, সেই খাজনা আদায় স্থগিত রাখার কি কারণ ঘটল? এই যে পাঁচ বৎসরের খাজনা দায়ের হয়েছে তা

দিবার কোন সঙ্গতি অনেকেরই নাই। সুতরাং আজকে জনসাধারণের যে অবস্থা দাঁড়িয়েছে, আজকে জনসাধারণের অর্থ নৈতিক কাঠামো যা আছে তাতে তিন বৎসরের বা পাঁচ বৎসরের খাজনা দেওয়া, Instalmentএ দেওয়ারও জনসাধারণের ক্ষমতা নাই। আজকে ত্রিপুরাতে অর্থ-নৈতিক কাঠামো যা দাঁড়িয়েছে, জিনিষপত্রের দাম যা বেড়েছে তাতে সেই খাজনা দেওয়া তাদের পক্ষে সম্ভব নয়। সুতরাং সেদিক দিয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। যাতে সেই খাজনা মুকুব বা Remission পায় সেইজন্য আমরা চেষ্টা করছি। তারপর আমি একটা কথা রাখছি। আজ সমস্ত ত্রিপুরাতে বন্যা দুর্গত অঞ্চল বা flood affected অর্থাৎ Natural calamity অঞ্চল বলে ঘোষিত হয়েছে। সুতরাং গত বৎসরের যে খাজনা সেটা মুকুব হওয়া উচিত। সেই জন্য আইনের বিধান আছে বলেই কথাটা আমি উল্লেখ করছি, Section 21এ দেখা যাচ্ছে The Administrator may, in accordance with the rules made in this behalf under this Act, grant a remission or suspension of land revenue in years in which crops have failed in any area. আজকে আমরা দেখতে পাচ্ছি যে সমগ্র ত্রিপুরাতে Natural calamity দেখা দিয়েছে এবং বন্যা দুর্গত অঞ্চল বলে ঘোষণা করা হয়েছে, যদিও সমগ্র ত্রিপুরাতে সামগ্রিকভাবে ফসল নষ্ট হয় নাই তথাপি কোন কোন area যেমন কৈলাসহরে ছত্র মিঞার হাওর areaতে ৮/১০টি গ্রাম আছে, যেমন ফটিকরায়, সুনাইমুরী area, ধর্মনগরে পেঁচারতলের কয়েক জায়গায় সমস্ত ফসল নষ্ট হয়ে গিয়েছে, সুতরাং সেই সমস্ত জায়গাতে খাজনা নেওয়ার কোন প্রশ্ন উঠেনা। Section ২১ এ যে সমস্ত বিধান আছে, সেই অনুসারে Administrator তাদের খাজনা মুকুব করতে পারেন। তারপর খাজানার Rate সম্পর্কে আমি কয়েকটা কথা বলব। সরেজমিনে Particularly কয়েকটা areaতে দেখেছি। যেমন কৈলাশহরে আছে Aerodrome field এর কাছে, কয়েকটি বাজারের কাছে, এক একরের মূল্য হবে পনর হাজার বা বিশ হাজার টাকা। কিন্তু খাজনা হল প্রতি একর আট টাকা whereas যেখানে flood affected ছত্র মিঞার হাওর area সেই জায়গাতেও খাজনা হল আট টাকা একর সুতরাং উহার কোন সামঞ্জস্য নাই। সেখানের flooded area প্রতি একরের মূল্য হবে পাঁচশত টাকা। যেখানে পাঁচশত টাকা একর আর যেখানে বিশ হাজার টাকা একর উভয়েরই খাজনার পরিমাণ রেখেছে একই রকম। তাতে কোন সামঞ্জস্য রাখে নাই। সুতরাং আমি বলব খাজনার হার সংশোধন করতে Administrator যে কোন সময় পারেন সে সম্পর্কে আইনের বিধান আছে। তাই সেই দিকে Houseএর দৃষ্টি দেওয়ার জন্য আমি বলব। তাই 130 ধারাতে আমরা দেখি The Administrator may at any time direct the determination or the revision of the revenue rates for all lands in any area of which a revenue survey has been made. সুতরাং Revision—Administrator পারেন। যে সমস্ত জায়গার মূল্য কম, যে সমস্ত স্থান দুর্গম, যেগুলিতে রাস্তা ঘাট নাই সেই সমস্ত জায়গার খাজনার হার কমানো দরকার। এই সমস্ত বিষয়ে আমি House এর দৃষ্টি আকর্ষণ করছি। যেমন পেঁচারতলের কাছে flood affected area, কাঞ্চনপুর properএ বাজারের সংলগ্ন যে সমস্ত জায়গা সব একই rate ধার্য্য

করা হয়েছে। উহার কি সামঞ্জস্য থাকতে পারে। যুক্তিহীন ভাবে এ সমস্তগুলির খাজনা ধার্য্য করা হয়েছে এবং সেই সমস্ত জায়গার নূতন হারে পাঁচ বৎসরের খাজনা এক সঙ্গে চাওয়া হয়েছে। সুতরাং রাজস্ব হার পরিবর্ত্তন করা, যে সমস্ত জায়গায় এই হার unjustified সে সমস্ত জায়গাতে সংশোধন করা দরকার। আমার পূর্ব্ববর্ত্তী বক্তা মাননীয় প্রমোদবাবু Rules সম্বন্ধে অনেক কিছু বলেছেন সুতরাং সেই সমস্ত rules আমি আর পুনরাবৃত্তি করছিনা। আমি House এর সম্মুখে এই আবেদন রাখব যে পাঁচ বৎসরে খাজনা এক সঙ্গে চাওয়া হয়েছে তা জনসাধারণের পক্ষে দেওয়া মোটেই সম্ভব নয়। সুতরাং House সেই দিকে দৃষ্টি রেখে সেটাকে দুই বৎসর বা তিন বৎসর remission করা দরকার, নতুবা জনসাধারণের পক্ষে এই খাজনা দেওয়া মোটেই সম্ভব হবেনা। এবং আমি বলব যে সমস্ত জায়গাতে খাজনা, High rate ধার্য্য করা হয়েছে, জমির সাথে কোন সামঞ্জস্য নাই। সেই সমস্ত রাজস্ব হার পরিবর্ত্তন হওয়া আবশ্যক। এই বলেই আমি আমার বক্তব্য রাখছি।

Mr. Speaker :—I call on Shri Abhiram Deb Barma.

Shri Abhiram Deb Barma—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য প্রমোদবাবু হাউসের সামনে যে আলোচনা এনেছেন এটা বর্ত্তমান ত্রিপুরা রাজ্যে কৃষকদের দিকে তাকিয়ে দেখলে খুবই গুরুত্বপূর্ণ বিষয় বলে আমি মনে করি। উনার প্রস্তাবের সমর্থনে বলতে গিয়ে আমার এ কথাই মনে পড়ে বৎসরখানেক আগে আমরা এই বিধানসভায় বকেয়া খাজনা মকুব করার জন্য ১০।১২ হাজার সহিযুক্ত Petition মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মারফতে Houseএ পেশ করেছিলাম। কিন্তু আজও আমাদের এই প্রস্তাবের উপর গুরুত্ব দিয়ে ত্রিপুরা সরকার কৃষকদের বকেয়া খাজনা মকুব করেন নাই। আজ অবস্থা যখন চরমে উঠেছে তখন Ruling Partyর মাননীয় সদস্যও এই সম্বন্ধে প্রস্তাব হাউসে পেশ করেছেন। কৃষকের আজ যে অবস্থা, একদিকে প্রাকৃতিক বিপর্যয়, অন্যদিকে খরাজনিত অবস্থার জন্য আজ কৃষকেরা নিজেদের অন্ন সংস্থান করতে পারছে না। তাদের ঘরে আজ খোরাক নাই। তাদের আগামী দিনে জমিতে যে ফসল বুনবে তারজন্য বীজ ধানের কোন ব্যবস্থা নাই। আজ সমস্ত কৃষকেরা ঋণগ্রস্থ হয়ে পড়েছে। আমরা সেদিন বলেছিলাম কৃষকের যে বকেয়া খাজনা আছে তা তাহাদিগকে মকুব করে দেওয়ার জন্য। কিন্তু সেটার কোন বিবেচনা করা হয়নি। আমরা আজ দেখি প্রত্যেক কৃষকের খাজনা ৩।৪ বৎসর থেকে ৫।৬ বৎসর পর্যন্ত বাকী পড়ে আছে, তাদের থেকে আদায় করা হয়নি। আজ কৃষকদের কাছে ক্রোক এবং সংশিত নোটীশ গিয়ে হাজির হয়েছে; গরু বাছুর টেনে আনবার চেষ্টা করছে। এইভাবে আজকে কৃষকদের সমস্যার সমাধান হবে না। আমরা মন্ত্রীদের মুখে প্রায়ই শুনি "grow more food" বা অধিক খাদ্য ফলাও। কৃষকদের বাঁচার জন্য আমরা অনেক ব্যবস্থা করব। এভাবে মন্ত্রীদের মুখে অনেক কথাই শুনে থাকি। কিন্তু আজ খাজনার ক্ষেত্রে আমরা যদি লক্ষ্য করি তাহলে আমরা দেখি যে, আজ যেন কৃষকদের মাথায় বাজ পড়েছে, তাদের বাঁচার কোন ব্যবস্থা নাই। অন্যদিকে প্রাকৃতিক বিপর্য্যয়ও লেগেই আছে। তাদের আজ বাঁচার কোন ব্যবস্থা নাই। সরকারের সংশিত নোটিশ, ক্রোক এবং হুমকি এগুলি চলছে আজ কৃষকদের প্রতি।

মাননীয় মুখ্য প্রশাসকের ভাষণের উপর বলতে গিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে, কৃষকদের অনেক সুযোগ সুবিধা দেওয়ার বিষয় মুখ্য প্রশাসকের ভাষণে আছে। কাজেই কৃষকদের আমরা সাহায্য করব ফসল উৎপাদনে এবং আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হব, এসব নানা কথা তিনি বলেছেন। কিন্তু আজ Ruling Partyর মাননীয় সদস্যের তরফ থেকে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে, কৃষকদিগকে আমরা সব দিক দিয়ে সুযোগ সুবিধা দিব। ইত্যাদি অনেক গালভরা বড় বড় কথা বলেছেন। কিন্তু আজকে মাননীয় Ruling Partyর সদস্যদের মুখ থেকে দেখা যাচ্ছে বকেয়া খাজনা সম্বন্ধে কথা উঠছে। আমরা oppositionরাই এ সম্বন্ধে বলছি না Ruling Partyর সদস্যরাও আজ বলছেন। ত্রিপুরা রাজ্যের সাধারণ কৃষক যারা আছেন তাদের অবস্থা আজকে কিরূপ সেইদিকে চিন্তা করে, বিবেচনা করে আমাদের দেখতে হবে। তাদেরকে বর্ত্তমান সঙ্কট থেকে বাঁচবার জন্য যাতে বকেয়া খাজনা মকুব করা হয় এই অনুরোধ আজকে হাউসে আমি রাখছি। এই বিষয়ে অধিক আর আমি বলতে চাই না। শুধু এই অনুরোধই আজ রাখছি যে, কৃষকদের বাঁচাবার জন্য তাদের সুযোগ সুবিধা দেওয়া হউক এবং বকেয়া খাজনা যাতে সম্পূর্ণভাবে মকুব করা হয় আজকে হাউস যেন সেদিকে নজর দেন। আমরা যখন কোন দাবী উত্থাপন করি তখনই বলা হয় ত্রিপুরাতে অশান্তি সৃষ্টি করার জন্যই এসব বলা হচ্ছে। আমরা ১ বৎসর আগে যে খাজনা মকুবের কথা বলেছিলাম এবং বিধান সভায় ১২০০০ সহি সংগ্রহ করে দরখাস্ত পেশ করেছি, মাননীয় সদস্যরাও আজকে সেই পথই অনুসরণ করছেন। কাজেই আমরা যা বলি সেটা বাস্তব অবস্থার সংগে সংগতি রেখেই বলি। আর মাননীয় সদস্যরা যা বলেন তা বাস্তবের সংগে কোন মিল নেই। একটা বাস্তবকে উড়িয়ে দেওয়া হচ্ছে, এই বাস্তবকে অস্বীকার করা হচ্ছে। আমি এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—Shri Nishikanta Sarkar.

Shri Nishikanta Sarkar :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত মহাশয় যে খাজনা মুকুব আলোচনা করার জন্য যে মোশন রেখেছেন তা আমি সমর্থন করি। এবং মাননীয় সদস্যগণ এতে নানা যুক্তি দেখিয়েছেন। আমি সংক্ষেপে দু' একটি কথা বলব। আজকে ত্রিপুরা রাজ্যের যে অবস্থা, এই হাউসে পূর্ব্বেও আমরা বলেছি যে, কার দরুণ এতদিন যাবৎ খাজনা নেওয়া হয় নাই। সত্যি কথা, আজকে দেখা গেছে যে, এখানে ৫ বৎসরের খাজনা দাবী করা হচ্ছে। যদিও এখন Houseএ বলা হচ্ছে যে কিস্তি হিসাবে খাজনা নেওয়া হবে। আমি এ কথাই রাখব যে ৫।৬ বৎসর পূর্ব্বে থেকে যে খাজনা নেওয়া হয় নাই, সেই খাজনার হার তখন যা ছিল সেই খাজনার হার ৫ বৎসর আগে থেকে এখন পর্য্যন্ত বৃদ্ধি হয়েছে। ৫ বৎসর আগের থেকে সুদ ধরা হয়েছে। যেখানে ১ টাকা খাজনা ছিল, সেখানে দেড় টাকা হয়েছে। ৫ বৎসর পূর্ব্বে যেখানে দিত ১ টাকা সেখানে আজকে দেড় টাকা দিতে হচ্ছে মানে ১ টাকায় সুদের তস্য সুদ দিতে হচ্ছে। আজকে ত্রিপুরাতে কৃষকের যে অবস্থা তাতে যদি ১ বৎসর বা ২ বৎসর দেওয়া বা List wage করা হয় তাতে যে ৩ বৎসর পর্য্যন্ত জের চলবে সুদ তস্য সুদে ১০০ টাকায়

৩০০ টাকা হবে। মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি এই আবেদন রাখছি যে ত্রিপুরার যা অবস্থা, উদয়পুর, সাব্রুম, খোয়াই, ইত্যাদি সমস্ত সাব-ডিভিশানে, আমি দেখেছি খরা, বন্যা প্রভৃতিতে সমস্ত ফসল নষ্ট হয়ে যাচ্ছে। একজনের খাজনা হয়ত ৩০০ টাকা কিন্তু সুদ, তস্য সুদ মিলে হ'ল ৬০০ টাকা। আমি জানি যে এই খাজনা এখন আদায় হচ্ছে। এই খাজনা কৃষকরা কি করে দিচ্ছে। গরু বিক্রী করছে, না হয়ত মহাজন থেকে সুদে টাকা নিচ্ছে, না হয় জমি মর্টগেজ দিচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহোদয় সময় অল্প, তা না হলে আমি যুক্তির মাধ্যমে বুঝিয়ে দিতে পারতাম। আমি Houseএর কাছে আবেদন রাখছি দরিদ্র কৃষক এবং আদিবাসীদের যে বকেয়া খাজনা আছে সেটা যেন সম্পূর্ণ মুকুব করে দেওয়া হয়। আর খাজনার তারতম্য যেখানে সে কথা আগেও আমি Houseএ বলেছি। যেমন রাজার বাগ, বাগান, ছাড়া ভিটি ইত্যাদি যে সমস্ত খারাপ জায়গার জন্যও খাজনা ধার্য্য করা হয়েছে টাউনের সংলগ্ন এলাকা বলে আট টাকা, দশ টাকা ধরা হইয়াছে। আমি অফিসারের সাথে আলাপ করেছি যে কি করে সুখ-সাগর জলাতে এত খাজনা ধার্য্য করা হয়েছে। উনি উত্তর করলেন ভবিষ্যতে ডুম্বুর প্রজেক্ট যখন হবে তখন উহার অনেক উন্নতি হবে, সেই জন্যই আগে থেকে আমরা ঠিক করে রেখেছি। অতএব ত্রিপুরার কৃষক শ্রেণীকে যদি বাঁচাতে হয় তবে খাজনার তারতম্য দূর করতে হবে এবং সম্পূর্ণ বকেয়া খাজনা মুকুব করতে হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma :—মাননীয় অধ্যক্ষ মহোদয় আজকের Ruling Partyর সদস্য Houseএর সম্মুখে যে প্রস্তাব রেখেছেন তারজন্য ওনাকে ধন্যবাদ জানাই। তিনি বাস্তবের সাথে সঙ্গতি রেখেই এই প্রস্তাবটা এনেছেন। তবে কথা হচ্ছে চোরে না শুনে ধর্ম্মের কাহিনী। চোর কি আর ধর্ম্মের কাহিনী শুনে? যিনি Mover তিনিও এখানে আইনের ধারা, উপধারা তুলে ধরেছেন। কি করা উচিত আর কি উচিত নয়, আর আমাদের মাননীয় উপাধ্যক্ষ মহোদয় Land Reforms Actএর ধারা, উপধারাগুলি তুলে ধরেছেন। কিন্তু আমি এই কথাই বললাম যে চোরে না শুনে ধর্ম্মের কাহিনী। এখানে কথা প্রসঙ্গে একটা কথা বলতে হয়। অবশ্য আমাদের Amendment যা আলোচনা করেছিলাম তার মধ্যে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর সম্বন্ধে কোন কথাই বলি নাই। আমার প্রশ্নটা ছিল যে ত্রিপুরায় Bengal Municipality Act চালু হওয়ার পূর্ব্বের কথা আমি বলেছিলাম। কিন্তু আজকে affect দেওয়ার পরে মুখ্যমন্ত্রীর নামে কোন বাড়ীও নাই Holding ও থাকার কথা নয়। তার আগের কথা। T. M. Act যখন ছিল তখন তাতে Incomeএর উপর একটা Municipality Tax বসানো ছিল। তিনি যখন Advisor ছিলেন তখন ওনার Tax ছিল এবং Holding numberও ছিল আমি আবার বলছি পরিষ্কারের জন্য বলে দিচ্ছি, তিনি অবশ্য এটা challange করেছিলেন।

Mr. Speaker :—Chief Minister has challanged your statement.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—হ্যাঁ। এ আমি সম্পর্কে আবার পরিষ্কারভাবে বলছি। Ward No. 3, Holding No. 744 শ্রীশচীন্দ্রলাল সিংহ, পিতা শ্রীদীনদয়াল সিংহ ১৩৬৭ ত্রিং

পূর্ব্বের বকেয়া মোট ১৩৮·৪৬ পঃ ১৩৬৯ ত্রিং সন থেকে holding number পালটিয়ে ৩০০ হয়ে গেল। কিন্তু Word No. 3 ই রয়ে গেল। শ্রীশচীন্দ্রলাল সিংহ, পিতা মৃত দীনদয়াল সিংহ ১৩৬৯ ত্রিপুরা। মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি আগরতলা শহরের কথাই বলছি। আগরতলা শহরের যে সমস্ত জমির মালিক আছে তাদের জমির এখন পর্য্যন্ত Survey operation complete হয় নাই। আমি holding Tax এর কথায় যাচ্ছি না। বাড়ীর খাজনা এখন পর্য্যন্ত held up করে রাখা হয়েছে। এখন পর্য্যন্ত নিচ্ছে না। অর্থাৎ জমির খাজনা সাধারণতঃ কম। কিন্তু আগরতলা বসত বাড়ীর খাজনা কোন কোন ক্ষেত্রে বেশীও আছে। আগে রাজার আমলেই ছিল। কাজেই আজকে যদি কানি প্রতি ৮ হিসাবে ৪।৫ বৎসর পর্য্যন্ত খাজনা জমতে থাকে তাহলে কি ব্যবস্থা দাঁড়ায়?

(Interruption)

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই Survey settlement operation যখন শুরু হয় তখন বলা হ'ল যে কানি প্রতি বা একর প্রতি খাজনা এই রকম। তখন আগরতলা শহরের নাগরিকগণ হাজার হাজার Petition করল যে এত খাজনা দেওয়া আমাদের পক্ষে সম্ভব নয়। তখন আবার এটা held up করে রাখা হ'ল। তার যে ভবিষ্যত, একর প্রতি বা কানি প্রতি বসত বাড়ীর খাজনা যে কত হবে তা এখন পর্য্যন্ত আগরতলার জনসাধারণ জানতে পারল না। জনসাধারণ যে Petition দিয়েছিল তারও কোন সদুত্তর পায় নাই। অথচ এই দিক দিয়ে বছরের পর বছর বকেয়া খাজনা জমেই যাচ্ছে। তাই আজকে সরকার এটার জন্য সম্পূর্ণ দায়ী। কারণ এটা যদি আজকে এক সঙ্গে আদায় করতে যায় তাহলে অনেকের পক্ষেই বর্ত্তমান এই আর্থিক সঙ্কটে দেওয়া সম্ভবপর নয়। অতএব এখানে জমির খাজনার কথা উল্লেখ আছে। কাজেই আগরতলার যে বসত বাড়ীর খাজনা এইগুলি এটার মধ্যে included. সরকার নিজের দায় দায়ীত্বে খাজনা বন্ধ করে রেখেছেন। বকেয়া জমা হয়েছে। সেই বকেয়াগুলি আজকে মুকুব করে দেওয়া দরকার বলে আমি মনে করি। এবং এটা করা উচিত। আমি আগেই বলেছি—মাননীয় সদস্যরাও বলেছেন যে যখন সমস্ত ত্রিপুরা রাজ্যকে natural calamity area হিসাবে Central Govt. থেকে declaration দেওয়া হয়েছে, তারজন্য একটা lump sum টাকাও এসেছিল। কিন্তু প্রশ্ন ছিল যে সমস্ত Flood affected areaতে কৃষক যাদের জমিতে দু'তিন বার ফসল রোপণ করার পরও নষ্ট হয়ে গেছে, যাদের জমি নদীর ভাঙ্গনের ফলে নষ্ট হয়েছে বা ছড়ার জলে নষ্ট হয়েছে এই সমস্ত জমির যারা মালিক তাদের টাকা পয়সা দিয়ে সাহায্য সহায়তা করার দরকার ছিল। ত্রিপুরার আর্থিক অগ্রগতি বা কৃষিজাত দ্রব্য উৎপাদনের সাহায্য সহায়তা দেওয়া দরকার ছিল। কিন্তু ত্রিপুরা সরকার তা করে নাই। যদি natural calamity declaration দেওয়া হয় তাহলে ত্রিপুরার সমস্ত কৃষককে এই সাহায্য দেওয়া উচিত ছিল। কিছুক্ষণ আগে মাননীয় মুখ্যমন্ত্রী যখন মাননীয় প্রশাসক মহোদয়ের ভাষণের উপর আমাদের Amendment এর উত্তর দেওয়ার সময় তিনি বর্গাচাষীদের কথা, Landlessদের কথা কত কিছু বলেছেন। কিন্তু আজকে in practice আমরা দেখি যে তাঁদের বেলায় শু গালভরা প্রতিশ্রুতি আর বড় বড় কথা ছাড়া আর কিছুই নয়। এগুলি যদি

আজকে প্রশ্ন করা হয়—আপনারা তো মুখে বড় বড় কথা বলেন কিন্তু কার্য্যতঃ তো তাঁরা কোন সাহায্যই পেল না। তাহলে তারা অন্য মানুষ। ভাল কথা যাদের দেওয়ার তাদের দিয়েছে। কিন্তু তাদেরও দেওয়া উচিত ছিল। কিন্তু যেহেতু তারা গরীব, তাদের কাছ থেকে আদায় করার সুযোগ সুবিধা নেই, অতএব তাদের দেওয়া হবে না। যাদের সবচেয়ে বেশী প্রয়োজন ছিল তাদের কেন দেওয়া হল না একথা যদি প্রশ্ন করা হয় তখন বলা হবে এটা বৃহত্তম গণতন্ত্র। আর পাকিস্তানের হানাদাররা যখন border অতিক্রম করে এসে গরু-বাছুর-চুরি ডাকাতি ইত্যাদি করে চলে যায় এটাও একটা ভারতবর্ষের বৃহত্তম গণতন্ত্র। আজকে আইনের মধ্যে অনেক কিছু আছে, গালভরা প্রতিশ্রুতি আছে কিন্তু কার্য্যতঃ কিছুই করা হচ্ছে না। মানুষ গুলি করে মারা, এটাও গণতন্ত্র, বুটের লাথি মেরে মানুষ হত্যা করা, এটাও গণতন্ত্র। আজকে সংবাদপত্র যখন ঠিক ঠিক তথ্যগুলি ফোকাস করবে জনসাধারণের অবগতির জন্য তখন সাংবাদিকের গলা টিপে মারবে, বিজ্ঞাপন বন্ধ করে দেবে। এটাও একটা বৃহত্তম গনতন্ত্র।

(Interruption)

আর একটা কথা হচ্ছে যে Chief Minister এর দোতলার উপর পা টিপবার ব্যবস্থা করে দাও। আরে বাপরে এটা আবার কি ? এটাও একটা বৃহত্তম গণতন্ত্র। কারণ ১৮ হাজারের উপর বেকার—তারা করবেই বা কি ? তাদেরও তো বেঁচে থাকতে হবে। তার জন্যই পা টেপার ব্যবস্থা।

Mr, Speaker :—Hon'ble Member, I request you to take your seat. Your time is over.

Shri Aghore Deb Barma M. L. A.—মাননীয় অধ্যক্ষ মহোদয় আমাকে বলতে দেওয়া উচিত। আমার অনেক কথা এখনো বাকী আছে। আমাকে বলতে দিন।

(Interruption)

সরকার পক্ষে খাজনা মকুবের নামে যে প্রচেষ্টা চালাচ্ছেন বলে দাবী করেন সেটা একটা ভণ্ডামি। তারা চিৎকার করেন—আমরা কৃষির উন্নতি করব, কৃষকদের উন্নতি করব কিন্তু তারা এ কথা চিন্তা করেন না যে কৃষির উন্নতি করতে গেলে কৃষকের উন্নতি করা দরকার। সরকারের টাল বাহানায় যে খাজনা বাকী পড়েছে তার জন্য কৃষক সমাজ দায়ী নয়। ত্রিপুরার কৃষক আজ ঋণে জর্জ্জরিত। কংগ্রেসী কর্তাদের যারা তাবেদার মহাজন তাদের কাছে তাদের মাথার চুল পর্য্যন্ত বিক্রি হয়ে গেছে। তাই আজ খাজনা মকুবের জন্য যে cry উঠেছে সেই cry আমাদের নস্যাৎ করে দিলে চলবে না। কংগ্রেসী সরকার হয়ত ক্ষমতার দাপটে তাদের ন্যায্য দাবী নস্যাৎ করতে পারেন। কিন্তু জনসাধারণ আন্দোলন করে তাদের দাবী আদায় করবে। সরকার সে আন্দোলনকে রুখতে পারবে না, জনসাধারণ আন্দোলন করবে আর জনতার দাবী নামিয়ে আনবে ক্ষমতার দম্ভে দম্ভিত কংগ্রেসী শাসকগণকে।

(Interruption)

Mr. Speaker :—I shall request the Hon'ble Members to stop. you are not only violating order, but disturbing the proceedings of the House.

I would again repeat and request the Hon'ble Member to maintain the decorum of the House. Now Hon'ble Minister incharge may give his reply.

Shri S. L. Singh :—মাননীয় অধ্যক্ষ মহোদয় যারা সেংক্রাক গঠন করে, যারা শান্তি-সেনা গঠন করে, যারা ডাণ্ডার আঘাতে কর আদায় করে তাদের মুখে জনতার কথা বলা শোভা পায় না। ভারতবর্ষ সমাজতন্ত্রবাদ বিশ্বাস করে এবং ভারতবর্ষ ধাপে ধাপে সমাজতন্ত্রের দিকে এগিয়ে চলেছে। কিন্তু ওদের মুখে যখন সমাজতন্ত্রের কথা শুনি তখন মনে হয় যে এত ওদের নিজেদের কথা নয়। এ হচ্ছে ওরা যে গোষ্টির সমর্থক, সে গোষ্টির থেকে ধার করা কথা বলছে। তাদের গণতন্ত্র রুশ মার্কা ও চীন মার্কা গণতন্ত্র। চোরের মার বড় গলা। একদিকে তারা সমাজতন্ত্র, গণতন্ত্রের কথা বলে, অন্যদিকে illegal যুদ্ধের কথা ঘোষণা করে, জনসাধারণকে আন্দোলন করার উস্কানী দেয়। কিন্তু মূল উদ্দেশ্য থাকে জনসাধারণকে ভাঁওতা দেওয়া ও দলীয় স্বার্থ ও ব্যক্তি স্বার্থ পূরণের। এই অদ্ভুত গণতন্ত্র ও জাতীয়তাবাদের কথা ইতিহাসের কোন পাতায় লেখা থাকে না। তারা মুখে সংসদীয় গণতন্ত্রের কথা বলেন কিন্তু কার্য্যত: Speakerএর ruling মানে না। চিৎকার করে House এর কার্য্যক্রমকে ভন্ডুল করতে চান। এই হচ্ছে তাদের সংসদীয় গণতন্ত্রের নমুনা, তাই আবার বলছি "চোরের মার বড় গলা"। এখানে মাননীয় সদস্য বকেয়া খাজনা সম্পর্কে একটা motion এনেছেন এবং এটা সত্যই ভাববার বিষয়। সরকার এই বিষয়ে সজাগ আছেন। মাননীয় মুখ্য প্রশাসকের ভাষণে কৃষকের বকেয়া খাজনার যে সমস্যা, তার বিষয়ে উল্লেখ আছে এবং সরকারও চেষ্টা করছেন কিভাবে কিস্তিতে এই বকেয়া খাজনা আদায় করা যায়। কৃষকের কথা আমরা চিন্তা করি। আমরা জানি সমস্যা জর্জ্জরিত দেশে কোনখানে অতি বৃষ্টি কোনখানে অনাবৃষ্টি, কোন জায়গায় ঝড়ঝঞ্ঝা এবং এইরূপে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ত্রিপুরার কৃষককুল যে বিপদাপন্ন একথা আমরা জানি এবং তাদের এই সমস্যা সমাধানের সুষ্ঠু উপায় বের করবার জন্য আমরা আগ্রহী। কোন সরকার গলা বাজীর দ্বারা চলতে পারে না। বিরোধী পক্ষ গলাবাজী করে খাজনা মুকুবের জন্য আন্দোলন করবেন বলে ভয় দেখাতে পারেন কিন্তু আমাদের দেখতে হবে আইন কানুন। কৃষকের যে দাবী সে দাবীকে আমরা মানব আইনের মাধ্যমে। সুতরাং যেখানে আইন নেই সেখানে আইন তৈরী করতে হবে। এই খাজনা মকুবের ব্যাপারেও কিভাবে আইনের মাধ্যমে অগ্রসর হওয়া যায় তার পরীক্ষা নিরীক্ষা আমরা চালিয়েছি। আমাদের বিচার্য্য বিষয় হচ্ছে ত্রিপুরায় প্রচলিত Land Revenue & Land Reforms Actকে কিভাবে সংশোধন করা যায়। এই Land Revenue & Land Reforms Act. পার্লামেন্ট প্রণয়ন করেছিল। সুতরাং একে সংশোধন করবার ক্ষমতা থাকলেও আমাদের দেখতে হবে Union Territory Act এর ১৮ ধারা অনুসারে সংশোধিত আইন যেন মূল আইনের Repugnant না হয়। সুতরাং কিছু সময়ের দরকার এবং পরীক্ষা নিরীক্ষা সাপেক্ষ। এতদ্ব্যতিত কৃষকদের অভাব অভিযোগ সম্পর্কে আমরা ওয়াকিবহাল আছি। Flood এবং natural calamity প্রভৃতি কারণে যেখানে কৃষকগণ ক্ষতিগ্রস্থ হয়েছেন সেখানে আমরা temporary suspension of

realisation of revenue করেছি। এই প্রসঙ্গে আর একটা বিষয় চিন্তা করবার আছে সেটা হচ্ছে খাজনা মকুবের যে পরিকল্পনা সে পরিকল্পনা ছোট ছোট কৃষক থেকে আরম্ভ করে বড় বড় জোতদার পর্য্যন্ত সর্ব্বক্ষেত্রে সমভাবে প্রযোজ্য হবে কি না। এটা একটা ভাবনার বিষয়। যাদের সামর্থ্য আছে তারা সরকারকে খাজনা দেবে না এটা চিন্তা করা ঠিক বলে আমি মনে করি না। সুতরাং আইন মাফিক কি করে প্রকৃত দুঃস্থ যারা, কিভাবে তাদের উপকার করা যায় সেই প্রচেষ্টা আমাদের চালাতে হবে। প্রত্যেকটা অবস্থা সম্বন্ধেই আমরা ওয়াকিবহাল আছি। আর একটী কথা বলা হয়েছে খাজনা মকুব করা সম্বন্ধে। আমরা হয়ত সমস্ত লোকের খাজনা মকুব করে দিলাম, যারা বড় বড় land owner তাদের সম্বন্ধে কি করব? মকুব করতে গেলে সবটাই মকুব করতে হবে। যাদের ২৫ একর জমি আছে বা যাদের ১০ একর জমি আছে তাদের সম্বন্ধে কি করতে হবে? অতএব আমাদের চিন্তা করতে হবে ছোট ছোট জোতদার যারা আছেন তাদের কথা। কাজেই সব দিক দিয়ে আমাদের চিন্তা করে আইনগত আমাদের যে অসুবিধা আছে সেগুলি আমাদের দেখতে হবে। একটী কথা বলেছেন যে after the final declaration of the survey, সেটা নিয়ে একটা আলাপ হয়েছে, at the time of survey এবং attestation এর নোটিশ দেওয়ার সাথে সাথে যে landটা final হয় তখন করতে পারে। After the finalisation of the survey settlement সেটার power থাকে কিনা আমাদের দেখতে হবে। কারণ after ten years খাজনা বৃদ্ধি হতে পারে। এটা Act এ আছে। অতএব সেই দিক দিয়ে চিন্তা করতে বলব। একটা সুনির্দিষ্ট কি ধারাতে সেটা করা যায় তা স্থির করে আমরা হাউসের কাছে সেটা আনব। আমরা বিচার বিবেচনা করবার জন্যই এখানে বসেছি। গণতান্ত্রিক পদ্ধতিতে সেটাকে আমরা করব এবং সেইভাবে অগ্রসর হব। এই বলেই আমি আমার বক্তব্য এখানে শেষ করলাম।

Mr. Speaker :—Next item in the list of business is private members, resolution. I would call on shri Ghanasyam Dewan to move his resolution that this Assembly is of opinion that—ত্রিপুরা রাজ্যে জুমিয়া পুনর্ব্বাসনকে জাতীয় সমস্যা হিসাবে অগ্রাধিকার দিয়ে বর্ত্তমান আর্থিক সনে একটী পূর্ণাঙ্গ জুমিয়া পুনর্ব্বাসন ডাইরেক্টরেট চালু করা হোক।

শ্রীঘনশ্যাম দেওয়ান—ত্রিপুরা রাজ্য পর্ব্বত সঙ্কুল। এই রাজ্যে বহুবিধ সমস্যা আছে। পর্ব্বত প্রমাণ তার সমস্যা। কিন্তু যতগুলি সমস্যা আছে তন্মধ্যে আমি মনে করি জুমিয়া পুনর্ব্বাসন সমস্যা একটী বড় সমস্যা। এই সমস্যা একটী জাতীয় সমস্যা। এই যে একটী পিছিয়ে পড়া জাতি; এই যে উপজাতি যাহারা জুম চাষ করে জীবন ধারণ করে' জীবিকার সন্ধানে ঘুরে বেড়ায়, তাদিগকে উন্নত প্রথায় চাষ, আধুনিক শিক্ষা, স্বাস্থ্য সম্পদের অধিকারী করে তোলাই হল আমাদের সরকারের কর্ত্তব্য। আমরা দেখতে পাই ২৫০০০ হাজার জুমিয়া পরিবার যারা ছিল তাদের মধ্যে গত ২০ বৎসরের মধ্যে ত্রিপুরা রাজ্য ভারতীয় রাষ্ট্রের সাথে যুক্ত হওয়ার পর প্রায় ১৩০০০ হাজার জুমিয়া পরিবারকে পুনর্ব্বাসন দেওয়া হয়েছে। এখনও প্রায় ১২০০০ পরিবার বাকি আছে। দেখা যায় এই সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। জুমিয়ারা জুম চাষ

করে জীবিকা নির্বাহ করে। এখনো তারা স্থায়ীভাবে সমতল জমিতে চাষাবাদ করতে আসছে না। সরকার বনায়ন করছেন, বন গড়ছেন; কিন্তু জুমিয়ারা বন কেটে, পুড়ে জুম করছে, অর্থাৎ তারা বন ধ্বংস করছে। এইভাবে ধ্বংস করার পর ত্রিপুরাতে এই গভীর অরণ্য শত শত বৎসর ধরে জুম করে বিরাট বিরাট বৃক্ষ কেটে, বাঁশ বন ধ্বংস করে, পুড়িয়ে ছাই করে ত্রিপুরাকে আজ তারা একটা মরুভূমির মত করেছে। ত্রিপুরার বনে আজ বড় বড় গাছ নেই, বাঁশ নেই। ছনবন শেষ হয়ে গেছে। সুতরাং ত্রিপুরার বনে আজ জুমিয়াদের বাঁচবার উপায় নেই। তার ফলে ত্রিপুরাতে বন্যা বাড়ছে। কারণ আমরা দেখছি আমাদের ত্রিপুরাতে ১৫০০ বর্গ মাইল বন গড়বার পরিকল্পনা আছে। ত্রিপুরাকে বন্যার থেকে বাঁচাতে হলে বনের প্রয়োজন আছে। বনের স্বল্পতার ফলে ত্রিপুরাতে বন্যা বেড়ে গেছে। বনের উপর দিয়ে যে মৌসুমী বায়ু বয়ে যায় তাতে বন আর জল ধারণ করতে পারেনা তাই হঠাৎ ত্রিপুরাতে বন্যা এসে যায়। কারণ ত্রিপুরায় বন কমে যাওয়ার জন্যই বন্যার প্রকোপ বেড়ে যাচ্ছে নদীগুলি ক্রমশ ভরাট হয়ে যাচ্ছে। সুতরাং ত্রিপুরার বন্যা নিয়ন্ত্রণ করতে গেলে আমি মনে করি শুধু বিরাট বিরাট বাঁধ দিয়ে বন্যা রোধ করা যাবে না, ত্রিপুরাতে বন ও গড়ে তুলতে হবে। বনের দ্বারা নদীগুলির জল স্রোত নিয়ন্ত্রণ করতে পারবে, এই বন আমাদের সাহায্য করবে। আমরা দেখতে পাই আমাদের জাতীয় সরকার এই পিছিয়ে পড়া উপজাতীয়দের জন্য শিক্ষার ব্যবস্থা করেছেন। স্থানে স্থানে স্কুল দিচ্ছেন। কিন্তু আজকে উপজাতীয় ছেলেরা আগের তুলনায় আমি জানি অনেকটা অগ্রসর হয়েছে। আজকে স্কুলে উপজাতীয় ছাত্র ছাত্রী দেখতে পাচ্ছি। কলেজের মধ্যেও দেখতে পাচ্ছি। কিন্তু যে পরিমাণে দেখা উচিত বা প্রয়োজন আছে সেই পরিমানে দেখতে পাচ্ছিনা; তার কারণ প্রায় তিন চতুর্থাংশ উপজাতী ছাত্র ছাত্রী এখনো জুমের মধ্যে আছে। তাই তারা শিক্ষা দীক্ষায় অগ্রসর হতে পারছেনা। জুমিয়ারা এক পাহাড় থেকে অন্য পাহাড়ে যায় সেই পাহাড় অঞ্চলে আমরা এখনো স্কুল করতে পারিনাই, স্কুলের site selection হয়না, তাদের বাঁচবার প্রয়োজনে তারা স্কুল পরিত্যাগ করে চলে যায়। সুতরাং তাদের কাছে শিক্ষা বিস্তার করতে হলে তাদের স্থায়িত্বের প্রয়োজন। সুতরাং তাদের স্থায়ী পুনর্বাসন প্রয়োজন যাতে এক জায়গায় থেকে তারা স্কুলে আসা যাওয়া করতে পারে। আমরা দেখতে পাই ত্রিপুরা রাজ্যে আমাদের যে স্বাস্থ্য বিভাগ আছে তারা ত্রিপুরার জনস্বাস্থ্যের জন্য প্রচেষ্টা চালাচ্ছে। কলেরা, বসন্ত মহমারী আকারে যাতে আর দেখা না দিতে পারে তার চেষ্টা চলছে। কিন্তু জুমিয়ারা যারা গভীর বনে বাস করে এবং ছড়ানালার পচা জল পান করছে তারা বহুকাল যাবত বহুবিধ রোগে ভুগছে। কিন্তু আজও আমরা তাদের স্বাস্থ্য রক্ষার জন্য সাহায্য করতে পারিনি। স্বাস্থ্য বিভাগের সুযোগ সুবিধা আজও তাদের নিকট পৌঁছায়নি। তার কারণ তারা বহুদূরে থাকে। তাদের জন্য আমরা ডাক্তার দিতে পারিনা এবং চিকিৎসার সুযোগ পৌঁছে দিতে পারিনা। সেজন্য আজকে দেখা যায় উপজাতিদের মধ্যে শত শত লোক শুধু কলেরা বসন্ত মহামারীই নয় কুষ্ঠ রোগেও ভুগছে। সরকার থেকে কুষ্ঠরোগের চিকিৎসার জন্য বিনামূল্যে ঔষধ বিতরণের ব্যবস্থা, স্থানে স্থানে ডিসপেন্সারীও

হাসপালগুলিতে আছে। কিন্তু যেহেতু উপজাতীয়েরা বহুদূরে থাকে, সেজন্য তারা এইসব চিকিৎসার সুযোগ গ্রহণ করতে পারেনা।

আজকে উপজাতীয় জুমিয়াদের মধ্যে খাদ্যাভাব প্রকট হয়ে দেখা দিয়েছে। সাখান লংথরাই, জম্পুই, আঠারমুড়া, বড়মুড়া ইত্যাদি পাহাড়ঞ্চলে বহু জুমিয়া পরিবার আজও বসবাস করছে। বৈশাখ মাস আসতে না আসতেই তাদের মধ্যে খাদ্যাভাব দেখা দেয়। তারা সুদখোর মহাজনদের নিকট হতে দাদন নেয় এবং সেই দাদনের টাকা পরিশোধ করতেই তাদের ঘরের ধানচাল বিক্রি হয়ে যায়। কাজেই আজকে যদি জুমিয়াদের বাচাতে হয় তাহলে তাদের জমিতে পুনর্ব্বাসন দিতে হবে অথবা পাহাড়ে পুনর্ব্বাসন দিয়ে ফলের বাগান করার জন্য সব রকমের সাহায্য দিতে হবে।

আদিবাসীদের উন্নতির কথা আমরা অনেক সময় বলে থাকি। কিন্তু আমরা তাদের অবস্থাটা সম্যকভাবে বুঝতে পারিনা বলেই আমাদের পরিকল্পনাগুলো আজকে ব্যহত হচ্ছে। যাদের জন্য আমরা পরিকল্পনা করেছি তারা যদি আমাদের সেই পরিকল্পনা বুঝতে না পারে তাহলে যত পরিকল্পনাই তাদের মঙ্গলের জন্য করা হউক না কেন তা ব্যর্থ হবে। Tribal Welfare থেকে যে সব অফিসারকে ট্রাইবেল কলোনী সুপারভিশনের জন্য পাঠান হয় তারা নিজেরাই জানেনা উপজাতিদের সমস্যাগুলো কি এবং কিসে তাদের কল্যাণ হবে।

আপনারা জানেন উত্তরপূর্ব্ব ভারতের নাগাল্যাণ্ড, মিজো ও নেফা এলাকায় বিদেশী মিশনারী উপজাতীয়দের ভাষা শিখে, তাদের সমস্যাগুলো হৃদয়ঙ্গম করে, অনুধাবন করে আদিবাসীও পাহাড়ীয়া লোকদের শিক্ষিত করে তুলেছে। কাজেই আমরা যদি ত্রিপুরার আদিবাসীদের সত্যিকারের মঙ্গল চাই, তাহলে এমন সব অফিসারকে নিয়োগ করতে হবে যারা missionery spirit নিয়ে কাজ করবে তাদের মঙ্গলের জন্য। যারা আমাদের এই সভ্যতার ভাবধারা এবং উন্নত প্রথায় চাষ তাদের মধ্যে প্রচলন করবে এবং তাদের সত্যিকারের মঙ্গল সাধন করবে এমন অফিসার আমাদের নিয়োগ করতে হবে।

আমরা দেখতে পাই ত্রিপুরার বনকে আমরা সত্যিকারের বন হিসাবে গড়ে তুলতে চাই, কিন্তু ত্রিপুরার বনে যে মানুষগুলো আছে তাদের আমরা সত্যিকারের মানুষ করতে চাইনা। বনের মধ্যে যে সব উপজাতীরা বাস করে তাদের জন্য বন সৃষ্টি করার কোন পরিকল্পনা নেই। আমরা তাদের টাঙ্গিয়া প্রথায় চাষ করার কলাকৌশল শুধু শিখাচ্ছি এবং পুনর্ব্বাসন দেওয়ার চেষ্টা করছি। বনবিভাগ থেকেই এই টাঙ্গিয়া সিষ্টেম চালু করা হয়েছে এবং ঐ বিভাগ থেকেই অর্থ ব্যয় করা হয়। কিন্তু এই টাঙ্গিয়া সিষ্টেমে কাজ করেও জুমিয়ারা জমির স্বত্ব পায় না। স্থায়ী পুনর্ব্বাসন তাদের দেওয়া হয় না। কাজেই এই টাঙ্গিয়া প্রথার দ্বারা উপজাতীয়দের আজকে শ্রমিক শ্রেণীতে পরিণত করার একটা প্রচেষ্টা চলছে একথা বলা যায়। বন বিভাগ বনের পশুপক্ষীর মঙ্গলের কথা চিন্তা করে, বনকে বাঁচাতে চেষ্টা করে এবং নতুন বন কি করে সৃষ্টি হবে তাও চিন্তা করছে। কিন্তু বনের এই মানুষগুলোর কথা তারা চিন্তা করেনা। তারা চিন্তা করেনা, কি করে আজকে এই অনগ্রসর উপজাতীদের শিক্ষা, স্বাস্থ্য ও অন্যান্য

সুযোগ দিয়ে উন্নত করা যায়। সুতরাং বন বিভাগ দ্বারা এই উপজাতীদের পুনর্ব্বাসন সম্ভব নয়। কারণ এই বিষয়ে তারা সম্পূর্ণ অনভিজ্ঞ এবং অজ্ঞ।

আমরা দেখতে পাই ত্রিপুরার এই উপজাতীয় লোকেরা আজ পর্য্যন্ত আধুনিক সভ্যতার আলোক পায় নি। তাই আজকে তাদের এই সরলতার সুযোগে একদল লোক তাদিগকে বিপথে পরিচালিত করছে। তাদের আজ প্রয়োজন শিক্ষা, স্বাস্থ্য, অন্ন ও বস্ত্র। কিন্তু এসব উন্নতিমূলক কাজ না করে, তাদের সরলতার সুযোগ নিয়ে, দলের স্বার্থে তাদিগকে ঠেলে দিচ্ছে অন্দোলনের মুখে। আজকে যদি সেই দলের লোকেরা তাদের স্থায়ী পুনর্ব্বাসন, শিক্ষা, স্বাস্থ্য, অন্ন ও বস্ত্রের জন্য আন্দোলন করতো তাহলে বুঝতে পারতাম তারা আদিবাসীদের মঙ্গল চান। কিন্তু কল্যাণের পরিবর্ত্তে সেই দল আজকে পঞ্চম সিডিউলের দাবী তুলে আদিবাসীদের অবনতির দিকে ঠেলে দিচ্ছে। আমি আগেও বলেছি এই পঞ্চম সিডিউল জন্ম দিয়েছে স্যাংক্রাক পার্টিকে যারা চায় তারা। আদিবাসীদের মঙ্গল নয়, ধ্বংস এবং অনৈক্য সৃষ্টি করাই এদের কাজ। আজকে ত্রিপুরার সামগ্রিক উন্নতির জন্য চাই ঐক্য। ত্রিপুরার ৫ লক্ষ উপজাতি যদি ১০ লক্ষ অ-উপজাতীর সাথে হাতমিলিয়ে ত্রিপুরার উন্নতির জন্য অগ্রসর হয় তাহলে ত্রিপুরাকে আমরা গঠন করতে পারবো এবং আমাদের মধ্যে বিভেদ সৃষ্টিকারী কোন ভাবধারা আসবে না। কাজেই আজকে ত্রিপুরার উপজাতীদের মঙ্গল করতে হলে, সকল জাতি, ধর্ম্ম ও শ্রেণীভুক্ত লোকদের ও মঙ্গল চিন্তা করতে হবে।

আমরা দেখতে পাচ্ছি গত বিশ বছরে উপজাতিরা সরকারী চাকুরীতে মাত্র শতকরা ৮ ভাগ অংশ গ্রহণ করতে পেরেছে। অথচ তাদের জন্য বরাদ্দ আছে 33% ; এতে দেখা যাচ্ছে দেশের সেবার জন্য সরকারী চাকুরীতে সংরক্ষিত আসনগুলোতে যতটুকু অংশগ্রহণ করা শিক্ষিত উপজাতিদের প্রয়োজন, ততটুকু তারা করতে পারছে না। তার কারণ হলো শিক্ষিতের সংখ্যা তাদের মধ্যে কম। কারণ এই জুমিয়া জাতিরা শিক্ষা থেকে বঞ্চিত। ত্রিপুরার মহিলা কর্ম্মচারীর সংখ্যা 11% অথচ ট্রাইবেল 8%। মহিলাদের চাইতেও পিছনে পড়ে আছে উপজাতীয় লোকেরা। শরীরের একটা অংগে যখন ব্যাধি হয় তখন যেমন শরীরকে সুস্থ বলা যায় না, তেমনি জুমিয়ার যতদিন জুম করবে ততদিন ত্রিপুরার উপজাতিরা সর্ব্বাঙ্গীন উন্নতি করতে পারবে না, জাতি হিসাবে বাঁচবার অধিকার তারা পাবে না। কাজেই আজকে এই যে পিছিয়ে পড়া জাতি তাদেরকে যদি সমস্তরকম সুখ সুবিধা ভোগ করার অধিকার দিতে হয় তবে জুমিয়া পুনর্ব্বাসনের সুষ্ঠু ব্যবস্থা অচিরেই করা প্রয়োজন। শুধু তাদেরকে সামান্য জমি বা টাকা পয়সা দিলেই সুষ্ঠু পুনর্ব্বাসন হবে না। তাদেরকে সাংস্কৃতিক, অর্থনৈতিক, সামাজিক সমস্ত দিক দিয়েই উন্নত করে তুলতে হবে। কাজেই সমস্ত ব্যবস্থা যদি আমরা করতে যাই তবে আমাদের প্রথমেই প্রয়োজন একটা Directorate এই Directorate এর মধ্যে থাকবে trained personnel in tribal culture, tribal language, tribal welfare and tribal economics. কাজেই এই সমস্ত ব্যবস্থা করতে না পারলে শুধু সামান্য জমি দিয়ে টাঙ্গিয়া systemএ তাদেরকে মানুষ করা যাবে না। সুতরাং tribalদের কথা চিন্তা করার জন্য তাদের উন্নতির জন্য প্রয়ো-

জন একটী সংস্থা যার নাম Directorate of Jumia Rehabilitation, কারণ স্থায়ীভাবে স্কুল কলেজ, হাসপাতাল স্থাপন করা জুমিয়া পুনর্ব্বাসনের একমাত্র পন্থা নহে, সর্ব্বাগ্রে যা প্রয়োজন, সেটা হচ্ছে তাদের মানসিক পরিবর্ত্তন. তাদের জমির প্রতি আসক্তি. সুতরাং সেইদিকে লক্ষ্য রেখে কাজ করতে হবে, এবং এই কাজের তদারকির ভার থাকবে Director of Jumia Rehabilitation এর উপর। এই সমস্যার সমাধান তখনই সম্ভব যখন আমরা জুমিয়া পুনর্ব্বাসন সমস্যাকে জাতীয় সমস্যা হিসাবে গ্রহণ করতে পারব। তাই ত্রিপুরা সরকারের কাছে আমার অনুরোধ তারা যেন এই সমস্যা জাতীয় সমস্যা হিসাবে গ্রহণ করেন এবং উপজাতায় যারা তাদের সর্ব্বাঙ্গীন উন্নতির জন্য যথাসাধ্য চেষ্টা করেন। আমি জানি সরকার এবিষয়ে সচেতন। তথাপি আমি জুমিয়া পুনর্ব্বাসন দপ্তর স্থাপনের জন্য একটী প্রস্তাব এনেছি এই কারণে যে জুমিয়া পুনর্ব্বাসন বিভিন্ন বিভাগের সহিত সংযুক্ত। উক্ত বিভাগের অধিকর্ত্তারা জুমিয়াদের ব্যাপারে পুরাপুরি মনোযোগ দিতে পারেন না। তাই এতদিন পরেও জমির জন্য, পুনর্ব্বাসনের জন্য, স্কুলের জন্য বহু আবেদন un-attended রয়ে গেছে। তাই আমি জুমিয়া পুনর্বাসন Directorate গঠনের ব্যাপারে সরকারের দৃষ্টি আকর্ষন করছি। আমার প্রস্তাবের সপক্ষে আর একটী যুক্তি হ'ল যে জুমিয়াদের জীবনে মহাজনেরা কন্টকস্বরূপ, বিভিন্নভাবে নিষ্পেষিত হচ্ছে উপজাতীয়রা এই মহাজনদের হাতে। ঋণের দায়ে জর্জড়িত তারা। মহাজনদের হাত থেকে তাদের বাঁচাতে গেলে একটি পৃথক সংস্থার প্রয়োজন এবং সেই সংস্থাই হচ্ছে আমার প্রস্তাবিত পুনর্ব্বাসন Directorate স্থাপন। এইভাবে যদি আমরা অগ্রসর হতে পারি তাহলে আমরা দেখব যে জুমিয়ারা সমতলে আসতে চাইবে এবং জমির প্রতি তাদের আসক্তি জন্মাবে। তখনই তারা স্কুল, হাসপাতাল এবং দৈনন্দিন জীবনে যা কিছু প্রয়োজন সব কিছু চাইবে এবং এরই সাথে সাথে জুমিয়া পুনর্ব্বাসনের যে প্রচেষ্টা সেই প্রচেষ্টা ফলবতী হবে। আমি আশা করব যে House আমার এই প্রস্তাব গ্রহণ করবে। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—Shri Bidya Chandra Deb Barma.

Shri Bidya Chandra Deb Barma :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীঘনশ্যাম দেওয়ান যে প্রস্তাব এনেছেন তারজন্য আমি তাকে ধন্যবাদ জানাই। প্রস্তাবটী গুরুত্বপূর্ণ. সে বিষয়ে কোন সন্দেহ নাই। মাননীয় সদস্য Directorate স্থাপনের প্রস্তাব এনেছেন বটে কিন্তু কেমন করে সেটা কার্য্যকরী করা হবে সে বিষয়ে কিছু বলেন নি। সুতরাং সংশোধনী প্রস্তাব হিসাবে আমি বলতে চাই যে এই Directorate স্থাপন যেন জনপ্রতিনিধিদের নিয়ে করা হয়। প্রস্তাবের সমর্থন করতে যেয়ে মাননীয় সদস্য শ্রীঘনশ্যাম দেওয়ান বলেছেন যে কমিউনিস্ট পার্টির 5th Scheduleএর জন্য যেখানে চিৎকার করে সেখানেই স্যাংক্রাকের উৎপত্তি। কিন্তু আমি তার সাথে একমত নই। কেননা 5th Schedule এর দাবী সংবিধান সম্মত। প্রস্তাবক তার প্রস্তাবে বলেছেন যে সর্ব্বপ্রকার সুযোগ সুবিধা পাওয়া সত্ত্বেও জুমিয়ারা পুনর্ব্বাসনের স্থান ত্যাগ করে অন্যত্র চলে যায়। কিন্তু আমি জানি দীর্ঘ ২০ বৎসর পরেও জুমিয়াদের পুনর্ব্বাসনের জন্য বিশেষ কোন কার্য্যকরী পন্থা অবলম্বন করা হয়নি। তাদের চিন্তাধারা

পরিবর্ত্তনের কথা বাদ দিলেও দৈনন্দিন জীবনে মানুষের যে সব জিনিষের সামন্যতম প্রয়োজন জুমিয়া পুনর্ব্বাসনের ক্ষেত্রে সেগুলির সুষ্ঠু ব্যবস্থা করা হয়নি। জুমিয়া কলোনীগুলির দিকে দেখলে আমরা দেখতে পাই যে সেখানে দারুণ জলাভাব, স্কুল, হাসপাতাল প্রভৃতির কোন সংস্থান নেই। আমি একবার Public accounts committee র সাথে শিকারীবাড়ী কলোনীতে গিয়েছিলাম। কিন্তু সে কলোনীর এবং অন্য স্থানের জুমিয়া কলোনীর যে চেহারা দেখেছি তা অত্যন্ত ভয়াবহ। সুতরাং সরকার পক্ষ একথা দাবী করতে পারেন না যে জুমিয়া পুনর্ব্বাসনের জন্য তারা সচেষ্ট এবং জুমিয়া পুনর্ব্বাসনের সুষ্ঠু রূপায়নে তারা অগ্রণী. কল্যাণপুরের শচীন্দ্র নগর কলোনীর একটী চিত্র আমি তুলে ধরব। জুমিয়া কলোনীর মধ্যে কতকগুলি বাংগালীকে জমি বিলি করা হল এবং এই বাংগালীরা ক্রমে ক্রমে উপজাতীয়দের জমি হাত করে নিলেন। আর নিঃস্ব উপজাতী যারা তারা যে গৃহহারা সেই গৃহহারাই রয়ে গেল। এই হল সরকারী পুনর্ব্বাসনের নমুনা। সুতরাং আমি মনে করি জুমিয়া পুনর্ব্বাসনের সুষ্ঠু রূপায়নের জন্য আমার প্রস্তাবিত জনপ্রতিনিধিদের নিয়ে একটী committee হওয়ার দরকার। মাননীয় প্রশাসক মহোদয় তাঁর ভাষণের একস্থানে বলেছেন যে ত্রিপুরা থেকে কলেরা, ম্যালেরিয়া নির্মূল হয়ে গেছে, কিন্তু একথা পুরোপুরি ঠিক নয়। মোহরছড়া জুমিয়া কলোনীতে ম্যালেরিয়ার প্রকোপ দেখা যায় কিন্তু ডাক্তারখানার অভাবে চিকিৎসার কোন সুযোগ নেই। এই হচ্ছে জুমিয়া পুনর্ব্বাসনের আর একটি দিক।

Mr. **Speaker**—Shri Aghore Deb Barma, only five minutes.

Shri Aghore Deb Barma—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য যে প্রস্তাবটী এখানে এনেছেন তা খুব ভাল এবং আমি এই প্রস্তাবটি সমর্থন করি। আজকে যে প্রস্তাব এখানে এসেছে সে প্রস্তাব নাগাল্যাণ্ডের তদানীন্তন মুখ্যমন্ত্রী শিলু-আও ভারত সরকারের পক্ষ থেকে যখন এখানে এনেছিলেন তখন তিনিও জুমিয়া পুনর্ব্বাসনের জন্য একটি পৃথক Directorate গঠনের কথা উল্লেখ করেছিলেন। সরকারী পক্ষ থেকে House এর সামনে এরূপ কোন আলোকপাত করা হয়নি যেটা করা উচিত ছিল।

প্রস্তাবক একটি প্রস্তাব আনতে গিয়ে ওনাদের স্বভাব সুলভ ভঙ্গিতে ধান ভানতে শিবের গীত গেয়েছেন। মুখ্যমন্ত্রীও গাইবেন। নিজেদের অপকর্ম্ম, অপচেষ্টা অন্যের ঘাড়ে চাপিয়ে দেওয়া তাদের স্বভাব। এই প্রস্তাবের পক্ষে বক্তব্য রাখতে গিয়ে প্রস্তাবক ও তার ব্যতিক্রম করেন নি। সুযোগ মত এরা কথা বলেন। গত বৎসর একবার দিল্লী যাওয়ার পথে দমদমে সাংবাদিকদেরে তিনি বললেন যে স্যাংক্রাক গঠিত হয়েছে বাঙ্গাল খেদাবার জন্য। কিন্তু এর পরে এই Assemblyতে আমি স্যাংক্রাকের একটা পূর্ণ চিত্র দিয়েছিলাম কিসের ভিত্তিতে এই স্যাংক্রাকের উৎপত্তি এবং এর পেছনে কারা আছে।

(Interruption)

'আমি স্যাংক্রাকের' ইতিহাস বলতে চাইছি। অনন্ত রিয়াং কে? অনন্ত রিয়াং কার লোক?

(Interruption)

Chief Minister—Speaker Sir, discrimination উনি বলেছেন। This should be expuned from the proceedings.

একথা আমি এ জন্য বলছি, মাননীয় অধ্যক্ষ মহোদয়, তাঁরা নিজেরা জানেন যে অধিকাংশ সময় তাঁদিগকে দেওয়া হচ্ছে। It was agreed by us. তারা এখানে সংখ্যায় কম, সেজন্য তাদেরকে অধিক সময় দেওয়া হচ্ছে এবং সেই অনুসারে time allot করা হচ্ছে। এর পরেও তিনি এখানে ইঙ্গিত করেছেন যে স্পীকার পক্ষপাতিত্ব করেন সেজন্য আমি বলছি যে ইহা হাউসের মর্য্যাদা হানিকর হচ্ছে।

Shri Aghore Deb Barma—মাননীয় অধ্যক্ষ মহোদয়, উনি point of order এনেছেন।

Mr. Speaker—না, উনি point of order আনেন নি। তিনি বলছেন, "মর্যাদা হানিকর"। Speakerএর নিউট্রেলিটি সম্বন্ধে ইঙ্গিত করাতে তিনি বলছেন, "মর্য্যাদা হানিকর।"

Shri Aghore Deb Barma—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি স্যাংক্রাক সম্বন্ধে বলছিলাম। তারা কথায় কথায় স্যাংক্রাক বলেন, আমাদের বেলায় আমরা যখন উত্তর দেই তখন বলা হয় যে expunge করা হউক, এটা কোন কথা ?

Sri S. L. Singh— তারা বলেছেন যে আমরা যখন কথা বলি তখনই স্পীকার.........

(Interruption)

Mr. Speaker—আমি পরিস্কার করে বলছি। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন আপনি যে ইঙ্গিত করেছেন স্পীকারের নিরপেক্ষতা সম্পর্কে সেটা হাউসের মর্য্যাদা হানিকর। আমি এ বিষয়ে আমার Ruling পরবর্তী সময়ে দিব।

Shri Aghore Deb Barma—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি স্পীকার সম্বন্ধে তো কোন কথাই বলি নাই। ওদের কথাই বলেছি।

Mr. Speaker—আপনি স্পীকারের নিরপেক্ষতা সম্পর্কে সন্দেহ প্রকাশ করে ইঙ্গিত করেছেন।

Shri Aghore Deb Barma—কোথায় কিভাবে ইঙ্গিত করলাম আপনি বলুন।

Mr. Speaker—মাননীয় সদস্য, আপনার স্মৃতি শক্তি এতই দুর্ব্বল। আপনাদের বলতে দেওয়া হয় না, সময় অল্প দেওয়া হয় একথা বলেছেন কিনা ?

Shri Aghore Deb Barma—আমি তো সময় চেয়ে নিয়েছি।

Mr. Speaker—না, আপনি সময় চাননি। আপনি বলেছেন আমাদের বলায় সময় থাকেনা, কখনও আপনাদিগকে বলার সময় দেওয়া হয় না। অথচ আপনাদিগকে বেশী

সময় দিয়ে থাকি। সে কথা উনার প্রশ্নের উত্তরে বলেছি তিনি মর্য্যাদা হানিকর উক্তি করেছেন কিনা, এটা আমি বিবেচনা করে আমার Ruling পরবর্তী সময়ে দিব।

Shri Aghore Deb Barma—আমার বলা কি শেষ হয়ে গেল?

Mr. Speaker—আপনি বলুন।

Shri Aghore Deb Barma—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি চিফ্ মিনিষ্টার এবং অন্যান্য সদস্যদের উক্তি স্যাংক্রাকের এই referencc এ বলছি যে স্যাংক্রাক কারা। তিনি এক সময় দিল্লী যাওয়ার পথে দমদম air portএ এ কথা বলেছিলেন যে বাঙ্গাল খেদাএর জন্য এটা তৈয়ারী। এ সম্পর্কে details বলা হয়েছিল, সে জন্য আমি বলছিলাম তবু আবার আমি এটা বলতে চাই স্যাংক্রাক কারা? অনন্ত রিয়াং কে? সে তো আমাদের কমিউনিষ্ট পার্টির লোক না। আমরা যখন united ছিলাম তখনও আমাদের দলে ছিল বলে আমার জানা নাই। স্যাংক্রাক কংগ্রেসেরই সৃষ্টি একটি দল এবং Tribal উৎখাত করার জন্য কংগ্রেসীদের একটি নূতন ষড়যন্ত্র। কিন্তু কংগ্রেস চেষ্টা করছে সব দায় দায়ীত্ব কমিউনিষ্টদের উপর চাপিয়ে দেওয়ার অর্থাৎ যত দোষ নন্দ ঘোষ। জুমিয়া পুনর্বাসন যে সমস্ত জায়গায় হয়েছে সে সমস্ত জায়গায় সুপারভাইজার রাখা হয়েছে। সেই সমস্ত জায়গায় Tribalরা আছে কিনা তারজন্য সমীক্ষার প্রয়োজন। সেই সমীক্ষা কেউ তো করে না। সমীক্ষা হয় না কেন? বর্ত্তমান সরকার যা করণীয় তা করবেন না বরং কিছু বলতে গেলে, suggession দিতে গেলে গ্রহণ করবেন না, অথচ সব কিছুকে চাপা দিয়ে রাখতে চাইবেন। মাননীয় মুখ্যমন্ত্রীর অভ্যাস ধান ভানতে শীতের গীত গাওয়া, তা তিনি গেয়েছেন, গাইবেনও। সব কিছু ঢাকবার চেষ্টা করবেন। যাহা হউক, যে প্রস্তাবটি Houseএ এসেছে সে প্রস্তাবটি ভাল। আমি একে সমর্থন করি।

Mr Speaker—Hon'ble Chief Minister, S. L. Singh.

Shri S. L. Singh— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে প্রস্তাব এসেছে, সে প্রস্তাব House গ্রহণ করবার আগে আমি House এর সামনে ও প্রস্তাবকের সামনে কিছু বক্তব্য রাখতে চাই। জুমিয়া পুনর্ব্বাসনকে আমরা জাতীয় সমস্যা হিসাবে গ্রহণ করেছি এবং সেই-ভাবে কাজ করে চলেছি। কাজ করে চলেছি এই উদ্দেশ্য নিয়ে যাতে জুমিয়াদের সুষ্ঠু পুনর্ব্বাসন হয়। জুমিয়ারা যাতে এগ্রিবায়াস হয়ে উঠে, যাতে তারা ঘর ছেড়ে চলে না যায়। সেই উদ্দেশ্যে আমরা সর্ব্বপ্রকার চেষ্টা চালিয়ে যাচ্ছি। যে প্রস্তাব এখানে এসেছে সেটা হচ্ছে জুমিয়া পুনর্ব্বাসনের জন্য একটি পূর্নাংগ Directorate স্থাপন করা। আমরা পূর্ব্ব থেকেই সে সম্পর্কে সচেতন এবং সেদিকে লক্ষ্য রেখেই আমরা কাজ আরম্ভ করেছি। ডম্বুর পরি-কল্পনা রূপায়ণে যে সমস্ত জুমিয়া উৎখাত হবেন তারা যাতে সুষ্ঠুভাবে উক্ত এলাকার অন্যস্থানে সুষ্ঠু পুনর্বাসন পান। যে সমস্ত জমির মালিকের জমি সরকার এক্যুইজিসান করেন তাদের যাতে Compensatiou পেতে অসুবিধা না হয় এর জন্য আমরা একজন Director of Project নিযুক্ত করেছি এবং তিনি ইতিপূর্ব্বে কাজ আরম্ভ করে দিয়েছেন। অর্থাৎ জুমিয়া

পুনর্বাসনের পূর্ণ Directorate স্থাপনের প্রথম পাদক্ষেপ হিসাবে আমাদের এই প্রচেষ্টা। এই পরিপ্রেক্ষিতে আমি মাননীয় mover of the resolution কে অনুরোধ করব তিনি যেন সব কিছু ভেবে দেখেন এবং তার প্রস্তাব প্রত্যাহার করেন। মাননীয় সদস্য বিদ্যা দেববর্মা তার প্রস্তাবে বলেছেন যে জনপ্রতিনিধিদের নিয়ে একটি Directorate গঠনকরা হ'ক। কিন্তু আমি বুঝি না কেমন করে জনপ্রতিনিধিদেব নিয়ে Directorate গঠন করা হবে। যা হ'ক উনি যা বুঝেছেন তাতে আমি কিছু বলতে চাইনা, শুধু উনাকে অনুরোধ করব একটা Suggestion দিতে যে, কেমন করে জনপ্রতিনিধিদের নিয়ে এই Directorate গঠনকরা হবে। আমার মতে এ প্রস্তাব কার্য্যকরী করা সম্ভব নয়।

Mr. Speaker--I would request the mover of the resolution to give his reply.

Shri Ghanashyam Dewan—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মুখ্যমন্ত্রী যুক্তি এবং আশ্বাস দিয়েছেন। আমি আমার প্রস্তাবের প্রয়োজনীয়তা আছে বলে মনে করি না সুতরাং আমি আমার প্রস্তাব withdraw করলাম।

The resolution was withdrawn with the leave of the House.

Mr. Speaker—There is another resolution moved by Shri Nishikanta Sarkar that এই সভা প্রস্তাব করিতেছে যে ত্রিপুরার দক্ষিনাঞ্চলের ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষার সুবিধার জন্য উদয়পুরে একটি কলেজ (সরকারী উদ্যোগে) স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হউক।

As the mover of the resolution is absent it is deemed to have been withdrawen.

The House stands adjourned till 11 A. M. on Thursday, the 20th March, 1969.

PAPERS LAID ON THE TABLE

APPENDIX—"A"

UNSTARRED QUESTION NO. 43.

By Shri Aghore Deb Barma.

Will the Hon'ble Minister in-Charge of the Education Department be pleased to state.

প্রশ্ন

১। বর্ত্তমানে ত্রিপুরা রাজ্য সরকারের বৃত্তিভোগী কিংবা আর্থিক সাহায্যপ্রাপ্ত ছাত্র-ছাত্রী ত্রিপুরার বাহিরে মোট কত জন আছে ? (প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও আর্থিক সাহায্যের পরিমাণ সহ)

২) সাহায্যপ্রাপ্ত মোট ছাত্রছাত্রীদের মধ্যে তপশীলিভূক্ত জাতি সম্প্রদায় ও উপজাতীয় সম্প্রদায়ভূক্ত ছাত্র-ছাত্রীদের মোট সংখ্যা কত ? (সম্প্রদায়গত আলাদাভাবে)

উত্তর

১। ক) ১৯০ জন।

খ) শিক্ষা প্রতিষ্ঠান ও সাহায্যের পরিমাণ তালিকায় দেওয়া হইল

২। ক) তপশীলভূক্ত জাতী ৫ জন।

খ) তপশীলভূক্ত উপজাতী ৩০ জন।

গ) সম্প্রদায়গত জাতীয় তালিকা দেওয়া হইল।

ক্রমিক নং	শিক্ষা-প্রতিষ্ঠানের নাম	তপশিলাভুক্ত জাতি	তপশিলীভুক্ত উপজাতি	অন্যান্য জাতি	মোট—	আর্থিক সাহায্যের পরিমাণ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮
১।	সেন্টজনস্ ডায়াসেশন গার্লস এইচ, এস, স্কুল,	—	—	১	১	বার্ষিক ৭২১°৫০ টাকা	
২।	রামকৃষ্ণ মিশন বিদ্যালয়	—	—	৫	৫	,, ৮২০°০০ ,,	২ জন
						,, ১২৩০°০০ ,,	২ ,,
						,, ১৬৪০°০০ ,,	১ ,,
৩।	লরেন্স স্কুল	—	—	১	১	,, ১১২৫°০০ ,,	
৪।	অন্ধ বিদ্যালয়, কলিকাতা,	—	—	১	১	মাসিক ৫০°০০ ,,	
৫।	গোথেল মেমোরিয়াল স্কুল	—	২ (ত্রিপুরী	—	২	বার্ষিক ৪০০°০০ (প্রত্যেকে)	
৬।	আর. আই. এস. কলেজ, দেরাদুন	—	—	২	২	,, ১০০০°০০ ,,	
৭।	বি. ই. কলেজ, শিবপুর	—	—	১০	১০	মাসিক ৮০ ০০ ও এককালীন ২০০°০০ করিয়া প্রত্যেকে	৩ জন
						মাসিক ১১০°০০ (প্রত্যেক)	৩ জন
						,, ১০০°০০ ,,	২ ,,
					৫	,, ৭৫°০০ তদুপরি কলেজের বেতন ইত্যাদি	১ জন
৮।	আন্নামালাই বিশ্ববিদ্যালয়,	১ (মালী)	—	৪		,, ৮০°০০ ও এককালীন ২০০°০০ করিয়া প্রত্যেকে,	৩ জন
						,, ৭৫°০০ টাকা তদুপরি কলেজের বেতন ইত্যাদি	২ ,,

১	২	৩	৪	৫	৬	৭	৮
		বি এফ ১	বি এফ ২	২৪	২৭		
৯।	বিহার ইন্‌ষ্টিটিউট অব টেক্‌নোলজি	—	—	৪	৪	মাসিক ৮০·০০ টাকা ও এককালীন বার্ষিক ২০০·০০ টাকা প্রত্যেকে	২ জন
						,, ১০০·০০ টাকা করিয়া	১ ,,
						,, ৭৫·০০ টাকা ও তদুপরি কলেজের বেতন ইত্যাদি	১ ,,
১০।	মুজাফরপুর ,,	—	(ত্রিপুরী) ১	৬	৭	,, ৮০·০০ টাকা ও এককালীন বার্ষিক ২০০·০০ টাকা প্রত্যেকে	৪ ,,
						,, ১০০·০০ টাকা করিয়া	১ ,,
						,, ৭৫·০০ টাকা ও তদুপরি কলেজের বেতন ইত্যাদি	২ ,,
১১।	ভাগলপুর কলেজ অব ইঞ্জিনিয়ারিং	—	—	৩	৩	,, ৮০·০০ টাকা ও এককালীন বার্ষিক ২০০·০০ টাকা প্রত্যেকে	৩ ,,
১২।	আর. আই. টি. জামসেদপুর,	—	—	২	২	,, —ঐ—	১ ,,
						,, ৭৫·০০ টাকা করিয়া ও তদুপরি কলেজের বেতন ইত্যাদি।	১ ,,
১৩।	গভর্ণমেন্ট ইঞ্জিনীয়ারিং কলেজ জব্বলপুর।	—	—	৩	৩	,, ৮০·০০ টাকা ও এককালীন বার্ষিক ২০০·০০ টাকা প্রত্যেকে	২ ,,
						,, ৭৫·০০ টাকা ও তদুপরি কলেজের বেতন ইত্যাদি।	১ ,,
১৪।	ভি. জে. টি. আই. বোম্বাই	—	—	২	২	,, —ঐ—	১ ,,
		১	৩	৪৪	৪৮	,, ৮০·০০ টাকা ও এককালীন বার্ষিক ২০০·০০ টাকা প্রত্যেকে	১ ,,

১	২	৩	৪	৫	৬	৭	৮
	বি, এফ	১	৩	৪৪	৪৮		
১৫।	কর্ণাটক আর, ই, কলেজ	—	—	২	২	মাসিক ৮৫৲ টাকা ও এককালীন বার্ষিক ২০০৲ টাকা প্রত্যেকে	১ ,,
						মাসিক ৭৫৲ টাকা ও তদুপরি কলেজের বেতন ইত্যাদি	১ ,,
১৬।	যাদবপুর বিশ্ববিদ্যালয়	—	১ মিজো	১৪	১৫	ঐ	
						মাসিক ৬০৲ টাকা তদুপরি কলেজের বেতন ইত্যাদি	১ ,,
						মাসিক ৫০৲ টাকা ও তদুপরি কলেজের বেতন ইত্যাদি	১ ,,
						মাসিক ৩৫৲ টাকা ও তদুপরি কলেজের বেতন ইত্যাদি	১ ,,
						মাসিক ৮০৲ টাকা ও এককালীন বার্ষিক ২০০৲ প্রত্যেকে	৭ ,,
						মাসিক ১১০৲ টাকা হিসাবে	২ ,,
						মাসিক ৭৫৲ টাকা ,,	১ ,,
						মাসিক ১০০ টাকা ,,	১ ,,
১৭।	জলপাইগুরি ইঞ্জিনিয়ারিং কলেজ	—	২	২		মাসিক ৫০৲ টাকা তদুপরি এককালীন বার্ষিক ২০০৲ টাকা প্রত্যেকে	২ ,,
						ঐ	
১৮।	বারানসী হিন্দু বিশ্ববিদ্যালয়	—	২	২		মাসিক ১১০৲ হিসাবে	১ ,,

১	২	৩	৪	৫	৬	৭	৮
	বি, এফ	১	৪	৬৪	৬৯		
১৯।	আর, ই, কলেজ, দুর্গাপুর	—	—	৫	৫	মাসিক ৮০৲ টাকা ও এককালীন বার্ষিক ২০০৲ টাকা প্রত্যেকে	৪ জন
						মাসিক ৭৫৲ টাকা ও তদুপরি কলেজের বেতন ইত্যাদি	১ „
২০।	এম, এম, কলেজ অব ইঞ্জিনিয়ারিং	—	—	১	১	মাসিক ১১০৲ হিসাবে	১ „
২০ (ক)	আসাম ইঞ্জিনিয়ারিং কলেজ	—	—	১	১	মাসিক ১১০৲ হিসাবে	১ „
২১।	আসাম ইনজিনিয়ারিং কলেজ গৌহাঠী	—	—	১৫	১৫	মাসিক ৮০৲ টাকা ও এককালীন বার্ষিক ২০০৲ টাকা প্রত্যেকে	১১ „
						মাসিক ৭৫৲ হিসাবে ও তদুপরি কলেজের বেতন ইত্যাদি	২ „
২২।	যোরকী বিশ্ববিদ্যালয়	১ (জালিয়া কৈবর্ত)	—	১	২	ঐ	২ „
					১	মাসিক ৫০৲ টাকা হিসাবে ও তদুপরি কলেজের বেতন ইত্যাদি	১ „
২৩।	আই, আই, টী, খড়গপুর	—	—	১			
২৪।	গৌহাটী বিশ্ববিদ্যালয়	১ (লুসাই)	—	২	৩	ঐ	২ „
						মাসিক ১০০৲ টাকা হিসাবে	১ „
২৫।	কলিকাতা বিশ্ববিদ্যালয়	১ নমঃশূদ্র	১ দেশী ত্রিপুরী	২৪	২৬	ঐ	৫ „
						মাসিক ১১০৲ টাকা হিসাবে	১ „
						মাসিক ৫০৲ হিসাবে ও তদুপরি বেতন ইত্যাদি	৮ „
						মাসিক ৩৫৲ হিসাবে ও তদুপরি বেতন ইত্যাদি	১২ „
		৪	৫	১১৪	১২৩		

১	২	৩	৪	৫	৬	৭	৮
	বি. এফ.	৪	৫	১১৪	১২৩		
২৬।	প্রেসিডেন্সী কলেজ	—	—	৪	৪	মাসিক ৮৫০·০০ টাকা হিসাবে	১ জন
						,, ৬০·০০ টাকা হিসাবে	১ ,,
						,, ৩৫·০০ টাকা ও তদুপরি কলেজের বেতন ইত্যাদি।	২ ,,
২৭।	পাটনা মেডিকেল কলেজ	—	—	১	১	,, ১০০·০০ টাকা হিসাবে	১ ,,
২৮।	আর. ই. কলেজ, রাউরকেল্লা	১ (জালিয়া কৈবর্ত্ত)	—	—	১	,, ৭৫·০০ টাকা ও তদুপরি কলেজের বেতন ইত্যাদি।	১ ,,
২৯।	আসাম মেডিকেল কলেজ	১ (ঐ)	—	—	১	,, ৪০·০০ টাকা ও কলেজের বেতন ইত্যাদি।	১ ,,
৩০।	গুরুচরণ কলেজ, শিলচর	—	১ (মিজো)	৩	৪	,, ৪০·০০ ঐ	৩ ,,
					১	,, ২৭·০০ ঐ	১ ,,
৩১।	ন্যাশনেল মেডিকেল কলেজ,	—	—	১	১	,, ৭৫·০০ ঐ	১ ,,
৩২।	বাকুড়া মেডিকেল কলেজ,	—	—	১	১	,, ৭৫·০০ ঐ	১ ,,
৩৩।	রামগড়িয়া কলেজ, পূর্ব্ব পাঞ্জাব,	—	—	১	১	,, ৪০·০০ ঐ	১ ,,
৩৪।	কে. কে দাশ কলেজ, গড়িয়া	—	—	১	১	,, ২৭·০০ ঐ	১ ,,
৩৫।	কল্যাণী বিশ্ববিদ্যালয়	—	—	২	২	,, ৫০·০০ ঐ	১ ,,
						,, ৫০·০০ —	১ ,,
		৫	৭	১২৭	১৩৯		১ ,,

১	২	৩	৪	৪	৬	৭		৮
	বি. এফ্	৫	৭	১২৭	১৩৯			
৩৬।	সিটি কলেজ, কলিকাতা	—	—	১	১	মাসিক ৪০·০০ টাকা ও তদুপরি কলেজের বেতন ইত্যাদি		১ জন
৩৭।	দার্জিলিং গভঃ কলেজ	—	—	১	১	,, ৫০·০০	ঐ	১ ,,
৩৮।	রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়	—	—	২	২	,, ৫০·০০	ঐ	১ ,,
					১	,, ৩৫·০০	ঐ	১ ,,
৩৯।	সাগর বিশ্ববিদ্যালয়	—	—	১	১	,, ৫০·০০	ঐ	১ ,,
৪০।	গভঃ আর্ট কলেজ, (কলি)	—	—	১	১	,, ২৭·০০	ঐ	১ ,,
৪১।	কলেজ অব লেদার টেক্‌নোলজি (কলি)	—	—	১	১	,, ৭৫·০০	ঐ	১ ,,
৪২।	টেক্সটাইল টেক্‌নোলজি (শ্রীরামপুর)	—	—	১	১	,, ৭৫·০০	ঐ	১ ,,
৪৩।	মগধ বিশ্ববিদ্যালয়	—	—	১	১	১ ৩৫·০০	ঐ	১ ,,
৪৪।	লক্ষ্মীবাই কলেজ অব ফিজিকেল এডুকেশন	—	—	১	১	,, ৪০·০০	ঐ	১ ,,
৪৫।	ঝারসুগোদা ইঞ্জিনীয়ারিং স্কুল	—	—	১	১	,, ৬৫·০০	ঐ	১ ,,
৪৬।	এস. বি. এম. ইঞ্জিনীয়ারিং কলেজ, যোদপুর	—	—	১	১	,, ৭৫·০০	ঐ	১ ,,
		৫	৭	·৩৯	১৫১			

১	২	৩	৪	৫	৬	৭	৮
	বি, এফ.	৫	৭	১৩৯	১৫১		
৪৭।	নর্থ বেঙ্গল বিশ্ববিদ্যালয়	—	—	৩	৩	মাসিক ৫০৲ টাকা ও তদুপরি কলেজের বেতন ইত্যাদি	১ জন
						মাসিক ৩৫৲ টাকা ঐ	২ ,,
৪৮।	ইউনিয়ন খ্রীষ্টিয়ান কলেজ, শিলং	—	৫ মিজো	—	৫	মাসিক ৪০৲ টাকা হিসাবে ঐ	৫ ,,
৪৯।	বেথুন কলেজ, কলিকাতা	—	১ ত্রিপুরী	—	১	ঐ ঐ	১ ,,
৫০।	মহীশূর মেডিকেল কলেজ	—	২		২	ঐ ঐ	১ ,,
			(১ জন ত্রিপুরী ১ জন দেশী ত্রিপুরী)	২		মাসিক ৭৫৲ হিসাবে ঐ	১ ,,
৫১।	যোগমায়া দেবী কলেজ, কলিকাতা	—	১ ত্রিপুরী	—	১	মাসিক ২৭৲ টাকা হিসাবে ঐ	১ ,,
৫২।	আর, কে, সারদা মিশন বিদ্যাভবন, কলিকাতা	—	১ ত্রিপুরী	—	১	মাসিক ৪০৲ টাকা হিসাবে ঐ	১ ,,
৫৩।	কটন কলেজ, গৌহাটি	—	১ মিজো	—	১	ঐ ঐ	১ ,,
৫৪।	সেন্ট, এ্যাডমণ্ড কলেজ, শিলং	—	৪ (মিজো—৩, ত্রিপুরী—১)	৪	৪	ঐ ঐ	৪ ,,
৫৬।	আসাম এগ্রিকালচারেল কলেজ।	—	১ ত্রিপুরী	—	২	মাসিক ৬০৲ টাকা হিসাবে ঐ	১ ,,
		৫	২৩	১৪২	১৭০		

১	২	৩	৪	৫	৬	৭	৮
	বি, এফ	৫	২৩	১৪২	১৭০		
৫৬।	মেডিকেল কলেজ, বেলারী	—	দেশি ত্রিপুরী	—	১	মাসিক ৭৫৲ টাকা হিসাবে ও তদুপরি কলেজের বেতন ইত্যাদি	১ জন
৫৭।	শিলং কলেজ, ওয়াদল	—	১ মিজো	—	১	মাসিক ৪০ টাকা ,, ঐ	১ ,,
৫৮।	আর, ই, কলেজ, ওয়াদল	—	১ দেশি ত্রিপুরী	—	১	মাসিক ৭৫৲ টাকা ,, ঐ	১ ,,
৫৯।	কলিকাতা মেডিকেল কলেজ,	—	১ ত্রিপুরী	১	২	মাসিক ৭৫৲ টাকা ,, ঐ	১ ,,
						মাসিক ১১০৲ টাকা ,, ঐ	১ ,,
৬০।	মৌলানা আজাদ কলেজ, কলিকাতা	—	১ ,,	২	২	মাসিক ২৭৲ টাকা ,, ঐ	১ ,,
						মাসিক ৪০৲ টাকা ,, ঐ	১ ,,
৬১।	আর, জি, কর মেডিকেল কলেজ, কলিকাতা	—	—	৩	৩	মাসিক ১১০৲ টাকা ,, ঐ	২ ,,
						মাসিক ৬০৲ টাকা ,,	১ ,,
৬২।	লেডি ব্রেবোর্ণ কলেজ, কলিকাতা	—	—	৩	৩	মাসিক ৮৫৲ টাকা ,,	৩ ,,
৬৩।	সেন্টপল্‌স সিঃ এমঃ কলেজ ,,	—	—	১	১	মাসিক ৭৫৲ টাকা ,,	১ ,,
৬৪।	বঙ্গবাসী কলেজ, কলিকাতা	—	—	১	১	মাসিক ৮৫৲ টাকা ,,	১ ,,
৬৫।	বিশ্বভারতী	—	১ ত্রিপুরী	২	৩	মাসিক ৫০৲ টাকা ,, ও তদুপরি বেতন ইত্যাদি	২ ,,
						মাসিক ১১০৲ টাকা ,, ,,	১ ,,
৬৬।	আচার্য্য প্রফুল্লচন্দ্র পলিটেকনিক, যাদবপুর।				২	ঐ ,, ,,	১ ,,
		—	১ ,,	১	২	মাসিক ৫০ টাকা ,, ,,	১ ,,
		৫	৩০	১৫৫	১৯০		

UNSTARRED QUESTION NO. 44

By Shri Aghore Deb Barma.

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state :—

প্রশ্ন

১। গত ১৯৬৬, ১৯৬৭ ও ১৯৬৮ সালে সমগ্র ত্রিপুরায় বিভিন্ন সরকারী ও বেসরকারী কলেজগুলিতে পলিটেকনিক সহ কোন কলেজে কত ছাত্রছাত্রী ভর্তি হয়েছিল এবং উল্লিখিত বৎসরগুলিতে কলেজগুলিতে কত ছাত্রছাত্রী পরীক্ষার্থী ছিল এবং কতজন পাশ করেছে ? (পৃথক পৃথক ভাবে)

২। উল্লিখিত বৎসর ও কলেজগুলিতে মোট ছাত্রছাত্রীর মধ্যে তপশীলভুক্ত জাতি সম্প্রদায়, উপজাতীয় সম্প্রদায়, অনুন্নত মনীপুরী সম্প্রদায় ও সংখ্যালঘু মুসলমান সম্প্রদায়ের সংখ্যা কত ? বৎসর ও কলেজ ভিত্তিক।

উত্তর

১। তথ্য সংগ্রহ করা হইতেছে

UNSTARRED QUESTION NO. 159

By Shri Bidya Chandra Deb Barma

Will the Hon'ble Minister-in-charge of the Education Deptt. be pleased state : —

প্রশ্ন

১। সরকারী এবং বেসরকারী স্কুলের শিক্ষকদের নিকট হইতে সরকার কি কোন দাবীর তালিকা পাইয়াছেন, যদি পাইয়া থাকেন তবে তাহার সংক্ষিপ্ত বিবরণ।

২। ঐসকল দাবী সম্পর্কে সরকার কি সিদ্ধান্ত লইয়াছেন তাহার বিবরণ।

উত্তর

১। হ্যাঁ, তালিকা সংগে দেওয়া হইল।

২। দাবীসমূহ পরীক্ষাধীনে আছে।

১নং প্রশ্নের উত্তরে উল্লিখিত তালিকা
সরকারী শিক্ষকদের দাবী

১। ১-৪-৬১ ইং তারিখ হইতে ভূতপূর্ব্ব ত্রিপুরা আঞ্চলিক পরিষদ কর্ত্তৃক প্রস্তাবিত বেতন হার কোঠারী কমিশনের সুপারিশের সহিত সঙ্গতি রাখিয়া ১-৪-৬৬ তারিখ হইতে প্রদান।

২। ক্র্যাফ্ট শিক্ষনপ্রাপ্ত সকল শিক্ষককেই ক্র্যাফ্ট ইন্স্ট্রাক্টার হিসাবে নিয়োগ এবং সকলের জন্য একই বেতন হার প্রবর্ত্তন।

৩। যাহারা প্রাইমারী, মিডলস্টেজ ও হাইস্কুলে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এবং ফিজিক্যাল ইন্স্ট্রাক্টার হিসাবে কাজ করিতেছেন তাহাদিগকে প্রধান শিক্ষক ও ফিজিক্যাল ইন্স্ট্রাক্টরের বেতন হার প্রদান।

৪। পুরাতন কোর্সে পাশ করা B. Com. (class II) শিক্ষকদিগকে Honours Graduate গন্য করিয়া তাহাদিগকে লেকচারের বেতন হার প্রদান।

৫। ক্লাসিক্যাল শিক্ষকদের জন্য Graduate শিক্ষকদের বেতনহার প্রবর্ত্তন।

৬। যে সকল শিক্ষক ৫ বৎসরের অধিক কাল কাজ করিয়াও কোন প্রকার ট্রেনিং এর সুযোগ পান নাই তাহাদিগকে ট্রেনিং প্রাপ্ত শিক্ষক হিসাবে গন্য করিয়া ১-৪-৬১ তারিখ হইতে প্রবর্ত্তিত সংশোধিত বেতন হারের সুযোগ প্রদান।

৭। কোনও শিক্ষককের বিরুদ্ধে আনীত অভিযোগের উত্তরে তাহাকে তাহার বক্তব্য পেশের যথেষ্ট ও ন্যায়সঙ্গত সুযোগ না দিয়া শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণে নিবৃত্ত থাকা।

৮। নিখিল ত্রিপুরা শিক্ষক সমিতির সহিত আলোচনা ক্রমে শিক্ষকদের পদোন্নতি ও বদলির জন্য একটি সুষ্ঠনীতি নির্দ্ধারণ।

৯। শিক্ষকদিগকে তাহাদের বেতনের দশ শতাংশ চিকিৎসা ভাতা প্রদান এবং প্রতি পাঁচ বৎসর অন্তর সরকারী ব্যয়ে বায়ু পরিবর্ত্তনের জন্য রাজ্যের বাহিরে কোনও স্বাস্থ্যকর স্থানে ভ্রমনের ব্যবস্থা।

১০। পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের উপর নিভর্শীল না থাকিয়া ত্রিপুরার নিজস্ব প্রয়োজনের সহিত সঙ্গতি রাখিয়া ত্রিপুরাতে অগৌনে একটি শিক্ষা বোর্ড স্থাপন এবং পঞ্চম অষ্টম শ্রেণী পর্যায়ে একটি প্যাবলিক একজামিনেশনের ব্যবস্থা।

বেসরকারী শিক্ষকদের দাবী।

১। চিকিৎসা ভাতা, সন্তানদের শিক্ষা ভাতা এবং ত্রিপুরার বহিভূর্ত শিক্ষকদের জন্য যাতায়ত (ভাতা) প্রবর্ত্তন।

২। ঝড়, বন্যা ও পূজা উপলক্ষে অগ্রিম বেতন প্রদান।

৩। শ্রী বি. জি. রায় ও শ্রী এ দাশগুপ্তের লেকচারার পদে নিয়োগের অনুমোদন।

৪। ১৯৬১ সনের এপ্রিল মাস হইতে ১৯৬৩ সনের ডিসেম্বর মাস পর্য্যন্ত কর্ত্তিত বিশেষ পরিপূরক ভাতা পুনঃ প্রদান।

৫। B. A., B. T. পাশ প্রধান শিক্ষক ও সহঃ প্রধান শিক্ষকদের অবসর গ্রহণের নির্দ্ধারিত বয়ঃসীমার পরও চাকুরীর মেয়াদ বৃদ্ধি।

৬। ইংরাজী ট্রেনিং, হিন্দি ট্রেনিং ও ক্যারিয়ার মাষ্টার ট্রেনিং প্রাপ্ত শিক্ষকদের জন্য বিশেষ ভাতা প্রবর্ত্তন।

৭। বকেয়া বেতন প্রদান।

৮। ত্রিমুখী কল্যান প্রকল্প Contributory Provident Fund-cum-Pension-cum-Insurance প্রবর্ত্তন।

৯। অনার্স গ্র্যাজুয়েট ও স্নাতকোত্তর শিক্ষাপ্রাপ্ত শিক্ষকদের জন্য বেতন হার।

১০। শিক্ষক নিয়োগের প্রাক অনুমোদন ব্যবস্থা।

১১। তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্ম্মচারীদের চাকুরীর সর্ত্ত।

১২। বিদ্যালয় পরিচালন সমিতির ক্ষমতা ও দায়িত্ব।

১৩। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের সরকার কর্তৃক সরাসরি দায়িত্ব গ্রহণ।

১৪। বিদ্যালয় গৃহ নির্ম্মানের জন্য অনুদান।

UNSTARRED QUESTION NO. 490.

Shri Bidya Chandra Deb Barma.

প্রশ্ন

Will the Hon'ble Minister-in-Charge of the Education Department be pleased to state :—

১। ত্রিপুরার কোন Tribal Development-Block এ কয়টি Junior High, Senior Basic, High বা Higher Secondary School আছে এবং তাহাদের নাম ও ছাত্র সংখ্যা।

২। সকল স্কুলের সংলগ্ন Boarding House আছে কি, যদি থাকে তবে তাহার প্রত্যেকটিতে কত ছাত্র থাকে।

৩। যে সকল স্কুলের সংলগ্ন Boarding House নাই তাহাদের জন্য সরকার কবে পর্য্যন্ত Boarding House এর ব্যবস্থা করিতেছেন।

উত্তর

১। তালিকা সঙ্গে দেওয়া হইল।

৩। প্রয়োজন হলে যতশীঘ্র সম্ভব Boarding House করার ব্যবস্থা করা হইবে।

Statement furnishing information in respect of question No. 490 (Part I & II)

Sl. No.	Name of High/Higher Sec./Sr. Basic/Jr. High School.	Name of the T.D. Block under which situated.	No. of students in enrolment of the school	Whether there is a Boarding House attached to the school.	No. of student residing in the Boarding house.
1	2	3	4	5	6
	Higher Secondary School				
1.	Manu H. S. School, Sabroom.	Satchand T. D Block	268	Yes	8
2.	Kanchanpur H. S. School, Dharmanagar.	Kanchanpur Longai	190	Yes	20
	High School				
3.	×	×	×	×	×
	Sr. Basic School				
4.	Sabroom Girls Sr, Basic School.	Satchand T.D, Block	101	×	×
5.	Brajendranagar Sr. Basic School.	-do-	93	×	×
6.	Jalefa Sr. Basic School.	-do-	35	×	×
7.	Harina Sr. Basic School.	-do-	93	×	×
8.	Satchand Sr. Basic School,	-do-	80	×	×
9.	Manu Bankul Sr. Basic School.	-do-	33	×	×
10.	Hazachara Sr. Basic School.	-do-	43	×	×
11.	Samarendraganja Sr. Basic School.	-do-	77	×	×
12.	Doulbari Sr. Basic School.	-do-	151	×	×

1	2	3	4	5	6
13.	Pecharthal Sr. B. School.	Kanchanpur Longai T.D. Block	301	Yes	6
14.	Damcherra Sr. B. School.	-do-	86	Yes	9
15.	Durgaram Reang para Sr. B. School.	-do-	227	Yes	5
16.	Laljuri Sr. Basic School.	-do-	88	×	×
17.	Ratma Bazar Sr. B. School.	Dumburnagar T. D. Block	117	×	×
18.	Jagabandhu para Sr. B. School.	-do-	136	×	×
19.	Chowmanu Sr. B. School.	Chowmanu T.D. Block	158	Yes	16
20.	Chailengta Sr. B. School.	-do-	230	×	×
21.	Mainama Sr. B. School.	-do-	212	Yes	15
22.	Dhumacherra Sr. B. School.	-do-	273	×	×
23.	Maslicherra Sr. B. School.	-do-	189	×	×
	Jr. High Schools				
24.	Ledrey Dewan Jr. High School.	Kanchanpur-Longai T. D. Block	196	Yes	7
25.	Jampui Jr. High School.	-do-	136	Yes	34
26.	Hmunpui Jr. High School.	-do-	79	Yes	5
27.	Hmowangchoung Jr. High School.	-do-	23	×	×

৪৯০ নং প্রশ্নের ১ম ও ২য় অংশের উত্তরে উল্লিখিত তালিকা

ক্রমিক নং	স্কুলের নাম	উপজাতি উন্নয়ন ব্লকের নাম	স্কুলের মোট ছাত্রসংখ্যা	স্কুল সংলগ্ন ছাত্রাবাস আছে কিনা	ছাত্রাবাসের মোট ছাত্রসংখ্যা
১	২	৩	৪	৪	৬
	উচ্চ ও উচ্চতর মাধ্যমিক স্কুল				
১।	মনু হায়ার সেকেণ্ডারী স্কুল	সাতচাঁদ ব্লক	২৬৮	হ্যাঁ	৮
২।	কাঞ্চনপুর হাই স্কুল	কাঞ্চনপুর-লঙ্গাই ব্লক	১৯০	হ্যাঁ	২০
	উচ্চ বুনিয়াদী বিদ্যালয়				
৩।	সাবরুম উচ্চ বুনিয়াদি বালিকা বিদ্যালয়	সাতচাঁদ ব্লক	১০১	না	×
৪।	ব্রজেন্দ্রনগর উচ্চ বুনিয়াদি বিদ্যালয়	ঐ	৯৩	না	×
৫।	জালেফা ঐ	ঐ	৩৫	না	×
৬।	হরিণা ঐ	ঐ	৯৩	না	×
৭।	সাতচাঁদ ঐ	ঐ	৮০	না	×
৮।	মনু বনকুল ঐ	ঐ	৩৩	না	×
৯।	হাজাছড়া ঐ	ঐ	৪৩	না	×
১০।	সমরেন্দ্রগঞ্জ ঐ	ঐ	৭৭	না	×
১১।	ডোলবাড়ী ঐ	ঐ	১৫১	না	×
১২।	পেচারথল ঐ	কাঞ্চনপুর-লঙ্গাই ব্লক	৩০১	হ্যাঁ	৬
১৩।	দামছড়া ঐ	ঐ	৮১	হ্যাঁ	৯
১৪।	দুর্গারাম রিয়াং পাড়া উচ্চ বুনিয়াদি বিদ্যালয়	ঐ	২৯৭	হ্যাঁ	৫
১৫।	লালজুড়ি উচ্চ বুনিয়াদী বিদ্যালয়	ঐ	৮৮	না	×
১৬।	রাইমা বাজার উচ্চ বুনিয়াদী বিদ্যালয়	ডম্বুরনগর ব্লক	১১৭	না	×

১	২	৩	৪	৫	৬
১৭।	জগবন্ধু পাড়া উচ্চ বুনিয়াদী বিদ্যালয়	ডম্বুরনগর ব্লক	১৩৬	না	×
১৮।	ছামনু ঐ	ছামনু ব্লক	১৫৮	হ্যাঁ	১৬
১৯।	চৈলেংটা ঐ	ঐ	২৩০	না	×
২০।	মইনামা ঐ	ঐ	২১২	হ্যাঁ	১৫
২১।	ধুমাছড়া ঐ	ঐ	২৭৭	না	×
২২।	মাছলিছড়া ঐ	ঐ	১৮৯	না	×
	জুনিয়র হাইস্কুল				
২৩।	লেদার দেওয়ান জুনিয়র হাইস্কুল	কাঞ্চনপুর-লঙ্গাই ব্লক	১৯৬	হ্যাঁ	৬
২৪।	জম্পুই জুনিয়র হাইস্কুল	ঐ	১৩৬	হাঁ	৩৪
২৫।	মনপুই জুনিয়র হাইস্কুল	ঐ	৭০	হ্যাঁ	৫
২৬।	মোয়ংচঙ্ জুনিয়র হাইস্কুল	ঐ	২৩	না	×

UNSTARRED QUESTION NO. 493.
By Shri Bidya Chandra Deb Barma

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state :—

প্রশ্ন

১। গত ১৯৬৬-৬৭, ৬৭-৬৮ এবং ৬৮-৬৯ সালে কোন বৎসর কয়টি শিক্ষণ প্রতিষ্ঠানে ছাত্র ধর্ম্মঘট হইয়াছে।

২। ছাত্র ধর্ম্মঘটগুলির কারণ।

উত্তর

১। ১৯৬৬-৬৭ সালে ৩০টি প্রতিষ্ঠানে,
১৯৬৭-৬৮ সালে ৮২টি প্রতিষ্ঠানে,
১৯৬৮-৬৯ সালে ১৬০টি প্রতিষ্ঠানে,

২। কারণসমূহ নিম্নরূপ :—

(ক) শিক্ষা প্রতিষ্ঠান সমূহে ছাত্রছাত্রীদের নিজস্ব অভাব অভিযোগ দূরীকরণের দাবী;

(খ) এক প্রতিষ্ঠানের ছাত্র ধর্ম্মঘটের প্রতি অন্য প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের সহানুভূতিসূচক ধর্ম্মঘট, এবং

(গ) বিভিন্ন স্থানীয় ও বৃহত্তর আন্দোলনের প্রতি সমর্থন জ্ঞাপন।

PROCEEDINGS OF THE TRIPURA LEGISLATIVE ASSEMBLY ASSEMBLED UNDER THE PROVISIONS OF THE GOVERNMENT OF UNION TERRITORIES ACT.

March 20, 1969.

The House met in the Assembly Chamber, Agartala at 11 A. M. on Thursday, the 20th March, 1969.

PRESENT

Shri Manindra Lal Bhowmik, Speaker, in the Chair, Chief Minister, Four Ministers, Deputy Speaker, Deputy Minister and Nineteen members.

Questions.

Mr. Speaker :—To day in the list of business are the following questions to be snswered by the Ministers concerned.

Shri Bidya Chandra Deb Barma.

Shri Bidyd Chandra Deb Barma Question No. 357

Shri S. L. Singh—Mr. Speaker, Sir, question No. 357.

প্রশ্ন

১। আসাম হইতে বিদ্যুত সরবরাহ ব্যবস্থার কাজ কতদূর অগ্রসর হইয়াছে তাহার সংক্ষিপ্ত বিবরণ।

২। এই বিদ্যুত সরবরাহ সুরু হইল ইউনিট প্রতি বিদ্যুতের দাম কমান হইবে কিনা কমান হইলে কত কমান হইবে।

৩। ইহা কি সত্য যে ত্রিপুরায় বিদ্যুত সরবরাহের মূল্য অন্য রাজ্য অপেক্ষা বেশী।

৪। যদি সত্য হয়, তবে কেন বিদ্যুত মূল্য কমানো হইতেছে না তাহার কারণ।

উত্তর

১। চোরাইবাড়ী হইতে আগরতলা পর্য্যন্ত ১৩২ কে, ভি, লাইন তৈরী করার কাজ আরম্ভ হইয়াছে। ৮৭ মাইলের ৭১ মাইল পর্য্যন্ত পরীক্ষা নিরিক্ষার কাজ শেষ হইয়াছে, ৪১০টি টাওয়ারের মধ্যে ১১০টার কাজ আরম্ভ হইয়াছে এবং প্রয়োজনীয় জিনিষপত্র সংগ্রহ করা হইতেছে।

২। ইহা যথাসময় পরীক্ষা করিয়া দেখা যাইবে।

৩। ত্রিপুরায় বিদ্যুৎ সরবরাহের মূল্য বর্ত্তমানে কোন কোন রাজ্য অপেক্ষা বেশী আবার কোন কোন রাজ্য অপেক্ষা কম।

৪। বিদ্যুৎ উৎপাদনের খরচের ভিত্তিতে বিদ্যুৎ যোগানের মূল্য নির্দ্ধারিত হইয়াছে।

শ্রীবিদ্যা চন্দ্র দেববর্ম্মা ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে এই কাজটার জন্য কোন্ সনে বাজেট বরাদ্দ করা হয়েছে ?

শ্রীএস, এল, সিংহ :—ইন দি থার্ড প্ল্যান ইট ওয়াজ স্টার্টেড।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি এই কাজটা কোন্ ইয়ারে স্থরু করা হযেছে এবং স্কীমটা কোন্ ইয়ারে গ্রহণ করা হয়েছে ?

শ্রীএস এল সিংহ— গত বৎসরের আগের বৎসরে। থার্ড প্ল্যানে :

শ্রীবিদ্যা চন্দ্র দেববর্ম্মা :—এই কাজটার জন্য কি টেণ্ডার কল করা হয়েছিল ?

শ্রীএস, এল, সিংহ ঃ—ইহা টেণ্ডারের দরকার পড়ে না কোম্পানীর সাথে নিগেসিয়েশন করে করা হয়েছে।

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন এই কাজ বাবদ মোট কত টাকা ব্যয় বরাদ্দ হয়েছিল ?

Shri S. L. Singh :— The scheme was originally sanctioned for 2.15 lakhs of rupees. Revised estimated cost is Rs. 2.86 lakhs. Expenditure against the scheme up to December, 1968 is Rs 53.37 lakhs and anticipated expenditure during January to March, 1969 is Rs. 35 lakhs.

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন এই কাজ কোন্ কোম্পানীকে দেওয়া হয়েছিল এবং কবে থেকে তারা কাজ স্থরু করেছিলেন ?

শ্রী এস, এল, সিংহ ঃ—এটা হল আসামে এবং নাগা ল্যাণ্ডে যারা কাজ করছে এবং যারা বড় বড় স্কীম নিয়ে কাজ করছেন সেই কনষ্ট্রাকশন অব এইচ, টি, এবং এল, টি, তাদের যে মালিক তাদিগকে দেওয়া হয়েছে এবং আসামের সুপারভিশনে এই কাজ করানো হচ্ছে।

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন মূল বরাদ্দ টাকার এই পর্যন্ত কত টাকা খরচ করা হয়েছে ?

শ্রী এস, এল, সিংহ ঃ—আমি বললাম তো এক্সপেনডিচার হয়েছে স্কীমের অ্যাগেনষ্টে ডিসেম্বর '৬৮ পর্য্যন্ত ৫৩.৩৭ লক্ষ টাকা।

শ্রীরাজকুমার কমলজিৎ সিং ঃ—আসাম থেকে যে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করা হয়েছে সেই সম্পর্কে সরকারের সঙ্গে চুক্তি হয়েছে কি ?

শ্রী এস, এল, সিংহ :—নিগোসিয়েশন হয়েছে অন অ্যাগ্রিমেণ্ট।

শ্রীরাজকুমার কমলজিৎ সিংহ ঃ—কি কি টার্মসে নিগোসিয়েশন হয়েছে ?

শ্রী এস, এল, সিংহ :—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীঅঘোর দেববর্মা ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে নিগোসিয়েশন যখন করা হয় তখন সেই কোম্পানীর সঙ্গে কনষ্ট্রাকশনের টাইম ছিল কিনা যে কখন শেষ হবে ?

শ্রীএস, এল, সিংহ ঃ—টারগেট তো থাকেই এবং সেই টারগেট অনুযায়ী কাজ শেষ হচ্ছে না।

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ—আমি কেটাগরিকেলী টাইম চেয়েছিলাম।

শ্রীএস, এল, সিংহ ঃ—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীরাজকুমার কমলজিৎ সিং ঃ—দুই নং প্রশ্নে ইউনিট প্রতি বিদ্যুতের দাম সম্পর্কে বলা হয়েছে। এই সম্বন্ধে কোন টার্মস হয়েছে কিনা ?

শ্রীএস, এল,সিংহ ঃ—বিদ্যুৎ উৎপাদনের খরচের ভিত্তিতে বিদ্যুৎ যোগানোর মূল্য নির্ধারিত হয়ে থাকে।

Mr. Speaker :—Shri Monoranjan Nath.

Shri Monoranjan Nath :—Question No. 432.

Shri S. L. Singh :—Question No. 432 Sir.

QUESTION

a) What is the total amount of Cement and rods requisitioned for supply to P. W. D. from the year 1966 upto June 1968.

b) What was the total quantity booked in Railways and the quantity received as per RR. for supply during that period.

c) What is the extent of shortage due to loss in transit during the said period.

d) What steps have been taken for recovery of shortage from the Railway Department :

ANSWER

a) i) Cement = 23,489 tonnes
ii) Rods = 4,624 tonnes

b) Quantity booked as per R/R
Cement = 49,904 Tonnes
Rods = 4,915 Tonnes

c) Cement = 705 Tonnes
Rods = 467 Tonnes

d) Necessary claims for compensetion have been preferred with the Railways and the claim cases are being persued for an early settlement.

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি এই ক্লেম কবে করা হয়েছিল ?

Shri S. L. Singh :—In March, 1967.

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি এই সর্টেজ কোথায় হচ্ছে এবং কোন কারণে হচ্ছে ?

শ্রীএস, এল, সিংহ ঃ—আমি নোটীশ চাই স্যার।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় অনুসন্ধান করে দেখবেন কি এটা ধর্মনগর পৌঁছবার পর কতকগুলি লোক সেগুলি উধাও করছেন ?

শ্রীএস, এল, সিংহ ঃ—I shall enquire about it.

শ্রীঅঘোর দেববর্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন, এই মালগুলি সাপ্লাই করার জন্য কোন এজেন্সী এবং কোন কোম্পানীকে দেওয়া হয়েছে ?

শ্রীএস, এল, সিংহ ঃ—আমি নোটীশ চাই স্যার।

Mr. Speaker :—Shri Jatindra Kr. Majumder.

Shri Jatindra Kr. Majumder :—Question No. 543.

Shri S. L. Singh :—Question No. 543.

প্রশ্ন

(ক) ত্রিপুরার সীমান্তে বা সীমান্ত সংলগ্ন এমন কতগুলি ফসলোপযোগী জমি আছে কিনা, ভিন্ন রাষ্ট্র কর্ত্তৃক চুরি হইবার বা ছিনাইয়া লইয়া যাইবার আশংকায় সমস্ত জমিতে ফসল করা যায় না ?

(খ) যদি ঐরূপ জমি থাকে তা হইলে ঐসমস্ত জমির পরিমাণ কত ?

উত্তর

(ক) হাঁ, আছে।

(খ) ২৪৬.১২ হেক্টর।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :—এই যে ২৪৬.১২ হেক্টার জমি আছে সেগুলিতে ফসল করবার জন্য কোন প্রচেষ্টা আছে কিনা সরকারের তরফ থেকে ?

শ্রীএস, এল, সিংহ :—এখন কথা হচ্ছে এমন অনেক জমি আছে, যেগুলি হয়তো তারা পরিষ্কার করে গেছেন, আবার কতগুলি জমি আছে জিরাতিয়া জমি, আবার কতকগুলি আছে জোত জমি। অতএব আইনগত কতগুলি অসুবিধা এখানে আছে, সেইগুলি দূরীভূত না হওয়া পর্য্যন্ত প্রতিটি ক্ষেত্রে কোন জেনারেল ষ্টেপ সম্ভবপর নয়।

শ্রীঅঘোর দেববর্মা ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন, যে জমির পরিমাণ এখানে বলা হয়েছে, সেই জমির মধ্যে কত পরিমাণ জমি জিরাতিয়া পর্য্যায়ে আছে এবং কত পরিমাণ পরিত্যাক্ত অবস্থায় আছে এবং কত জমির মালিক চলে গেছে, জমি পতিত অবস্থায় পড়ে আছে ?

শ্রীএস, এল, সিংহ :—আমি নোটিশ চাই স্যার।

শ্রীএরসাদ আলী চৌধুরী :—এই সমস্ত জমিগুলির রেভিন্যু কত বছরের বাকী আছে এবং এর মধ্যে সার্টিফিকেট কেস্ আছে কিনা মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি?

শ্রীএস, এল, সিংহ :—আমি নোটিশ চাই স্যার।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন, সাব্রুম বিভাগে এইরকম জমির পরিমাণ কত?

শ্রী এস, এল, সিংহ :—সাব্রুমের কথা আমি বলতে পারব না। কারণ এখানে আমার কাছে যে লিষ্ট আছে তার মধ্যে সোনামুড়া, খোয়াই, সদর ইত্যাদি আছে কিন্তু সাব্রুমের হিসাব এর মধ্যে নেই।

শ্রীরাজকুমার কমলজিৎ সিংহ :— এই যে ২৪৬.১২ হেক্টর জমির কথা বলা হয়েছে, তার মধ্যে পাকিস্থান সীমান্তবর্ত্তী জমি আছে কিনা?

শ্রীএস, এল, সিংহ :—আমি নোটিশ চাই স্যার।

মিঃ স্পীকার :—শ্রীসুনীল চন্দ্র দত্ত।

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—কোয়েশ্চান নাম্বার ৫১২।

শ্রীএস, এল, সিংহ :—কোয়েশ্চান নাম্বার ৫১২ স্যার।

প্রশ্ন

১। ইহা কি সত্য যে খোয়াই শহরে বিভিন্ন রাস্তার অনেকগুলি পুল ভগ্ন অবস্থায় আছে?

২। ইহা কি সত্য যে যথা সময়ে ঐ পুলগুলির মেরামত হয় নাই?

৩। ইহা কি সত্য যে অনেক রাস্তার পুলগুলির চিহ্নমাত্র নাই?

৪। ঐ পুলগুলি সত্বর মেরামত করা হইবে কি না?

উত্তর

১, ২, ৩ এবং ৪। খোয়াই শহরের 'পাওয়ার হাউসের' নিকটে সমষ্টি উন্নয়ন পরিকল্পনাধীন নির্মিত একটি কাঠের পুল বর্ত্তমানে ভগ্ন অবস্থায় আছে।

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—মাননীয় মন্ত্রী মহোদয়, পাওয়ার হাউসের সন্নিকটবর্ত্তী যে পুলটির কথা মাননীয় মন্ত্রী মহোদয় বললেন, সেটা শ্রীবিদ্যানিকেতনে যাতায়াতের রাস্তা কি না?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি যে পুলটি ভগ্ন অবস্থায় আছে তার কথা বললাম। কোন জায়গায় রাস্তা থাকলে সেটা শুধু বিদ্যানিকেতন দিয়েই যাবেনা, অন্যান্য জায়গায়ও তার মধ্য দিয়ে যাওয়া চলে। অনেক বাড়ীঘর সেখানে আছে, সেটা আমার জানা নেই।

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—খোয়াই দুর্গানগরপাড়া—যে রাস্তাটা আছে পি, ডব্লু, ডি. নির্মিত, সেই রাস্তার পুলগুলি ভগ্ন অবস্থায় আছে কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আমি নোটিশ চাই স্যার।

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—আমার প্রশ্ন হল খোয়াই দুর্গানগরবাড়ীর রাস্তার পুলগুলি ভগ্ন অবস্থায় আছে কি না ? কারণ উনি স্বীকার করেন যে একটি মাত্র পুল। সেখানে পুল ভগ্ন অবস্থায় আছে। কাজেই আমার প্রশ্ন হচ্ছে যে পি. ডব্লু, ডি, নির্মিত কোন পুল ভগ্ন অবস্থায় আছে কি না ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—খোয়াই শহরে এইরকম নেই, সেখানে মাত্র একটি পুল ভগ্ন অবস্থায় আছে।

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—মাননীয় মন্ত্রী মহোদয় খবর নিয়ে দেখবেন কি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—নিশ্চয়ই আমি খবর নিয়ে জানাব।

মিঃ স্পীকার :—শ্রীমনমোহন দেববর্ম্মা।

শ্রীমনমোহন দেববর্ম্মা :—কোয়েশ্চান নাম্বার ৬৩০।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—কোয়েশ্চান নাম্বার ৬৩০ স্যার।

প্রশ্ন

১। সরকার কি অবগত আছেন যে হাওড়া নদীর ভাঙ্গনের ফলে জিবানায়া বাজারের সন্নিকটস্থ কয়টি পরিবার বিপন্ন ?

২। যদি অবগত থাকেন, তবে হাওড়া নদীর ভাঙ্গারোধ ও বিপন্ন পরিবারদের রক্ষার কি কোন পরিকল্পনা আছে ?

উত্তর

১। জিরানীয়ার নিকট হাওড়া নদীর ভাঙ্গন সম্বন্ধে সরকারের সংশ্লিষ্ট বিভাগ অবগত আছেন।

২। পরিস্থিতির উপর নজর রাখা হইয়াছে।

শ্রীঅভিরাম দেববর্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে হাওড়া নদীর ভাঙনের ফলে সেখানে কয়টি পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে এবং তাদের থেকে সরকার সাহায্যের কোন আবেদন পেয়েছেন কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আই ওয়ান্ট নোটিশ, স্যার।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—এই হাওড়া নদীর ভাঙ্গনের ফলে সেখানে যে কয়টি পরিবার বিপন্ন হয়েছেন, মাননীয় মন্ত্রী মহোদয় সেই পরিবারগুলির নাম বলতে পারেন কি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আই ওয়ান্ট নোটিশ, স্যার।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—**মাননীয় স্পীকার, স্যার, এখানে নতুন করে প্রশ্ন দেওয়ার কোন প্রশ্নই উঠে না, তবে আমি যে প্রশ্ন রেখেছি তার উত্তর দেওয়ার জন্য উনি সময় চাইতে পারেন।**

আমার প্রশ্ন হয়েছে সেখানে নদীর ভাঙ্গনের ফলে কয়টি পরিবার বিপন্ন হয়েছে এবং তাদের নাম। এর উত্তর দেওয়ার জন্য তিনি সময় চাইতে পারেন, কিন্তু নূতন করে নোটিশ চাইতে পারেন না। এখানে উনি যে বলছেন, আই 'ডিমাণ্ড নোটিশ' তা করে তিনি আমার কাছে ফ্রেস নোটিশ চাইছেন।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—এখানে পার্লামেন্টারী যে প্রসিডিউর আছে, সেই প্রসিডিউর অনুসারেই আমি বলছি।

মিঃ স্পীকার :—(শ্রীঅঘোর দেববর্ম্মার প্রতি)—আপনি কি চাইছেন?

শ্রীঅঘোর দেববর্ম্মা :—আমি চেয়েছি, সেখানে নদীর ভাঙ্গনের ফলে কয়টি পরিবার বিপন্ন হয়েছে? এখন এই প্রশ্নটা যদি রিলেভেন্ট হয়, তাহলে তিনি সময় চাইতে পারেন—আবার নতুন করে এইভাবে নোটিশ চাওয়ার কোন প্রশ্নই উঠে না।

মিঃ স্পীকার :—আপনি ত নাম জানতে চেয়েছেন—এতে তিনি নোটিশ ডিমাণ্ড করছেন। আই থিঙ্ক হি ইজ রাইট। হি মে গিভ রিপ্লাই অব ইট হোয়েন এ সেপারেট কোয়েশ্চান কামস।

শ্রীঅঘোর দেববর্ম্মা—মাননীয় স্পীকার, স্যার, এটা যদি রিলেভেন্ট হয়, তাহলে তিনি সময় চাইতে পারেন। উনার বক্তব্য হচ্ছে শুধু ডিমাণ্ড নোটিশ বলে একটা ফ্রেস নোটিশ চাওয়া।

Mr. Speaker—As your question relates to the names of persons concerned so he wants notice,

শ্রীঅভিরাম দেববর্মা—মাননীয় মন্ত্রী মহোদয় জানেন কি যে মাননীয় উপমন্ত্রী মহোদয় যখন জিরানীয়াতে গিয়েছিলেন তখন তিনি বলেছেন যে ১৫ দিনের মধ্যেই এই বিপন্ন পরিবারগুলিকে সাহায্য দেওয়া হবে এবং হাওড়া নদীতে যাতে আর ভাঙ্গন না ধরে তার ব্যবস্থা করবেন।

শ্রী এস.এল, সিংহ :—ইহা সরকার অবগত নহেন।

শ্রীঅঘোর দেববর্ম্মা—মাননীয় স্পীকার, স্যার, সেখানে কয়টি পরিবার বিপন্ন হয়েছে তিনি যদি তা না জানেন তাহলে সেখানে কেউ বিপন্ন হননি একথা তো তিনি বলতে পারতেন বা ওনার বলার প্রয়োজন ছিল।

শ্রী এস, এল, সিংহ :—তাই তো ফ্রেস নোটিশ চাওয়া হয়েছে।

Mr. Speaker—Minister has got every right to demand notice.

শ্রীঅঘোর দেববর্ম্মা—মাননীয় স্পীকার স্যার, আমি জানতে চেয়েছি যে কয়টি পরিবার সেখানে বিপন্ন হয়েছে?

Shri S. L. Singh—Hon'ble Speaker, Sir, you have already given your ruling and after that he cannot challenge your ruling,

Mr. Sepaker—Shri Rabindra Ch. Deb Rankhal.

Shri Rabindra Ch. Deb Rankhal.—Starred Question No, 112.

Shri S. L. Singh—Starred Question No. 112.

প্রশ্ন

১। আসাম আগরতলার রাস্তার জন্য রাণীর বাজার হইতে কুমারঘাট পর্যান্ত রাস্তার উভয় পার্শ্বে কি পরিমাণ জমি রিকুইজিশন করা হইয়াছে ?

২। রাস্তার মধ্যস্থল হইতে উভয় পার্শ্বের দৈর্ঘ্য কতফুট।

উত্তর

১ এবং ২। তথ্য সংগ্রহ হইতেছে।

Mr. Speaker--Shri Abdul Wazid.

Shri Abdul Wazid:—Starred Question No. 697 (Postponed).

Shri S. L. Singh:—Starred Question No. 697 (Postponed)

প্রশ্ন

১। হুরুয়া সিদিজুলাই ও ইদনমিয়ার বাঁধের কাজ এখনও আরম্ভ না হইবার কারণ কি ?

উত্তর

১। "ইদন মিয়ার বাঁধ' নামে কোন পরিকল্পনা সরকারের জানা নাই "সিদিজুলাই বাঁধ" ও "হুরুয়া বাঁধ" এর কাজ বারংবার দরপত্র আহ্বান করা সত্ত্বেও উপযুক্ত দর না পাওয়ায় আরম্ভ করিতে পারা যায় নাই।

শ্রীমনোরঞ্জন নাথ—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলিতে পারেন যে ঐ কাজের জন্য কতবার টেণ্ডার ডাক হয়েছে ?

শ্রী এস, এল, সিংহ :— অনুমান ৫ বার।

শ্রীআবদুল ওয়াজিদ—মাননীয় মন্ত্রী মাহোদয় কি বলবেন যে টেণ্ডার কল করা হয়েছিল. তাতে রেট কত ছিল ?

Shri S. L. Singh:—Suitable rate could not be obtained even after the tender called for five times.

শ্রীবিনয় ভূষণ বানার্জি—বর্ত্তমানে সরকারের যে রেট আছে, সেটা কত মাননীয় মন্ত্রী মহাশয় কি বলতে প্যারন ?

শ্রী এস, এল, সিংহ :— আই ওয়ান্ট নোটিশ।

শ্রীআবদুল ওয়াজিদ—আবার কখন টেণ্ডার কল করা হবে, মাননীয় মন্ত্রী বলতে পারেন কি ?

শ্রী এস, এল, সিংহঃ—ইট ডিপেণ্ডস আপন দি নেসেসিটি অব দি ওয়ার্কস।

শ্রীবিনয় ভূষণ ব্যানার্জি :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি সরকারের স্যুটেবল রেটটা কত ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীআবদুল ওয়াজিদ :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি আবার এটার টেণ্ডার কল করা হবে কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—টেণ্ডার কল হতে পারে. নেগোসিয়েশনেও হতে পারে। দুটোই হতে পারে। ইট ডিপেণ্ডস অন দি অথরিটি।

শ্রীআবদুল ওয়াজিদ :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি এবার বর্ষার আগে এই বাঁধগুলির কাজ আরম্ভ করার জন্য চেষ্টা করবেন কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আমরা চেষ্টার ত্রুটি করি না। টেণ্ডার কল করা হয়েছে, কিন্তু স্যুটেবল কন্ট্রাকটর পাওয়া যাচ্ছে না।

শ্রীবিনয় ভূষণ ব্যানার্জি :— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি উপযুক্ত টেণ্ডার পাওয়ার জন্য যে প্রচার করা দরকার তা করা হয়েছে কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—পি, ডব্লিউ, ডি, কোড এবং রুলস্ অনুসারে যা করার তা করা হয়েছে নিশ্চয়ই !

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে এই টেণ্ডার পার্টিকুলার কয়েকজনকে দেওয়া হয় এবং সর্বসাধারণকে দেওয়া হয় না, এই কথা সত্যি কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—এটা সরকার অবগত নহেন। পার্টিকুলার কয়েকজনকে দেওয়ার পাওয়ার সরকারের আছে, তার বলে দেওয়া যেতে পারে। তবুও একটা নোটিশ দেওয়া হয়।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে ১২ টা টেণ্ডার কল করার পর ও যখন কন্ট্রাকটর পাওয়া যায়নি তখন উপযুক্ত কন্ট্রাকটরকে নেগোসিয়েশনে দেওয়া যেতে পারে কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—এসটিমেটের একটা সীমা আছে। তার এবাভ যদি উঠে তাহলে দেওয়া যায় এবং তাতে হাইয়েষ্ট অথরিটির অনুমোদন নিতে হবে। এই সমস্ত কারণেই অত্যন্ত বিলম্ব হয়।

মিঃ স্পীকার :—শ্রীঅঘোর দেববর্ম্মা।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—কোয়েশ্চান নং ২৮।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোয়েশ্চান নং ২৮

প্রশ্ন

১। গত আমন ফসলের সময় (১৩৭৮ সন) অমরপুর সহর সংলগ্ন সরকারী কৃষি ফার্মে মোট কত একর জমিতে ধানা চাষ করা হয়েছিল ?

২। উক্ত ফার্মের জমির মধ্যে কোন ধান কি পরিমাণ জমিতে চাষ করা হয়েছিল এবং কোন ধান একর প্রতি কত মণ উৎপন্ন হইয়াছিল ? (নামওয়ারী আলাদাভাবে)

৩। উক্ত ফার্মে জলসেচের কোন রকম ব্যবস্থা ছিল কি না ?

১। ১০·৩৭ একর (৪.১৬ হেকটার)।

২। ধানের নাম জমির পরিমান ও উৎপানের হার নিয়ে দেওয়া গেল :—

ধানের নাম	জমির পরিমান	উৎপাদনের হার
আই, আর,—৮	৩·৩২ একর	একর প্রতি ৮৫৩ কিলোগ্রাম।
	(১.৩৩ হেক্টার)	(হেক্টর প্রতি ২,১১৪ কিলোগ্রাম)
বাজাল	১.২৫ একর	একর প্রতি ১,৮৯০ ,,
	(০·৫০ হেক্টার)	(হেক্টার প্রতি ৪,৭০৬ ,,)
লাটিসাইল	৫.৮০ একর	একর প্রতি ৬০০ কিলোগ্রাম।
	(২.৩৩ হেক্টার)	(হেক্টার প্রতি ১,৪৯৪ ,,)

৩। না।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে অমরপুর অর্থাৎ নতুন বাজারে যাওয়ার পথে রাস্তার পাশে যে আই আর এইট ধান চাষ করা হয়েছিল জলের অভাবে সেই সমস্ত ধানগুলি শুকিয়ে গিয়েছে, এটা সত্যি কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আমি আগেই বলেছি জল সেচের কোন ব্যবস্থা ছিল না।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারেন যে সেখানে সরকারী কৃষি ফার্মে সেটা কি ডেমনষ্ট্রেশান পারপাসে করা হয়, না ফসল উৎপাদন বাড়ানোর একটা অঙ্গ হিসাবে করা হয় ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—সীড মালটিপ্লিকেশন করার জন্য সেটা করা হয়। সেটাই মোষ্ট ইমপোর্টেন্ট ফ্যাক্টর।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে সমস্ত জমি চাষের কথা এখানে বলা হয়েছে সেই জমিগুলি চাষ করতে গত বৎসরে মোট কত টাকা ব্যয় হয়েছিল ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :— টোটেল এক্সপেন্ডিচার ইনকার্ড ৬৭—৬৮ এ ১২,২০০·০৬ পয়সা।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন এই সরকারী কৃষি ফার্মের মধ্যে যে ফসল উৎপাদন করা হয় সেই সমস্ত জায়গার মধ্যে পামপিং মেশিন থাকে না কেন ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ : কৃষি ফার্ম্মের যারা পরিচালক তারা তাদের অবস্থা অনুসারেই ব্যবস্থা করে থাকেন। কারণ কোন্ কোন্ জমিতে কোন সময়ে জলসেচ করতে হবে দে আর ওয়েল এওয়ার অ্যাণ্ড দে আর টেকনিক্যাল মেন অ্যাণ্ড অ্যাকর্ডিংলী তারা সেটা করে থাকেন।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় স্বীকার করবেন কি যে সমস্ত নূতন ধান ত্রিপুরাতে বর্ত্তমানে চালু করার চেষ্টা হচ্ছে অধিক ফলন হিসাবে সেই সমস্ত ধান, বিশেষ করে কৃষি ফার্মে যখন উৎপাদন করা হয় তখন তাতে যথোপযুক্ত যত্ন না নিলে জনসাধারণ এনকা-রেজড না হয়ে ডিসকারেজড হয় এবং এই সমস্ত কথা চিন্তা করে সেখানে পাম্পিং মেশিন ইত্যাদি রাখা উচিত ছিল কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—বলেছি তারা টেকনিক্যাল মেন। তারা কোন্ সময়ে জলসেচ করবেন, ম্যানিউর দিবেন, তারপর সীডস মালটিপ্লাই করবেন সেটা তারা তাদের টেকনিক্যাল অভিজ্ঞতা অনুসারেই করে থাকেন এবং সেটা বৃদ্ধির জন্যই করেন এবং জনসাধারণের মনে উৎসাহ উৎপাদনের জন্যই করেন এবং তারা ত্রিপুরাতে আই, আর, এইট, গ্রাউণ্ড নাটস, কেশো-নাটস, পটেটো কালটিভেশন গ্রহণ করেছেন, তাদের টেকনিক্যাল অভিজ্ঞতা সামনে রেখে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় স্বীকার করবেন কি যে এইসমস্ত সরকারী ফার্মগুলির মধ্যে যথাসময়ে যখন প্রয়োজন হয় তখন সেচের ব্যবস্থার জন্য প্রত্যেকটি ফার্মে পামপিং মেশিন রাখা দরকার ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—প্রত্যেক জায়গাতেই তারা চেষ্টা করে সেই অনুসারে রাখার জন্য এবং মাঝে মাঝে হয়ত মেশিন বিকল হতে পারে এবং মেরামত করতে হয়ত দেরী হয়। তা না হলে এই দিকে লক্ষ্য রাখা হয়। সীড মালটিপ্লিকেশন সেন্টারগুলিতে তাদের ডিমাণ্ড অনুসারেই আমরা ব্যবস্থা করে থাকি।

মিঃ স্পীকার :—শ্রীঘনশ্যাম দেওয়ান।

শ্রীঘনশ্যাম দেওয়ান :—কোয়েশ্চান নাম্বার ৯১।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—কোয়েশ্চান নাম্বার ৯১ স্যার।

প্রশ্ন

১। ইহা কি সত্য যে ধলাইনদীর পূর্ব্ব পাড়ে আমবাসা হইতে বলরাম, কচুছড়া, মিটিকুয়া ও দেবীছড়া প্রভৃতি জনপদ হইয়া কমলপুর শহরের সহিত একটি সকল ঋতু চলাচল উপযোগী রাস্তার প্রয়োজন আছে ?

২। যদি থাকে তবে কৃষক ও শ্রমিকদের স্বার্থে উক্ত রাস্তাকে উন্নীত করবার প্রচেষ্টা করা হইবে কি ?

উত্তর

১ নং এবং ২ নং

অন্যান্য স্থানের ন্যায় এই এলাকায় ও উন্নত ধরণের রাস্তার প্রয়োজনীয়তা আছে। কিন্তু অর্থাভাবে এই কাজ হাতে নেওয়া বর্ত্তমানে সম্ভব নহে।

শ্রীঘনশ্যাম দেওয়ান :—মাননীয় মন্ত্রী মহোদয় জানেন কি এই খলাই নদীর পূর্ব পাড় পশ্চিম পাড়ের মত জনবহুল এবং এখানে দুইটি বাজার আছে, বলরাম—পটিছড়া বাজার, সালেমা উদ্বাস্তু কলোনী, পটিছড়ি কলোনী, বলরাম, পটিছড়ি দুইটি কো-অপারেটিভ সোসাইটি এবং এখানে সালেমা কলোনীতে একটা ডাক্তার খানা আছে এবং রাস্তার অভাবে এইগুলি সুপারভিশন করা যায় না।

শ্রীএস. এল. সিংহ :—আমরা গত বছর সার্ভে পার্টি পাঠিয়েছিলাম জনস্বার্থের দিকে নজর রেখেই রাস্তার ইম্প্রুভমেন্টের জন্য। কিন্তু আমাদের ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যানে যে টাকার বরাদ্দ আছে, তা দিয়ে আমাদের জরুরী কতকগুলি রাস্তা করতে হচ্ছে। ১৪৭ মাইল রোডের কাজ আমরা হাতে নিয়েছি এবং বাজেটে টাকা না থাকা সত্বেও আমাদের সেই কাজটা নিতে হয়েছে, অতএব সেইজন্য এই রাস্তার কাজটা আমরা নিতে পারিনি, সেইজন্য আমি দুঃখিত।

শ্রীঘনশ্যাম দেওয়ান :—মাননীয় মন্ত্রী মহোদয়, এখানকার লোক দরিদ্র কৃষক কৃষিকাজেই তারা অভ্যস্ত এবং যারা উপজাতি তারা সেখানে ৫০ হাজার মণ পাট প্রতি বৎসর উৎপাদন করে এবং কার্পাস সেখানে যথেষ্ট পরিমাণে উৎপন্ন হয়। সেইসব মাল অমরপুর থেকে সংকীর্ণ জলপথ দিয়ে আমবাসা দিয়ে চালান যায়। সুতরাং যোগাযোগ অভাবে প্রতি মণে তাদের খেসারত দিতে হয় খলাই নদী পার হতে সেকথা জানা আছে কি ?

শ্রীএস. এল. সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি এই জায়গায় আগেই বলেছি যে সেখানে প্রয়োজনীয়তা আছে এবং সেই অনুসারে সার্ভেও করা হয়েছিল কিন্তু আমরা অন্যান্য জায়গায় প্রয়োজনীয়তা বিবেচনা করে ১৪৭ মাইল রাস্তা করতে হচ্ছে তার ফলে এই রাস্তার কার্য্য হাতে নিতে পারছি না, সেইজন্য আমি দুঃখিত।

Mr. Speaker :—Shri Nishi Kanta Sarker.

Shri Nishi Kanta Sarker :—Question No. 97.

Shri S. L. Singh :—Question No. 97, Sir.

প্রশ্ন

১। T. T. C. এর আমলে রাধাকিশোরপুর টাউন ও বাজার রোডের জন্য যে টাকা মঞ্জুর করা হইয়াছিল তাহা কতটি গ্রুপে এবং কোন গ্রুপে কত টাকা মঞ্জুর হইয়াছিল এবং কাজ শেষ হওয়ার তারিখ কবে ছিল ?

উত্তর

১। তথ্য সংগ্রহ হইতেছে।

Mr. Speaker :—Shri Bidya Ch. Deb Barma.

Shri Bidya Ch. Deb Barma :—Question No. 370.

Shri S. L. Singh :—Question No. 370 Sir.

প্রশ্ন

১। Gumti Hydro Electric Projectএর কাজ কতদুর অগ্রসর হইয়াছে তাহার বিবরণ ;

২। এই পরিকল্পনা রূপায়ণের ফলে কত লোককে ঘর বাড়ী সরাইয়া লইয়া যাইতে হইবে ?

৩। যাহাদের ঘরবাড়ী সরাইয়া লইয়া যাইতে হইবে তাহার উপর কোন নোটিশ হইয়াছে কিনা ;

৪। যাহাদের জমি ও ঘরবাড়ী উক্ত পরিকল্পনার জন্য সরকারের দখলে যাইবে তাহাদের বিকল্প জমিও ক্ষতিপূরণ দেওয়ার জন্য সরকার কোন পরিকল্পনা করিয়া থাকলে তাহার বিবরণ ?

উত্তর

১। Gumti Hydro Electric Project এর প্রাথমিক কাজ যেমন এপ্রোচ রোড, এপ্রোচ রোড্ কলোনীর ঘরবাড়ীর কাজ পুরা দস্তুরে চলিতেছে। Plan Projectএ Power House এবং dam Properএর কাজ শুরু করার প্রস্তুতি নেওয়া হইতেছে। আশা করা যায় যে dam এর ভিত খোঁড়া এবং Power House এর প্রথম ধাপের কংক্রীটের কাজ শুরু হইবে। Forebay এবং Power Channelএর মাটি কাটার কাজ চলিতেছে। এবং আগামী বর্ষা শুরু হওয়ার আগে শেষ হইবে বলিয়া আশা করা যায়।

২। প্রায় ১২৫০টী পরিবারকে ঘরবাড়ী সরাইয়া লইয়া যাইতে হইতে পারে।

৩। না ; যথা সময়ে দেওয়া হইবে।

৪। আইন অনুযায়ী ক্ষতিপূরণ দেওয়া হইবে।

শ্রীবিদ্যাচন্দ্র দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি, এই কাজ কাকে দেওয়া হয়েছে ?

শ্রীএস, এল, সিংহ :—এন, পি, সি, সি।

শ্রীবিদ্যাচন্দ্র দেববর্ম্মা :—এই প্রজেক্টে কতজন ইঞ্জিনীয়ার এবং কতজন এ্যাসিষ্টেন্ট ইঞ্জিনীয়ার আছেন মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারেন কি ?

শ্রীএস, এল, সিংহ :—আমি নোটীশ চাই স্যার।

শ্রীবিদ্যাচন্দ্র দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় জানেন কি যে কন্ট্রাক্টাররা এখন কোন রকম প্রজেক্ট ড্রইং পেয়েছেন কি ?

শ্রীএস, এল, সিংহ :—আমি নোটীশ চাই স্যার।

Mr. Speaker :—Shri Monoranjan Nath.

Shri Monoranjan Nath :—Starred Question No. 13.

Shri S. L. Singh :—Mr. Speaker Sir, Starred Question No. 13.

প্রশ্ন

(ক) ধর্মনগর সাবডিভিসনে "Lift Irrigation Scheme On Halflongcherra পরিকল্পনা কতদিন যাবৎ গ্রহণ করা হইয়াছে এবং কতটুকু কাজ অগ্রসর হয়েছে ?

উত্তর

১। তথ্য সংগ্রহ করা হইতেছে।

Mr. Speaker :—Shri Jatindra Kr. Majumder.

Shri Jatindra Kr. Majumder :—Starred Question No. 79.

Shri S. L. Singh :—Starred Question No 79.

প্রশ্ন

(ক) ত্রিপুরা সদর পূর্বাঞ্চল উন্নয়ন সংস্থান্তর্গত এলাকার রাস্তাগুলি P.W.D. কর্তৃক গ্রহণ (takeup) করার জন্য ব্লক কর্তৃপক্ষ কবে প্রস্তাব দিয়েছেন.

(খ) অদ্য ৩।৩।৬৯ইং পর্য্যন্ত উক্ত ব্লক এলাকার একটী রাস্তাও P.W.D. কর্তৃক take up না করার কারণ ?

উত্তর

১) ১৯৬৭ ইং সনের মে মাসে।

২) বিষয়টী বিবেচনাধীন আছে।

Mr. Speaker :—Shri Rabindra Ch. Deb Rankhal.

Shri Rabindra Ch. Deb Rankhal :—Starred Question No. 120.

Shri S. L. Singh :—Starred Question No. 120.

প্রশ্ন

১) কমলপুর তহশীল কাছারীর নবনির্মিত বিল্ডিং এবং তৎসংলগ্ন ষ্টাফ কোয়ার্টার্স তৈয়ারীর কাজ কবে আরম্ভ করা হইয়াছে ?

২) উক্ত বিলডিংএর কাজ শেষ হইতে আর কতদিন লাগিবে।

উত্তর

১) তহশীল কাছারী—১৪।১।৬৬ ইং তারিখে

আবাসিক গৃহ—১৩।১।৬৬ ইং তারিখে।

২) তহশীল কাছারীর নির্মাণ কাজ ইতিপূর্বেই শেষ হইয়াছে। ঠিকাদার অপারগ হওয়ায় আবাসিক গৃহের কাজ বিশেষ কিছুই হয় নাই।

Mr. Speaker :—Shri Abhiram Deb Barma.

Shri Abhiram Deb Barma :—Starred Question No. 142.

Shri S. L. Singh :—Mr. Speaker Sir, Starred Question No. 142.

প্রশ্ন

১। ১৯৬৭-৬৮ এবং ১৯৬৮-৬৯ সালে Indian Forest Act, India Panel Code এবং Criminal Procedure Code অনুযায়ী কত লোককে Forest Crimesএর জন্য আদালতে অভিযুক্ত করা হইয়াছে তাহা মহকুমা ভিত্তিক হিসাব।

২। ইহার মধ্যে জুম কাটা সম্পর্কে কতজন অভিযুক্ত।

৩। কতজনের শাস্তি হইয়াছে এবং জরিমানা করা হইয়া থাকিলে তাহার মোট পরিমাণ কত ?

উত্তর

১। }
২। } তথ্য সংগ্রহ করা হইতেছে।
৩। }

Mr. Speaker :—Shri Abdul Wazid.

Shri Abdul Wazid :—Starred Question No. 698 (Postponed).

Shri Sachindra Lal Singh :—Starred Question No. 698 (postponed).

প্রশ্ন

১। ধর্মনগর কুর্তি via. দিঘল বাগ-কালাছড়া পুরাণ রাস্তার কোন Plan আছে কিনা ?

২। ঐ রাস্তা করার Plan থাকিলে কখন আরম্ভ হইবে ?

উত্তর

১। না।

২। ১নং উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন উঠে না।

শ্রীআবদুল ওয়াজিদ—মাননীয় মন্ত্রী মহোদয় এই রাস্তাটা না থাকার দরুণ সেই এলাকার লোকজনের বিশেষ অসুবিধা হইতেছে বিধায় রাস্তা করার কাজটি বিবেচনা করিবেন কি ?

Shri. S. L. Singh—There is a road from Dharmanagar to Kurthi via. Dhigal basha but there is no programme at present for construction of a road from Dharmanagar to Kurthi via. Kalacherra old road. In this connection, I should mention here that the above road is a fair weather foot track partially jeepable and is being maintained as such.

Mr. Speaker— Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma—Mr. Speaker Sir, Starred Question No. 26.

Shri S. L. Singh— Mr. Speaker Sir, Starred Question No. 26.

প্রশ্ন

১। আগরতলা বনমালীপুরের বোধজং দীঘি মৎস্য চাষের জন্য কোন মৎস্য চাষ সংস্থাকে ইজারা দেওয়া হয়েছিল কিনা ?

২। যদি দেওয়া হয়ে থাকে কোন সনে, কোন সংস্থাকে বৎসরে কত টাকার সর্ত্তে এবং কত বৎসরের ম্যায়াদে দেওয়া হয়েছিল ?

৩। বর্ত্তমানে উপরোক্ত দীঘিতে মৎস্য চাষ করা হচ্ছে কি না ?

৪। না হয়ে থাকলে কারণ পূর্ণ বিবরণ সহ।

উত্তর

১। হঁা।

২। দীঘিটি ১৩৭৩ সালে (১৯৬৫-৬৬ইং) শ্রীসত্যেন্দ্র কুমার দাস, সেক্রেটারী, মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, মহারাজগঞ্জ বাজার, আগরতলা বরাবরে ১৩৭৩ সাল হইতে ১৩৭৫ সাল (১-৬৫-৬৬ইং হইতে ১৯৬৭-৬৮ইং) পর্য্যন্ত তিন বৎসরের ম্যাদে বার্ষিক মং ৩,০৭০.০০ টাকা খাজনায় বন্দোবস্ত দেওয়া হইয়াছিল।

৩। হঁা।

৪। প্রশ্ন উঠে না।

শ্রীঅঘোর দেববর্ম্মা—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে ঐ দীঘিটি তিন বছরের জন্য ইজারা দেওয়া হয়েছে না বন্দোবস্ত দেওয়া হয়েছে ?

শ্রীএস, এল, সিংহ—ইজারা আর বন্দোবস্ত একই অর্থ।

শ্রীঅঘোর দেববর্ম্মা—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে উক্ত দীঘিটীতে বর্ত্তমানে মৎস্য চাষ করা হচ্ছে কিনা ?

শ্রীএস, এল, সিংহ (চীফ মিনিষ্টার)—আমি বলেছি যে হঁ্যা'।

শ্রীঅঘোর দেববর্ম্মা—মাননীয় মন্ত্রী মহোদয় জানেন কি যে উক্ত দীঘিতে বর্ত্তমানে কোন মৎস্য চাষই হইতেছে না ?

শ্রীএস, এল, সিংহ—আমি তো বলেছি 'হঁ্যা'।

শ্রীঅঘোর দেববর্ম্মা—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে দীঘিটী যাকে ইজারা দেওয়া হয়েছে, সে সম্যক টাকা দিয়েছে কিনা, বা তার কাছে বাকী আছে কিনা ?

Shri S L Singh—Bhudjung Dhigi was taken into khash possession on 17. 4. 67 after a period of about 1 year 9 months due to non-payment of rent by the lessee amounting to Rs. 6,313.06 P.

A certificate case was instituted against the defaulting lessee for realisation of arrear dues on 24-10-68 demand notice was served upon him on 15-10-68. Lawful action is being taken to realise the arrear dues.

শ্রীঅঘোর দেববর্ম্মা—মাননীয় মন্ত্রী মহোদয় কি এমন কোন এ্যাস্যুরেন্স দিতে পারেন যে বর্তমানে যদি ঐ দীঘিতে কোন মৎস্য চাষ না হয়ে থাকে তাহলে তিনি এই সম্পর্কে তদন্ত করতে রাজী আছেন কি বা যে সব সংস্থা বা সংগঠন ঐ দীঘিতে মৎস্য চাষ করতে চান তাদেরকে দিতে রাজী আছেন কি ?

শ্রীএস, এল, সিংহ—Hon'ble Speaker, Sir, I am to inform the member that the Government have decided to take back into khash possession of all water areas leased out on the expiry of the lease period or any default of the leasee in payment of kist money.

শ্রীঅঘোর দেববর্ম্মা—মাননীয় মন্ত্রী মহোদয়, সেই দীঘিতে যে কোন মৎস্য চাষ হচ্ছে না তা তদন্ত করতে রাজী আছেন কি ?

শ্রীএস, এল, সিংহ—মাননীয় স্পীকার স্যার, আমি তো আগেই বলেছি।

Mr. Speaker— Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma—Starred Question No. 25.

Shri S. L. Singh—Mr. Speaker Sir, Starred Question No. 25.

প্রশ্ন

১। কমলপুর বিভাগে এ বছর বনজবস্তু পাইবার জন্য কত ফ্রি পারমিটের দরখাস্ত করা হইয়াছে ?

২। বেআইনীভাবে বনজ সম্পদ সংগ্রহের জন্য সংগ্রহকারীর বিরুদ্ধে কোন মামলা রুজু করা হয়েছে কিনা ?

৩। যদি হইয়া থাকে, তবে এই ধরণের কয়টি মামলা রুজু করা হযেছে ?

৪। তার ফলাফল কি ?

উত্তর

১। ১৫৫টি।

২। হ্যাঁ।

৩। ১৫টি।

৪। সবগুলিই আদালতের বিচারাধীন।

Mr. Speaker :—Question hour is over. There are 7 Unstarred questions to-day. The ministers may lay on the table of the House the replies to the Unstarred questions.

QUESTION OF BREACH OF PRIVILEGE

Mr. Speaker :—On 19. 3. 69 in course of discussion on a private members' resolution, Shri Aghore Deb Barma alleged that the Speaker was not impartial in matters of alloting time to the opposition members. Chief Minister at

once pointed out that such remark of Shri Aghore Deb Barma was a breach of privilege and contempt of the Speaker and the House.

I called Shri Aghore Deb Barma in my chamber and had a discussion with him on the subject in course of which Shri Deb Barma contented that he had no intention to raise any question on the conduct of the Speaker. However, if he had done anything, it was beyond his conscience and knowledge. Shri Deb Barma, however, expressed regret for his unintentional action.

I am therefore of opinion that the House should not proceed further with the question.

GOVERNMENT BUSINESS (FINANCIAL)

Motion for Vote on Account.

Mr. Speaker :—Next business of the House is Motion for Vote on Account I shall request the Hon'ble Finance Minister to move his motion for vote on account.

The Hon'ble Krishnadas Bhattacharjee :— Mr. Speaker, Sir, on the recommendation of the Administrator I beg to move that a sum not exceeding Rs. 6,93,05,000/- exclusive of Charged Expenditure of Rs. 28,18,000/-, be granted, on account, for or towards defraying the charges for the different services and purposes during the year ending on 31st March, 1970.

Mr. Speaker : —Now, will there be any discussion ? No.

Then the question before the House is the Motion for Vote on Account moved by the Hon'ble Finance Minister that a sum not exceeding Rs. 6,93,05,000/-, exclusive of Charged Expenditure of Rs. 28,18,000/-, be granted, on account, for or towards defraying the charges for the different services and purposes during the year ending on 31st March, 1970.

As many as are of that opinion will please say 'AYES'

(Voice—AYES).

As many as are of contrary opinion will please say 'NOES'.

(No Voice)

I think 'AYES' have it.

'AYES' have it. 'AYES' have it.

The motion is carried.

GOVERNMENT BUSINESS (LEGISLATION)

Introduction of the Appropriation (Vote on Account) Bill, 1969 (Bill No. 2 of 1969)

Mr. Speaker :—Next business of the House, the Appropriation (Vote on Account) Bill, 1969 (Bill No. 2 of 1969) is to be introduced in the House. I shall request the Hon'ble Finance Minister to move his motion for leave to introduce the Bill.

The Hon'ble Krishnadas Bhattacharjee—Mr. Speaker, Sir, I beg to move for leave to introduce the Appropriation (Vote on Account) Bill, 1969 (Bill No. 2 of 1969).

Mr. Speaker :—Now, the question before the House is the Motion moved by the Hon'ble Finance Minister for leave to introduce the Appropriation (Vote on Account) Bill, 1969 (Bill No. 2 of 1969).

As many as are of that opinion will please say 'Ayes'.

(Voice—AYES)

As many as are of contrary opinion will please say 'NOES'.

(No Voice)

I think, AYES have it.

AYES have it, AYES have it.

The leave to introduce the Bill is granted.

(The Secretary read the long title of the Bill, i. e. A Bill to provide for the withdrawal of certain sums from and out of the Consolidated Fund of the Union Territory of Tripura for the Services of a part of the financial year 1969-70).

Mr. Speaker :—I shall call on Hon'ble Finance Minister to move his motion to introduce the Appropriation (Vote on Account) Bill, 1969 (Bill No. 2 of 1969).

The Hon'ble Krishnadas Bhattacharjee —Mr. Speaker, Sir, I beg to introduce the Appropriation (Vote on Account) Bill, 1969 (Bill No. 2 of 1969).

Mr. Speaker :— The question before the House is that the Appropriation (Vote on Account) Bill, 1969 (Bill No. 2 of 1969) be introduced.

As many as are of that opinion will please say 'AYES'

(Voice—Ayes)

As many as are of contrary opinion will please say 'NOES'

(No voice)

I think 'AYES' have it,

AYES have it. AYES have it.

The Bill is introduced.

Mr. Speaker :— Members are requested to collect their copies of the Bill from the Notice Office.

Consideration & Passing of the Appropriation (Vote on Account) Bill, 1969 (Bill No. 2 of 1969).

Mr. Speaker :— Next Business, the Appropriation (Vote on Account) Bill, 1969 (Bill No. 2 of 1969) is to be taken into consideration. I call on the Hon'ble Finance Minister to move his motion for consideration of the Bill.

The Hon'ble Krishnadas Bhattacharjee :— Mr. Speaker, Sir, I beg to move that the Appropriation (Vote on Account) Bill, 1969 (Bill No. 2 of 1969) be taken into consideration at once.

Mr. Speaker :— The question before the House is that the Motion moved by the Hon'ble Finance Minister that the Appropriation (Vote on Account) Bill, 1969 (Bill No. 2 of 1969) be taken into consideration at once.

As many as are of that opinion will please say 'AYES'.

(Voice—Ayes)

As many as are of contrary opinion will please say 'NOES'.

(No. voice)

The Bill is considered.

(Mr. Speaker than put the Cl/2, Cl/3, Schedule, Cl/1 and the Title of the Bill respectively to vote, which were passed.

Mr. Speaker :— Next Business before the House is the Passing of the Appropriation (Vote on Account) Bill, 1969 (Bill No. 2 of 1969). I shall now request the Hon'ble Finance Minister to move his motion for Passing of the Bill.

The Hon'ble Krishnadas Bhattacharjee :— Mr. Speaker, Sir, I beg to move that the Appropriation (Vote on Account) Bill, 1969 (Bill No. 2 of 1969) as settled in the Assembly be passed.

Mr. Speaker :— The question before the House is that the Appropriation (Vote on Account) Bill, 1969 (Bill No. 2 of 1969) as settled in the Assembly be passed,

As many as are of that opinion will please say AYES.

(Voice—AYES)

As many as are of contrary opinion will please say NOES.

(No voice)

The Bill is passed.

Mr. Speaker :—Now I shall take up the resolution of Shri Aghore Deb Barma, carried over from the business of 18. 3. 69.

I call on Shri Aghore Deb Barma to move that—

"This House directs the Government to appoint a Commission with retired Judge of a High Court to enquire into the cause which led to the death of Sree Rabindra Malakar of Sonaimuri under Kailasahar Sub-Division, Tripura."

Shri Aghore Deb Barma :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার রিজিলু্যশান হচ্ছে—

"This House directs the Government to appoint a Commission with a retired Judge of a High Court to enquire into the cause which led to the death of Sree Rabindra Malakar of Sonaimuri under Kailashahar Sub-Division, Tripura."

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে সোনাইমুড়ি গ্রামে রবীন্দ্র মালাকারকে পুলিশ যেভাবে লাঠি এবং বুটের আঘাতে মারল, তার একটা জুডিশ্যাল এনকোযেরীর দাবী এই প্রস্তাবের মাধ্যমে এই হাউসের সামনে রাখছি। কৃষকরা ধান দেবে না, পূর্ব্ব থেকে এই ষড়যন্ত্র করেছে তা নয়, অর্থাৎ আমার বক্তব্যের মূল বিষয়বস্তু হচ্ছে যে, কৃষকদের যদি উদ্বৃত্ত ধান থাকে এবং সরকার পক্ষ থেকে যদি চাওয়া হয়, তাহলে তারা তাদের সাধ্যানুযায়ী তা দিয়ে থাকে। কিন্তু সাধারণতঃ আমরা সর্ব্বত্র কি দেখি, জোর জবরদস্তি করে পুলিশ দিয়ে সেখান থেকে ধান চাউল নিয়ে আসে, এখানেই হচ্ছে প্রশ্ন। এই জায়গার মধ্যে ঘটনাটা কি হয়েছিল? শ্রীহরেন্দ্র পালের বাড়ীতে গিয়ে যখন তাকে পাঁচ কুইন্টল ধান দেওয়ার কথা বলা হল, তার দেওয়ার মত ক্ষমতা নাই, যদি দিতে হয়, তার খোরাকী দূরের কথা, তার বীজের ধান সমেত দিয়েও সেই কোটা পূরণ করতে পারবে না, এই অবস্থায় গ্রামের মানুষ সেখানে জড় হল। সেখানে গ্রামের মানুষ জড় হওয়ার পর কি অবস্থা দেখি :—সেখানকার যে পুলিশ অফিসার তিনি কৈলাশহরে খবর দেন এবং সেখানকার ডি, এস, পি, কয়েক গাড়ী পুলিশ (বি, এম, পি,) নিয়ে সেখানে উপস্থিত হন এবং জনসাধারণ সেখানে আপত্তি করতে থাকে এবং আপত্তি করার পর সেখানে কথাবার্ত্তা নাই, জনসাধারণের উপর অকথ্যভাবে মারপিট করা হল, যার ফলে আজকে এই ঘটনা ঘটল এবং রবীন্দ্র মালাকারের মৃত্যু হল। শুধু রবীন্দ্র মালাকারই আঘাত পায় নাই, আরও অনেকে আহত হয়েছেন—যেমন তরণী কুমার মালাকার ইত্যাদি কয়েকজন লোক আঘাত পেয়ে হাসপাতাল গেল এবং সেখানে রবীন্দ্র মালাকারের মৃত্যু ঘটে। খাদ্য বিভাগের নীতি হচ্ছে যে কৃষকদের উদ্বৃত্ত ফসল ন্যায্য মূল্যে কিনে সরকারের যে ঘাটতি সেটা পূরণ করা। কিন্তু এই সমগ্র নীতি কার্য্যকরী করতে যেয়ে যে সমস্ত কৃষকের দেওয়ার সামর্থ্য নাই, তাদের উপর জোর জুলুম চালাতে থাকে, তার ফলেই এই সমস্ত ঘটনা ঘটে। কিন্তু এইভাবে সমস্যার সমাধান কিছুতেই হতে পারে না। হাউসের মধ্যে গতবারও আমি তিছরাবাড়ী ঘটনা সম্পর্কে বলেছিলাম। কিছুদিন আগে এই হাউসের লীডার অর্থাৎ মুখ্যমন্ত্রী সাহেব উপজাতি সম্মেলনে

গিয়েছিলেন ঐ বাড়ীতে। গতবারও ঐ বাড়ীতে হানা দেওয়া হয়েছিল। পুলিশ এবং এস, ডি, ও, যখন সে বাড়ীতে আসে, মাননীয় সদস্য রবীন্দ্র চন্দ্র দের বাংলার মহাশয়ের মধ্যস্থতায় তার এক অংশ তাদেরকে দিয়ে দেওয়া হয়, বাকী অংশের কথা তিনি বলে এলেন যে আমি না আসা পর্যন্ত ধান দিওনা, হাকিমবাবু এলে আমার নাম বল। কিন্তু বিভাগীয় হাকিম বললেন আমি বিভাগীয় হাকিম উপর কে আছেন ? এইভাবে তাদের উপর গোলাগুলি চলল এই হচ্ছে ঘটনা। ট্রাকারজলাতে যখন যায়, সেখানে অনেক আর্মড পুলিশ নিয়ে গিয়ে যার উপর নোটিশ দেওয়া আছে এবং যাদের উপর নোটিশ দেওয়া হয় নাই, যে লোককে যখন যাকে সামনে পেয়েছে, তাদের থেকেই জোর জবরদস্তি করে ধান আদায় করা হয়েছে। কাজেই আজকে খাদ্য সংগ্রহের নামে জনসাধারণের উপর হবে অত্যাচার, এটা ত্রিপুরার কৃষক মানতে পারে না। তার একটা প্রতিকার করা দরকার। যদি এই বিষয়ে প্রশ্ন করা হয় তাহলে বলা হয় যে ত্রিপুরা রাজ্যে বাড়তি লোকসংখ্যার খাদ্য দেওয়ার জন্য আমরা খাদ্য সংগ্রহ করি। কমলপুরের ঘটনা সম্পর্কেও আমাদের সকলেরই জানা আছে, কাজেই বছরে একটা ঘটনা না ঘটলে তাঁরা শান্তি পাননা। যখন কোন একটা ঘটনা হয়, তখন যত দোষ নন্দ ঘোষ, সমস্ত দোষ জনসাধারণের উপর চাপিয়ে দেওয়ার টেণ্ডেন্সী। এইভাবে লোককে লাঠির আঘাতে, বুটের আঘাতে মারা হবে, তাদের উপর অত্যাচার করা হবে, এটা কি, না এটা হচ্ছে বৃহত্তম গণতন্ত্র। কাজেই এই অবস্থা।

ধান সংগ্রহ করার উদ্দেশ্য কি, না আমরা দরিদ্র জনসাধারণকে সস্তায় খাদ্য বিতরণ করব। কিন্তু আমি হাউসের মধ্যে ক্যালকুলেশন করে দেখিয়েছি যে সরকার মণ প্রতি ২০৲ টাকা করে লাভ করেন। বাজারের মধ্যে যখন ধান চাউলের দাম বাড়ে, তখন যত দোষ নন্দ ঘোষ। ব্ল্যাক মার্কেটিয়ার, চোরাকারবারীরা লাভ করবে না কেন ? যেখানে সরকার লাভ করছেন ? আজকে আমরা যদি লক্ষ্য করি তাহলে দেখব যে বাজারে ধান চাউলের দর বাড়ছে, মানুষের ক্রয়ক্ষমতার বাইরে চলে যাচ্ছে। ত্রিপুরার সামগ্রিক অবস্থা কি ? অর্দ্ধেক মানুষ আজকে আধপেটা খেয়ে আছে, আর কেউ কেউ হয়তো না খেয়েই অনাহারে মৃত্যুমুখে পতিত হচ্ছে। খাদ্য সমস্যা সমাধানে আজকে সরকার ব্যর্থ হয়েছেন। কাজেই একটা অবস্থা সৃষ্টি করে মানুষকে দেখাতে হবে আমরা জনসাধারণকে খাদ্য দিতে চাই, সস্তায় দেওয়ার ব্যবস্থা করতে চাই কিন্তু কিছু সমাজদ্রোহী লোক উদ্দেশ্যমূলকভাবে খাদ্য সংগ্রহে সেই সমস্ত ক্ষেত্রে ব্যাঘাত সৃষ্টি করছে। অর্থাৎ নিজেদের যতকিছু অপদার্থতা, সমস্ত কিছু অন্যের ঘাড়ে চাপিয়ে দেওয়ার একটা টেণ্ডেন্সী। আজকে সামগ্রিকভাবে খাদ্য সমস্যা সমাধান করার কোন চেষ্টা তাদের নেই, শুধু বড় বড় বুলি বড় কথা বলা ছাড়া। এইগুলি আর কিছু বলে আমি মনে করি না। কিন্তু এর দ্বারা সামগ্রিকভাবে খাদ্য সমস্যার সমাধান হবে না। প্রকৃত দোষী কে, তাদের শাস্তি দেওয়া উচিত। এইভাবে গতবার কমলপুরে ছাত্র হত্যা করা হল, এইবারও খাটিকরায়ে ঘটল। সারা ত্রিপুরা রাজ্যে ধান চাউলের দর বাড়ছে। মানুষ আজকে যখন অনাহারে মরছে, তখন নিজেদের দায় দায়িত্ব অন্যের ঘাড়ে চাপিয়ে দেওয়ার জন্য নিরীহ মানুষকে হত্যা করা হচ্ছে যেন তারাই সর্বতোভাবে এর জন্য দায়ী।

এই বিষয়ে আমি বিশেষ কিছু বলতে চাই না। মাননীয় অধ্যক্ষ মহোদয়। আজকে যদি এর একটা প্রতিকারের ব্যবস্থা না করা হয়, মানুষ এই অবস্থা সহ্য করতে আর রাজী নয়। কাজেই প্রকৃত দোষী কে সেটা তদন্ত করে দেখার জন্য আমি একটা এনকোয়ারী কমিশন গঠন করার প্রস্তাব এখানে হাউসের সামনে রাখছি। কাজেই আগে যারা দোষী, যারা অপরাধী তাদের বিচার করে শাস্তি দেওয়ার জন্য যেন একটা জুডিশিয়াল ইনকোয়ারী বা বিচার বিভাগীয় তদন্ত করার ব্যবস্থা হয় তার জন্য একটা আবেদন এই হাউসের সামনে আমি রাখছি।

মিঃ স্পীকার :—শ্রীঅভিরাম দেববর্ম্মা।

শ্রীঅভিরাম দেববর্ম্মা :—মাননীয় স্পীকার মহোদয়, গত ২৫শে ফেব্রুয়ারী তারিখে কৈলাশহর বিভাগের সোনাইমুড়ি গ্রামের রবীন্দ্র মালাকারের মৃত্যু সম্পর্কে মাননীয় সদস্য অঘোর বাবু যে তদন্ত করার প্রস্তাব হাউসের সামনে রেখেছেন আমি তার প্রস্তাব সমর্থন করে দুই-একটি কথা রাখতে চাইছি। আমি এখানে বলতে চাই যে কৈলাশহর বিভাগের ফটিকরায় থানার এই সোনাইমুড়ি গ্রামের দিকে যদি আমরা তাকাই বা আলোচনা করি তাহলে দেখব যে এই গ্রামটি বরাবরই একটা কংগ্রেসের ঘাঁটি ছিল। এই গ্রামের জনসাধারণ বিগত ইলেকশান পর্য্যন্ত কংগ্রেসকে ভোট দিয়ে আসছেন বা তারা কংগ্রেসী সদস্যকে ভোট দিয়ে জিতিয়ে আসছেন, কংগ্রেসের হয়ে। কিন্তু দেখা যাচ্ছে, যে হঠাৎ করে কেন আজকে এই সোনাইমুড়ি গ্রামে লেভীর ধান আদায় করতে গিয়ে রবীন্দ্র মালাকারের মত একটা হতভাগ্য যুবককে প্রাণ হারাতে হ'ল। এই প্রশ্ন আজকে স্বভাবতঃই ত্রিপুরাবাসার মনে জাগবে। এই প্রশ্ন আজকে শুধু কৃষক মহলেই নয়, এই প্রশ্ন আজকে শ্রমিক, কৃষক, কর্ম্মচারী এবং ছাত্রদের মধ্যে জেগেছে। কারণ আমরা দেখেছি ভারতবর্ষে গত ২০ বছর ধরে কংগ্রেসী শাসনের পরেও তথা এই ত্রিপুরা রাজ্যকে শাসন করার পরেও এই রাজ্যের যে খাদ্য পরিস্থিতি এবং এই রাজ্যের কংগ্রেসী সরকারের যে খাদ্য নীতি, এই খাদ্যনীতির ফলে ত্রিপুরার কৃষক সমাজ এমন এক পর্য্যায়ে গিয়ে দাঁড়িয়েছে, এবং এই কৃষক সমাজকে রক্ষা করবার জন্য কংগ্রেসের বা সরকারের যে পরিকল্পনা আছে সেটাকে আজকে আমাদের পর্য্যালোচনা করে দেখার সময় এসেছে। আমি এই কথা বলতে পারি যে সোনাইমুড়ি গ্রামের রবীন্দ্র মালাকারের মত হতভাগ্য যুবক আজকে যেভাবে প্রাণ হারিয়েছে এবং তার প্রাণ হারানোর জন্য একমাত্র দায়ী হচ্ছে এখানকার সরকার। এই সরকারের বর্ব্বর পুলিশ যেভাবে তাকে হত্যা করবার যে ষড়যন্ত্র করেছে এটা অন্য কোন স্বাধীন দেশের সরকার বা পুলিশ, বি, এম, পি'র পক্ষে সম্ভবপর নয়। ইহা অত্যন্ত লজ্জার কথা যে সরকার তার রাজ্যের মানুষকে খাদ্য দিতে পারে না, দিতে পারে শুধু বুলেট, সেই সরকারের এটা শিক্ষা করা উচিত যে গ্রামের জনসাধারণ আজকে এই সরকারকে রাজত্বে বসাবার জন্য এতদিন এই সরকারের পিছনে ঘুরছে সেই গ্রামের যুবকেরা আজকে এই সরকারের বিরুদ্ধে, তার খাদ্য নীতির বিরুদ্ধে লেভী আনতে গেলে সেখানে বাধার সৃষ্টি করছে। তাই আমি বলছি যে এই শিক্ষাটা ত্রিপুরা রাজ্যের যে সরকার, তার গ্রহণ করা উচিত। এই শিক্ষা গ্রহণ না করে যদি আজকে এইসব কৃষকদের কাছ থেকে লেভীর ধান আনার জন্য বা আদায় করার জন্য তাদের কাছে বর্ব্বর পুলিশ

ও বি, এম, পি'কে পাঠানো হয়, তাদের মুখের গ্রাস কেড়ে নেবার যদি কোন চেষ্টা করে তাহলে ত্রিপুরার কৃষক ও জনসাধারণ সেটা স্বীকার করে নেবেনা, তার সদ্ উত্তর নিশ্চয় তারা দেবে,তারই জন্য আজকে সমস্ত ত্রিপুরাবাসী প্রস্তুত হচ্ছে। কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই রবীন্দ্র মালাকার, এই শুধু মালাকারই নয়, এই রবীন্দ্র মালাকারের মত কত মালাকার প্রাণ হারাবে। তাদের বাঁচার ব্যবস্থা যদি এই সরকার না করে তাহলে আমি আজকে এই সরকারকে হুঁসিয়ার করে দিতে চাই যে সেই সোনাইমুড়ি গ্রামের রবীন্দ্র মালাকারের অবস্থা এই ত্রিপুরা রাজ্যের অন্য গ্রামগুলিতে সৃষ্টি হবে। ত্রিপুরার কৃষক সমাজ. ত্রিপুরার যুবক এবং ছাত্ররা সেটা নিরবে সহ্য করবে না, আর তার জন্য তারা প্রস্তুত হয়ে আছে। আজকে পাকিস্থানে কি হচ্ছে, সেটা একবার আপনারা দেখুন—যে আয়ুব খান পাকিস্থানের জনসাধারণকে তাদের যে অধিকার এবং ব্যক্তি স্বাধীনতা ফিরে পাবার জন্য যে চেষ্টা বা আন্দোলন তারা চালাচ্ছেন তাকে দাবিয়ে রাখার জন্য নিয়মিত সৈন্যবাহিনী পাঠিয়ে বুলেট দিয়ে চেষ্টা চালাচ্ছেন কিন্তু সেটা কি সফল হচ্ছে? সফল হচ্ছে না। তেমনি আজকে ত্রিপুরা সরকার যদি ত্রিপুরা রাজ্যে কৃষকদের খাদ্য এই পুলিশ, বি,এম,পি দিয়ে ছিনিয়ে আনার চেষ্টা করে তাহলে ত্রিপুরাতে তাদের যে বাঁচার অধিকার আছে তার জন্য তারা সংগ্রাম করবে এবং সংগ্রামের জন্য তারা প্রস্তুত হচ্ছে।

গতকল্য এখানে এই ত্রিপুরা কংগ্রেসী সরকারের মাননীয় অর্থ মন্ত্রী মহাশয় যখন বাজেট ভাষণ পাঠ করেন তখন তিনি একটা কথা উল্লেখ করেছেন যে ত্রিপুরাতে নাকি তারা খাদ্যের দিক দিয়ে সবুজ বিপ্লব সুরু করেছে, করেছেন ভারতবর্ষের অন্যান্য রাজ্যের মত। এখানে যে সবুজ বিপ্লব সুরু সেটা কিন্তু সফল হচ্ছে না। আমার মতে যে সবুজ বিপ্লবের কথা উনি বললেন সেটা বোধ হয় সরকার সুরু করেছেন কৃষকদের কাছে পুলিশ, বি, এম, পি, পাঠিয়ে দিয়ে এবং তাদেরকে হত্যা করে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই যে সুনাইমুড়ি গ্রামে সরকার যা করল তা শুধু ঐ গ্রামের ২।৩ হাজার পরিবারের উপর আক্রমণ নয়, এটা হচ্ছে ত্রিপুরা রাজ্যের সমস্ত কৃষক সমাজের উপর আক্রমণ এবং সারা ত্রিপুরা রাজ্যের খেটে খাওয়া মানুষের উপর আক্রমণ। তাই এই প্রস্তাবকে সমর্থন করতে গিয়ে আমি একটা কথা বলছি, সেটা হচ্ছে আমাদের মাননীয় মুখ্য মন্ত্রী মহাশয় যখনই তাঁর বক্তৃতা দিতে উঠেন ওনার মুখ শুধু সেংক্রাক আর সেংক্রাক কথাটাই বের হয়। কিন্তু আমি বলি যে সেংক্রাকের কথা উনি বারবার উচ্চারণ করছেন, সেটা কারা সৃষ্টি করেছিল? তিনি শুধু মাত্র ঐ সেংক্রাক দলের কার্য্য কলাপগুলি বামপন্থী বিরোধী পার্টির উপর চাপিয়ে দেওয়ার জন্য যে অপচেষ্টা চালাচ্ছেন, সেই অপচেষ্টা আজকের দিনে মানুষের চোখে আঙ্গুল দিয়ে দেখালেও আর চলবে না। মানুষ বুঝতে পেরেছে, তারা কারা? কারণ, কাজকে ঐ সেংক্রাকের নেতা কারা তিনি হচ্ছেন রতনসেন রিয়াং। তিনি কোন দিনই কমিউনিষ্ট পার্টির বা কোন বিরোধী দলের সদস্য ছিলেন না। তিনি ছিলেন বর্ত্তমানে ত্রিপুরা রাজ্যের যে কংগ্রেসী সরকার তারই একজন সদস্য এবং নেতা এবং মাননীয় মন্ত্রী রাজ প্রসাদ চৌধুরীর দক্ষিণ হস্ত—বিগত চতুর্থ নির্বাচনের পূর্ব্ব মুহূর্ত্ত

পর্য্যন্ত। কিন্তু আজকে এই সরকারের কার্য্য কলাপ যেভাবে আমাদের উপর চালিয়ে দেওয়ার চেষ্টা চলছে, সেটা আমি বলব কোন দিনই সম্ভব হয়ে উঠবে না কারণ, কথায় বলে শাক দিয়ে মাছ ঢাকা যায় না। কাজেই ঐ সেংক্রাক বলে যতই চীৎকার দেওয়া হউক না কেন— আমরা দেখেছি যে সেই সেংক্রাকের দল তো কোন বাঙ্গালীর বাড়ীতে ডাকাতি, রাহাজানি, লুঠতরাজ প্রভৃতির কিছুই করছেনা, তারা যা কিছু করছে শুধু উপজাতিদের বাড়ীতেই এবং শত করা ৯৯টি ক্ষেত্রে তারা উপজাতীদের বাড়ীতে এই সব ঘটনা করছে। আর অ-উপজাতীয়দের উপর তারা কিছুই করছে না। কাজেই আজকে যেখানে সেংক্রাক নোটিশ দেয় যে বাঙ্গালী দিল্লী যাও, বাঙ্গালীরা ত্রিপুরা রাজ্য ছাড় তখনই মনে হয় এর উদ্দেশ্য কি? তবে তাদের উদ্দেশ্য যদি বাঙ্গালীকে ত্রিপুরা রাজ্য থেকে বিতারণ করে দেওয়ার জন্য হয় এবং তাদের আন্দোলন যদি বাঙ্গালীকে ত্রিপুরা রাজ্য থেকে তাড়াবার, তাহলে উপজাতীদের বাড়ীতে ডাকাতি, রাহাজানি, লুঠতরাজ ইত্যাদি না করে বাঙ্গালীদের বাড়ীতেই করত। কিন্তু আমরা দেখছি যে তারা তো তা করছে না। তারা যে অত্যাচার করছে সেটা শুধুমাত্র উপজাতীয়দের উপরই সীমাবদ্ধ। আমি বলি তারা সেটা করছে বিশেষ করে রিয়াং সম্প্রদায়ের উপর। আমরা জানি যে মাননীয় রাজ প্রসাদ চৌধুরী আজকে মন্ত্রীত্ব পাওয়ার পর যেভাবে রিয়াং সম্প্রদায়ের উপর অত্যাচার চালাচ্ছেন তিনি ও তাঁর দক্ষিণ হস্ত রতনসেন রিয়াংই এই সেংক্রাক দল গঠন করেছেন মাননীয় মুখ্য মন্ত্রীর ষড়যন্ত্রে। তাই আমরা আজকে এই কথাই বলতে চাই যে তাঁরা এইদিক দিয়ে সবুজ বিপ্লব সংগঠন করবেন। আমাদের এই যে গণতন্ত্রের পূজারী সরকার যখনই বলেন আমারা কি দেখি? আমরা এবারও দেখেছি যে কেন্দ্রীয় পার্লামেন্টে যখন বাজেট পেস করা হয় তখন এখানকার ব্যবসায়ী এবং এই কংগ্রেসী সরকারের পৃষ্টপোষক সূর্য্য পাল যার সিগেরেটের একচেটিয়া কারবার সারা ত্রিপুরা রাজ্যের মধ্যে অন্যায়ভাবে সিগেরেট নাই বলে লুকিয়ে রেখেছিল লক্ষ লক্ষ টাকা মুনাফা লুটবার জন্য এবং সে মুনাফাও করেছিল। কিন্তু দুঃখের বিষয় যে এই মুনাফার চাপ কাদের উপর পড়েছিল, এই ত্রিপুরা রাজ্যের গরীব জনসাধারণের উপর, খেটে খাওয়া মানুষদের উপর। তাই বলছি মাননীয় স্পীকার, স্যার, যে গণতন্ত্রের কথা তারা বলছেন তার অবস্থা কি সেটা আপনি নিজেও জানেন। কাজেই আজকে এই গণতন্ত্রের কথা বলে চীৎকার করলেও আর চিড়ে ভিজবে না। কাজেই আজকে গণতন্ত্র বলে চীৎকার করলে চিড়ে ভিজবে না। তার প্রমাণ মধ্যবর্তী নির্বাচন যেগুলি হয়ে গেল ভারতবর্ষের ৪টা প্রদেশে। সে সমস্ত প্রদেশে দিল্লী খালি করে কত নেতাই এসেছিলেন বক্তৃতা দিতে। কিন্তু ভোটাররা গণতন্ত্রের প্রতি আস্থা ভাল করেই দেখিয়ে দিয়েছে। কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে সোনাইমুড়ির গ্রামে যে পুলিশ, বি, এম, পি, গিয়েছিল তাদের হাতে কংগ্রেসের রাজত্বে যিনি প্রাণ হারিয়েছেন, এবং যে অফিসার অন্যায় করেছে, যে বি, এম, পি, পুলিশের বুটের লাথিতে তার প্রাণ গেল তার তদন্ত হওয়া দরকার, তার শাস্তি হওয়া দরকার। ঐ লোকটি বুটের আঘাত পেয়ে কোন চিকিৎসার সুযোগ পায় নি এবং দুই দিন পরে ২৫শে ফেব্রুয়ারী তার মৃত্যু হয়েছে। আহত অবস্থায় হাসপাতালের ডাক্তার তার চিকিৎসা করার প্রয়োজনীয়তা মনে করেন নাই। এইরকম

ডাক্তারের শাস্তি হওয়া দরকার। মাননীয় স্বাস্থ্য মন্ত্রী এরকম হাসপাতালের গর্ব্ব করে বলেন যে আমরা খুব সেবা করছি। কিন্তু ডাক্তারের এই নির্মমতার জন্য তার শাস্তির ব্যবস্থা করার কোন প্রয়োজনীয়তা তিনি মনে করেন না। কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সমস্ত অন্যায় যে সমস্ত অফিসারগণ করেছেন তাদের শাস্তি হওয়া উচিত। কিন্তু তা হবার নয়। আমরা দেখেছি যে যারা জনসাধারণের মাথায় বাড়ী দিতে পারেন তারাই ভাল অফিসার এবং তারা সত্যিকারের ত্রিপুরার মানুষ। আর যারা জনসাধারণের সত্যিকার দুঃখ দুর্দ্দশা বলতে চায় তারা পাকিস্তানের দালাল। কিন্তু এরকম করে আমাদের দেশ উন্নত হবে না। কৃষকদের বাঁচার জন্য এই সরকার কোন ব্যবস্থা করতে পারবে না, এই দুর্দিনে কৃষকদের সামান্য কিছু খাদ্য দিয়ে সাহায্য করতে পারবে না। সুতরাং তারা যদি সেই ৬ই মার্চ ত্রিপুরা বন্ধের শিক্ষা গ্রহণ না করেন তাহলে এই সরকারের বিদায় রজনী অতি নিকটে বলেই আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—মাননীয় স্পীকার, স্যার, এইখানে মাননীয় সদস্য অঘোর বাবু মহাশয় যে কমিশনের নিয়োগের কথা বলেছেন আমি তার বিরোধিতা করছি। কারণ এই ঘটনার পরে সরকার থেকে ইতিমধ্যে ম্যাজিষ্ট্রিয়েল এনকোয়ারীর ব্যবস্থা করা হয়েছে। এর যা গুরুত্ব দেওয়ার তা সরকার থেকে দেওয়া হয়েছে এবং তাতে কোন লোক দোষী সাব্যস্ত হলে আইন অনুযায়ী বিচার করা হবে। তারা এটাকে বলতে গিয়ে বলেছেন যে চাল নেওয়া হয়েছে গরীবের ঘর থেকে। কাজেই এই সঙ্গে ত্রিপুরার খাদ্য সমস্যা জড়িত। আজকে ত্রিপুরাকে যদি আমরা দেখি তাহলে দেখব ত্রিপুরার লোকসংখ্যা বৃদ্ধি হয়েছে এবং তার জন্য আরও ৭১,০০০ মেট্রিক টন খাদ্য দরকার। সীডসের, ইরিগেশনের সুবিধার জন্য সরকার চেষ্টা করছেন এবং ভবিষ্যতে ডুম্বুরের জলপ্রপাত এবং আসাম থেকেও বিদ্যুৎ আনয়ন ইত্যাদি কাজ চলছে। ত্রিপুরার যে অর্থ সেটা বাইরে চলে যাচ্ছে। বর্ত্তমান অবস্থায় আমাদের বাইরে থেকে খাদ্যশস্য আনতে হচ্ছে এবং তার জন্য আমরা ৭১,০০০ মেট্রিক টন খাদ্য চেয়েছি। ইতিমধ্যে ৪০,০০০ টন পৌঁছেছে। কিন্তু এই খাদ্য কোথা থেকে আসে ভারতের কিছুটা উদ্বৃত্ত ফসল উৎপাদনকারী জায়গা আছে সেখানে থেকেও আসে, আবার বার্ম্মা, মিশর, আমেরিকা, অষ্ট্রেলিয়া, সেই সমস্ত জায়গা থেকেও আসে। কাজেই যারা এই অর্থনীতির কথা বলবেন, তারাই বলবেন যে আমাদের অর্থনীতি জোরদার করা উচিত এবং খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হওয়া উচিত। আমাদের বাজেটেও এই কথা দেখা যাবে যে কৃষি সমস্যার উপর জোর দেওয়া হয়েছে। ত্রিপুরার কোন কোন জায়গাতে ফসল উদ্বৃত্তও আছে। আবার কোন কোন জায়গায় ঘাটতি। কাজেই সেই ঘাটতি মেটাবার জন্য উদ্বৃত্ত এলাকা থেকে ধান চাল সরকার সংগ্রহ করে থাকেন। চালের দাম কমানোর কথা বলা হয়েছে। কিন্তু দাম ফিক্সড করা ঠিক হবে না। আজকাল সব জিনিষেরই দাম বেড়েছে। কাজেই কৃষককেও বাড়তি দাম দিয়েই বাজার থেকে জিনিষ কিনে খেতে হয়। কাজেই চালের দাম, ধানের দাম যদি কম থাকে তাহলে কৃষকের আয় কম হয় এবং তার পোষায় না। কাজেই এই জন্যই ধান চালের দাম বাড়ানো হয়েছে। দাম বাড়ার আর একটা কারণ হল যে আগে সর্বভারতীয় ভিত্তিতে সাবসিডি দেওয়া হত। কিন্তু বর্ত্তমানে সেই সাবসিডি তুলে দেওয়া হয়েছে। চাল প্রকিউর করতে যে খরচ হয় সেটা চালের দামের সঙ্গে যোগ হয়। চালের প্রকিউর করার খরচ এবং চাল কেনার দাম এই

দুটো মিলিয়ে এখন দাম ঠিক করা হয়। সেজন্যই দাম বাড়ছে এবং কৃষকের যদি মুনাফা না হয় তাহলে তার চলে না। কাজেই সেটাও দেখতে হবে যে কৃষকের জীবিকা নির্বাহের জন্য সরকার কতখানি তাকে দাম দিতে পারেন। তাহলেও আজকে দেখতে হবে যেমন একটা কৃষক সেকশান আছে তেমনি আর একটা সেকশান আছে শ্রমিক। কাজেই এমন একটা দাম বেঁধে দেওয়া যায় না যার ফলে উভয় পক্ষই অসুবিধা ভোগ করেন। কাজেই মধ্যবর্তী একটা ভিত্তিতে মুল্য নিয়ন্ত্রণ করতে হবে। শুধু যে ত্রিপুরায় সেই দরে দেওয়া হচ্ছে তা না, আমরা যা করেছি, বাংলা দেশেও সেটা খাটে। তারাও সেখানকার দাম হিসাবপত্র করে সেটা করেছে। নিশ্চয়ই আমরা দাম কম চাই। কিন্তু যেহেতু ভারতবর্ষের অন্যান্য রাজ্যের সঙ্গে আমরা অঙ্গাঙ্গী ভাবে যুক্ত সেজন্য নীতির দিক দিয়েও তার সংগে সংগতি রাখতে হবে এবং সেই সঙ্গে মোকাবিলা করে দাম নির্ধারিত হয়েছে। তবে এটা কেউ অস্বীকার করবেন না যে সামগ্রিকভাবে ত্রিপুরায় ঘাটতি। কিন্তু তা হলেও ত্রিপুরাতে অতিরিক্ত ফসল আছে। বাজারে যখন বিক্রি হয় তখন বুঝতে হবে অতিরিক্ত ফসল আছে। তখন আবার তাঁরা বলবেন যে সরকার থেকে যদি সেই উদ্বৃত্ত ফসলটুকু না নেওয়া হয় তবে মুনাফা লোভীদের সুবিধা করে দেওয়া হবে। সেজন্য উদ্বৃত্ত ধান চাল সংগ্রহের ব্যবস্থা আছে। তাতে হয় কিছু লোকের উপর অবিচারও করা হতে পারে। সেগুলি অভিযোগ পেলে পরে তদন্ত করে নিশ্চয়ই দেখা হবে। আগে ত্রিপুরাতে ভলান্টারী প্রকিউরমেন্ট করা হত। কিন্তু আজকে কি করা হচ্ছে? যাদের জমি পাঁচ একরের উর্ধে, তাদের উপর লেভি করা হচ্ছে। সেই লেভি করার মধ্যে আছে যে আট মাসের পুরো খোরাকী সাত মণ চাউল লোক পিছু রেখে, বীজের ধান রেখে, চাকর বাকর যদি থাকে তাকেও পরিবারের সঙ্গে গণ্য করা হচ্ছে, তারপর যেটা উদ্বৃত্ত সেটা লেভি করা হচ্ছে। ত্রিপুরা রাজ্যে এভারেজ যে ফসল উৎপাদনের হার সেটা একর প্রতি ১৬/১৮ মণ ধরা হয়েছে। কোন কোন জায়গায় আবার পনের মণও হয়ে যায়। কাজেই অবস্থা অনুযায়ী যদি সরকার দেখেন ঐ জায়গায় কম হয়েছে, তখন সরকার সেটা বিবেচনা করে দেখছেন। যেখানে পাঁচ একরের উর্দ্ধে জমি আছে এবং উদবৃত্ত ফসল হচ্ছে, সেখান থেকে সরকার নিচ্ছেন। আবার নেওয়ার সময় পঞ্চায়েতের যে প্রতিনিধি তাদের সহায়তা নিয়ে সেটা করা হচ্ছে। কারণ গতবছর কিছু কিছু কম্প্লেন পাওয়া গেছে যে কারও নিকট বেশী চাওয়া হয়েছে, এবং কারও অনুপাতে কম চাওয়া হয়েছে, এইসব কারণে বর্ত্তমানে সরকারী নির্দ্দেশ আছে যে পঞ্চায়েৎ প্রতিনিধিদের সহায়তা এইসব কার্য্যে নিতে হবে, সত্যিকারের জায়গায় যেয়ে এ্যাসেসমেন্ট নেওয়ার ভার পঞ্চায়েৎ কর্ম্মচারীদের উপর ন্যাস্ত করা হয়েছে এবং তার পর সেখানে অফিসার সেটা চেক্ করবেন। এর পরও যদি কোন লোকের বেশী হয়, বা যদি কম হয়, তাহলে তারা আপীল করতে পারেন এস, ডি, ও বা চীফ কমিশনারের কাছে, সেই অধিকার তাদের আছে এবং যদি সেই ক্ষেত্রে বেশী বলে প্রতিয়মান হয়, তাহলে সেটা ছেড়ে দেওয়া হয়। আজকে সরকার এইসব কার জন্য করছেন? সরকারের নিজস্ব কোন প্রয়োজন নেই। আদিবাসী অঞ্চলে বার মাস রেশন দিতে হচ্ছে। আগরতলা শহরে বার মাস রেশন দিতে হয়। কোথা থেকে ধান আসবে, চাউল আসবে? আজকের সরকার সর্বদাই

সচেষ্ট যাতে এইসব উদ্বৃত্ত ফসল আদায় করতে যেয়ে কারও উপর যেন চাপ সৃষ্টি না করা হয়। আজকে সমস্ত ত্রিপুরা রাজ্যের খাদ্য সমস্যা সমাধানের জন্য সরকার দায়ী। আজকে যে কথা মাননীয় সদস্য অঘোর বাবু মহাশয় হাউসে বলেছেন যে সরকার লোককে গুলি করে মারতে চায়, আমি তার তীব্র প্রতিবাদ করি। যতখানি সম্ভব লিনিয়েণ্টলি যাতে জিনিষটা করা যায় তার জন্য সরকার চেষ্টা করছেন। সরকার তার খেয়াল খুসিমত কিছু করছেন না। ত্রিপুরা রাজ্যে কয়েক হাজার লোকের উপর এই নোটিশ ইস্যু করা হয়েছে, আর কোথাও কোন ঘটনা ঘটেনি। নিশ্চয়ই কৃষকের কিছু কিছু বলার আছে। কিন্তু সরকারী অফিসার তাদের সঙ্গে, তাদের পঞ্চায়েত প্রধানের সঙ্গে আলাপ আলোচনা করেই সেটা করছেন। ঘটনা যেখানে ঘটেছে,

তার কারণ নিশ্চয়ই সেখানে আছে ত্রিপুরা রাজ্যে মাত্র একটা জায়গা থেকে চাউল আনা হয়নি, চার হাজার লোকের উপর এই ধরণের নোটীশ ইস্যু করা হয়েছে, কিন্তু ঘটনা মাত্র একটা জায়-গায় ঘটল কেন? সরকার তার কারণ নিশ্চয়ই অনুসন্ধান করবে। সরকার চুপ করে বসে নেই। পুলিশ একসেস্ যদি কারও উপর হয়ে থাকে তার জন্য সরকার মেজিষ্ট্রিয়েল এনকোয়েরী দিয়েছেন। যে দোষী, তার দোষ সাব্যস্ত করতে হবে। এই ইস্যুকে নিয়ে তারা রাজনীতি মুনাফা তোলার চেষ্টা করেছেন। আমি বলব সরকার কারও উপর, কোন কৃষকের উপর কোন জুলুম হউক, সেটা চান না। যদি কারও উপর জুলুম হয়ে থাকে তাহলে পরে আইনগতভাবে তার বিচারের ব্যবস্থা করতে হবে এবং তার জন্য মেজিষ্ট্রিয়েল এনকোয়েরী সেটা সেখানে দেওয়া হয়েছে। কাজেই সেইদিক দিয়ে সরকার তার কর্ত্তব্য অনুযায়ী কাজ করে যাচ্ছেন। যেহেতু একটা ঘটনা আছে, তার যে বিষয় বস্তু তার মধ্যে তাঁরা যেতে চান না, এর মধ্য দিয়ে একটা রাজনৈতিক আন্দোলন তৈরী করতে চাইছেন এবং তার ভিতর দিয়ে রাজনীতির ফসল তোলার চেষ্টা করেছেন, তারই জন্য এই ধরণের একটা প্রস্তাব এখানে এনেছেন। কিন্তু আজকে সমস্ত ঘটনাটা যদি বিশ্লেষণ করে দেখা যায়, তাহলে দেখা যাবে যে ঘটনা ঘটার সঙ্গে সঙ্গে সেখানে এস, পি, গিয়েছেন এবং তার বিচারের ব্যবস্থা করেছেন। এদিক থেকে জনসাধারণেরও দুইটা কর্ত্তব্য আছে। আইন যেখানে আছে, সেখানে আইন মাফিক চলতে হবে। আজকে এতগুলি কেস্ হয়ে গেল, এত চাউল দেওয়া হয়ে গেল, কোন জায়গায় গলতি দেখা গেল না, মাত্র একটা ঘটনা ঘটল কেন? তার জন্য সরকার থেকে মেজিষ্ট্রিয়েল এনকোয়েরী দিয়েছেন, তার ফাইণ্ডিংস হবে, তারপর তার বিচার করা হবে। কাজেই তিনি যে প্রস্তাব এখানে এনেছেন তার কোন সারবত্তা আছে বলে আমি মনে করি না। এই বিষয়ে আলাপ আলোচনা করতে যেয়ে কোন কোন বন্ধু সাংক্রাকের কথা এনেছেন। আজকে তারা বলছেন স্যাংক্রাক কংগ্রেস সৃষ্টি করেছেন, এই বলে অভিযোগ করেছেন। আজকে ঘটনার মধ্য দিয়ে দেখা যায় যেভাবে আন্দোলনের সৃষ্টি, যেভাবে যে সমস্ত কাগজ পত্রে সংস্থান দেওয়া হয়েছে, সেটা স্যাংক্রাক দল ছাড়া কেউ দিতে পারে না। তারপর সেটাকে কার্য্যকরী করতে যেয়ে কয়েকজন বাঙ্গালী এবং ট্রাইবেল নিধন হয়েছে, সেটা হচ্ছে আলাদা দিক। কিন্তু তার পিছনে একটা রাজনৈতিক উদ্দেশ্য আছে সেই বিষয়ে সন্দেহ নেই। আজকে ঘনশ্যাম দেওয়ান মহাশয় যে কথা

বলেছেন তা সত্য কথা। পঞ্চম তপশীলের নাম করে কিছু সংখ্যক আদিবাসী যুবকদের যেভাবে উত্তেজিত করা হয়েছে, তাতেই স্যাংকট্টাইনের জন্ম হয়েছে, সেই স্যাংকট্টাইন আজকে স্যাংক্রাক রূপে দেখা দিয়েছে। আজকে উত্তেজনামূলক যেসব বক্তৃতা উনারা দিয়েছেন তারই ফলে একদল যুবক আজকে বিভ্রান্ত হয়েছে এবং এই ধরণের টেরোরাইজেশন করছেন এবং তাদের অত্যাচার আজকে সবচেয়ে বেশী ভালনারাব্যল হয়ে পড়ছে ট্রাইবেলদের। কারণ প্রথম যখন এই আন্দোলনকে হাতে নেওয়া হয়, তখন তাদের দৃষ্টি ছিল বড় বড় বাড়ী, সরকারী অফিস ইত্যাদির উপর, কিন্তু আজকে গণতন্ত্রের দিনে সরকার অত্যন্ত সজাগ। সেখানে সরকার ভিজিলেন্স—পুলিশ তৎপরতা বাড়িয়ে দিয়েছেন, তখন এইসব আন্দোলনকারী আজকে কোথায় যাবে? তখন আর তাদের মূল আন্দোলনের লক্ষ্য থাকে না, সেখান থেকে তাদের লক্ষ্য আজকে গরীব আদিবাসীদের উপর পড়েছে। আদিবাসীরা সেইসব অঞ্চলে তাদের যে ২০।২৫ মণ ধান চাউল ছিল, সেইসব তাদের দিয়ে দিয়েছে। যখন যে গ্রামের উপর চড়াও হচ্ছে সেখানেই এই উৎপাতের সৃষ্টি করছে। এই হচ্ছে তার কাহিনী। তাহলে দেখতে হবে আজকে কোথা থেকে তার সৃষ্টি হল। আমি বলব একদল উগ্র রাজনীতিবিদ ত্রিপুরার অভ্যন্তরে তাদের উত্তেজনামূলক প্রচার কার্যের দ্বারা সরল আদিবাসীদের প্রভাবিত করেছেন, এই থেকেই এই স্যাংক্রাকের জন্ম হল। এখন তারা ডিক্রাই করতে আরম্ভ করছেন যে, এটা আমাদের সৃষ্টি নয়, এটা কংগ্রেস করেছেন। আজকে তারা যে ডিক্রাই করছেন তার জন্য আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু সেটা আগে সৃষ্টি না করলেই ভাল হত। যদি আজকে গণতন্ত্রে বিশ্বাস রাখেন তাহলে গণতান্ত্রিকভাবেই সমস্ত কিছু মানুষকে মানতে হবে। হয়তো আর চলছে না, তাই বলা হচ্ছে যে, এর সংগে আমাদের কোন যোগাযোগ নেই। সেটা ভাল কথা, সেজন্য আমি তাদেরকে ধন্যবাদ জানাই। কিন্তু তার আগে যদি এটা সৃষ্টি না হত তাহলে আজকে যেমন সবাই রাজনৈতিক আন্দোলন করছেন সেইভাবে গণতান্ত্রিক পদ্ধতিতে এবং গণতান্ত্রিক ফরমে আন্দোলন করতে হবে। আমাদের যে গণতন্ত্র তাতে আন্দোলন করার অধিকার আছে আমাদের ভারতবর্ষের জনসাধারণের। এখন জনসাধারণ যদি আমাদিগকে রাখেন, তাহলে আমরা থাকব, আর যদি না রাখেন তাহলে আমরা থাকব না। কিন্তু জনসাধারণের যে দাবী, সেটাকে যদি আমরা গণতান্ত্রিক উপায়ে এবং গণতান্ত্রিক পদ্ধতিতে পর্য্যালোচনা না করতে পারি, তাহলে সেই সম্পর্কে সমস্ত লোকের এবং সমস্ত আদিবাসীর, সে বাঙ্গালী, অবাঙ্গালী, হিন্দু, মুসলমান, আদিবাসী, উপজাতি যেই হউক না কেন তাদের যে সকল দাবী সেগুলি আমাদের মেনে নিতে হবে। সেটা আমাদের করতে হবে রাজনৈতিক দৃষ্টিভঙ্গি দিয়ে নয়, আদান-প্রদানের দৃষ্টিভঙ্গী নিয়ে সে সব কিছুর বা সমস্যার সমাধান করা উচিত। আমরা যদি এই দৃষ্টিভঙ্গী নিয়ে আমাদের বরাদ্দকৃত অর্থ খরচ করি তাহলে আমরা আমাদের এই ত্রিপুরাকে আরও সুন্দর আরও উন্নীত করতে পারব এবং তার দ্বারা ত্রিপুরাতে সব কিছুর সাফল্য আসবে। কাজেই বিরোধী পক্ষ থেকে যে প্রস্তাব আনা হয়েছে, তার দ্বারা কোন রকমের সাফল্যে পৌঁছানোর কোন রকম সম্ভাবনা নেই, আর সেজন্যই আমি এই প্রস্তাবের বিরোধীতা করছি।

শ্রীরবীন্দ্রচন্দ্র দেব রাংখল ঃ—মাননীয় স্পীকার, স্যার, মাননীয় সদস্য অঘোরবাবু যে প্রস্তাব এখানে এনেছেন আমি তার বিরোধিতা করছি। তাঁর যে প্রস্তাব সেটাকে আমি কিছুতেই সমর্থন করতে পারছি না। কারণ, কমিশন নিযুক্ত করার কথা বলতে গিয়ে তারা তেলিয়ামুড়ার চালতা বাড়ীর সম্পর্কে বেশ কিছু বিরূপ মন্তব্য করেছেন। সেখানে আমি নিজেও ছিলাম, আমি দেখেছি যে, প্রথমে সেখানে কমিউনিস্টরাই উস্কানি দিয়েছিল। যাদের নামে লেভীর নোটিশ গিয়েছিল, তারা সেই লেভীর ধান দিতে রাজিও ছিল, সেখানে কোন প্রকার গণ্ডগোল ছিল না। যখন সেখানে প্রকিউরমেন্ট থেকে সেই লেভীর ধান কালেকশন করতে গিয়েছিল, নোটিশে যে ধান দেওয়ার জন্য ধার্য্য ছিল, সেটা তারা দিতে চেয়েছিল, তবে তারা সেখানে একটা কথা মাত্র বলেছিল যে, যদি কিছু কম করে নেওয়া হয় বা কিছু লেভীর ধান ছেড়ে দেওয়া হয় তাহলে সেটা খুবই ভাল হবে। আমি জানি সেখানকার জোতদারেরা সেখানে এমন কিছু বলেন নি, তারা আনন্দের সহিত সেটা দিতে চেয়েছিল এবং দিতেও প্রস্তুত হয়েছিল। তখন সেই গ্রামের লোকেরা হঠাৎ করে সেখানে আসতে লাগলো, তাদের মধ্যে ঐ পার্টির অনেক শান্তি সেনা এবং গণ ফৌজের লোকেই বেশী ; তাছাড়া বেশকিছু কমিউনিষ্ট পার্টির কর্মিও সেখানে জমায়েত হতে লাগল। তারাই সেখানে এই ব্যাপারে বাধা দিতে লাগল এবং শ্লোগান উঠালো যে তোমরা ধান দিওনা, জান দাও। ধান দিলে পরে তোমরা না খেয়ে মরবে, তোমরা না খেয়ে বাঁচতে পারবে না। তাই যদি তোমাদের প্রাণের মায়া থাকে তো তোমরা ধান দিতে পারবে না। অবশ্য সেখানে যাদের নামে লেভীর নোটিশ গিয়েছে ধান দেওয়ার জন্য তাদের দিক থেকে কোন প্রকার আপত্তি উঠে নাই। আমি জানি এবং আমি সেখানে দেখেছি যে এখানে তাদের যে লোকজন রয়েছে তারাই ভীষণভাবে হৈ হৈ শুরু করে দিলেন। এরপর যখন আমি তাদেরকে বুঝাবার চেষ্টা করলাম—তখন এটাই বুঝলাম যে কমিউনিষ্টরাই শুধু বাধা দিয়ে যাচ্ছে, প্রায় শতকরা সেখানে ৭৫ জনই কমিউনিষ্ট, বিরোধী পক্ষের লোক। অধিকাংশই দেববর্ম্মা। আমার কথা তারা মোটেই মানছে না। তখন যারা ধান দিবে তারা উল্টো ভয় পাচ্ছে কি ভাবে কি করা যায়। একদিকে ভয় আর এক দিকে সরকারকে ধান দেওয়ার ইচ্ছা। এরপরেই সেখানে ঐ গণ্ডগোল হয়েছে। তাদের লোকেই সেখানে অযথা পুলিশের উপর আক্রমণ করেছে। তারপর আমি সেখান থেকে চলে গেলাম। তারপরে সোনাইমুড়ি কমিশন নিযুক্তির ব্যাপারে মাননীয় সদস্য যে কথা বলেছেন সরকারী দলের সম্পর্কে। তিনি বলেছেন যে মুখ্যমন্ত্রী নাকি প্রত্যেকটি কথায় শুধু সেংক্রাক সেংক্রাক বলে থাকেন। এই সেংক্রাক জিনিষটা কি ? এই সেংক্রাকের যেখানে জন্ম আমি সেখানে কিছুদিন আগে গিয়ে এসেছি। আমার সাথে মাননীয় সদস্য যতীন্দ্র কুমার মজুমদার, ঘনশ্যাম দেওয়ান এবং মনোমোহন দেববর্ম্মাও গিয়েছিলেন। আমরা বেশ কিছুদিন থেকে ঐ সব জায়গা ঘুরে এসেছি। সেখানকার প্রত্যেকেই এসে আমাদের সাথে দেখা করেছে। তাই মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি তাদেরকে অনুরোধ করব তারা যেন বলেন যে মনিরাম রিয়াং, লেপরাচাই রিয়াং এবং বরকিঙ্কর, তারা কি ছিল ? আর বেশী নাম আমি এখানে দেব না, বিগত

নির্বাচনে তারা কোন পার্টির হয়ে কাজ করেছিলেন, তারা নিজেরা সেটা জানে। এই কমিউনিষ্টরা হঠাৎ করে মুক্তি ফৌজ তৈরী করেছিল, সেটা করে যখন দেখলেন যে কিছুই করা গেল না, তখন তার পরিবর্ত্তে আর একটা করলেন সেটা হল শান্তি সেনা। কিন্তু সেটাকে তারা কণ্ট্রোল করতে পারলেন না ফলে তারা এখন কি করছেন, না এখন সারা ত্রিপুরা রাজ্যের আদিবাসী যুবকদের নিয়ে যে তপশিলী করার চেষ্টা করছেন। তারাই তথাকথিত মুক্তি ফৌজিব পরিবর্ত্তে শান্তি সেনা, আর এই শান্তি সেনার পরিবর্ত্তে এখন সেংক্রাক নাম দিয়ে আর একটা সৃষ্টী করলেন। এভাবে তারা কাঞ্চনপুর দশদাতে একটা আতঙ্ক সৃষ্টি করেছেন কেননা সেই জায়গাতে তাদের যাতায়াতের সুযোগ সুবিধা আছে, তাই তারা সেই সব এলাকায় ঘুরাঘুরি করছেন। এই রকম করেই তারা সেংক্রাক দল গঠন করেছেন। আর এই সেংক্রাক দল গঠন করেও তারা সেটাকে সামলাতে পারছেন না। এখন হ'ল কি? একটা কথায় আছে, "তারা এখন কাঁঠাল খেতে পারে না, মিষ্টির লাইগা ছাড়তেও পারে না।" তারা মনে করেছিল যে কৃষকদের কাঁধের উপর বন্দুক রেখে শিকার করবে, কিন্তু সেটা আর হচ্ছে না। তাই তারা যখন সামলাতে পারছে না, তখন কৈ গেল তাদের কমিউনিষ্ট, সে নাম বলতে বলতে আসল শান্তি সেনা, তারপর আসল গণমুক্তি ফৌজ। এখন নাম শুনতে শুনতে আমাদের আদিবাসীরা বিরক্ত হয়ে গেছে, তাই এখন নাম বদলাইয়া হল ঐ সেংক্রাক। আর এই সেংক্রাক অর্থ হল কি? এটা কোন বাম পন্থী কমিউনিষ্ট ভাঁষা বা রিয়াং বা হালম ভাষা নয়, এটা হল পিউর ত্রিপুরী ভাষা। তার অর্থ হল শক্তিশালী তলোয়ার, আর এক অর্থ হল মেরুদণ্ড বা শক্তিশালী পুরুষ। এই সব করে তারা চাইছে যে ১৯৫০-৫১ সালের মত যেন এই ত্রিপুরাকে করা যায়, তারা এই সব সমাজদ্রোহীর দলকে শক্তিশালী করে তুলছে। এখন এই সেংক্রাক দল ভেঙ্গে হয়েছে তিন টুকরা, কিছু গিয়ে হয়েছে মিজো, আর কিছু গিয়ে হয়েছে তপশিলী জাতি আর বাকী কিছু আছে, তাতে তাদের সংখ্যা খুবই কম। এক কথায় তাদের কারো সঙ্গে কারো যোগাযোগ নাই। এই বামপন্থী কমিউনিষ্টরাই এই সেংক্রাক দল প্রতিষ্ঠা করেছে—সেখানে আছে মনিরাম রিয়াং, লেপরচাই রিয়াং আর অনন্ত সেন রিয়া, রামবর্ম্মা রিয়া ইত্যাদি অনেকেই। তাদের প্রত্যেকের সঙ্গে আমাদের দেখা হয়েছে, তাদেরকে আমরা বুঝিয়ে বলেছি। সেখানে যারা আমাদের পুলিশ বাহিনী এবং রক্ষী বাহিনীকে আক্রমণ করেছিল তাদের মধ্যে শতকরা ৯০ জনই হল কমিউনিষ্ট পার্টির কর্মি এবং শান্তি সেনা। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker—Any other member from this side.

শ্রীবিদ্যাচন্দ্র দেববর্ম্মা—মাননীয় অধ্যক্ষ মহোদয় মাননীয় সদস্য অঘোর বাবু যে প্রস্তাবটা হাউসের সামনে রেখেছেন, আমি তার সমর্থনে কিছু বলতে চাইছি। গত ২৫শে ফেব্রুয়ারী তারিখে লেভীর ধান আদায় করতে গিয়ে যেভাবে পুলিশ সোনাইমুড়ি গ্রামের রবীন্দ্র মালাকারের মৃত্যু ঘটাল এটা অত্যান্ত পরিতাপের বিষয়। কেন সেখানে রবীন্দ্র মালাকার মারা গেল, তার পিছনে কতগুলি কারণ আছে। কারণ হ'ল এই যে বর্ত্তমান কংগ্রেসী সরকারের

দুর্নীতির জন্য সে মারা গেল। আমি আগেও একদিন এই বিধান সভায় দাঁড়িয়ে বলেছিলাম যে লেভীর ধান আদায়ের ব্যাপারে সরকারের এই সভায় কিভাবে সেটা আদায় করা হবে তার একটা পলিসি প্লেস করা দরকার ছিল।

Mr. Speaker—The House stands adjourned till 2 P. M. today. The member speaking will have the floor.

Mr. Dy. Speaker :—Now I call on Hon'ble Member Shri Bidya Ch. Deb Barma.

Shri Bidya Ch. Deb Barma :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীঅঘোর দেববর্ম্মা যে প্রস্তাবটা এনেছেন আমি তা সমর্থন করি। রবীন্দ্র মালাকারের মারা যাওয়ার প্রধান কারণ হল দুর্নীতি। এই দুর্নীতিটা যদি না হত তাহলে মারা যেত না। এই লেভি সম্বন্ধে প্রথম আলোচনা হয় আমাদের বিধান সভায়। আমরা বলেছিলাম এক দ্রোণের উপর যাদের জমি আছে তাদের থেকে লেভী আদায় করা হউক। কিন্তু বিধান সভায় স্থির হল ১২৷৷৹ কাণির উপর যাদের জমি আছে তাদের নিকট লেভি আদায়ে করা হবে। তবে প্রথম আমরা এ কথাই বলছিলাম যাদের পিতার নামে জমি আছে তাদের ছেলেদের মধ্যে জমি হয়ত ভাগ হয়ে গিয়েছে, কাজেই তাদের উপর যাতে লেভি ধার্য্য না করা হয়। সেটা কি করে জানা যাবে? সেটা জানা হবে পঞ্চায়েতের মাধ্যমে। পঞ্চায়েতের সাথে যদি যোগাযোগ করা হয় তাহলে বাস্তব বিষয় জানা যাবে এবং ঠিক ঠিক ভাবে লেভী আদায় করা যাবে। বিধান সভায় তখন আলোচনার পর আমি যখন বাড়ীতে যাই তখন দেখে যারা জুমিয়া তাদের উপর লেভি ধার্য্য করা হয়েছে এমন ঘটনাও দেখলাম। তখনই আমি S.D.র. কাছে গিয়া এই সমস্ত কথা বলি, তারপর উনার সাথে আলোচনা করে ঐ নোটীশগুলি withdraw করা হয়। এই রকম ভাবে বুঝাপড়া না হয়ে এখানে কি করা হয়েছে। S,D.O সাহেব প্রধানের বাড়ীতে যান, প্রধানকে তিনি বাড়ীতে পান নাই তারপর তিনি ধীরেন্দ্র পালের বাড়ীতে যান। সেখানে B. M. P. পুলিশ নিয়ে যাওয়া হয়। মেয়েরা প্রতিবাদ করে। তখন তাদের এমনই অবস্থা যে তখন খোরাকী ছিল না। এই রকম সাত জনের নামে নোটীশ দেওয়া হয়েছিল, তাদের ঘরেও খোরাকী ছিল না। তাই তারা লেভি দিতে পারল না। কতটুকু জমি তাদের আছে তা অবশ্য আমার জানা নেই। প্রতিবেশী রবীন্দ্র মালাকার ঐ সমস্ত গণ্ডগোল শুনে সেখানে আসল। যাওয়ার পর পুলিশ তাকে বুটের আঘাত করে। তারপর তাকে হাসপাতাল নিয়ে যাওয়া হয়, সেখানে তার মৃত্যু হয়। ২৫ তারিখ সে হাসপাতালে মারা যায়। শুধু রবীন্দ্র মালাকারই মারা যাই নাই, আরও অনেকে আহত হয়েছে হরেন্দ্র মালাকার, দেবেন্দ্র মালাকার ও তার মা। দেবেন্দ্র মালাকার, তরণী মালাকার, সত্রজিত মালাকার ও আরও অনেকে আহত হয়েছে আমরা বলছি পঞ্চায়েত প্রধানদের সহিত যোগাযোগ করে যদি লেভি আদায় করা হয়, ঠিক ঠিক ভাবে লেভি আদায় করা যাবে, আমরা জানি আমাদের ত্রিপুরা একটা ঘাটতি এলাকা। একদিকে মন্ত্রীমহোদয়রা অনবরত বলছেন অনাদায়ে কাউকে মরতে

দেবনা। কিন্তু আবার লাঠি চার্জ্জ করে মানুষ মারছেন। এখানে অনাহারে মরতে দিবনা এই অর্থে কি এটা বুঝায়। সাধারণ গরীব কৃষকদের মুখের অন্ন জোর করে ছিনিয়ে নেওয়া হচ্ছে, লাঠি চার্জ্জ করে, বুটের লাথি দিয়ে। তাদের কাছ থেকে ধান এনে খাদ্য সমস্যা সমাধানের কথা বলা হচ্ছে। আর একদিন আমাদের মুখ্যমন্ত্রী এই বিধান সভায় দাঁড়িয়ে ১১।৩।৬৮ ইংরাজী তারিখে বলেছিলেন যদি কাউকে নিজের দলে আনতে হয় তাহলে তার মুখের গ্রাস কেড়ে আনতে হবে। একথা লেলিনের কথা, লেলিনের কথাই তিনি বলেছিলেন। ১৯১৭ সালে রাশিয়ায় লেলিন খাদ্য সমস্যার সমাধান করেছিলেন। আর এখানে গতকাল আমাদের আর একজন বাজেট রিপোর্ট পড়তে গিয়ে বলেছেন যে আমাদের ত্রিপুরা খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হয়ে গেছে। আমাদের ত্রিপুরা কতটুকু স্বয়ং সম্পূর্ণ হয়েছে তা আমাদের দেখতে হবে। গরীব জনসাধারণের উপর চাপ দিয়ে লেভি আদায় করে খাদ্য সমস্যা সমাধান করা লজ্জাকর বলে আমি মনে করি। যদি এই Process এ খাদ্যনীতি চলে, লেভি আদায় হয় তাহলে সমগ্র ত্রিপুরায় বিক্ষোভ ছড়িয়ে পড়বে। এই ব্যাপার নিয়ে ত্রিপুরায় হরতালও হয়েছে। যে কৃষক ফলন ফলাবে তাকে মারবে, তার উপর গুলি চালাবে। যে এলাকাতে ঘটনাটা হয়েছিল সেটা কংগ্রেসের একটা ঘাটি। সেখানে কমিউনিষ্ট পাটির লোক ছিল না। সমফ্, জমাতিয়া সম্প্রদায়ের লোক ছিল। আর এইখানেও এই যে রবীন্দ্র মালাকার মারা গেল এটাও কংগ্রেসের ঘাঁটি ছিল। এখানে কম্যুনিষ্ট পার্টির কোন ঘাঁটি নেই। আজকে সেই জন্যেই সারা ত্রিপুরার মানুষ, শ্রমিক, মজুর, কর্মচারীদের যেমন একদিকে ছাটাই করা হচ্ছে অন্যদিকে খাদ্য সমস্যা লেগেই আছে। আমরা ত্রিপুরা সরকারের এই বাজেট থেকে এটা আশা করতে পারিনা যে সে কেন্দ্র থেকে প্রয়োজনীয় খাদ্য আদায় করতে পারবে।

এখানে আলোচনা করতে গিয়ে রুলিং পার্টি থেকে স্যাংক্রাকের কথা বলা হয়েছে। তাই আমাকে বলতে হচ্ছে যে এই স্যাংক্রাক কারা। কমিউনিষ্ট পার্টি এই স্যাংক্রাক সৃষ্টি করেনি। এই স্যাংক্রাক দল গঠন করেছে কংগ্রেসের দক্ষিণ পন্থী শ্রীঅনন্ত রিয়াং। আর সেখানে প্রতিরক্ষা বাহিনী গড়ে তুলেছিল কারা? থানায় থানায়, পোষ্ট অফিসে ইস্তাহার ছেড়ে তারা উস্কানী দিয়েছিল বাঙ্গাল খেদাও। আর এখন পাহাড়ীয়াদের মধ্যে বিভেদ সৃষ্টি করছে তারাই এবং সেইজন্য পাহাড়ীয়াদের মধ্যে খাদ্যাভাব দেখা দিয়েছে। আজকে লেভী আদায়ের জন্যে, কালকে বকেয়া খাজনার জন্যে, লাঠি চালনা, টিয়ার গ্যাস ছাড়া আর চলবে না। আজকে আমাদের যে শান্তি সেনা আছে তারা অশান্তি সৃষ্টি করার জন্য নয়, শান্তি স্থাপনের জন্যেই তারা। তাই কংগ্রেস সরকার আতঙ্কিত। সাংক্রাক আমাদের দ্বারা পরিচালিত নয়।

শ্রীশচীন্দ্র লাল সিংহ:—Hon'ble Speaker Sir, while Deputy Speaker is in the Chair, nobody can address him as Deputy Speaker. It was the decision of the House.

শ্রীঅঘোর দেববর্মা :—মাননীয় উপাধ্যক্ষ মহোদয় আমি যখন পার্লামেণ্টে গিয়েছিলাম Distinguished visitor হিসাবে তখন আমি দেখেছি Deputy Speaker যখন চেয়ারে, তখন তাঁকে Deputy Speaker বলেই address করা হয়। যখন Chairman থাকেন তখন Chairman বলেই address করা হয়। কাজেই এখানেও Deputy Speaker বলা হবে না কেন ?

শ্রী এস, এল, সিংহ ;—যখন Deputy Speaker চেয়ারে থাকবেন তখন Speaker বলেই address করতে হয়। এটাই ruling ছিল।

শ্রীঅঘোর দেববর্মা ঃ—না, এরকম কোন রুলিং নাই। This is beyond parliamentary convention.

Mr. Dy. Speaker ঃ—মাননীয় সদস্য, আমাদের এই Assemblyতে পূর্ব্বে একটা ruling দেওয়া হয়েছিল যে, যখন Deputy Speaker চেয়ারে থাকবেন তখন তাকে Speaker বলে address করতে হবে।

শ্রীঅঘোর দেববর্মা :— মাননীয় উপাধ্যক্ষ মহোদয় সারা ভারতবর্ষের কোথাও এরকম ruling বা convention নেই। কাজেই আমাদের ত্রিপুরা বিধান সভাতেও তার ব্যতিক্রম হতে পারে না। Parliamentary convention দেখুন, কোথাও নেই। We are guided by Rules of procedure, সেই Rules of procedure দেখুন। আপনাদের ইচ্ছামত ruling দিলেতো হবে না।

Mr. DY. Speaker :—আমাদের এই Assemblyতে পূর্ব্বেই ruling দেওয়া হয়েছে যে, যখন Deputy Speaker চেয়ারে বসবেন তখন তাকে Speaker বলেই address করতে হবে।

Point of Order

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত :—Point of order. যদি Speaker এবং Dy. Speaker both absent থাকেন এবং Panel of Chairman এর একজন Chair এ থাকেন, তখন কি তাকে Panel এর member বলে address করতে হবে ? কিভাবে address করতে হবে তাকে ?

(Noise)

Mr. Dy. Speaker :—Hon'ble member, go on.

শ্রীঅঘোর দেববর্মা :—Point of order এর উপর ruling দিন। ব্যাপারটারতো মীমাংসা হলো না।

Mr. Dy. Speaker :—Ruling তো দিয়ে দিলাম, তাহলে মিমাংসা আবার হয়নি কোথায় ?

(Noise)

আপনি বলুন, আপনার বক্তব্য শেষ না হয়ে থাকলে বলুন।

শ্রীবিভাচন্দ্র দেববর্ম্মা :—আমার বক্তব্য আর বিশেষ নাই। মাননীয় সদস্য যে প্রস্তাবটি এনেছেন সেটাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Dy Speaker :—Now I call on Hon'ble Chief Minister.

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, কালকে অনুশাসন দেওয়া হয়েছে যে এটা Sub-judice আছে। অতএব আমাদিগকে সতর্ক করে বলে দেওয়া হয়েছে, সেই দিকে দৃষ্টি রেখে আমরা আমাদের বক্তব্য পেশ করবো। সেই জন্য আমি ঘটনাটি কি ঘটেছিল তার আদ্যোপান্ত হাউসের সামনে তুলে ধরতে চাই।

On the 23rd February 1969 at about 1100 hours paddy procurement programme under the levy system was obstructed at village Shonaimuri in Fatikroy P.S. under Kailashahar Sub-division. The weighed paddy was snatched by the Villagers. On receipt of the information O/C. Fatikroy P.S. with one section Police Party and Food Inspector visited the village and asked for requisitioned paddy. At that the person cencerned, his relatives and other villagers armed with Dao, Lathi etc. attacked the Policc party. Police party in self defence made a mild lathi charge as a result of which some 5 villagers were injured. At 16-30 hours re-inforcements with gas were sent and the procurement party cellected 5mds of paddy without any resistance and returned to Fatikroy. After the incident on 23rd the District Magistrate and the Superintendent of Police went to the spot for spot enquiry.

Hiru paul, s/o. Kamini paul of Shonaimuri had met the Sub-divisional officer, Kailashahar on 22/2/69 and promised to clear his levy dues next day. Narendra Malakar, the Gram Pradhan, was present there at the time. The promise was made despite the protest Hiru Paul had earlier lodged regarding the correctness of his assessment. Coming back to the village he incited the people to resist the procurement party. The attack on the police followed as a result. All the 10 policemen including the O/C, Fatikroy P. S. received injuries. The suddenness and the severity which characterised the attack indicate careful planning and preparation. It was a move to terrorise procurement staff and overawe the Police.

The police party was twice attacked on 23/2/69, once before lathi charge and again when the injured policemen were being removed in vehicle number T. R. A-756. During the second attack the vchicle was damaged by the lathi blows. The police displayed both patience and restraint on the occassion. Bare minimum force was used and that too in self defence.

Rabindra Malakar died of heart failure and not as a result of injury sustained in the police lathi charge. In his statement before the medical officer, Fatikroy Primary Health Centre he admitted to have resisted the levy collections and run away as soon as the police started using force. He had fallen down near a hedge and received head injuries, he told the madical officer. He had also declared that he would never

resist the collection of levy in future. He had reported to the Fatikroy Hospital on 23rd night at 1145 P.M. He was admitted with injuries on the arm, leg and head. The injuries were not considered serious except the injury of the arm which medical officer suspected to be a fracture. He was reasonably in good condition when he was admitted into the hospital and in fact walked to his ward. His condition was reported to be the same i. e. normal condition on the 24th February, 1969. On the 25th February, 1969 his condition started deteriorating at about 3 P.M. on that day. The Medical Officer sent a message for an ambulance as he considered that the condition of the patient was deteriorating. However, before the ambulance could arrive the deceased passed away at 0550 P.M. The post mortem on the body was conducted on the 26th Feb. 1969 and the result show that the deceased died of heart failure.

Immidiately relief was extendent to the wife of diceased. She was given Rs. 100/- on the spot by the D. M. as gratuitous relief. Her care was being considered under scheme for settlement of agriculturist Labourer.

As will be evedient from above the police did not make lathi charge before, but as they were seriously attacked with Dao, lathi etc. the police party had to use lathis only in self defence. The number of police personnel injured in the clash were ten (10).

The D. M. has already ordered the Addl. D.M, to cause the detailed enquiry in to the incident and furnish report. Any further cause of action will be determined on receipt of the report.

This Government was fully seized of the situation. The D. M. & Supdt. of Police had run to the spot for spot enquiry and to mitigate the matter. On the spot. Moreover one responsible officer is engaged to enquire into the matter. Hence the steps taken already are considered adequate. সুতরাং এই ঘটনাটি House এর সামনে রেখে mover of the Resolution যে প্রস্তাব এনেছেন আমি সেটা oppose করছি। কারণ ঘটনাটি এখানে Political Motive নিয়ে ব্যাক্ত করা হয়েছে। আমি অনুরোধ করবো খাদ্যের ব্যাপারে এবং Procurement ও distribution এর ব্যাপারে আমরা যেন রাজনীতির উর্দ্ধে থেকে ইহাকে জয়যুক্ত করতে পারি।

মাননীয় সদস্যগণ সকলেই অবগত আছেন যে আমরা খাদ্যে deficit এবং সেই কারণে আমাদের internal procurement করতে হয় এবং এ ছাড়াও Central Govt. থেকেও 71 হাজার টন খাদ্য শস্য আনার পরিকল্পনা আমাদের আছে। Internal procurement দ্বারা যে খাদ্য শস্য সংগ্রহ হয় তাও করা হচ্ছে মাত্র 4 হাজার লোকের কাছ থেকে। এই procurement এবং seeds procurement যেটা নিতান্ত প্রয়োজনীয় তাও করা হচ্ছে যাদের ১২½ কাণি ও তদ্ উর্দ্ধে জমি আছে। এই যে procurement এর policy নির্ধারিত হয়েছে তা মাননীয় সদস্যগণ অবগত আছেন এবং সে সম্পর্কে তিনি উল্লেখও করেছেন। Procurement policy নির্ধারণে Block Committee, যেখানে গ্রামের উদার ব্যক্তিরা অফিসাররা ও পঞ্চায়েত প্রধানরা আছেন: তাদের পরামর্শ অনুযায়ী করা হয়েছে। বিভিন্ন পক্ষের সঙ্গে পরামর্শ করে প্রয়োজন বোধে নিজেরা তদন্ত করে S. D. O রা Notice serve করেন।

V. L. W. Tahsilder প্রভৃতি যারা আছেন তারা সেই তথ্য সংগ্রহ করার পরে S.D.O. র পক্ষ থেকে Notice serve করা হয়েছে এই 4 হাজার লোকের উপরে। এর মধ্যেও যে ভুল ক্রটি থাকবে না একথা আমি বলতে পারি না। কিন্তু সেই ক্রটি বিচ্যুতির সংশোধন করার সুযোগও যথেষ্ট আছে। কিন্তু আমাদের এই Procurement কার্য্যকে বানচাল করার জন্য একটা সংঘবদ্ধ প্রচেষ্টা করা হচ্ছে। যে সমস্ত কৃষক ধান চাল দিতে রাজী তাদেরকে ভুল পথে পরিচালনা করা হচ্ছে। আজকে এই House এর মধ্যে প্রকাশ পেয়েছে এই কার্য্যের প্রধান সহায়ক শান্তি সেনারা। কিন্তু এই বাধা দেওয়ার কারণ কি? এর কারণ হচ্ছে এই—সেনা যে পোষা হচ্ছে সেংক্রাক ও অন্যান্য যে বে-আইনি দল আছে তাদের জন্য খাদ্যের প্রয়োজন। সুতরাং মিথ্যা প্ররোচনা দিয়ে সরকারী Procurement Programme কে ব্যহত কর এবং জোর করে খাদ্য ছিনিয়ে নিয়ে এস। সরকারী Procurement অনুসারে যে খাদ্য সংগ্রহ করা হয় তা Co-operative মারফতেই হয়। তারা যেখানে arm নিয়ে যায় না। সুতরাং খাদ্য যদি ছিনিয়ে নিয়ে যাওয়া হয় তাহলে Police কি করবে। Police কি বাধা দিবে না এই সমস্ত বে-আইনি কার্যাকলাপকে, Police কি বন্ধ করবে না দরিদ্র জনসাধারণের স্বার্থে? এটাই আমাদের ভেবে দেখতে হবে এবং ধীর স্থিরভাবে চিন্তা করতে হবে। যখন Procurement Policy সুষ্ঠুভাবে চলেছিল তখন তারা সংঘবদ্ধ ভাবে বাধা সৃষ্টি করে। তাই আমি তাদের কাছে আবেদন করবো যে যাতে ত্রিপুরার Procurement Policy জয়যুক্ত করে ত্রিপুরার খাদ্য সমস্যা সমাধানের সাহায্য করেন।

তারপর আরেকটি কথা বলেছেন যে রিয়াং জাতিরা নাকি সেংক্রাক দল গঠন করেছেন। সেটা মাননীয় সদস্য অঘোর বাবু তার বক্তব্যে বলেছেন। আমি সেটার প্রতিবাদ করি। তারা যাতে একটা জাতিকে, একটা সম্প্রদায়কে নিয়ে ছিনিমিনি না খেলেন। কারণ তাঁর বলার পিছনে একটা রাজনীতি আছে। তাদের শান্তি সেনাকে তাদের গণমুক্তি ফৌজকে এবং সেংক্রাককে এবং তাদের হামলা বাজকে সমর্থন করে না সেই জন্যই বিশেষ করে তাদের নাম উল্লেখ করা হয়েছে। কাজেই আমি তাদের এই উল্লেখের জন্য নিন্দা করছি। কারণ অঘোর বাবু আছেন এবং আরো অন্যান্যরা আছেন সেই জন্য কি ত্রিপুরী সম্প্রদায়ই একরকম হবেন অঘোর বাবুর মতো? তাই আমি আবেদন করবো যে এইভাবে যেন কোন সম্প্রদায়কে নিয়ে কটূক্তি বা ব্যঙ্গ না করেন। এই ভাবে হাউসে নিবেদন করলে হাউসের যে সম্মান এবং আমাদের গণতান্ত্রিক যে পদ্ধতি তাকে লংঘন করা হয় বলে আমি মনে করি। কাজেই আমি আবেদন রাখবো যাতে ভবিষ্যতে এইভাবে কোন সম্প্রদায়কে আমরা উস্কানি না দেই।

তারপর আরেকটি কথা বারবার উল্লেখ করা হয়েছে যে কংগ্রেস পার্টি নাকি সেংক্রাক শান্তি সেনা ও গণমুক্তি ফৌজ গঠন করেছেন। যারা হামলাকারী লুন্ঠনকারী দল গঠন করেন এটা একটা souree. যখন এই source কে ছেড়ে দেওয়া হয় তখন অতি বিপদে পড়তে হয়। তখন এই source যতই অপ্রিয় হউক না কেন নিজেদের গলাধঃকরণ করতে হয়। উপায় নেই। অতএব আপনারা ১৯৬১ সালের তেলানী কংগ্রেসের কথা স্মরণ করুন। সেই প্রস্তাবের মূল ভিত্তি কি ছিল এবং তাতে কি উল্লেখ ছিল। Party

conference of 1968, উহা থেকেই এটার সৃষ্টি হয়েছে। ধীরে ধীরে তা করেছেন ; এবং তার শ্লোগান রেখেছেন কি ? আপনারাও বলতেন পঞ্চম সিডিউল চাই, পঞ্চম সিডিউল ত অবৈধ নয়। কিন্তু পঞ্চম সিডিউল গণতান্ত্রিক পদ্ধতির মধ্যে দিয়েও করব, আরেক দিকে প্ররোচনাও দিব যে তোমরা পাকিস্তান থেকে arms and ammunition collect করে ঐ পঞ্চম Scheduleকে আমরা যাতে আদায় করতে পারি তার জন্য সঙ্ঘবদ্ধ আন্দোলন করা এই উদ্দেশ্য নিয়েই এই illegal activities. এই জন্য বলছি বারবার যে আপনারা দুইটি কাজ সমান ভাবে করছেন। অতএব সেই দিক দিয়ে সেটা ভয়াবহ অবস্থায় গেছে। এখন নকশালদের মত বলাতে হবে তারা হটকারী। আজকে তাই বলতে হবে আপনাদের এটারই অপেক্ষায় আছে জনসাধারণ। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Dy. Speaker—Now I call on mover of the resolution.

Shri Aghore Deb Barma, M. L. A. :—মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আমার প্রস্তাবটা যখন move করেছি তখনই আমি খুব সংযতভাবে আলোচনা করেছিলাম। কারণ এটা সম্পর্কে আগেই আলোচনা হয়েছিল। আমি এই সম্পর্কে details কোন আলাপ আলোচনা করি নাই। শুধু Policyর উপর নিবদ্ধ করে রাখতে চেষ্টা করে ছিলাম। কিন্তু আমার এই প্রস্তাবের বিরোধিতা করতে গিয়ে Ruling partyর পক্ষে অনেকে অনেক কথা বলেছেন। বার বার অপ্রাসঙ্গিক ভাবে শান্তি সেনা, সেংক্রাক প্রভৃতির কথা উত্থাপন করেছেন। যাই হউক আমি আমার প্রস্তাবের মধ্যেই উল্লেখ করছি। আমি জানি গত ২০শে ফেব্রুয়ারী তারিখের ত্রিপুরা সরকারের একটা বিজ্ঞপ্তি আছে। কৈলাসহর ফটিকরায় থানার সোনাইমুড়ি গ্রামে খাদ্য সংগ্রহ অভিযান কালে যে ঘটনা ঘটে এবং যার ফলে রবীন্দ্র মালাকার নামে জনৈক ব্যক্তি মারা যান সেই সম্পর্কে অতিরিক্ত জেলা শাসক শ্রী ভট্টাচার্য্য আগামী ২১শে মার্চ্চ ১৯৬৯ ইং তারিখে ফটিকরায় থানার অধীনে শাইদাবাড়ী ফরেষ্ট বাট অফিসের প্রাঙ্গনে তদন্ত করবেন। এই ভাবে একটা নোটিশ দেওয়া হয়। অর্থাৎ Magistrate তদন্তের জন্য একটা বিজ্ঞপ্তি দেওয়া হইয়াছে। এই copyটা পাওয়ার পরই আমি এইখানে এই প্রস্তাবটা রাখছি। আমি বুঝতে পারিনা Judical Enquiryর নাম শুনলে উনারা কেন যে আতঙ্কিক হন। আজকে সত্য ঘটনা উদ্ঘাটনের ইচ্ছা যদি রুলিং পার্টির থাকত তবে এ প্রস্তাবটা সহজে মেনে নেওয়া হত। সরকার পক্ষের হত্যা, ইত্যাদি অপরাধ ঢাকা দেওয়ার ইচ্ছা যদি থাকে তাহলে সহজে তা করা যায়। Megisterial Enquiry করলে করা যায়। একমাত্র জনসাধারণের attentionকে draw করার জন্যই আজকে আমার এই প্রস্তাব রাখার মূল কারণ। কারণ কিছুতেই আজকে এই সত্য ঘটনাকে উদ্ঘাটন করা হবেনা। যারা অপরাধ করেছে তাদেরকে বাঁচাও, না হয় এডমিনিষ্ট্রেসন রক্ষা হবেনা। সব Policy ফাঁস হয়ে যাবে। কাজেই আমরা জন প্রতিনিধি হয়ে এই অবস্থা কোন ক্রমেই মানতে পারিনা। তাই আমি এই প্রস্তাবটা রাখছি। এটাও আমরা জানি, আজকে সরকার যদি নাও চায় অনিচ্ছা সত্বেও Public pressureএ পড়ে হয়ত তা করতে পারে। কাজেই আমি এই এসেম্বলির মধ্যে অনুরোধ রাখব মাননীয় মুখ্যমন্ত্রীর নিকট তিনি যেন

আমার এই প্রস্তাবটা গ্রহণ করেন এবং Judicial Enquiryর প্রস্তাবটা গ্রহণ করে সাহসিকতার একটা পরিচয় দেন। খাদ্য সম্পর্কে যে সমস্ত উক্তি তিনি এখানে করেছেন সে সম্বন্ধে আমি বলতে বাধ্য হচ্ছি যে সরকারের খাদ্যনীতি বলতে আজ কিছুই নাই। সেই নীতি দেউলিয়া নীতি। খাদ্য নীতি সম্বন্ধে আমরা যদি আলোচনা করি তাহলে দেখতে পাই সরকার সাধারণতঃ বলে থাকেন যারা গরীব তাদেরকে সাহায্য সহায়তা করার জন্যই আমরা খাদ্য সংগ্রহ করে থাকি। কিন্তু বাস্তবে আমরা কি দেখতে পাই? প্রথম তারা বলে লেভি, পরে আবার বলে লেভি নয়, requisition, যার ঘরে ধান চাউল নাই তার কাছেও রিকুইজিসন নোটিশ যায়। অর্থাৎ সরকার যাকে মনে করবে তাকেই রিকুইজিসন নোটিশ দিতে পারবে, এটা রিকুইজিসন আইনে বলে। অবস্থা ঘটল কি? কৃষকদের ঘরে ধান চাউল উঠে বিক্রি যখন শুরু হয়ে যায় তখন হঠাৎ তারা নোটিশ পেল ধান রিকুইজিসনের। বর্ত্তমান রুলিং পার্টিকে যারা back করে, অর্থাৎ যারা রুলিং পার্টির back bone হিসাবে এখানে পরিচিত, যারা মজুতদার, তারা তখন বাজার থেকে ধান চাউল প্রচুর পরিমাণে কিনতে আরম্ভ করবে। আবার এদিকে সরকারও requisition নোটিশ কৃষকদের নিকট serve করে। ফলে বাজার দর উপরে উঠে যায়। যে মুহুর্ত্তে এই নোটিশ serve করা হল তখনই ১২ টাকা মণ প্রতি বেড়ে গেল। সরকার মজুতদারকে বলল তোমরা Election এর সময় আমাদের টাকা পয়সা দিয়ে সাহায্য করেছ, কাজেই তোমরাও কিছু লাভ কর। তখন মজুতদাররা প্রচুর পরিমাণে ধান চাউল কিনে রাখল। তারপরই সরকার নোটিশ serve করতে আরম্ভ করল। সকলই যে খারাপ এ কথা আমি বলছি না, তার মধ্যে সুযোগ সন্ধানী আছে। Ruling Partyর মধ্যে কিছুসংখ্যক মাননীয় সদস্য আছেন, অবশ্য আমি সকলের কথা বলছি না, তারা হল ঢাকের বায়া, অর্থাৎ যে দিকে বাজাও সে দিকেই বাজবে। সকলেই এ ঘটনাটা জানেন না এমন কথা নয়, সবাই জানেন। কিন্তু যে দিকে বাজায় সে দিকে বাজাবে তো, বাজাতেই হবে, না বাজালে উপায় নাই। যাদের ১ দ্রোণের বেশী জমি আছে তাদের থেকে ধান সংগ্রহ কর, একথা আমরা আগেই নীতিগতভাবে বলেছি। কিন্তু তদন্তের বেলায় আমরা সে রকম দেখছি না। এই হাউসের মধ্যে আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করেছিলাম যে আপনি লোক দেন অথবা আপনি নিজে চলুন কোথায় ধান মজুত আছে আমি দেখিয়ে দিব। কিন্তু সে পথে উনি যাবেন না, তাতে স্বার্থহানি হবে। সব যে খারাপ সে কথা আমি বলছি না। তবে কিছু কিছু লোক আছে যারা বর্ত্তমান মন্ত্রীদের অতি ঘনিষ্ট, আত্মীয়স্বজন যাদের চাকুরী আছে, প্রমোশন আছে, বাড়ী আছে, স্থায়ীত্ব আছে। কাজেই ভয়, তারা যেটা করে সেটাই ঠিক। কাজেই যারা দিতে পারে, যাদের দেওয়ার ক্ষমতা আছে, যাদের ঘরে ধান আছে, তাদের ধান রিকুইজিশান হবে না, টাকা পায়সা দিলে তাদের সাত খুন মাপ। ফলে কি হল, মজুতদাররা বাজারের সব ধান কিনে ফেলল, আর নোটিশ দেওয়ার সঙ্গে সঙ্গে ধানের দাম বেড়ে গেল। কাজেই এই অবস্থার জন্য সরকারের বর্ত্তমান দেউলিয়া খাদ্যনীতিই দায়ী। নিজেরা করেন অপরাধ আর সেই অপরাধ চাপাবেন অন্যের ঘাড়ে। তারজন্যই আজ মানুষ হত্যা, পুলিশ অত্যাচার চালাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আর কয়েক মিনিট সময় চাই। কারণ উনার কথাগুলির reply দেওয়া দরকার। মুখ্যমন্ত্রী বক্তৃতা দিতে উঠলেই

শুধু চড়া গলায় বলেন, শান্তিসেনা, মুক্তি ফৌজ, স্যাংক্রাক, নাটকের ভঙ্গিতে বলতে থাকেন। শান্তিসেনাটা কি, এই শান্তিসেনা ছিল বলেই—ভারতবর্ষের সর্বত্র যখন সাম্প্রদায়িক দাঙ্গা ঘটেছিল তখন এই শান্তিসেনা ত্রিপুরার মধ্যে দাঙ্গা বাধতে দেয় নাই।

(Interruption)

শান্তিসেনা ছিল বলেই ত্রিপুরার মধ্যে দাঙ্গা বাধতে পারে নাই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, কংগ্রেসের পক্ষ থেকেই যখন সেখানে দাঙ্গা বাধানোর চেষ্টা করা হচ্ছিল, হাজার হাজার শান্তিসেনা তখন পাহারা দিয়েছিল। ত্রিপুরার বুকে আমাদের শান্তিসেনা দাঙ্গা প্রতিরোধ করেছিল। সাম্প্রদায়িক সেই দাঙ্গায় সমগ্র ভারতে রক্তের বন্যা বয়ে গিয়েছিল, ত্রিপুরাতে তা ঘটতে দেয় নাই এই শান্তি সেনা। তার জন্য ত্রিপুরার শান্তিসেনাকে প্রশংসা করা উচিত।

Mr. Dy. Speaker :—Hon'ble member your time is over.

Shri Aghore Deb Barma :—মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, অনেক কিছু কথা বলার ছিল। স্যাংক্রাক সম্বন্ধে আগেও বলেছি। নূতন করে বলার কিছু নাই।

(Interruption)

মাননীয় উপাধ্যক্ষ মহোদয় Leader of the House যদি হাউসের ডেকোরাম রক্ষা না করেন তাহলে কিভাবে হবে। কাজেই আমার প্রস্তাবটা হাউসের মধ্যে রাখছি। আবার অনুরোধ করব, তিনি ভোটের জোরে হউক বা গায়ের জোরে হউক অস্বীকার করলেও জনতার দাবীর কাছে নাকে খত দিয়ে তিনি নতি স্বীকার করে আবার গ্রহণ করতে রাজী হবেন। তারজন্যই আমি আগের থেকে জনপ্রতিনিধি হিসাবে অনুরোধ রাখছি উনি সসম্মানে প্রস্তাবটি গ্রহন করুন, এটাই আমি চাই।

Mr. Dy. Speaker :—Now I am putting the Resolution to vote. The question before the House is that "This House directs the Govt. to appoint a Commission with a retired Judge of a High Court to enquire into the cause which led to the death of Shri Rabindra Malakar of Sonaimuri under Kailashahar Sub-Division Tripura. As many as are of that opinion will please say "Ays" (Voices "Ayes".) As many as are of Contrary opinion will please say "Noes' (voices "Noes") I think, "Noes" have it "Noes" have it. The Resolution is lost.

Next item in the list of Business is Private Members Resolution. I would call on Sri Aghore Deb Barma to move his resolution that as the owners of the residential and commercial buildings etc. enhancing the mouthly rent arbitrarily and indiscreminately, this House directs the Govt. to enact a Rent Control Act paying due consideration to the specific condition of Tripura and pending enactment of such an Act to extend immidiately the West Bengal Rent Control Act in Tripura.

Shri Aghore Deb Barma M.L. A, :—মাননীয় উপাধ্যক্ষ মহোদয় আমি প্রথমে আমার Resolution টা পড়ছি। As the owners of the residential and commer-

cial buildings etc. enhancing the monthly rent arbitrarily and indiscriminalety, this House directs the Govt. to enact a Rent control Act paying due consideration to the specific condition of Tripura and pending enactment of such an Act to extend immediately the West Bengal Rent control Act in Tripura.

এই আমার প্রস্তাব, এই সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রী নিশ্চয়ই জানেন কিছু লোক দল বদ্ধভাবে Representation দিয়ে ছিলেন। কাজেই আজবে যে অবস্থাটা চলছে মুখ্যমন্ত্রী এই দরখাস্ত খানা পেয়েছেন। তাই আমি উহা আর পড়ছি না। বর্ত্তমানে আগরতলাতে দিনের পর দিন যে অর্থনৈতিক সংকটের মধ্যে আমরা বাস করছি, একদিকে যেমন চাউলের মুল্য বাড়ছে, অন্যদিকে নিত্য ব্যবহার্য্য দ্রব্যের মুল্যও বৃদ্ধি পাচ্ছে, তার সঙ্গে সঙ্গে ঘরের ভাড়াও ইত্যাদিও বৃদ্ধি পাচ্ছে। সুতরাং এইগুলির সমতা যদি রক্ষা করতে হয় তবে প্রত্যেকের আয়ও বৃদ্ধি পাওয়া উচিত। কিন্তু আয় বাড়েনি অথচ খরচ বেড়েছে কাজেই এই অবস্থায় দরিদ্র জনসাধারণের বিশেষ করে মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত যারা আছে তারা যে কি প্রকারে জীবনধারণ করবে এবং নিজের অস্তিত্বকে কিভাবে বজায় রাখবে সেই বিষয়ে তারা আতঙ্কিত। বর্ত্তমান সঙ্কটাপন্ন অবস্থায় তারা কোন রূপেই সংসার চালাতে পারছে না। তার জনাই West Bengal Rent Control Act যেটা আছে সেটা এখানে চালু করার জন্য তারা আবেদন করে ছিল। কিন্তু প্রশ্ন হচ্ছে আমরা প্রতিটি ব্যাপারে এই Detention Act. West Bengal Security Act, থেকে আরম্ভ করে প্রতিটি আইন কানুন যাবতীয় সবকিছু West Bengal-এ চালু করলে সেটা এখানে চালু করা হয়। কিন্তু এই ক্ষেত্রে কেন করা হল না সেটা আমি বুঝতে পারছি না। কারণ আমরা যখন Assembly-তে মাঝে মাঝে বসি তখন সরকারী Business খুব কম থাকে। যদিও কোন কিছু থাকে তবে তাহাতে Active কোন কিছু থাকে না। Assemblyর মাধ্যমে ত্রিপুরাতেও এই আইন চালু করা যেত। কিন্তু আজ পর্য্যন্তও তা করা হয় নাই। কাজেই ত্রিপুরাতে যাতে অতিসত্বর এই আইন চালু হয় সেটা দেখা দরকার। বর্ত্তমান এই রকম অর্থ নৈতিক দুর্দিনের মধ্যে মানুষ কি করে যে বাঁচবে তা চিন্তা করে দেখা দরকার। এমন অনেকগুলি ঘটনা আছে যে শহরের মাঝে ঘর ভাড়া মাসের পর মাস জমছে। দেওয়ার ইচ্ছা থাকলেও দেওয়ার ক্ষমতা নাই। বর্ত্তমান ঘর ছেড়ে দিয়ে অন্যত্র যে ভাড়া করে থাকবে সেই ক্ষমতাও নাই। অর্থাৎ লোক সংখ্যার তুলনায় আগরতলাতে Housing Accomodation খুবই কম। সেই জন্যই Administrator-এর Policy Statement-এর উপর আমি যে আলোচনা করে ছিলাম তাতে আমি এ দিকে House এর দৃষ্টি আকর্ষণ করেছিলাম। কিন্তু এ সম্পর্কে সরকারের কোন দৃষ্টিই নাই। আজকে যে অবস্থা আমরা face করছি আগামী দশ বৎসর, বিশ বৎসর পরে এই Housing Accomodation একটা বিরাট Problem হয়ে দাঁড়াবে। কারণ ত্রিপুরাতে এখন বাঁশ, ছন, খুটি ইত্যাদির মূল্য আগের তুলনায় অনেক গুণ বেড়েগিয়েছে, আর সঙ্গে সঙ্গে Holding Tax ও বেড়ে গিয়েছে। কাজেই তারাও দিন দিন ভাড়া বাড়াচ্ছে, যেখানে বিশ টাকা ভাড়া ছিল সেখানে বাড়িয়ে পঞ্চাশ টাকা করা হল। আবার কোন কোন

ক্ষেত্রে এমন ঘটনা ও আছে যে, আগরতলা শহরে যদি কোন ঘর ভাড়া নিতে হয় তবে সেলামী দিতে হয়। কিছু সেলামী দিয়েও যদি ঘর পাওয়া যায় তার পর আবার কয়েক হাজার টাকা Advance দিতে হয়। আগে একটা সাধারণ দোকান ঘর ভাড়া যেখানে আশি টাকা ছিল সেখানে ভাড়া বাড়িয়ে একশত টাকার উপর হয়ে যায়। কত difference ? কাজেই এই অবস্থার মধ্যে আজকে যারা নিম্ন মধ্যবিত্ত তারা কি ভাবে যে বসবাস করবে সংসার চালাবে, সেটা তারা ছাড়া অন্য অবস্থাপন্ন ব্যক্তিরা বুঝতে পারবে না। কাজেই সেই দিক দিয়ে লক্ষ্য রেখে ভাড়া যদি বাড়ায় ও তার যাতে একটা যুক্তি থাকে এবং আইন থাকে তার জন্যই এখানে একটা restriction থাকা দরকার। যাতে মালিকরা রাতারাতি ইচ্ছামত ভাড়া বাড়াতে না পারে। অন্ততঃ আগরতলায় West Bengalএর Rent Control Actটি অতি সত্বর চালু করা দরকার বলে আমি মনে করি।

দ্বিতীয়তঃ আমি বলতে চেয়েছিলাম Housing সম্পর্কে, সেই দিক দিয়ে সরকারের কোন দৃষ্টি বা চিন্তাই নাই। সরকার নিজেই তার অফিস- কোয়ার্টার ইত্যাদির জন্য পাব্লিকের কাছ থেকে বাড়ী ভাড়া করে নিয়ে চালাচ্ছেন। কাজেই পাব্লিকের কথা চিন্তা করার তার ত কোন scopeই নাই। যেমন কলকাতায় আমরা দেখি C. I. T. Building আছে। তাদের নিজস্ব construction করে সস্তায় ভাড়া দেওয়ার ব্যবস্থা আছে। কিন্তু আগরতলায় সে ব্যবস্থাও নাই। আগরতলায় মিউনিসিপ্যালটির ভিতরেই হউক বা কর্পোরেশনের নাম দিয়েই হউক কোনখানে জায়গা করে তা construction করে যাতে মধ্যবিত্তরা সস্তা ভাড়ায় থাকতে পারে বা সুযোগ সুবিধা পায় সেদিক দিয়ে কোন ব্যবস্থা নাই। আর চতুর্থ শ্রেণীর কর্মচারীত বিস্তর আছে তাদেরত কোন জায়গাই নাই। তারা দাবী করেছিল এবং আমিও বিধান সভায় একটি প্রস্তাব রেখেছিলাম যে আগরতলার আশেপাশে কোন একটা জায়গা take up করে, ঘর দরজা করে তাদের জন্য কলোনী তৈরী করার। কিন্তু এদিকে সরকারের কোন চিন্তা ভাবনা নেই। তবে ইচ্ছা করলে সরকার তা করতে পারতেন। এই সমস্যাটা দিন দিন জটিল হয়ে আস্‌ছে, বাঁশ, ছন, কাঠ ইত্যাদি খুব দুর্মূল্য হয়ে যাচ্ছে, আগামী ২০।২৫ বৎসর পর হয়ত পাওয়াই যাবে না। তাই Housing problemটা দিন দিন জটিল হয়ে পড়ছে। এটার সুযোগ নিয়েই আগরতলায় যাদের বাড়ীঘর আছে তারা তাদের খেয়াল খুশীমত ভাড়া বাড়াচ্ছে। তাই আজ নিম্ন ও মধ্যবিত্তরা অসহায় অবস্থায় পড়েছে। তাদের রক্ষা করার জন্যই এই আইন এখানে চালু করা দরকার। এই বলেই আমি হাউসের সামনে আমার প্রস্তাব রাখলাম।

Mr. Dy. Speaker :—I would call on Hon'ble Member Shri Promode Ranjan Das Gupta.

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত :—মাননীয় স্পীকার, স্যার, এই যে প্রস্তাবটি মাননীয় সদস্য অঘোর বাবু হাউসে রেখেছেন, সে প্রস্তাবটা ভাল, উদ্দেশ্যও ভাল। কিন্তু বর্তমান অবস্থায় সরকার এ সম্বন্ধে যে চিন্তা করছেন এবং যে step সরকার নিচ্ছেন এ অবস্থায় এই প্রস্তাবের কোন মূল্য

বর্ত্তমানে আর থাকে না। কারণ সরকার যেখানে Rent Control Act চালু করার জন্য materials collection করছেন এবং West Bengal Govt.এর কাছে তারা এ বিষয়ে চিঠিপত্র লিখেছেন যে তাদের Acts & Rules পাঠানোর জন্য এবং সেটা আসার পর ত্রিপুরায় extend করা হবে বলে সরকার সিদ্ধান্ত নিয়েছেন। অতএব এ সিদ্ধান্ত নেওয়ার পর আর এই প্রস্তাবের কোন যৌক্তিকতা নাই। এ সম্বন্ধে যদি মাননীয় অঘোর বাবু সরকারের সাথে correspondance করতেন তা হলে দেখতেন, যে প্রস্তাবটা তিনি হাউসে রেখেছেন সে প্রস্তাবের যে উদ্দেশ্য সে উদ্দেশ্যমূলক কাজ সরকার already নিয়েছেন। অতএব সে দিক দিয়ে আমি আশা করি আমাদের মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছ থেকে অবশ্যই সেটা শুনতে পাবেন। আমি যতটুকু জানতে পেরেছি West Bengal এর Rent Control Act & Rules ত্রিপুরাতে extend করা হবে। অতএব জনসাধারণের মধ্যে যারা ছোট ছোট ব্যবসায়ী যারা মাঝারী ব্যবসায়ী তাদের উপর যে অবিচার হচ্ছে এবং কতগুলি land owners, land lords যারা ভাড়া বাড়াচ্ছে, শুধু ভাড়া নয় সেলামীও নানাভাবে বর্ত্তমান অবস্থার সুযোগ নিয়ে তাদের উপর চাপ সৃষ্টি করছে এবং প্রয়োজন বোধে তাদের ভাড়ার অতিরিক্ত ভাড়া দেওয়ার জন্যও চাপ দিচ্ছে; কারণ অন্য Party থেকে সেলামী আবার আদায় করার জন্য unfair means adopt করে তাদের abuse করা হচ্ছে। এ সম্বন্ধে আমার দ্বিমত নেই, আর নেই বলেই আজকে সরকার সেই ব্যাপারে step নিচ্ছেন। ছোট ছোট এবং মাঝারী ব্যবসায়ীকে রক্ষা করার জন্য সরকার এই step নিচ্ছেন বলে আমি সরকারকে অভিনন্দন জানাচ্ছি। কাজেই অঘোর বাবুর এই প্রস্তাবের কোন প্রয়োজন নেই বলে আমি উনাকে অনুরোধ করছি উনি যেন প্রস্তাবটি তুলে নেন।

Mr. Dy. Speaker :—Now I would call on Hon'ble Member Shri Abhiram Deb Barma.

শ্রীঅভিরাম দেববর্মা ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অঘোর বাবু হাউসের সামনে যে প্রস্তাবটি এনেছেন সেই প্রস্তাবটি গুরুত্বপূর্ণ; কারণ আগরতলা শহরে ঘর ভাড়া দেয় এরকম লোক মুষ্টিমেয় কয়েকজন এবং ভাড়াটিয়ার সংখ্যা অনেক। কাজেই এখানে যে ঘরভাড়া বৃদ্ধি হচ্ছে তার কোন নিয়ম নেই। মালিকরা খুসীমাফিক বৃদ্ধি করে। এই যে সাধারণ ছোট ছোট ব্যবসায়ী এবং সরকারী কর্মচারীদের মধ্যে একটা অংশ আছে যারা সরকারী কোয়ার্টার পান না। থাকতে হয় তাদের ভাড়াটিয়া বাড়ীতে। আর বিশেষতঃ ব্যবসায়ী ক্ষেত্রেও যারা বাইরে থেকে এসে এখানে ব্যবসা করেন তাদেরও বেশী ভাড়া দিতে হয়। এখানে কোন Rent Control Act না থাকায় বাড়ীর মালিকরা ইচ্ছামত বাড়ী ভাড়া বাড়িয়ে নিচ্ছেন। এমনও দেখা গেছে যে এ মাসে হয়ত ভাড়া ঠিক হয়েছে ৪০ টাকা, পরের মাসে ৬০ টাকা হয়ে গেছে। এমন অবস্থার আজকে একটা আইন করা দরকার যাতে বাড়ী মালিকেরা ভাড়াটিয়াদের যথেষ্ট শোষণ না করতে পারে। মাননীয় সদস্য প্রমোদ বাবু বলেছেন যে এ বিষয়ে সরকার যথেষ্ট চিন্তা করছেন কিভাবে Rent Control Act ত্রিপুরাতে প্রবর্ত্তন করা যায়। কিন্তু আমরা দেখছি যখনই বিশেষ ক্ষেত্রে প্রস্তাবগুলো আমরা হাউসে আনি তখনই সরকার পক্ষ থেকে বলা হয় আমরা সব কিছুই করছি। হয়ত এমনই ব্যবস্থা হবে যে কোন প্রস্তাবই আমরা হাউসের সামনে

আনি, তখনই সরকার পক্ষ থেকে বলা হয় আমরা সব ঠিকই করছি। আগামী কয়েক বৎসরের হয়ত আমাদিগকেই আবার বলতে হবে এই আইনটা হওয়া দরকার। তখন আবার হয়ত বা আন্দোলন হবে। আন্দোলন হলেই তখন সরকার বলবেন যে সমাজবিরোধী কার্য্য হচ্ছে। কাজেই এই গরীব ভাড়াটিয়াদের দিকে লক্ষ্য রেখে এই আইনটা হওয়া দরকার।

Mr. Dy. Speaker :—Now, I would call on Hon'ble Minister Shri T. M. Das Gupta.

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—অধ্যক্ষ মহোদয়, এখানে rent controlএর বিষয়ে আইন করার জন্য যে প্রস্তাবটি এসেছে, সে বিষয়ে সরকার সচেষ্ট আছেন। ওয়েষ্ট বেঙ্গলেও এ বিষয়ে লেখা হয়েছে। কাজেই সেই দিক থেকে এই প্রস্তাব গ্রহণ করার কোন যৌক্তিকতা আছে বলে মনে করি না।

মাননীয় সদস্য এই প্রসঙ্গে বলেছেন যে যখনই তারা কোন প্রস্তাব আনেন তখনই সরকার পক্ষ থেকে বলা হয়ে থাকে যে সরকার ঠিকই করেছেন। প্রস্তাব গ্রহণের কোন প্রয়োজন নেই। তার কারণ হচ্ছে সরকার আইন প্রণয়নের যে চেষ্টা করেন তা বাইরে প্রকাশ পায় না। তবে মাঝে মাঝে কদাচিৎ যদি কোন সংবাদপত্র সংবাদ সংগ্রহ করতে পারে তাহলে সেটা সংবাদপত্রে প্রকাশিত হয় যে, সরকার এই আইন প্রণয়ণের জন্য উদ্যোগী হয়েছেন। কাজেই draft অবস্থায় সরকারের তরফ থেকে আলোচনা করার কোন প্রয়োজন থাকে না। যখনই সেটা Houseএ আলোচনার জন্য আনা হয়, তখনই আলোচনার প্রশ্ন উঠে। সেক্ষেত্রে যদি একটা প্রশ্নও করা হতো তাহলেও উত্তর পেতেন। দ্বিতীয়তঃ একটা আইনকে process করতে যথেস্ট সময় লাগে। তার কারণ হচ্ছে—যদি বলা হয় যে, ওয়েষ্টবেঙ্গলের আইনটা গ্রহণ করো তা হলেও ঐ আইনটা ত্রিপুরাতে কতটুকু প্রযোজ্য হবে সেটা বিশ্লেষণ করে দেখতে হবে। কাজেই এই কাজটা অত সহজে হয় না। লিগেল প্রসেস যখন শেষ হবে তখন সেটা finance এ যাবে, কোন financial implecation আছে কি না তা দেখার জন্য। সেই আইনানুযায়ী কোন লোক রাখতে হবে কিনা এবং যাদের রাখতে হবে তাদের জন্য কত টাকা লাগবে। তখন একটা financial memorandum হয়। তারপর সেটাকে আবার কার্য্যে পরিণত করতে হবে। কেবিনেটে place করা হবে। তখন কেবিনেটের মন্ত্রীরা সেটা পড়বেন এবং clarification যদি দরকার হয়, সেই clarification চাইবেন। এতেও অনেক সময়ের প্রয়োজন হয়।

তার কারণ হচ্ছে দেশের ও দশের জন্য যে একটা আইন কিছু সময়ের জন্য তৈরী করা হচ্ছে কমবেশী সকলের স্বার্থেই এটা ভালো করে দেখা দরকার। এরপর আবার সেই বিল ভারত সরকারের কাছে যাবে এবং তার জন্য যে সময়ের প্রয়োজন তা লাগবেই। এ ছাড়া এর বিলম্বের আর কোন কারণ নেই। মন্ত্রিসভায় যারা আছেন তারাও চান যে, এটা যেন তাড়াতাড়ি হয়ে যায়। কারণ তাহলে তারা অন্য আর একটা কাজে হাত দিতে পারবেন। কাজেই তাদের দিক থেকে আগ্রহের কোন অভাব নেই।

ওয়েস্টবেঙ্গলে লিখা হয়েছে কিছু কিছু information এখনও এসে পৌছায়নি। তাছাড়া আমাদের Law Department এ দুজন আইনজ্ঞের পোস্ট আছে। এর মধ্যে একটা পোস্ট খালি পড়ে আছে। কারণ ঐ পোস্টটির পে স্কেল কম আছে। পে স্কেল বাড়ানোর চেস্টা করা হচ্ছে তখন এই পোষ্টে আর একজন লোক পাওয়া যাবে এবং দুজন লোক হলে পরে কাজটাও দ্রুততর হবে। কাজেই এধরণের অভিযোগ টেঁকে না।

আজকে মুল কথা হচ্ছে যে, এ দিকে সরকারের দৃষ্টি আকৃষ্ট হয়েছে এবং প্রারম্ভিক কাজ আরম্ভ হয়ে গেছে। তার পরিপ্রেক্ষিতে এই প্রস্তাব গ্রহণ করার কোন যৌক্তিকতা নেই। প্রস্তাব গ্রহণ করলে যা অবস্থা দাড়াতো আজকেও সেই অবস্থায় আছে। এই পরিপ্রেক্ষিতে এই প্রস্তাব গ্রহণ করার কোন যৌক্তিকতা নেই। তাই আমি এই প্রস্তাব যিনি এনেছেন সেই মাননীয় সদস্যকে অনুরোধ করবো তিনি যেন প্রস্তাবটা প্রত্যাহার করে নেন। সরকারও অনেক সময় নিজ প্রয়োজনে বাড়ী ভাড়া নিতে পারছেন না। কারণ যে টাকা assess করা হয় সে টাকার চাইতে অনেক বেশী ভাড়া দাবী করে বসে থাকেন বাড়াওয়ালা, এতে সরকারী কাজেরও অসুবিধা হচ্ছে। এই সমস্যাটা সরকারের কাছেও অনুভূত হয়েছে। এবং তারই জন্য একটা আইন করার কথা চিন্তা তাঁরা করছেন এবং ওয়েষ্টবেঙ্গলে লিখা হয়েছে। এই পরিপ্রেক্ষিতে মাননীয় সদস্য যিনি প্রস্তাব এনেছেন তাঁকে আমি অনুরোধ করব তিনি যেন তার প্রস্তাবটা প্রত্যাহার করে নেন।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—যে প্রস্তাব এখানে আনা হয়েছে সেটা পাশ হলেও কোন ক্ষতি নেই অর্থাৎ অবস্থার কোন পরিবর্তন হচ্ছেনা। তবুও একটা প্রশ্ন থেকে যায় যে, কিছুকাল পূর্ব্বে railway সম্প্রসারণ করার জন্য আমরা একটা প্রস্তাব এই বিধান সভায় সর্ব্বসম্মতিক্রমে গ্রহণ করেছিলাম এখন সেই প্রস্তাবের কোন ফল দেখতে পাইনা। এসেম্বলীতে প্রস্তাব পাশ হওয়ার পরে যদি মিনিষ্ট্রি ঐ প্রস্তাবকে গ্রাহ্যই না করেন যদি কোন directives মিনিস্ট্রি না দেন অর্থাৎ একটা target date এর মধ্যে সরকার প্রস্তাবটা কার্যকরী করবেন। কিন্তু তিনি এখানে বলেছেন যে, আলাপ আলোচনা চলছে। বিল drafting চলছে, কিন্তু কোন তারিখ বা সময় যেমন "এক মাসের মধ্যে আমরা করবো" এমন কোন কথা তিনি বলেন নি।

(Noise)

দোকান কর্মচারী আইন করার জন্য যে আলোচনা হয়েছিল সে সময় ও তিনি বলেছিলেন যে আইনটা frame করা হচ্ছে কিন্তু আজ পর্যান্ত তার কোন হদিসই পাচ্ছিনা। কাজেই আমি অন্ততঃ মনে করি যদি এই প্রস্তাবটা আজকে এখানে গৃহীত হয় তাহলে কাজটা করার ব্যাপারে একটা চাপ সৃষ্টি হয়। আমরা সব সময়ই দেখি, যে কোন কাজই "করবো", "করা হচ্ছে" বলে চালিয়ে দেওয়া হয়। বিশ বৎসর রাজত্ব করার পরও চীফ-কমিশনারের শাসনের period টা বাদ দিলেও প্রায় ৬ বৎসর হয়ে গেছে কিন্তু এখন পর্য্যন্ত জিনিষটা আলাপ আলোচনার পর্য্যায়েই রয়ে গেছে। এখনও এই ব্যাপারে লিখা লিখিই চলছে। এই অবস্থাটাকে ইচ্ছা করে টালবাহানা করা ছাড়া কি বলা যেতে পারে? Problemটা অবশ্যই উনাদের জানা আছে সরকারী কাজে বাড়ী ভাড়া করতে গিয়ে নিশ্চয়ই বিষয়টা ভালভাবেই বুঝতে পেরেছেন।

তবুও জিনিষটা তাড়াতাড়ি করার কোন চেষ্টাই উনাদের আছে বলে হয় না। অথবা কিছুই করতে পারছেন না। কাজেই এই সমস্ত দিক বিবেচনা করে বিধান সভা থেকে এই চাপ সৃষ্টি করার প্রয়োজনীয়তা আছে। মিনিষ্টাররা যদি beaurocratic machinery দিয়ে কাজ করাতে না পারেন তবে Assembly থেকে চাপ দিয়ে কাজ করার প্রয়োজনীয়তা আছে। আমার প্রস্তাবের সমর্থনে আমার বক্তব্য রেখেছি। আশা করি আমার প্রস্তাবের গুরুত্ব অনুধাবন করে House এই প্রস্তাব গ্রহণ করে এই কাজটাকে তরান্বিত করার চেষ্টা করবেন।

Mr. Dy. Speaker :—Now I am putting the resolution to vote. The question before the House is that "As the owners of the Industrial and commercial buildings etc. enhancing the monthly rent arbitrarily and indiscreminately, this House directs the Govt. to enact a Rent Control Act, paying due consideration to the specific condition of Tripura and pending enactment of such an Act to extend immediately the West Bengal Rent Control Act in Tripura".

As many as are of that opinon will please say 'Ayes'.

Voice—'Ayes'.

As many as are of contrary opinion will please say 'Noes'.

Voice—'Noes'.

I think "Noes" have it, 'Noes' have it.

The resolution is lost.

Mr. Dy. Speaker :—There is another resolution of Sri Rabindra Ch. Deb Rankhal. I call on Shri Rabindra Ch. Deb Rankhal to move his resolution that "এই বিধানসভা প্রস্তাব করিতেছে যে ডম্বুর বাঁধ পরিকল্পনা রূপায়ণে যাহাদের জমি, বাড়ীঘর জলে ডুবিয়া যাইবে তাহাদিগকে উপযুক্ত ক্ষতিপূরণ ও খাস জমি ভোগদখলকারী-দিগকে বদলি জমি দেওয়ার ব্যবস্থা করা হোক।"

Shri Rabindra Ch. Deb Rankhal :—মাননীয় স্পীকার মহোদয়, আমি এই বিধান সভায় এই প্রস্তাব করিতেছি যে ডম্বুর বাঁধ পরিকল্পনা রূপায়নে যাহাদের জমি, বাড়ীঘর জলে ডুবিয়া যাইবে তাহাদিগকে উপযুক্ত ক্ষতিপূরণ ও খাস জমি ভোগদখলকারীদিগকে বদলি জমি দেওয়ার ব্যবস্থা করা হোক।

মাননীয় স্পীকার মহোদয়, এই ডম্বুর বাঁধ ত্রিপুরার আশীর্বাদ স্বরূপ এবং এটা চার পার্শ্বের লোকের সৌভাগ্যের বিষয়। এর ফলে ত্রিপুরাতে কলকারখানা বাড়বে এবং কৃষিরও উন্নতি হবে। কিন্তু এ বাঁধের ফলে ডম্বুরনগর এলাকায় বহু গরীব লোকের ঘরবাড়ী, কৃষিজমি জলে ডুবে যাবে এবং এই পরিকল্পনা রূপায়ণের জন্য ঐ অঞ্চলের বহু কৃষি জমির প্রয়োজন হবে। কাজেই ঐ সমস্ত গরীব চাষীদিগকে তাহাদের জমির পরিবর্তে জমি দেওয়া হোক এবং ঘরবাড়ীর

জন্য ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা অতি সত্বর করা হোক। কারণ অতিসত্বর ক্ষতিপূরণ বা বদলি জমি না পেলে গরীব চাষীদের অপূরণীয় ক্ষতি হবে। কাজেই যারা উচ্ছেদ হবে তাদের আবার প্রতিষ্ঠিত করতে হবে। এই আমার প্রস্তাব।

Mr. Dy. Speaker :—Now I call on Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত বিধান সভার অধিবেশনেও তিনি এই প্রস্তাবটা এনেছিলেন। কিন্তু তা তখন move করা হয় নাই। যে কারণেই হোক ঐ সময় তিনি Houseএ উপস্থিত হন নাই বা প্রস্তাবটা withdrawও করেন নাই। গত session এ এইভাবে তা বাতিল হয়ে যায়। এই session এ আবার এই প্রস্তাব তিনি এনেছেন। প্রস্তাবটা ভাল এ সম্পর্কে আমি নিঃসন্দেহ এবং এই প্রস্তাব আমি সমর্থন করি। কিন্তু কথা হচ্ছে—মোল্লার দৌড় মসজিদ পর্য্যন্ত। এই দৌড় কতদূর পর্য্যন্ত যাবে তা আমি বুঝি। এটা একটা গুরুত্বপূর্ণ প্রস্তাব।

এই নিয়ে গতবারই আলোচনা করা প্রস্তাবকের উচিৎ ছিল। যাহোক তিনি আবার এই প্রস্তাব এনেছেন বলে তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু এই দৌড়টা কতদূর পর্য্যন্ত গিয়ে ঠেকবে তা হচ্ছে আসল প্রশ্ন। ত্রিপুরার সামগ্রিক উন্নতির জন্য ডম্বুর পরিকল্পনা রূপায়িত হচ্ছে। এই পরিকল্পনা রূপায়িত হলে ত্রিপুরাতে electrification হবে, কলকারখানা বাড়বে এবং বেকার সমস্যাও কমবে এই আশা নিয়ে সরকার এই পরিকল্পনায় হাত দিয়েছেন। কিন্তু এই প্রস্তাবের উপর সরকার যদি এই মনোভাব নেন, যে ত্রিপুরার বৃহত্তর কল্যানের জন্য সাময়িকভাবে কয়েকজন লোকের স্বার্থকে বলি দেওয়া কিছুই নহে। তা হলে আমরা আর কি করতে পারি। তবে যারা ঐ স্থান থেকে উচ্ছেদ হবে তাহাদিগকে পুনর্বাসন দিতে হবে। নতুবা তারাই আবার আমাদের সমস্যা হয়ে দাঁড়াবে। তাদের ত কোন অপরাধ নাই। আমরা পরিকল্পনার জন্য তাদের ঘরবাড়ী, জমি নিচ্ছি, কাজেই সরকারের উচিৎ তাদের ক্ষতিপূরণ এবং জমি ও অন্যান্য সাহায্য দিয়ে আবার প্রতিষ্ঠিত করা। এই পরিকল্পনার ফলে যে ১৪০০ জুমিয়া পরিবার উচ্ছেদ হবে, তাদের যদি কোন বিকল্প ব্যবস্থা না করা হয় তবে এটা একটা অভিশাপ হয়ে দেখা দিবে। নামেমাত্র সাহায্য বা ক্ষতিপূরণ নয় আমার দাবী তাদেরে economic rehabilitation দিতে হবে। কিন্তু দায়ীত্ব এড়ানোর জন্য যদি নামেমাত্র ক্ষতিপূরণ ও টীলা টঙ্করে সামান্য একটু জমি দেওয়া হয়, তাহলে তা হবে বিশ্রামগঞ্জে রামুন্নির আমলে যে আদিবাসী কলোনী করা হয়েছিল, তাহার ন্যায়। তখন সেখানে বিরাট জাকজমক করে বিরাট সাইনবোর্ড দেওয়া হয়েছিল "আদর্শ জুমিয়া কলোনী" পরে দেখা গেল সেখানে মানুষজন কিছুই নাই। ঘরবাড়ী আবার জঙ্গল হয়ে গেল। বনের পাখী বনে উড়ে গেল-প্রহসন, ঠাট্টা। মানুষের জীবন নিয়ে প্রহসন করতে এই সরকার অভ্যস্ত। হাঁ, কেউ থাকে না। কারণ টিলার উপর সামান্য একটু জায়গা বা টিনের ঘর করে দিলেই মানুষ বাঁচতে পারে না। তখন বাঁচার সন্ধানে তাকে অন্যত্র চলে যেতে হয়। কেউ গেছে একছড়ি, কেউ গেল সরমা, কেউ গেছে মম্পুই। এইভাবে বাঁচার জন্য সবাই কলোনী ছেড়ে চলে গেছে। বাঁচার একটি স্থায়ী উপায় থাকতে হবে। হয়ত পাঁচশ একর টিলা দেওয়া হলো। টীলা আবাদ করে প্রথম দুই ফসল ভালই হয়।

প্রথম বৎসর ধান হল। ২য় বৎসর মেস্টা পাট হল। ৩য় বৎসর মেস্টা করা হল কিন্তু তা আর বড় হয় না। ৩য় বৎসর থেকে আর কিছুই হয় না। তখন বিজ্ঞান সম্মত পদ্ধতিতে চাষ করার জন্য ট্রাক্টর নিয়ে আসা হল! এবং সেখানে ডিমনষ্ট্রেশন পদ্ধতিতে, ধান, কটন, মেস্টা, আঁখ নানারকম চাষ করা হয় কিন্তু লাল মাটিতে চারা গাছ আর বড় হয় না। এইভাবে নানাভাবে চেষ্টা করে সরকার failure হল, সেখানে মানুষ কি করে বাঁচবে। তারা সব কলোনী ছেড়ে চলে গেল। তখন ঠাট্টা করে বলা হল বনের পাখী বনেই উড়ে গেল। জুমিয়া পুনর্ব্বসতি ফাঁকি দিয়ে হয় না। জুমিয়াদের দুর্ভাগ্য। আমি স্বীকার করি জুমিয়াদের যে সামাজিক রীতিনীতি, নিয়মকানন তাতে রাতারাতি তাদের পরিবর্ত্তন সম্ভব নয়। তা সময় সাপেক্ষ এবং ধৈর্য্য সহকারে সব কিছু করতে হবে। সেইদিক দিয়ে সামান্য কয়েকটা টাকা নিয়েই সরকার দায়ীত্ব থেকে খালাস পেতে চান। টিলার উপর একটা ঘর তুলে সামান্য কয়েকটা টাকা দিয়ে বসিয়ে দিলাম এতে কিছু হবেনা। তাদের দীর্ঘ জীবন ধারা এবং সামাজিক নিয়ম কানুন ধীরে ধীরে পরিবর্ত্তন করে নূতন জীবন ধারার সঙ্গে মিলিয়ে দিতে হবে। কাজেই এই সব পুরাতন অভিজ্ঞতার ভিত্তিতে নূতনভাবে, নূতন পদ্ধতিতে জুমিয়া পুনর্ব্বাসনের জন্য আমাদের অগ্রসর হতে হবে। ডম্বুর পরিকল্পনার ফলে অমরপুর থেকে যে ১৫০০ জুমিয়া পরিবারকে তুলে দেওয়া হবে, পূর্ব্বের ন্যায় টিলার উপর একটা ঘর তুলে দিয়ে যদি তাদের পুনর্ব্বাসনের কাজ সারা হয় তাহলে তা পূর্ব্বের ন্যায় অভিশাপই আনবে। কাজেই এই প্রস্তাবের সমর্থনে আমি এই হাউসে আবেদন করব যে তাদের যেন অর্থ নৈতিক পুনর্ব্বাসন দেওয়া হয়। টিলা জমি নয়, যদি প্রয়োজন হয় জমি কিনেও যেন তাদের পুনর্ব্বাসন দেওয়া হয়। পয়সা দিলে জমি কিনতে পাওয়া যায়। Administrator এর পলিসি ষ্টেটমেন্টেও বলা হয়েছে যে উপজাতীয়দের চিন্তা ধারা sharply রূপান্তরিত হচ্ছে কারণ প্রয়োজনের তাগিদেই তারা এই পর্য্যায়ে এসে পৌঁচেছে। সরকারী আদেশ যে পালন করছে তা নয়। তারা বাঁচার তাগিদেই জুম চাষ করছে, জেলে যাউক বা হাজত ভোগ করুক তবুও খাওয়ার জন্য, বাঁচার জন্য তারা জুম করতে বাধ্য হচ্ছে। কিন্তু আজকে শুধু জুম দ্বারা যে বাঁচতে পারবেনা তা তারা নিজেরাও জানে। কাজেই তাদেরকে ফলের বাগান ইত্যাদি করে বাঁচার ব্যবস্থা করে দেওয়ার উল্লেখও এখানে আছে। কিন্তু এই Scheme কমলপুরের শিকারী বাড়ীর একটি ঘটনা, অবশ্য আমি প্রত্যক্ষদর্শী না, তবে Ruling party এর মাননীয় সদস্যদের বক্তব্য থেকে শুনেই আমি বলছি কিরূপ নির্ম্মম পরিহাস সেখানে করা হয়েছিল। কাজেই এইরূপভাবে Scheme করার কোন সার্থকতা থাকেনা। সরকারপক্ষ থেকে অবশ্য বলা হয় যে আমরা টাকা দিয়েছি, জায়গা দিয়েছি, এখন তারা যদি না থাকে আমরা কি করব। এইভাবে দায়িত্ব এড়ানো খুব সহজ। একটা জিনিষ স্বীকার করতেই হবে যে এই এলাকায় মানুষ খুবই অনুন্নত, পশ্চাদপদ কাজেই তাদের সম্পর্কে বিশেষভাবে চিন্তা করা দরকার। এই রাজ্যে দীর্ঘদিন ধরে বাস করছে অথচ তাদের কোন জমি নাই। আমরা খবর চাই যে এই জুমিয়া এলাকাগুলিতেই লোক খাদ্যভাবে অনাহারে বেশী মারা যাচ্ছে। কাজেই খুব আন্তরিকতা নিয়ে তাদের অর্থ নৈতিক পুনর্ব্বাসন দেওয়া প্রয়োজন বলেই আমি এই প্রস্তাবটা সমর্থন করছি।

Mr. Speaker :—Shri Radhika Ranjan Gupta.

Shri Radhika Ranjan Gupta :—মাননীয় স্পীকার স্যার, মাননীয় সদস্য শ্রীরবীন্দ্র রাংখল যে প্রস্তাবটা এখানে এনেছেন তা আমি সমর্থন করছি। আজকে ডম্বুর Project যেটা আরম্ভ হয়েছে সেটা ত্রিপুরার আশির্ব্বাদ স্বরূপ। আমরা আশা করছি এই প্রকল্পের ফলে ত্রিপুরায় অর্থনীতির বুনিয়াদ দৃঢ় হবে। মানুষের জীবনে একটা নূতন চেতনা জেগে উঠবে। এই বিদ্যুতের সাহায্যে আমরা কৃষিতে একটা বিপ্লব আনতে পারব। শিল্প জগতে একটা রূপান্তর আমরা আশা করছি। কিন্তু তার সাথে সাথে আমরা লক্ষ্য করছি ঐ অঞ্চলে একটা বিরাট এলাকা জল প্লাবিত হবে। এইজন্য প্রায় ১৪০০ পরিবারকে সেখান থেকে উঠে যেতে হবে। কাজেই সেই বাস্তুত্যাগীদের পুনর্ব্বাসনের ব্যবস্থা করতেই হবে। আমি যতদূর জানি সেই প্রকল্পের মধ্যেই এই বাস্তুত্যাগীদেব পুনর্ব্বাসনের জন্য টাকা বরাদ্দ করা আছে। ইতিমধ্যে সেই সমস্ত পরিবারগুলির কিছু কিছু জায়গা জমির ব্যবস্থা করাও হচ্ছে। আমি যতটুকু জানি Survey of India এই এলাকাতে এই ব্যাপারে পরীক্ষা নিরীক্ষা চালাচ্ছেন। যেখানে এতটাকা খরচ করে একটা প্রকল্পের কাজ হাতে নেওয়া হয়েছে। সেখানে সেই সমস্ত বাস্তুহারাদের সুষ্ঠু পুনর্ব্বাসন দেওয়া সরকারের অবশ্য কর্ত্তব্য। সেখানে টাকার চিন্তা করলে চলবেনা। টাকা যাহাই লাগুক না পুনর্ব্বাসন তাদের দিতেই হবে। আজকে আমরা ত্রিপুরার ১৬ লক্ষ লোক এই প্রকল্পের ফল ভোগ করব আর ঐ অঞ্চলের লোকেরা পথে পথে ঘুরে বেড়াবে সেটা কিছুতেই হতে পারেনা। সুতরাং সেই দায়িত্ব আজকে সরকারকে যথাযথভাবে পালন করতে হবে। এবং আমি জানি সরকার এই ব্যাপারে যথেষ্ট সচেতন। আজকে তাদের পুনর্ব্বাসন অন্যান্য আদিবাসীদের যেভাবে পুনর্ব্বাসন দেওরা হয় সেইভাবে দিলে চলবেনা। তাদের জন্য একটি অঞ্চলকে সরকারী খরচে আবদ্ধ করে, কৃষিযোগ্য জমি দিয়ে তাদেরকে পুনর্ব্বাসন দিতে হবে। যে বিদ্যুত আমরা উৎপন্ন করব, সেই বিদ্যুত যেন তাদের কৃষি কার্য্যে ব্যবহারের জন্য দেওয়া হয় যাতে বিদ্যুতের সাহায্যে তারা উন্নত প্রথার কৃষিকার্য্য করে জীবিকা নির্ব্বাহ করতে পারে। তারপর আমি বলব সেখানে যারা জমির মালীক তাদেরকে যেন জমির ক্ষতি পূরণ দেওয়া হয়। আমি জমি এখানে ক্ষতিপূরণের ব্যাপার দুইটা আইন চালু আছে। একটা হল West Bengal Land Development and Land Planning Act. এবং আরেকটা হল Land Acqusition Act, আমরা দেখি অনেক ক্ষেত্রে সেই Land Development & Planning Act এ Land acquisition করা এবং ক্ষতিপূরণ দেওয়া হয়। কাজেই আমি বলব এখানে যেন Land acquisition Act অনুযায়ী ক্ষতিপূরণ ধার্য্য করা হয় এবং তার 15% যে দেওয়ার Provision আছে তাও যেন দেওয়া হয়, যারা ক্ষতিপূরণ পাবেন তারাও যদি সেই অঞ্চলে পুনর্ব্বাসন চায় তবে তাদেরকেও পুনর্ব্বাসন দেওয়া উচিত। পরিশেষে আমি সরকারকে অনুরোধ করব যাতে এই প্রকল্পকে একটা সুন্দর প্রকল্পরূপে গড়ে তোলা যায় এবং সেই ১৪০০ পরিবারকে যাতে সুষ্ঠুভাবে পুনর্ব্বাসন দেওয়া যায় এবং আমরা ত্রিপুরার সমস্ত লোক যাতে বিভিন্নদিকে এই প্রকল্পের ফল ভোগ করতে পারি তার ব্যবস্থা যেন করা হয়। এই বলেই রবিবাবুর প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—Shri Promode Ranjan Das Gupta.

Shri Promode Ranjan Das Gupta :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীরবীন্দ্র চন্দ্র দেব রাংখল House এর সামনে যে প্রস্তাবটা এনেছেন আমি তা সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে মাননীয় সদস্য শ্রীঅঘোর বাবু বিদ্রূপাত্মক ভাবে বল্লেন যে মোল্লার দৌড় মসজিদ পর্য্যন্ত। এতবড় একটা প্রস্তাব যে প্রস্তাবের সাথে ১২০০ থেকে ১৫০০ পর্য্যন্ত লোকের জীবন মরণ সমস্যা জড়িত, সেই প্রস্তাবটাকে সমর্থন করতে গিয়ে তিনি যে বল্লেন "মোল্লার দৌড় মসজিদ পর্য্যন্ত"—এই কথা বলা ঠিক হয়নি। আমি মনে করি যে constructive চিন্তাধারা নিয়ে এই প্রস্তাব এখানে আনা হয়েছে তার মূল্য যথেষ্ট। সেটাকে এইভাবে negative way তে দেখা খুবই পরিতাপের বিষয়। কারণ সেটা একটা "গণতান্ত্রিক Parliamentary ব্যবস্থা" এই প্রস্তাবকে এই ভাবে দেখা হয় না। এটা একটা controveısial প্রস্তাব নয়, এটা হচ্ছে একটা constructive লাইনের প্রস্তাব যেটা উভয়ে সমর্থন করা বা যে উদ্দেশ্য সেটা কার্য্যে পরিণত হয়। এই প্রস্তাবটির দুটি ভাগ। একটি হচ্ছে যাদের জমি আছে, যাদের বাড়ীঘর আছে এবং জোতদার। আর একটি ভাগ দেখিয়েছেন যারা খাস জমি দখলকারী আছে ওদের উভয়কেই রক্ষা করার জন্যই মাননীয় সদস্য শ্রীরবীন্দ্র চন্দ্র দেব রাংখল মহাশয় এই প্রস্তাব এখানে রেখেছেন এবং তিনি সুন্দরভাবে তা পরিবেশন করেছেন। এবং তিনি দাবীও করেছেন যে উভয়কেই রক্ষা করতে হবে। সেখানে যে ডম্বুর পরিকল্পনা সেই পরিকল্পনার মধ্য দিয়ে যে বিদ্যুৎ পাব—শুধু বিদ্যুৎই পাবনা—সেই পরিকল্পনা যদি সার্থক হয় তাহলে আমরা যে ২০ square mile জমি জলের নীচে চলে যাবে তাকেও আমরা কাজে লাগাতে পারব। কারণ জল যখন বর্ষাকালে ৩ হাজার ফুট উপরে চলে যাবে এবং গ্রীষ্মকালে জল যখন ১০০ ফুট নীচে নেমে আসবে তখন প্রায় ৫ হাজার একর জায়গায় বুরোধান করা যাবে। যারা ইঞ্জিনীয়ার যারা এই প্রকল্পের দায়ীত্বে আছেন তারা বলেছেন যে এই যে ৫।৬ হাজার একর জায়গা সেখানে বুরো ধান করা যাবে এবং সেটাকে কৃষি বিভাগে গ্রহণ করা কর্ত্তব্য। এবং কৃষি বিভাগ থেকে বুরোধান চাষ করা যেতে পারে। তারপর সেই প্রকল্পের যেখানে জল জমবে সেখানে গাছ গাছরা সব কেটে যদি পরিস্কার করে দেওয়া হয় তাহলে সেখানে একটা বিরাট মৎস্য চাষের সুযোগ হবে। সেখানে যারা ইঞ্জিনীয়ার আছেন তারা একথা বলেছেন। অতএব দেখা যায় এই প্রকল্প কার্যকরী হলে বিদ্যুৎ শক্তি পাওয়া যাবে। কৃষির জন্য জল সেচের ব্যবস্থা হবে আমাদের শিল্পের মধ্যে নুতন রূপ আসবে। তার সাথে যে বিরাট একটা অংশ যে জলে প্লাবিত হবে সেখানেও বুরোধান এবং মৎস্য চাষেরও ব্যবস্থা করা যাবে। অতএব যে ১২ শত থেকে ১৫ শত পরিবার বাস্তুহারা হবে তাদের আমরা দুইভাবে সেখানে পুনর্ব্বাসন দিতে পারব, তাদের পুনর্ব্বাসন শুধু মাত্র ক্ষতিপূরণ নয়, তাদের মাটিতে বসাতে হবে, জীবন ধারণের সমস্ত রকম দায় দায়িত্ব আমাদের সরকারকে বহন করতে হবে, এবং সেটা পরিকল্পনার অন্তর্ভুক্ত আছে বলে আমি জানি। তারজন্য বিশেষভাবে Survey করে প্রকৃত অবস্থাটা দেখতে হবে। এই যে বুরো ধান করবার প্রচুর সুবিধা আছে সেই বুরোধানের জায়গাতে এই যে পরিবারগুলি তারা যাতে

চাষাবাদ করার সুযোগ পায় সেটাও সরকারকে বিবেচনা করতে হবে। অর্থাৎ এই প্রস্তাবের মধ্যে মাননীয় সদস্য রবি বাবু রাখছেন যে এই যে ১৫০০ পরিবার, তাদেরকে জমি দখল করে আমরা বিদ্যুতের যে ফল ভোগ করব, সেই সুযোগ তারাও পাবে এবং তাদেরকে সুন্দরভাবে পুনর্বাসন দিতে হবে, তাদেরকে সব রকম সুযোগ দিতে হবে। Actএ যে কথা বলছে Land Acquisition to land development Actএর যে ক্ষতিপূরণ আমি সেখানে বলব যে acquisitionএ তাদের যে ক্ষতিপূরণ হয় তাদেরকে শুধু সেই ক্ষতিপূরণ যেন না দেওয়া হয়। তাদের ক্ষতিপূরণ অর্থে যাতে জমিজমা পেয়ে তারা বাঁচতে পারে। অর্থাৎ যার অর্থ হচ্ছে সম্পূর্ণ পুনর্বাসন। আমি ডুম্বুরে গিয়েছি। সেই সব জংলা জায়গার যে দাম, তার ভিত্তিতে তাদের যদি ক্ষতিপূরণ দেওয়া হয় তাহলে তারা অনেকেই কিছু পাবে না। আমি বলব ক্ষতিপূরণ নয়; সম্পূর্ণ পুনর্বাসন, এই ১২ শত ১৫ শত পরিবার যাতে শিক্ষার দিক দিয়ে বঞ্চিত না হয় তার সুযোগও দিতে হবে। এক কথায় জমির সুযোগ, শিক্ষার সুযোগ ও চিকিৎসার সুযোগ তাদের দিতে হবে। কথা হচ্ছে যে ১৫ শত পরিবার তাদের জমি সরকারকে দিয়ে এই প্রকল্প চালু করে ত্রিপুরাকে খাদ্যে স্বয়ংসম্পন্ন করবে শিল্পের অগ্রগতি আনয়ন করবে, বেকার সমস্যা সমাধান করবে, সেই পরিবারগুলিকে পূর্ণ পুনর্বাসন দিতে হবে। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker :—Shri Bidya Chandra Deb Barma.

শ্রীবিদ্যাচন্দ্র দেববর্ম্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য রবিবাবু যে প্রস্তাব রেখেছেন সেই প্রস্তাবটা খুবই ভাল প্রস্তাব, তিনি যে এরূপ একটি গুরুত্বপূর্ণ প্রস্তাব আজ এই হাউসে উত্থাপন করেছেন তার জন্য তাকে আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। যাহা হউক, এই ডুম্বুর পরিকল্পনা তাহা কার্য্যকরী হলে আমাদের সারা ত্রিপুরায় যে বেকার সমস্যা তার কিছুটা লাঘব হবে, কৃষির ক্ষেত্রে এবং শিল্পের ক্ষেত্রে সাহায্য হবে, তবে সেই প্রকল্প সম্বন্ধে বলতে গিয়ে অনেকে অনেক ভাবে বক্তব্য রেখেছেন, কাজেই এই সম্বন্ধে আমার বলবার বিশেষ কিছু নেই সামান্য কিছু বলে আমার বক্তব্য শেষ করতে চেষ্টা করব। মাননীয় সদস্য প্রমোদ বাবু যে কথাটা বলেছেন যে সমস্ত রকম সুযোগ সুবিধা তাদের দিতে হবে, এ ছাড়াও তিনি বলেছেন সেখানকার ইঞ্জিনীয়ার নাকি বলেছেন এই প্রকল্পের ফলে সেখানে বুরো ধান করা যাবে, মৎস্য চাষ করা যাবে, সেটা যদি হয় তবে খুবই ভাল, কিন্তু আমরা যারা চাষী তারা জানি বুরো ধান এখন কাটা হয়। মৎস্য চাষ হতে পারে। ধান করতে হলে উঁচু জমিতে হতে পারে, কিন্তু নিচু জমির দিকে সম্ভাবনা খুবই কম। তাদেরকে এমন জায়গায় পুনর্বাসন দিতে হবে যে জায়গাতে জলে তাদের বাড়ীঘর ডুবাতে না পারে। পুনর্বাসন যাতে ঠিক ঠিক মত দেওয়া হয় তার জন্য আমি উনার প্রস্তাবটাকে সমর্থন করছি। এই কাজটা যাতে দ্রুত সম্পন্ন করা হয় তার জন্য আমি অনুরোধ করছি: কারণ এই প্রকল্পটা কার্য্যকরী হলে আমাদের খাদ্য সমস্যা সমাধানের কাজ কিছুটা অগ্রসর হতে পারে, এর আগে আমাদের ত্রিপুরাতে ২টি Industry হওয়ার কথা ছিল, সেগুলি যদি হত তাহলে বেকার সমস্যার কিছুটা সমাধান হত। যেমন চিনির মিল পেপার মিল, কিন্তু তা হয় নি। বলতে পারেন যে রেল

লাইন না আসার দরুণ আমরা ভারী যন্ত্রপাতি আনতে পারি না, এ একটা অসুবিধা আছে। এই সমস্ত প্রকল্প করতে হলে ভারী জিনিষ আনতে হয়. তার জন্যই রেল লাইনের প্রয়োজন। ১৯৭১ সালে প্রকল্পটা শেষ হবে বলে একটা target date আছে, যদি এই সময়ে এটা শেষ হয় তাহলে তো ভাল কথা, যদি এই সময়ের মধ্যে তা শেষ না হয় তাহলে বেকার সমস্যা শেষ হবে না, ত্রিপুরাতে দিন দিন যেভাবে লোক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে এবং তার সঙ্গে সঙ্গে বেকারের সংখ্যাও বৃদ্ধি পাচ্ছে। যদি আমরা ত্রিপুরাতে Industry গড়ে তুলতে না পারি তাহলে বেকার সমস্যা কিছুতেই সমাধান করতে পারব না। পাকিস্থান থেকেও প্রতিদিন অগণিত লোক ত্রিপুরাতে প্রবেশ করছে ত্রিপুরায় বেকার সমস্যা বৃদ্ধি পাবার এটা আর একটি অন্যতম কারণ। কত লোক ত্রিপুরাতে আছে তার হিসাব রাখা সম্ভব হচ্ছে না, সরকার যদি সেই রকম একটা রেজিষ্টার maintain করতেন তাহলে সেই হিসাব রাখা সম্ভব হত। আর তাদেরকে একভাবে কর্মে নিয়োগ করা যেত, আর ত্রিপুরার যারা অধিবাসী তাদেরকে একভাবে কর্মে নিয়োগ করা যেত। যারা শ্রমিক শ্রেণীর তাদেরকে কল কারখানায় নিয়োগ করা যেত। অতএব এই প্রস্তাবটাকে আমি সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Abhiram Deb Barma :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য রবিবাবু যে প্রস্তাবটা এনেছেন সেটা খুবই গুরুত্বপূর্ণ। এই প্রস্তাবটা যদি পাশ হয় এবং House যদি এটা সমর্থন করেন তাহলে সত্যিই রবিবাবুকে ধন্যবাদ জানাব। ডম্বুর প্রকল্প ত্রিপুরাবাসীর একটা অনেক দিনের দাবী। এই প্রকল্পটা হউক এটা ত্রিপুরার সকলেই চায়, ডম্বুর প্রকল্প সফলভাবে কার্য্যকরী হলে বর্ত্তমানে ত্রিপুরায় বিদ্যুতের যে অভাব চলছে তা অনেকাংশে পূরণ হবে। শিল্পক্ষেত্রেও সাহায্য হবে এবং কিছু লোকের কর্ম সংস্থানের ব্যবস্থা হবে। এই দিক দিয়ে এই ডুম্বুর প্রকল্প ত্রিপুরার একটা আশা। কিন্তু এই প্রকল্পটা রূপায়ণ করতে গিয়ে রাইমা সরমা এলাকায় যে ১৫০০ পরিবার তাদের জমি হতে উৎখাত হয়ে যাবে তাদের ব্যবস্থা আজ ত্রিপুরার সরকারকে গভীরভাবে চিন্তা করতে হবে। তাদের বাঁচার ব্যবস্থা যদি না করেন তাহলে পরে এই যে ডুম্বুর প্রকল্প ত্রিপুরার আশা, এটা হবে নিরাশা। কাজেই যে ১৫০০ পরিবার উচ্ছেদ হবে এই প্রকল্পের ফলে তাদের জমি দেওয়ার ক্ষেত্রে বা পুনর্ব্বাসনের ক্ষেত্রে যাতে রাজনীতির খেলা না হয় তার জন্য অনুরোধ করছি। তাহলে সেখানকার জনসাধারণের বাঁচার কোন ব্যবস্থা থাকবেনা।

আমি বলছি এই কারণে জুমিয়া পুনর্ব্বাসনের ব্যাপারে দেখেছি যে সেটাকে একটা রাজনৈতিক হাতিয়ার হিসাবে ব্যবহার করা হয়েছে রুলিং পার্টিরদ্বারা। কাজেই এইক্ষেত্রে যাতে এটার পুনরাবৃত্তি না হয়। যদি তা ঘটে তাহলে এটা খুবই দুঃখের ব্যাপার হবে। আজকে জুমিয়াদের ক্ষেত্রে দেখি একটা কথা আছে জুমিয়া পুনর্ব্বাসন পেতে হলে কংগ্রেসী খাতায় নাম লিখাতে হবে, নাম না লিখালে তার জুমিয়া পুনর্ব্বাসন পাওয়ার কোন ব্যবস্থা থাকবেনা। এই ডুম্বুর প্রকল্পের ফলে যে পনর শত পরিবার উচ্ছেদ হতে চলছে তাদের অন্যত্র জমি দেওয়ার ক্ষেত্রে বা তাদের অর্থ নৈতিক সাহায্য করার ক্ষেত্রে এই জুমিয়ার খেলা যাতে সেখানে না হয় সেই আশা করব। তাদের যাতে সুষ্ঠু পুনর্ব্বাসন সুশৃঙ্খলভাবে একটা পরিকল্পনা

মাঙ্কিক হয় সেইজন্য আমি রুলিং পার্টির নিকট এবং মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট অনুরোধ করব। জানিনা কি তার গতি হয়। এই অবস্থা যদি হয় তবে খুবই দুঃখের হবে। এই যে ডুম্বুর প্রকল্প এটা কার্যকরী হলে ত্রিপুরার পক্ষে খুবই সহায়ক হবে।

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, ডুম্বুর প্রকল্প রূপায়িত করতে গিয়ে সেখানকার যে সকল পরিবার ক্ষতিগ্রস্থ হবে তাদের জন্য সরকার একটি সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করে ইতিমধ্যেই Director of Project নামে একটা unit আমরা গঠন করেছি ক্ষতিগ্রস্থদের পুনর্ব্বাসন দেওয়ার জন্যে। তাদিগকে সুষ্ঠভাবে বসবাস করবার ব্যবস্থা ইতিমধ্যেই আরম্ভ করা হয়েছে। ত্রিপুরার প্রতিটি মানুষ এই পরিকল্পনার মাধ্যমে তারা বাঁচায় পথের সন্ধান পাচ্ছে। বাঁধের ফলে ক্ষতিগ্রস্থ লোকদের পুনর্ব্বাসন দেওয়ার জন্যে ডুম্বুর পরিকল্পনায় একটা বিশেষ অর্থের বরাদ্দ রাখা হয়েছে। সেখানে land reclamation maintenance এবং কি কি ফসল সেখানে করা যেতে পারে, ভূমিক্ষয় হলে পরে বিকল্প কি ব্যবস্থা করা যেতে পারে সেইজন্য একজন expert সেখানে নিয়োগ করা হয়েছে। সেখানকার একটি দিক হলো কৃষি এবং horticulture, আর একটি দিক মৎস চাষের। সেখানে যে বিরাট অঞ্চল জুড়ে resevoir হবে সেখানে মৎস্য চাষের জন্যও ব্যবস্থা রাখা হয়েছে। সেই reservoir এর জল দিয়ে যাতে irrigation করা যেতে পারে তারও ব্যবস্থা রাখা হয়েছে। এই Hydel project করতে গিয়ে যারা evicted হবে তাদের শক্তিশালী করার জন্যই পূর্ব্ব থেকে এই ব্যবস্থা গুলো রাখা হয়েছে।

এখানে একটি কথা বলা হয়েছে যে রাইমা সরমাতে যারা affected হবে, রাইমা সরমার কথা আমি বলছি এই প্রকল্পের ফলে যারা evicted হবে তাদের সবাইর জন্যই এইসব ব্যবস্থা রাখা হয়েছে। এখানে বলা হয়েছে যে জুমিয়া পুনর্ব্বাসন নিয়ে আমরা রাজনৈতিক খেলা খেলছি। এই প্রসঙ্গে আমি বলব আমরা খোয়াই অঞ্চলে জুমিয়া পুনর্ব্বাসন দিয়েছি যখন, তখন তারাই সেই অঞ্চলের, কল্যাণপুরের, তেলিয়ামুড়া, টাকারজলা, ছড়িলাম, সিধাই ও জিরানীয়াতে তারাই ছিলেন। তখন তারা কি করেছিলেন? পার্টির চাঁদা আদায় করার জন্য, যারা ল্যাণ্ড ওয়ালা ছিল তাদের ল্যাণ্ড ছিনিয়ে নিয়ে, তাদের ল্যাণ্ডলেস করা হলো, চাঁদার তহবিল হলো কার জন্য? তাদের সে জনতা, সেই জনতা হলো শান্তিসেনা, গণামুক্তি ফৌজ, স্যাংক্রাক প্রভৃতি দলকে পুষ্ট করার জন্য তারা এই ব্যবস্থা করে বুঝেছেন যে এই রাজনীতির খেলা বেশীদিন চলে না। জুমিয়া যেসব ভাইদের তারা সর্ব্বস্বান্ত করেছেন, তাদিগকে সরিয়ে ফেলা হয়েছে তাই আমি তাদিগকে সেদিকে দৃষ্টি দিতে বলবেন। তারা জুমিয়াদের কাছ থেকে তাদের পুনর্ব্বাসনের টাকা নিয়েছেন তাদের rehabilitation দিতে, দেয়নি। যারা সরকারের সঙ্গে সহযোগিতা করবে তাদের বলেছেন তারা যে নির্ম্মমভাবে তাদিগকে হত্যা করা হবে। এটাই করেছেন তারা।

শ্রীঅঘোর দেববর্মা :—যেমন রবীন্দ্র মালাকার।

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—আমি তাদিগকে একথা চিন্তা করতে বলবো। তারা আজকে অবশ্য এখানে একথা বলছেন কিন্তু

এর আগেই এটার সুর গেয়ে রেখেছেন তারা কি করবেন। তারা আগেই প্রচার করেছেন "যদি ঐ রকমের জায়গা না পাও তাহলে তোমরা জায়গা ছেড়ে যাবেনা।" ডম্বুর পরিকল্পনার ক্ষেত্রে তারা এখানে সেটা সমর্থন করেছেন কারন এটা ত্রিপুরার আপামর জনসাধারনের অন্তরের দাবী। আর বাইরে গিয়ে বলছেন, ওদের মধ্যে প্রচার করছেন যে ডম্বুর প্রজেক্ট হলে তোমরা মরবে। কিন্তু সেখানকার জনসাধারন তাদের কথা শুনছেন না। তারা তা চায়। কারণ তারা উপকৃত হচ্ছে। কর্মসংস্থানের দিকদিয়ে, রাস্তাঘাটের দিকদিয়ে, Fisheryর দিকদিয়ে। বৃক্ষাদি কর্ত্তনের দিকদিয়ে সেখানকার লোকদের একটা আর্থিক উন্নতি হবে। তবে তাদের কথা সেখানকার লোক শুনছেন না দেখে তাদের উপর চাপ দিচ্ছেন। তবে আমরা জানি তারা illegal activities করে যাচ্ছেন। সেদিক দিয়ে আমি আবেদন করবো মাননীয় সদস্যরা যারা এখানে আছেন তারা যদি সেই স্থলে গিয়ে সেখানকার কাজকর্ম্মের কোন ত্রুটী বিচ্যুতি তাদের চোখে পড়ে সে সব ত্রুটী বিচ্যুতি তারা যদি আমাদের নজরে আসেন তাইলে আমরা তা মাথাপেতে নেব এবং সংশোধনের জন্য চেষ্টা করবো।

আমি আশা করি ডম্বুর প্রকল্পকে জয়যুক্ত করার জন্য তারা সহযোগীতা করবেন। আমি প্রস্তাবকে এই আশা দিচ্ছি এবং আশা করি তিনি তার প্রস্তাব বিবেচনা করে দেখবেন।

Mr. Speaker :—Shri Rabindra Chandra Deb Rankhal.

শ্রীরবীন্দ্রচন্দ্র দেব রাংখল :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার প্রস্তাবটি সমর্থন করতে গিয়ে মাননীয় অঘোর বাবু বলছেন যে গত সেসানে আমার প্রস্তাবটা ফেলে রেখে আমি পালিয়ে চলে গিয়েছি। এটা একটা অবান্তর কথা। আমি পালিয়ে যাইনি বিশেষ একটা কাজে আমি বাইরে ছিলাম হাউসে উপস্থিত থাকতে পারিনি। যাই হউক মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মুখ্যমন্ত্রী আশা দেওয়ার আমি এই প্রস্তাবটি প্রত্যাহার করে নিচ্ছি।

Mr. Speaker :—Withdrawal requires the leave of the House-

The question before the House is the withdrawal of the resolution moved by Shri Rabindra Deb Rankhal.

The question put to vote and agreed to, the resolution was withdrawn with the leave of the House.

Mr. Speaker :—Next resolution of Shri Ershad Ali Chowdhury. I would call on Shri Chowdhury to move his resolution that this Assembly is of openion that ত্রিপুরার বিভিন্ন মহকুমা হইতে সংখ্যালঘু সম্প্রদায়ের (মুসলমান) ব্যাপকভাবে সম্পত্তি বিনিময় করিয়া বা অন্যপ্রকারে চলিয়া যাওয়ার ফলে তাহাদের পরিত্যক্ত মকতব মাদ্রাসা মস্‌জিদ প্রভৃতি ধর্ম্মীয় প্রতিষ্ঠান এবং ওয়াকফ সম্পত্তি প্রভৃতি সুষ্ঠুভাবে রক্ষনাবেক্ষন ও পরিচালনার জন্য ত্রিপুরার প্রতি মহকুমায় প্রয়োজন বোধে সরকারী ও বেসরকারী অন্যুন ৫ জন প্রতিনিধি স্থানীয় ব্যক্তিতে নিয়ে একটি শক্তিশালী কমিটি গঠন করা হউক।

Shri Ershad Ali Choudhuy M. L. A.—মাননীয় অধ্যক্ষ মহোদয় আমার resolutionটা আমি পড়ছি ত্রিপুরার বিভিন্ন মহকুমা হইতে সংখ্যালঘু সম্প্রদায়ের (মুসলমান) ব্যাপকভাবে সম্পত্তি বিনিময় করিয়া বা অন্য প্রকারে চলিয়া যাওয়ার ফলে তাহাদের পরিত্যক্ত মকতব

মাদ্রাসা মসজিদ প্রভৃতি ধর্মীয় প্রতিষ্ঠান এবং ওয়াকফ্ সম্পত্তি প্রভৃতি সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণ ও পরিচালনার জন্য ত্রিপুরার প্রতি মহকুমায় প্রয়োজনবোধে সরকারী ও বেসরকারী অন্যূন ৫ জন প্রতিনিধি স্থানীয় ব্যক্তিকে নিয়া একটি শক্তিশালী কমিটি গঠণ করা হউক। মাননীয় অধ্যক্ষ মহোদয় আমার এই যে প্রস্তাবটি তা আনার কোন প্রয়োজ- ছিল না। আমরা ত্রিপুরাতে হিন্দু, মুসলমান, জৈন বৃদ্ধ, খৃষ্টান শত শত বৎসর পর্য্যন্ত এক সঙ্গে মিলেমিশে বসবাস করছিলাম। কিন্তু আজকে অবস্থার পরিপ্রেক্ষিতে এই যে resolutionটা house এ আনতে হয়েছে সেজন্য আমি অত্যন্ত দুঃখিত। কারণ এই প্রস্তাব না এনেও পারা যাচ্ছে না। বাস্তবের সঙ্গে সঙ্গতি রেখেই আমি এই প্রস্তাব রেখেছি। আমার এই প্রস্তাবটি জটিল নয়। এইটা অতি সাধারণ ও সহজ। আমি মাননীয় অধ্যক্ষ মহোদয় এই বুঝাতে চাচ্ছি যে ১৯৬১ সালে যে census হয়েছিল তাতে দেখা গেছে যে ত্রিপুরা রাজ্যে মুসলমান সম্প্রদায় প্রায় ৩ লক্ষ সাড়ে তিন লক্ষ ছিল। কিন্তু আজকে তারা অনেকেই চলে গেছে। কারণ অনেক গুজব রটে ছিল যে তারা সহসাই landless হবে। ত্রিপুরা রাজ্যের যেখানে মুসলমান সংখ্যা গরিষ্ঠ ছিল সেখানে অনেক মসজিদ, মাদ্রাসা, মকতব, করবখলা ইত্যাদি ধর্মীয় সম্পত্তি ছিল এবং তারা নিজেরাই সেগুলির রক্ষণাবেক্ষণ করত। কিন্তু আজকে দেখা যায় যে যেখানে ১০০টি পরিবার ছিল সেখানে ১০টি পরিবারও নেই।সেখানে মসজিদ হয়ত ১০টি আছে সেই সমস্ত মসজিদগুলির মধ্যে এখন ১টি মসজিদের মধ্যে নমাজপরছে বাকীগুলি এমনিই পড়ে আছে। আবার দেখা গেছে যেখানে ৫০টি মুসলমান পরিবার আছে সেখানে মাত্র দু'টি মসজিদ আছে। এখন আমার কথা হচ্ছে যেখানে ৯টি মসজিদ পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে সেগুলি যদি যেখানে লোকসংখ্যা বেশী সেখানে নিয়া যাওয়া হয় তাহলেভাল হয়। আমাদের ধর্মে আছে যে ঘর মসজিদের জন্য তৈরী হয়েছে সে ঘর অন্য কোন কাজে লাগাতে পারবে না। অনেক সময় দেখা যায় অন্য গ্রাম থেকে মসজিদ আনতে গেলে বাধা দেয় যে আমরা এটা দেব না। যেখানে আছে সেখানেই থাক। তোমরা এটা নিতে পারবে না। এইভাবে আজকে সমস্ত মসজিদ, মাদ্রাসা মকতব পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে। কোনরূপ রক্ষনাবেক্ষন হচ্ছে না। আমি দৃষ্টান্ত স্বরূপ বলছি যে Fire brigade এর নিকট আরমান আলী মুন্সির বাড়ীতে একটি মসজিদ ছিল। আজকে এই মসজিদটি নেই। মাদ্রাসার কথায় আমি বলছি যে কামান আলি মাদ্রাসা প্রতি মাসে সরকার থেকে ১০০ টাকা করে Aid পেত। সেখানে সেই মাদ্রাসা সুন্দর সুষ্ঠুভাবে চলছিল কিন্তু আজকে সেই মাদ্রাসার কোন অস্তিত্বই নেই। সমস্ত টিন যে কোথায় উধাও হয়ে গেছে তার কোন পাত্তা নেই। তারপর কবর খলার কথা বলছি। ঝগড়িয়া মুড়ায় একটি কবর খলা ছিল। তাতে সমস্ত শহরের মাতব্বর মুসলমানদের কবর দেওয়া হত। কিন্তু আজকে দেখা যাচ্ছে যে সেখানে হয়ত একটা ক্লাব হয়েছে, নয়ত বা বাড়ী তৈরী হয়ে গেছে। কাজেই যে সমস্ত মুসলমানরা এখানো রয়ে গেছে তাদের কবর দেওয়ার কোন স্থান নেই। অভয়নগর কবর খলারও সেই অবস্থা। সেটা কি কারো নামে বন্দোবস্ত হ'ল না কি হ'ল আমরা কিছুই জানি না এটা একটা ওয়াকফ্ সম্পত্তি। আগে এই ওয়াকফ্ সম্পত্তির Govt. এর কমিশন ছিল। কিন্তু এখন সেই কমিশন আছে কিনা জানি না। সেইজন্যই আমি সাধারণভাবে এই

প্রস্তাবটি House এ এনেছি যাতে এই মাদ্রাসা, মসজিদ, মক্তব ইত্যাদি যেখানে মুসলমানের সংখ্যা বেশী সেখানে নিতে পারে, যাতে বাধা বিঘ্ন না ঘটে এবং সরকার রক্ষনাবেক্ষন করেন সেইজন্য প্রতি মহকুমায় S. D. O. কে Ex-Office President করে বা M. L. A. গাঁও প্রধান প্রভৃতি অন্ততঃ ৫ জন প্রতিনিধি স্থানীয় ব্যক্তিকে নিয়া একটি কমিটি করা যায় তাহলে ভাল হয়। যেমন কাকড়াবন থেকে সোনামুড়ায় একটি মসজিদ নিতে চেষ্টা করা হয়েছিল। আমরা সানন্দে দিয়ে দিয়েছি আমাদের এই মসজিদের প্রয়োজন নেই এবং নমাজ পড়ারও লোক নেই। অনেক সময় অনেক দুষ্ট লোক আছে যারা বাধা দেয় যে এখান থেকে মসজিদ স্থানান্তরিত করতে দেবনা। এই সমস্ত কারণে আজকে দেখা যায় অনেক মসজিদ মাদ্রাসা, মক্তব নষ্ট হয়ে যাচ্ছে এর জিনিষপত্র চুরি হয়ে যাচ্ছে। আমি মনে করি যে এই সমস্তগুলি রক্ষণাবেক্ষণ করার জন্য একটি Committee গঠন করা উচিত যাতে সংখ্যালঘু মুসলমানদের মনে অন্যরকম ভাব না আসতে পারে। তারা যাতে মনে না করতে পারে যে তাদের চোখের সামনে তাদের ধর্ম্মীয় স্থান নষ্ট হয়ে যাচ্ছে অথচ তারা কিছুই করতে পারছে না। তাদের মনোবল রক্ষা করার জন্যই আমি এই প্রস্তাব House এ উপস্থিত করেছি। সুতরাং মকতব Committee নাম দিয়ে যেন একটি Committee গঠন করে এইগুলিকে রক্ষা করা হয়। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—I would now call on Shri Promode Ranjan Das Gupta.

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত ঃ—মাননী অধ্যক্ষ মহোদয়, ভারতবর্ষ ধর্ম্ম নিরপেক্ষ রাষ্ট্র, জাতি ধর্ম নির্ব্বিশেষে সকলেরই সম্পত্তি, ধর্মস্থান প্রভৃতি রক্ষা করার দায়িত্ব সরকারের এবং ইহা সংবিধান সংগত অধিকার। ইহা অত্যন্ত বেদনাদায়ক যে সংখ্যালঘু সম্প্রদায়ের বহু লোক ভারতবর্ষ ছেড়ে চলে গেছেন। বিশেষ করে সংখ্যালঘু সম্প্রদায়ের লোকের ত্রিপুরা ত্যাগ স্থানীয় অর্থনীতির উপর একটি চাপ সৃষ্টি করেছে। কেন না সংখ্যালঘু সম্প্রদায়ের যারা ছিলেন তারা কৃষি কার্য্যের মেরুদণ্ড স্বরূপ ছিলেন। যা হোক যারা রয়ে গেছেন তাদের ধর্ম্ম, তাদের কৃষ্টি প্রকৃতি রক্ষা করার দায়িত্ব ভারত সরকারের। মাননীয় সদস্য যে প্রস্তাব এনেছেন সে প্রস্তাবের সারমর্ম এ কথায় বলা হয়েছে। আমি আশা করব কি করে সংখ্যালঘু সম্প্রদায়ের ধর্ম্মস্থান প্রভৃতি রক্ষা করা যাবে সে সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রী নির্দ্দেশ দিবেন। শেষ করার আগে আমি আবার বলব ধর্ম্মনিরপেক্ষ রাষ্ট্র ভারতবর্ষে সংখ্যালঘু সম্প্রদায়ের নিরপত্তা রক্ষার দায়িত্ব সরকারের।

Mr. Speaker :—মাননীয় মুখ্যমন্ত্রী

শ্রীশচীন্দ্র লাল সিংহ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সংখ্যালঘু সম্প্রদায় দেশত্যাগ করে চলে যাচ্ছে এটা অত্যন্ত বেদনাদায়ক। এই সংখ্যালঘু সম্প্রদায়ের লোকই অতি প্রতিকূল অবস্থার ভিতর দিয়ে ত্রিপুরার প্রত্যেকটি ভ্যালীকে চাষোপযোগী করে তুলতে সক্ষম হয়েছিলেন। তাদের চলে যাওয়ার দরুণ ত্রিপুরার অর্থনীতির উপর চাপ সৃষ্টি হবে এটা সত্যি। ভারতবর্ষ ধর্ম্মনিরপেক্ষ রাষ্ট্র, প্রত্যেক ধর্ম্মাবিলম্বী লোকের সমান অধিকার। আমরা প্রত্যেক ধর্ম্মকে সমানভাবে শ্রদ্ধা করি সংখ্যালঘু সম্প্রদায়ের ধর্ম্মীয় প্রতিষ্ঠানগুলি রক্ষা

করার দায়িত্ব সরকারের। বর্ত্তমানে অনেক জায়গায় মকতব, মাদ্রসা পরিত্যক্ত অবস্থায় আছে সেখান থেকে সংখ্যালঘু সম্প্রদায়ের ভায়েরা চলে গেছেন। প্রস্তাবকের প্রস্তাব অনুযায়ী ঐ সমস্ত পরিত্যক্ত স্থান থেকে অস্থাবর সম্পত্তি সংখ্যালঘু সম্প্রদায় অধ্যুষিত এলাকাতে স্থানান্তর করা জরুরী। সংখ্যালঘু সম্প্রদায়ের সমাজ ব্যবস্থা অনুযায়ী আগে যে দায়িত্ব তাদের নিজেদের উপর ছিল তা এখন অর্পিত হয়েছে আমাদের উপর। তাই আমি বিশ্বাস করি যে এই দায়িত্ব আমরা পালন করতে পারব। এই পরিপ্রেক্ষিতে একটি Central Committee বা Sub-Divisional Committee গঠন করার প্রয়োজনীয়তা আছে। আমি মাননীয় সদস্যকে এই আশ্বাস দিতে পারি আমরা এ সম্পর্কে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করব।

শ্রীএরসাদআলী চৌধুরী—মাননীয়, অধ্যক্ষ মহোদয়, আমি ত্রিপুরার মুখ্যমন্ত্রী তথা জন দরদী নেতার মুখে যে আশ্বাস পেয়েছি তাতে আমার এই প্রস্তাবের প্রয়োজন আছে বলে মনে করি না। তাই আমি আমার এই প্রস্তাব সানন্দে প্রত্যাহার করতে চাই।

Mr. Speaker :—The Resolution is withdrawn with the leave of the House, The House stands adjourned till 11 A. M. on Friday the 21st March, 1969,

PAPERS LAID ON THE TABLE

APPENDIX 'A'

STARRED QUESTION No. 9, **By Shri Monoranjan Nath.**

Will the Hon'ble Minister-in charge of the Agriculture Department be pleased to state—

প্রশ্ন

ক) কাঞ্চনপুর ব্লকে বর্ত্তমান বৎসরে কতটি Fishery loan এর দরখাস্ত ছিল এবং তন্মধ্যে কতগুলি দরখাস্ত loan sanction এর জন্য forward হয়েছে?

উত্তর

ক) ১৫টি। প্রয়োজনীয় তদন্তের পর ৭টি দরখাস্ত ব্লক ডেভেলপমেন্ট কমিটির অনুমোদনের জন্য প্রেরণ করা হইয়াছে।

STARRED QUESTION No. 19. **By Shri Monoranjan Nath.**

Will the Hon'ble Minister in-charge of the public works Deptt. be pleased to state :—

প্রশ্ন

ক) ধর্ম্মনগর সাবডিভিসনে পানিসাগরে জলাবাসা রোডে জুরি নদীর উপর এস, পি,টি ব্রীজ করার কোন পরিকল্পনা আছে কি?

খ) যদি পরিকল্পনা থাকে, এস, পি, টি, ব্রীজ এর কাজ কখন আরম্ভ হবে?

উত্তর

ক) ও খ) একটি পরিকল্পনা ছিল কিন্তু অর্থাভাবে উহা এখন রূপায়িত করা যাইতে পারিতেছে না।

STARRED QUESTION No. 83 **By Shri Bajuban Riyan.**

Will the Hon'ble Minister in-charge of the Transport Department be pleased to state :—

১। আগরতলা থেকে উদয়পুর ও উদয়পুর থেকে অমরপুরের দূরত্ব কত ?

২। উভয় ক্ষেত্রে ট্যাক্সি, জীপ ও বাসের মাথা পিছু ভাড়া কত ;

৩। উভয়ক্ষেত্রে ভাড়া ধার্য্য করার appropriate authority এক কিনা ?

১। আগরতলা হইতে উদয়পুরের দূরত্ব ৫২ কিলোমিটার।

উদয়পুর হইতে অমরপুরের দূরত্ব ২৫ কিলোমিটার।

২। আগরতলা হইতে উদয়পুরের ভাড়া ট্যাক্সি, জীপ প্রতি গাড়ীর রিজার্ভ ভাড়া ২৩'৪০ পয়সা। বাস ভাড়া মাথাপিছু ১'৮৫ পয়সা।

উদয়পুর হইতে অমরপুরের ভাড়া ট্যাক্সি, জিপ প্রতি গাড়ীর রিজার্ভ ভাড়া ১১'২৫প: বাস ভাড়া মাথা পিছু ১.০০ পয়সা।

৩। হঁা।

STARRED QUESTION NO. 100 **By Shri Nishi Kanta Sarkar.**

Will the Hon'ble Minister in charge of the Public works Deptt. be pleased of state :—

প্রশ্ন

১। উদয়পুর বাজার ও টাউনকে গোমতীর ফ্লাড হইতে রক্ষা করার স্থায়ী কোন পরিকল্পনা আছে কিনা ; না থাকিলে স্থায়ী কোন পরিকল্পনা নেওয়া হইবে কিনা ?

উত্তর

১। উদয়পুর টাউন ও বাজারে গোমতীর বন্যার জল উঠে বলিয়া সরকার অবগত নহেন।

STARRED QUESTION NO. 623.

By Shri Monomohan Deb Barma.

QUESTION

Will the Hon'ble Minister in-charge of the Agriculture Department be pleased to state :—

1. Whether attempt has been made for Boro Paddy cultivation during this Boro cultivation season (1969).
2. Whether any irrigation bund has been constructed for the purpose.
3. If so, No. of bunds and financial implication thereof ?

ANSWER

1. Yes.
2. Yes.
3. 190 Nos. involving a total financial implication of Rs. 89,825.00.

STARRED QUESTION NO. 674.

By Shri Rabindra Chandra Deb Rankhal.

প্রশ্ন

Will the Hon'ble Minister in-charge of the Agriculture Department be pleased to state :—

১। ডুম্বুরনগর ও অম্পিনগর তহশীলাধীনে জলসেচ কার্য্যে ব্যবহার করিবার জন্য পাওয়ার পাম্প পাওয়ার জন্য কোন দরখাস্ত এ পর্য্যন্ত সরকার পাইয়াছেন কি না ?

২। যদি পাইয়া থাকেন তবে তা সাপ্লাই করা হইবে কি না ?

উত্তর

১। হাঁ ! অম্পিনগর হইতে একটি এবং ডুম্বুরনগর তহশীলের রানীপুকুর হইতে একটি দরখাস্ত পাওয়া গিয়াছে।

২। অম্পিনগর হইতে প্রাপ্ত দরখাস্ত স্থলে পাঁচ অশ্বশক্তির একটি পাম্পিং সেট শতকরা ২৫ ভাগ ভর্ত্তুকী (subsidy) দিয়া সরবরাহ করার ব্যবস্থা করা হইতেছে। রাণী-পুকুর হইতে প্রাপ্ত দরখাস্তটি বিলম্বে প্রাপ্ত হওয়ায় এবং সেই সময়ে এই উদ্দেশ্যে কোন টাকা অবশিষ্ট না থাকায় এই বৎসরে পাম্পিং সেট সরবরাহ করা যাইবে না।

STARRED QUESTION NO. 714.

By :—Shri Rabindra Ch. Deb Rankhal.

প্রশ্ন

Will the Hon'ble Minister-in-charge of the Community Development Department be pleased to state :—

১। তেলিয়ামুড়া ব্লকের অধীন সমস্ত স্কুল যথারীতি চলিতেছে কিনা ;

২। কোথাও হইতে কোন স্কুল উঠাইয়া দেওয়া হইয়াছে কিনা ;

৩। যদি উঠাইয়া দেওয়া হইয়া থাকে তবে তাহার কারণ কি ?

৪। ঐস্কুল পরিচালন ব্যাপারে সরকারের কোন ক্রটি ছিল কিনা ?

উত্তর

১। হঁ্যা।

২। হঁ্যা।

৩। স্থানীয় অধিবাসীরা অন্যত্র চলিয়া যাওয়ার ফলে সংশ্লিষ্ট স্কুল সমূহে কোন ছাত্র ছিল না বলিয়া স্কুলগুলিকে সেখানে চালু রাখার প্রয়োজন ছিল না।

৪। না।

Appendix 'B'

UNSTARRED QUESTION NO. 27

By :—Shri Aghore Deb Barma.

Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

১। ত্রিপুরা রাজ্য সরকারের পরিচালনাধীনে বর্তমানে মোট কতটি কৃষিজাত দ্রব্য উৎপাদনের ফার্ম আছে ?

(ফার্মগুলির নাম এবং কোথায় কোথায় অবস্থিত ?)

২। গত আর্থিক বৎসরে এই ফার্মগুলিতে মোট কত টাকা ব্যয় হয়েছে ? এবং মোট উৎপাদনের পরিমাণ ও আয়ের মোট পরিমাণ কত টাকা ? (প্রতিটি ফার্মের আলাদা হিসাব সহ)

৩। গত আর্থিক বৎসরে ফার্মগুলিতে স্থায়ী বা regular ষ্টাফ বাবদ ও অস্থায়ী শ্রমিক নিয়োগ বাবদ মোট কত টাকা ব্যয় হয়েছে ;

উত্তর

তথ্য সংগ্রহ করা হইতেছে।

Appendix 'B'

UNSTARRED QUESTION NO. 101

By :—Shri Nishikanta Sarkar.

Will the Hon'ble Minister-in-charge of the Public Works Deptt, be Pleased to state :—

প্রশ্ন

১। ১৯৬২ইং হইতে ১৯৬৭ইং পর্যান্ত উদয়পুর বিভাগে কোন কোন গ্রামে ও কলোনীতে কতটি গ্রাম্য ক্যাম্প, পুল, রিংওয়েল, ড্রাম কালভার্ট, ইত্যাদি হইয়াছে ; ঐগুলির মধ্যে কতটির ফাইনেল বিল হইয়াছে।

২। যেগুলির ফাইনেল বিল হইয়াছে ঐগুলির আর্নেষ্ট মাণি ও সিকিউরিটি মাণি রিলিজ করা হইয়াছে কিনা ; না হইলে কারণ কি ?

উত্তর

১ এবং ২) তথ্য সংগ্রহ হইতেছে।

UNSTARRED QUESTION NO. 502.

By :—Shri Bidya Ch. Deb Barma.

Will the Minister-in-charge of Forest Department be pleased to state :—

প্রশ্ন

১। ত্রিপুরার কোন ট্রাইবেল ডেভেলপমেন্ট এলাকায় ১৯৬৭-৬৮ সালে কতজন উপজাতীয় বনজ সম্পদ সংগ্রহের জন্য free permit এর জন্য আবেদন করেন তাহাদের ব্লক ভিত্তিক হিসাব।

২। মোট কতজনকে ঐ free Permit দেওয়া হইয়াছে এবং তাহাদের মধ্যে উপজাতীয় প্রজা কত তাহার ব্লক ভিত্তিক হিসাব।

৩। ইহা কি সত্য যে free permit পাইতে হইলে Ranger Officeএ যাইতে হয় এবং ইংরেজী form এ আবেদন করিতে হয়।

৪। সরকার free permit বিলের অধিকার পঞ্চায়েৎ প্রধানের হাতে দিবেন কি?

উত্তর

১।	পানিসাগর—	৬ জন
	কাঞ্চনপুর—	১০৭ ,,
	কুমারঘাট—	৩ ,,
	ডম্বুরনগর—	১৭ ,,
	অমরপুর—	২ ,,
	উদয়পুর—	১ ,,
	তেলিয়ামুড়া—	৭০ ,,
	বিশালগড়—	৫৯ ,,
	জিরানীয়া—	৩১ ,,
	ছামনু—	২ ,,

		মোট	উপজাতীয়
২।	পানিসাগর—	২৬৪ জন	৬ জন
	কাঞ্চনপুর—	২৩২ ,,	১০৭ ,,
	কুমারঘাট—	৯৭৬ ,,	৩ ,,
	ডম্বুরনগর—	২৩৫ ,,	১৭ ,,
	কমলপুর—	১০৯ ,,	—
	অমরপুর—	৫৪৭ ,,	২ ,,
	উদয়পুর—	৮০০ ,,	১ ,,
	তেলিয়ামুরা—	৫৩৪ ,,	৭০ ,,
	খোয়াই—	৩৭২ ,,	—
	জিরানীয়া—	৫৩ ,,	৩১ ,,
	বিশালগড়—	১৮২ ,,	৫৯ ,,
	মোহনপুর—	৪৯ ,,	—
	মেলাঘর—	৩,৫৫৩ ,,	—
	ছামনু—	৬ ,,	২ ,,
	সাব্রুম—	৪৯৮ ,,	—
	বিলোনিয়া	২,৭০০ ,,	—

৩। না।

৪। বিষয়টী সরকার বিবেচনা করিয়া দেখিবেন

UNSTARRED QUESTION NO. 503.

By Shri Aghore Deb Barma

প্রশ্ন

১। ১৯৬৬-৬৭, ৬৭-৬৮ এবং ৬৮-৬৯ সালে ভারতীয় বন আইন ও তাহার বিধি, উপবিধি অনুসারে মোট কত মামলা দায়ের হইয়াছে তাহার মহকুমা ভিত্তিক হিসাব ?

২। মোট কতটি ক্ষেত্রে শাস্তি হইয়াছে ;

৩। যদি জরিমানা আদায় হইয়া থাকে, তাহার মোট পরিমাণ কত ?

উত্তর

		১৯৬৬-৬৭	১৯৬৭-৬৮	১৯৬৮-৬৯
১।	ধর্ম্মনগর—	৪৫টি	৮৬টি	৬১টি
	কৈলাসহর—	১৯টি	২৮টি	৪৬টি
	অমরপুর—	৪টি	৩১টি	১৪টি
	কমলপুর—	৪টি	৫৩টি	৭৭টি
	সদর—	১২৪টি	১১৪টি	১৬৮টি
	খোয়াই—	৮টি	৩০টি	৪৮টি
	বিলোনীয়া	১৭৪টি	৩৩টি	১১৪টি
	উদয়পুর—	৪২টি	১৯৮টি	৯১টি
	সাব্রুম—	৭৫টি	১২৩টি	৮০টি
	সোনামুড়া—	৭১টি	১৪টি	৩৭টি
২।	ধর্ম্মনগর—	৯টি	৩০টি	১টি
	কৈলাসহর—	২টি	১২টি	৩টি
	অমরপুর—	—	১৬টি	৩টি
	কমলপুর—	৮টি	৬টি	৪টি
	সদর—	৯৪টি	১০০টি	৫৭টি
	খোয়াই—	—	২টি	১১টি
	বিলোনীয়া—	১৭টি	৪টি	৩৮টি
	উদয়পুর—	২৪টি	১০৪টি	২৮টি
	সাব্রুম—	৬৩টি	১২০টি	৭৩টি
	সোনামুড়া—	৬৮টি	১০টি	১৫টি
৩।		৫৩৭·০০ টাকা	১৬৫২·০০ টাকা	৫৭৫·০০টাকা

UNSTARRED QUESTION NO. 504.

By Shri Bidya Chandra Deb Barma

প্রশ্ন

১। ত্রিপুরার ট্রাইবেল ডেভেলাপমেন্ট ব্লকগুলিতে মোট কয়টি প্রাথমিক বিদ্যালয় আছে তাহার ব্লক ভিত্তিক হিসাব।

২। ১৯৬৬-৬৭, ৬৭-৬৮ এবং ৬৮-৬৯ সালে ঐ প্রাথমিক বিদ্যালয়গুলিতে কত ছাত্র ও ছাত্রী ভর্ত্তি হইয়াছে তাহার ব্লক ভিত্তিক হিসাব।

৩। ছাত্র ও ছাত্রীদের স্কুলে উপস্থিত থাকার অনুপাত কত ?

৪। যদি উপস্থিতির অনুপাত সন্তোষজনক না হইয়া থাকে তাহার কারণ কি ?

উত্তর

১। ত্রিপুরার মোট ৫টি ট্রাইবেল ডেভেলাপমেণ্ট ব্লকে ১৯৬৬-৬৭ইং, ৬৭-৬৮ইং এবং ৬৮-৬৯ ইং সালে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ব্লক ভিত্তিক হিসাবে নিম্নে প্রদত্ত হইল :—

প্রাথমিক (বুনিয়াদীসহ) বিদ্যালয়ের সংখ্যা

ট্রাইবেল ডেভেলাপ-মেণ্ট ব্লকের নাম	সাল ১৯৬৬-৬৭ ইং মোট	১৯৬৭-৬৮ ইং মোট	১৯৬৮-৬৯ ইং মোট
১। ডম্বুরনগর	১৮	১৯	১৯
২। অমরপুর	৬৩	৬৬	৬৬
৩। ছাওমনু	৪২	৪২	৪২
৪। সাত চাঁদ	৮১	৮২	৮২
৫। কাঞ্চনপুর	৬৪	৬৪	৬২

২। ১৯৬৬-৬৭, ৬৭-৬৮ এবং ৬৮-৬৯ ইং সালে উপরোক্ত প্রাথমিক বিদ্যালয়গুলিতে যত ছাত্র-ছাত্রী ভর্তি হইয়াছে তাহার ব্লকভিত্তিক হিসাব নিম্নে প্রদত্ত হইল :—

প্রাথমিক (বুনিয়াদী সহ) বিদ্যালয় সমূহে ছাত্র-ছাত্রী ভর্তির সংখ্যা।

ট্রাইবেল ডেভেলাপমেণ্ট ব্লকের নাম	সাল ১৯৬৬-৬৭ ইং ছাত্র	ছাত্রী	মোট	১৯৬৭-৬৮ ইং ছাত্র	ছাত্রী	মোট	১৯৬৮-৬৯ ইং ছাত্র	ছাত্রী	মোট
১। ডম্বুরনগর	৪৭১	১৩২	৬০৩	৪১৮	১০৮	৫২৬	৪১৮	১০০	৫১৮
২। অমরপুর	২,১৩৮	১,০০০	৩,১৩৮	২,৪১৯	১.০৮৬	৩,৫০৫	২,৪৫৮	১,০৭৩	৩,৫৩১
৩। ছাওমনু	১,৫২৭	৬৪৪	২,১৭১	১,৫৪৯	৬৮৪	২,২৩৩	১,৩৯০	৬৩৩	২,০২৩
৪। সাতচাঁদ	৩,১৭৪	১,৬৫৩	৪,৮২৭	৩,০১৫	১,৬৪৪	৪,৬৫৯	২,৯৩১	১,৬৩৯	৪,৫৩১
৫। কাঞ্চনপুর	১,৯৩২	১,২০৩	৩,১৩৫	১,৬৩২	৯৩৭	২,৫৬৯	১,২৭৩	৮৩৫	২,১০৮

৩। ছাত্র-ছাত্রীদের ঐ প্রাথমিক বিদ্যালয় সমূহে দৈনিক উপস্থিত থাকার অনুপাত (শতকরা হিসাবে) নিম্নে প্রদত্ত হইল :—

ছাত্র ও ছাত্রীদের দৈনিক উপস্থিতির অনুপাত (শতকরা হিসাবে)—৬৪·১%

৪। উপস্থিতির অনুপাত মোটামুটি সন্তোষজনক।

UNSTARRED QUESTION NO. 579

By Shri Bidya Chandra Deb Barma.

Will the Hon'ble Minister in-charge of the Public Works Deptt. be pleased to State :—

প্রশ্ন

১। সদর-মোহনপুর ব্লকের অন্তর্ভুক্ত রাধানগর শিপিলংছড়া বাঁধ, গণার্বিছড়া বাঁধ এবং চাচু সোনাইছড়া বাঁধ নির্ম্মাণের কাজ কবে শুরু হবে ?

২। উক্ত এলাকায় কৃষকদের জমিতে জলসেচের পক্ষে ঐ বাঁধগুলির গুরুত্ব অনুভব করিয়া সরকার উহা তৈরার কাজ ত্বরান্বিত করিবেন কি ?

(১) এবং (২) এরূপ কোন পরিকল্পনা বর্ত্তমানে নাই।

UNSTARRED QUESTION NO. 617

By Shri Abhiram Deb Barma.

প্রশ্ন

১। Forest Reserve এলাকায় মোট কত পরিবার জুমিয়া বাস করিতেছে ?

২। কোন বিভাগে কত জুমিয়া পরিবার বাস করিতেছে তাহার হিসাব।

৩। কয়টি পরিবারকে পুনর্ব্বাসন দেওয়া হইয়াছে ?

উত্তর

১। ৪,৫৭৪ জন।

২। সদর— ৩,২৩২ পরিবার
উদয়পুর— ১,৭৮৮ ,,
কৈলাসহর— ৪,৬১৯ ,,
কমলপুর— ২,৫০৪ ,,
সাব্রুম— ১,৯৬৫ ,,
অমরপুর— ৪,৪৪২ ,,
সোনামুড়া— ১,০৫০ ,,
বিলোনীয়া—৫,৬০২ ,,
খোয়াই— ২,৯০০ ,,
ধর্ম্মনগর— ৪,৬৩০ ,,
৩২,৭৩২ ,,

৩। ২০,৮৪২ পরিবার।

PROCEEDINGS OF THE TRIPURA LEGISLATIVE ASSEMBLY ASSEMBLED UNDER THE PROVISIONS OF THE GOVERNMENT OF UNION TERRITORIES ACT : 1963.

21st March: 1969.

The House met in the Assemly chamber, Agartala at 11 A. M. on Friday the 21st March, 1969.

PRESENT

Shri Manindra Lal Bhowmick, Speaker in the Chair. the Chief Minister, Deputy Minister, the Deputy Speaker, 4 Ministers, 24 Members.

STARRED QUESTION

Mr. Speaker :—To-day in the List of Business are the following Questions to be answered by the Ministers concerned. Starred Questions. Shri Bidya Ch. Deb Barma.

Shri Bidya Chandra Deb Barma :—Question No. 347 (Postpond).

Shri S. L. Singh :—Question No. 347 Sir.

QUESTION

1) Whether any allegation of corrupt practices against the Tripura Wholesale Consumers' Cooperative has come to the notice of the Government ;

2) if so, what step has been taken by the Government ;

3) whether any enquiry has been held in connection with the allegation, if so, the results thereof ;

4) whether it is a fact that this Cooperative Society has been involved in blackmarketing of Dalda products in collusion with Hitasadhini Society of Dharmanagar ?

ANSWER

1. 2. 3. 4. Certain allegations against the activities of the Tripura Wholesale Consumers Cooperative Stores Ltd., were brought to the notice of the Government from time to time. The allegations were enquired into by the Enforcement and Anticorruption Organisation, and the following cases were substantiated :

a) One Shri Ajit Kr. Bhattacharjee, Accountant of the Tripura Wholesale Consumers' Cooperative Stores Ltd., disposed of 100 tins of musterd oil in blackmarket on 4. 9. 67 after taking delivery of those tins from the Buffer Stock of the Government Central Godown for the Wholesale Stores by falsely showing the said stock delivered to the Mohanpur Primary Marketing Cooperative Society Ltd., On detection of the same, one F. I. R. was lodged with the Sadar Kotwali P. S. against the said employee, and the case is pending investigation.

b) After completion of audit of accounts of the Battala Ration Shop relating to the period from 1. 7. 67 to 26. 5. 68, a total amount of Rs. 12,932·10 paise (which includes the cash balance as well as value of stock) was reported to have been misappropriated by Sri Sukhendra Ch. Banik, Salesman of the said Ration Shop. The amount was fully recovered, and his services were dispensed with.

শ্রীবিদ্যা চন্দ্র দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন যে এই ডালদা নিত্য প্রয়োজনীয় জিনিষের অন্তর্ভুক্ত কি না ?

শ্রীএস, এল, সিংহ :—অবস্থা ভেদে নিত্যপ্রয়োজনীয় হয়।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন এই ঘটনাটা কোন সনে এবং কত তারিখে হয়েছিল ?.

শ্রীএস, এল, সিংহ :—আমি নোটিশ চাই, স্যার।

শ্রীঅভিরাম দেববর্ম্মা :—ইহা কি সত্য সেণ্ট াল ইনটেলিজেন্স বুরো তদন্ত করেছিল এই বিষয়ে এবং প্রাক্তন রেজিষ্ট্রারের বিরুদ্ধে দুর্নীতি প্রমানিত হয়েছিল ?

শ্রীএস, এস, সিংহ :—আমি নোটিশ চাই, স্যার।

শ্রীঅভিরামদেববর্ম্মা :—ইহা কি সত্য. যে এই রেজিষ্ট্রারের দুর্নীতি প্রমানিত হওয়ার জনাই তাকে সেই পদ থেকে সরানো হয়েছে ?

Shri S. L. Sihgh :—It is nothing but insinuation against a person. I want notice of it.

Mr. Speaker :—Shri Ershad Ali Choudhury.
Shri Ershad Ali Choudhury—Question No. 460.

প্রশ্ন

১) মুসলমানদের পরিত্যক্ত মসজিদ, মাদ্রাসা ও ওয়াকফ সম্পত্তির সংখ্যা কি পরিমাণ ;

২) এগুলি সংরক্ষণের জন্য সরকার বাহাদুরের কোন পরিকল্পনা আছে কি ;

৩) যদি না থাকে, এগুলি রক্ষনাবেক্ষণের জন্য কোন কমিটি হওয়ার সম্ভাবনা আছে কি ?

উত্তর

১) (ক) মসজিদ—১১ (খ) মাদ্রাসা—১ (গ) ওয়াকফ সম্পত্তির সংখ্যা সংগ্রহাধীন আছে।

২) হঁ্যা।

৩) প্রশ্ন উঠে না।

Shri S. L. Singh—

Hon'ble Speaker Sir, already we have discussed about the matter yesterday. However, though it is mentioned that the same nature of question should not come to the Assembly in the same session, most probably reply to this question was given previously, in a resolution tabled by our Hon'ble Member. So I draw the attention of the Speaker about this.

শ্রীঅঘোর দেববর্মা—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের রুলসের মধ্যে আছে যে লিষ্ট অব বিজিনেসের অন্তর্ভক্ত যদি কোন কোয়েশ্চান হয়, তহেলে মিনিষ্টারকে তার উত্তর দিতে হবে।

Mr. Speaker—It is a postponed question and the Minister has already given its reply. Shri Monoranjan Nath.

Shri Monoranjan Nath—Question No. 16.

Mr. Speaker—Hon'ble Member I shall request you to ask the postponed question first.

শ্রীমনোরঞ্জন নাথ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সমস্ত কোয়েশ্চান আজকে শেষ হবে না, সুতরাং যেটা ইম্পোর্টেন্ট, সেটাই আমি আগে জিজ্ঞাসা করছি।

Mr. Speaker—But the postponed question gets the priority.

Shri Monoranjan Nath—Question No. 561.

Shri S. L. Singh—Question No. 561 Sir.

প্রশ্ন

ক) ধর্মনগর সাব ডিভিশনের রোখা মৌজায় ওরাম খাসিয়া বা রাসমণি খাসিয়া নামীয় কোন খাস জোত বন্দোবস্ত ছিল কি বা আছে কি?

খ) যদি ঐ নামে কোন জোত থাকে তবে উক্ত জোতে কতটুকু জায়গা বন্দোবস্ত হয়েছিল এবং সেটেলমেন্ট জরীপ কি পরিমাণ জায়গা জোতের অন্দরে বন্দোবস্তের অতিরিক্ত হয়েছে?

গ) ঐ জোতের একসেস জায়গা কাহাকে বন্দোবস্ত দেওয়া হয়েছে বা হবে?

ঘ) বিগত ২৪।৯।৬৭ইং উক্ত খাসিয়ার জায়গা জরীপ করার সময় সেটেলমেন্টের কোন আমিন বাধাপ্রাপ্ত হয়েছিলেন কি, উক্ত খাসিয়ার জায়গা সিলিং লিমিট ইউ/এস ১৬৪ টি, এল, আর এক্টএ অতিরিক্ত আছে কি?

শ্রীঅঘোর দেববর্ম্মা :—কোন সনে এবং কত তারিখে এই টাকা ট্রেজারীতে জমা হয়েছিল ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—উক্ত উদ্বাস্তুগণের ১৯৬৪ সনের খাজনা তহশীল অফিস গ্রহণ করিতে অস্বীকার করায় ট্রেজারীতে জমা দেওয়া হয়েছে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—কোন্ তারিখে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আই ডিমাণ্ড নোটিশ।

মিঃ স্পীকার :—শ্রীনরেশ রায়।

Mr. Speaker :—Shri Naresh Roy.

Shri Naresh Roy :—Starred Question No. 106.

Shri S. L. Singh—Mr. Speaker Sir, Starred Question No. 106.

প্রশ্ন

১। গাঁও প্রধান নির্ব্বাচনে "হাত তুলিয়া" ভোট দান প্রথায় ভোটারের অনেক অসুবিধার সম্মুখীন হইতে হয় এবং অনেক ক্ষেত্রেই ভোটকেন্দ্রে বিভিন্ন গোলযোগের সৃষ্টি হয় বলিয়া সরকার মনে করেন কিনা ?

২। যদি মনে করিয়া থাকেন, তবে ঐরূপ নির্ব্বাচনের ভোটদানে কোন বিকল্প পন্থা সরকারের বিবেচনাধীন আছে কিনা ?

৩। যদি থাকিয়া থাকে, তবে ইহা কিরূপ ?

৪। না থাকিয়া থাকিলে, বর্ত্তমান সীষ্টেমের পক্ষে সরকারী যুক্তি কি ?

উত্তর

আমরা ইউ, পি এ্যাক্ট নিয়েছি এবং সেই এ্যাক্টের মধ্যে হাত তুলে নির্ব্বাচন করতে হয়। অতএব সেই নির্ব্বাচন প্রথা হাত তুলে নেওয়া হচ্ছে, যদি সেটার অন্যরকম কিছু ব্যবস্থা করতে হয়, তাহলে রুলস এ্যামেণ্ড করতে হবে, এ্যাক্টের এ্যামেণ্ড করতে হবে, অতএব সেখানে অন্য রকম আইন করতে হবে।

শ্রীনরেশ রায় :—মাননীয় মন্ত্রী মহোদয়, এই যে রুলস বা এ্যাক্টেস আছে এটা এ্যামেণ্ড করার কোন প্রয়োজনীয়তা সরকারের আছে কি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ (চীফ মিনিষ্টার) **:—**উই আর কন্‌সিডারিং এবাউট ইট ।

শ্রীনরেশ রায় :--মাননীয় মন্ত্রী মহোদয়ের জানা আছে কি যে এই ধরণের নির্ব্বাচনের ফলে সেখানে কোন কোন ক্ষেত্রে মামলার সৃষ্টি হয় ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ (চীফ মিনিষ্টার) **:—**সাধারণতঃ যেখানে ইলেকশন থাকে, সেখানে কমপ্লিকেশন হয়। এ্যাসেম্বলী, পার্লামেন্ট এবং পঞ্চায়েতের ব্যাপারে যেখানে ইলেক্‌শান হয়, সেখানে মামলা, মোকদ্দমা হয়। তবে সেটা না হওয়াই বাঞ্ছনীয়।

শ্রীনরেশ রায় :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন, এই সমস্ত গোলযোগের কারণ কি এবং তা সম্বন্ধে সরকারের অভিমত কি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ (চীফ মিনিষ্টার) **:—**মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রথমেই বলেছি যে ইলেকশান থাকলে পর তার রাইট আছে যেখানে ইলেকশান হবে। অতএব সেই কারণে ইলেকশান বন্ধ করে দেওয়াটা বাঞ্ছনীয় নয়। পঞ্চায়েত নির্ব্বাচনে মামলা হতে পারে। অতএব সেখানে যারা কেণ্ডিডেইটস আছেন তাদেরও দৃষ্টি রাখা দরকার এবং যারা সেটা পরিচালনা করেন তাদেরও সেই দিকে দৃষ্টি রাখা দরকার।

শ্রীনরেশ রায় :—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানেন যে সেখানে ডাইরেক্ট ইলেকশান হওয়ার ফলে এই সব গোলমাল হয় ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ (চীফ মিনিষ্টার) **:—**কারণ ডাইরেক্ট ইলেকশানকে আমরা মেনে নিয়েছি এবং গণতন্ত্রের মূল ভিত্তিই আমরা গড়ে তুলেছি এই ডাইরেক্ট ইলেকশান দিয়ে। অতএব সেই মূলভিত্তির মধ্যে যে অসুবিধার সৃষ্টি হবে সেটা নির্ভর করবে ভোটার্স এবং ক্যাণ্ডিডেটস ও ন্যাশান্যাল ইউনিটি এ্যাণ্ড সলিডারিটির উপর।

Mr. Speaker :—Shri Jatindra Kr. Majumdar.

Shri Jatindra Kr. Majumder :—Starred Question No. 111

Shri S. L. Singh :—Mr. Speaker Sir, Starred Question No. 111.

প্রশ্ন

ক) ইহা কি সত্য যে সোনামূড়া মহকুমার নলছর, পোয়াংবাড়ী, বৈরাগীবাজার, জুমের ঢেপা, বগারবাসা, ও রাণীকিল্লা এ সমস্ত গ্রামে প্রচুর তাঁত শিল্পীর বাসস্থান আছে ;

খ) উল্লেখিত এলাকার তাঁত শিল্পীদের দিয়ে তাঁত শিল্পী সমবায় সমিতি গঠন করিবার প্রচেষ্টা সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট করিতেছেন না কেন ?

ক) বাসস্থান আছে কিনা ইত্যাদি বলার কারণ যখন তারা সেখানে আছেন তখন বাসস্থান নিশ্চয় আছে, এই হল প্রথম কথা।

খ) নলছর, পোয়াংবাড়ী, বৈরাগীবাজার ও জুমের ঢেপা গ্রামে বসবাসকারী তন্তুবায় পরিবারের সংখ্যা যথাক্রমে ৬, ১১, ২ এবং ৪। এই এলাকায় সমবায় সমিতি গঠন করিলে তাহা সঙ্গতি সম্পন্ন ও স্বয়ংসম্পূর্ণ হবে কিনা সন্দেহ। রাণীকিল্লা ও বগারবাসা গ্রামগুলি ত উদয়পুর মহকুমার অন্তর্গত। এবং সেই দিকে তারা যদি চেষ্টা করে তাহলে একটা ইউনিট সেখানে গঠন করার সম্ভাবনা আছে।

শ্রীযতীন্দ্রকুমার মজুমদার :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে যেসব এলাকার কথা আমার প্রশ্নের মধ্যে উল্লিখিত আছে সে সমস্ত এলাকায় হস্তচালিত তাঁত শিল্পের কোন ইণ্ডাষ্ট্রীয়েল সোসাইটি আছে কিনা ?

শ্রীএস, এল, সিংহ (চীফ মিনিষ্টার) :—আই ওয়াণ্ট নোটিশ অব ইট।

Mr. Speaker :—Shri Rabindra Ch. Deb Rankhal.

Shri Rabindra Ch. Deb Rankhal :—Starred Question No. 115

Shri S. L. Singh :—Mr. Speaker Sir, Starred Question No. 115

QUESTION

১) খোয়াই, কমলপুর, অমরপুর মহকুমার রেজিষ্ট্রী অফিসগুলোতে ট্রাইবেল রিজার্ভ এলাকাগুলোর কোন তালিকা আছে কি ?

২) না থাকিলে উহার কারণ।

উত্তর

১) হ্যাঁ।

২) প্রশ্ন উঠে না।

Mr. Speaker :—Shri Abhiram Deb Barma.

Shri Abhiram Deb Barma :—Starred Question No. 128

Shri S. L. Singh (Minister in-charge of the Land Revenue Department) :- Starred Question No. 128

প্রশ্ন

১) সরকারী খাস জমি হইতে উচ্ছেদের জন্য কোন মহকুমায় কত নোটিশ জারী করা হইয়াছে ?

২) এই নোটিশ প্রাপ্ত ব্যক্তিদের মধ্যে যাহারা ঐ জমির বন্দোবস্ত প্রার্থনা করিয়াছেন ; তাহাদের সংখ্যা ?

৩) ১৯৬৮-৬৯ সালে যাহাদের উচ্ছেদ করা হইয়াছে, তাহাদের মহকুমা ভিত্তিক সংখ্যা ?

উত্তর

১)

মহকুমার নাম	নোটিশের সংখ্যা
সদর	১৮৪১১
খোয়াই	৫০৩৪
কমলপুর	৩৪৪৬
কৈলাসহর	৯৪১৬
ধর্ম্মনগর	৬৫২
সোনামুড়া	৪২০৭
উদয়পুর	৩৩৯১
বিলোনীয়া	৪৫৫৬
অমরপুর	৪০১৪
সাবরুম	২৯২৬

২।

মহকুমার নাম	বন্দোবস্ত প্রার্থনাকারীর সংখ্যা
সদর	১৬২০৬
খোয়াই	৪৮৮৪
কমলপুর	৩৩৪৯
কৈলাসহর	৯২৬৮
ধর্ম্মনগর	৬১৬
সোনামুড়া	৪১২৫
উদয়পুর	৩৩২৬
বিলোনীয়া	৪৩৫০
অমরপুর	৩৭০৯
সাবরুম	২৯২৩

৩)

মহকুমার নাম	উচ্ছেদিত ব্যক্তিদের সংখ্যা
সদর	২৮
খোয়াই	—
কমলপুর	৯৭
কৈলাসহর	৫
ধর্ম্মনগর	—
সোনামুড়া	—
উদয়পুর	—
বিলোনীয়া	২১
অমরপুর	—
সাবরুম	৩

শ্রীঅভিরাম দেববর্মা :—মাননীয় স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী মহোদয় আমার প্রশ্নটা না পড়েই বলছেন যে তথ্যাদি সংগ্রহাধীন আছে।

শ্রীশচীন্দ্রলাল সিংহ (চীফ মিনিষ্টার) :—মাননীয় স্পীকার স্যার, যে প্রশ্নটা তিনি করছেন, তার উত্তর দিতে গিয়ে আমি বলেছি যে তথ্যাদি সংগ্রহাধীন আছে, অর্থাৎ উনার ১২৮নং প্রশ্নের উত্তরে বলছি যে সেটার উত্তর দেওয়ার জন্য তথ্যাদি সংগ্রহাধীন আছে।

Mr. Speaker :—Shri Bidya Ch. Deb Barma.

Shri Bidya Ch. Deb Barma ;—Starred Question No. 151

Shri S. L. Singh (Minister in-charge of the Engineeing Department) :—

STARRED QUESTION NO. 151

প্রশ্ন

১) ইহা কি সত্য যে. আগরতলা মেলা ও প্রদর্শনীর জন্য যে বিদ্যুতের অতিরিক্ত ব্যবহার হইতেছে তাহাতে আগরতলার বিদ্যুৎ সরবরাহ বিভ্রাট ঘটিতেছে এবং তাহাতে জনসাধারণ অসুবিধা ভোগ করিতেছেন।

২) যদি সত্য হইয়া থাকে, মেলা ও প্রদর্শনীতে বিদ্যুতের অপচয় বন্ধ করার ব্যবস্থা সরকার করিবেন কি ?

৩) আগরতলায় অতিরিক্ত বিদ্যুত সরবরাহের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হইতেছে তাহার বিবরণ ?

উত্তর

১) না।

২) ১নং প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন উঠে না।

৩) (ক) রুশিয়া হইতে ৬৩০ কিলোওয়াট শক্তি সম্পন্ন দুইটি বিদ্যুৎ উৎপাদক যন্ত্র আমদানী করার ব্যাপারটি ত্বরান্বিত করা হইতেছে। যন্ত্র দুইটি গত ১৫।২।৬৯ তারিখে রুশিয়া হইতে জাহাজে চালান দেওয়া হইয়াছে। আশা করা যায় যে এই বৎসরের শেষের দিকে যন্ত্র দুইটা চালু করা যাইতে পারিবে।

(খ) দেশে নতুন কিংবা পুরাতন বিদ্যুত উৎপাদক যন্ত্র সংগ্রহ করার কাজও ত্বরান্বিত করা হইতেছে।

(গ) আসাম হইতে বিদ্যুৎ সরবরাহের কাজ ত্বরান্বিত করা হইতেছে এবং আশা করা যায় যে ১৯৭০ইং সনের শেষের দিকে আসাম হইতে আমদানীকৃত বিদ্যুৎ সরবরাহ করা যাইতে পারিবে

Mr. Speaker :—Shri Ershad Ali Choudhury.

Shri Ershad Ali Choudhury :—Question No. 104.

Mr. Speaker :—You have got one postponed question.

Question No. 461

Shri Ershad Ali Choudhury :—Question No. 461 Sir.

Shri S. L. Singh :—Question No. 461

প্রশ্ন

১। যে সমস্ত V. I. P. অথবা Ist Class Gazetted Officerগণ সরকারী প্রয়োজনে tourএ বাহির হইয়া সরকারী ডাক বাংলাতে অবস্থান করেন তাহার খাওয়া দাওয়া এবং tiffinএর খরচাদি কোন Head হইতে নির্ব্বাহ হয় ?

২। এ পর্য্যন্ত এই বাবদে ত্রিপুরা সরকারের কত টাকা খরচ হইয়াছে ?

উত্তর

১। যে সমস্ত V. I. P. সরকারী প্রয়োজনে tourএ বাহির হইয়া সরকারী ডাক বাংলোতে অবস্থান করেন তাহাদের খাওয়া দাওয়া ও Tiffinএর খরচাদি "19—General Administration—D. District Administration" হেড হইতে বহন করা হয়। যে সমস্ত First Class Gazetted Officer সরকারী প্রয়োজনে tourএ বাহির হইয়া সরকারী ডাক বাংলোতে অবস্থান করেন তাহাদের খাওয়া দাওয়া এবং tiffinএর খরচাদি সরকার হইতে বহন করা হয় না।

২। যে সমস্ত V. I. P. সরকারী প্রয়োজনে tourএ বাহির হইয়া সরকারী ডাক বাংলাতে অবস্থান করিয়াছেন তাহাদের খাওয়া দাওয়া ও Tiffin খরচাদি বাবতে বিগত ১৯৬৪-৬৫ আর্থিক বৎসর হইতে এই পর্য্যন্ত সর্ব্বমোট ১১,৩৩০ টাকা ৮২ পয়সা ব্যয় হইয়াছে। First Class Gazetted Officers সম্পর্কে প্রশ্নের ১নং দফার উত্তরের পরিপ্রেক্ষিতে তাহাদের জন্য এই বাবতে খরচের উল্লেখ করার প্রশ্ন উঠে না।

Mr. Speaker :—Shri Monoranjan Nath.

Shr Monoranjan Nath :—Question No. 558.

Shri S. L. Singh :—Question No. 558 Sir.

প্রশ্ন

১) কৈলাসহর সাব-ডিভিশনের ডলুগাও, বিলাসপুর, ফুলতলী, বরইতলী, মোহনপুর, দুর্গাপুর, বাগুয়ারপার ও পেচারডহর (সতার মিঞার হাওর এলাকা) গত আষাঢ়-শ্রাবণ মাসের বন্যায় পীড়িত এলাকা কিনা ?

২) উক্ত গ্রামগুলির শতকরা ৭৫ ভাগ লোকজন গত বন্যার সময় বাড়ীঘর পরিত্যাগ করিয়া স্থানান্তরে আশ্রয় লইয়াছিল কি না ?

৩) উপরোক্ত গ্রামগুলি হইতে খাজনা ও কৃষিঋণ আদায়ের জন্য তথায় গত ডিসেম্বর মাস হইতে তহশীল কেম্প করিয়া আদায় ও সংশিত নোটিশ জারী হইতেছে তন্মধ্যে স্থানীয় লোক হইতে ইহার প্রতিবাদে সরকার কোন টেলিগ্রাম ও রিপ্রেজেন্টেশন পাইয়াছেন কি ?

উত্তর

১) হাঁ।

২) না, অনুমান শতকরা ৫০ জন লোক অন্যত্র আশ্রয়ে গিয়াছিল।

৩) হাঁ।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, এই রিপ্রেজেন্টেশান পাওয়ার পর কি এ্যাকশান নেওয়া হয়েছে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—ইহা সরকারের বিবেচনাধীন আছে।

Mr. Speaker :—Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma :—Question No. 2.

Shri S. L. Singh :—Question No. 2 Sir.

QUESTION

1) Whether the plots Nos. 1009, 1013, $\frac{1028}{1144}$, $\frac{1012}{1477}$, 1012 under Takma Chhera Mouja of Belonia Division is within the Tribal Reserve Area as declared by the late Maharaja ?

2) If the above mention plots are within the reserve area how the settlement officer has allotted the said plots in the name of the following non-tribal, (1) Sri Joy Kumar Saha S/O. Late Golak Chandra Saha, Village—Takma Chhera under order No. S. O. S. $\frac{3}{6.1.68}$?

3) If so, the reasons thereof ?

ANSWER

1) No.

2) & (3) Does not arise.

শ্রীঅঘোর দেববর্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন, যে এই সমস্ত জায়গা পূর্ব্বে ট্রাইবেলদের ছিল অর্থাৎ ট্রাইবেলরা সেই জায়গা বিক্রেয় করেছিল ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আমি নোটিশ চাই স্যার।

শ্রীঅঘোর দেববর্মা :—এই সম্পর্কে তদন্ত করতে প্রস্তুত আছেন কি না মাননীয় মন্ত্রী মহোদয় ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আমি নোটিশ চাই স্যার।

মিঃ স্পীকার :—শ্রীযতীন্দ্র কুমার মজুমদার।

শ্রীযতীন্দ্রকুমার মজুমদার :—কোয়েশ্চান নাম্বার ১৫০।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—কোয়েশ্চান নাম্বার ১৫০ স্যার।

প্রশ্ন

ক) সদর মহকুমার পুরাতন আগরতলা তহশীলাধীন কোন কোন রেভিনিউ মৌজাকে অংশতঃ ট্রাইবেল রিজার্ভ তালিকাভুক্ত করা হইয়াছে কি ?

খ) যদি সত্য হয়, উক্ত মৌজা সমূহের নাম ;

গ) কিসের ভিত্তিতে এ সকল মৌজাকে ট্রাইবেল রিজার্ভের অন্তর্ভুক্ত করা হইয়াছে ?

উত্তর

ক) হ্যাঁ।

খ) পূর্ব্বনোয়াগাও, রাধামোহনপুর, মেকলিপাড়া, রাধাপুর, দীনবন্ধুনগর, কাথিরামবাড়ী, আশাঘর, খেংরাই, হারবং, বেলবাড়ী অংশত ট্রাইবেল রিজার্ভএর অন্তর্ভুক্ত।

গ) ১৩৫৩ (১৯৪৩ ইং) ত্রিপুরা সনের Tribal Reserve Order এর সীমানা মধ্যে কতক স্থান ১৯৪৮ ইং সনে আদেশে রিজার্ভমুক্ত হওয়ার পর Tribal Reserve এর যে সীমানা বর্ত্তমান আছে উপরিউক্ত 'খ' দফায় বর্নিত মৌজাসমূহ অংশত উক্ত সীমানার অন্তর্গত। তদ্বেতু বর্ত্তমান স্বরূপে এই মৌজাসমূহ অংশত রিজার্ভভুক্ত করা হইয়াছে।

শ্রীযতীন্দ্রকুমার মজুমদার :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি সদর মহকুমার পুরাতন আগরতলা তহশীলাধীন কোন্ কোন্ রেভিনিউ মৌজাকে ট্রাইবেল রিজার্ভ তালিকাভুক্ত করা হয়েছে, এই প্রশ্নটার উত্তর পাই নাই।

Shri S. L. Singh :—1) South of Ghoramarachhera, North of Chichimacherra, Jumchhera Chungraichera, East of Lembucherra, Mekhlipara Tea Estt., West of Baramura—20 sq. miles within this area —Khash Mahal and Janakimahar, Golaghati mouza North of Sonamura Sub-division, Bangiachara mouza, Kanthichapa in Sadar Sub-division in south.

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :—মাননীয় মন্ত্রী মহোদয়ের প্রশ্নোত্তরে জানতে পারলাম ৩০০ বর্গমাইল মহারাণীর অর্ডারে পর রিলিজ করা হয়েছে। এই যে উপরিউক্ত সীমানার কথা মাননীয় মন্ত্রী মহোদয় বললেন, সেইগুলি রিলিজ করা হয়েছে কিনা তদসময়ে ?

শ্রী এস, এল, সিংহ :—আমি এখানে যেগুলি আছে পড়ে শুনিয়েছি। In Sadar 30 Sq. mile have been realesed in 1948 in two blocks.

শ্রীযতীন্দ্রকুমার মজুমদার :—মাননীয় মন্ত্রী মহোদয় অবগত আছেন কি যে কয়েকটি রেভিনিউ মৌজা বা নাম করা তহশীল যেগুলি কোন সময়ে ট্রাইবেল রিজার্ভের অন্তর্ভুক্ত ছিল না এখন সেগুলি ট্রাইবেল রিজার্ভের অন্তর্ভুক্ত করা হয়েছে সেটেলমেন্টের পরে।

শ্রীএস, এল, সিংহ :—ইট ওয়াজ রিপোর্টেড টু মি বাই দি পিপল অব দ্যাট লোকেলিটি এবং সেই অনুসারেই আমি পরীক্ষা নিরীক্ষা করছি।

মিঃ স্পীকার :—শ্রীবিদ্যা দেববর্ম্মা।

শ্রীবিদ্যা দেববর্ম্মা :—মাননীয় স্পীকার, স্যার, কোয়েশ্চান নং ১৫৩।

শ্রীএস, এল, সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোয়েশ্চান নং ১৫৩।

প্রশ্ন

১। ত্রিপুরা সরকার রেশনসপ মাধ্যমে যে চাউল বিক্রয় করেন তাহার মূল্য ১৯৬০-৬১ সালের তুলনায় কত বৃদ্ধি পাইয়া বর্তমানে কত হইয়াছে এবং এই দর বৃদ্ধির কারণ?

২। এই চাউল যাহাতে আরো কম দরে বিক্রয় করা যায় তাহার জন্য ত্রিপুরা সরকার কি কেন্দ্রীয় সরকারের নিকট কোন সাবসিডি দাবী করিয়াছেন, যদি দাবী করিয়া থাকেন কবে দাবী করিয়াছেন এবং তাহার ফলাফল কি হইয়াছে?

উত্তর

১। ১৯৬০-৬১ সালের তুলনায় ১৯৬৮-৬৯ সালে চাউলের খুচরা বিক্রির দাম গড় পড়তা প্রতি কুইনটেল ৬১-৭৭ পঃ বৃদ্ধি পাইয়াছে। এই দর বৃদ্ধির কারণ নিয়ে প্রদত্ত হইল :—

(ক) চাউল সংগ্রহের মূল্য বৃদ্ধি হেতু ভারত সরকার তাহাদের ষ্টক হইতে চাউল সরবরাহের বিক্রয় মূল্য বৃদ্ধি

(খ) ভারত সরকার কর্ত্তৃক তাহাদের ষ্টক হইতে চাউল সরবরাহের উপর হইতে সাবসিডি উঠাইয়া নেওয়ায় মূল্যবৃদ্ধি ঘটিয়াছে।

গ) ইনসিড্যানটাল খরচের হার বৃদ্ধিও বিক্রয় মূল্য বৃদ্ধির কারণ।

২। কেন্দ্রীয় সরকার চাউলের মূল্য সর্ব্বভারতীয় ভিত্তিতে স্থির করেন বিধায় এবং চাউল সরবরাহের উপর হইতে সর্ব্বভারতীয় ভিত্তিতে নীতি হিসাবে সাবসিডি তুলিয়া নেওয়ায় এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের নিকট আর দাবী জানান হয় নাই।

শ্রীঅভিরাম দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন কেন্দ্রীয় সরকার এই সাবসিডি কবে তুলে নিয়েছেন।

শ্রী এস,এল, সিংহ :—আই ওয়ান্ট নোটিশ।

মিঃ স্পীকার :—শ্রীএরসাদ আলী চৌধুরী।

শ্রীএরসাদ আলী চৌধুরী :—কোয়েশ্চান নাম্বার ১০৪।

শ্রীএস, এল, সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোয়েশ্চান নাম্বার ১০৪।

প্রশ্ন

১। ত্রিপুরায় ১৯৬৬-৬৭ এবং ১৯৬৮ পর্য্যন্ত কতগুলি রেজিষ্ট্রি বিবাহ হইয়াছে? এবং এর মধ্যে কতগুলি স্বীকৃত আছে?

উত্তর

১। হিন্দু বিবাহ আইনানুসারে ১৯৬৬, ১৯৬৭ এবং ১৯৬৮ সনে ত্রিপুরায় মোট ৪১টি বিবাহ রেজিষ্ট্রি হইয়াছে। বিশেষ বিবাহ আইনে উক্ত তিন বৎসরে ত্রিপুরায় রেজিষ্ট্রিকৃত বিবাহের সংখ্যা মোট ৩০। উক্ত বিবাহগুলির মধ্যে কোন বিবাহ বিচ্ছেদের সংবাদ পাওয়া যায় নাই।

শ্রীনরেশ রায়—উক্ত বিবাহ সম্পন্ন করবার সময়ে সরকার হতে কোন রকম এনকোয়ারী করা হয় কিনা এবং কিসের ভিত্তিতে উহা করা হয়?

শ্রীএস, এল, সিংহ—তাদের রুলস রেগুলেশন আসে, হিন্দু ম্যারেজ অ্যাক্ট এবং স্পেশাল ম্যারেজ অ্যাক্ট অনুসারে করা হয়।

শ্রীএরসাদ আলী—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি এর মধ্যে ট্রাইবেল কতজন?

শ্রীএস, এল, সিংহ—ট্রাইবেল বা নন-ট্রাইবেলের কথা সেই হিসাবে মনে হয় রক্ষিত হয় না। কারণ ম্যারেজ হল হিন্দু ম্যারেজ অ্যাক্ট আর স্পেশাল ম্যারেজ অ্যাক্টে। হিন্দু ম্যারেজ অ্যাক্টে ১৯৬৭-৬৮ সালে টোটেল ৪১টি আর স্পেশাল ম্যারেজ অ্যাক্টে ৩০টি।

শ্রীএরসাদ আলী চৌধুরী—এর মধ্যে অসবর্ণ কতগুলি হয়েছে?

শ্রীএস, এল, সিংহ—ম্যারেজ হল হিন্দু ম্যারেজ অ্যাক্ট এবং স্পেশাল ম্যারেজ অ্যাক্টে। অতএব স্পেশাল ম্যারেজ অ্যাক্টে যদি হয়ে থাকে তা হলে এখানে অসবর্ণ হতে পারে।

শ্রীনরেশ রায়—ঐ সমস্ত বিবাহের আইনের খরচ কে দেন?

শ্রীএস, এল, সিংহ—আইনের খরচ নির্ভর করে পার্টি'র ক্ষমতার উপরে। কারণ সেখানে উকিল আছে, নকলনবীশ আছে। গরীব হলে পরে বিনা খরচেও হতে পারে।

শ্রীএরসাদ আলী চৌধুরী—কোন বিভাগে কতগুলি বিবাহ হয়েছে?

শ্রীএস, এল, সিংহ—বলেছি স্পেশাল ম্যারেজ অ্যাক্ট এবং হিন্দু ম্যারেজ অ্যাক্টে সব বিবাহ হয়েছে।

Mr. Speaker—Hon'ble Members this is not so important.

Mr. Speaker—Shri Monoranjan Nath.

Shri Monoranjan Nath—Question No. 16.

Shri S. L. Singh—Mr. Speaker Sir, Question No. 16.

প্রশ্ন

ক) ধর্মনগর সাব-ডিভিসনে কোন তারিখে সমস্ত তালুকগুলিকে ত্রিপুরা সরকার কর্তৃক খাস ঘোষণা করা হয় এবং সরকারী রাজস্ব খাজনা আদায় স্থগিত রাখা হয়;

খ) ইহা কি সত্য সেটেলমেন্ট পরচায় ১৩৭৩ বাংলা সনে নতুন হারে ধার্য্য খাজনা আমলে আসিবে লিখা থাকা সত্বেও তৎপূর্ব্ববর্তী বৎসরের বাকী খাজনা নতুন হারে দাবী করা হয়?

উত্তর

ক) ধর্মনগর মহকুমাস্থিত যাবতীয় তালুক এবং ঐ সমস্ত তালুকে মধ্য স্বত্বাধিকারীগণের প্রত্যেকের যে সমস্ত অধিকার বা স্বত্ব ছিল তৎসমুদয় ১৪ই এপ্রিল ১৯৬৪ইং হইতে সম্পূর্ণ দায়মুক্তভাবে সরকারে ন্যাস্ত হইয়াছে এবং ঐ তারিখ হইতেই ঐ সমস্ত তালুকের খাজনা আদায় স্থগিত থাকে।

খ) ইহা সত্য নহে।

Shri S. L. Singh— When the revenue rates shall take effect from the beginning of the next year after the date of final publication of the table of revenue rates under Section 34 of the Tripura Land Revenue & Land Reforms Act, 1960.

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয়, আমার প্রশ্নটা হল এই যে ৭৩ বাং থেকে পরচা দেওয়া হয়, এখন সেটেলমেন্টের পর ৭১—৭২ বাং থেকে নূতন হারে খাজনা ধার্য্য হয়েছে। এই যে নূতন হার সেটা দাবী করার কারণটা কি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ (চীফ মিনিষ্টার) :—সেখানে একটা রুলস আছে পেজ—১৪। তাতে আছে যে রেইট হবে তার ১ বছর পর থেকে, সেখানে নূতন হারে খাজনা দিতে হবে এটাই হল বিধিবদ্ধ নিয়ম এবং সেই অনুসারেই সেটা চাওয়া হচ্ছে।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয়, আমি জানতে চাইছি যে ফাইন্যাল পাবলিকেশন হল ৭৩ বাংলাতে, এখন এই নূতন হারে ৭৩ বাং থেকে খাজনা ধার্য্য হবে, তারজন্য পরচাও দেওয়া হয়েছে। কিন্তু যে'জায়গাতে সরকার থেকে খাস ডিক্লার করা হয়েছে, সেখানে খাসের খাজনা নিতে পারেন কিন্তু নূতন হারে খাজনা নেওয়ার কোন সঙ্গত কারণ নাই।

শ্রীশচীন্দ্রলাল সিংহ (চীফ মিনিষ্টার) :—১,১,৭১ বাংলাতে হয়েছে, অতএব এই খাজনা দিতে হবে বর্ধিত হারে ৭২ বাং থেকে।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয়, এই যে পরচা দেওয়া হয়েছে ৭৩ বাংলা তাতে আছে যে খাজনা নূতন হারে ধার্য্য আমলে আসিবে, তাহলে সেটা কি ভুল ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ (চীফ মিনিষ্টার) :—আমার কাছে সেই তথ্য নেই, তবে যেটা আছে সেটা হল ১-১-৭১ বাংলাতে যেহেতু নোটিফাইড হয়েছে তার পরের বছর হবে ৩১-১২-৭২ বাংলা।

Mr. Speaker :—Shri Aghore Chandra Deb Barma.

Shri Aghore Deb Barma :—Starred Question No, 34

Shri S. L. Singh (Minister in-charge of the Food & Civil Supply Deparment) :—Starred Question No. 34

QUESTION

1. Whether there is any Ration Shop and shop for selling daily essential commodities at fair prices in Dumbur Project office area ?

2. if not, the reason thereof ?

ANSWER

1' A Fair Price Shop has been in operation at Nutun Bazar for distribution of foodgrains to the people of Dumbur Project area.

2. Does not arise.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে সেখানে যে রেশন সপ আছে যেটির কথা উনি বললেন তাতে সমস্ত নিত্য প্রয়োজনীয় জিনিষপত্রগুলি আছে কি না ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আমি বলেছি যে নূতন বাজারে যে ফেয়ার প্রাইস সপ আছে, তার থেকে তারা তাদের প্রয়োজনীয় সবকিছু কিনে নিচ্ছেন। যেমন ফুড-গ্রেইনস এ্যাণ্ড আদার গুডস। তাছাড়া ঐ অঞ্চলের সুবিধার জন্য আমরা কো-অপারেটিভ সোসাইটির সঙ্গে আলাপ আলোচনা করেছি যাতে করে সংসায় সেখানে একটা কো-অপারেটিভ করে একটা দোকান খোলা হয় এই অবস্থায় তারা যদি প্রয়োজনীয় টাকা ডিপজিট রাখেন তাহলে সেটা সেখানে করা হবে এবং সেই অনুসারে প্রয়োজনীয় যাবতীয় জিনিষ বিতরণ করা হবে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় যে দোকানের কথা বলছেন, সেটা কি নূতন বাজারে খোলা হবে না যেখানে প্রজেক্ট অফিস আছে সেখানে খোলা হবে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ (চীফ মিনিষ্টার) :—অন দ্যাট প্লেস, হবে বলে আলোচনা হয়েছে, তবে তারা টাকাটা ডিপজিট দিতে পারছেন না বলেই সেটা এখন পর্য্যন্ত হচ্ছে না।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে ঐ দোকানটি কত মাস পরে খোলা সম্ভবপর হবে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ (চীফ মিনিষ্টার) :—তারা টাকা দিলে এবং কো-অপারেটিভ রুলস মেনে চললেই সেটা করা হবে।

Mr. Speaker :—Shri Bidya Chandra Deb Barma.

Shri Bidya Chandra Deb Barma :—Starred Question No, 152

Shri S. L. Singh :—Starred Question No. 152

QUESTION

1. What is the total deficit of foodgrains in Tripura during 1969-70 ;
2. how much quantity of rice, wheat or wheat products have been allotted by the Central Government to cover this deficit ;
3. how much quantity of rice and wheat have so far been reached in Tripura out of this allotment ?
4. if the allotment of 1969-70 is in excess of the allotmert of 1968-69, the amount of excess ?

ANSWER

1. Deficit for the year 1969-70 has not yet been assessed. Deficit for the year 1969 has been estimated to 63.000 M. T. in terms of rice.

2. For the year 1969 the Government of India have so far allotted the following quantities of foodgrains :—

	Rice	16,000 M. T.
	Wheat	7,500 M. T.
	Wheat or Wheat Products	750 M. T.
3.	Rice	9,850 M. T.
	Wheat	3,100 M. T.

4. For the year 1969 the Government of India allotted the following quantities of foodgrains :—

Rice	15,600 M. T.
Wheat	29,700 M. T.
Wheat or Wheat Products	3,000 M. T.

400 M. T. more of rice only have been allotted so far for 1969 as compared to allotment of rice in 1968.

Mr. Speaker :—Shri Jatindra Kr. Majumder.

Shri Jatindra Kr. Majumder :—Starred Question No. 110.

Shri S. L. Singh :—Starred Question No. 110.

QUESTION

1) If the Co-operative Department has any proposal to declare the posts of Co-operative Inspector permanent and also to declare Co-operative Inspector as quasi-permanent ;

2) If so, no. of Inspectors eligible for being declared as quasi-permanent and no. of such posts being converted into permanent ones !

ANSWER

1) Yes.

2(a) At present 12 Inspectors are eligible for being declared as quasi-permanent.

(b) 16 temporary posts of Co-operative Inspectors are being converted into permanent ones.

Mr. Speaker : –Shri Monoranjan Nath.

Shri Monoranjan Nath :—Starred question No. 15

Shri S. L. Singh :—Starred Question No. 15

প্রশ্ন

ক) ১১৭৪ বাংলা সন পর্য্যন্ত ত্রিপুরা সরকারের কতটাকা বকেয়া রাজস্ব খাজনা পাওনা আছে ? তন্মধ্যে ৩ (তিন) বৎসরের উর্দ্ধ কালের বকেয়া খাজনা টাকার পরিমাণ কত ? (Sub-Division wise break up)

খ) একসঙ্গে বকেয়া সনগুলির রাজস্ব খাজনা দিতে অক্ষম হইলে সরকার আংশিক গ্রহণ করবেন কি ?

উত্তর

ক) তথ্যাদি সংগ্রহাধীন আছে
খ)

Mr. Speaker :—Shri Monoranjan Nath.

Shri Monoranjan Nath :—Starred Question No. 8

Shri S. L. Singh :—Starred Question No. 8

প্রশ্ন

কাঞ্চনপুর ব্লকের অধীনে গাও পঞ্চায়েত নির্ব্বাচন কোন সনে হয় ?

উত্তর

কাঞ্চনপুর ব্লকের অধীনে গাঁও পঞ্চায়েত নির্ব্বাচন ১৯৬৬ সালের অক্টোবর মাসে পরিচালিত হয়।

Mr. Speaker :—The Question hour is over. There are twelve Unstarred Questions. The Minister may lay on the Table of the House the repply of the Unstarred Questions as well as the reply of the Starred Questions which remained unanswered.

I announce the following massage from the Administrator before the House—that

Dear Mr. Speaker,

I have received with grant satisfaction the expression of thanks by the Members of the Tripura Legislative Assemly for the Address I delivered to the House assembled on 17th March, 1969.

CALLING ATTENTION

Mr. Speaker:—There is one Calling Attention given notice of by Shri Abhiram Deb Barmaa on 18th March, 1969, to which thc Minister concerned agreed to make a statement to day, the 21st March, 1969.

I would call on Hon'ble Minister in-charge of Food Department to make a statement on—

'আগরতলা, অমরপুর এবং ত্রিপুরার অন্যান্য স্থানে গত ১৫ দিনের মধ্যে ধান চাইলের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি এবং উহা রোধ করিতে সরকার গৃহীত ব্যবস্থাবলী।'

Shri S. L. Singh :—Tripura is a deficit area. Tripura is deficit in production of rice. Floods and drought last year affected the yield of last Aman crop adversely. Though final forecast of last Aman crop is not yet available information trickling from some parts of the territory suggests that yield of last Aman crop is very unsatisfactory due to successive floods at the time of sowing and excessive drought at the flower ing stage of the crop. In addition, Gazal, a popular variety of paddy in Kanchanpur area is reported to have failed totally thereby aggravating the extent of deficit.

Seasonal deficiency at this part of the year coupled with unsatisfactory yield of last Aman crop has resulted in rise in open market price almost in all places of Tripura as will be evident from Annexure 'A, showing weekly market price of important centres since the 4th week or February last. That the open market price of rice tended to rise during corresponding period of last year as well, will be evident from the Annexure 'B' showing weekly market price of some important centres during Ist and 2nd week of March, 1968.

From a comparative study of the price levels as obtained in the second week of March this year and last year (vide cols. 5 & 6 of Statement 'B'), it will be seen that the market price of rice in the open market this year has not exceeded in 17 centres, out of 27. From a reading of the average of market prices shown in statemant 'B', it is evident that the price level has not arisen higher than they were in the first fortnight of last March.

To keep the informal rationing running in the territory this Government have placed indent with Government of India for supply of 35,900 tonnes of rice and 35,000 tonnes of wheat while Government of India have assured supply of the entire indented quantity of wheat in monthly instalments but they may not be in a position to supply more than 16,000 tonnes of rice during the year. However Govt. of India is being moved for supply of the indented quantity of rice in full. The quantum of supply of rice content in the existing scale of issues is, therefore dependent upon overall supply of rice from Central Pool.

To meet the situation arising out of price spiralling none of the shops last year was closed down. Instead all shops that were in operation during 1968 have been allowed to continue during 1969. At the end of December, 1968 some 209 fair price shops were in operation all over the territory covering population of about 9 lakhs. All such shops have been allowed to operate during the current year. In addition two new shops have been opened.

Subject to availability of Government stocks, it is the policy of the Government to open fair price shops in areas where availability of rice in open maket becomes scarce. At the moment wheat/atta is being released from most of the Fair price shops.

But with the approach of lean months and depending upon availability with Government, steps will be taken to release rice content in the existing scale of issue through the shops which are now exclusively releasing wheat/atta.

In addition to supply of admissible weekly quota of wheat/atta against family cards, arrangements have been made to supply with effect from 1st April, 1969, 1 Kg of resultant atta, 1 Kg of flour and 250 grams suji per card per week through all fair price shops of Agartala including its suburbs.

All the above measures are likely to arrest unusual rice in open market price of rice, regard being had to the seasonal deficit that develops during lean months. To arrest psychological affect on the open market price of rice, arrangements are being made to build up stocks commensurate with requirement for lean months in all godowns including godowns of inaccessible areas like Damcherra, Chowmanu, Kanchanpur, Raima, Gandacherra, Ampi Ghorakapa etc. before onset of monsoon.

In Tripura fair price shops are however opened in places where availability of rice in open market becomes scarce. Shops are opened in such places as may cater to the needs of the people of the affected areas.

Government is fully alive to the situation that is being developed following gradual rise in open maket price of rice and taking all possible measures to meet the situation.

The quantity of rice and wheat issued per week through fair price shops stands at 225 MT and 300 MT respectively.

ANNEXURE—'A'

STATEMENT SHOWING MARKET PRICE OF RICE IN TRIPURA FOR THE MONTHS OF FEBRUARY AND MARCH, 1969 :

Sl. No.	Name of Centre :	4th week of February. Lowest per Kg.	1st week of March : Lowest per Kg.	2nd week of March : Lowest per Kg.
1	2	3	4	5
		Rs.	Rs.	Rs.
1.	Dharmanagar.	1.35	1·40	1·45
2.	Chowraibari.	1·25	1·30	1·40
3.	Damcherra.	1·30	1·35	1·35
4.	Kanchanpur.	1·60	1·60	1·65
5.	Kailashahar.	1·60	1·65	1·70
6.	Kumarghat.	1·60	1·60	1·70
7.	Manucrossing.	1.65	1·65	1·65
8.	Chowmanu	1·90	1·80	1·90
9.	Kamalpur.	1·45	1·50	1·50
10.	Ambassa.	1·50	1·60	1·60
11.	Khowai.	1·30	1·35	1·35
12.	Teliamura.	1·35	1·35	1·60
13.	Agartala.	1·60	1·75	1·75
14.	Melegarh.	1·45	1·52	1·71
15.	Boxanagar.	1·42	1·60	1·75
16.	Kathalia.	1·28	1·44	1·55
17.	Udaipur.	1·40	1·50	1·60
18.	Amarpur.	1·65	1·65	1·75
19.	Raima.	1·75	1·75	1·75
20.	Gandacherra.	1·50	1·50	1·50
21.	Ampinagar.	1·62	1·50	1·50
22.	Belonia.	1·20	1·20	1·25
23.	Bagaffa.	1·10	1·20	1·30
24.	Rajnagar.	1·19	1·30	1·30
25.	Hrishyamukh.	1·00	1·20	1·20
26.	Sabroom.	1·07	1·07	1·20
27.	Ghorakapa	1·30	1·30	1.25

COMPERATIVE STATEMENT SHOWING MARKET PRICE OF RICE IN TRIPURA DURING 1968-69 :

SL. No.	Name of Centre :	1968 1st week of March Lowest per Kg.	1969 Ist week of March. Lowest per Kg.	1968 : 2nd week of March. Lowest per Kg.	1969 2nd week of March : Lowest per Kg.
1	2	3	4	5	6
		Rs.	Rs	Rs.	Rs.
1.	Dharmanagar.	1·39	1·40	1·50	1·45
2.	Chowraibari.	1.39	1·30	1·50	1·40
3.	Damcherra.	1·20	1·35	1·20	1·35
4.	Kanchanpur.	1·17	1·60	1·17	1·65
5.	Kailasahar·	1·60	1·65	17·5	1·70
6.	Kumarghat,	1·50	1·60	1·50	1·70
7.	Manucrossing.	1·50	1·65	1·60	1·65
8.	Chowmanu.	1·75	1·80	1·87	1·90
9.	Kamalpur·	1·71	1·50	1·75	1·50
10.	Ambassa.	1·79	1·60	1·79	1·60
11.	Khowai·	1·60	1·35	1·60	1·35
13.	Teliamura.	1·55	1·35	1·55	1·60
13.	Agartala.	1·75	1·75	1·84	1·76
14.	Melagarh.	1·60	1·52	1·71	1·71
15.	Boxanagar.	1·34	160	1·34	1·75
16.	Kathalia.	1·34	1·44	1·50	1·55
17.	Udaipur.	1·75	1·50	1 79	1 60
18	Amarpur.	1·79	1·65	1·84	1·75
19.	Raima	1·82	1·75	1·92	1·75
20.	Gandacherra.	2 25	1·50	2·14	1·50
21.	Ampinagar.	1·75	1·50	1·75	1·50
22.	Belonia.	1·25	1·20	1·31	1·30
23.	Bogaffa.	1·25	1·20	1·31	1·30
24.	Rajnagar.	1·25	1·30	1·25	1·30
25.	Hrishyamukh.	0·88	1·20	1·00	1·20
26.	Sabroom.	1·60	1·07	1·60	1·20
27.	Ghorakapa.	1·42	1·30	1·47	1·25
		41·19	39·63	42·45	41·27
	Average.	1·53	1·47	1·57	1·53

Mr. Speaker :—Next item in the List of Business is General Discussion on Supplementary Estimates for 1968-69.

I would like to draw the attention of the Hon'ble Members to the scope of debate on the Supplementary Estimates which is to be confined to the

items constituting the same and no discussion is permitted to be raised on the original grants or policy underlying them save in so far as it may be necessary to explain or illustrate the particular items under discussion.

When the Supplementary demand does not refer to any new service there cannot be any discussion of principle or policy.

Before the discussion begins I would request the Members to give me their names who would like to participate in the debate so that I shall be able to arrange the time schedule for them.

Now, I would call on Shri Aghore Deb Barma to open the discussion on Supplementary Estimates.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে যে এক্সেস ডিমাণ্ড ফিনান্স মিনিষ্টার রেখেছেন হাউসের মধ্যে, তাতে রাখা হয়েছে ৬ কোটি ৪৭ লক্ষেরও বেশী টাকা অর্থাৎ অতিরিক্ত ব্যয় বরাদ্দ এখানে চাওয়া হয়েছে। আমি অবশ্য জানি যে এখানে প্রিন্সিপাল সম্পর্কে আলোচনার কোন স্কোপ নেই। আইটেমগুলির উপরেই আলোচনা সীমা বদ্ধ রাখতে হবে। তথাপি একটা জিনিষ বলতে হবে যে বাজেট যখন পেশ করা হয় তখন আমরা বিরোধী পক্ষ থেকে বরাবরই বলে থাকি যে প্রয়োজনের তুলনায় ব্যয় বরাদ্দ কম। তারপরে এই সাপ্লিমেণ্টারী বাজেটে যেটা রাখা হয় সেটা আমাদের বক্তব্যকেই স্ট্রেংদেন করে। তাতেই প্রমাণিত হয় যে আমরা যেটা বলি সেটা ঠিকই বলি। যদিও পলিসি সংক্রান্ত ব্যাপারে এখানে আলোচনার স্কোপ নেই তথাপি বলতে হয় যে মোটামুটিভাবে এখানে প্রায় সব ডিপার্টমেন্টের উপরই টাকা চাওয়া হয়েছে। কিন্তু একটা জিনিষ দেখা যায় যে প্রায় সব ডিপার্টমেন্টেই ডিয়ারনেস এলাউন্সের জন্য টাকা রাখা হয়েছে, বাইসাইকেলের রিপেয়ারের জন্য, তারপর কস্ট অব এস্টাব্লিশমেণ্ট বা অফিস সংক্রান্ত ব্যাপারে, ফার্নিচার ইত্যাদির ব্যাপারে রাখা হয়েছে। অন্য দিকে অ্যাগ্রিকালচার বা প্রডাকটিভ সাইডে যদি টাকা রাখা হত তা হলে জনসাধারণের অনেক উপকার হত। সেই দিক দিয়ে ব্যয় বরাদ্দ কম্পারিটেভলী কম। কাজেই মোটামুটিভাবে যে বাজেট রাখা হয়েছে তার দিকে যদি আমরা দেখি তাহলে কোন কোন জায়গায় যেমন কম রাখা হয়েছে তেমনি অন্য জায়গায় আবার বেশীও রাখা হয়েছে। যেমন বিলোনীয়ায় একটা ফায়ার সার্ভিস আছে, সেখানে পাম্পিং মেশিন যেগুলি আছে সেগুলি যথেষ্ট নয়। সেখানে আরও কতগুলি পাম্পিং মেসিন রাখা দরকার ছিল যাতে জল সহজেই তোলা যায়। এই রকম আরও পাম্পিং মেশিন রাখা দরকার। অর্থাৎ জনসাধারণকে রক্ষার জন্য, তাদের সাহায্যের জন্য আরও ব্যয় বরাদ্দের পরিমাণ বাড়ানো দরকার ছিল। কিন্তু এই দিকে কিছুই নাই, যা না হলে চলে না শুধু তার জন্যই এখানে বাজেট রাখা হয়েছে।

Shri U. K. Roy :—Mr. Speaker, Sir, on a point of order. এইসব তো স্পেশ্যালী পার্টিকুলার ডিমাণ্ডের উপর যাবে, জেনারেল ডিসকাশনে এই ফায়ার সার্ভিস ইত্যাদি আসবে কেন ?

শ্রীঅঘোর দেববর্ম্মা :—আমি রেফারেন্স হিসাবে বলেছি। আমি বলেছি 'যেমন'।

Mr. Speaker :—Yes, by way of reference he has said these.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—তবে একটা জিনিষ মোটামুটি বলতে হয় যে আমরা বিরোধী পক্ষ থেকে সমালোচনা করতে গিয়ে বাজেট পেশ করার সময়ে বলে থাকি যে সেটা ত্রিপুরার নীড অনুসারে হয় না। অনেক ক্ষেত্রেই সেটা গতানুগতিকভাবে রাখা হয়। তবে একটা কথা এখানে বলতে হয়, যেমন রেফারেন্স হিসাবে আমি বলছি, এখানে যেমন আছে কমলপুর এবং আগরতলায় জুডিসিয়াল এনকোয়ারী করতে গিয়ে যে টাকা বেশী লেগেছে তার জন্য খরচ ধরা হয়েছে। আর একটা হল বি, এম, পি, কে রিইমবসমেন্ট করার জন্য ধরা হয়েছে।

মিঃ স্পীকার—এইগুলি কাটমোশনে বলবেন।

শ্রীঅঘোর দেববর্ম্মা—আমি ডিটেলসে যাচ্ছি না। এখানে যেভাবে রাখা হয়েছে, যেমন ত্রিপুরার আয় এমনিতে কম। সুতরাং ইকনমি কাট করে তার খরচ কমানো উচিত। এই সূত্রে আমি বলতে চাই যে আমাদের ত্রিপুরার যে অবস্থা তাতে বাইরে থেকে লোক ডেপুটেশনে আনা যথাসম্ভব কম করা দরকার এবং ত্রিপুরা থেকে অ্যাপয়েন্টমেন্ট দিয়ে আমাদের ত্রিপুরার লোককে প্রভাইড করার জন্য চেষ্টা করা দরকার। শুধু বাইরে থেকে আনলেই যে আমাদের উদ্ধার হয়ে গেল তা নয়। আমাদের প্রয়োজনে যে অবস্থা দরকার তার সঙ্গে সঙ্গতি রেখে আমাদের ছেলেদের প্রেফারেন্স দেওয়া দরকার। যারা এখানে ডেপুটেশনে আসেন তারা বাধ্য হয়ে ত্রিপুরার টাকা তাদের পরিবার পরিজনকে পোষণের জন্য বাইরে পাঠাতে হয়। এই টাকাগুলি যদি ত্রিপুরাতে থাকত তাহলে আমাদের ত্রিপুরার অনেক লোক বাঁচতে পারতো। সেই দিকে আমাদের লক্ষ্য রাখা দরকার। আমি একটা কথা বলতে চাই যে, যেটা অলরেডি খরচ হয়ে গেছে তার শুধু একটা ফর্ম্মালিটি রক্ষার জন্যই আজকে এখানে বাজেট পেশ করা হয়েছে। খরচ তো অলরেডি হয়েই গিয়েছে। যেটা ভোটের জোরে বিরোধী পক্ষের বক্তব্য নাকচ করে দেন, এক বছর পরে সেটাই আবার তারা বলেন যে, এই টাকা আমাদের দরকার। এটাই আমাদের বক্তব্যকে জাষ্টিফাই করে। কাজেই পরবর্তী সময়ে ত্রিপুরার যে বর্ত্তমান নীড আছে, তার সঙ্গে সঙ্গতি রেখেই করা দরকার। প্রত্যেকটা জিনিষের দাম যেভাবে বাড়ছে তাতে শুধু বেতন বাড়ালেই চলবে না। অবশ্য তারা বলেন যে বাড়াতে হবে। কারণ লোকের বাঁচতে হলে তো তার জিনিষের দাম পাওয়া দরকার। তার সঙ্গে বর্ত্তমানে যে বেতন বাড়ানো হচ্ছে তা যথেষ্ট নয়, আরও বাড়ানো দরকার। কেন না মানুষকে বেঁচে থাকতে হবে। কিন্তু তার সঙ্গে সঙ্গে প্রডাকশান বাড়ানোর জন্য আমাদের চিন্তা, চেতনা থাকা দরকার। তারজন্য যেখানে প্রডাক্শান সাইড আছে, সেখানে বেশী টাকা খরচ করলে এবং ক্যাপিটেল ইনভেষ্টমেন্ট করলে বর্ত্তমান সময়ে আমাদের কর্ম্মসংস্থানের যে অবস্থা সেটা বিশেষভাবে বৃদ্ধি পাবে, অথচ সেদিকে আমাদের তেমন কোন নজর নেই। তারপর পাবলিক হেলথ এ্যাণ্ড মেডিক্যালের বিভিন্ন আইটেমে আজকে প্রয়োজনের তাগিদে বিশেষ করে মেডিসিন কেনার জন্য বরাদ্দ ধরা হয়েছে, এইগুলি রোগের পক্ষে অবশ্যই দরকার। কিন্তু আমার মনে হয়

সেগুলিও আমাদের প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। এখানে এ্যাডমিনিষ্ট্রেটারের বাজেট ভাষণে দেখেছি যে সেখানে বলা হয়েছে আমরা নাকি ত্রিপুরাতে ম্যালেরিয়াকে নিমুল করে দিয়েছি। কথাটা অবশ্য ঠিক যে আমরা প্রায়ই সেটাকে নির্মুল করার মত অবস্থা করেছি, কিন্তু ইদানিংকালে সেটা যেন আবার বাড়ছে। আর কলেরা এবং বসন্তকেও আমরা এক সময়ে এখানে প্রায় নির্মুল করে দিতে সমর্থ হয়েছিলাম, কিন্তু গত বছর এর ঘটনা মাননীয় সদসস্যরা সবাই জানেন। এই সম্বন্ধে আমার বক্তব্য হ'ল যে আমাদের পাবলিক হেলথ ডিপার্টমেন্টে এই ব্যাপারে যেন একটা শৈথিল্য আছে। যেমন ম্যালেরিয়া, কলেরা এবং বসন্ত নির্মূল হয়ে গেছে কাজেই এখানে আর কিছু করার দরকার নেই, এই ধরণের একটা কমপ্লেসেন্স তাদের মধ্যে রয়ে গেছে বা এসে পড়েছে। কাজেই এ সব দিকে আর বেশী সজাগ থাকার বা কাজ করার মত কোন প্রয়োজন তারা অনুভব করছে না। তাই আমি বলছিলাম যে আমাদের বর্ত্তমানে যেটা প্রয়োজন তার তুলনায় ব্যয় বরাদ্দ কম ধরা হয়েছে, এতে আরও বেশী রাখার প্রয়োজন ছিল। বর্ত্তমানে ত্রিপুরার বিভিন্ন জায়গাতে যে সব দুর্ঘটনা ঘটছে সেইগুলি সম্পর্কে আমাদের আগে থেকে যদি প্রিকশনারী মেজার নেওয়া হত, তাহলে ঐ সব দুর্ঘটনাগুলি সেখানে হত না। এই ব্যাপারে আমাদের হাসপাতালগুলিতে এক সময়ে এমন একটা অবস্থা গিয়েছিল যে সেখানে সেলাইন নেই, ঔষধ নেই, নেই নেই কিছুই নেই। এই সম্পর্কে যদি ডিপাটমেন্টের যিনি ইনচার্জ্জ আছেন, তিনি ভালভাবে দৃষ্টি দিতেন তাহলে জনসাধারণের এই রকম দুর্ভোগ হত না। আমার মতে আগে থেকেই এই সমস্ত ব্যাপার রোধ করার জন্য তৈরী থাকা উচিত ছিল। আর সেনিটেশানের দিক দিয়ে তা একটা সাংঘাতিক অবস্থা, অন্য এলাকার কথা বাদ দিলাম, খাস শহর আগরতলার অবস্থা সব চেয়ে মারাত্মক। হাসপাতালের এ দিক দিয়ে তো হাটা যায় না, সর্ব্বত্র যেন একটা দুর্গন্ধ ছড়িয়ে আছে। এহেন অবস্থা থেকে মানুষকে রেহাই দেওয়ার জন্য যদি বাজেটে খানিকটা টাকা বরাদ্দ হত তা হলে আমার মনে হয় খুবই ভাল হত। কিন্তু দুঃখের বিষয় এই ব্যাপারেও তাদের যেন একটা কম্‌প্লেসেন্স আছে। এমন একটা ভাব তারা দেখাচ্ছেন যে সবই তো হয়ে গেল আর যেমন কিছুই করার নেই। অর্থাৎ আমাদের রুলিং পার্টির নেতারা মনে করেন যে তারা যেন একটা স্বর্গরাজ্য পেয়ে গেছেন, অতএব আর বিশেষ কি দরকার হতে পারে। এই রকম একটা কম্‌প্লেসেন্স থাকার ফলে আজকে এসব দুরাবস্থা আমাদের হচ্ছে। টি, টি, সির আমলের কথা যদি আমি বলি, বলব যে তখন যেভাবে ইন্‌টেন্‌সিভ ওয়েতে কাজকর্ম্ম হত তাতে সেখানে কোন শ্লেক্‌নেস ছিল না, সব কাজেই একটার পর একটা ইনটেনসিভ ওয়েতে হয়ে যেত। কিন্তু এ্যাডমিনিষ্ট্রেশনে আসার পরে এখানে যেন একটা অরাজকতা চলছে, সব কাজই ঢিমে-তেতালে চলছে। যার ফলে আমি এই একটা বিশেষ দিকের কথা তুলে ধরছি যে সেখানে চতুর্দিকে দুর্গন্ধের জন্য হাটা যাচ্ছে না। কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আর বেশী ডিটেইল্‌সে যাচ্ছি না, এখানে যেমনভাবে করা আছে তার সম্বন্ধে আমি আমার বক্তব্য রাখতে চেষ্টা করছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে আর একটা কথা আমাকে রেফারেন্স দিয়ে বলতে হচ্ছে যে আমরা কেন বলি প্রয়োজন আছে, অথচ এখানে যে অর্থ ব্যয় বরাদ্দ ধরা হয় তা প্রয়োজনের তুলনায় কম। তারপরে হচ্ছে এখানে বরাদ্দ রাখা হয়েছে যে ওয়ান এ্যাগবেদেডার ফর অফিস অব দি কনট্রোলার, সিভিল সাপ লাইস,

ক্যালকাটা। আমি জানি না উনি এখানে বসে বসে কি করেন। সেখানে কেন যে এ্যামবেসেডার দরকার লাগল তাও আমি বুঝে উঠতে পারছি না। আর মেডিক্যাল ডিপার্ট-মেন্টের আর একটা জায়গাতে আছে, সেখানে যে অবস্থা চলছে, তার সম্বন্ধে আমি ইন ডিটেইলসে যাচ্ছি না। আমি বিশেষ করে এ্যাম্বুলেন্সের কথা বলতে চাইছি। কারণ বর্তমানে সেখানে মাত্র দুইটি এ্যাম্বুলেন্স আছে, এই দুইটির মধ্যে যদি একটি হঠাৎ করে নষ্ট হয়ে যায় বা খারাপ হয়ে যায়, তাহলে যে কি একটা অবস্থা হবে সেটা মোটেই চিন্তা করা যায় না। তারপর এগুলি যেভাবে জি, বি, টু ভি, এম, এও টু, জি, বি, সারাদিন ধরে ডাক্তার আর নার্সদের নিয়ে ঘুরছে তাতো আর নতুন করে বলার প্রয়োজন করে না, এই শহরের প্রত্যেকটি মানুষের এই ব্যাপারে প্রত্যক্ষ অভিজ্ঞতা আছে। এই এ্যম্বুলেন্সের খুবই প্রয়োজন আছে এটা যদি সরকারাভাবে রেগুলারাইজড না হয় তাহলে অদূর ভবিষ্যতে এখানকার জনসাধারণের আর দুর্ভোগের কোন সীমাই থাকবে না। এ দিকে যেভাবে মফঃস্বল বা শহরতলী থেকে টেলিফোন করে বা ট্রাংকল করে এ্যাম্বুলেন্স চাইছে, রোগী আনার জন্য সেগুলি মোটেই হয়ে উঠেছে না। কেননা তারা কি ডাক্তার এবং নার্স নিয়ে এক হাসপাতাল থেকে আর এক হাসপাতালে দৌড়া-দড়ি করবে না এ মফঃস্বল বা শহরতলীর থেকে নানা রোগে আক্রান্ত রোগী হাসপাতালে আনবে অথচ সেইসব রোগীকে ইমেডিয়েটলী হাসপাতালে স্থানান্তরিত করা দরকার, কিন্তু সেগুলি এই এ্যাম্বুলেন্স না থাকার দরুণ হচ্ছে না। তাই আমাকে বলতে হচ্ছে, এই যে সামান্য সুযোগ সুবিধা রোগী আনা নেওয়ার ব্যাপারে সেইটুকু থেকেও জনসাধারণ আজকে নানা ভাবে বঞ্চিত হচ্ছে, তার জন্য এই সরকারই সর্বতোভাবে দায়ী। কাজেই জনসাধারণ বাধ্য হয়ে টেক্সী বা জীপগাড়ী ভাড়া করে ঐ সব রোগীকে হাসপাতালে আনছে। এই দুর্ভোগ যে আর কতদিন পর্য্যন্ত চলবে, তা' সরকারই জানেন। তাই আমি অনুরোধ করবো সরকার যাতে করে এর একটা সুরাহা করেন এবং তারজন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করেন। যাতে করে সকল শ্রেণীর জনসাধারণের যে সুযোগ পাওয়ার দরকার তারা যেন সেটা পেতে পারেন। তাই মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি বলছি এইসব দিকে লক্ষ্য রেখে ভবিষ্যতে আমাদের বাজেটে অর্থ বরাদ্দ করা দরকার। আমি ব্যক্তিগতভাবে মনে করি যে, যেখানে আমাদের ৬ কোটি টাকা ব্যয় বরাদ্দ ধরা হয়েছে সেখানে যেসব প্রয়োজনীয় আইটেম রয়েছে, তাতে আরও একটু বেশী ধরা যেতে পারে অন্ততঃ যেগুলি না হলে চলে না! সেগুলিতে। এই রকম অনেকগুলি রেফারেন্স আমি দিতে পারি যে, সেখানে ইম্পর্টেন্স অনুযায়ী ব্যয় বরাদ্দ ধরা উচিত। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে সরকারী পক্ষ থেকে যে বাজেট উত্থাপন করেছেন, আমি তাতে বুঝতে পারলাম যে, বিরোধী পক্ষ থেকে যে সমস্ত বক্তব্য বা দাবী রাখা হয়, অর্থাৎ প্রয়োজনের পরিপ্রেক্ষিতে যে টাকার অংক বাজেটে রাখা দরকার, তার সংগে সঙ্গতি রেখে সেটা করা হচ্ছে না। তাই সরকারকে প্রতি বছরই সাপ্লিমেন্টারী বাজেটে প্রচুর টাকা রাখতে হয়। এইভাবে শুধু একটা ফরমালিটি মেনটেইন করা হচ্ছে। এখানে আমাদের বুরোক্রেটিক মেসিনারী যেটা লিখে দিচ্ছেন, সেটাই আমাদের যারা মন্ত্রী তারা শুধু একটা দস্তখত দিয়ে সেনট্রাল গভর্নমেন্টের কাছে পাঠিয়ে দিচ্ছেন। আর সেটা সেনট্রাল গভর্নমেন্ট থেকে এপ্রুভ হয়ে আসলে, তারা এই হাউসের মধ্যে

প্লেস করে শুধুমাত্র একটা ফরমালিটি মেনটেইন করছেন, এছাড়া আর অন্য কোন কাজ হচ্ছে বলে আমি মনে করি না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীউপেন্দ্র কুমার রায়ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের সাপ্লিমেন্টারী বাজেট হাউসের সামনে উপস্থাপিত করা হয়েছে। প্রথম কথা হল যে সরকার আইন সভার অনুমতি না নিয়ে, স্যাংশান না নিয়ে কোন খরচ করতে পারেন না। কাজেই বিধান সভা থেকে স্যাংশান নিয়ে সরকার যে সমস্ত খরচ করবার তা করেন এবং বিধানসভায় পাশ হলে পরে প্রেসিডেন্টের এসেন্ট নিলে সেটা সম্পূর্ণ হয়। সেই হিসাবে ওরিজিন্যাল বাজেট গত মার্চ, এপ্রিল মাসে আমরা এই বিধানসভায় পাশ করেছিলাম কিন্তু বাজেট এষ্টিমেটের খরচের যে আনুমানিক হিসাব তারা করেছিলেন, পরবর্তী সময়ে দেখা গেল যে, সেই টাকায় কুলায় না, আরও ৬,৩৭,০০০ টাকা কম পড়ে গেছে, সেইজন্য সাপ্লিমেন্টার এষ্টিমেট করে এটা খরচ করবার অনুমতি নেওয়ার জন্য সেটা এই বিধানসভায় উপস্থাপিত করা হয়েছে। সেটা এখান থেকে পাশ করে দিতে হবে। আমার মনে এখানে সন্দেহ হচ্ছে যে, এই সাপ্লিমেন্টারী বাজেটের উপর কোন জেনারেল ডিসকাশন চলতে পারে কি না? এই যে সাপ্লিমেন্টারী ডিমাণ্ড তাতে কোন নিউ সার্ভিসের প্রভিশন নেই। এখানে ওরিজিন্যাল গ্র্যাণ্ট যা ছিল, তার উপর আরও দরকার, সেই টাকাটা স্যাংশান নেওয়ার জন্য এই হাউসে এটা উপস্থাপিত করা হয়েছে। এটা হচ্ছে, পুনঃশ্চ দিয়ে যেমন কিছু লেখা হয়, পুনঃশ্চ ভিতরও কিছু নূতন জিনিষ থাকতে পারে, কিন্তু আমাদের এখানে কোন নিউ সার্ভিস নেই। জেনারেল বাজেট ডিসকাশনে গভর্ণমেন্টের পলিসির উপর সমালোচনা করা হয়, এটা আমাদের বিরোধী দলের সদস্য অঘোর বাবু মহাশয়ও বলেছেন, আর অন্যান্য যে সমস্ত ক্ষুদ্র আইটেমগুলি আছে, ঐ ডিমাণ্ড যখন আসবে সেই ডিমাণ্ডের সময় আলোচিত হতে পারে, কাট মোশানই হউক বা যে কোন ভাবেই হউক আইটেমওয়াইজ সেটার ডিসকাশন হতে পারে। কাজেই এখানে যে সমস্ত আইটেম আছে তার উপর জেনারেল ডিসকাশন হয়ে গেছে গভর্ণমেন্টের পলিসির উপর, কাজেই আবার এই সাপ্লিমেন্টারীর উপর কি করে জেনারেল ডিসকাশন আসতে পারে সেই বিষয়ে আমার মনে গুরুতর সন্দেহ আছে এবং আমি খুঁজে পাই না কি যে এর মধ্যে বলা যাবে। যে যে আইটেমের উপর এখানে স্যাংশান চাওয়া হয়েছে, তার প্রত্যেকটির উপর ডিটেলস ডিসকাশন হয়ে গেছে, গভর্ণমেন্ট পার্টি এবং ওপজিশন পার্টি প্রত্যেকে যার যতটুকু ইচ্ছা সমালোচনা করেছেন। আর একটা দিক হচ্ছে যে, এখানে সমালোচনা করে কি হবে? এই যে সাপ্লিমেন্টারী ডিমাণ্ড ধরা হয় সেটা গভর্ণমেন্টের কমিটেড এক্সপেণ্ডীচার। যদি এটা পাশ করিয়ে নিয়ে খরচ করতে হত তাহলে এই যে ফিনানশিয়াল ইয়ার সেটা শেষ হয়ে যাবে, তারপর পাশ করিয়ে নিয়ে কখন সেটা গভর্ণমেন্ট খরচ করবে? আসল কথা হল এই, আমাদের আসল গোড়াঘর যেটা আছে, সেটা হচ্ছে সেন্ট্রাল গভর্ণমেন্ট, তার এপ্রুভেল নিয়ে আমাদের বাজেট করতে হয়, সেখান থেকে যখন সেটা পাশ হয়ে গেছে, তখনই বিভিন্ন হেডে, হেড অব দি ডিপার্টমেন্ট তার কার্য্য করতে আরম্ভ করেছেন। অতএব এটা কমিটেড এক্সপেনডিচার, খরচ হয়ে গেছে, তার পে-মেন্ট পরে হতে পারে কিন্তু সেটা অলরেডি খরচ হয়ে গেছে। অতএব

এটার উপর সমালোচনার কোথায় স্কোপ থাকে আমি বুঝতে পারছি না। এই সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে, আমরা জানি যে আমাদের অনেক হ্যান্ডিকেপ আছে, লেজিসলেচারের ক্ষমতা কতটুকু সংকীর্ণ সেই সম্পর্কে আমরা সম্পূর্ণ অবহিত আছি। গতবার জেনারেল বাজেট ডিসকাশনেও আমি বলেছিলাম যে এখানকার একটা পয়সাও আমরা এদিক সেদিক করতে পারি না। এডিশন হয়তো কিছু করতে পারি। অর্থমন্ত্রী তার উত্তরে বলেছিলেন যে সেটার অতিরিক্ত কিছু আমরা আনতে পারি। এই যে অতিরিক্ত টাকাটা, এইটা সাপ্লিমেন্টারী ডিমাণ্ডে আসতে পারত, আরেকটু আগে যদি এটা প্লেস করা যেত, তখন এ্যাসেম্বলী থেকে পাশ করিয়ে নিয়ে সেটা খরচ করা যেত। কিন্তু আমরা ইচ্ছামত সেটা করতে পারি না, আগে যারা আমাদের অর্থ দেবেন অর্থাৎ সেন্টাল গভর্ণমেন্ট তার থেকে এ্যাপ্রুভল এনে সেটার বাজেটের আকারে প্লেস করতে হয়। কর্তার ইচ্ছায় কর্ম হবে। সেই জন্যই আমরা এর আগে সেটা করতে পারি না। অন্যান্য ষ্টেটে এ্যাসেম্বলীতে তারা খরচ করার আগেই সেটা এ্যাসেম্বলী থেকে কিছু কিছু পাশ করিয়ে নিতে পারে। এখানে মন্ত্রী সভার কাছে আমার অনুরোধ এই যে সেনট্রাল গভর্ণমেন্ট এর হোম মিনিষ্ট্রিকে কনভিন্স করিয়ে যাতে যথা সময়ে অর্থাৎ আরেকটু আগে তার এ্যাপ্রুভেল নিতে পারেন তাহলে এই এনমলিটা, খরচ করে তারপর অনুমতি নিলাম—পুট এ কাট বিফোর দি হর্স, সেটা হয় না। আমরা মার্চে যেটা পাশ করলাম সেটা কখন খরচ হবে আমি জানি না। আমি যে কথাটা বললাম সেটা কতটুকু সম্ভবপর হবে জানি না, তবে তারা চেষ্টা করে দেখতে পারেন তাহলে আমি মনে করি যে এনমলিটা দূর হবে। আর একটা পয়েন্ট আমি বলব, সেটা হল এই যে সাপ্লিমেন্টারী ডিমাণ্ডগুলি চাওয়া হয়েছে এইগুলি আমার গত অভিজ্ঞতা থেকে দেখছি এইগুলি অনেক সময় খুব রিয়েলিষ্টিক হয় না। *পি. এ, সি'র রিপোর্ট যদি কনসালট করা হয়, তাহলে* দেখা যাবে যে প্রথমে ওরিজিন্যাল বাজেটে একটা এ্যামাউন্ট ধরা হল, এবং সাপ্লিমেন্টার বাজেটে আরেকটা এ্যামাউন্ট ধরা হল। তারপর দেখা গেল সারপ্লাস, একসেস সেভিংস হয়ে গেছে। আবার হয়তো সারেণ্ডার করা হল কিছু। যা সারেণ্ডার করা হল তার চাইতে বেশী টাকা সেভিংস রয়ে গেল। আমি গত মিটিং এর পাবলিক এ্যাকাউন্টসের রিপোর্ট যেটা সাবমিট করা হয়েছিল, তার দুই একটা একজাম্পল এখানে দিচ্ছি টু ক্লোরিফাই মাই পয়েন্ট। এডুকেশান ডিপার্টমেন্টএ ওরিজিন্যাল বাজেট এষ্টিমেট ছিল ২,৫০,৪১,৬০০ টাকা, এবং তার থেকে সেভিংস ছিল ৩,২৯,৮০০ টাকা। তারপর সাপ্লিমেন্টারী চাওয়া—৪,৯৩,৬০০ টাকা। এই সাপ্লিমেন্টারী চেয়ে নেওয়ার কি স্বার্থকতা থাকতে পারে? এই থেকে ইমাজিনেশন করা যায় যে কত টাকার কাজ আমরা করতে পারব। সুতরাং ডিপার্টমেন্টাল হেডসদের এই ব্যাপারে সতর্ক হওয়া উচিত। এখানে মন্ত্রী সভার খুব কিছু করণীয় আছে বলে মনে হয় না। তবুও বাজেট করবার আগে ডিপার্টমেন্টাল হেডসদের সংগে খুব ভাল করে কনসালট করা উচিত। আবার দেখা যায় সারেণ্ডার করা হয়েছে ৪৮,২০০ টাকা। ওরিজিন্যাল গ্র্যান্টসের সংগে যদি সাপ্লিমেন্টারী গ্র্যান্টস যোগ দেওয়া যায় তাহলে কিছু সেভিং

হতে পারে। কিন্তু ৩,২৯,০০০ টাকা সেভিংস হয়েছে। তাহলে সবটাই কেন সারেণ্ডার করা হল না।

এনিমেল হাজবেন্‌ড্রী ওরিজিন্যাল বাজেটে ছিল ১৮,৬১,৫০০ টাকা। আর সাপ্লিমেন্টারী বাজেট ৩,৫৪,০০০ টাকা। আর ৩.৪৪,০০০ টাকা সারেণ্ডার করা হয়েছে। ১৮,৬১,৫০০ টাকা ওরিজিন্যাল গ্র্যান্ট নিলেন, তারপর ৩,৫৪,০০০ টাকা সাপ্লিমেন্টারী বাজেটে নিলেন আর সারেণ্ডার করলেন ৩,৪৪,০০০ টাকা। এটা কেন? নিলাম ৩,৫৪,০০০ টাকা আর সারেণ্ডার করলাম ৩,৪৪,০০০ টাকা। টাকা যদি থাকে তাহলে সারেণ্ডার না করা বিশেষ ক্ষতির কথা। আমরা বিভিন্ন দেশ থেকে ও বিভিন্ন প্রতিষ্ঠান থেকে টাকা কর্জ্জ করে আনি সেটা যদি কাজে না লাগে তাহলে অত্যন্ত দুঃখের কথা। নিজেও কাজ করলাম না অথচ সারেণ্ডার না করে অন্য কাজ থেকে সরকারকে বিরত রাখলাম সেটা ত ঠিক নয়। সেটা যদি সারেণ্ডার না করে আনইউটিলাইজড রেখে দেওয়া হয় তাহলে এর চেয়ে গুরুতর কিছু হয় না।

ইণ্ডাষ্ট্রি তো আরও চমৎকার। ২২,০০,০০০ টাকা ওরিজিন্যাল গ্র্যান্ট, আর সাপ্লিমেন্টারী গ্র্যান্ট ৯৬,৮০০ টাকা। তাহলে ২২,৯৬,৮০০ টাকা নিলেন। এক্সেস একস্‌পেণ্ডিচার ওভার দি ভোটেড গ্র্যান্ট ১,০০,৮৪০ টাকা। তাহলে যখন ৯৬,০০০ টাকা নেওয়া হল তখন ১,৪০,০০০ টাকা বেশী চাইলেই হত। এই দিকে বাজেটটা যাতে আরও রিয়েলিষ্টিক হয় তার ব্যবস্থা করা উচিত। একটু এদিক সেদিক হতে পারে। কিন্তু একেবারে হাতে বিঘত যদি হয়ে যায় তাহলে সেটা ভাল নয়। যে সময় থাকে সেই সময়ের মধ্যে কত টাকার কাজ করতে পারব সেটা যদি মোটামুটি একটা ধারণা থাকে তাহলে সেই টাকার কাছাকাছি একটা গ্র্যান্ট নিলে ভাল হয় যাতে কাজও না আটকায় অথচ টাকাও ফেরত না যায় বা টাকা আটকিয়ে না থাকে। এই কথা বলেই আমি বক্তব্য শেষ করলাম।

মিঃ স্পীকার :— শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত। শুধু ৫ মিনিট।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :— সাপ্লিমেন্টারী গ্র্যান্টস সমর্থন করতে গিয়ে আমি বেশী আলোচনা করব না। কারণ এটা কমিটেড এক্‌সপেনডিচার। তবে একটা জিনিষের প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে এনিমেল হাজবেন্‌ড্রীর বাজেট। সেখানে ৩১,৬১,০০০ টাকা অরিজিন্যাল বাজেটে ছিল তারপর চাওয়া হয়েছে ১১,৪৭,০০০ টাকা। কিন্তু সবগুলিই হচ্ছে এক্সেস এক্‌সপেনডিচার। সেটাকে রেগুলেরাইজ করার জন্য টাকা চাওয়া হয়েছে। কিন্তু পারসেন্টেজ অব এক্সেস এক্‌সপেনডিচারের নিয়ম হল ফাইভ পারসেন্ট। যা বাজেট আছে তার ফাইভ পারসেন্টের বেশী হতে পারবে না। এমন কি হাউস অব কমন্সেও এই বিষয়ে ষ্ট্রিক্ট নিয়ম আছে। এখানে এক্‌সেস এক্‌সপেনডিসার হিসাবে যে টাকাটা চাওয়া হয়েছে সেটা হচ্ছে এইটিন পারসেন্ট। অতএব আমি ফিন্যান্স মিনিষ্টারের দৃষ্টি আকর্ষণ করছি যে ইট ইজ ব্যাড বাজেটিং এবং ইন-এফিসিয়েন্সী এবং ইনকমপ্লিটেন্সী অন দি পার্ট অব দি সেক্রেটারী কর্মসাণ্ড। সেটা আমি

বলব যে মাননীয় ফিন্যান্স মিনিষ্টার আর একবার সাপ্লিমেন্টারী ডিমাণ্ডের সময়ে আমি তার দৃষ্টি আকর্ষণ করেছিলাম, এবারও আমি দৃষ্টি আকর্ষণ করছি যে এই সম্বন্ধে কন্সাস হওয়া দরকার।

ইনডাষ্ট্রীতেও আমরা দেখছি যে এক্সেস হয়েছে। বলা হয়েছে ডিয়ানেস অ্যালাউন্স দেওয়া হয়েছে।

Excess is due to increase in the rate of wages and purchase of materials etc. for running of the Mobile laboratory Unit.

তার পরিমাণ টেন পারসেন্টের অতিরিক্ত এক্সেস শুধু এখানে নয়। ইলেকট্রিসিটিতে আছে। এক্সেস সম্বন্ধে আমার বক্তব্য হল এমনও দেখা গেছে যে সাপ্লীমেন্টারী বাজেটে যে টাকাটা নেওয়া হয়েছে সেটা তো খরচ হয়নি উপরন্তু অরিজিন্যাল বাজেটের টাকাও রয়ে গেছে। এমন দৃষ্টান্তও পাবলিক একাউন্টস কমিটির কাছে এসেছে। হাউস অব কমন্সে বা পার্লামেন্টে ফাইভ পারসেন্টের বেশী টাকা চাওয়ার নজীর নেই। এটা সেক্রেটারী কন্সান্ডের উপর একটা দোষারোপ আসে। বাজেট করবার সময়ে একটা ফার সাইটেডনেসের অভাব অনুভূত হয়। কাজেই সেই সম্বন্ধে মাননীয় ফিনান্স মিনিষ্টারের দৃষ্টি আকর্ষণ করছি।

আমাদের বাজেট করতে কতটুকু অধিকার আছে জানি না। তবু ফিনান্স মিনিষ্টারের এই সম্পর্কে যে দায় দায়িত্ব আছে সেখানে তিনি দায় দায়িত্ব মুক্ত হতে পারেন না। সেজন্য আমি আবার অনুরোধ করছি তিনি যেন এই দিকে দৃষ্টি রাখেন।

মিঃ স্পীকার—অনারেবল ফাইনান্স মিনিষ্টার।

শ্রীকৃষ্ণদাস ভাট্টাচার্য্য :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সাপ্লিমেন্টারী বাজেট সম্বন্ধে মাননীয় সদস্য অখোর বাবু একটু ফান্ডামেন্টালী ভুল করেছেন বলে আমার মনে হয়। সেটা হল, তিনি বলেছেন যে অরিজিন্যাল বাজেটে বেশী করে টাকা রাখুন, তাহলে আর টাকার প্রয়োজন হবে না। উনার এই কথাটা ঠিক নয়, মাননীয় অধ্যক্ষ মহোদয়, কারণ সাপ্লিমেন্টারী যে টাকা রাখা হয় সেটা হ'ল আনফোরসিন সেটা আগের থেকে বুঝা যায় না যে এই জাতীয় খরচ হবে কিনা. কখন কখনও এমন অবস্থা সৃষ্টি হয় যখন আমরা টাকা খরচ না করে পারি না, এই সব কারণেই আমাদের সাপ্লিমেন্টারী বাজেট করতে হয় এবং অতিরিক্ত যে ব্যয় বরাদ্দ যেটা আমরা এই বাজেট মারফত হাউসের সামনে পেশ করি। তাছাড়া সব ষ্টেটেই এই রীতি আছে যে সাপ্লিমেন্টারী কোন ডিপার্টমেন্টের অতিরিক্ত টাকা খরচ হবে, এবং প্রায় ক্ষেত্রেই সেটা অবধারিত খরচ হয়ে থাকে, এসব ক্ষেত্রে ডিপার্টমেন্টগুলি যে টাকা চাইবে সেটার জন্যই আমাদেরকে সাপ্লিমেন্টারী বাজেট করতে হবে এবং করে সেটাকে হাউসের সামনে পেশ করতে হয় তার অনুমোদনের জন্য, এটা কোন নূতন কিছু নয়। কাজেই অরিজিন্যাল বাজেটে বেশী করে টাকা রাখলেই যে সাপ্লিমেন্টারী এরাইজ করবেনা বা সাপ্লিমন্টারী বাজেট লাগবে না

এটা আমরা মানতে পারি না। আর অরিজিন্যাল বাজেটের পর কখন কি ইমারজেন্সী দেখা দিবে সেটা আগে অনুমান করাও সম্ভব নয়, যার জন্য তাতে সব টাকা রাখা একটা অসুবিধা-জনক হয়ে উঠে। তারপর মাননীয় সদস্যেরা নিশ্চয় অবগত আছেন যে আমাদের বাজেটের অধিকাংশ টাকাটা আমরা সেনট্রাল গভর্ণমেন্ট পেয়ে থাকি। মাননীয় সদস্য ইউ, কে, রায় মহাশয় বলেছেন যে যতটা টাকা আমরা সেন্ট্রাল গভর্ণমেন্ট থেকে গ্রেন্ট ইন এইড পাই তার বেশী আমরা আমাদের বাজেটে প্রভিশান করতে করতে পারি না। এই ব্যাপারে এমন কতগুলি অবস্থার সৃষ্টি হয়েছিল যে যাতে খরচ না করে পারা যায় বা, এসব ক্ষেত্রে টাকার স্যান্‌কশান প্রয়োজনীয় হয়ে পড়ে, সেজন্য আমাদের সেন্টাল গভর্ণমেন্টকে কনভীন্স করতে হয়; যদি আমরা কনভীন্স করতে পারি তাহলে গিয়ে সেটা আমরা করতে পারি। যেমন ধরুন গ্রেটুইসিয়াস রিলিফ, ষ্টেটস রিলিফ এই সমস্ত ব্যাপারগুলি আছে, শুধু তাই নয় এই রকম আরও অনেক ব্যাপার আছে। যখন যেটুকু প্রয়োজন হচ্ছে, তার জন্য খরচ হচ্ছে, কিন্তু এইগুলির জন্য আমাদের কেন্দ্রীয় সরকারের কাছে স্যান্‌কশান চাইতে হয় এবং সেই স্যান্‌কশান এনে সেগুলিকে আমাদের সাপ্লিমেন্টারী বাজেটে রাখা হচ্ছে। যেমন এখানে আছে গ্রেটিসিয়াস রিলিফ ৪ লক্ষ টাকা, আর টেষ্টস রিলিফ ৬ লক্ষ টাকা, তাছাড়া লোন ইত্যাদির ব্যাপারেও বহু টাকা আছে—কারণ এইগুলির সবই আনফোরসিন এ্যাক্সপেণ্ডিসার যার জন্য জেনারেল বাজেটে একটা টোকেন রাখা হয়। কিন্তু পরে যখন ইমার্জেন্সী এরাইজ হয়, কেন্দ্রীয় সরকারকে লিখে সেগুলি আনতে হয়। মাননীয় সদস্য অঘোরবাবু বলেছেন যে কেবল মাত্র কর্মচারীদের ডি, এ, এ্যালাউন্স ইত্যাদির জন্যই খরচ বেশী দেখা যাচ্ছে, কিন্তু প্রডাক্‌টিফ সাইডে কিছুই নেই। মাননীয় স্পীকার স্যার, আমি আগেই বলেছি যে যখন আনফোরসিন এ্যাক্‌সপিণ্ডিচার হয়, সেটা আমাদের করতেই হবে। যেমন ওয়েষ্ট বেঙ্গল ডি, এ, বৃদ্ধি করা হয়েছে, তখন আমাদেরও ডি, এ, বৃদ্ধি করতে হবে। সুতরাং তারজন্যও আমাদের বেশী টাকা খরচ করতেই হবে। এবং তার জন্য বাজেটে প্রভিশান রাখতে হবে এখন তার পরিবর্তে প্রডাক্‌শান সাইডে কি রাখতে হবে না হবে, আমি সেটা বুঝতে পারছি না। প্রডাক্‌শান সাইডে যা রাখতে হয়, সেটা বছরের প্রথমেই বাজেটে রাখা হয়। তবে পরবর্তী সময়ে যদি কোন বিশেষ প্রয়োজন হয়, তাহলে সেটাও রাখা হয়। উনি অভিযোগ করেছেন যে জুডিসিয়াল ইনকোয়ারী, বি, এম, পি প্রভৃতির জন্য অনেক টাকা ধরা হয়েছে। আমি বলব যে এইসবের জন্য যে টাকা ধরা হয়েছে, সেটা ঠিকই ধরা হয়েছে। তবে সেখানে কিছু অতিরিক্ত টাকা খরচ হচ্ছে, সেটা আমাদের দিতেই হবে, সেটা একটা কমিটেড এ্যাক্‌সপেণ্ডিচার বাজেটে না ধরে উপায় নেই। এই সম্বন্ধে অবশ্য মাননীয় সদস্য কাট মোশান এনেছেন, তাই সেটা আলোচনার সময়ে বিস্তারিত বলতে পারব, এখনই এই বিষয়টি নিয়ে আমি আর বিশেষ আলোচনা করতে চাই না।

তারপর উনি বলছেন আমাদের কলকাতা অফিসের জন্য একটা এ্যাম্‌বেসেডার কেনা হচ্ছে, তিনি নাকি সেটা বুঝতে পারছেনা। আমি বলছি সেটার প্রয়োজন আছে, তাই কেনা হচ্ছে। সেখানে যে গাড়ীটা ছিল সেটা অনেক পুরানো এবং কণ্ডেমণ্ড অবস্থায়

এসে পড়েছে। তারজন্যই সেখানে এই নতুন এ্যামবেসেডার গাড়ীটি কেনা হচ্ছে। সেটা শুধুমাত্র অফিসারদের জন্য নয়, এখান থেকে যারা সেখানে যাচ্ছেন সরকারী কাজে তাদের জন্য তাতে কাজের অনেক সুবিধা হয়।

(এ ভয়েস ফ্রম অপজিশন—মন্ত্রীরা যাচ্ছেন তো?)

হঁ্যা মন্ত্রীরাও সেখানে যাচ্ছেন, শুধু সেখানে কেন তারা দিল্লীতেও যেয়ে থাকেন। আর যখন দিল্লীতে যাওয়া হয়, তখন সেন্ট্রাল গভর্ণমেন্ট থেকে গাড়ী দেওয়া হয়। সেখানে নিয়ম আছে যে ষ্টেট গেষ্টস হলে পর যেটা পাওয়া দরকার, সেটা তারা পেয়ে থাকেন। এমন কি কেরলা থেকে যখন যে মন্ত্রী আসেন, তিনিও সেটা পেয়ে থাকেন। কাজেই এটা কোন নীতি বিরুদ্ধ কাজ নয়। আপনাদের কেরলার মন্ত্রীরাও সেই সুযোগ সুবিধা পেয়ে থাকেন।

তারপরে মাননীয় সদস্য ইউ, কে রায় মহাশয় এখানে একটা কথা বিশেষ করে বলেছেন যে—দেখা যাচ্ছে অরিজিন্যাল বাজেটে একটা আইটেমে ছিল ৩,২৯,৮৫০ টাকা আবার সাপ্লিমেন্টারী বাজেটে চাওয়া হয়েছে ৪,৯৩,৫০০ টাকা, অথচ সেখানে সারেণ্ডার করা হচ্ছে ৮,২০০ টাকা। আমি বলছি যে এটা হতে পারে, যেমন আমাদের এ্যাডুকেশন ডিপার্টমেন্টর কতগুলি হেড তে সেভিংস হয়, আবার সেই সেভিংস এ্যাক্‌সেস হয়। এই যে সেভিংটা এবং এ্যাক্‌সেসটা কোথাও বা কোন কারণে খরচ করতে পারা যাচ্ছে না, তাই সেটাকে সারেণ্ডার করতে হয়। এখন অনেক ক্ষেত্রে দেখা যায় যে সেই সেভিংসটা থাকলেও আলটিমেটলি আমদের যে ওভার অল বাজেট আছে, তাতে খুব একটা সেভিংস হয় না। সেখানে সারেণ্ডার একটা বিশেষ হয় না। বিশেষ করে বর্তমান ২ বছর যাবত আমাদের বিশেষ সারেণ্ডার এর কোন প্রশ্ন উঠছে না। কারণ কোন কোন ডিপার্টমেন্ট যদি তাদের সেভিংস হয় বা যেটা তাদের সারেণ্ডার করতে হবে সেটা পূর্ব্বাহ্নে আমাদেরকে জানিয়ে দেয়, তাহলে পরে আমরা যেসব ডিপার্টমেন্টের এ্যাক্‌সেস টাকা দরকার তাদের মধ্যে বিলি বন্টন করে দেই, যেহেতু তাদের সেগুলি খরচ না করে কোন উপায় নেই বা থাকে না। সুতরাং এরিয়ার যে ডিমাণ্ড তার মধ্যে খুব বেশী একটা সারেণ্ডার হয় না।

তারপরে মাননীয় সদস্য প্রমোদ দাশগুপ্ত মহাশয় বলেছেন যে আমাদের বাজেটটা নাকি উনার মতে অনেক সময় আন-রিয়ালিষ্টিক এপ্রোচ হয় বিশেষ করে কোন কোন ডিপার্টমেন্টের কিন্তু আমাদের সেটা না করে কোন উপায় নেই। যেহেতু আমাদের যখন পরের হাতে টাকা থাকে তখন সব সময় যে রিয়েলিষ্টিক বাজেট করা সম্ভব হবে এমন নয়, সেটা সম্ভবও নয় যেখানে কনভিন্স করে বেশী টাকা আনা যায়, এমন কি কোন কোন সময়ে তারা কনভিন্স হতে চান না অর্থাৎ তারা সেখানে বেশী টাকা দিতে চান না। সেই অবস্থায় হয় কি? আচ্ছা যদি কোন রকমে মোট টাকা বেশী করে আনতে পারলে, ওভার অল যে টাকাটা সেটা যদি আমরা আনতে পারি, তখন যদি ঠিক ঠিকভাবে খরচ না করতে পারি তাহলে সেটা আর একটা প্রয়োজনীয় খাতে নিয়ে গিয়ে খরচ করা যায়। এইভাবে এ্যাডজাষ্টমেন্ট করা যায় যেমন গোমতী প্রজেক্ট এবং আসাম বাল্‌ক সাপ্লাই এর অরিজিন্যাল

বাজেটে ধরা যেতে পারে যদি আমরা কেন্দ্রীয় সরকারকে কনভিন্স করতে পারি। তারা অবশ্য বলছে যে তোমরা আগে এইসব ব্যাপারে খরচ করতে পারনি কাজেই তোমাদেরকে এবার বেশী টাকা দেওয়া হবে না। আমরা যতই বলছি যে আমরা খরচ করতে পারব, অতএব আমাদিগকে এই হারে টাকা দিতে হবে। কিন্তু তারা কিছুতেই বিশ্বাস করতে চান না। এবারেও যেটা খরচ করতে পারছি, সেটা যখন তাদের কাছে চাইলাম এবং তাদের বললাম যে এই আমাদের কমিটেড এ্যাক্সপেণ্ডিচার, সেটাও তারা দিতে চাইছে না। তখন আবার আমাদের আবার কোথাও সেভিংস্ আছে কিনা, সেটা খুঁজতে হয় সারেণ্ডার খুঁজতে হয়, অন্য কোনও ডিপার্টমেণ্টে সারেণ্ডার বা সেভিংস কিছু আছে কিনা তখন সেটা এনে যেখানে খুব বেশী প্রয়োজন সেই খাতে আমাদের দিতে হয়। এইভাবে আমাদেরকে বাজেট চালাতে হয়। সুতরাং রিয়ালিষ্টিক বাজেট তখনই হতে পারে যখন নাকি নিজেদের কাছে টাকা থাকবে এবং বিশেষভাবে নিজেদের উপর নির্ভর করা যেতে পারে। কিন্তু আমাদের এখন দেখতে হবে যে ওভার অল টাকাটা কিভাবে বেশী করে আনা যায় এবং সেইভাবে বাজেট করা হবে এবং সেই ভাবে করেই আমরা টাকা আনতে চেষ্টা করি। এসব বলতে গিয়ে দেখা যায় যে আমাদের কোন কোন ডিপার্টমেণ্টে সেভিংস বা সারেণ্ডার হয়। গত ২।১ বছরে দেখা যাচ্ছে যে আমাদের ওভার অল সারেণ্ডার খুব বেশী একটা হচ্ছে না। এই মুহূর্তে আমার কাছে ঐ সমস্ত মেটারিয়েল্স বা ফিগার নেই, যখন জেনারেল বাজেটের উপর ডিস্কাসন হবে তখন আমি ঐগুলি দেওয়ার চেষ্টা করব। তারপর ফাইভ পার্সেন্ট ইনক্রিজ যেটা সেই সম্বন্ধে মাননীয় সদস্য প্রমোদ বাবু বলেছেন। সেটা হ'ল একটা নরমেল ইনক্রিজ ফাইভ পার্সেণ্ট। কিন্তু সেটাও আন ফোরসিন হয়, পরে সেগুলি ধরা হয় না। দেখা গেছে যে নরম্যাল ইনক্রিজটা আমাদের ফাইভ পার্সেণ্টও হয় না। এ্যাক্সেস এ্যাক্সপেণ্ডিচার হতে পারে, সেটা হ'ল আন-ফোর সিন এ্যাক্সপেণ্ডিচার যেগুলি নাকি আগে ধরা গেল না। যেমন হঠাত করে কোথাও এপিডেমিক হ'ল তখন সেগুলি আমাদের না করে উপায় নেই। তাই এই প্রশ্নও উঠে ছিল, যখন নাকি আমরা আমাদের বাজেট বরাদ্ধ থেকেও বেশী টাকা চেয়েছি; তারা সেটা দিতে চায়নি, তারাও এই আরগুমেণ্টই করেছিলেন যে তোমাদের ফাইভ পার্সেন্ট হওয়া দরকার। কিন্তু আমরা যখন দেখলাম যে ফাইভ পার্সেন্ট একটা নরমাল ইনক্রিজ—এই খরচগুলি আমরা করছি, যেগুলির জন্য আমাদের বাজেটে বরাদ্ধ নেই অথচ ঐগুলি আমাদের ঘাড়ে এসে পড়েছে এবং আমাদের সেই খরচ না করেও উপায় নেই। যেমন গতবারে আমাদেরকে ২ কোটি টাকা দেওয়া হয়েছিল এবার সেই জায়গাতে আমরা ৫ কোটি টাকা বেশী এনেছি—অর্থাৎ ৩ কোটি টাকা আমরা বেশী এনেছি। সুতরাং এটা ঠিক নয় ফাইভ পার্সেন্ট এর বেশী হবেনা, ফাইভ পার্সেন্ট একটা লোকাল ইনক্রিজ কিন্তু এবনরম্যাল যে খরচ আমাদের করতে হয়, সেগুলি আন-ফোরসিন সেটা ফাইভ পার্সেণ্টের বেশী হতে পারে এবং এইভাবে আমাদের খরচ করতে হবে, টাকাও আনতে হবে। এইগুলি নিয়ে এখন যদি প্রশ্ন করা হয় তাহলে আর টাকা আসবে না। আমাদের মাননীয় সদস্যরা আমাকে প্রশ্ন করতে পারেন, ষ্টিকচার দিতে পারেন।

Mr. Speaker :—The House stands adjourn till 2 P. M. to-day. The Minister speaking will have the floor,

Mr. Dy. Speaker :—I would call on Hon'ble Finance Minister. Shri Krishnadas Bhattacharjee.

Shri Krishnadas Bhattacharjee : —মাননীয় উপাধ্যক্ষ মহোদয় আমি বলছিলাম এই যে surrender বা saving হয় তা সত্ত্বেও Supplementary রাখা প্রয়োজন এই জন্য যে Supplementaryতে দুইটা জিনিষ আছে একটা plan অপরটি Non-plan. Non-plan এ যদি আমাদের বেশী টাকার দরকার হয় তবে আমরা Plan থেকে সেটা Divert করতে পারি না। Plan হয় saving হচ্ছে বা surrender হবে, কিন্তু Non-plan এ যদি আমাদের বেশী খরচের প্রয়োজন হয় তবে আমাদের Supplementary Budget করতেই হবে। মাননীয় সদস্য শ্রীউপেন্দ্র কুমার রায় মহাশয় যে কয়েকটা Department এর কথা বললেন, আমার মনে সেটা এই ভাবেই হয়েছে। অর্থাৎ Non plan expenditure exceed করছে এবং plan এ saving হয়েছে বা Surrender হয়েছে এবং Non-plan expenditure এর জন্যই তাদের Supplementary Demand চাইতে হয়েছে। অবশ্য scrutiny করে এইগুলি যখন Reply দেওয়া হবে তখন আমরা দেখব। কিন্তু একটা জিনিষ লক্ষ্য করতে হবে যে total Budget এ যে surrender বা savings হয় সেটা কি ভাবে হয়। যদি কোন Department এ surrender থাকে বা savings থাকেও তবে আমি সেটা অন্য Departmentএর excess এর সাথে adjust করতে পারি। অবশ্য planএর টাকা আমরা তা করতে পারিনা। সেটা Surrender করতে হয় বা savings হিসাবে দেখাতে হয়। কিন্তু planএর টাকা plan এই adjust করা যায়। সুতরাং আমাদের যে মোট Savings সেটা কত হয়েছে তা আগে দেখতে হবে এবং সেটা দেখলেই বুঝা যাবে যে দিন দিনই আমাদের Surrender বা Savings ক্রমে ক্রমে কমে আসছে। বর্ত্তমানে উহা হয় না বললেই চলে। মাননীয় সদস্য শ্রীপ্রমোদরঞ্জন দাসগুপ্ত মহাশয় বললেন যে 5% excess. 5% excess permissibe যেখানে 40% excess হয়েছে। আমি সেই জিনিষটা ঠিক বুঝতে পারলামনা 5% excess উনি কোথা থেকে পেলেন। এই যে Supplementary Budget এখানে যদি এমন দেখা যায় যে কোন Deptt. এর Budgetএর টাকা ছিল এক লক্ষ, Supplementary Budgetএ ও এক লক্ষ হউক তাতে কোন আপত্তি নাই। আর আমি cent percent চাইতে পারি তাতেও কোন আপত্তি নাই। কিন্তু উনি এই percentage কোথা থেকে পেলেন সেটা আমি বুঝতে পারছিনা সুতরাং সে বিষয়ে আমি বলব যে এটা তিনি ঠিক বোধ হয় বুঝতে পারেন নি। সেই জন্যই বলছেন। একটা কথা আছে সেটা হল এক বৎসরে যে, Recurring expenditure হয় সেটা পরের বৎসর অর্থাৎ 1968-69 যে Recurring expenditure হল সেটা 1969-70 Budget এতে by way of increment 4% percent এর বেশী Allow করা যায় না। কিন্তু এটাও অন্য প্রকারের জিনিষ এটার সঙ্গে কোন সম্পর্ক নেই। এখানে Supplementary Budgetএ যে টাকা ধরা হয়েছে উহার উপর এই প্রশ্নটা আসেই না। আমাদের Original Budgetএ, উনি যে বলছেন, Animal Husbandryতে Demand No. 33তে 31,61,000/-

টাকা ছিল, Supplementary দেওয়া হয়েছে 11,47,000/- টাকা, তার জন্য যুক্তি দেওয়া হয়েছে এবং এই টাকাটা বেশী চাওয়া হয় নাই। আমার যদি যুক্তি থাকত তবে আমি এক কোটি টাকাও চাইতে পারতাম। Financial Ruleএ এমন কোন নিয়ম নাই যে Original Budgetএ যে টাকা বরাদ্দ আছে Supplementary Budget তার 5% এর বেশী পাওয়া যাবে না। যদি এমন কোন নিয়ম দেখাতে পারেন তবে আমি স্বীকার করব। সুতরাং মাননীয় সদস্য মহাশয়যেটা বলেছেন সেটা ঠিক নয়। Supplementary Budgetএ যে টাকা দেওয়া হয়েছে সেটা খরচ করতে পারবে বলেই দেওয়া হয়েছে। তাই আমি আশা করব যে আমার এই Supplementary Budget, House গ্রহণ করবে।

Mr. Dy. Speaker :—The General Discussion on Supplementary Budget is over. Now voting on Demand for grant for Supplementary estimate for 1968-69. Today in the list of Business there are 13 demands Viz. Demand No. I. Taxes on Income other than Corporation Tax—Agricultural In-come Tax, 4—Taxes on Vehicles, 6—Stamps, 8—Parliament/State/Union Territory Legislature, 9—General Administration, 10—Administration of Justice, 11—Jails, 12—Police, 13—Miscellaneous Departments, 23—Miscellaneous, Social & Developmental organisation, 34—Miscellaneous, 20—Industries, and 21—Community Development Project, National Extension Service & Local Development Works are to be disposed of. Members have received the list of Business along with the appendix showing demands to be moved by the Finance Minister and the cut motions to be moved by the members. Now the Finance minister will move his demands standing in his name one by one when called by me & as soon as the Finance Minister has moved his demand, I shall take all the cut motions. Thereafter when the debate is closed I shall dispose of them one after another by voice vote.

I may also inform the Hon'ble Members that I have decided to request the Finance Minister to move the Demand Nos. 1, 4 & 6 together, Demand Nos. 8. 9 & 10 together. Demand Nos. 11 & 12 together, and Demand Nos. 13, 23 & 34 together respectively and I shall have one general debate on these Demands as they are of allied nature, of course I shall dispose of the demands separately.

Now I call on Hon'ble Finance Minister to move his Demand No. I Taxes on Income other than corporation Tax-Agricultural income Tax, 4 Taxes on vehicles & 6—stamps, together.

Shri Krishnadas Bhattacherjee :—Mr. Speaker, Sir, on the recomendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 800/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from Ist April, 1968 to 31st March, 1969 in respect of demands No. 1 (Major Head '4' Taxes on Income other than corporation Tax-Agricultural Income Tax).

Mr. Speaker, Sir, on the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 5,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1968 to 31st March, 1969 in respect of Demand No. 4 (Major Head '11' Taxes on Vehicles).

Mr. Speaker, Sir, on the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 10,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1968 to 31 March, 1969 in respect of Demand No. 6 (Major Head '14' stamps).

Mr. Dy. Speaker—There is no cut motion. Now I call on the Hon'ble Member Shri Sunil Ch. Dutt.

Shri Sunil Chandra Dutta—মাননীয় উপাধ্যক্ষ মহোদয় মাননীয় অর্থমন্ত্রী মহোদয় যে অতিরিক্ত ব্যয় বরাদ্দের দাবী এই House এ পেশ করেছেন সেটা আমি সমর্থন করি। এই-গুলি committed expenditure এর উপর আলোচনা করা হয়েছে। Budget যখন গ্রহণ করা হয় তখন সমস্তগুলি ঠিক ঠীক ভাবে চিন্তা করা যায় না। সেই জন্য পরবর্ত্তীকালে বাড়তি খরচ করতে আমরা বাধ্য হই। যেমন এখানে আছে Demand No. 1 যে অতিরিক্ত টাকা চাওয়া হয়েছে তার কারণও দেখানো হয়েছে sanction of dearness Allowance at enhanced rate। পশ্চিম বাঙ্গলার সরকারী কর্মচারীদের dearness allowance ইত্যাদি যদি বৃদ্ধি হয় তবে সেই সব বর্ধিত allowance ত্রিপুরাতেও দেওয়া হয় বর্ত্তমানে প্রচলিত বিধি অনুসারে। কাজেই প্রতি বৎসর ব্যয় বৃদ্ধি পায় তাই আমাদের পরে supplementary Budget করতে হয়। Demand No. 6 এ দেখা যায় আমরা 30,000/- টাকা চেয়ে ছিলাম, কিন্তু পরে উহা আবার 10,000/- টাকা বাড়ানো হয়েছে। এই সম্বন্ধে আমি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি একটী বিষয়ের প্রতি আকর্ষণ করব যে stampএর দ্বারা ত্রিপুরা সরকারের একটা income হয়। এটার দিকে লক্ষ্য রেখে আমাদের বাজেট করা উচিৎ ছিল। কিন্তু বাজেট দেখে মনে হয় সেদিকে বিশেষ দৃষ্টি রাখা হয়নি।

আর একটি ব্যাপারে আমি দৃষ্টি আকর্ষণ করছি যে, প্রতি বৎসরই মফঃস্বল ট্রেজারীগুলোতে ভেণ্ডাররা stampএর requisitions দিয়ে পান না December থেকে মার্চ্চ মাস এই সময়টুকুতে। এতে অনেক সুবিধাবাদী লোক ৫ টাকার stamp ১০ টাকা ও ১০ টাকার stamp ২০ টাকা বিক্রি করে। আবার অনেক সময় দেখা যায় যে সব ষ্টাম্প মফঃস্বল ট্রেজারীতে না পাওয়া যায় সেগুলো আগরতলা ভেণ্ডারদের কাছে পাওয়া যায়। কাজেই মনে হয় কোথাও ত্রুটি আছে। এই ডিপার্টমেন্টের সেক্রেটারী এই জন্য দায়ী বলে আমি মনে করি। কারণ, revenue departmentএর কর্মকর্ত্তা যিনি তিনি এর প্রতিকার করতে পারতেন না এটা আমি বিশ্বাস করি না। তাই আমি আশা করব মাননীয় মন্ত্রী মহোদয় এ সম্পর্কে তদন্ত করে

যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করবেন। কারণ stamp নিয়ে নিরীহ জনসাধারণ প্রতি বৎসরই লাঞ্ছনা ভোগ করার এটা একটা রাষ্ট্রের পক্ষে ঠিক বাঞ্ছনীয় নয়। আমার মনে আছে গত বৎসরও এই stamp সম্বন্ধে বলা হয়েছে সে বৎসরের বিশেষ একটা সময়ে মফঃস্বলে stamp পাওয়া যায় না। তাই এর প্রতিবিধানের যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে অনুরোধ করবো।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—সাপ্লিমেণ্টারী বাজেট প্রতি দেশেই হয়ে আসছে এটা বাজেটেরই একটা নিয়ম। কাজেই এটা কেন রাখা হ'লো না এর কোন যুক্তি নেই। কারণ যত রকমের সাবধানতা অবলম্বন করে বাজেট করা হউক না কেন, সাপ্লিমেণ্টারী বাজেট আসবেই। ১০,০০০ৎ টাকা এমন বেশী টাকার অঙ্ক নয়। বৎসরের মধ্যে এমন একটা season আছে যে সময় এ রকম একটা অবস্থা হতে পারে। এই Headএ অতিরিক্ত টাকার প্রয়োজন হয়েছে তাই supplementary grant চাওয়া হয়েছে, এটাই হলো রীতি। কাজেই আমাদের rules অনুযায়ী যে কয়টা Headএ supplementary grantএর প্রয়োজন সেই কয়টা Demand আমরা পেশ করেছি।

আর একটি কথা হলো, মাননীয় সদস্য যারা বলেছেন তাদের বলব যে তারা যেন অনুদানের কথাটি মনে রাখেন। আমাদের বাজেট এসেম্বলীতে পাশ হওয়ার পূর্ব্বে ভারত সরকার থেকে অনুমোদন নিতে হয়। অতএব Central Govt. এবং অনুদানের উপর আমাদের নির্ভর করতে হয়। আমরা চাইলেই Central Govt. দেন না। যে সমস্ত টেরিটোরী আছে তাদের জন্য একটা অর্থের বরাদ্দ রাখা হয়। আমাদের এ কথাও স্মরণ থাকা দরকার যে, প্রত্যেকটা state আজকে অর্থের দাবী পূরণের জন্য কেন্দ্রীয় সরকারকে বলছে। অতএব আমরা চাইলেই অর্থ পাই না কেন্দ্র থেকে, সেই দিকেও আমি দৃষ্টি আকর্ষণ করবো। অতএব তথ্যাদি অনুসন্ধানের ও কোন প্রয়োজন নেই। ভারত সরকারের অনুদানের পরই আমাদিগকে নির্ভর করতে হবে।

Mr. Dy. Speaker :—Now I would call on Hon'ble Finance Minister.

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য সুনীল বাবু stamp সম্বন্ধে যে সব difficultiesএর কথা উল্লেখ করেছেন সে সম্বন্ধে সরকার যথাসাধ্য চেষ্টা করছেন। যাতে মফঃস্বলের সহরগুলিতে stamp পাওয়া যায়। সেই জন্য supplementary budgetএ ১০,০০০ৎ টাকা বরাদ্দ ধরা হয়েছে। আমি আশা করব ঐ সমস্ত difficulties গুলো দূরীকরণের জন্যই টাকাপয়সাগুলো ধরা হয়েছে এবং এই সভা তা মঞ্জুর করবেন।

Mr. Dy. Speaker :—The discussion is over. Now I will put the Demands to vote.

The question before the House is the Demand moved by the Finance Minister that a further sum not exceeding Rs. 800/- be granted to defray the additional charges which will come in course of payment during the period

from 1st April, 1968 to 31st March, 1969 in respect of Demand No. 1 Taxes on income other than Corporation Tax Agricultural Income Tax.

The demand was put to vote and passed.

The question before the House is that a further sum not exceeding Rs. 5000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1968 to 31st March, 1969 in respect of Demand No. 4—Taxes on Vehicles

The demand was put to vote and passed.

The question before the House is that a further sum not exceeding Rs. 10,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1968 to 31st March, 1969 in respect of Demand No. 6—Stamps

The Demand was put to vote and passed.

Now I would call on Hon'ble Finance Minister to move his Demand Nos 8, 9 & 10.

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—Mr. Speaker, Sir, On the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 45,800/- exclusive of charged expenditure of Rs. 1,200/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1968 to 31st March, 1969 in respect of Demand No. 8—Parliament, State/Union Territory Legislature.

On the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 10,86,100/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1968 to 31st March, 1969 in respect of Demand No. 9—General Administration.

On the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 48,800/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1968 to 1st March, 1969 in respect of Demand No. 10—Administration of Justice.

মাননীয় অধ্যক্ষ মহোদয় এর কারণগুলো সঙ্গে দেওয়া আছে, আমি আশা করবো হাউস এগুলো অনুমোদন করবেন।

Mr. Dy. Speaker :—Now I would call on Hon'ble member Shri Promode Ranjan Dasgupta.

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত :—মাননীয় ডেপুটি স্পীকার স্যার, এটা committed expenditure কাজেই এটার উপর আলোচনা নিরর্থক। তাই আমি এই expenditureকে সমর্থন জানাচ্ছি।

Mr. Dy. Speaker :—Now I call on Hon'ble Finance Minister.

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—মাননীয় অধ্যক্ষ মহোদয় মাননীয় সদস্য এটা সমর্থন করেছেন। এবং বলেছেন যে এটা Committed expenditure আমার বক্তব্য হল সবক্ষেত্রে খরচ হয়নি, হচ্ছে এবং হবে তিনি termটা ঠিক use করেন নি। যা হউক তিনি এটা সমর্থন করেছেন। আমি আশা করবো হাউস এটা অনুমোদন করবেন।

Mr. Dy. Speaker :—Now I am putting the Demand to vote.

Demand for grant No. 8. The question before the House is that a further sum not exceeding Rs. 45,800/- exclusive of charged expenditure of Rs. 1,200/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1968 to 31st March, 1969 in respect of Demand No. 8 Parliament. State Union Territory Legislature.

The Demand was put to vote and passed.

The question before the House is that a further sum not exceeding Rs. 10,86,100/- be granted to defry the additional charges which will come in course of payment during the period from 1st April, 1968 to 31st March, 1969 in respect of Demand No. 9 General Administration.

The Demand was put to vote and passed.

The question before the House is that a further sum not exceeding Rs. 48,800/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1968 to 31st March, 1967 in respect of Demand No. 10—Administration of Justice.

The Demand was put to vote and passed.

Now I call on Hon'ble Finance Minister to move his demand Nos. 11 Jails and 12 Police together.

Shri Krishnadas Bhattacharjee—Mr.Speaker Sir, on the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 2,25,800/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1968 to 31st March, 1969 in respect of Demand No. 11—Jails.

On the recommendation of the administrator, I beg to move that a further sum not exceeding Rs. 35,46,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1968 to 31st March, 1969 in respect of Demand No. 12—Police.

মাননীয় উপাধ্যক্ষ মহোদয় এর কারণগুলি এখানে রয়েছে। জেলে, বিশেষ করে রেশনের মূল্য বৃদ্ধি পাওয়াতে এই বেশী টাকার ব্যয় বরাদ্দ ধরা হয়েছে! আর Police Deptt. যে বেশী খরচ ধরা হয়েছে সেটা হচ্ছে Miscএ 7,600/- কমলপুর এবং আগরতলাতে যে Judicial

Enquiry হয়েছিল তাতে যে অতিরিক্ত টাকা খরচ হয়েছে সেটা ধরা হয়েছে। এখানে আভ্যন্তরীণ শান্তি, শৃঙ্খলা এবং বর্ডার রক্ষার জন্য P.A.C & B.M.P.এর জন্য যে খরচ সেটা তাদের সরকার থেকে Bill পাওয়া গেছে, সেই Bill এর পাওনা মেটানোর জন্যই এ অতিরিক্ত খরচ ধরা হয়েছে। আশা করি হাউস তা সমর্থন করবেন।

Mr. Dy. Speaker--There are two Cut Motions. Motion for reduction of grants that the demand be reduced by Rs. 34,84,400/-. Sri Aghore Deb Barma to discuss on -

i) Heavy expenses on account of deputation of P. A, C. & B. M. P. in Tripura.

That the Demand be reduced by Rs. 40,000/-. Sri Aghore Deb Barma to discuss on—

ii) Expenses in connection with Judicial Enquiry at Kamalpur and Agartala regarding appointment of Lawyers etc.

শ্রীঅঘোর দেববর্ম্মা—মাননীয় উপাধ্যক্ষ মহোদয় Demand No. 12—Police এখানে আমি দু'টা Cut Motion রেখেছি। সেটা হচ্ছে বর্তমান বেকার সমস্যা যদি আমরা লক্ষ্য করি তাহলে আমাদের বলতে হয় যে ত্রিপুরাতে Arm Police করার মতো লোকের অভাব ছিল না। কারণ B. M. P. বা P. A. C. যারা এখানে আছেন তারা যে বিদেশী একথাও আমি বলছি না। কিন্তু ত্রিপুরায় প্রয়োজনে, ত্রিপুরায় বহু যুবক, তারা সাধারণ peonএর চাকুরী, policeএর চাকুরী বা Forest guard ইত্যাদির চাকুরীর জন্যে ঘুরে বেড়াচ্ছে। কাজেই এই টাকাটা বাহিরের লোক না রেখে Deputation allowance বাবদ খরচ না করতাম এবং ত্রিপুরা থেকে police যদি নিযুক্ত করা যেত তবে টাকাটা বেঁচে যেতো। আমি Economyএর দিক দিয়ে চিন্তা করেই একথা বলছি। তাতে এক দিকে Economy হতো এবং অন্য দিকে রাজ্যের বেকার যুবকদের কর্ম সংস্থান হতো। ফলে আমরা উভয় দিকেই লাভবান হতাম। তবে অন্য দিকে Ruling partyর Ministerরা যদি মনে করেন যে এই সমস্ত যুবকের উপর ভরসা রাখতে পারেন না যে তাদের দিয়ে রাজ্য রক্ষা বা বর্ডার রক্ষা হবে না অর্থাৎ confidenceএর অভাব হয় তবে তো কোন প্রশ্নই উঠে না। এই কথা মনে করে বাহির থেকে যে সব P. A. C., B. M. P. staff আনা হয়েছে, তাদের দিয়ে সুষ্ঠুভাবে বর্ডার রক্ষা, শান্তি রক্ষা ইত্যাদি কার্য্য পরিচালনা হচ্ছে কিনা সেটাও আমাদের বিচার বিবেচনার বিষয়বস্তু। যে purposeএ আমরা লক্ষ লক্ষ টাকা খরচ করছি সেই purpose আমাদের served হচ্ছে কিনা এটাও দেখতে হবে। বর্ডারে গোলযোগ সম্বন্ধে প্রায়ই আমরা দৈনিক পত্রিকায় দেখতে পাচ্ছি। অর্থাৎ আমার কথা হ'ল ত্রিপুরা একটি ছোট রাজ্য, লোক সংখ্যা কম, Expert এর অভাব তাই অনেক সময় deputationএ Technical hand বাহির থেকে আনতে হয়। কিন্তু বর্ডার এবং Internal security রক্ষার জন্য বাহির থেকে লোক আনতে হবে, এই রাজ্যের লোকের প্রতি সরকারের কোন প্রকারের আস্থা নেই এইরূপ যদি হয়, মুখ্যমন্ত্রী এই হাউসে তথ্য দিয়ে বলতে

পারতেন যে এই লোকগুলাকে কেন বর্ডার রক্ষা বা Internal security রক্ষার জন্য আমরা এখানে এনেছি লক্ষ লক্ষ টাকা খরচ করে।

আজকে Law & order maintain করা দরকার এটা আমি স্বীকার করি। কিন্তু আজকে B. M. P.কে আনার ফলে সাব্রুম হতে ধর্মনগর পর্যান্ত সীমান্ত কি সুরক্ষিত হযেছে? আভ্যন্তরীণ শান্তি শৃঙ্খলা কি বজায় আছে? একথা কি আজকে মুখ্যমন্ত্রী জোর গলায় বলতে পারেন? আমরা দেখতে পাই যে, চুরি ডাকাতি উত্তরোত্তর বেড়েই চলেছে। তাদের আনার পূর্ব্বে যে সমস্ত চুরি ডাকাতি হয়েছে, আনার পরে কি পরিমাণ কমেছে সে সমস্ত তথ্যাদি দিয়ে তিনি যদি আজকে বলতেন তাহলে আমরা বুঝতে পারতাম। কিন্তু তিনি কোন তথ্যই প্রকাশ করেন নি। আজকে আমার বক্তব্য হ'চ্ছে যে আমরা দেখছি দিনের পর দিন ডাকাতি রাহাজানী বাড়ছেই। এই অবস্থায় বর্ডার সুরক্ষিত করাব জন্য এবং আভ্যন্তরীন শান্তি শৃঙ্খলা বজায় রাখার জন্য আমাদের দেশের সক্ষম, বেকার যুবকদের পুলিশ বাহিনীতে নিয়োগ করলে দেশের বেকার সমস্যারও সমাধান হতো এবং ত্রিপুরার জন্য তারা স্বাভাবিক ভাবেই প্রাণপণ করে কাজ করতো, কিন্তু দেশের লোককে বেকার ও অভুক্ত রেখে তারা বাইর থেকে লাঠিয়াল এদেশে আমদানী করেছেন। যে কারণে এই টাকাটা রাখা হয়েছে সেই purposeটা served হয়নি। যদি আজকে এই ত্রিপুরার বেকার যুবকদের দিয়ে পুলিশ বাহিনী গড়া হতো তাহলে দেশের শান্তি শৃঙ্খলা ও বর্ডারও সুরক্ষিত হতো। কিন্তু বর্ত্তমান কংগ্রেস সরকারের কোন confidence নেই এই বেকার যুবকদের প্রতি। এটা অত্যন্ত দুঃখের ব্যাপার। এক্ষণি আমি সবাইকে গভীরভাবে চিন্তা করতে বলবো বিশেষ করে মন্ত্রীমহোদয়দের। হাজার হাজার যুবক কোন কাজকর্ম পায় না, বেকার হয়ে তারা আত্মবিশ্বাস হারাতে বসেছে। অথচ লাখে লাখে টাকা বাইরের এই সমস্ত লোকদের জন্য খরচ করা হচ্ছে। কাজেই বর্ত্তমান সরকারের দৃষ্টিভঙ্গী পরিবর্ত্তন হওয়া দরকার।

দ্বিতীয় কথা হচ্ছে that the demand be reduced by Rs. 40,000/- কেন একথা আমি বলছি। তার কারণ হচ্ছে, দু' দুইটা judicial enquiry এই ত্রিপুরাতে হয়ে গেলো। তার মধ্যে একটা আগরতলায়। এখন judicial enquiry বলতে আমরা বুঝি এই যে ঘটনার জন্য judicial enquiry বসান হয়েছে, সেই ঘটনা তদন্ত করে প্রকৃত তথ্য উদ্ঘাটিত করা এবং যারা দোষী সাব্যস্ত হবে তাদের শাস্তি দেওয়া এটাই হলো উদ্দেশ্য। কিন্তু এখানে কি ঘটেছে। বাহির থেকে ব্যারিষ্টার এবং এখান থেকে ৫ জন Advocateকে নিযুক্ত করা হলো সরকার পক্ষ থেকে। তার কারণ হলো, এই যে, বিগত ২৯শে আগষ্টের গণ্ডগোলের সময় যে সমস্ত পুলিশ অফিসার গুলি চালনার জন্য দোষী, যে গুলি চলাবার ফলে আগরতলার কয়েকটি ছাত্রের জীবন গেল, সেই সব দোষী পুলিশ অফিসারদের বাঁচাতে হবে। তাদের সমস্ত অপরাধ থেকে মুক্ত করতে হবে। এই হচ্ছে তার একমাত্র উদ্দেশ্য। আমি একথা স্বীকার করি যে সরকারের বক্তব্য রাখার জন্যে ষ্টাফের প্রয়োজন। কিন্তু এত লইয়ারের প্রয়োজন ছিল না। তবুও এত জনকে রাখার উদ্দেশ্য হলো,

যাদের জীবন হানি হয়েছে জনসাধারণ যারা নিগৃহীত হয়েছে তাদের ঘাড়ে দোষ চাপিয়ে দেওয়া। তার ফলে, যে purposeটা serve করার জন্যে এখানে judicial enquiry বসানো হলো সেই purposeটা মোটেই served হলো না। এই কারণেই এই বাবদে যে খরচটা এখানে ধরা হয়েছে সেটা আমি কোন অবস্থাতেই মানতে পারি না। সরকারী পুলিশ কর্মচারীরা অপরাধ করবে তার জন্যে টাকা খরচ করে তাদের বাঁচাতে হবে এটা অত্যন্ত নীতি বিরুদ্ধ কাজ বলে আমি মনে করি। এটাতো বিচার নয় বিচারের প্রহসন মাত্র। দেশের আপামর জনসাধারণ আজ সাগ্রহে প্রতীক্ষা করছেন অপরাধীর কি শাস্তি হয় তা দেখার জন্যে অথচ ....

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—Point of order বিচার বিভাগীয় তদন্তকে "বিচারের প্রহসন" বলার অধিকার আছে কিনা ?

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি Judicial Enquiry Commission যেটা বসানো হয়েছে তাকে প্রহসন বলিনি তার প্রতি আমার কোন মন্তব্য নেই, বা সমালোচনাও নেই।

Mr. Dy. Speaker :—বিচার প্রহসন আপনি বলতে পারেন না।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—সত্য জিনিষটা উদ্ঘাটিত হউক, অপরাধীর শাস্তি হউক এটাই আমরা চাই, কিন্তু সেই সত্য জিনিষটা উদ্ঘাটিত হতে দিতে তারা চান না এটাই আমার অভিযোগ। তাই এই বাবদে যে খরচের টাকা ধরা হয়েছে সেটা সমর্থন করতে পারি না।

Mr. Dy. Speaker :—মাননীয় সদস্যকে আমি বলছি আপনি বিচার প্রহসন একথাটা বলতে পারেন না।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—আমি তো বিচারটা প্রহসন বলিনি বা Judicial Commissionকে প্রহসন বলিনি। কমিশন কি রায় দিল কি বক্তব্য রাখল সে সম্বন্ধে তো আমার বক্তব্য নাই। আমার বক্তব্য হচ্ছে * * *

Mr. Dy. Speaker :—এটা expunge করা হবে।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—Point of order এটা Contempt of Courtএ পড়ে কিনা ?

জনৈক সদস্য :—Contempt of Court তো এখানে হবে না সেটা Courtএর বিচার্য্য বিষয়।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয় আমরা গণতন্ত্রের মধ্যে বাস করি। নিরপরাধ লোককে যেগুলি করে মারা হ'লো এটাও বৃহত্তম গণতন্ত্র। আজকে Judicial Enquiry বসানো হয়েছে, সেখানে সরকার পক্ষকে হাজার হাজার টাকা খরচ করে

---

* * * Expunged as ordered by the Chair on 21. 3. 69.

defence দেওয়ার যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সেটাই হচ্ছে আমার বক্তব্য। আজকে সরকারের উচিত ছিল impartially যাতে করা যায় সে চেষ্টা করা। তারজন্য ১ জন ব্যারিষ্টার ও ৫ জন Advocate নিয়োগ করার প্রয়োজন ছিল না। যে সমস্ত লোক মারা গেল তারা তো অত্যন্ত গরীব। তাদের defend করবে কে? বৃহত্তর গণতন্ত্রের এটাও একটা দিক।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, বিচার কমিশনটা সম্বন্ধে আমার কোন মন্তব্য নেই এটা আমি বলছি। কিন্তু অপরাধীদের বাঁচানোর জন্য সরকারের এই প্রচেষ্টাকে আমি সমর্থন করতে পারি না। তাই এই এলাউন্সটা এখানে কমানোর জন্য আমি এই cut motion এখানে রেখেছি।

Mr. Dy. Speaker :—I would call on Hon'ble Chief Minister.

Shri S. L. Singh, Chief Minister. —মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, PAC এবং BMP এই দুইটি খরচ বাঁচানোর জন্য উনি বলেছেন। এখানের লোক নিয়োগ করলে যে খরচ হবে না, সেটা তিনি কি যুক্তিতে বললেন আমি বুঝতে পারছি না। তাই আমি মাননীয় সদস্যকে বলব যে কথা বলার পূর্বে তিনি যেন চিন্তা করেন, সব কিছু তো এসেম্বলীতে বলা চলেনা। আমরা জানি পুলিশ বাজেটে যদি regular ২টি Battalion রাখা হয় তাহলে কত লক্ষ টাকা খরচ হবে তার চিন্তা করতে মাননীয় সদস্যকে আমি বলব। বেকার সমস্যা সমাধানের উপায় হিসাবে যদি Arm Police নিয়োগ করা হয় তবে সেটা উনারা শুধু বলতে পারেন। আমরা এটা করতে চাইনা। আমরা চাই পুলিশের অংকটা যাতে আরও কমে সেদিকে আমরা দৃষ্টি রাখব। সেই টাকাটা যাতে Education এবং developmentএর কাজে ব্যয় করতে পারি সেদিকে দৃষ্টি রেখে আমরা বাজেট তৈরী করে থাকি, তাদের কথা স্বতন্ত্র। তারা হয়ত কেউ ২০ কোটি সৈন্য নিয়োগ করতে পারেন কেউ ১০ কোটি করতে পারেন। তবে আমি বলব Democracy সম্বন্ধে national integrity and National unity যদি না থাকে তাহলে শুধু Arm Police বাড়িয়ে জাতীয় ঐক্য সংরক্ষণ হয় না। সেদিকে মাননীয় সদস্যকে চিন্তা করতে বলব। স্যাংক্রাক, শান্তি সেনা, গোপাল সেনা সম্বন্ধে বলা হয়েছে। আমি বলব যদি এই শান্তি সেনা, স্যাংক্রাক পার্টিকে হাঙ্গামা, লুণ্ঠন কাজে নিয়োগ না করেন তাহলে পুলিশের internal security র কাজে প্রয়োজনীয়তা হয় না। BMP, PAC কে temporaryভাবে কিছু দিনের জন্য রাখা হয়েছে। তারপরে বলা হয়েছে border security সম্বন্ধে। Border security force is All India Force, ত্রিপুরার ছেলেকেও এটাতে নিতে পারে, মনিপুরের ছেলেকেও নিতে পারে। অতএব সেইদিক দিয়ে মাননীয় সদস্যকে চিন্তা করতে বলব। তবে তাদের আসা দরকার, তাই তারা এগুলোতে আসছেন। অতএব এই বরাদ্দ আমরা রেখেছি, Supplementary grant রাখার যৌক্তিকতা আছে, BMP এবং PAC রাখার প্রয়োজন আছে, তাই রেখেছি, তবে তাদের পক্ষে Border Security একটা আতংক স্বরূপ, তাদের কাণ্ডকীর্ত্তিগুলি আমরা উদঘাটন করতে সক্ষম হই। কারন স্যাংক্রাক পার্টির নিকট হতে এই BMP, PAC রা পাকিস্তানী arms ammunition ধরতে পেরেছে, তাই BMP, PAC and Border Security force এর ব্যাপারে তাদের গাত্রদাহ।

আমাদের দেশের শৃংখলা রক্ষা করতে হবে. Force রাখতে হবে, যেখানেই উচ্ছৃঙ্খলতা দেখা দিবে সেখানেই force যাবে শান্তি ফিরিয়ে আনবার জন্য।

আর একটা হল Judicial Enquiy সম্বন্ধে। যখন case হল, আসামী হল সরকার পক্ষ, যে সমস্ত সরকারী কর্মচারী কর্তব্য কর্মে নিয়োজিত ছিল তাদের পক্ষে উকিল নিয়োগ করা হল। যারা নালিশ করেছিল Judicial Enquiry র জন্য তারা হল নালিশকারী। অতএব সেই দিক দিয়ে চিন্তা করতে বলব। নালিশকারীকে কেউ উকিল দেয়না। সরকারী কার্য্য যারা করেন তাদের পক্ষে উকিল দেওয়ার বিধান আছে। তাই আইনানুগ ভাবেই Judicial Enquiryতে সরকার উকিল, ব্যারিষ্টার দিয়েছেন। অতএব তাদের পক্ষে এটা অন্যায় কি হল আমি বুঝতে পারি না। আগরতলাতে যে case হল এটার মূলেই কমিউনিষ্ট পার্টির উস্কানী। Judicial Enquiryর জন্য এতগুলো টাকা আমাদের খরচ করতে হতনা যদি তারা উস্কানী দিয়ে এ কাজগুলি না করাতেন। সেই দিক দিয়ে They are all responsible for this event. অতএব সেই দিক দিয়ে দৃষ্টি রেখে আমরা তা বরাদ্দ করেছি। আশা করি House তা সমর্থন করবেন।

Mr. Dy. Speaker :—Now I call on Hon'ble Finance Minister.

Shri Krishnadas Bhattacharjee (Finance Minister):—মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, বিরোধী পক্ষের সদস্যরা যেসব Cut Motion রেখেছেন সেটার জবাব আমাদের মুখ্যমন্ত্রী দিয়েছেন। সে সম্বন্ধে আমার আর কিছু বলার নাই। আমি আশা করব House Demand সমর্থন করবেন।

Mr. Dy. Speaker :—First of all I am putting the cut motions to vote. Motion for reduction of grants. That the demand be reduced by Rs. 34,84,400/- moved by Shri Aghore Deb Barma to discuss on heavy expenses on account of deputaton of PAC & BMP in Tripura.

(The cut motion was put to vote and lost).

There is another cut motion moved by Shri Aghore Deb Barma that the Demand be reduced by 40,000/- to discuss on Expenses in connection with Judicial Enquiry at Kamalpur and Agartala—regarding appointment of Lawyers etc.

(The cut motion was put to vote and Lost).

Now I am putting the main demand to vote. Demand for grant No. 11—Major Head 22—Jail. The question before the House is that a further sum not exceeding Rs. 2,25,800/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1968 to 31st March, 1969 in respect of Demand No. 11—Jails.

(The Demand was put to vote and passed.)

Mr. Dy. Speaker :—Demand for grant No. 12—Major Head—23 'Police'. The question before the House is that a further sum not exceeding Rs. 35,46,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1968 to 31st March, 1969 in respect of Demand No. 12—Police.

(The Demand was put to vote and passed.)

Now I call on Hon'ble Finance Minister to move his Demand No. 13— Miscellaneous Department—Major Head 26, Demand for grant No. 23—Miscellaneous Social & Developmental Organisation—Major Head 39, and Demand for grant No. 34—Miscellaneous, Major Head 71.

Shri Krishnadas Bhattacharjee (Finance Minister)—Mr. Speaker Sir, on the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 1,08,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1968 to 31st March, 1969 in respect of Demand No. 13—Miscellaneous Departments, Major Head 26.

Mr. Speaker, Sir, on the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 2,81,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1968 to 31st March, 1969 in respect of Demand No. 23—Miscellaneous, Social & Developmental Organisation, Major Head 39, and

Mr. Speaker, Sir, on the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 11,43,400/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1968 to 31st March, 1969 in respect of Demand No. 34—Miscellaneous Major Head 71.

Mr. Dy. Speaker—Now I call on Hon'ble Member Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma—মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, Demand No. 13-এ যে খরচ চাওয়া হয়েছে তার মধ্যে Item No. (4)তে for 3 portable pumps for Fire Service Organisation যে টাকাটা খরচ হয়েছে তা ভালই হয়েছে অবশ্য এ জন্য আরো বাড়তি টাকা ধরা প্রয়োজন ছিল। কিন্তু আজকে ত্রিপুরার সামগ্রিক অবস্থার পর্য্যালোচনায় দেখা যায় যে প্রত্যেক বৎসর কত বাজার ও ঘরবাড়ী অগ্নিদগ্ধ হয়ে পোড়া যাচ্ছে, এ বিষয়ে সরকার একটু সচেতন হলেই মানুষের ধন সম্পদ এই রকম দুর্ঘটনা থেকে রক্ষা করা যায়, মফঃস্বল সহরের বড়—

বড় বাজারগুলোতেও এ রকম দুই একটা portable pump-এর ব্যবস্থা রাখলে এ রকম দুর্ঘটনা থেকে অনেক ধন সম্পদ রক্ষা করতে পারা যাবে। যদিও এ বাবদে লক্ষ লক্ষ টাকা খরচ করে লোক দেখানো হয়েছে কিন্তু প্রয়োজনের তুলনায় অনেক কিছুই করা হয় নাই। এ বিষয়ে আর বিশেষ কিছু আলোচনা করতে যাচ্ছি না। এখানে Increase due to filling up of vacant posts and payment of arrear time scale increament, Dearness Allowance, Rent ইত্যাদি increase হওয়ার দরুন এটা ধরা হয়েছে এবং already খরচও হয়ে গেছে। সুতরাং এ বাজেটটা এখানে নিয়া আসা বলতে গেলে illegal, সরকার তার ইচ্ছামত খরচ করেছেন। Only to maintain the formalities ইহা হাউসে আনা হয়েছে। Regularise এটা একটা আইনের কথা। November বা December-এ Assembly ডেকে যদি এটা Separate করা হত তবে এ সম্বন্ধে বিস্তারিত আলোচনা করা যেত।

আর Demand No. 23—Miscellaneous, Social and Developmental Organisation এখানে খরচ ধরা হয়েছে Excess is due to—(1) Charge of incumbents; (ii) Filling up of vacant posts. Excess is due to—(1) Sanction of Dearness Allowance at enhanced rate, (2) Payment of Compensatory Allowance ইত্যাদি, ইত্যাদি অর্থাৎ Office-cum-establishment. আমি বর্ত্তমানে এই দুর্দ্দিনে যে খরচ করা হয়েছে তাতে আমার বক্তব্য রাখছি। অবশ্য খরচ করার দরকার আছে। কিন্তু তার side by Side Departmentটা কি? আজকে অফিসারও কর্ম্মচারীদের কিছু বেতন বাড়িয়ে দিলেই Social and Development সমাজের হয়ে গেল এটাই যদি সরকারের দৃষ্টি ভঙ্গি হয়ে থাকে তাহলে আমার বলার কিছুই নাই। অবশ্য তাদের পাওয়ার দরকার আছে, পেয়েছে এবং তার চেয়ে আরো বেশী পাওয়ার দরকার সেটা আমি অস্বীকার করছি না এবং দরকার বোধে আমি এটার জন্য দাবী রাখব। বর্ত্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে আরো দরকার। কিন্তু তার সাথে সাথে সমাজের অন্য স্তরে যারা আছেন তাদের দিকেও নজর রাখা দরকার এবং সেই পরিপ্রেক্ষিতে আরো যে অর্থের প্রয়োজন তা অস্বীকার করা যায় না। কিন্তু এই Supplementary Budget এ কোন অর্থের বরাদ্দ না থাকায় আমি এটাই কি অনুমান করবো যে অন্যান্য স্তরে Development যা কিছু দরকার সব হয়ে গেছে আর দরকার নেই।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমার আর কিছু বলার নেই। উপসংহারে এই কথা বলব যে এই Supplementary Budget টা আরো ২।৩ মাস পূর্ব্বে আনা উচিত ছিল।

Mr. Speaker—I Call on Hon'ble Finance Minister.

Shri K. D. Bhattacharjee— (Finance Minister)—Supplementary Budget বেআইনী এই কথা বলতে যে মাননীয় সদস্য যে কি বলতে চেয়েছেন, তা আমি বলতে পারলাম না। তবে Suupplementary Budget এর একটা নূতন অর্থ শিখলাম যে বে আইনী কাজকে Regularise করা, সে যাই হউক, যে সব ক্ষেত্রে Supplementary Demand ধরা হয়েছে normal Budget এ এই সব খাতে provision ছিল কিন্তু পুরাপুরি অর্থের সঙ্কুলান না

হওয়ার এই অতিরিক্ত ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে, সুতরাং আমি আশা করব House এই Demand গুলি সমর্থন করবে।

Mr. Speaker :— I shall now put the Demands to vote. Demand for grant No. 13.—Miscellaneous Departments.

The question before the House is that a further sum not exceeding. Rs. 1,08,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1968 to 31st March, 1969 in respect of Demand No. 13—Miscellaneous Departments.

(The demand was passed by voice vote.)

Demand No. 23—Miscellaneous, Social and Developmental Organisation. The question before the House is that a further sum not exceeding Rs. 2,81,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1968 to 31st March, 1969 in respect of demand No. 23—Miscellaneous Social and Developmental Organisation.

(The demand was passed by voice vote.)

Mr. Speaker : —Demand for grant No. 34— Miscellaneous. Major Head—27. The question before the House is that a further sum not exceeding Rs. 11,43,400/- be granted to defray the additional charges which will come in course of payment during the year from the 1st April, 1968 to 31st March, 1969 in respect of demand No. 34—Miscellaneous.

(The demand was passed by voice vote.)

Mr. Speaker :—Now I call on Hon'ble Finance Minister to move the Demand No. 20.—Industries, Demand No. 21—Community Development Project, National Extension Service & Social Dev. works.

Shri Krishnadas Bhattacharjee (Finance Minister)—Hon'ble Speaker, Sir, on the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 3,76,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1968 to 31st March, 1969 in respect of Demand No. 20, Major Head 35—Miscellaneous.

Hon'ble Speaker, Sir, on the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceedig Rs. 39,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1968 to 31st March, 1969 in respect of Demand No. 21—

Community Development Projects, National Extension Service and Local Development Works.

Mr. Dy. Speaker—There is no cut motion. I would call on Hon'ble Member Shri Promode Rn. Das Gupta.

Shri Promode Rn. Das Gupta — মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই Demand Nos. 20 এবং 21 সমর্থন করছি। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমার একটু ভুল হয়ে গিয়েছিল যে Supplementary Budget সেটা আমি খরচ হয়ে গেছে বলে বলেছিলাম। তিনি সেটার সংশোধন করে দিয়েছেন। খরচ হয়েছে এবং হবে। তবে এটা ঠিক যে আমি সংশোধন স্বীকার করে নিলাম। তার সাথে সাথে এটুকু যোগ দিলাম যে খরচ হয়েছে, হচ্ছে, হবে। ৩১শে মার্চের পরেও হবে। If it is objectionable, প্রথমে এটুকু আমি বললাম। তারপরে আমার বক্তব্য হচ্ছে যে উপরোক্ত দু'টি Demandকেই আমি সমর্থন জানাচ্ছি। এই সম্বন্ধে আর কিছু বলা নিষ্প্রয়োজন। এবং Supplementary এটা policy matter নয়, এটা হচ্ছে Expenditure Budget এই বলেই আমি শেষ করছি।

Mr. Dy. Speaker —I would now call on Hon'ble Member Shri Naresh Roy.

Shri Naresh Roy —মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমরা যখন Budget ঠিক করি তখন আমরা আমাদের চাহিদা অনুসারে Budget ঠিক করে নেই। কিন্তু Central Govt. আমরা যে original budget ঠিক করি তার থেকে অনেক কমিয়ে আমাদের নিকট পাঠায়। সেইজন্যই কোন প্রকারে টানাটানি করে আমাদের budget এর কাজ সঙ্কুলান করতে হয়। এবং যারজন্য প্রতিবৎসরই Supplementary budget এর প্রয়োজন হয়।

এই supplementary বাজেট অন্যায্য বাজেট নয়। অন্যায্য খরচও নয়। যদিও আমাদের নিজস্ব পরিকল্পনানুযায়ী টাকা দেওয়া হ'ত তাহলে আমার মনে হয় আমাদের supplementary budget এর প্রয়োজন হ'ত না। আমাদের চাহিদা অনুযায়ী টাকা আমরা পাই না। সেইজন্যই অর্থকে অনেক চেষ্টা করে বাঁচাবার পরেও একটা supplementary budget তৈরী করতে হয়। এবং সেই supplementary budget এর অর্থ যথাযথভাবে ব্যয়িত হওয়ার পরেও আমাদের অনেক জায়গায় টানাটানি থেকে যায়। সুতরাং এই supplementary budget একটা সত্য এবং বাস্তব budget। সেই বাজেটের পক্ষ সমর্থন করে আমি আমার বক্তব্য এখানে রাখলাম।

Mr. Dy. Speaker—Now I call on Hon'ble Finance Minister.

Shri Krishnadas Bhattacharjee (Finance Minister)—মাননীয় উপাধ্যক্ষ মহোদয় Demandগুলি আমাদের মাননীয় সদস্যগণ সমর্থন করেছেন। মাননীয় সদস্য শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত মহাশয় ঠিকই বলেছেন যে খরচ হয়েছে, হচ্ছে, হবে। এবং এর objectionও হবে। এটা সাধারণ নিয়ম। এর ব্যতিক্রম কোনদিন হবে বলে আমার মনে হয় না। A. G. Office যতদিন আছে এবং খরচ করার Deptt, যতদিন আছে ততদিন objection

হবে। আর খরচ করতে গেলে objection হবেই, তবে খরচ করার সময় আমরা দেখব যে সেটা rightly হচ্ছে কি না। খরচ করবার বেলায় যদি irregularity থাকে—যদি খরচ করার সময় formal rules, regulation সম্বন্ধে irregularity থাকে তবে টাকাটা আটকিয়ে রাখা উচিত হবে না।

তবে টাকাটা properly utilise হওয়া উচিত। বিশেষ করে আমাদের backward Territoryতে খরচ আটকিয়ে রাখার কোন justification আছে বলে আমার মনে হয় না, objection হবেই তবে সেটাকে আমাদের face করতে হবে।

Mr. Dy. Speaker :—New I am putting the Demand for vote.

The question before the House is that a further sum not exceeding Rs. 3,76,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April. 1968 to 31st March, 1969 in respect of Demand No. 20 Industries.

As many as are of that opinion will please say 'Ayes'.

Voice—'Ayes'

As many as are of contrary opinion will please say 'Noes'.

I think, 'Ayes' have it, 'Ayes' have it. 'Ayes' have it.

The Demnnd is passed.

Demand for Grant No. 21—Major Head - 37 Community Development Projects, National Extension Service and Local Development Works.

The question before the House is that a further sum not exceeding Rs. 39,000/- be granted to defray the Additional Charges which. will come in course of payment during the period from 1st April, 1968 to 31st March, 1969 in respect of Demand No. 21—Community Development Projects, National Extension Service and Local Development Works.

As many as are of that opinion will please say 'Ayes'

Voices—'Ayes'

As many as are of contrary opinion will please say 'Noes'.

I think 'Ayes' have it, 'Ayes' have it. 'Ayes' have it.

The Demand is passed.

Next item in the list of Business is Private Members' Business (Resolution) I would call on Shri Debendra Kishore Choudhury to move his resolution that এই সভা প্রস্তাব করিতেছে যে ভূমিহীনদের ত্রিপুরায় বসবাসের পরিমিত কালের উপর ভিত্তি করিয়া ভূমিহীনদের ভূমির বন্দোবস্ত দিবার সুপারিশ করিবার জন্য প্রতি মহকুমায় একটি করিয়া কমিটী গঠন করা হউক।

I call on Hon'ble Member, Shri Debendra Kishore Choudhury.

Shri Debendra Kishore Choudhury :— माननीय अध्यक्ष महोदय আজকে এই সভার নিকট ভূমিহীনদের ভূমি দেওয়ার জন্য যে প্রস্তাব আমি রাখছি আমি জানি সেটা সমস্ত বিজ্ঞ সভ্যদের মনের কথা এবং সেই মনের কথা আজকে জনসাধারণের পক্ষ থেকে সমস্ত সভ্যদের নিকট ব্যক্ত করার জন্য বলছি যে আজকে মানুষের জন্মগত অধিকার ভূমি। মানুষ যে দেশে জন্ম নেয় সে দেশে একটু ভূমি তার থাকবে অন্ততঃ এই আকাঙ্খা প্রত্যেক মানুষই দাবী করতে পারে। কিন্তু যুগে যুগে মানুষ বঞ্চিত হয়ে যখন তাদের মনুষ্যত্ব হারিয়েছিল তখন আমরা মানুষের পক্ষ থেকে দাঁড়িয়েছিলাম। বলেছিলাম যে অন্যায্য দাবী আমরা মানব না। আমরা মানুষের যে ন্যায্য দাবী, যে দাবী নিয়ে মানুষ জন্মগ্রহণ করেছে সেই অধিকার আমরা তাদেরে আদায় করে দেব। সেজন্য আমরা যুদ্ধ করেছি আমরা আমাদের মানুষে অধিকার নিয়ে যে লড়াই করেছি সেই লড়াইয়ে আমরা জয়লাভ করেছি। রাজা, জমিদার, তালুকদার, জোতদার যারা জমি নিজেদের কুক্ষিগত করে রেখেছিল তাদেরকে আমরা সরিয়ে দিতে পেরেছি। কিন্তু আজকে লক্ষ্য করবার ব্যাপার—আমরা মানুষকে যে আশা দিয়েছিলাম আমরা তাদের অধিকার থেকে ভূমি কেড়ে এনে ন্যায্যভাবে সবাইকে সমভাবে বন্টন করে দেব। কিন্তু আমরা সেকাজ এখনো সুসম্পন্ন করতে পারি নি। আজকে দেখা যায় যে, জমিদার, জোতদার, তালুকদারের কাছ থেকে যখন জমি ছিনিয়ে এনেছি, তখন আমরা আইন করেছি যে বর্গাদাররা জমি পাবে, ভূমিহীনরা জমি পাবে। কিন্তু দেখা যায় যে লোভী মানুষ সেই আইনকে নিজেদের কাজে লাগিয়ে নানাভাবে সেই বর্গাদার প্রথা চালিয়ে যাচ্ছে এবং বর্গাদার এবং ভূমিহীন যারা আছে, জমি যে পাবে সেটা তারা চায় না, তাই আজকে আমাদের নূতনভাবে চেষ্টা করে যেতে হবে যাতে ঐগুলি আমরা সুন্দরভাবে সুষ্ঠুভাবে ভূমিহীনদের ভিতরে জমি বিলি করতে পারি। আমরা দেখতে পাই যে- বর্ত্তমানে যে সমস্ত জমি আছে সে সব জমি যারা নাকি চাষী, যারা নাকি জুম থেকে খাদ্য উৎপাদন করে, নিজেরাও বাঁচে, আমাদেরেও বাঁচিয়ে রাখে তাদের হাতে আমরা জমি তুলে দিতে পারি নি। জমিগুলি রয়েছে দাদনদারদের হাতে, মধ্যবিত্তদের হাতে এবং বড় বড় জোতদারদের হাতে। তারা হয়ত তাদের জমি কোথায় আছে তাও জানে না। একমাত্র কাগজে কলমে তারা মালিকানা স্বত্ব অধিকার করেছে, কিন্তু আজকে জমির যে প্রয়োজনীয়তা সেই জমি থেকে খাদ্য উৎপাদন করে মানুষকে বাচানো এবং নিজেও বাঁচা সেই যে পুণ্য কাজ তা তারা জানে না। তারা চায় যারা গরীব তাদের দিয়ে কাজ করিয়ে নিজেরা শুধু বাঁচতে। মানুষ যাতে না বাঁচতে পারে এবং যারা চাষ করে, পরিশ্রম করে আমাদের খাদ্য উৎপাদন করতে সাহায্য করে তারা যাতে বাঁচতে না পারে, বড় হতে না পারে, তারা যাতে তাদের অধিকার না পেতে পারে তার জন্যই তারা সব সময় সচেষ্ট। কাজেই যে আদর্শ নিয়ে আজকে আমরা এখানে কাজ করে চলেছি, লড়াই করে চলেছি তাকে যদি আমরা সুষ্ঠুভাবে রূপ না দিতে পারি, শুধু আইন করেই যদি যাই তাহলে সেই আইন কোন কালে যে ফলপ্রসূ হবে তা আমার মনে হয় না। কারণ আমরা দেখেছি যে, যতই আইন করা যায় ততই আইনের ফাঁক বেড়িয়ে পরে। এবং সেই আইনের ফাঁকে কার্য্যসিদ্ধি করার জন্য সেই সমস্ত লোক লোলুপদৃষ্টিতে তাকিয়ে থাকে। তাই আজকে আমরা দেখতে পাই যে, স্বাধীনতা লাভের

আগে লড়াই করেছি, আমরা ভূমিহীনদের ভূমি দেবার যে প্রতিশ্রুতি দিয়েছি, যারা আমাদের পাশে দাঁড়িয়েছিল তারা আজকে ভূমিহীন হয়ে গেছে। স্বাধীনতার পর ১৯৫২ সালের পর থেকে উদ্বাস্তুর স্রোত লাখে লাখে এদেশে আসতে থাকে। আজও তারা ভূমিহীন রয়ে গেছে। উদ্বাস্তু যারা এখানে এসেছে তাদেরও আমাদের মত সমান অধিকার আছে, কারণ আজকে তারাও এদেশেরই লোক। দেশ বলতে আমি যতটুকু জানি—কোন লোক যেখানে জন্মগ্রহণ করে সেটাই তার দেশ হয় না। দেশ হ'ল সেটা—যে দেশের চিন্তাধারার সঙ্গে মন মিলিয়ে চলতে পারে, যে দেশের আদর্শ সে গ্রহণ করতে পারে তাকেই তার স্বদেশ বলে পরিচয় দেওয়া যায়। তাই আজকে যারা উদ্বাস্তু তারাও ত্রিপুরাবাসী। তাদেরও আজকে ত্রিপুরাবাসীর সবার মত সমান অধিকার। এদেশের জন্মগত অধিকার তারা লাভ করতে পারে। তাই আজকে আমাদের দেখতে হবে নূতনভাবে। কারণ আগে যখন আমরা প্রতিশ্রুত ছিলাম জনসাধারণের কাছে তখন ত্রিপুরার যে জনসংখ্যা ছিল তা আজকে বেড়ে অত্যধিক হয়ে গেছে। আজকে সাড়ে চার লক্ষ লোকের জায়গায় ১৬ লক্ষ হয়েছে। তাই আজকে কিভাবে যে আমরা Problem Solve করব তা সবাই মিলে এক সঙ্গে বসে চিন্তা করতে হবে। শুধু সরকারী পক্ষ নয়, বিরোধী পক্ষ নয়, সবাই মিলে সে বিষয়ে চিন্তা করতে হবে। কিন্তু আমি দুঃখিত যে, আমি ভেবেছিলাম আমরা সবাই মিলে একটা আলাপ আলোচনা করে এই বিষয়টি স্থির করব কিন্তু বিরোধী পক্ষের একজন লোকও আমি দেখতে পাচ্ছি না। একজন সদস্যও এখানে উপস্থিত নেই। তাই তারা না থাকলেও আমাদের কাজ আমাদের চালিয়ে যেতে হবে। আমরা যারা সরকার গঠন করেছি তারা সবাই মিলে এই দায়ীত্ব পালন করতেই হবে। কারণ আমরা মানুষকে কথা দিয়েছি। মানুষের সঙ্গে যুদ্ধ করেছি। মানুষকে বলেছি যে তোমাদের অধিকার আমরা আদায় করে দেব। তারা বিশ্বাস করে আমাদের এখানে পাঠিয়েছেন। আমরা যদি তাদের বিশ্বাস রক্ষা করতে না পারি তাহলে বিশ্বাসঘাতক বলে আমরা মানুষের কাছে পরিগণিত হব। তাই আজকে সমস্ত সদস্যদের কাছে আমার এই অনুরোধ থাকবে যে, আপনারা সবাই মিলে এই বিষয়ে বিচার বিবেচনা করুন। মানুষের জন্মগত যে অধিকার সেটা কি আপনারা মানবেন, না আপনারা যারা বড় বড় জোতদার, মধ্যবিত্ত, যারা মানুষের অধিকার কুক্ষিগত করে রেখেছে, যারা মানুষকে মানুষ বলে স্বীকার করে না তাদের যে ক্রিয়া সেই ক্রিয়াকে সাহায্য করে যাবেন? কিন্তু সেটা দেখতে গেলে অনেক কিছু চিন্তা করার আছে। আমাদের ত্রিপুরা রাজ্য ছোট্ট একটি দেশ। সেই দেশের চাষ উপযোগী জমি যেটা আছে সেটা জনসংখ্যার তুলনায় খুব কম। কিন্তু খাস জমির পরিমানটাই এখানে বেশী কাজেই আজকে চিন্তা করতে হবে, যেখানে লাখ লাখ লোক রয়েছে দাবীদার তাদের কিভাবে জমি দিতে হবে। কতজনকে বিলি করব—তার কি কর্ম্মক্ষমতা আছে সেটা আমাদের দেখতে হবে। যারা কৃষি কাজ করে তাদের কৃষি জমি দিতে হবে। আর যাদের ওকালতি, ডাক্তারী ইত্যাদি পেশা তাদের যতটুকু বাসযোগ্য ভূমি দরকার ততটুকু দিতে হবে। তাই আজকে ভূমি বন্টনের সুনির্দিষ্ট মনোভাব নিয়ে এগিয়ে যেতে না পারি তাহলে আমাদের সমস্ত প্রচেষ্টা বানচাল হয়ে যাবে। ত্রিপুরা শুধু কৃষির উপর নির্ভরশীল। কাজেই যারা কৃষি কাজে অভ্যস্ত তাদেরে কৃষিযোগ্য ভূমি দিতে হবে যাতে তারা খাদ্য উৎপাদন করে ত্রিপুরাকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করতে পারে। কিন্তু আজকে আমরা দেখছি

যাদের নাকি ভূমির সংগে যোগাযোগ নেই তাদের নিকট জমিগুলি বন্টন করে বন্দোবস্ত করা হচ্ছে। যারা প্রকৃত ভূমিহীন তারা পায় না। কারণ আইনের নানারকম ব্যাখ্যা দিয়ে মানুষের ন্যায্য অধিকার থেকে তাদেরকে দূরে সরিয়ে রাখা হয়েছে। সরকার আইন করেছে ভূমিহীনরা যাতে ভূমি পায়। কিন্তু প্রকৃতপক্ষে তারা তা পায় না। মাননীয় সদস্যগণ সে বিষয়ে অবহিত আছেন। তাই আমি প্রস্তাব করতে চাই—আমার যে প্রস্তাব সে প্রস্তাবের মধ্যে আমি এটুকুই অনুরোধ করতে চাই যে আজকে যদি Committee গঠন করে সেই Committee র মারফতে কিভাবে ভূমি বন্টন করা হবে সেই সুনির্দিষ্ট পন্থা যদি অবলম্বন করি তাহলে হয়ত আমরা কিছুটা সাফল্য লাভ করতে পারব। যারা প্রকৃত ভূমিহীন তাদেরকে ভূমি দিতে হবে। সবাইকে তো দেওয়া যাবে না। আমাদের রাজ্যে যতখানি খাস জমি আছে সেগুলি বিলি করে দিতে হবে। তাই আমি আমার সমস্ত উপস্থিতি বন্ধুদের এবং বিজ্ঞ এম, এল, এ,দের অনুরোধ করছি যে, আপনারা সবাই ভাল করে চিন্তা করে দেখুন। যে সমস্যা আজকে ত্রিপুরা রাজ্যের একটা বড় সমস্যা সেই সমস্যা যদি আমরা দূর করতে পারি তাহলে আমাদের যে উদ্দেশ্য সেই উদ্দেশ্য সাফল্য- মণ্ডিত হবে। এই বলেই আমি আজকে House এর কাছে আমার এই আবেদন রাখছি। জয় হিন্দ্।

Mr. Dy. Speaker :— There is an amendment given notice of by Shri Radhika Ranjan Gupta that ত্রিপুরায় বসবাসে পরিমিত কালের উপর ভিত্তি করিয়া Occuring in the first and second line of the resolution be deleted and the word প্রতি মহকুমায় একটি করিয়া be substituted by the word, 'ত্রিপুরায় একটি and Placed before the words 'কমিটি গঠন করা হউক' then in the last line of the resolution. Thus the amended resolution will be as follows : —এই সভা প্রস্তাব করিতেছে যে ভূমীহীনদের ভূমির বন্দোবস্ত দিবার সুপারিশ করিবার জন্য ত্রিপুরায় একটি কমিটি গঠন করা হউক।

Now I call on Shri Radhika Ranjan Gupta to move his amendment

Shri Radhika Rn Gupta, M. L. A. : — Mr. Dy. Speaker, Sir, I beg to move the amendment the word "ত্রিপুরায় বসবাসের পরিমিত কালের উপর ভিত্তি করিয়া occuring in the first and second line of the resolution and the word প্রতি মহকুমায় একটি করিয়া be substituted by the word ত্রিপুরায় একটি and place before the word কমিটি গঠন করা হউক, occuring in the last line of the said resolution. Thus the amended resolution will be as follows—এই সভা প্রস্তাব করিতেছে যে ভূমিহীনদের ভূমির বন্দোবস্ত দিবার জন্য ত্রিপুরায় একটি কমিটি গঠন করা হউক"। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য দেবেন্দ্রবাবু যে প্রস্তাব এখানে এনেছেন এবং এই প্রস্তাবের সমর্থনে তিনি যে বক্তব্য রেখেছেন সেই contentকে আমি সমর্থন করি। কারণ আজকে আমাদের জাতীয় অর্থনীতিকে যদি গড়ে তুলতে হয় কৃষিই

ত্রিপুরায় একমাত্র অর্থনৈতিক বুনিয়াদ। সেই বুনিয়াদকে যদি আমাদের সুদৃঢ় করে গড়ে তুলতে হয় তাহলে যারা আজকে ভূমিহীন, যাদের জায়গা জমি নেই, অন্যের জমিতে যারা চাষ করে, তাদের হাতে আমাদের জমি তুলে দিতে হবে। এই সম্পর্কে আজকে কংগ্রেস সচেতন। এটা আজকের কথা নয়। স্বাধীনতার আগে কংগ্রেস ভূমিহীনদের জমির মালিকানা দেওয়ার ব্যাপারে চিন্তা করেছিল, উদ্দেশ্য ছিল। স্বাধীনতার পর আমরা দেখি বিভিন্ন জায়গায় এবং ত্রিপুরাতেও দেখছি জমি দেওয়ার জন্য ত্রিপুরাতে পুরাকালে যে জমি সংক্রান্ত আইন ছিল সেই আইনের পরিবর্তন করে ত্রিপুরায় Land Revenue & Land Reforms Act চালু হয়েছে। এই আইনের উদ্দেশ্য হল যাতে আমরা ভূমিহীন কৃষকদের হাতে আমরা জমি তুলে দিতে পারি। অর্থাৎ যারা জমি চাষ করবে, পরিশ্রম করবে তাদের হাতে যেন আমরা জমির মালিকানা তুলে দিতে পারি। কিন্তু আজকে এই আইন প্রবর্ত্তিত হওযার ফলে আমরা দেখছি আমাদের যে উদ্দেশ্য সেটা সর্বক্ষেত্রে ঠিক ঠিক ভাবে রূপায়িত হয়নি। আমরা চিন্তা করছি এই আইনকে আরও গতিশীল কিভাবে করা যায় এবং কিভাবে আমা-যে উদ্দেশ্য—যাতে ভূমিহীনদের হাতে জমি তুলে দেওয়া যায়। যাতে তারা সেই জমি চাষ করে ফসল উৎপাদন করে—দেশকে সমৃদ্ধশালী করবেন, উন্নত করবেন। কাজেই আজ এটা আমাদের করতেই হবে। যে ভাবেই হউক কৃষকের হাতে, ভূমিহীনদের হাতে জমি আমাদের তুলে দিতেই হবে। ত্রিপুরাকে যদি শস্য শ্যামলা করে গড়ে তুলতে হয় তাহলে জমির মালিকানা কৃষকদের হাতে তুলে দেওয়া অপরিহার্য্য, কাজেই এই প্রস্তাবকে আমি অভিনন্দন জানাই। আমি House এর কাছে আবেদন রাখব বা আমি পরিবর্ত্তিত আকারে যে amendment রাখছি তাতে House সমর্থন করবেন।

Mr. **Dy. Speaker** :— Now I would call on Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma, M. L. A. :—মাননীয় উপাধ্যক্ষ মহোদয় এখানে মাননীয় সদস্য শ্রীদেবেন্দ্র কিশোর চৌধুরী যে প্রস্তাব এনেছেন তার উপর রাধিকাবাবু সংশোধনী প্রস্তাব এনেছেন। তার মূল উদ্দেশ্য যদি দেখি তাহলে একটা জিনিষ এখানে পরিষ্কার যে ruling partyর কোন কোন সদস্য জনসাধারণের চাপেই হউক বা প্রয়োজনের চাপেই হউক তারা এটা উপলব্ধি করছেন যে ত্রিপুরা রাজ্যের মধ্যে বিরাট সংখ্যক ভূমিহীন আছে। তাদের সেই সমস্যার সমাধানের কোন পথ হচ্ছে না। সমস্যা দিন দিনই বৃদ্ধি পাচ্ছে। কংগ্রেসের ২০ বৎসরের রাজত্বে শুধু ব্যর্থতাই পরিলক্ষিত হচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রী যখনই বক্তৃতা দিতে উঠেন তখনই বলেন এই ভূমিহীনদের ভূমির ব্যবস্থা করতে হবে। কৃষকদের উন্নতি করতে হবে। কিন্তু কথা হচ্ছে কে তাদের বাধা দিচ্ছে। সরকারের হাতে অর্থ আছে, আইন আছে। করতে তো কেউ বাধা দিচ্ছে না। আমরা তো সেটাই চাই। যদি কাউকে ভূমি দিয়ে থাকেন সেটা ভাল কথা। আমি সমর্থন করব, যদি সরকার তা করেন তা হলে আমরাও নীতিগত ভাবে সাহায্য করব। আমি নিজেও ব্যক্তিগতভাবে সাহায্য করব।

এখানে S.D.O. এবং D.M.এর অফিসে দরখাস্তের পর দরখাস্ত জমা হয়ে পড়ে আছে। এর কোন তদন্তও নেই। যদি দরখাস্তকারীদের কেউ চালাক চতুর থাকে

তাহলে দালাল মারফৎ তদ্বির করানো হয়। দালালকে বেশ কিছু টাকা দিতে হয়। জুমিয়া গ্র্যান্ট ৫০০৲ টাকার মধ্যে প্রথম কিস্তিতে দেওয়া হয় ৩০০৲ টাকা। ভূমিহীনদের বেলাতেও তাই। ঐ ৩০০৲ টাকার জন্য দরখাস্তকারীকে ৫০।১০০৲ টাকা দালালকে দিতে হয়। তাহলেই সেই দালাল দরবার করে সার্কেল অফিসারকে দিয়ে তদন্ত করাবে এবং ৩০০৲ টাকা পাইয়ে দিবে। এ ভাবে সমাজের পশ্চাৎপদ, নিষ্পেষিত, অনুন্নত জনসাধারণ অত্যাচারিত এবং লাঞ্ছনা ভোগ করছে। রুলিং পার্টির অনেকেই এ সব লাঞ্ছনার কথা জানেন তবে প্রকাশ্যে হয়ত বা কেউ স্বীকার করতে চাইবেন না। এই সরকারের রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি। একজন উকিল বাবু একদিন আমায় বললেন "আরে আঘোরবাবু আপনি তো জানেন না, এই মামলা মোকদ্দমা করতে হলে কতগুলি illegal payment করতে হয়। অর্থাৎ বে-আইনি কিছু দিতে হয়"। আজকে তাই সমস্ত ব্যাপারটা প্রহসনে পরিণত হতে যাচ্ছে। কাজেই মাননীয় সদস্যরা নিজেরাই প্রস্তাব এনেছেন। এটা অত্যন্ত সুখের কথা। এটা খুব constructive প্রস্তাব হয়েছে। তবুও বলতে হয় "চোরায় না শুনে ধর্মের কাহিনী"। কারণ সরকারের ক্ষমতা তো আছেই। তারা declaration দিলেই পারেন যে এবছর অত টাকা দেওয়া হবে। অমুক ডিভিশনে দেওয়া হবে অমুক ডিভিশনে দেওয়া হবেনা। তাহলে মানুষের এত লাঞ্ছনা ভোগ করতে হয় না। কিন্তু সমস্যাটা যাতে ভীষণ আকার ধারণ করে সে চেষ্টাই তারা করছেন এবং এরজন্য তারাই দায়ী। সমাধান তো হচ্ছেই না Jumiaদের বা landlessদের economic rehabilitation তো হচ্ছেই না বরং একটা প্রহসন চলছে।

তাই আমি প্রস্তাবকের যে সংশোধনী প্রস্তাবটা এনেছেন তা আমি সমর্থন করি। কারণ এই ভাবে একটা constructive policy নিয়ে যদি positive step নেওয়া যায়, তাহলে কিছু না কিছু হয়ত করা যাবে। কিন্তু প্রশ্ন হচ্ছে এই প্রস্তাবটার ভবিষ্যৎ কি হবে। অনিচ্ছা সত্ত্বেও আমাদিগকে অনেক সময় বলতে হয় আমরা এই Houseএর মধ্যে ইতিপূর্ব্বেও অনেক ভালো ভালো প্রস্তাব গ্রহণ করেছি, কিন্তু প্রস্তাবের ভবিষ্যৎ কি হয়েছে তা আজ পর্য্যন্তও আমরা কেহই জানিনা। এই প্রস্তাবের প্রস্তাবক শেষ পর্য্যন্ত মন্ত্রী মহোদয়ের আশ্বাসবাণী শুনে প্রত্যাহার করে নেবেন কিনা জানি না তবে প্রস্তাবটা খুবই ভালো এবং এটা যাতে কার্যকরী হয় সেই ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এই প্রস্তাবটা তাই আমি সমর্থন করছি।

Mr. Dy. Speaker :—Now I call on Hon'ble Member Shri Binoy Bhusan Banerjee.

শ্রীবিনয়ভূষণ ব্যানার্জি :—মাননীয় Speaker Sir, আমাদের দেশে পুরুষানুক্রমে বহু ভূমিহীন পরিবার দেশের তালুকদার, জমিদার ও বড় বড় জোতদারদের জমি চাষ করে আসছে। মহারাজের আমল থেকে তারা এই ভাবে জীবন যাপন করছে। তাদের দুঃখ কষ্টের কথা গভীরভাবে উপলব্ধি করে মহান কংগ্রেস ভূমি সংস্কার আইন চালু করেন। প্রস্তাবক আজকে

এই ভূমিহীনদের দুঃখ দুর্দ্দশার কথা উপলব্ধি করেই এই প্রস্তাব এনেছেন এজন্য আমি তাকে ধন্যবাদ জানাই।

আমার এলাকায় আমি দেখেছি যারা কৃষক জন্ম জন্মান্তর ধরে কৃষিকাজ করে জীবিকা নির্ব্বাহ করছে তারা ভূমিহীন। সরকারের যে সমস্ত পতিত খাস জমি আছে, স্বার্থান্বেষী লোকেরা সেই সব খাস জমি ভূমিহীনদের যাতে সরকার বন্টন করতে না পারেন সেই চেষ্টাই করছেন। ফলে ভূমি সংস্কার আইনের মূল উদ্দেশ্যটাকেই বানচাল করে দিতে চাইছেন। যে সমস্ত ভূমিহীন আছে তারা যাতে ভূমি পেতে পারে তারজন্য আমি আবেদন রাখব। মাননীয় সদস্য রাধিকা বাবু যে প্রস্তাব এনেছেন তা আমি সমর্থন করে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

Mr. Dy. Speaker—Now I call on Hon'ble Chief Minister.

শ্রীশচীন্দ্র লাল সিংহ—মাননীয় অধ্যক্ষ মহোদয় সত্যের অপলাপের একটি অধ্যায়ের সূচনা করেছেন আমাদে মাননীয় opposition এর একজন সদস্য। আমি আশ্চর্য্য এবং স্তম্ভিত হচ্ছি, কারণ এই হাউসের সামনে তার বক্তব্য পেশ করতে গিয়ে তিনি ঠিক এমন ভাবে বলেছেন যে ত্রিপুরা রাজ্যে ভূমিহীনদের ভূমি দেওয়া হয়নি। তাই আমি এখানে ত্রিপুরা রাজ্যে এপর্য্যন্ত কি পরিমান ভূমি দেওয়া হয়েছে সেটাই আমি বলছি। Tribal Jumias 36115 families—area of land alloted 99866 acres. Scheduled Castes—2538 families, area of land—5076 acres, landless agricultural workers—18362 families, land alloted :— 13202 acres except refugees. রিফিউজি সংখ্যাটা এখন আমার কাছে নেই তাই আমি এটা দিতে পারছিনা।· এটা বিরাট একটা সংখ্যা। Ex-serviceman 359 families, Scheduled Castes 1231 families, area of land 2472 acres.

অতএব যদি ভূমিদানে কিছুটা বিলম্ব হয়ে থাকে তারজন্য কমুনিস্ট পার্টিই হল সবচেয়ে বেশী দায়ী। তার কারণ হল উদ্বাস্তু ভাইয়েরা যখন পাকিস্তান থেকে ত্রিপুরায় আসলেন, আমরাই তখন agreement করেছি before the partition যে minority of Pakistan যারা তাদের আমরা এখানকার নাগরিকত্ব দেবো। সেই agreement মূলে যখন উদ্বাস্তু ভাইয়েরা ত্রিপুরা রাজ্যে আসেন তখন খোয়াইতে, তেলিয়ামুড়ায়, সদরের অনেক অঞ্চলে, অমরপুরে, বিলোনীয়ায়, কমলপুরে উদ্বাস্তু ভাইদের উপরে সেই পার্টির নির্ম্মম অত্যাচারের ইতিহাস আমার মনে হয় ভারতবর্ষের কোন জায়গাতেই মিলবেনা। কিন্তু আমরা আমাদের উদ্বাস্তু ভাইদের পুনর্ব্বাসনে পশ্চাৎপদ হইনি।

এই সেই দিন ১৯৬১ সালেও উদ্বাস্তু ভাইদের বিষয়ে তেলেনীতে যে কনফারেন্স হয়ে গেল সেই কনফারেন্স তারা রিজলিউশন নিয়েছেন উদ্বাস্তুরা ব্যাঘ্র প্রায়, আদীবাসীদের ক্ষতি করতে চায়। সেই রিজলিউশন উত্থাপন করার জন্য আমি তাদের অনুরোধ করবো। কারণ তারা যদি সত্যি ভূমিহীনদের জাতি, ধর্ম্ম নির্ব্বিশেষে ভূমিতে পুনর্ব্বাসন চান। তারা যদি উদভ্রান্ত না হন। তাহলে আমি বলবো তাদের তেলেনী কনফারেন্সের সেই রিজলিউশন

ভূমিহীনদের স্বার্থ বিরোধী উদ্বাস্তুদের স্বার্থবিরোধী। তাই যদি সত্যি তারা এই প্রস্তাবকে সমর্থন করেন তাহলে তেলেনী কনফারেন্সের সেই প্রস্তাবকে amend করার জন্য আমরা বলবো এবং ঘোষণা দেওয়ার জন্য যে "তেলেনী কনফারেন্সের রিজলিউশনকে ত্রিপুরায় কার্য্যকরী করতে চাই না কারণ এই প্রস্তাব জনসাধারণের স্বার্থ বিরোধী"। আমাদের যে কর্ণধারা ভূমিদানের যে পদ্ধতি সেই পদ্ধতি জনসাধারণ মনে প্রাণে গ্রহণ করেছে। তাই বিরোধী দলের আর এই প্রস্তাব ছাড়া কোন গত্যান্তর নাই। ১৯৬১ সনের তেলেনী Conference যে প্রস্তাব গ্রহণ করা হয়েছিল সেই প্রস্তাব আজ যদি তারা অস্বীকার করেন বা প্রত্যাখ্যান করেন তাহলেই বুঝব আজ হাউসের সামনে যে প্রস্তাব এনেছেন সে প্রস্তাবের যৌক্তিকতা আছে। যে প্রস্তাব তারা করেছিলেন উদ্বাস্তু সম্পর্কে 'ভূমিহীনদের ভূমিদান সম্পর্কে' বাঙ্গালী সম্পর্কে সেই প্রস্তাবের পরিপ্রেক্ষিতে ইতিহাস তাদের ক্ষমা করবে না। এইখানে আমি আরও একটি কথা বলব Sec. 41 of the Tripura Land Revenue & Land Reforms Act, 1960 provide for allotment of Agricultural Land and Land for dwelling Houses. Sec. 14 (2) of the said Act provides for allotment of Land for industry and for any purpose Public Utility. According to Rule 5 of the Land Revenue and allotment Rules each individual entitle to allotment of 2 acres of Land in addition to Land alreadily held by the allotee. If for the purpose of construction of dwelling Houses an area not exceeding 1/5 of an acre is permissible. According to Rule 6 of the said Rules the following order of preference is required to be followed. Jumia and the under raiyat who have been evicted from any Land on the ground that it is required for personal cultivation of the Raiyat and who is landless. A landless Agricultural worker and individual evicted under Section 15 who does not come under any of the category mentioned in the foregoing cluses and who does not hold land exceeding for standard acres in area.

According to Rule 7 of the said Rules, the following order of preference should be followed in matters of construction of dwelling houses for Jumia land-lesss Agri. worker and artison not holding any house or site for houses or any other person not holding any house or site for house and who intends to build house for personal habitation.

A person shall be deemed to be a person not owning any house if he owns no permanent structure for residential purposes within the territory of Tripura. In course of the survey and settlement operations an area of 3 lakhs 20 thousand 985 acres of land have been found as Govt. khas land, out of which an area of 2 lakhs 73 thousand 953 arces are tilla land. Eleven thousand 589 acres are "Laiki pati" (cultivable waste), and 37443 acres are not fit for cultivation, with a view to ensuring the purpose of the said rules is not defeated by the unscrupluous officers it has been proposed to introduce a rule in the said Rule dealing out of the detail steps which must be taken before lands are allotted. Accordingly a draft rule has been sent

to the Govt. of India for their approval. The draft amendment rule is as under—

Procedure for allotment of land

The village accountant shall maintain a Register in the prescribed form of vacant land that may be available for allotment under section 41 of T. L. R. and L. R. Act 1961.

The Revenue Inspector after satisfying himself that there is no objection to land being given out for cultivation shall cause a notice in the prescribed form to be affected in the Panchayat Raj or in conspicuous place of the villages in which the land is situated and also in the Panchayat Raj or such conspicuous places of the adjoining villages and shall cause the content is of the notice to be proclaimed by breach of trust in the aforesaid villages.

The notice will also indicate the date on which submission to the land is to be made on the spot in the villages. On the date of admission, the Revenue Inspector shall cause a list of all such persons who were present and expressed the desire to be admitted to the land or have applied for the land during the specified time required. He shall in the same meeting announce the revenue, or rent and revision of any to be fixed for the land. The allotment of land shall be made in order to preference and mentioned in Rule 6 to 8 of Tripura Land Reforms and Land Revenue allotment of land rules, 1962 or by drawing as indicated in Rule 9 of the said Rules. When more than one person belongs to be the same order of preference and expressed their desire to be admitted for the lands, the allotment shall be valid only when the allotment is confirmed by the Collectors. In the context of the above formation of the Committee in some Sub-Division for the purpose of allotment of land to the landless persons, I prefer that a Committee should be formed, for the Correct amendment of the personells. So I also support the amendments.

Mr. Dy. Speaker :—I call on Hon'ble member Shri D. K. Choudhury.

Shri D. K. Choudhury :—মাননীয় উপাধ্যক্ষ মহোদয় আমার প্রস্তাবের উপর হাউসে যে disscussion হয়েছে তাহাতে আমি বুঝাতে পেরেছি এই হাউসের এই প্রস্তাবে সমর্থন আছে। প্রস্তাবের উপর যে amendment এসেছে সেটা অধিকতর ব্যাপক এবং এই কারণেই আমি এই amendment support করি।

Mr. Dy. Speaker :—Now I am puting the amendment to vote.

The question before the House is that the words—ত্রিপুরায় বসবাসের পরিমিত কালের উপর ভিত্তি করিয়া "occuring in the first and second line of the

Resolution be deleted and the words, প্রতি মহকুমায় একটি করিয়া be substituted by the words—ত্রিপুরায় একটি and placed before the words—কমিটি গঠন করা হউক" Occurring in the last line of the said Resolution.

The amendment was put to vote and carried.

I shall now put the amended resolution to vote.

The question before the House is that—এই সভা প্রস্তাব করিতেছে যে ভূমিহীনদের ভূমির বন্দোবস্ত দিবার সুপারিশ করিবার জন্য ত্রিপুরায় একটি কমিটি গঠন করা হউক।

The resolution was carried by voice vote.

Mr. Dy. Speaker :—There is another Resolution of Shri Nishi Kanta Sarker. I would now call on Shri Sarker to move his resolution that—"ত্রিপুরা বিধান সভা সরকারকে অনুরোধ করিতেছেন যে উদয়পুরের জনসাধারণের খেলাধূলার সুযোগ প্রদানের জন্য একটি উপযুক্ত খেলার মাঠের ব্যবস্থা করা হউক।"

Shri Nishi Kanta Sarkar :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, "ত্রিপুরা বিধান সভা সরকারকে অনুরোধ করিতেছেন যে উদয়পুরের জনসাধারণের খেলাধূলার সুযোগ প্রদানের জন্য একটি উপযুক্ত খেলার মাঠের ব্যবস্থা করা হউক।" অধ্যক্ষ মহোদয় আজকে এই হাউসের সকল সদস্যদের সামনে এই Resolutionএর মাধ্যমে আমার মনের কথা ব্যক্ত করছি। আজ স্বাধীনতার পর সারা ভারতের ন্যায় ত্রিপুরারও উন্নতি হচ্ছে :—যেমন শিক্ষা, স্বাস্থ্য এবং যোগাযোগ ক্ষেত্রে এবং খেলাধূলাও দেশের পক্ষে, জনতার পক্ষে একটা উন্নতি এবং সুখধারণ বলে আমি মনে করি। আমি একথা কেন বলছি—২০ বৎসর ধরে উদয়পুরের দিকে তাকালে, দেখি যে মহারাজার আমলেও উচ্চ শিক্ষার যে ব্যবস্থা ছিল এখনও প্রায় সেইরূপই আছে। খেলা ধূলার মাঠেরও ঠিক একই অবস্থা। আজ K. B. Institution এর যে মাঠটি আছে, সেটা পূর্ব্বের মতই আছে। তাছাড়া বিশ্রামের সময় যে একটু বিশ্রাম করবে বা খেলাধূলা করবে তার অন্য কোন ব্যবস্থা নেই। এইটি বলার কারণও আছে যে উদয়পুর একটি পীঠস্থান, বিভিন্ন দেশ থেকে এবং ত্রিপুরার বিভিন্ন জায়গা থেকে তীর্থ করতে উদয়পুরে যায়। কিন্তু সেখানে কোথায়ও যে একটু বিশ্রাম করবে বা খেলা ধূলা করবে এরূপ কোন জায়গা উদয়পুরে নেই। একটি মাঠ ছিল মহাদেব বাড়ীর সামনে, সেটাও আজ Power houseএর জন্য ব্যবহার করা হচ্ছে। তাই উদয়পুরবাসী বা যারা বাহির থেকে খেলাধূলা করতে যান তারা সেখানে মাঠের অভাবে খেলাধূলা করতে পারে না। এটা হয়তো অনেক সদস্যই জানেন। আর আমি যেখানকার কথা বলি তাতে সরকারের খুব কম ব্যয়ই হতে পারে। আজ হয়ত সরকার থেকে বলবেন যে বহু জমি নষ্ট হবে একটি মাঠ করতে হয়তো ফসলের জমিও নষ্ট হতে পারে। কিন্তু তার পরও আমি বলব আজ মৎস্য চাষের ব্যাপারে মৎস্য বিভাগ উদয়পুরে যে সাফল্য অর্জ্জন করেছে বাস্তবিক সেটা প্রসংশনীয়। একথা আমি বলছি কারণ

স্থানটি যেতে আমি বলতে পারি যেখানে আমাদের Rest House আছে Duk-Bunglow road যেখানে সরকারী কর্ম্মচারীদের বড় বড় বাড়ী হচ্ছে সেই duk-bunglowর সামনে যে মাঠটী আছে সেখানে যদি fishery থেকেও একটা scheme নেওয়া হয়, তাহলে সেটাকে acquire করে একটি খেলাধূলার মাঠ হতে পারে। তাছাডা শিক্ষা বিভাগ খেলাধূলার মাঠের ব্যাপারে কিছুই উন্নতি করতে পারে নাই। শুধু K. B. I এর একটি মাত্র মাঠ আছে সেটা আমি আগেও বলেছি। সেটাও খুব সীমাবদ্ধ জায়গা। আজ প্রত্যেক লোকই বিশ্রামের সময় খেলাধূলা করতে চায়, বেড়াতে চায়। প্রত্যেক দেশেই শিক্ষার সাথে খেলাধূলারও একটি স্থান আছে৷ তাই আমি আবেদন রাখলাম হাউসের সামনে। আমার বক্তব্য আমি বেশী লম্বা করবো না। মাননীয় সদস্যরা তীর্থ করতে প্রায় সময়েই উদয়পুরে যান এবং দেখেছেন যে উদয়পুরে আজ পর্য্যন্ত একটা খেলাধূলার মাঠ হয়নি। তাই আমি হাউসে আবেদন রাখছি যাতে অতি-সত্বর উদয়পুরে একটা খেলার মাঠ তৈরী হয় এবং এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker—I call on Hon'ble member Sri Earshad Ali Choudhury.

Shri Earshad Ali Choudhury—Hon'ble Speaker, Sir, আমাদের মাননীয় সদস্য নিশিবাবু যে প্রস্তাবটি হাউসে এনেছেন আমি তা সর্ব্বান্তকরণে সমর্থন করি। কারণ উদয়পুরে সর্ব্বসাধারণের খেলার উপযোগী আজ পর্য্যন্ত কোন মাঠ নেই। পূর্ব্বে মহারাজার আমলে টাউন হলের পিছনে একটা জায়গা ছিল সেখানে আমাদের ছাত্র জীবনে আমরা খেলাধূলা করতাম। কিন্তু আজ সেখানে নানান দোকান-পাট ও মটর ষ্ট্যাণ্ড করায় এখন সেখানে খেলা-ধূলা করার কোন ব্যবস্থা নাই। সমগ্র ভারতের ভিত্তিতে খেলাধূলা দরকার স্বাস্থ্যের জন্য। শিক্ষা বিভাগ থেকেও খুব নজর দিয়েছে যাতে খেলাধূলার মান উন্নত হয়। মাননীয় সদস্য যে suggestion রেখেছেন সেখানেই হউক বা অন্য যে কোন জায়গায়ই হউক উদয়-পুরের সর্ব্বসাধারণের খেলাধূলা করার জন্য একটি মাঠ তৈরী হউক সেটা আমি সর্ব্বান্তঃকরণে সমর্থন করি এবং প্রস্তাবটি সমর্থন করছি।

Mr. Speaker—Any other member.

Shri Krishnadas Bhattacherjee—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য নিশিবাবু এবং এরসাদ আলী সাহেব যে কথা বললেন সেটা খুবই যুক্তি সংগত। ত্রিপুরা রাজ্যে যে সহরগুলি সেগুলি বিশেষ কোন পরিকল্পনা করে করা হয়নি। যেটুকু পরিকল্পনা অনুযায়ী করা হয়েছে তাতেও এত লোকের যে চাপ হবে সেটা বুঝা যায়নি। কাজেই আজ সহরের বসবাস-কারীর যেটুকু সুযোগ সুবিধা দেওয়া দরকার, park, খেলার মাঠ এইগুলি দেওয়া যাচ্ছে না। কারণ জায়গারই খুব অভাব। আগরতলায় শহরেও জায়গার অভাব যার জন্য আমরা একটি stadium করতে পারছি না। যারজন্য আগরতলা সহর সন্নিকটে খাসের জায়গা খোঁজ করছি কিন্তু পাচ্ছি না। তবে উদয়পুরে বর্ত্তমানে দু'টি Higher Secondary School আছে boy's দের K. B. I & Ramesh সেই দু'টি schoolএরই খেলার মাঠ রয়েছে তাতে ছেলেরা খেলতে পারে এবং কোন কোন সময় ছাড়া অন্যেরাও খেলতে পারেন। তবে school এর field ছাড়া ও public এর একটি খেলার মাঠের প্রয়োজন এটাও ঠিক। আমার যতটুকু জানা আছে যে

উদয়পুরে একটি sports association হয়েছে। তাদের কাছ থেকে এখন পর্যন্ত কোন প্রস্তাব আসেনি খেলার মাঠের জন্য। তারা ইচ্ছা করলে, হয়তো zonal S.D.O যিনি association এর chairman, তাঁকে বলে যদি কোন খাসের জায়গা বের করে নিতে পারেন, তাহলে education deptt. থেকে একটা grant দিয়ে সেই মাঠের উন্নতি করে দিতে পারি। কিন্তু জায়গা কিনে মাঠ তৈরী করার মত অর্থ আমাদের বাজেটে নেই। সুতরাং মাননীয় সদস্যকে আমি অনুরোধ করবো তারা যদি একটি প্রস্তাব দিতে পারে খাসের জায়গা বের করে খেলার মাঠের জন্য allot করা হউক, তাহলে সরকার তা অন্য কাজে না লাগিয়ে খেলার মাঠের জন্য allot করতে পারে এবং তা করবে।

খাসের জায়গা থাকলে সেটা যদি allotment হয় তখন grant দেওয়া হলে প্রস্তাবের প্রয়োজন হবে না। আর যদি grant না দেওয়া হয় তবে প্রস্তাবের প্রয়োজন হবে। আপাততঃ যেগুলো করা দরকার সে সম্বন্ধে আমি বললাম। প্রস্তাবটির উপর জোর না দিয়ে আমি যে প্রস্তাবটি বললাম সেই বিষয়টি একটু ভেবে দেখবেন এবং তার পরিপ্রেক্ষিতে কাজ করে যাবেন। তারপর আমরা ভেবে দেখব যে আর কোন প্রস্তাবের প্রয়োজন আছে কি না। তাই আমি অনুরোধ করবো প্রস্তাবক যিনি তিনি যেন প্রস্তাবটা তুলে নেন।

Mr. Speaker :—Shri Nishi Kanta Sarkar to give reply.

Shri Nishi kanta Sarker—মাননীয় অধ্যক্ষ মহোদয় মাননীয় মন্ত্রী মহোদয় যে আশ্বাস দিয়েছেন এবং খেলাধুলার মাঠের যে প্রয়োজন সেটা উপলব্ধি করেছেন। তিনি বলেছেন যে যদি খাস জায়গা পাওয়া যায় তবে তার ব্যবস্থা করবেন। যাই হউক আমি উনার আশ্বাসে প্রস্তাব তুলে নিচ্ছি। ভবিষ্যতে ত্বরান্বিত ভাবে যাতে উদয়পুরের জনসাধারণ একটি খেলার মাঠ পাইতে পারে তার ব্যবস্থা যেন তিনি করেন। এই বলেই আমি আমার প্রস্তাব তুলে নিলাম।

Mr. Speaker :—The withdrawal of the Resolution requires the leave of the House.

The question before the House is withdrawal of the Resolution moved by Shri Nishi Kanta Sarkar.

The Resolution was withdrawn with the leave of the House. Next Resolution of Shri Ershad Ali Choudhury, I would call on Shri Choudhury to move his Resolution that this Assembly is of opinion that—Land Revenue and Land Reforms Act 1960-র ৯৫ ধারার বিধান অনুযায়ী যে সমস্ত রিভিশনের দরখাস্ত রেকর্ড সংশোধনের জন্য কালেক্টর বা এড্মিনিষ্ট্রেটর মহোদয়ের নিকট করা হইয়াছে, সেইগুলি যথাযথভাবে তদন্তাদি করিয়া যথাবিহিত কার্যে পরিণত করা হউক।

Shri Ershad Ali Choudhury—মাননীয় অধ্যক্ষ মহোদয় আমার Resolutionটি হ'ল Land Revenue and Land Reforms Act 1960 র ৯৫ ধারার বিধান অনুযায়ী যে সমস্ত রিভিশনের দরখাস্ত রেকর্ড সংশোধনের জন্য কালেক্টর বা এড্মিনিষ্ট্রেটর মহোদয়ের নিকট করা হইয়াছে সেইগুলি যথাযথভাবে তদন্তাদি করিয়া যথাবিহিত কার্য্যে পরিণত করা হউক। মাননীয় অধ্যক্ষ মহোদয় এই যে Land Rev. Act সম্বন্ধে আমি আমার ১৯৫৯ বা ১৯৬০ইং তে

বলেছিলাম জনসাধারণের জন্য যে বর্তমান Act ত্রিপুরাতে হচ্ছে, সেটা আমাদের নিকট একটা আশীর্বাদ স্বরূপ কিন্তু পরে যখন Land Reform Act চালু হল, তখন আমরা দেখলাম যে সেটা আশীর্বাদ স্বরূপ না হয়ে অভিশাপ হয়ে দাঁড়িয়েছে। তার কারণ আমি বলছি—Land Reforms Act চালু হওয়ার পর আমিন বাবুরা যখন জরিপ করতে টিলাতে যান, খানাপুরী, গুজারত, তৌজি এবং attestation করেন। প্রথম যখন তারা খানাপুরী বা কিস্তিওয়ারী করতে গেছেন তখন হয়ত আমাদের দেশের জনসাধারণ তাদের অনেকে অশিক্ষিত অজ্ঞ যেমন পাহাড়ী ও উদ্বাস্তু, তারা এগুলি বিশেষ বুঝতে পারত না। আমিন বাবুরা যখন মাঠে গেছেন তখন হয়ত মালিক পক্ষ উপস্থিত ছিল না। কাজেই দখলকারদের নাম লিখে নিয়ে এসেছে। তাতে মালিকের নাম Record হয়ত পূর্ব্বে ছিল কিন্তু পরে হয় নাই। এই একটা অসুবিধা আর আরেকটি অসুবিধা হল খানাপুরী, গুজারতের পর পরচা একটা দিয়েছে পাহাড়ী বা উদ্বাস্তুদের মধ্যে। পরচা পেয়েই তারা খুশী কিন্তু attestation এর সময় attestation করে নাই। অর্থাৎ নামজারী করে নাই। ফলে দেখা গেছে ছেলে মাকে বঞ্চনা করছে এবং ভাই বোনকে বঞ্চনা করছে। মা হয়তঃ জমির মালিক, মা ওয়ারিশ কিন্তু ছেলে হয়তঃ বলেছে যে মা নেই। মা মারা গিয়েছে সুতরাং এটা আমার নামেই নামজারী হউক। এইভাবেই দেখা গেল যে ভাই বলেছে যে আমার আর কোন ভাই বা বোন নাই আমার নামেই নামজারী হউক। এইভাবে দেখা গেল প্রকৃত জমির মালিক যে তার নামে নামজারী হয় নাই। এইভাবে দেখাগেল আমি জমির মালিক, আমি খাজনা দিচ্ছি এবং জমি আমার দখলে আছে কিন্তু record হয়েছে আর একজনের নামে। আবার হয়তঃ দেখা গেল আমার জোতে ৫ কাণি জমি আছে তাতে আমার নামে ৩ কাণি record হয়েছে আর অন্য একজনের নামে ২ কাণি record হয়ে আছে। এই সমস্ত ঘটনা অনেক হয়েছে। এই সব হওয়ার পর কয়েকটি stage আছে যেমন—৪৩ ধারা ৪৫ ধারা মেয়াদ আছে যে কোনটিতে ছয় মাসের মধ্যে দরখাস্ত দিতে হবে বা কোনটিতে এক বৎসরের মধ্যে দরখাস্ত দিতে হবে। হয়তঃ তারা সময় মত দরখাস্ত দিয়েছে কিন্তু আমিনবাবুরা বা attestation officerরা যে সমস্ত record চেয়েছেন তারা হয়তঃ সময় মত এনে দিতে পারে নাই। তাতে তাদের নাম খারিজ করে দিলেন। তারপর 2nd time এ Administrator এর নিকট appeal করার সুযোগ পায় নাই। আর সময় পেলেও হয়তঃ দরিদ্র জনসাধারণ appeal করতে পারে নাই। কাজেই এই ৯৫ ধারার মতে অনেকেই দরখাস্ত দিয়েছে এবং সেই অনুযায়ী settlement officer অনেকগুলি তদন্ত করেছেন এবং কোনটার তদন্ত report আদালতায় এসেছে। এটা করতে পারে একমাত্র settlement officer বা Administrator তা ছাড়া আর কাহারও ক্ষমতা নেই। কিছুদিন আগে একটা circular দেওয়া হয়েছে যে ৯৫ ধারা মতে আর কোন কাজ করবে না। এখন আমার এলাকার অনেক কেস আছে যে নিজের জোত অন্যের নামে চলে গেছে নিয়ে হয়তঃ জোতের খাজনা দিতেছে কিন্তু তার নামে কোন জোতই নাই। এই সব অসুবিধার জন্য এই যে ৯৫ ধারার বিধান আছে সেটা যদি না হয় তবে শেষ পর্য্যন্ত যেতে হবে civil courtএ। যদি civil court এ যেতে হয় তবে জমির যে valuation সে অনুসারে court fee দিয়ে তারপর মামলা করে সংশোধন করতে হবে।

মাননীয় অধ্যক্ষ মহোদয় তো জানেন যে ত্রিপুরার লোক কত দরিদ্র ? কাজেই আজ যদি তাদের civil court এ যেতে হয় তবে তাদের পক্ষে কত কষ্ট। আবার এই civil court এর খরচ হবে কি ? হবে একটা দাঙ্গা-হাঙ্গামার সৃষ্টি। এই দিক লক্ষ্য রেখে যে সমস্ত দরখাস্তগুলি আছে তার ভিত্তিতে ৯৫ ধারার মতে যেমন—

The Administrator or the collector may, at any time. either on his own motion or on the application of any party, call for the records for any proceedings before any Revenue Officer subordinate to him for the purpose of satisfying himself as to the legality or the propriety of any order passed by such Revenue Officer and may pass such order in reference there to as he thinks fit.

যেখানে বিধান আছে এবং বিধান অনুসারে যে সমস্ত দরখাস্ত আছে হয়ত ৪/৫ হাজার দরখাস্ত হতে পারে। সারা ত্রিপুরাতে যে সমস্ত দরখাস্ত আছে তা আইনের বিধান মতে যাতে না কি Record সংশোধন করা হয়, যে প্রকৃত জমির মালিক তাদের নামে যাতে Record হয়, তারা যাতে জমি পায় এবং সেটাই আমার মনে হয়—সর্বাঙ্গীন সুন্দর হবে। ত্রিপুরার দরিদ্র কৃষক, নিম্নবিত্ত মধ্যবিত্ত তাদের সকলেরই উপকার হবে। আর তা না হলে দাঙ্গা-হাঙ্গামার সৃষ্টি হবে Land Revenue fall করবে। এই সকল কারণেই আমি হাউসে আমার এই Resolution এনেছি। আশা করি হাউসের সকল সদস্যই আমার এই প্রস্তাব সমর্থন করবেন।

Mr. Speaker :—Now, I would call on Shri Monoranjan Nath.

Shri Monoranjan Nath :—মাননীয় অধ্যক্ষ মহোদয় হাউসের সামনে যে Resolution এসেছে সে সম্বন্ধে আলোচনা করতে গিয়ে আমি বলবো ত্রিপুরার ভূমি রাজস্ব সংস্কার আইন ত্রিপুরাবাসীর বহুদিনের প্রতিক্ষিত, দীর্ঘদিন পর সেই ভূমি সংস্কার আইন চালু হয়। সেই ভূমি সংস্কার আইনের বলে ত্রিপুরাবাসী মনে করে ছিল যে তারা এটার একটা ফল পাবে। সম্পত্তি নিয়ে যে সমস্ত গোলমাল আছে সেগুলির অবসান হবে। যে প্রকৃত উদ্দেশ্য নিয়ে ভূমি সংস্কার আইন এসেছিল সেটা সর্বতোভাবে কার্য্যকরী হয় নাই। আমি এই কথা বলব না যে এই ভূমি সংস্কার আইনের ফলে সকলের উপকার হয় নাই। আমি বলবো কিছু সংখ্যক লোকের উপকার হয়েছে। কিন্তু যদি প্রকৃত অবস্থা অনুসন্ধান করা যায় তাহলে দেখা যাবে যে একটা বিরাট সংখ্যক লোক (ত্রিপুরাবাসী) বিভিন্ন রকমের অসুবিধায় পড়েছেন। যদি এই সমস্ত অসুবিধা দূর করতে হয় তাহলে আমাদের আইনেরও সংশোধন করতে হবে। এবং সেদিকে দৃষ্টি রেখে আমাদের কাজ করতে হবে। এই সমস্ত ভুল ভ্রান্তির কারণ হ'ল, ত্রিপুরাতে এইরূপে আর কখনও Settlement হয় নাই। প্রথমতঃ লোকে সেটা বুঝতে পারে নাই যে, এই Settlement এর কতটুকু গুরুত্ব আছে ; তারপর লোকের অজ্ঞতার দরুণ অফিসারদের সঙ্গে সহযোগিতা করে নাই বা কোন কোন কর্মচারী দুর্নীতির আশ্রয়ে অন্যায়ভাবে ভুল রেকর্ড করেছে। এই সমস্ত কারণে, ম্যাপ পরচায় এবং রেকর্ডে নানান রকমের গোলযোগ দেখা দিয়েছে। প্রথমতঃ যদি দেখি যে একজনের

একটি জোত ম্যাপের মধ্যে স্থানই পায় নাই বা কোন রকমের চিহ্নই নেই। আবার দেখা গেল একজনের ছিল টিলা জমি, হয়েছে নাল জমি, আবার দেখা গেল একজনের ছিল নাল জমি, টিলা জমি হয়ে গেল এইরূপে বিভিন্ন রকমের গোলমাল হয়েছে, বিভিন্ন রকমের সত্ব লোপ পেয়েছে। এই রকম নানান অভিযোগ আমরা শুনতে পাই। এই সমস্ত অভিযোগ যদি দূরীভূত করতে হয় তাহলে আমাদের কতগুলি Section ammend করতে হয় এবং এই সমস্ত অভিযোগ যদি সংশোধন করতে হয় তাহলে আমাদের অনেক sectionই ammend করতে হবে এবং অনেক section add করতে হবে। ত্রিপুরায় আমরা যদি দেখি তাহলে দেখা যায় যে ত্রিপুরার প্রায় 80 ·/· জায়গাই Finally Publication হয়ে গেছে। সুতরাং এই অবস্থায় আমরা যদি কেবল resolution করি—যেমন 95 section এর revisionএর জন্য Administrator বা Collectorকে Petition দিয়েছেন, তা হবে না। কারণ 95এ যে বিধান আছে, তাতে আছে যে সমস্ত case অন্য Revenue Officerএর সামনে pending আছে সেই সমস্ত caseএর কেবল revision হতে পারে। কিন্তু যে সমস্ত Case Final Publication হয়েছে সেই সমস্ত Case Revision করার ক্ষমতা Administratorএর নেই। সুতরাং সেই অবস্থায় যদি আমাদের সমগ্র ত্রিপুরার Plan record ঠিক করতে হয় বা সংশোধন করতে হয় তাহলে 95 section ammend করতে হবে। এই বিষয়ে আমি Houseএ দৃষ্টি আকর্ষণ করছি। 95 section কি বলছে—The Administrator or the Collector may, at any time, either on his own motion or on the application of any party, call for the records of any proceedings before any Revenue Officer— কোন Proceedings কোন Revenue Officer এর সামনে থাকা অবস্থায়, dispute অবস্থায়, এই 95 sectionএ Administrator এবং Collectorকে ক্ষমতা দেওয়া হয়েছে। বলছে কি before any revenue officer subordinate to him for the purpose of satisfying himself as to the legality or the propriety of any order passed by such Revenue Officer, and may pass such order in reference thereto as he thinks fit. তবে দেখা যাচ্ছে Final Published হওয়ার পূর্ব্ব পর্য্যন্ত Subordinate যে Officer তার কাছে proceedingsটা pending থাকবে। Pending থাকা অবস্থায় Administrator বা Collector. সংশোধন করতে পারেন। সুতরাং সেই অবস্থায় আমাদের ত্রিপুরায় প্রায় ৪০% লোকের ৪০% জায়গা final Published হয়ে গেছে। সুতরাং এই অবস্থায় যারা Petition করেছেন Final Published এর পূর্ব্বে সেটা amendment বা revision হতে পারে। কিন্তু যে জায়গাতে ৪০% লোকের জায়গাজমি Settlementএ final Published হয়ে গেছে সেই জায়গাতে আমরা Correction করতে পারছি না। কাজেই আমি Houseএর সামনে বলব যে এই Section থেকে যদি আমরা before any Revenue Officer এই কথাটুকু omit করে দিতে পারি, সেই 95 Section এর amendment করতে পারি তাহলে ত্রিপুরার সমস্ত record সংশোধন করার Scope পাই, লোকের কিছুটা উপকার হতে পারে এবং Civil Court, যাওয়া থেকে লোকে অব্যাহতি পেতে পারে। এখানে আমি আর একটি Sectionএর মধ্যে বলতে চাই যে যদি আজকে ত্রিপুরার লোককে Land Rforms Act এর

সুযোগ সুবিধা ভোগ করতে হয় তাহলে এটার Connectionএ আমি বলব যে Clause 4টা amend করা দরকার এবং আমার মনে হয় তা'হলে ভাল হবে। "A fresh section No. 43 (Clause IV) may be incorporated for correction or revision of records where necessary.

Reasons :—Rccords of rights of most of the villages of Tripura have been finally published. But there remains discrepencies somewhere in maps and records due to ignorance of the people about the surety & preparation of land records and consequent non-presentation by them and such discrepencies require to be removed by the present position of the Act such discrepencies may be removed through the civil court which involves hardship for the people" তার reasonটা আমি দিলাম।

Therefore the following new sub-section may be incorporated.—Section 43 (clause IV).

After the final publication of the record of rights a Revenue Officer appointed by the Administrator may on application made to him or on his own motion cerrect or revise anv entry in the records of rights at any time giving the parties interested an opportunity of being heard :

Provided that if any entry in the records of rights have been made or confirmed by a specific order of a Revenue officer passed under the Act such entry may be corrected or revised by a Revenue Officer superior to the former Revenue Officer.

সুতরাং আমি বলব আজ ত্রিপুরায় এটা একটা সমস্যা হয়ে দাঁড়িয়েছে। কাজেই এই সমস্যা দূর করার চেষ্টা এই হাউসের করা দরকার। এই সমস্ত ভুলত্রুটি এবং omission যেগুলি Land Recordএ আছে তা সংশোধন করার কথা আমাদের চিন্তা করা দরকার। অবিলম্বে যাতে ত্রিপুরার সর্ব্বসাধারণ Relief পেতে পারে সেদিকে আমাদের চিন্তা করা দরকার।

Mr. Speaker—Will you speak? But only for 5 minutes, The time at our disposal is very short.

Shri Aghore Deb Barma :—মাননীয় অধ্যক্ষ মহোদয় এই জরীপ বিভাগ সম্পর্কে বহুবার এই হাউসে আলোচনা করা হয়েছে। এখানে আমি একটা instance রাখতে চাই অল্প সময়ের মধ্যে। যারা বর্গাদার, কুর্ফাদার তাদেরে জমি দেওয়ার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী ব্যস্ত। আমি একটা ঘটনা এখানে বলছি ১২।১৪ বৎসর ধরে ভোগ দখল করার পর, তাদের বাড়ী ঘর সব কিছুই এখানে আছে। ১ম, ২য় ও ৩য় কিস্তি পর্য্যন্ত যখন survey settlement operation হয় তখন সমস্ত জোত তাদের নামে Record হয়েছে। কিন্তু পরবর্ত্তীকালে জোতদার, জোতের যে প্রকৃত মালিক, পুলিশকে কিছু দিয়ে তাদের উচ্ছেদ করা হয়েছে। এখন

প্রশ্ন হ'ল ভূমি সংস্কার আইনের ১২০ ধারা মতে এখানে আছে যারা কুর্ফা রায়ত তারা ভূমি পাওয়ার যোগ্য অথচ তারা বঞ্চিত হচ্ছে। আরেকটি প্রশ্ন হচ্ছে একটা দরখাস্ততে আছে ১২০ ধারা ১২৩ (১) বা ১৬৫ ধারা ১৭৫ ও ১৭৬ ধারায় আইন মতে সে সেটা পায়। কিন্তু আজ জোতদার সমস্ত আইনকে অগ্রাহ্য করে টাকা পয়সার জোরে গরীব কুর্ফাদারকে তার এত বৎসরের দখল ভূমি থেকে উচ্ছেদ করার চেষ্টা অনবরতই চলছে। এই সম্পর্কে যদি শুধু মুখেই বড় বড় কথা বলা হয় আর কাজের বেলায় যারা প্রকৃত ভোগ দখলকারী, যারা জমি আবাদ করছে তাদেরে না দেওয়া হয় তাহলে এই আইনের কোন অর্থ থাকেনা। কাজেই আইন যতগুলি আছে সেটাকে কার্য্যকরী করা দরকার। এইভাবে অনেক dispute দিনের পর দিন দেখা যাচ্ছে। Survey Settlement Operation যখন শুরু করা হয় তখন পুরান record এর সঙ্গে কোন সামঞ্জস্য রেখে করা হয় নাই; সুবিধা মত করা হয়েছে। যার ফলে আজ জনসাধারণ যথেষ্ট দুর্ভোগ ভোগ করছে তার জন্য Survey Settlementই দায়ী। বর্ত্তমানে Pending Caseগুলি তাড়াতাড়ি যাতে disposed হয় সেই ব্যবস্থা ঠিক ঠিকভাবে করা দরকার বলে আমি মনে করি। সেইজন্য এই reference আমি এখানে এনেছি।

Mr. Speaker :--Speak for 10 minutes only.

Shri S. L. Shingh (Chief Minister) :—মাননীয় অধ্যক্ষ মহোদয় "ধান ভানতে শিবের গীত' ৯৫ ধারা সম্বন্ধে এখানে একটি প্রস্তাব রাখা হয়েছে এবং সেটা বলতে গিয়ে তিনি এখানে ১১০ ধারার কথা বলেছেন। তবে ১২০ ধারায় কি বলছে আমি সেটা পড়ে শুনাচ্ছি। এবং এখানে যে ব্যাখ্যা করা হয়েছে সেটা আইন বিরোধী ব্যাখ্যা আমি member কে স্মরণ করিয়ে দিচ্ছি যে যখনই আইনের reference করা হয়, আইনকে ভাল করে দেখে শুনে করা উচিত।

If a raiyat fails to—

(a) apply for reservation of any land within the period prescribed in section 100, and the land is not deemed to have been reserved under Section 103, or

(b) file a suit or application for the eviction of the under-raiyat from any land reserved under section 101 within the period prescribed in sub-section (3) of section 118, or

(c) cultivate or ceases to cultivate the land and the under-raiyat is restored to possession of the land under section 119, the competent authority may suo moto and shall, on application, after making such inquiry as may be prescribed, declare the land to be the non-resumable land of the under-raiyat.

অতএব এই সমস্ত ধারা যদি তিনি পড়ে না থাকেন তবে তিনি পাবেন কি করে। কাজেই এই কথাটা আমি এখানে বলছি।

আর এখানে ৯৫ ধারা সম্বন্ধে যা বলা হয়েছে তা এখানে আছে। সুতরাং এই প্রস্তাবে এই আইনের উল্লেখ করে যে কি হবে আমি তা বুঝতে পারলাম না। সেখানে আছে—

The Administrator or the Collector may, at any time either on his own motion or on the application of any party, call for the records of any proceeding before any Revenue officer subordinate to him for the purpose of satisfying himself as to the legality or the propriety of any order passed by such revenue officer, and may pass such order in reference thereto as he thinks fit :

Provided that he shall not vary or reverse any order affecting any right between private persons without having given to the parties interested notice to appear and be heard.

অতএব reverse to the Act. যদি হয়, তাহলে আমাদের Constitution যা আছে সেই অনুযায়ী আমাদের parliament-এ যে আইন সেই অনুযায়ী আমরা তার repugnent হলে কোন প্রস্তাবই আমরা তুলতে পারি না। So, It is repugnent to the Parliament Act, So I think the Hon'ble member should withdraw it.

Shri Ershad Ali Choudhury :—Hon'ble Speaker Sir, আমার প্রস্তাবটি এখানে যে সকল দরখাস্ত pending আছে এগুলি যদি disposed of করা না হয় তাহলে আমাদের ত্রিপুরার গরীব জনসাধারণ যাদের Civil Suit করার কোন ক্ষমতা নেই, বিশেষ করে যারা উদ্বাস্তু জমি বিনিময় করে এসেছে তারাই এর প্রতিবাদ করবে। কারণ তারা যার সঙ্গে Exchange করে এসেছে তার কাগজ পত্র ঠিকই আছে ,না কি record হয়েছে অন্য এক জনের নামে, এই সব দেখে যখন তারা ৪৩ ধারা বা অন্য কোন ধারাতে scope পেল না তখন তারা last এ ৯৫ ধারা মতে application করলো record সংশোধনের জন্য। এই সকল কারণে actual owner এর নাম বাদ পড়েছে। এখন যদি তারা সেটার ownership ঠিক ভাবে পেতে চায় তবে ৯৫ ধারা ছাড়া তাদের আর অন্য কোন পথ নেই। যদি ৯৫ ধারা মতে না হয় তবে মাননীয় উপাধ্যক্ষ মহোদয় বলেছেন তার amendment এর জন্য। এটার মধ্যে আছে at any time, either on his own motion or on the application of any party, call for any records of any proceedings before any Revenue officer. এখানে pending record এর কথা বলা হয় নাই। এখানে reverse করার কথা হয় যে দু'পক্ষকে notice দিয়ে করতে হবে।

Shri Sunil Chandra Dutta :—Sir, a point for clarification in this connection. মাননীয় সদস্য শ্রীএরসাদ আলী চৌধুরী যে প্রস্তাবটি এখানে উত্থাপণ করেছেন তার উদ্দেশ্য অত্যন্ত সৎ, কিন্তু এই সম্পর্কে আইনের যে ধারার তিনি উল্লেখ করেছেন সেই ধারা কার্য্যকরী নয়, এবং মাননীয় সদস্য মনোরঞ্জন বাবু যে কথা বলেছেন, যে finally published হওয়ায়

পূর্ব্ব পর্য্যন্ত ঐ ধারায় কাজ করার বিধান আছে। কিন্তু ত্রিপুরার শত করা ৮০ ভাগ কাজ বা ৮০% জায়গার record finally published হয়েছে। কাজেই এখন একমাত্র ব্যবস্থা ঐ আইনটিকে সংশোধন করা। আমার মনে হয়, মাননীয় সদস্য যদি আইনের ঐ ধারাটি একটু বিশেষ ভাবে পড়েন তা হলে বুঝতে পারবেন।

Ersad Ali Choudhury :—Finally published সব মৌজায় হয় নাই, যে সব মৌজায় হয় নাই সেই মৌজায় ৯৫ ধারা মতে করা হোক, এবং যেখানে Finally published হয়েছে সেইখানে ৯৫ ধারার (a) বা (1) দিয়ে Sub Section করে amendment করা হোক, যাতে জনসাধারণ কোন প্রকার হাঙ্গামাতে জড়িত না হয় এবং তাদের উপকারই হয়।

যেগুলি finally published হয়ে গেছে Act amend করে সংশোধন করা ছাড়া অন্য কোন উপায় নাই। নতুবা civil suit করতে হবে। কিন্তু জনসাধারণ এই কোর্ট ফি দিয়ে মামলা চালাতে পারবে না। কাজেই তারা দাঙ্গা হাঙ্গামা করবে। দলাদলি করবে একটা অরাজকতা সৃষ্টি করবে। সুতরাং আমি মনে করি এই প্রস্তাবটা কার্যকরী হলে জনসাধারণের উপকারে আসবে। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন এটা আইনে আছে তা বললে তো চলবে না। একতরফা কোন কিছুত হবে না। Interested সকল পার্টিকে নোটিশ দিয়ে তবে করতে হবে। যাহোক মাননীয় মুখ্যমন্ত্রী যখন বললেন তখন আমি আশা করব ত্রিপুরার জনসাধারণ, উদ্বাস্তু এবং আদিবাসীদের স্বার্থের খাতিরে এদিকে লক্ষ্য রেখে যে সমস্ত case pending আছে সেগুলি ঠিক ঠিক ভাবে হবে। তাই মাননীয় মুখ্যমন্ত্রীর আশ্বাস অনুযায়ী আমি আমার এই প্রস্তাব withdraw করিলাম।

Mr. Speaker :—Withdrawal of the Resolution requires the leave of the House. The question before the House is the withdrawal of the resolution moved by Shri Ersad Ali Choudhury.

(The resolution was then put to vote and withdrawn with the leave of the House.)

The House stands adjourned till 11 a.m. the 24th March, 1969.

STARRED QUESTION NO. 33
by Shri Aghore Deb Barma, M.L.A.

QUESTION

Will the Hon'ble Minister in-charge of the Food & Civil Supply Deptt. be pleased to state.—

১। কমলপুর বিভাগ থেকে ১৯৬৯ সালে কত M.T (Matric Ton) ধান রিকুইজিসন করা হয়েছে ?

২। যারা রিকুইজিসনের ধান নোটিশ অনুযায়ী দিয়াছে তাদের ধানের মূল্য সঙ্গে সঙ্গে দেওয়া হয়েছিল কিনা ; যদি দেওয়া না হয়ে থাকে তার কারণ কি ?

৩। যদি এরূপ দেওয়া হয়ে থাকে তবে কত জনকে দেওয়া হয়েছে ;

৪। যাদের উপর ধান রিকুইজিসনের নোটিশ জারী করা হয়েছিল তাদের কাছ থেকে কোন আপত্তি এসেছিল কিনা ; আসিয়া থাকিলে তার সংখ্যা কত ?

ANSWER

১। ২। ৩। ৪। } Material is under collection

STARRED QUESTION NO. 84
by Shri Bajuban Riyan, M.L.A.

QUESTION

Will the Hon'ble Minister in-charge of the Food and Civil Supplies Department be pleased to state :—

1. How many producers have been served with requisition—notices in Aman season during 1969 and what is the total quantity of paddy ;

2. What is the number of general minorities, Schedule Caste and Schedule Tribe amongst the producers served with requisition notice and what is the quantity of reqisitioned paddy in each case ?

ANSWER

1. 4,446 persons for total quantity of 5,376 M.T. of paddy.

2. (a) General minority —637 persons for total quantity of 730½ M.T. of paddy.

(b] Scheduled Caste —191 persons for total quantity of 15[illegible] M.T. of paddy.

(c) Scheduled Tribe —1,767 persons for total quantity of 1,951 M.T. of paddy

STARRED QUESTION NO. 147.
by Shri Bajuban Riyan, M.L.A.

QUESTION

Will the Hon'ble Minister in-charge of the Revenue Department be pleased to state—

১। ইহা কি সত্য যে The Bombay Money Leaders Act এর শর্ত লঙ্ঘনকারী মহাজনদের অপরাধ পুলিশ ধর্তব্য (cognizable) বলিয়া গণ্য নয়?

ANSWER

১। ত্রিপুরায় সম্প্রসারিত বম্বে মানি লেণ্ডার্স এ্যাক্ট এর ৩৪ নং ধারা অনুযায়ী আইন লঙ্ঘনকারী মহাজনদের শাস্তিমূলক অপরাধ, ৩৩ নং ধারানুযায়ী ঋণ গ্রহীতাদের উপর মহাজনদের নিপীড়ণ জনিত শাস্তি মূলক অপরাধ। বিনা লাইসেন্সে লগ্নীকারবার ইত্যাদি অপরাধ উপরোক্ত এ্যাক্ট এর ৩৫ A ধারানুযায়ী পুলিশ ধর্তব্য বলিয়া গণ্য করা হইয়াছে।

STARRED QUESTION NO. 326.
By Shri Bajuban Riyan.

QUESTION

১। মহারাজার আমলের Tribal reserve areaর ভিতর অ-আদিবাসীদিগকে জমি বন্দোবস্ত দেবার কোন পরিকল্পনা আছে কি?

২। যদি থাকে Tribal reserve areaর অন্তর্ভুক্ত অমরপুর মহকুমায় অ-আদিবাসী প্রজারা কোন জমি বন্দোবস্ত পাইয়াছে কি?

৩। যদি না থাকে Tribal reserve areaর ভিতর যে সব অ-আদিবাসী প্রজা খাস ভূমি আবাদ করে আছে তাহাদের জন্যে বিকল্প ব্যবস্থার চিন্তা করিতেছেন কি?

ANSWER

১। হঁ্যা।

২। পরিকল্পনা এখনও কার্য্যে পরিণত করা হয় নাই।

৩। প্রশ্ন উঠেনা।

STARRED QUESTION NO. 332
By Shri Bajuban Riyan.

QUESTION

১। ইহা কি সত্য যে, যাহারা ডুম্বুর বাঁধ পরিকল্পনার ফলে উচ্ছেদ হইবে, তাদিগকে পুনর্বসতি দেবার জন্যে শুধু অমরপুর মহকুমাতেই Re-survey করা হইতেছে।

২। যেহেতু বর্তমান অবস্থাতে অমরপুর মহকুমা খাদ্যে স্বয়ং সম্পূর্ণ নয়, সেই হেতু উচ্ছেদিত প্রজাদিগকে ত্রিপুরার অন্যান্য অঞ্চলেও পুনর্বসতি দেওয়ার সুব্যবস্থা করার প্রয়োজন মনে করেন কি ?

ANSWER

১। অমরপুর সাব-ডিভিসনে ৪০০ ভূমিহীন কৃষক পরিবারের পুনর্বসতির জন্য সম্প্রতি একটি পাইলট স্কীম গ্রহণ করা হইয়াছে। যে সমস্ত কৃষক পরিবার ডুম্বুর হাইডেল প্রজেক্ট দ্বারা স্থানচ্যুত হইবে তাহারা এই স্কিমের সুযোগ গ্রহণ করিতে পারিবে।

২। পাইলট স্কীমের ব্যাপারে বর্তমান অমরপুরে Soil Survey হইতেছে। যথেষ্ট পরিমাণে ভূমি পাওয়া না গেলে হাইডেল প্রোজেক্ট দ্বারা স্থানচ্যুত পরিবারদিগকে অন্যান্য যে সব জায়গাও কৃষিযোগ্য ভূমি পাওয়া যাইবে সেখানে পুনর্বসতি দেওয়া যাইতে পারে।

APPENDIX—'B'
UN-STARRED QUESTION NO. 40
By Shri Aghore Deb Barma.

প্রশ্ন

১। ১৯৬৮ সালের প্রথম দিকে কমলপুর ব্লকে যে গ্রাম পঞ্চায়েতগুলি দ্বিতীয়বার নির্বাচিত হয়েছে পঞ্চায়েত রাজ আইনানুযায়ী তাহাদের হাতে কতটুকু ক্ষমতা অর্পণ করা হইয়াছে।

২। গ্রাম পঞ্চায়েতগুলির কাজ কি ?

৩। গ্রাম পঞ্চায়েত অফিসগুলিতে গরুবাধা, ধান রাখা হয় কিনা ?

৪। এই সম্পর্কে পঞ্চায়েত সম্পাদকের ভূমিকা কি ?

উত্তর

১। পঞ্চায়েতরাজ বিভাগের ১১।৯।৬১ ইং তারিখের এফ ৭(১)-পঞ্চ/৬৩নং বিজ্ঞপ্তি অনুসারে এ রাজ্যে প্রতিষ্ঠিত সমুদয় গাঁও পঞ্চায়েত সংস্থার ১৯৬১ সনের ২রা অক্টোবর তারিখ হইতে সক্রিয় ভূমিকা গ্রহণের বিষয় বটে। গ্রাম পঞ্চায়েত

সংস্থাসমূহ উক্ত তারিখ হইতে আইনানুগ যাবতীয় ক্ষমতা প্রয়োগের অধিকারী হইয়াছে ?

২। বিবিধ উন্নয়নমূলক পরিকল্পনা রূপায়ণ এবং গ্রামবাসীর সর্ব্বাঙ্গীন কল্যাণ সাধন।

৩। না।

৪। প্রশ্ন আসেনা।

UNSTARRED QUESTION NO. 59

By Shri Aghore Deb Barma.

প্রশ্ন

১। বর্ত্তমান জরীপের কার্য্য কত সনে আরম্ভ হয়েছিল এবং ১৯৬৮ সালের ৩১ ডিসেম্বর পর্য্যন্ত কত মৌজার রেকর্ড চুড়ান্তভাবে প্রকাশিত হওয়ার বাকী আছে ? (সমস্ত বিভাগ ভিত্তিক)।

২। ১৯৬৮ সনের ৩১শে ডিসেম্বর পর্য্যন্ত সর্ব্বমোট কত টাকা এই জরিপের কার্য্যে ব্যয় করা হয়েছে ? এবং অবশিষ্ট মৌজার জরিপের কার্য্য সম্পন্ন করতে আর কত বৎসর ও মোট কত টাকা খরচ হবে ?

উত্তর

১। বর্ত্তমান জরীপ কার্য্য ১৯৫৯ ইং সনে আরম্ভ হইয়াছিল এবং ১৯৬৮ ইং সনের ৩১শে ডিসেম্বর পর্য্যন্ত নিম্নলিখিত মৌজার রেকর্ড চুড়ান্ত করার বাকী ছিল :—

সাব-ডিভিশন	মৌজার সংখ্যা
ধর্ম্মনগর	৩ মৌজা
উদয়পুর	১ ,,
সদর	৭ ,,
মোট	১১ মৌজা।

২। ১৯৬৮ ইং সনের ডিসেম্বর পর্য্যন্ত মোট ২,০৩,১৮,১০০ টাকা ব্যয় হইয়াছে। অবশিষ্ট মৌজার জরীপ কার্য্য শেষ করিতে আরও একবৎসর এবং আর ও ৩২,০৩,৬০০ টাকা লাগিতে পারে।

UNSTARRED QUESTION NO. 80
By Shri Jatindra Kr. Majumder.

প্রশ্ন

Will he Minister-in-charge of Development Department be pleased to state :—

(ক) কাঞ্চনপুর ব্লক এলাকায় কতটী গাঁও সভা ?

(খ) উক্ত গাঁও সভাগুলির নির্বাচনোত্তর কার্য্যকাল আর কত দিন আছে।

(গ) প্রথমবারের নির্বাচন সম্পন্ন হওয়ার পর এ যাবৎকাল গাঁও পঞ্চায়েতকে উক্ত ব্লকের পঞ্চায়েত সম্প্রসারণ কার্য্যকারক গ্রামোন্নয়ন কার্য্যে কি কি পরামর্শ দিয়াছেন ?

উত্তর

(ক) ৩৩টি গাঁও সভা।

(খ) ১৯৭২ সালের ফেব্রুয়ারী মাস পর্য্যন্ত।

(গ) কিছুকাল কাঞ্চনপুর ব্লকে "কোন পঞ্চায়েত সম্প্রসারণ কার্য্যকারক" নিয়োগ করা যায় নাই। সাধারণ নির্দ্দেশাবলী প্রজেক্ট একজিকিউটিভ আধিকারিক/সমষ্টি উন্নয়ন আধিকারিক কর্ত্তৃক বিভিন্ন স্থানে অবস্থিত গাঁও সভার পঞ্চায়েত সেক্রেটারীর মাধ্যমে প্রদান করা হইয়াছিল। সম্প্রতি উক্ত ব্লকে একজন পঞ্চায়েত সম্প্রসারণ কার্য্য-কারক নিযুক্ত হইয়াছিল। বর্ত্তমানে তিনি পঞ্চায়েত সংস্থা সমূহের পরবর্ত্তী বৎসরের জন্য কার্য্যসূচী প্রনয়নে ব্যাপৃত আছেন।

UNSTARRED QUESTION NO. 95
By Shri Nishi Kanta Sarkar.

QUESTION

Will the Minister-in-charge of the Commnity Development Department be pleased to state :—

1. What is the amount of housing loan issued to inmates of Fulkumari Model Villege, Udaipur ; the names of recepients. no. of instalments and year in which loan was disbursed should be indicated. Against how many persons have certificates or proceedings drawn up on account of non-recovery of loans ?

ANSWER

1. The required information is shown in the statement enclosed herewith.

Sl. No.	Name of loanees	Year of Payment	No. of in instalment.	Amount.	Whether certificate case issued.		REMARKS.
1	2	3	4	5	6		7
1.	Shri Satish Ch. Dey	1961-62	2 Nos.	Rs. 1,500/-	Issued vide.	No. 1256 dt. 24. 1. 67	Certificate case issued to 6 loanees for the entire amount.
2.	Shri Prakash Ch. Dey	—do—	2 Nos.	Rs. 1,500/-	—do—	No. 1257 dt. 24. 1. 67	
3.	Shri Daskhina Ranjan Dey,	—do—	2 Nos.	Rs. 1,500/-	—do—	No. 1258 dt. 24. 1. 67	
4.	Shri Chittaranjan Dey.	—do—	2 Nos.	Rs. 1,500/-	—do—	No. 1260 dt. 24. 1. 67	
5.	Shri Sital Ch. Dey.	—do—	2 Nos.	Rs. 1,500/-	—do—	No. 1259 dt. 24. 1. 67	
6.	Shri Mahim Ch. Dey.	—do—	2 Nos.	Rs. 1,500/-	—do—	No. 1261 dt. 24. 1. 67	
1.	Shri Subash Ch. Das.	1962-63	2 Nos.	Rs. 1,500/-	—do—	No. 6516 dt. 1. 5. 67	Certificate case issued to 10 loanees for the entire amount.
2.	Shri Rakhal Ch. Dey.	—do—	2 Nos.	Rs. 1,500/-	—do—	No. 6615 dt. 1. 5. 67	
3.	Shri Satish Ch. Dey.	—do—	2 Nos.	Rs. 1,500/-	—do—	No. 6623 dt. 1. 5. 67	
4.	Shri Arun Ch. Sur.	—do—	2 Nos.	Rs. 1,500/-	—do—	No 6612 dt. 1. 5. 67	
5.	Shri Ananta Kumar Nag.	—do—	2 Nos.	Rs. 1,500/-	do—	No. 6624 dt. 1. 5. 67	
6.	Shri Har Kumar Dey.	—do—	2 Nos.	Rs. 1,500/-	—do—	No. 6614 dt. 1. 5. 67	
7.	Shri Manindra Ch. Nandi.	—do—	2 Nos.	Rs 1,500/-	—do—	No. 6613 dt. 1. 5. 67	
8.	Shri Ramani Bhuimya Das.	—do—	2 Nos.	Rs. 1,500/-	—do—	No. 6622 dt. 1. 5. 67	
9.	Shri Ray Chand Das.	—do—	2 Nos.	Rs. 1,500/-	—do—	No. 6625 dt. 1. 5. 67	
10.	Shri Agni Kumar Das.	—do—	2 Nos.	Rs. 1,500/-	—do—	No 6626 dt. 1. 5. 67	
1.	Shri Rabindra Kr. Dey,	1963-64	2 Nos.	Rs. 1,500/-	—do—	No 6619 dt. 1. 5. 67	Certificate case issued to 6 loanees for the entire amount.
2.	Shri Tejendra Kr. Nag.	—do—	2 Nos.	Rs. 1,500/-	—do—	No 6620 dt. 1. 5. 67	
3.	Shri Sarala Kanta Roy.	—do—	2 Nos.	Rs. 1,500/-	—do—	No 6667 dt. 1. 5 67	
4.	Smt. Kusum Kumari Debi.	—do—	2 Nos.	Rs. 1,500/-	—do—	No. 6617 dt. 1. 5. 67	
5.	Shri Gobindra Ch. Dey.	—do—	2 Nos.	Rs. 1.500/-	—do—	No 6621 dt 1. 5. 67	
6.	Shri Mukunda Das	—do—	2 Nos.	Rs. 1,500/-	—do—	No 6618 dt. 1. 5. 67	

1	2	3	4	5	6	7
1.	Shri Haridas Das.	1964-65	2 Nos.	Rs. 1,500/-		
2.	Shri Surendra Ch. Nama.	—do—	2 Nos.	Rs. 1,500/-		
3.	Shri Kumad Ch. Dey.	—do—	2 Nos.	Rs. 1,500/-		
4.	Smt. Usha Rani Deb Barma.	—do—	2 Nos.	Rs. 1.500/-		
5.	Shri Suresh Ch. Sutradhar.	—do—	2 Nos.	Rs. 1,500/-		
6.	Shri Amulya Kumar Laskar.	—do—	2 Nos.	Rs. 1,500/-		
7.	Shri Tarini Kumar Das	—do—	2 Nos.	Rs. 1,500/-		
1.	Shri Dhirendra Ch. Bhowmick	1965-66	2 Nos.	Rs. 2,500/-		
2.	Shri Ramani Mohan Nag.	—do—	2 Nos.	Rs. 2,500/-		
3.	Shri Sudhir Kumar Roy.	—do—	2 Nos.	Rs. 2,500/-	Notice issued.	
4.	Shri Dinesh Ch. Roy.	—do—	2 Nos.	Rs. 2,500 -		
5.	Shri Chandra Kr. Das.	—do—	2 Nos.	Rs. 2,500/-		
6.	Shri Pulin Behari Dey.	—do—	2 Nos.	Rs. 2,500/-		
7.	Smt. Jyotsna Bala Paul.	—do—	2 Nos.	Rs. 2,500/-		
8.	Shri Sirish Ch. Dey.	—do—	2 Nos.	Rs. 2,500/-		
9.	Shri Nandalal Deb.	—do—	2 Nos.	Rs. 2,500/-		
10.	Shri Aditya Kr. Sil.	—do—	2 Nos.	Rs. 2,500/-		
		1966-67 Nil.				
		1967-68.				
1.	Shri Jagabandhu Das.	—do—	1 No.	Rs. 1,750/-		
2.	Shri Jagadish Ch. Dey.	—do—	1 No.	Rs. 1, 750/-		
3.	Shri Amulya Kumar Saha.	—do—	1 No.	Rs. 1,750/-		
4.	Shri Ramesh Ch. Nag.	—do—	1 No.	Rs. 1,750/-		

UNSTARRED QUESTION NO—98.

By Shri Nishi Kanta Sarker

প্রশ্ন

Will the Minister-in-charge of the Tribal Welfare Department be please to state—

১৯৬৭-৬৮ ইং সনে উদয়পুর সাব ডিভিসনে সিডিওল কাষ্ট আদিবাসী ও হরিজন শ্রেণীর লোকগণ গৃহ নির্মানের জন্য সরকার হইতে কোন টাকা পাইয়াছে কিনা; পাইলে মৌজানুযায়ী তাহাদের নাম ও ঠিকানা কি?

উত্তর

নাম ও ঠিকানা	টাকার পরিমাণ
১। শ্রীপুয়া রায় রিয়াং—সাং মহারাণী, উদয়পুর	৩০০৲
২। শ্রীপাদি চরণ রিয়াং—সাং মহারাণী, উদয়পুর	৩০০৲
৩। শ্রীরুগুমা রিয়াং— সাং হাচুপাড়া, উদয়পুর	৩০০৲
৪। শ্রীমহেন্দ্র কুমার রিয়াং—সাং মাইস্যা বাড়ী, উদয়পুর	৩০০৲
৫। শ্রীপারেন্দ্র রিয়াং চৌধুরী—সাং দক্ষিণ মহারাণী, উদয়পুর	৩০০৲

UNSTARRED QUESTION NO. 99

By Shri Nishi Kanta Sarkar: M.L A.

Question

Will the Hon'ble Minister-in-charge of the Food & Civil Supply Deptt., be pleased to state—

১। ত্রিপুরা সরকার ১৯৬৭ ইং ও ১৯৬৮ ইং সনে বাফার ষ্টকের কি পরিমাণ মাল যথা সরিষার তৈল, বাদাম তৈল ডালডা, লবণ, মসুর ডাল, মুগ ডাল ইত্যাদি কোন কোন জিনিষ আমদানী করিয়াছেন এবং কোন্ সনে কোন্ জিনিষ কি পরিমাণ কোন্ কোন্ দোকানের মারফতে এবং কোন্ সনে কোন্ জিনিষ কি পরিমাণ কোন্ কোন্ কো-অপারেটিভের মারফতে বিক্রীর জন্য দেওয়া হইয়াছে?

Answer

১। ১৯৬৭ ইং ও ১৯৬৮ ইং সনে যে মাল খরিদ করা হইয়াছে তাহার হিসাব নিম্নে প্রদত্ত হইল :—

জিনিষের নাম	পরিমাণ	
	১৯৬৭ ইং	১৯৬৮ ইং
সরিষার তৈল—	২,৪১,৩২৭.৫৫০ কেজি	৫৮,৪৮০ কেজি
মুগডাল—	২,৬০,৫১৭.০০০ ,,	৫২,১০০ ,,
মসুর ডাল—	২,৪৫,৬৬৫.০০০ ,,	৩,৩৯,২০০ ,,
অরহর ডাল—	—	৯৯,৯০০ ,,
লবণ—	৪০৩,২০০,০০০ কেজি	—
ডালডা—	৯৯,৮৬১,০০০ ,,	১১,২৫০ ,,

১৯৬৭ ইং ও ১৯৬৮ ইং সনে যে যে মাল দোকনেদারের মারফত যে পরিমাণ বিক্রীর জন্য দেওয়া হইয়াছে তাহার হিসাব সঙ্গীয় ষ্টেটমেণ্ট "এ"তে প্রদত্ত হইল।

১৯৬৭ ইং ও ১৯৬৮ ইং সনে যে যে মাল কো-অপারেটিভের মারফত যে পরিমাণ বিক্রীর জন্য দেওয়া হইয়াছে তাহার হিসাব সঙ্গীয় ষ্টেটমেণ্ট "বি"তে প্রদত্ত হইল।

NAME OF TRADERS TO WHOM ESSENTIAL COMMODITIES WERE ISSUED DURING 1967.

STATEMENT 'A'

Name of Parties	ALL FIGURES IN KG. Salt	M. Oil	Mug Dal	Masur Dal	Arahar Dal
1	2	3	4	5	6
1. M/S. Radharani Bhandar, Agartala.	345	1600	—	—	—
2. M/S. Bhaja Krishna Banik, Agartala.	2362	2400	—	2600	....
3 Shri Jagadish Ch. Pal, Teliamura.	787	000	—	2500	—
